The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Would you like the old rules or the new rules to continue?

Sj. Suhrid Mullick Chowdhury: Old rules.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is exactly what the Bill is intended to do. The old rules will continue. The Bill does not exclude the old rules. It only says that if there is a cinema which is appointing men under the old rules, then these old rules will continue to operate, but they will regard it as if this has been prescribed by the new rules.

Sj. Subodh Banerjee:

সুহৃদ বাবুর এই বিল সম্বন্ধে 'ডিসিশন' দেবার আগে ল' মিনিস্টার মহাশয় আইনের একটা ধারা তুলে পয়েন্ট অব অর্ডার দিয়েছেন। আপনার সম্ভবত মনে আছে এই ধারা তুলে ল' মিনিস্টার অপূর্ব বাবুর আর একটি বক্তৃতায় আপত্তি করেছিলেন, এবং এও বোধ হয় আপনার স্মরণে আছে যে সেই কথার উপর পয়েন্ট অব অর্ডারের ডিসকাশন হওয়ার কথা ছিল—ডাঃ দাশ বলবেন, তার পরে আমি বলব। সেটা তখন ওঠেনি। আজ এটা উঠেছে। আমি ল' মিনিস্টারকে আইনটা ভাল ক'রে বুঝিয়ে দিতে চাই।

Mr. Speaker:

ল' মিনিস্টারকে বোঝাবেন না, আমাকে বোঝান।

Sj. Subodh Banerjee:

ল' মিনিস্টার তাঁর পয়েন্ট অব অর্ডারে সেকশন ১৩(২)(৩)কে যে রেফার করেছেন

"reflect on any determination of the Assembly except on a motion for amending or rescinding it".

এই 'ডিটারমিনেশন' কথার অর্থ উনি বুঝতে পারেন নি। 'ডিটারমিনেশন' মানে এই নয় যে একটা আইন পাশ হয়েছে, সে সম্বন্ধে বলা।

This is not determination. Determination means result of voting.

তাকে ব'লে ডিটারমিনেশন। আমি আমার এই ব্যাখ্যার স্বপক্ষে কয়েকটি কথা আপনাকে বলি। 'হাউস অব কমনস'এর 'স্ট্যান্ডিং অর্ডারস' কি?

The Hon'ble Siddhartha Sankar Roy: I withdraw my point of order. We shall discuss it later on.

Sj. Subodh Banerjee:

সেখানে যদি দেখেন 'ডিটারমিনেশন'এর অর্থ ভোটিং।

No. 2 May's Parliamentary Practice

এ আইনের সমালোচনা করা যেতে পারে কিনা সেই কথা আছে। তাতে বলা হয়েছে সমালোচনা করা যেতে পারে, কিন্তু সাধারণ ডিসকাসনএর ক্ষেত্রে 'পার্লামেন্টারী এটিকেট মেনটেন' ক'রে চলা হয়। এ ক্ষেত্রেও তাই মেনটেন ক'রে চলতে পারে। যেমন সাধারণ ক্ষেত্রে 'অফেনসিভ' এবং 'ভালগার' ল্যাংগুয়েজ ব্যবহার করতে পারি না, সেই রকম পুরান আইনের ক্ষেত্রেও

offensive, unparliamentary, vulgar word

ব্যবহার করতে পারি না, কিন্তু সমালোচনা যদি করা হয় তা হ'লে আই অ্যাম এনটাইটেলড্। এ ক্ষেত্রেও

in May's Parliamentary Practice there is a categorical provision.

কাজেই সেটা হাউস অব কমন্সএর স্ট্যান্ডিং অর্ডারে আছে। সেই ধারা অনুযায়ী

We are entitled to criticise any Act.

Sj. Sudhir Chandra Ray Choudhuri: Sir, I would remind the Hon'ble Minister that he cannot withdraw his point of order. That is the property of the House.

Mr. Speaker: I will allow him to withdraw it.

Dr. Hirendra Kumar Chatterjee: On the last occasion also, after the Chief Minister had moved his amendment on the Calcutta University Act, when I was speaking on the Act itself, the Judicial Minister raised a similar point of order that I could not go beyond the amendment, but a ruling was given by your predecessor, Mr. Mukherjee, that I could review the whole Act.

[5-20—5-30 p.m.]

Sj. Suhrid Mullick Chowdhury:

মিঃ স্পীকার, স্যার, আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে ধীরতার সঙ্গে বিচার করতে বলছি। উনি যেটা বলেছেন—ওল্ড রুলস, সেটা যাতে লিগালাইজ করা যায় তার ব্যবস্থা করা হচ্ছে। আমি সেখানে বলছি তিনি যে বক্তব্য এখানে রেখেছেন তাতে কোনরকম ডিসক্রিপ্যান্সি নাই, কিন্তু কথা হচ্ছে পুরানো যে আইন তাতে বিধিবদ্ধ ব্যবস্থা আছে যার ফলে এমন অবস্থা দাঁড়িয়ে যাচ্ছে যা আপনার সামনে তুলে ধরতে চাই। আপনি যদি অপারেটরদের সম্পর্কে যে নিয়ম রয়েছে তা একটু ভাল ক'রে নজর করেন দেখবেন প্রতিটি ঘরে দু'জন কি তিনজন অপারেটরকে প্রতিটি মেশিনের জন্য নিয়োগ করার অধিকার দেওয়া হয়েছে।

কিন্তু ১৯৫৪ সালের যে আইন আপনারা করেছিলেন তাতে দেখা যাচ্ছে, প্রতিটি ঘরে দু'জন কিংবা তিনজনের বেশি অপারেটর নিয়োগ করা যাবে না। আমার বক্তব্য হচ্ছে, প্রতিটি মেশিনে ২-৩ জন অপারেটর নিয়োগ যদি করা যায় তা হ'লে যদি দু'টো মেশিন থাকে তা হ'লে পর পুরানো আইন অনুযায়ী ৫-৬ জন অপারেটর সেখানে থাকতে পারে। কিন্তু ১৯৫৪ সালের আইনানুযায়ী মাত্র তিনজন অপারেটর সেই ঘরে থাকতে পারে। আপনাদের এখন এটা বিচার করবার জন্য বলব যে, একটা ঘরের ভিতর যদি তিনজন অপারেটর থাকে এবং দু'টো মেশিন থাকে তা হ'লে মালিকদের কোন ক্ষতি হচ্ছে না। তিনজন দিয়ে সেখানে কাজ চালিয়ে নেবার চেষ্টা হবে। ফলে হচ্ছে যে কাজ যেখানে ছ'জনে করত সেখানে তিনজনের বেশি নিয়োগ করা যাবে না—এটা অপারেটরদের উপর অবিচার করা হবে।

আর একটা কথা: এইসমস্ত অপারেটরদের লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে আমি দেখতে পাচ্ছি যে, আপনি নিজেও জানেন ১৯৫৪ সালের আইনের যে ব্যবস্থা এবং এই রাজ্যের যে ব্যবস্থা, তাতে ১৯৫২ সালের আইনকে দু'ভাগে ভাগ করা হয়েছে এবং রাজ্যসরকারের অধীনে একটা সুযোগ এসে গেছে এই আইনের মাধ্যমে যাতে অপারেটরদের প্রত্যেকের উপর দশ টাকা লেভি চাপিয়ে দেওয়া হবে। ঠিক এই সময় দেখতে পাচ্ছি যে অন্যান্য যেসমস্ত রাজ্য আছে সেখানে প্রতি তিন বছরে ছ' টাকা ক'রে তাদের অপারেটর ফী দিতে হবে। এই যে তারতম্য—

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এ তো রুল।

Sj. Suhrid Mullick Chowdhury:

এইসমস্ত জিনিসগুলি আপনি যদি অনুগ্রহ ক'রে সংশোধন করার ব্যবস্থা করতেন তা হ'লে খুশি হতাম। কিন্তু ব্যাপার হচ্ছে প্রতিনিধিমণ্ডলী গিয়েছিলেন উপস্থিত হয়ে তাঁদের বক্তব্য রেখেছিলেন; তারপরে এমন একটা সংশোধনী নিয়ে এলেন যা আমরা আশা করতে পারি নি। আমরা ভেবেছিলাম এই সম্পর্কে একটা ব্যাপক ব্যবস্থা নেওয়া হবে। এই সিনেমা সংক্রান্ত ব্যাপারে ব্যবসায়ে বহু লোক নির্ভরশীল, বহু কর্মী সেখানে কাজ করে। তাদের সুযোগ-সুবিধার দিকে, জনসাধারণের সুযোগসুবিধার দিকে দেখা উচিত ছিল। এদের দিকে নজর রেখে সংশোধন করবার যদি ব্যবস্থা হ'ত তা হ'লে ভাল হ'ত। তা যদি না করতে পেরেছেন দু' বছর বাদে এই যে সংশোধনী সবে এসেছে সেটা এখন স্থগিত রেখে আমার মনে হয় মালিক-শ্রমিক এবং জনসাধারণের কল্যাণের দিকে বিবেচনা ক'রে যাতে ভাল হয় সেরকম একটা করুন—এটাই আপনার কাছে অনুরোধ।

Sj. Basanta Kumar Panda: Sir, this Act was orginally intended to be either a validating or enabling Act. Now let us see whether this Act really serves the purpose of enabling Act, because the original purposes of the Cinematograph Act, 1918, were two. One is the examination and certification of films as to the suitability of public exhibition and the other is—regulating of cinemas including the licensing. Now item 1 after the passing of the Constitution, has been included in List I of the Seventh Schedule of the Constitution. Therefore, the Central Government has passed an Act XXXVII of 1952. The residuary portion was the regulating of cinemas

including licensing. For that purpose this Legislature passed an Act which is the parent Act, West Bengal Cinematograph Act of 1954, which has come into operation since February 1955. Now during this long course of two years, this Government has not made any rules as to regulating or licensing as contemplated under section 9 of that Act. What they were doing? They were only validating or enabling licences given under the Cinematograph Act of 1918 Now in the Preamble it has been stated that they were doing this under the provisions of Section 9 of the Bengal General Clauses Act. I would ask the Hon'ble Minister to read Section 8 of the General Clauses Act again. The provision of that section is to this effect that when an existing Act is repealed, then anything done, anything commenced, any liability incurred, any proceeding made—those things would continue, as if the Act and the rules were not repealed. Now in the Preamble it is stated if the licensing under the old Act is taken to be anything done under the old Act, then, with the expiry of the period of the licence, there is no enabling provision for licensing. Now in the Preamble it has been stated that after the expiry of the period of licence under the Cinematograph Act of 1918, they had given the licence, but under what power? I would say they had given this licence arbitrarily because when the period of licence is once over, Section 8 of the General Clauses Act does not help them. Now at the belated stage they have brought this Act and for this purpose they have tried to make this Act retrospective. What would they profit thereby? By making this Act restrospective they mean to say that these provisions had been there from the date of passing of the parent Act. Now if there is no rule under Section 9 at the time of the passing of the Act, the giving of the retrospective effect is of no use. However it is a belated attempt. So I would say that without making this Act retrospective let it be prospective Nowadays there has been a tendency to make all the Acts retrospective for the purpose of filling up the lacuna and this has caused many inconveniences to the public. I know that these provisions of this Act are necessary but why make it retrospective and thereby complicate the situation? Make it prospective.

Dr. Kanailal Bhattacharjee:

মিঃ স্পীকার, স্যার, আমি ২-৪টা কথা এই বিলের সম্বন্ধে বলতে চাই। আমার প্রথম বক্তব্য হচ্ছে, ডঃ রায় বললেন যে এই আইনটাকে রেগুলারাইজ করার জন্য যে অমিশন এবং কমিশন গভর্নমেন্টএর তরফ থেকে হয়ে গেছে ওয়েস্ট বেঙ্গল সিনেমা রেগুলেশন্স অ্যাক্ট, ১৯৫৪, তার রুল তৈরি করার ব্যাপারে যে গাফিলতি হয়ে গেছে সেটা রেগুলারাইজ করার জন্য এই আইনটাকে আনা হয়েছে। এই আইনটার মধ্যে কোন আইনগত সমস্যা আছে কিনা একথা আমি বলতে চাই না। শুধু আমি আপনার মাধ্যমে এই পরিষদের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, যেসমস্ত পাওয়ার্স আমরা প্রভিন্সিয়াল লেজিসলেশন গভর্নমেন্টএর কাছে ডেলিগেট করি, রুল তৈরি করার জন্য গভর্নমেন্টএর তরফ থেকে সেই পাওয়ার্সএর কি ধরনের অপব্যবহার হয় তা এই যে আইন আমাদের সামনে এসেছে তার দ্বারা বেশ ভালভাবে বুঝা যাচ্ছে। যেসমস্ত পাওয়ার ডেলিগেট করা হচ্ছে সেগুলি ঠিকমত গভর্নমেন্ট সদ্ব্যবহার করছেন কি অপব্যবহার করছেন সেটা দেখবার মত কোন কমিটি আমাদের এই হাউসএ নেই। আমি মনে করি এই ধরনের যে ফেলিংস হচ্ছে সেগুলি দেখার জন্য এই হাউসএর তরফ থেকে একটা কমিটি করা উচিত। যদিও এটা আমাদের প্রভিশনএর মধ্যে নেই তবুও আমি আপনার, মুখ্যমন্ত্রীর এবং পরিষদের দৃষ্টি আকর্ষণ করছি যে এই রকম ব্যাপারের যাতে পুনরাবৃত্তি না হ'তে পারে তার জন্য এই হাউসএর একটা কমিটি থাকা উচিত। গভর্নমেন্টএর তরফ থেকে যেসমস্ত রুলস তৈরি করবার ক্ষমতা আমরা দিয়ে দিই, সেইসমস্ত রুলস সময়মত তৈরি হচ্ছে কিনা সেগুলি দেখার জন্য।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, three questions have been raised. My friend, Mr. Panda says the legislation should be not retrospective but prospective. I think those are the words which he used. I do not understand all these legal phrases and he will pardon me if I show my

ignorance about law. But may I ask him this question—what is it that we are doing under the new rules? For instance, they have provided that there shall be an exit door on three sides of the auditorium with one-door for each class, or one for six rows of seats whichever is less. Open space on the three sides of the auditorium should be provided which should not be less than one-fourth of the width of the auditorium. Sir, if this rule were to be applied and not regularised so far as the old cinemas are concerned, many of the old cinemas would be hurt which had licence when these rules were not framed.

[5-30—5-40 p.m.]

Again Mr. Mullick Chowdhury has argued why let these new rules be framed, why not wait for a time before you put in the new rules. Sir, what I will point out to him is this. He is very anxious about the operators. According to the old rule there is a certain system according to which operators were to be employed. According to the new rules, for instance, an operator has to produce a certificate about many things and also that he is physically fit and has no defect in eye-sight or hearing. Sir, for an operator who is already employed, unless we regularise his employment, it will be open to the cinema proprietors to chuck him out because he is not physically fit. What we are doing is: if an employer has to put in an operator under the old rules, he has no business to look to the new rules in order to chuck him out. Therefore, in many cases you have got to be retrospective, and retrospection for an old man like myslef is not bad, because I think of the past and also want to find out how to move in the future.

The other point which Mr. Mullick Chowdhury has raised is when we have not provided in the rules something about the payment of certain salary to the operators, how can we provide in the rules that the cinema owners must pay so much to the operators. The old rule says that in a cinema house, as he has said, there should be three operators—either not less than two or not more than three—and certain descriptions are given as to what they should do. Under the new rules there is a certain alteration made and better directions are given as to what these three men will do. Now, if this Bill were not here, then it would be open to the Licensing Authority to insist upon the new rules being followed in a certain case, whereas this gives him protection to allow operators who are under the old rules, as I have said before, to which Mr. Panda has raised objection that section 8 of the General Clauses Act does not apply. I confess my ignorance entirely on that point and I am guided by what my Law Officer tells me. Another lawyer friend says that he is not quite correct. Any how, I remember once that we have to apply the General Clauses Act in the particular famous instance, and I think I remember something of the provisions of that Act. What I intended to say was that we did not proceed with the rules or insist upon changing the old rules too suddenly. My friend, Kanai Babu, has been objecting as to why we have been late in putting these rules. The reason is very simple. If you made these rules and insisted upon their being immediately put into effect, it would mean a great deal of difficulty, because the new rules provide for certain improved conditions of the cinema houses which could not be given effect to by the old cinema houses. We thought that the old cinema houses will go on as long as they can. But since doubt has been expressed whether the General Clauses Act applies in this case, therefore we thought that the Bill should be here in order to regularise the old rules.

With these words, Sir, I move the consideration motion.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1957, be taken into consideration was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 2, in line 3, the words "and shall be deemed always to have been inserted" be omitted.

I also move that in clause 2, in the proposed section 14, in line 3, the words "or in the licence" be omitted.

I further move that in clause 2, in the proviso to the proposed section 14, in line 3, after the words "condition or restriction" the words "Within three months after this Act comes into force" be inserted.

Sir, with regard to this clause I have already brought three amendments. One is with regard to retrospective operation for which I have already given my reasons. Another is that in section 14 in clause 2 I have sought an amendment for deleting the last four words "or in the licence". Now, with regard to that we are here dealing with the Act and rules will be sufficient. What is the licence after all? Licence is the direct product of rule and by-product of an Act. If it is merely a statement we go contrary to the Act or to the rules. So anything contained in the licence need not be taken into consideration. The sentence is "Notwithstanding anything contained in any other law or in this Act or in the rules made under this Act" - if we stop here without those words "or in the licence", then the licence becomes a part of the Act or the rule. If this is to remain, then anything written on the licence or printed in the licence may or may not be in consonance with the provisions of the Act or with the rules; if these four words remain, then whatever is printed on a licence form takes the same effect as an Act or a rule which is not the contemplation of the Act. Therefore I would say if these four words are there the operation of the Act may be complicated and many complications may arise. So we should be restricted within the provisions of the Act and the rules and the licence will not be there; there will be a fresh licence and therefore it ought not to be kept in the permanent body of the Act for all time.

Then, in the proviso I have stated, "Provided that the licensing authority may grant time, or extend the time so granted, for compliance with any such condition or restriction"—we should not stop here. We are already late by so many years because this Act was passed in 1954 and we are still working under the rules or the licence under the 1918 Act. Now, if a time limit is given then all these things will be regularised and all this may be done in consonance with the 1954 Act or the rules framed thereunder. So I have proposed for a time limit. I have said at the end "within three months after this Act comes into force", so that the licensing authority or the authorities who are giving effect to these Acts and these rules will be prompt in their action; otherwise if their hands are kept free, then for the purpose of giving effect to this Act another year may be required. So I would say we are already late and therefore there should not be any further delay. There should be a time limit. I have given the time limit; the Hon'ble Chief Minister may have it or give a greater time limit, but there should be a time limit; otherwise collections may be delayed up to any length.

move that in clause 2, in the proposed section 14, in line 17, after the words "a new license is granted" the words "in such form as may be provided" be inserted.

কিন্তু এই অ্যামেন্ডমেন্টটা সেল্ফ-এক্সপ্লানেটরি অর্থাৎ বিলে আছে

"a new licence is granted in such form as may be provided under this Act and the rules made thereunder, be deemed to have been incorporated in such licence".

আমি বলতে চাই, ইন এ ফরম প্রেসক্রাপ্ড বাই দিস অ্যাক্ট মানে সম্বন্ধে যাতে কোন সন্দেহ না থাকে এজন্য আমি এটুকু অ্যাড করতে চাই। এটা না করলেও হয়তো হ'তে পারে। কিন্তু আমি মনে করি যে ক্ল্যারিফিকেশনএর জন্য এটুকু অ্যাড করলেই ভাল হয়।

[5-40—5-50 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, Sj. Panda has moved three amendments. His first one, I find, he is not pressing very much, namely, the question that the Act shall be deemed to have restrospective effect. I am not so sanguine as to think that he has accepted my interpretation or my point of view regarding retrospective and prospective Bills, but I am vain enough to think that he has accepted my point.

With regard to the second point he says remove the words "or in the license". He forgets that this clause says that "notwithstanding anything contained in any other law or in this Act or in the rules made under this Act or in the license". What we are trying to regularise is not merely the rules, not merely the Act but also the licenses issued under the rules and, therefore, that should be protected. We cannot withdraw or omit these words because they are the protection for the old cinema houses.

With regard to the third point that he has raised the question of fixing three months' time for the completion, viz., provided that the licensing authority may grant time not exceeding three months, I am putting it to him if he is a cinema owner and I ask him "please put in two exit doors from three sides of the auditorium, one exit door for each class or one for six rows of seats whichever is less and open space on the three sides of the auditorium, etc., etc.," it will be very difficult for him to complete these requirements even in three months' time. Therefore the licensing authority should give sufficient time to the old cinema owners to treat and modulate the requirements of the new rules.

I oppose all the three amendments.

With regard to Dr. Banerjee's amendment, I am afraid, what he has said is merely redundant because it is stated in the Bill "notwithstanding anything contained in any other law or in this Act or in the rules made under this Act or in the license, a license" etc., etc., "which may be given udner the old Act, under the new Act shall be deemed for all purposes to have been granted under this Act and the conditions and restrictions prescribed by the rules under this Act shall, until a new license is granted" Here he says in his amendment that the words "in such form as may be provided" should be inserted. The Act itself has prescribed the form of a license and I do not think it is necessary to introduce these words in this section.

With these words I oppose all the amendments.

Mr. Speaker: I will put all the four amendments to vote.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 2, in line 3, the words "and shall be deemed always to have been inserted" be omitted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 2, in the proposed section 14, in line 3, the words "or in the licence" be omitted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 2, in the proviso to the proposed section 14, in line 3, after the words "condition or restriction" the words "within three months after this Act comes into force" be inserted, was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerjee that in clause 2, in the proposed section 14, in line 17, after the words "a new license is granted" the words "in such form as may be provided" be inserted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed.

Dr. Hirendra Kumar Chatterjee:

মিঃ স্পীকার, স্যার, আমি একটা কথা চীফ মিনিস্টারকে বলছি। মিঃ পান্ডা দু' নম্বর ক্লজএর উপর অ্যামেন্ডমেন্টএর দ্বারা তিন মাসের যে সময় চেয়েছেন সেটা বড্ড কম—এই কথা মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন। কারণ সিনেমার চারিধারে জায়গা রাখতে হবে, অপারেটরএর ঘরে তিনটা ক'রে দরজা, জানালা রাখতে হবে—এইসমস্ত প্রভিশন বিলে আছে, এবং সেটা করা নাকি তিন মাসে সম্ভব নয়। কিন্তু সেটা তিন মাসে হওয়া সম্ভব না হ'তে পারে, কিন্তু তিন বছরে হ'তে পারে, এমনকি তিন সেঞ্চুরিতে হ'তে পারে। তিনটা দরজা ও চারিধারে জমি প্রভৃতি রাখতে গেলে কতখানি সময় চাই সেটা নির্দিষ্ট ক'রে দেওয়া উচিত। এখানে যদি টাইম-লিমিটএর একটা প্রভিশন না থাকে তা হ'লে এই প্রভিশনএর কোন অর্থই থাকে না। তা হ'লে সেটা করতে তিন মাস কিংবা তিন বছর কিংবা এক সেঞ্চুরিও হ'তে পারে এবং একেবারে নাও হ'তে পারে। বিলটাকে যদি সিরিয়স করতে হয় তা হ'লে অন্তত ভেবে দেখুন তিন মাস যদি পছন্দ না হয়, তিন বছর করুন, কিংবা তিন সেঞ্চুরি করুন। এখানে একটা টাইম-লিমিট না করলে এই প্রভিশন রাখার কোন মূল্য থাকে না এবং প্রভিশনটি একটি প্রহসনে পর্যবসিত হবে।

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to introduce the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957.

[Secretary then read the title of the Bill]

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957, be taken into consideration.

As the honourable members are aware there had arisen some difficulties about the Estates Acquisition Act and some of the difficulties were of so serious nature that it was thought necessary to promulgate an Ordinance to remove those difficulties. Yesterday I have laid before the House an Ordinance that was promulgated some time back. This Bill which has now been placed before the members seeks to enact the provisions contained in the said Ordinance as also to make a few new additions. As the members have already read the provisions of this Bill I will not take much time of the House by trying to elaborate on every point mentioned in the Bill but at this stage I shall mention only a few salient points. The first point is that under the law no intermediaries are entitled to retain lands comprised in a forest which are vested in the State free from all incumbrances. The rights of any person who under the contract given by an intermediary used to sell trees or used the forest lands for producing anything are treated as incumbrances. But recently in a High Court judgment it has been decided that though the intermediaries' rights are vested in the State the contracts will exist. Therefore the main purpose of this section was frustrated by that judgment. The main purpose of this section was that forests must vest in the Government, but it was found after the judgment that though technically the forests are vested in the State in fact the contractors who have had the forests under contract from the ex-intermediaries are entitled to cut down the trees and denude the forests. Therefore, Sir, a provision is being made under which such contracts will also be treated as incumbrances. That is one of the provisions of this Bill.

Secondly, Sir, there arose again another working difficulty about forests. Some lessees of forests have claimed to retain their lands comprised in forests as non-agricultural tenancies granted by the intermediaries before the vesting of the Estates. It has now been necessary to make it clear by this amendment that no person whether intermediary or not, shall be entitled to retain any land comprised in forests nor will he have any right to produce thereon after the date of vesting.

At this stage I might anticipate some apprehensions that I know have arisen in the minds of the honourable members as becomes clear to me from the nature of the amendments proposed. After the honourable members have spoken on the amendments I shall try to deal with this question at some length. But there is the question of customary rights. Possibly the customary rights that the people enjoy, not individually but people in general enjoy—will not be affected by this Act. At least I have been advised by the lawyers—I do not know whether this would be the interpretation accepted by the court . . .

[5-50—6 p.m.]

But in any case, I can assure this House that the customary rights which are being enjoyed by all people of the locality for a very long time will not be interfered with. Now, Sir, there is a second provision, namely, an intermediary may, under section 46(1) of the Act, retain certain lands specified therein but no time-limit for exercise of his option was set down in the Act itself. It was mentioned in the rule but there is the possibility that the validity of the rule may be challenged on the ground that there is no specific direction in the Act. Therefore, the idea is to give a statutory validity so that there might be an end of the matter and his right of option may be exercised within a specified time limit. This is extremely necessary because if the question is not taken up now, it will be difficult to get all the

lands which have actually vested and to start redistribution. Thirdly, all sums recoverable under an order of attachment or under section 26 should have been deducted from the amount of compensation payable in bond and such an amount payable in bond can only be determined if the compensation assessment roll has been finally published. The *ad interim* payment of compensation made under section 12 was made non-attachable. Reports have been received and I have myself seen judgments of different courts that orders are being issued by courts for attachment of *ad interim* compensation. Now, I have received numerous petitions from very small intermediaries whose *ad interim* compensation have thus been attached under courts' orders for they are suffering very heavily. Therefore, Sir, the purpose of this amending Bill is to make that provision clear so that under no circumstances there might be attachment of the *ad interim* compensation. Fourthly, in certain other areas, it has been found that rent assessed under section 42 of the Act now payable by intermediaries holding exclusively non-agricultural lands in khas possession on the basis of prevailing rates has been allowed. Now, that led to certain hardship in certain non-agricultural areas. In certain cases, the non-agricultural lands of which rent was redeemed before the vesting in the State have now been subjected to fresh assessment of rent. This has, as I have already said, caused some hardship in certain areas. Therefore, the idea is to extend the benefit that has been given under the proviso to section 52 of the Act to agricultural tenants to non-agricultural tenants also. Therefore, Sir, a provision has been made in this Bill under which the non-agricultural tenants also would enjoy the same benefit that the agricultural tenants are now enjoying under the Act. In the fifth place, representations have been received by Government for some time against the correctness of entries in the record-of-rights prepared in the present revisional settlement operations. In some cases, it was found that people did not come forward and file necessary papers as they should have done in spite of an Ordinance for proper entry in the records nor did they file objections in time. Sir, I have reasons to believe that in these cases in spite of the efforts of the Settlement Officers there has not been correct entry for the simple reason that the Settlement Officers must proceed on the basis of papers filed or produced before them and they cannot go beyond that. Be that as it may, when the records are in my opinion not correct, it is incumbent on the Government to reopen those cases and to allow people fresh time and fresh opportunity for having the records corrected and that too in as cheap and as speedy a manner as possible.

It may be argued that even under the Act the tenants who were aggrieved by such an order, by such a wrong record should go to a tribunal or a civil court, but as every one knows this is an expensive procedure and at least poorer tenants are not in a position to take advantage of the tribunal or civil court in the first instance. Therefore, I have felt and felt very strongly that there should be another opportunity for the poorer tenants to get their entries correctly recorded and there should therefore be another provision on the lines of section 106 of the Bengal Tenancy Act where the officer should be authorised to have another revision even after final publication of records. Therefore, Sir, this provision is being enacted under this Bill and I do hope that there have been wrong recording of rights specially because people did not file their papers. I hope that people who have not filed their papers or tried to establish their rights, specially the poorer Bargadars and the poorer tenants, will now come forward and have their records corrected in such numbers as may be necessary. Lastly, Sir, there is a provision that section 46 of the Act will be amended on the ground that when a tribunal presided over by a District Judge decides an issue after full hearing against an order passed by a Revenue Officer, there is no point in leaving it for decision by a civil court. I believe some members have

tabled amendments on this point but the whole point is that where a case has already been taken up by a tribunal or by a civil court, we are not disturbing such cases. But it is the intention of Government—and I hope this provision will benefit the tenants more—that where there has been any revision of the rights under the new provisions that are going to be enacted, there should be only one channel open, namely, that the people who might be aggrieved even after the new revision should go to the tribunal and who is the Presiding Officer in the tribunal? The Presiding Officer is an officer of the rank of a district judge. Now, if we leave it open to the civil court, then that would mean that after a judicial officer of the rank of a district judge has heard the case and decided the matter, the matter will be referred back again to a munsif. That is, Sir, *prima facie* contradictory. Therefore, the idea is that once the issue has been decided by the tribunal presided over by a district judge, if any person wants further legal remedy, he should proceed straight to the High Court under section 226 or any other provision of law and not refer it back to a munsif or an officer of a lower rank. Therefore, Sir, another amendment is being made under section 46 with this end in view. I have explained all the main provisions of the Bill and I will listen with interest the amendments that may be moved and I should like to speak a few words again after the honourable members have spoken on their amendments.

[6—6-10 p.m.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, we have heard the Minister in charge of Land and Land Revenue and we wish that all that he has stated in sympathy for people were true. Sir, our experience is otherwise. We predicted that the Government was trying to become a zemindar in place of the zemindars then existing and it was our prediction also that the Government would be more exacting, more oppressive and more tyrannical and this has come to happen. The object of this Act, as we understood it, was the abolition of zemindaries, acquisition of land, above the ceiling and nothing more. In view of these, a reassessment is necessary as also a fresh settlement of records.

But what are we experiencing today? The owners of small plots of Khas Mahal lands including revenue-redeemed lands, are being brought within the purview of this Act and they are being taxed heavily for these small holdings.

Sir, the whole of Baranagar area consists of small holdings—3 cottahs or 4 cottahs of *Khas Mahal* land—the owners pay rents to the Government, all Mokrari Mourashi tenures. Under the provision of existing laws, some of them have been redeemed and they have built their houses on them. Now, all these people were asked to submit returns in B form under section 6 of the Act. The officers there said that unless they had their names recorded they would be out of the records and so only to get their names recorded and also to claim exemption from the operation of this Act they should sign and submit B forms under this Act. That is how they were first brought within the purview of this Act. Now, they are being treated as if they actually come within the purview of this Act although each of them is a Mokrari Mourashi tenant under a Patta from the Government in respect of 4 or 5 cottahs of homestead land. Was it the object of the Act that they should be brought under the purview of this Act? Sir, a written representation was made to the Chief Minister. A telegram was sent to him and in answer the Secretary, Board of Revenue, West Bengal, wrote to the President of the Baranagar Peoples Committees as follows: "The West

Bengal Estates Acquisition Act is applicable to all estates which include Government Khas Mahal lands also". I fail to follow how he can say so In these small Khas Mahal lands, no rights of the intermediaries are involved. Their owners are not Zemindars. They do not hold lands in excess of the ceiling allowed. How can these small Khas Mahal lands vest in the State? The officer further contends that their liability to pay rent is an encumbrance under section 5 of the Act. The Secretary, Board of Revenue, does not know what is meant by encumbrances. When an estate or a tenure vests free of all encumbrances it means free of mortgage and other charges. He interprets the liability to pay rent as an encumbrance. The owner has a legal indefeasible right in his Khas Mahal land. But the Secretary, Board of Revenue, interprets that Khas Mahal land can vest free of encumbrance, that is liability to pay rent. He should at once be dismissed from service. I would like to hear what is the interpretation of the Judicial Minister. Can Khas Mahal land vest in the Government? The Secretary, Board of Revenue, interprets it as such and it has to be accepted as he has been placed at the helm of affairs he cannot commit any mistake. Can you concieve of a thing like this?

Now, Sir, he goes further. He says that even the owners of redeemed holdings are intermediaries. The rent of Khas Mahal land is a fixed rent and if you pay thirty years' rents at a time, your land becomes revenue—redeemed and then you are a free-holder in respect of your three or four cottahs of land. He says that even revenue-redeemed Khas Mahal land can vest in the Government. I say that the Government are becoming the worst type of zemindars—they are more tyrannical than the ordinary zemindars. They are interpreting the laws according to their own purpose and they are thus squeezing out money from the poor tenants. Now, what is the effect of this? They have taken the Khas Mahal lands as lands coming within the purview of this Act. A rule has been framed, viz., rule 4. Under this rule, an intermediary who retains non-agricultural land he would after vesting continue to hold the same on the same terms and conditions as a tenant holding non-agricultural land under the West Bengal Non-Agricultural Tenancy Act, 1949, for not less than 12 years. A Khas Mahal tenant or rather a Mokrari Mourashi tenant is thus transferred by the operation of this rule and by the application of form B, into a non-agricultural tenant with all the difficulties and liabilities of that tenant. Sir, this is unfair. Then why did you exclude Calcutta from the operation of this Act? The whole municipal area is full of such holdings—some pay rent to Government, others have redeemed their lands and are free-holders. It is not possible for any person to hold more than 15 acres of land in Calcutta. That is why, we were given to understand, Calcutta was excluded from the purview of this Act. You have excluded Calcutta, but you are enforcing this provision in other parts of the State.

The Hon'ble Minister should not misunderstand me. Government have no doubt placed somebody in charge of this department who hails from an ancient zeminder family of Bengal. Of course, we know he has got progressive outlook. I hope he will admit that it is simple foolishness to employ the provisions of this Act in cases where it does not apply—where it cannot apply. It is high time that our Minister should take steps in this matter. He should make an open declaration that small holdings, Khas Mahal lands—redeemed or not redeemed—are excluded from the application of this Act. The Hon'ble Minister has said that he is not going to interfere with the customary rights of the people. Now, these not only the customary rights of the people, but are the legal rights of the people and he has no right to interfere with them. That is the position.

[6-10—6-20 p.m.]

Sj. Subodh Banerjee:

স্পীকার মহাশয়, সর্বপ্রথমে আমি এই রকম আংশিক আংশিকভাবে সংশোধন প্রস্তাব আনার বিরোধিতা করি। আপনি জানেন যে ওয়েস্ট বেঙ্গল এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট ১৯৫৪ সালে প্রথম আসে, আর আজ ১৯৫৭ সাল। এর মধ্যে কমপক্ষে এই আইনটি পাঁচবার সংশোধিত হয়েছে। আমি বুঝতে পারি না যে, সরকারপক্ষ যখন একটা আইন করতে চান তখন আইনের উদ্দেশ্য সম্বন্ধে তাঁদের মনে পরিষ্কার ধারণা থাকে কিনা। এ ধারণা যদি না থাকে, সরকারের যদি দূরদৃষ্টি না থাকে, তা হ'লে আজ যে আইন করছেন কালই তার সংশোধন করতে হবে, পরশু দিন আবার সংশোধন করতে হবে; এইভাবে সংশোধনের সংশোধন আনতে হবে। এই আইনের ক্ষেত্রেও ঠিক তাই হয়েছে। প্রথমে ফরেস্টকে আইনের আওতায় আনা হ'ল, তারপর সংশোধন ক'রে ফরেস্ট বাদ দেওয়া হ'ল, আবার পরে ফরেস্ট অন্তর্ভুক্ত হ'ল। এ কী রকম আইন করা! এ'দের লেজিসলেটিভ ডিপার্টমেন্ট আছে, তাঁদের বিশেষ কিছু বলব না, তাঁদের উপর ড্রাফটিংএর ভার দেওয়া ছাড়া কিছু ছিল না, কিন্তু মন্ত্রিমণ্ডলী তো ছিলেন। তাঁরা কি চিন্তা করেছিলেন একথা? আমি মূল আইন আলোচনার সময় বলেছিলাম যে, ফরেস্টগুলি যাতে সরকারে ভেস্ট করে তার ব্যবস্থা করা হোক। তৎকালীন মন্ত্রিমহাশয় বলেন যে, আইনের ভাষা যা আছে তাতে এই জিনিস হবে, বনগুলি অধিকার করতে কোন অসুবিধা হবে না।

আজ দেখছি সেই ভাষা পাল্টা পাচ্ছে না। নূতন ক'রে আবার ধারা সংযোজন করতে হচ্ছে যাতে ফরেস্টগুলি সরকারের হাতে চ'লে আসে। এখন ব্যাপার হ'ল কি? আপনি জানেন যে, রেকর্ড অব রাইটস তৈরি হয়ে গিয়েছে। যা ফাঁকি মারার জোতদাররা-জমিদাররা মেরে নিয়েছে। জমির সর্বোচ্চ সীমা বেঁধে দেওয়ার ধারাকে ফাঁকি দেবার জন্য জোতদার এবং জমিদাররা সমস্ত জমি বেনাম ক'রে রেখে দিয়েছে। আজ কারও ৭৫ বিঘার বেশি জমি নেই, ফলে operation of that provision of the Estates Acquisition Act হচ্ছে না। সরকারের হাতে ৬ লক্ষ বিঘা জমি আসবে বলা হয়েছিল। ক' হাজার বিঘা জমি এসেছে? এবং যা জমি এসেছে তাতে চাষ করা যায় না। সরকারকে যখন আমরা এই আইন আনার আগে ট্রান্সফার অব ল্যান্ড আইন ক'রে বন্ধ করে দিতে বললাম, যাতে জমিদার-জোতদাররা জমি বেনাম করতে না পারে। বিধানবাবু তখন আমায় ঠাট্টা ক'রে বলেছিলেন যে সুবোধ বানার্জি বোধ হয় হাত গুণতে জানেন, তাই তিনি বলছেন যে জোতদার-জমিদাররা জমি বেনাম ক'রে দেবে। তিন মাসও গেল না, মিঃ স্পীকার, স্যার, সরকারের তরফ থেকে বেনাম বন্ধ করার জন্য আইনকে সংশোধন করতে হ'ল। কিন্তু তিন মাসের মধ্যে জমিদার-জোতদাররা অগাধ জমি বেনাম ক'রে ফেলে দিল। কারও আর সিলিংএর বেশি জমি রইল না, ফলে সরকারের হাতে আর জমি এল না। যারা জোতদার-জমিদার তারা নিজের জমি নিজের অধিকারেই বেনাম করে রাখল, উপরন্তু সরকারকে যতটুকু হিসাব আমি করেছি ৬৪ কোটি টাকার মত খেসারত দিতে হবে। সেই টাকা সাধারণ মানুষের উপর ট্যাক্স হিসাবে আদায় ক'রে আপনাদের যোগাতে হবে। লাভ কিছু হ'ল না, অথচ জমিদাররা টাকা পেল। ঠিক সেই জিনিস ফরেস্টএর বেলায়ও করা হ'ল। আজ বললে কি হবে? দেখবেন যে ফরেস্ট আর ফরেস্ট নেই। রেকর্ড অব রাইটস্এ ফরেস্ট ব'লে আর কিছু নেই! মন্ত্রিমহাশয় এইমাত্র যে বক্তৃতা দিলেন তাতে শুনলাম যে কাস্টমারি রাইটসএ হাত দেওয়া যাচ্ছে না। উনি একটি পুকুরের উদাহরণ দিয়ে বললেন যে, পুকুর যদি সরকারে ভেস্ট করে তা হ'লে স্নান করতে কি কারও আটকায়? এও ঠিক তেমনি। সকলেরই যদি গাছ কাটার সুবিধা থাকে, কাস্টমারি রাইটস অনুযায়ী গ্রামসুদ্ধ লোককে দিয়ে জোতদার তা কাটিয়ে নেবে। এইভাবে ভেস্ট করার সুবিধা সরকারের হাত থেকে চ'লে যাবে। উদ্দেশ্য কি এগুলির? আপনারা আগে চিন্তা করেন না কেন? এই এই জিনিস হ'তে পারে, সুতরাং এই রকম এ রকম প্রভিশন হবে। ফরেস্টএর ক্ষেত্রে ঠিক তাই। সরকার বলছেন সুন্দরবন এবং অন্যান্য জায়গায় ফিশারিগুলি তাঁরা নেবেন। কবে আইন আসবে? এর মধ্যে (পয়েন্টিং টু দি বিল) ফিশারি নেই। ওঁরা বলছেন—ফিশারি নেব। সরকারের যদি নীতি হয় যে সুন্দরবনের ফিশারিগুলি নেওয়া উচিত এবং আমি বলতে পারি, সুন্দরবনে সেখানকার জোতদাররা-জমিদাররা ধানী জমিতে অসংখ্য ফিশারি ক'রে দিয়েছে, চাষীদের উচ্ছেদ

ক'রে দিয়েছে, সেই জমি যদি নিতে হয় কবে আনবেন তার আইন? কেন এখানে ফিশারি এবং ফরেস্ট একসঙ্গে আনবেন না? কেন আনলেন না? আবার কি মেছোঘেরীর মালিকদের সেই সুযোগ দিতে চান যা দিয়েছেন জমির মালিকদের? বেনামে করার সুযোগ দিতে চান নাকি? আইন যখন আনবেন দেখবেন যে আইনে ফাঁক এত বড় আছে তার মধ্যে দিয়ে সব মেছোঘেরী বেরিয়ে গেছে এবং সরকার আর কিছু ধরতে পারলেন না। সুতরাং আমার বক্তব্য যে, এই ধরনের আইন কেন আনা হচ্ছে? এই ধরনের আইনকে আমরা সমর্থন করতে পারি না। আজ তিনি ফরেস্ট আনছেন, পরের সেশনএ দেখব ফিশারি আসবে, আবার তার পরের সেশনএ দেখব আর একটা আসবে। আমি মনে করি, যখনই এরকম বিলে সংশোধন করা দরকার, তখনি কমপ্রিহেনসিভ ওয়েতে আনা দরকার। সমস্ত জিনিসটার চিন্তা থাকবে। যদি আদালতে কোন অসুবিধা হয় -যেটা আমাদের চিন্তার বাইরে-তখন সেটা সংশোধন করুন। সেটা আমি বুঝতে পারি। কিন্তু যেটা নীতির প্রশ্ন সেখানে আইন আনতে গেলে দেরি হবে কেন? নীতির প্রশ্ন ছিল ফরেস্ট নেওয়া হবে। নীতির দিক থেকে ঠিক ছিল যে ফিশারি নেব, অথচ ফরেস্ট নেওয়া গেল না, ফিশারিকেও আইনের মধ্যে আনা হল না। সুতরাং ফিশারিকেও ইনক্লুড ক'রে দেওয়া এই বিলের মধ্যে উচিত ছিল। এই রকমভাবে আংশিকভাবে বিল আনা উচিত হয় নি।

আর একটা জিনিস মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করব। রেকর্ড অব রাইটস তৈরি করাচ্ছেন তিনি। তিনি আজ বলছেন কি ট্রাইব্যুনালএ যাওয়া অত্যন্ত কষ্টকর, অত্যন্ত ব্যয়বহুল। সুতরাং ট্রাইব্যুনালএ যাতে চাষীকে না যেতে হয় তার জন্য একজন অফিসার, হাই পাওয়ার্ড অফিসার রেখে দেওয়া হবে। তাঁর কাছে গিয়ে চাষী নালিশ করবে এবং তিনি বিচার করবেন। জিজ্ঞাসা করি এতদিন কি করছিলেন? নাকে সরষের তেল দিয়ে ঘুমোচ্ছিলেন? যা করার হয়েছে তো? রেকর্ড অব রাইটস তৈরি হয়েছে, চাষীকে বাঁচার জন্য ট্রাইব্যুনালএ যেতে হয়েছে। টাইটেল সুটএর মামলা ঝুলছে। আজ তিনি বলছেন বাঁচাতে হবে। যারা টাইটেল সুট করে নি, করতে যায় নি, তারাই কেবল ঐ বড় অফিসারএর কাছে আপীল করতে পারবে। সেটিও তো হবে না, কারণ আপীল করার দিন চ'লে গিয়েছে। অধিকাংশ ক্ষেত্রে কেউই এই আইনের সুযোগ নিতে পারবে না। আপনি জানেন ট্রাইব্যুনালএ যাওয়ার অর্থ, এখানে অনেক লইয়ার্স আছেন, তাঁদের জিজ্ঞাসা ক'রে দেখবেন-আপনি নিজেও আছেন, আপনি জানেন এর মধ্যে চাষীকে যাওয়ার অর্থ। চাষী জেরবার হয়ে যাচ্ছে, চাষীরা থালা-ঘটি-বাটি বন্ধক দিয়ে যথাসর্বস্ব বিক্রি ক'রে তার টাইটেলএর মামলা করতে হচ্ছে। আমার নিজের প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে এই টাইটেলএর মামলা চলছে ৩২ বছর ধ'রে। বত্রিশ বছর ধ'রে চলছে, আজও তার ফয়শলা হ'ল না। চাষীকে আপনারা সেই পথে ঠেলে দিয়েছেন। তাকে বাঁচাবার ব্যবস্থা কেন আগে করেন নি? যদি আপনারা মনে করেছিলেন যে আপনারা যে রেকর্ড অব রাইটস তৈরি করতে যাবেন সেই রেকর্ড অব রাইটস আপনারা সুষ্ঠুভাবে তৈরি করতে পারবেন না। কেন তার প্রভিশন আগে আইনে ছিল না? আপনাদের জানা উচিত ছিল যে ফুড ডিপার্টমেন্টএর থেকে আনকোরা টাটকা লোক নিয়ে এসেছেন বাংলাদেশের ভূমি সমস্যার মতন জটিল সমস্যা বিচার করতে। যা হাইকোর্টএর জাস্টিসদের মাথা ঘুরিয়ে দেয় সেই রকম আইনের বিচারের ভার দিলেন ফুড ডিপার্টমেন্টএর ধান-ধরা ধান-মাপা অফিসারদের। ফলে যা হবার হয়ে গেল, গোটা রেকর্ড অব রাইটস তছনছ হয়ে গেল এবং তার বিরুদ্ধে মামলা করতে গিয়ে ট্রাইব্যুনালএ চাষীরা জেরবার হয়ে গেল। ঘুষের কথা বলব না, এ তো অঙ্গের ভূষণ। কোন্ ডিপার্টমেন্টএ নেই? কিন্তু আপনারা এই যে অবস্থার সৃষ্টি করেছেন আপনাদের দূরদৃষ্টির অভাবের জন্য, ভূমিরাজস্ব বিভাগের দূরদৃষ্টির অভাবের জন্য

That demands condemnation in the strongest possible terms.

এবং আমি তাই করি সাধারণ চাষীদের তরফ থেকে। যা আজ আপনারা নিয়ে এসেছেন তিন বছর আগে তা আপনাদের নিয়ে আসা উচিত ছিল। বারবার ক'রে আমরা তার জন্য বলেছি। আমাদের কথা আপনারা শোনেন নি, এবং এও বলছি, ঐ ফিশারি প্রভৃতি অন্যান্য জিনিসগুলির জন্য চাষীরা আরও ভুগবে। তার জন্য প্রতিবাদ করা দরকার এবং এই ধরনের পার্সিমল বিল আনায় আমি তীব্র বিরোধিতা করি।

Sj. Hare Krishna Konar:

মাননীয় স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় এই বিল উত্থাপনের সময় বলেছেন, জমিদারি ক্রয় আইন চালু করতে গিয়ে এমন কতকগুলি অসুবিধার সম্মুখীন হতে হয়েছে, এমন কতকগুলি অসুবিধা জনসাধারণকে ভোগ করতে হয়েছে যা দূর করার জন্য এই সংশোধনী বিল আনতে হয়েছে। প্রস্তাবিত বিলের চরিত্র সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের সঙ্গে একমত হতে পারলাম না। বাংলাদেশের জমিদারি ক্রয় আইন চালু করতে গিয়ে এইগুলিই কি সবচেয়ে বড় সমস্যা, যেগুলি সংশোধনের জন্য আজ এখানে এই বিল উত্থাপন করেছেন? বাংলাদেশে গত কয়েক বছর ধ'রে ক্রমাগত যেভাবে খাদ্যের উৎপাদনে ঘাটতি চলেছে, যেভাবে খাদ্যসংকট বেড়ে চলেছে, তাতে অন্যান্য অনেক জিনিস যেমন প্রমাণিত হয়েছে তেমনি এ কথাও প্রমাণিত হয়েছে যে জমি সম্পর্কে গভর্নমেন্টএর আইনকানুন অত্যন্ত ত্রুটিপূর্ণ। আজকে প্ল্যানিং কমিশনএর সদস্যদের মধ্যে পর্যন্ত এ কথা প্রকারান্তরে স্বীকৃত হচ্ছে যে, গভর্নমেন্টএর ভূমি সংক্রান্ত আইনগুলি ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে। তিন বছর জমিদারি ক্রয় আইন চালু আছে। আজ সরকারের ভালভাবে বোঝা উচিত ছিল, কেন তা ব্যর্থতায় পর্যবসিত হ'ল? কি তার সংশোধনের প্রয়োজন আছে? সোজা কথা বোঝা দরকার যে, যদি বাংলাদেশে কৃষকদের জমি না দেওয়া যায় যদি তাদের চাষের নিরাপত্তার বন্দোবস্ত না করা যায়, কোন মতেই চাষের উন্নতি করা সম্ভব হয় না। সেদিক থেকে বিচার করে এই জমিদারি ক্রয় আইনের সংশোধন করা প্রয়োজন ছিল। সবচেয়ে যে বড় প্রশ্ন ছিল তা হ'ল এই যে, বাড়তি জমি কি ক'রে পাওয়া যায়? আমরা জানি যে এর আগে সেকশন ৫(এ) ব'লে একটা ধারা যোগ করা হয়েছিল বেআইনী হস্তান্তরকে বন্ধ করার উদ্দেশ্য নিয়ে। তখনি বামপন্থী দলগুলি থেকে ঘোষণা করা হয়েছিল, যেভাবে আইনটা করা হচ্ছে, সংশোধন যেভাবে করা হচ্ছে তাতে এই উদ্দেশ্য কার্যকরী হবে না। আমি আজ জানতে চাই, মন্ত্রিমহাশয় আজ পরিষ্কারভাবে বলবেন যে, এই তিন বছরের মধ্যে কতটুকু সারপ্লাস ল্যান্ড কতটুকু বাড়তি জমি পাওয়া গেছে, যে জমি জনসাধারণ এবং গরিব চাষীদের মধ্যে বিলি করা যায়? এবং আরও জিজ্ঞাসা করি, এই সেকশন ৫(এ) অনুযায়ী কত বিঘা জমি উদ্ধার করা গেছে? কতগুলি ন্যালা ফাইডি ট্রান্সফার, বেআইনী হস্তান্তরকে রিভিউর মধ্যে অর্থাৎ পর্যালোচনার মধ্যে আনা হয়েছে, তদন্ত করা হয়েছে এবং বিহিত ব্যবস্থা করা হয়েছে? প্রথমেই যে সংশোধনের প্রয়োজন ছিল তা হ'ল ৫(এ) ধারাকে সংশোধন করা এবং ১৯৫৩ সালের ৫ই মের পর থেকে যত কিছু হস্তান্তর হয়েছে সমস্ত কিছুকে পর্যালোচনার মধ্যে এনে তা থেকে বেআইনীভাবে লুকানো বাড়তি জমিকে উদ্ধার করার ব্যবস্থা করা। এটা প্রথম উচিত ছিল।

[6-20—6-30 p.m.]

দ্বিতীয়ত, আইনে যেসমস্ত ছিদ্র বা ফাঁক রেখে দেওয়া হয়েছে, যে ফাঁকের মধ্য দিয়ে অর্থাৎ ঐ মেছোঘেরী থেকে আরম্ভ ক'রে বাগানবাড়ি পর্যন্ত যেসব ফাঁকের মারফতে জমিদারদের হাতে প্রচুর জমি নানাভাবে রেখে দেওয়া হচ্ছে, সেগুলিকে বন্ধ করবার কি ব্যবস্থা করা হয়েছে, তা না হ'লে কোন রকমে জমি পাওয়া যায় না?

তৃতীয়ত, একটা সংসারের ভিত্তিতে সিলিং নির্ধারণের কোন রকমের ব্যবস্থা না করায় কোন মধ্যস্বত্বভোগী, যে কোন অংশীদার, যে কোন শরিক পৃথকভাবে ঐ সীমা পর্যন্ত জমি রাখতে পারবেন এবং তা করার জন্য বাপ থেকে নাতি পর্যন্ত বিভিন্ন নামে জমি ভাগ করা মধ্যস্বত্বভোগীদের হাতে যে বিরাট জমি রেখে দেওয়া হচ্ছে তা বন্ধ করার কি ব্যবস্থা এই আইনে করা হয়েছে? দেখা যাবে যে সেই সম্বন্ধে কোন ব্যবস্থাই এই আইনে করা হয় নি। দেখা যায় যে বাড়তি জমি বিলি করবার জন্য কোন ব্যবস্থা হয় নি এবং আজও মূল ত্রুটি সংশোধন করার জন্য কোন চেষ্টা হচ্ছে না।

যেসমস্ত অসংখ্য দরিদ্র কৃষক, অধীন রায়ত ও বিশেষ ক'রে বর্গাদার হিসাবে বাংলাদেশে চাষ করে তাদের যদি চাষের নিরাপত্তা না থাকে তা হ'লে কি ক'রে কি হবে? বর্গাদারা জমিতে স্বত্ব দেন বা না দেন, কিন্তু স্থায়িভাবে চাষ করবার নিরাপত্তা যদি সে

পায় তা হ'লে প্রতি বছর সে নিশ্চিন্তে চাষ করতে পারবে কেমন ক'রে? এবং এই নিশ্চিন্ততা যদি তার না থাকে তা হ'লে কেমন ক'রে চাষের উন্নতি হ'তে পারে? অথচ আমরা সবাই জানি, মন্ত্রিমহাশয় নিজেও জানেন যে, গত তিন বছর থেকে এই বর্গাদারদের উপর ঢালাওভাবে উচ্ছেদের খড়্গ চ'লে আসছে। আপনারা যে আইন করেছেন, এমন কি পরে যে ল্যান্ড রিফর্ম্স অ্যাক্ট করেছেন, সেই অ্যাক্টএও বর্গাদারকে রক্ষা করার কোন কার্যকরী ব্যবস্থা করা হয় নি। কাজেই উচিত ছিল এ সম্বন্ধে কোন নিশ্চিত ব্যবস্থা করা। কিন্তু তা করা হয় নি। এইভাবে দেখা যাবে যে, আইনটায় সবচেয়ে বড় যে ত্রুটিগুলি সেই ত্রুটিগুলিই এর মধ্যে রয়ে গেছে। অথচ তার সংশোধনের কোন চেষ্টা করা হচ্ছে না। সেজন্য আমি বলব যে, যে উদ্দেশ্যের কথা মন্ত্রিমহাশয় বলেছেন, সেই উদ্দেশ্যে এই সংশোধনী বিল সম্পূর্ণ করছে না। আমি এ কথা বলতে চাই না, এই যে সংশোধনীগুলো আনা হচ্ছে এগুলোর প্রয়োজন নেই। আমি মনে করি যে, যেগুলি আনা হয়েছে সেগুলির গুরুত্ব আছে, কিন্তু এর চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ অন্যান্য বিষয়গুলো বাদ রয়েছে এবং যেগুলো আনা হচ্ছে তা টুকরো টুকরো ব্যাপার। অথচ যে টুকরো টুকরোগুলো তিনি নিয়ে আসছেন তা দিয়ে বাংলাদেশের ভূমিসমস্যার সমাধান হ'তে পারে না। এক্ষেত্রে দেখা যাবে যে, তিনি কয়েকটি মাত্র প্রশ্ন এখানে নিয়ে এসেছেন। সেগুলোর মধ্যে একটা হচ্ছে জঙ্গলের ব্যাপার; দ্বিতীয় হচ্ছে, নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর খাজনার ব্যাপার, অর্থাৎ অকৃষি জমির জন্য মধ্যস্বত্বভোগীরা কত খাজনা দেবেন; এবং তৃতীয় হচ্ছে, রেকর্ড সংশোধনের সম্বন্ধে তিনি একটা সংশোধনী এনেছেন। প্রস্তাবিত বিলে এই তিনটি হ'ল প্রধান সংশোধন। প্রথমে দেখা যাবে জঙ্গলকে তিনি যেভাবে নিয়ে এসেছেন, অতীত অভিজ্ঞতা থেকে ভুল-ত্রুটি থেকে শিখে যেমন ক'রেই হোক তিনি নিয়ে এসেছেন, আমি মনে করি যে সেটা ঠিকই হয়েছে। কিন্তু প্রশ্ন হচ্ছে যে জঙ্গলকে আনতে গিয়ে যে ডেফিনিশনএর সংশোধন তিনি এনেছেন তা হ'ল ইনক্রামব্যান্স। আইনে মাত্র এক জায়গায় থাকছে ইনকামব্র্যান্স কথাটি এবং সেই এক জায়গায় থাকছে

"the land shall vest in the State without encumbrance"

এনকামব্র্যান্সএর যা ডেফিনিশন, যা সংজ্ঞা দেওয়া হচ্ছে সেই সংজ্ঞার ভিতরে বলা হচ্ছে যে, সমস্ত কিছুই তার ভিতরে পড়বে। অর্থাৎ মধ্যস্বত্বাধিকারী অথবা যে কোন লোকের যে কোন রকম স্বার্থ, বা যে কোন রকমের অধিকার শুধু জমিতে নয় তার ফসলেও এইসমস্ত কিছুই এনকামব্র্যান্সএর মধ্যে পড়বে। আমার মনে যে প্রশ্ন জেগেছে তা হ'ল এই যে বর্গাদারকেও এর মধ্যে ফেলা হচ্ছে কিনা? আমি জানি বর্গাদারদের জমিতে কোন স্বত্ব নেই, জমিতে কোন অধিকার নেই। কিন্তু বর্গাদারদের ফসলের উপর নিশ্চয়ই কিছুটা অধিকার আছে এবং আইনে তা স্বীকৃত হয়েছে। অতএব

Bargadars have certain interests in the produce of the land

অতএব যদি এই বিষয় পরিষ্কার না করা হয় তা হ'লে এই আইন, মাননীয় মন্ত্রিমহাশয়ের উদ্দেশ্য যাই থাকুক না কেন, কোর্টএ গেলে ঐ একই আইনের মারপ্যাঁচে দেখা যেতে পারে যে, সারপ্লাস ল্যান্ড থেকে এনকামব্র্যান্স হিসাবে বর্গাদার উচ্ছেদ হয়ে যাচ্ছে। কারণ বর্গাদারও এনকামব্র্যান্স ব'লে গণ্য হ'তে পারে। এ কথাটা এর মধ্যে কোনভাবে পরিষ্কার ক'রে দেওয়া হয় নি। দ্বিতীয়ত দেখা যাবে, জঙ্গলকে নেওয়া হচ্ছে। কিন্তু আমাদের একটা অভিযোগ, এর আগের বারেও আইনসভাতে বলেছি যে, সরকারের হাতে জঙ্গল যাওয়ার পর হ'তে, বিশেষ ক'রে যারা আদিবাসী, যাদের জঙ্গলের উপর বিবিধ স্বত্বের অধিকার ছিল, পাতা কুড়ানো, ছোট ছোট কাঠ কাটা, ব্যবসায় উদ্দেশ্যে বড় বড় কনট্রাক্টর যা করেন তা নয়, নিজেদের ব্যবহারের জন্য, এগুলি যে অনেক জায়গায় রক্ষিত হচ্ছে না আমরা তার অনেক উদাহরণ দেখিয়েছি। তাদের উপরে জুলুম হচ্ছে নানা রকমের। এদের এইসব অধিকার রক্ষা করার কোন ব্যবস্থা হবেনা? আপনারা মুখে প্রতিশ্রুতি দিয়েছেন যে, ইজমেন্ট রাইটস অর্থাৎ বিবিধ স্বত্বের অধিকার রক্ষা করা হবে। কিন্তু আমরা জানি, বিভিন্ন জায়গায় একদিকে জমিদারদের প্রতাপ, অন্যদিকে সরকারী অমলাদের অত্যাচারের ফলে এইসমস্ত সাধারণ কৃষকরা বঞ্চিত হচ্ছে শুধু জঙ্গল থেকে নয়, এমনকি শ্মশান, গোচর, ভাগাড় ইত্যাদি অধিকার থেকেও বঞ্চিত হচ্ছে। কেন এই অধিকারের কথা আইনে পরিষ্কার ক'রে লেখা হবে না? এটা শুধু মন্ত্রিমহাশয়ের সদিচ্ছার উপর না থেকে কেন পরিষ্কারভাবে লেখা হচ্ছে না? দ্বিতীয়ত দেখা যাবে, খাজনা সম্পর্কে

তিনি যেভাবে কথা বলেছেন—আমি একটা জিনিস বুঝতে পারছি না—যদি আইনের সংশোধনী আনলেন তা হ'লে এখানেই বা পার্থক্য কেন করা হচ্ছে? একচল্লিশ নম্বর ধারাতে যেসমস্ত লোকেরা কোন সার্ভিসএর বদলে জমি অর্থাৎ চাকরান জমি ভোগ করতেন তাদের সম্বন্ধে আছে। আমরা জানি, সবাইকার অভিজ্ঞতা আছে চাকরান মানেই হচ্ছে একটা কোন সার্ভিসএর বদলে জমি তাঁরা ভোগ করতেন। এও আমরা জানি, বাংলাদেশের অনেক স্থানেই আজ আর কোন সার্ভিস দিতে হয় না, ওটা প্রজারা প্রায় নিষ্কর জমি হিসেবে ভোগ করে। যারা এই জমি ভোগ করেন তারা সবাই গরিব লোক এবং বেশির ভাগই সিডিউল কাস্টএর লোক। তাদের বেলায় বলা হচ্ছে, নন-এগ্রিকালচারাল ল্যান্ডই হউক আর এগ্রিকালচারাল ল্যান্ডই হউক, তাদেরকে নতুনভাবে খাজনা দিয়ে যেতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয় ৪১ ধারাকে সংশোধনের প্রয়োজন অনুভব করলেন না, যখন ৪২ নম্বর ধারাকে সংশোধনের প্রয়োজন অনুভব করলেন। বুঝতে পারি না, এইভাবে পার্থক্যটা কেন করা হচ্ছে? অন্যদিকে এও আমি বুঝতে পারছি না, যেখানে সংশোধনী আনা হয়েছে তাও কেন শুধু যেসমস্ত

"tenure composed exclusively of non-agricultural land"

তাদের সম্বন্ধে? অর্থাৎ শুধুমাত্র অকৃষি জমি নিয়ে যে টেনিওরগুলি গঠিত তাদের সম্বন্ধে? আমি বলতে চাই যে, গ্রামাঞ্চলে যেসমস্ত টেনিওর থাকে সেগুলি শুধুমাত্র অকৃষি জমি নিয়ে নয়, তাতে কৃষি জমিও থাকে। তা হ'লে বোঝা যাচ্ছে যে মাননীয় মন্ত্রিমহাশয় গ্রামের যারা মধ্যস্বত্বভোগী তা ছোটই হউক আর যাই হউক না কেন তাদেরকে কিন্তু এই সুযোগটা দিতে চাচ্ছেন না একমাত্র চাচ্ছেন কলকাতার আশেপাশে বড় বড় শহরগুলিতে যেসমস্ত মধ্যস্বত্বভোগীরা আছেন শুধু তাদেরই দিতে। আমি আরও বলতে চাই যে, এদের মধ্যেও তো দুই রকমের মধ্যস্বত্বভোগী আছে। এক হ'ল ছোট ছোট অল্প অল্প জমির মালিক, যারা নিজেরা সেই জমিতে বসবাস করেন, কিছু তরিতরকারি করেন, কিন্তু আর যারা আছেন তারা বেশি জমির মালিক ও জমি ভাড়া, বন্দোবস্ত দিয়ে দু' হাজার চার হাজার টাকা লাভ করেন। এদের সংখ্যা হয়তো শতকরা ১০ ভাগ, ১৫ ভাগ হতে পারে। কিন্তু তাদের একটা সংখ্যা আছে। তা হ'লে শতকরা ৮০ ভাগ সাধারণ মধ্যস্বত্বভোগীদের সুবিধার ফাঁকে কেন সেই বড়লোক শতকরা ১০ ভাগ লোককেও সেই রেন্ট ফ্রী বা নমিনাল রেন্টএর সুযোগ দেওয়া হবে? আমি জানি, আইনে হয়তো ডিসক্রিমিনেশন করা যাবে না। কিন্তু এমন করা যায় যে সেইসব জমির ক্ষেত্রে এই বিশন খাটবে যে জমিগুলি মধ্যস্বত্বভোগীরা নিজেরা ব্যবহার করবেন এবং লেট আউট করবেন না। সেই জমির ক্ষেত্রে এইভাবের প্রভাইসোটা করা যেতে পারে। বিয়াল্লিশ নম্বর ধারাতে বলা হচ্ছে যে, নন-এগ্রিকালচারাল ল্যান্ডএ খাজনা রেভিনিউ অফিসার এমন ধার্য করবেন যেটাকে তিনি ফেয়ার অ্যান্ড ইকুইটেবল মনে করবেন। তার উপরে এখন প্রভাইসো যোগ করা হচ্ছে। সেই প্রভাইসোটা এদের ক্ষেত্রে যোগ করা যেতে পারত যে জমিগুলি মধ্যস্বত্বভোগীরা নিজেরা দখল করে আছেন ও নিজেরা যাতে বসবাস করছেন।

The Hon'ble Bimal Chandra Sinha:

লেট আউটএর বেলায় খাসমহলে সেটা ভেস্ট করবে।

[6-30—6-45 p.m.]

Sj. Hare Krishna Konar:

আমি আপনার সঙ্গে ঠিক একমত হ'তে পারছি না। যদি বাস্তবে তা প্রমাণিত হয় পরে দেখা যাবে। কারণ আইনে আছে, একজন মধ্যস্বত্বভোগী ১৫ একর পর্যন্ত নন-এগ্রিকালচারাল ল্যান্ড রাখতে পারে, কিন্তু ১৫ একর নন-এগ্রিকালচারাল ল্যান্ড শুধু খাসে নিজে বাড়ি ক'রে বা ঐভাবে কেউ রেখে দেন না, এবং এর যথেষ্ট উদাহরণ আছে যে সেই জমি ভাড়া দেওয়া হয়। তাঁকে আমরা উদাহরণ দিতে পারি। তিনি প্রতিশ্রুতি দিন যে যদি ভাড়া বন্দোবস্ত থাকে তা হ'লে সেগুলি আইনের মধ্যে পড়বে না, শুধুমাত্র ব্যক্তিগত ব্যবহার্য জমিগুলি আইনের মধ্যে পড়বে। তৃতীয়ত, রেকর্ড সম্বন্ধে তিনি যেটুকু সংশোধন এনেছেন আমি তা স্বীকার করি। আমি নিজে কৃষকসভার সঙ্গে জড়িত, আমরা এ নিয়ে বহু আন্দোলন করেছি। বহুবার আমরা ডেপুটেশনএ এসেছি এই একটা বিষয় নিয়ে যে রেকর্ডএর ব্যাপারে দরিদ্র কৃষকরা, বিশেষ ক'রে যারা সাঁজা চাষী, যাদের রেকর্ড নাই, তারা বঞ্চিত হয়ে যাচ্ছে। আর বর্গাদারদের রেকর্ড তো

হচ্ছেই না। আজকে অন্তত এইটুকু স্বীকৃতি হচ্ছে যে, অনেকে বঞ্চিত হয়েছেন। কিন্তু তিনি যেটুকু সময় নির্দেশ ক'রে দিয়েছেন তা মাত্র তিন মাস। এই অর্ডিন্যান্সটা জারি হওয়ার পর অথবা ফাইনাল পাবলিকেশনএর পর তিন মাস। এই সময় খুব কম। আপনার গেজেটে পাবলিশ হ'ল, তারপরে লোকে জানবে। প্রথম তো জানবেন উকিল-মোক্তাররা এবং সঙ্গে সঙ্গে জানবেন কারা? না যারা জমিদার, জোতদার, যাদের কাছ থেকে রক্ষার জন্য এই আইনটা। যাদের বাঁচাবার জন্য আইন তারা প্রথমে জানবেন না। এরা খবরই পাবেন একমাস পরে, তারপর তোড়জোড় ক'রে কোথায় কাকে পাওয়া যায়, কেমন ক'রে দরখাস্ত লেখা যায়—এই করতে করতে আরও একমাস কেটে যাবে, অর্থাৎ রেকর্ড সংশোধনের দরখাস্তের জন্য মাত্র একমাস সময় তারা পাচ্ছেন।

এই একমাস সময়ে কয়টি তাঁরা স্পেশাল অফিসার নিয়োগ করবেন? কয়জন দরখাস্ত ফাইল করতে পারবেন? আমি মনে করি, তিনমাস সময় দেওয়া একটা পরিহাস ছাড়া আর কিছুই নয়। এতে সংশোধন বিশেষ কিছুই হবে না। এতে ক'রে লোককে বোঝানো যায়, আমরা কিছু করছি। শুধু বিবেককে সন্তুষ্ট করা যায়; তার চেয়ে আর বেশি কিছু করা যাবে না। যদি এর সত্যিই কিছু সংশোধন করতে হয় তা হ'লে অন্তত এই সময়টা কিছু বাড়িয়ে দেওয়া প্রয়োজন। এটা কার্যকরী করার পক্ষে এই সময় বাড়ানোর প্রয়োজন আছে। যদি শুধু ব্যক্তিগত সামান্য কিছু ভুল হয়ে থাকত, তা হ'লে তার জন্য এর মধ্যে দরখাস্ত করতে পারে যে ভুল হয়েছে। কিন্তু বর্গাদারদের ক্ষেত্রে যদি বলেন, সেখানে হাজার হাজার ভুল হয়েছে।

আর একটা বিষয় মাননীয় মন্ত্রিমহাশয়কে ও মাননীয় স্পীকার মহাশয়কেও জানিয়ে দিতে চাই যে, জমিদারি ক্রয় আইনের সেটলমেন্ট ব্যাপারে যে রুলস তৈরি করা হয়েছে সেই রুলএর এক জায়গায় আছে আমি জানি না সম্প্রতি সেটা সংশোধন করা হয়েছে কিনা সেখানে বলা হয়েছে: রেকর্ডএর সময় প্রথম পর্যায়ে বর্গাদারদের নাম রেকর্ড করা হবে। কিন্তু ইন দি ফাইনাল রেকর্ড, পাকা পড়চায় বর্গাদারদের নাম থাকবে না। এ এক পরিহাস! এ কথা বলা হচ্ছে যে, বর্গাদার প্রথমে রেকর্ড করতে পারবে, অথচ ইন দি ফাইনাল রেকর্ড তার নাম থাকবে না। অথচ এই রেকর্ডএ নাম না ওঠার দরুন গ্রামে তাই নিয়ে হৈচৈ-গোলমাল হয়, কলহের সৃষ্টি হয়। প্রথম পর্যায়ে রেকর্ডএ যদি নাম থাকা প্রয়োজন হয়, তা হ'লে সেটা ফাইনাল রেকর্ডএও থাকা দরকার। এই রুলটা আপনারা একটু বিবেচনা ক'রে দেখবেন।

[এ ভয়েস: কত নম্বর রুলস?]

ঐ স্টেট অ্যাকুইজিশন অ্যাক্টএর যে সেটলমেন্ট সংক্রান্ত মডেল রুলস তৈরি করা হয়েছে। কাল সকালে নম্বরটা দেখাব। এইবার রেকর্ডএর ভুল সংশোধনের পদ্ধতি সম্বন্ধে বলতে চাই। আজকে বহু জায়গায় মৌখিক সাঁজা খাজনা প্রচলিত আছে আমাদের বাংলাদেশে। আমরা বাংলার বাইরে বাস করছি না বা বিলেতেও বাস করছি না। সবাই আমরা বাংলাদেশে বাস করি। গ্রামের এই প্রচলিত নিয়ম আমরা প্রত্যেকেই জানি। আমরা জানি, বহুকাল ধরে মৌখিক সাঁজা চ'লে আসছে, এর কোন দলিল নাই। এখন চাষীরা যে সেই জমি দলিল দিয়ে প্রমাণ করবে তার সম্ভাবনা নাই। সাঁজা চাষীর বেশির ভাগেরই রেকর্ড নাই। কিছু চাষীর রেকর্ড আছে, প্রায় বার আনা চোদ্দ আনা চাষীর কোন দলিল নাই। এইসব ক্ষেত্রে তারা কেমন ক'রে তাদের অধিকার প্রমাণ করবে একজন রেভিনিউ অফিসারএর কাছে? মহকুমায় তাঁর কাছে চাষীরা গিয়ে কেমন ক'রে এই মৌখিক সাঁজা প্রমাণ করবে? তাই রেকর্ডএ যে ভুল হয়েছে তা যদি সত্যই সংশোধন করতে হয় তা হ'লে সবচেয়ে বেশি প্রয়োজন হচ্ছে, যদি কিছুসংখ্যক লোক —সে বর্গাদারই হোক বা সাঁজা চাষীই হোক—দরখাস্ত ক'রে যে রেকর্ডএ ভুল হয়েছে এবং তা সংশোধন করা হোক তা হ'লে রেভিনিউ অফিসারকে ব্যক্তিগতভাবে সেই গ্রামে যেতে হবে এবং অন দি স্পট এনকোয়ারি করতে হবে। এবং এনকোয়ারি করবার সময় শুধু তাদের দলিল আছে কিনা দেখতে চাইলে হবে না। সেখানে বাস্তব অভিজ্ঞতা হচ্ছে, অফিসারকে পাশের লোকের মৌখিক সাক্ষ্যের উপর ভিত্তি ক'রে প্রত্যেকের স্বার্থের দিকে নজর রেখে রেকর্ড সংশোধন করার অধিকার দিতে হবে। রেভেনিউ অফিসারএর এই অধিকার যদি না থাকে, তা হ'লে তিনি কোন

রেকর্ডএর সংশোধন করতে পারবেন না বা তিনি গ্রামে রেকর্ড করতে যাবেন না। প্রাথমিক বক্তৃতায় মাননীয় মন্ত্রিমহাশয় বলতে গিয়ে খুব ভাবাবেগ নিয়ে বলেছেন, দরিদ্র কৃষকেরা বঞ্চিত হয়ে পড়ছে। শুধুমাত্র এটা ভাবাবেগ না হয়ে এটাকে যদি সত্যিই কার্যকরী করতে চান তা হ'লে আমার প্রস্তাবমত বিধান তাঁর করা উচিত। এ ব্যাপারে অফিসারের গ্রামে গিয়ে সরেজমিনে তদন্ত করা দরকার। কিন্তু আমরা দেখছি, এই আইনে তার কিছুই করা হয় নাই।

এইসবের পর আমি বলতে চাই যে, ত্রুটি সত্ত্বেও আইনে যেটুকু সংশোধন করতে চাওয়া হয়েছে সেটুকু আমি সমর্থন করি। তবে আমি মনে করি, এরও বহু ত্রুটি রয়েছে। এই সংশোধন দিয়ে আসল ত্রুটি এতটুকুও দূর করা যাবে না। কারণ যদি সত্যিকারের সংশোধন করতে হয় তা হ'লে এই আইনকে ব্যাপকভাবে সংশোধিত করার দরকার আছে। বর্তমানের এই সংশোধন বিলটি অতি সীমাবদ্ধ। এই আইনটা ধারাওয়ারিভাবে সংশোধিত হওয়া প্রয়োজন। সেইজন্য আমি মনে করি পরে যখন এর অ্যামেন্ডমেন্ট নিয়ে আলোচনা হবে তখন মন্ত্রিমহাশয় যেন আমাদের অ্যামেন্ডমেন্টগুলি বিবেচনা করে দেখেন। কারণ প্রথম যে সেন্টিমেন্ট তিনি প্রকাশ করেছেন তার পরিপ্রেক্ষিতে যদি আমাদের সংশোধনীগুলি তিনি বিবেচনা করেন, তা হ'লে তিনি সেগুলি গ্রহণ করবেন, আশা করি।

Sj. Ganesh Chosh: Sir, I would request you to adjourn the House now, because we have been sitting from 2-30 p.m.

Sj. Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার, স্যার, সংশোধিত আকারে যে কয়েকটি ধারা জমিদারি দখলী আইনের এখানে উত্থাপিত করা হয়েছে, সে সম্বন্ধে আমি প্রথমে বলতে গিয়ে প্রথমে আমি এই কথাই বলছি যে এই ধারাগুলির মধ্যে কয়েকটি ধারা, অন্তত আগে যেসমস্ত ধারা ছিল তার চেয়ে কিছু উন্নত ধরনের, এবং কিছুটা সাধারণ দরিদ্র মানুষের রিলিফ দিতে পারে। কিন্তু এই ধারাগুলি আরও পরিষ্কার এবং আরও সুন্দরভাবে যদি আসত, তা হ'লে যে কথা বিমলবাবু এখানে ব'লে গেলেন, হয়তো কিছুটা কার্যকরী হ'তে পারত। কিন্তু এই সংশোধিত আকারে যে ধারাগুলি উত্থাপিত করা হয়েছে, তার মধ্যে যেসমস্ত দোষত্রুটি রয়েছে, তার ফাঁকের মধ্য দিয়ে সাধারণ মানুষ অনেকে বঞ্চিত হবে তাদের সুযোগসুবিধা থেকে।

প্রথমে আমাদের স্মরণ করা দরকার যে, যখন জমিদারি দখল আইন এই বিধানসভায় উত্থাপিত করা হয়েছিল তখন বামপন্থীদের তরফ থেকে বহু সদস্য এ কথা এখানে ঘোষণা করেছিলেন যে, যদি কোন অর্ডিন্যান্স না ক'রে যদি কোন ব্যবস্থা অবলম্বন না করা হয়, যার দ্বারা জমির ট্রান্সফার বন্ধ করা না যায়, তা হ'লে.....

Mr. Speaker: I will only request the hon'ble member to bear one thing in mind. I don't mind your making a speech but please do not repeat the same thing. These points have been touched by two of your previous speakers.

Sj. Apurba Lal Majumdar:

নো, স্যার, ১৯৫৩ সালের অর্ডিন্যান্সএর কথা আমি এখানে স্মরণ করিয়ে দিতে চাই। সেই অর্ডিন্যান্সএর ফলে আমরা ঠকে শিখেছি। কিন্তু ঠকে শিখলেও আজকে যে ধারাগুলি এখানে উত্থাপিত করা হয়েছে তার মধ্যে কয়েকটি বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হ'ল আমার অ্যামেন্ডমেন্টএর মাধ্যমে আমি যে কথা বলেছি। ফরেস্ট সম্পর্কে যে ল্যাকুনি আমরা দেখছি, সেই ল্যাকুনিগুলি অন্যান্য ক্ষেত্রে আমরা দেখতে পাব, যেমন ফরেস্ট, হাট, বাজার ইত্যাদি ক্ষেত্রে। ঠিক এই ধরনের অ্যামেন্ডমেন্ট হয়তো কয়েকদিন পরে আবার আসবে। কাজেই এই অ্যামেন্ডমেন্টএর মধ্যে দিয়ে আমরা আশা করেছিলাম, আমাদের রাজস্বমন্ত্রী অদূর ভবিষ্যতে যে ধরনের কমপ্লিকেশন আয়রাইজ করবে, যেমন ফরেস্টএ করেছে, সেগুলিও এর মধ্যে দিয়ে সংশোধন ক'রে নেবেন এবং সেগুলি ক'রে যাতে দীর্ঘদিন আর অ্যামেন্ডমেন্টএর প্রয়োজন না হয় তার ব্যবস্থা করবেন।

তারপর এই আইনের মধ্য দিয়ে আর একটা জিনিস পরিষ্কার হয়েছে, যেটা ৬ ধারায় আনা প্রয়োজন। যারা নন-এগ্রিকালচারাল টেনিওর-হোল্ডার, তাদের ক্ষেত্রে যেমন বলা হয়েছে, বর্তমানে যে রেট চালু আছে সেই হারে তারা খাজনা দিয়ে যাবেন। মূল আইনের বলা হয়েছে, রেভেনিউ অফিসার আশেপাশের সমস্ত জমি হিসাব ক'রে দেখে যদি স্থির করেন যে, এই জমির খাজনা বাড়ানো দরকার তা হ'লে সেই জমির উপর খাজনা বাড়বে। যখন রেভেনিউ অফিসারকে দায়িত্ব দেওয়া হয়েছে যে যদি কোন নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর খাজনা বাড়াতে হয় তা হ'লে তার আশেপাশের যেসমস্ত জমি আছে তা পর্যবেক্ষণ ক'রে সেই হিসাবে তুলনামূলকভাবে খাজনা বৃদ্ধি করতে পারবেন। সুতরাং এই যদি করা হয় তা হ'লে যাঁরা ইন্টারমিডিয়ারি ছিলেন তাঁরা সেই হারে কেন খাজনা দেবেন না, তা আমি বুঝতে পারছি না। অতএব এখানে নূতন ক'রে এইসমস্ত সুযোগসুবিধা দেবার কোন অর্থ হয় না। তারপর যেখানে কম্পেনসেশন দেওয়া হবে, এর আগের আইন যা সংশোধিত হয়েছে, তাতে বলা হয়েছে—যখন কম্পেনসেশন দেওয়া হবে তখন যদি কোন ইন্টারমিডিয়ারির কাছে প্রাপ্য খাজনা পাওনা থাকে তা হ'লে সেই প্রাপ্য খাজনার শতকরা ৫০ ভাগের অধিক কেটে নিতে পারবে না। এইভাবে সেখানেও ইন্টারমিডিয়ারিদের সুবিধা দেওয়া হচ্ছে। আবার এখানে নূতন ক'রে সুবিধা দেওয়া হচ্ছে যে, যেসমস্ত রেভেনিউ অফিসার তাদের বলা হচ্ছে যে নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর খাজনা কমিয়ে দিতে পারেন। এই সুযোগও তাদের দেওয়া হচ্ছে। তা ছাড়া ইন্টারমিডিয়ারিরা কবে কোন্ তারিখে তাদের কোন্ জমি খাসদখলে রাখবে, এ সম্পর্কে মূল আইনে সময় নির্ধারণ না থাকায় অনেক জমিদারই নিজেদের খেয়ালখুশিমত অনেক সময় চয়েস চেঞ্জ ক'রে অনেক জমি খাস রাখার বন্দোবস্ত করছেন। এর ফলে কোন্ জমি গভর্নমেন্টএর ঘরে যাবে, কোন্ জমি চাষীরা পাবে এবং ইন্টারমিডিয়ারিদের কি জমি ছেড়ে দেওয়া হবে এবং কত জমি সরকারের হাতে বর্তাবে সে সম্পর্কে কোন নিশ্চয়তা নেই, এবং সরকারের ধারণা তারা পরিষ্কার ক'রে জানান নি। তাঁরা যেভাবে মত পরিবর্তন করছেন, তাতে অবশ্য এই ধারায় যদি প্রথম থেকেই একটা সময় নির্ধারণ ক'রে দেওয়া হ'ত যে অমুক তারিখের মধ্যে যদি কেহ জমি রাখতে চায়, তা হ'লে ফাইনাল অর্ডার নির্দিষ্ট তারিখের মধ্যে হয়ে গেলে আর কেহ পরে জমি বেদখল করতে পারবে না, তা হ'লে তারা নিজেদের খেয়ালখুশিমত যেভাবে জমি পরিবর্তন করছে তা করতে পারত না। আর একটা ধারা যেটা উল্লেখযোগ্য ৪৪ ধারা সেটা সংশোধন করলে পরে সেখানে আবার নূতন ক'রে আর একটা সুযোগ দেওয়া হবে। প্রত্যেক চাষী বা সাধারণ মানুষ ৪৪(১) ধারা অনুসারে মামলায় তারা হেরে যাবে বা তাদের নাম রেকর্ড হবে না তাদের এতে আরও অসুবিধা হবে। এখানে আর একটা কথা বলা দরকার: যেসমস্ত অফিসারদের কার্যকলাপ আমরা এতদিন ধ'রে দেখে এসেছি অ্যাটেস্টেশনএর ক্ষেত্রে, রেকর্ড করাবার ক্ষেত্রে যারা চাষীদের বঞ্চিত ক'রে এসেছে তাদেরই আবার এখানে ক্ষমতা দেওয়া হবে কিনা? যেসমস্ত লোকের জুডিশিয়াল মাইন্ড নেই তাদের এইসমস্ত কাজের ভার দিলে অত্যন্ত অন্যায় হবে ব'লে আমি মনে করি। তা ছাড়া আমরা দেখেছি, এমন জায়গায় ৪৪(১) ধারা অনুসারে অ্যাটেস্টেশন অফিস করেছেন যেখানটা চাষের জায়গা থেকে ১৫-২০ মাইল দূর হয়।

Adjournment.

The House was then adjourned at 6-45 p.m. till 3 p.m. on Wednesday, the 27th November, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 27th November, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 17 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 217 Members.

[3—3-10 p.m.]

[**Further supplementaries to starred question No. 28**]

Sj. Satyendra Narayan Mazumdar:

কাল আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম যে, এই যে হাসপাতালে ডাক্তার এ্যাপয়েন্ট হবে তার মধ্যে মহিলা ডাক্তার থাকবেন কি না, মন্ত্রী মহাশয় উত্তরে বলেছিলেন —থাকতে পারেন। এখন আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে—আপনাদের বর্তমান যে নীতি, সেই নীতি অনুযায়ী মহকুমা হাসপাতালে লেডি ডাক্তার দেবার ব্যবস্থা আছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

সব জায়গায় নাই।

Sj. Satyendra Narayan Mazumdar:

এমন কোন কেস-এর দৃষ্টান্ত আপনাদের কাছে আছে কি, যেখানে বহু সংখ্যক প্রসূতী ভর্ত্তী হয়, অথচ লেডি ডাক্তার নাই, ফলে অনেক অসুবিধা হয়?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

যেখানে লেডি ডাক্তারের দরকার সেখানে দেওয়া হয়েছে।

Sj. Satyendra Narayan Mazumdar:

এমন কেস আমার জানা আছে যে, হাসপাতালে ১,২০০ প্রসূতী ভর্ত্তী হয়, অথচ সেখানে লেডি ডাক্তার নাই। তার কারণ সম্বন্ধে শোনা যায় যে, মহকুমা হাসপাতালে লেডি ডাক্তার দেবার নিয়ম নাই।

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

মহকুমার সব হাসপাতালে লেডি ডাক্তার নাই তা নয়, কোন কোন জায়গায় আছে, কোন কোন জায়গায় নাই।

Sj. Satyendra Narayan Mazumdar:

আমার প্রশ্নটা মন্ত্রী মহাশয় বুঝতে পারেন নি। আমার প্রশ্নটা হচ্ছে—আপনাদের কি এমন কোন নিয়ম আছে যাতে মহকুমা হাসপাতালে লেডি ডাক্তার দিতে পারেন না এবং তার ফলে এই অসুবিধার সৃষ্টি?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

না, এরকম কোন নিয়ম নাই।

Sj. Hare Krishna Konar:

কোন কোন থানায় ৫০ বেডের হাসপাতাল হয়েছে, অথচ কোন কোন কেন্দ্রীয় শহরে মাত্র ২০ বেডের হাসপাতাল আছে,—আপনারা কোন্ নীতি অনুসারে ঠিক করেন কোথায় আগে, কোথায় পরে হবে?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

সেন্ট্রাল গভর্নমেন্টের কেন্দ্রীয় যে স্বাস্থ্য মন্ত্রীসভা হয়, সেখান থেকে ঠিক হয় কোথায় আগে বা পরে হবে এবং সেই নির্দেশ অনুসারে আমাদের এখানে ব্যবস্থা করতে হয়, প্রাইমারী ইউনিট এবং সেন্টার-এর।

Sj. Hare Krishna Konar:

কেন্দ্রীয় গভর্নমেন্ট যে নির্দেশ দেন সে তো আপনাদের সুপারিশ অনুযায়ী।

Mr. Speaker: Are you asking this question with reference to the Kalna Hospital or is it a general question?

Sj. Hare Krishna Konar: No, arising out of Kalna Hospital. It is a subdivisional hospital and only there are 19 beds, whereas Memari, which is my birth-place, has a hospital of 50 beds. The point is that a thana hospital has 50 beds whereas a subdivisional town hospital has not even 25 beds but only 19 beds.

Mr. Speaker: How does it arise out of this question?

Sj. Hare Krishna Konar: It has relation because it has been stated that the scheme is likely to be implemented during the next financial year.

Mr. Speaker: You cannot put that question.

Dr. Narayan Chandra Ray:

আপনাকে কাল বলেছিলাম ২৯ বেডের হাসপাতাল রয়েছে, সেখানে চেষ্ট ক্লিনিক-এর ও টিউবারকিউলোসিস ট্রিটমেন্ট-এর ব্যবস্থা করবার চেষ্টা করতে পারেন কি না, আপনি বলেছিলেন চেষ্টা করতে পারেন। আমি কি জিজ্ঞাসা করতে পারি—এক-একটা ৫০-বেডেড হাসপাতাল বর্তমানে মেক-আপ করতে গেলে ইট উইল টেক এ লং টাইম। নেক্স্ট বাজেট-এর মধ্যে সেখানে—

if you can make arrangement for the chest clinic and T. B. treatment যেখানে যেখানে করা সম্ভব?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

যেখানে যেখানে দেওয়া সম্ভব সেখানে সেখানে দেওয়া হয়েছে।

Dr. Narayan Chandra Ray:

আপনি যে কাল শুনিয়েছেন ২৯টি চেষ্ট ক্লিনিক-এর সম্বন্ধে, তার মধ্যে কি কালনা পড়ে না?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

সেটা এখনো ঠিক হয়নি।

STARRED QUESTION

(to which oral answer was given)

Kalna Water-supply Scheme

***29.** (Admitted question No. *596.) **Sj. Hare Krishna Konar:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) whether Government have any scheme for improvement of water-supply at Kalna; and

(*b*) if so, when this scheme will be implemented?

The Minister of State for Health (the Hon'ble Dr. Anath Bandhu Roy): (*a*) Kalna Water-supply Scheme sent to the Municipality by the Chief Engineer, Public Health Engineering, West Bengal, has not yet been received by Government from the Municipality through local officers.

(*b*) Does not arise.

Sj. Hare Krishna Konar:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ১৯৪৯ সালে কালনা মিউনিসিপ্যালিটি ৫॥ লক্ষ টাকার একটা স্কীম করে সরকারের কাছে দিয়েছিল এবং ১৯৫০ সালের ১৯শে সেপ্টেম্বর সরকার নিযুক্ত একটা এড্‌হক কমিটি সেটা অনুমোদন করেছিলেন কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

যে স্কীম দেওয়া হয়েছিল এখনো পর্যন্ত তা লোক্যাল বডীর থ্রুতে গভর্নমেন্টে আসে নি।

Sj. Hare Krishna Konar:

আমার প্রশ্নটা ছিল—১৯৪৯ সালে একটা স্কীম মিউনিসিপ্যালিটি করেছিল, সেটা সরকারের কাছে পাঠানো হয়েছিল ১৯৫০ সালে, সরকারের একটা এড্‌হক কমিটি সেটা অ্যাপ্রুভ করেছিল, সেটা ডিলেড হয়েছে ডিউ টু ফাইন্যান্সিয়াল ডিফিকাল্টি এবং সেটা রিওপেন্ড হয় ইন জানুয়ারী, ১৯৫৭ এটা সত্য কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

সেটার কি হয়েছে জানি না।

Sj. Byomkes Majumdar:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি কালনার যে ওয়াটার-সাপ্লাই স্কীম সেটা কত টাকার?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

৫ লক্ষ ৬০ হাজার।

Sj. Byomkes Majumdar:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় বাংলাদেশে আর কোথায় কোন মিউনিসিপ্যালিটিতে ওয়াটার-সাপ্লাই হবে?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

ভদ্রেশ্বর, বালি, চাপদানি, বরানগর, রাণাঘাট, ইত্যাদি।

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Training of refugee women in cottage industries

5. (Admitted question No. 23.) **Sjkta. Manikuntala Sen:** Will the Hon'ble Minister in charge of Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) পুনর্বাসন বিভাগ হইতে এ-পর্যন্ত কতজন মহিলাকে কি কি কুটিরশিল্পকার্যে শিক্ষা দেওয়া হইয়াছে;

(খ) মোট কতগুলি শিক্ষাকেন্দ্র খোলা হইয়াছে;

(গ) ইহার মধ্যে কতগুলি কেন্দ্র সরকারের নিয়ন্ত্রণাধীন, কতগুলি কেন্দ্র সরকারী সাহায্য-প্রাপ্ত এবং কতগুলি কেন্দ্র বে-সরকারী নিয়ন্ত্রণাধীন;

(ঘ) শিক্ষাকেন্দ্রগুলির প্রত্যেকটিতে কোর্স শেষ করিতে গড়ে কত খরচ হয়;

(ঙ) যৌনিংপ্রাপ্ত মহিলাদের রোজগারের জন্য কোন উৎপাদন কেন্দ্র খোলা হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে কোন্ কোন্ শিল্পে এবং কোথায় কোথায় খোলা হইয়াছে; এবং

(চ) উৎপাদন কেন্দ্রের প্রত্যেকটিতে কতজন মহিলা কর্মী নিযুক্ত আছেন এবং তাঁহাদের গড়ে দৈনিক রোজগার কত ?

The Minister for Refugee Relief and Rehabilitation (the Hon'ble Prafulla Chandra Sen):

(ক) "ক" তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিতকরা হইল।

(খ) ৪৭টি।

(গ) সরকারের নিয়ন্ত্রণাধীনে—১২টি।
সরকারী সাহায্যপ্রাপ্ত—৩৫টি।

(ঘ) সরকারী কেন্দ্রে গড়ে ৩৫ হইতে ৪০ টাকা ও সরকারী সাহায্যপ্রাপ্ত কেন্দ্রে ৩০ টাকা খরচ হয়।

(ঙ) হ্যাঁ, "খ" তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

(চ) "গ" তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। কর্মীদিগের রোজগার গড়ে দৈনিক ১ টাকা।

Statement "খ" referred to in reply to clause (ঙ) *of unstarred question No. 5*

Name of the Production Centres.	Trades.
(i) Habra Production Centre, P. O. Habra Government Colony, 24-Parganas.	Tailoring and Weaving.
(ii) Mierber Production Centre, P. O. Chinsurah, Hooghly (under direct management of Government).	Book-binding, Soap-making, Cane and bamboo-work, Calico Printing and Brush-making.
(iii) Production Centre at Titaghur Women's Camp No. II, 24-Parganas (under direct management of Government).	Waste Silk Spinning.
(iv) Uttarpara Work Centre, 23 Raja Raj Kissen Street, P. O. Uttarpara, Hooghly (under direct management of Government).	Tailoring, Weaving and Brush-making.

Sjkta. Manikuntala Sen:

প্রশ্নের (খ)এর উত্তরে বলা হয়েছে—৪৭টা শিক্ষা-কেন্দ্র আছে। সেখানে শুধু সেলাই শিক্ষা দেওয়া হয়, না অন্য কিছুও শেখানো হয় ?

The Hon'ble Prafulla Chandra Sen:

শুধু যে সেলাই শেখানো হয়, তা নয়, অন্যরকম শিল্পও শেখানো হয়।

Sjkta. Manikuntala Sen:

উৎপাদন কেন্দ্রগুলিও কি ঐ ৪৭টি শিক্ষা-কেন্দ্রের মধ্যে ?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, উভয়ের ব্যবস্থা আলাদা।

Sjkta. Manikuntala Sen:

৪৭টি শিক্ষা-কেন্দ্রের কথা যে বলা হয়েছে, তাকি এখনো আছে? থাকলে কতজন তাতে শিক্ষা লাভ করেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

৪৭টি শিক্ষা-কেন্দ্রে ২,০৫৪ জন মহিলাকে শিক্ষা দেওয়া হয়েছে।

Sjkta. Manikuntala Sen:

এখন সেখানে কতজন শিক্ষক আছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

সংখ্যা জানাতে হলে নোটিশ চাই।

[3-10—3-20 p.m.]

Sjkta. Manikuntala Sen:

এখন ক'জনকে শিক্ষা দেওয়া হচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Sjkta. Manikuntala Sen:

(ঘ) প্রশ্নোত্তরে বলা হয়েছে—সরকারী কেন্দ্রে গড়ে ৩৫ থেকে ৪০ টাকা খরচ হয়। আমি এটা ঠিক বুঝতে পাচ্ছি না। আরও একটু পরিষ্কার করে বলি। প্রত্যেক কেন্দ্রে যদি ১ বছরের কোর্স-এ ৪০টি, দু-বছরের কোর্স-এ ২৫টি হয়, তাহলে মোট খরচ সরকারের সেখানে কত হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাথাপিছু এরকম টাকাই হয়—৩৫ থেকে ৪০ টাকা—সরকারী কেন্দ্রে, এবং সরকারী সাহায্যপ্রাপ্ত কেন্দ্রে ৩০ টাকা।

Sjkta. Manikuntala Sen:

এখানে ছাত্রীদের মাথাপিছু ৩৫ হতে ৪০ টাকা খরচ হয়, সেটা কি এস্টাবলিশমেন্ট খরচ নিয়ে?

The Hon'ble Prafulla Chandra Sen:

সমস্ত খরচই ধরা হয়েছে—এস্টাবলিশমেন্ট, স্টাইপেন্ড।

Sjkta. Manikuntala Sen:

(চ) এর উত্তরে বলা হয়েছে—কর্মীদের রোজগার গড়ে দৈনিক ১ টাকা। অর্থাৎ মাসে ৩০ টাকা পর্যন্ত রোজগার করে। এটা কি বলতে পারেন, যতগুলি জায়গায় উৎপাদন কেন্দ্র করা হয়েছে সব জায়গায়ই এটা সত্য?

The Hon'ble Prafulla Chandra Sen:

গড়ে এক টাকা মাথাপিছু, কম-বেশীও হয়।

Sjkta. Manikuntala Sen:

আচ্ছা, কি কি কাজে তারা দৈনিক ১ টাকা রোজগার করতে পারে? আমি জানতে চাচ্ছি কোন কোন কাজে মেয়েরা ডেইলি ১ টাকা করে রোজগার করতে পারে?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেলাই কাজে। যতদূর আমার জানা আছে, তারা ১॥ টাকা ২ টাকাও রোজগার করে দৈনিক।

Sjkta. Manikuntala Sen:

মন্ত্রী মহাশয়ের কি জানা আছে পশ্চিম-বাংলার দর্জিরা অত্যন্ত সঙ্কটে বাস করে, ব্লাউজ কেটে /১০ পয়সা, এমন কি কোট সেলাই করেও তারা ৷৷৵০ মজুরী পায়?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার জানা আছে টেইলারিং ১।২।১৸ টাকা পর্যন্ত রোজগার করে।

Sjkta. Manikuntala Sen:

এই যে মজুরী পায়, সেটা কি সরকারী অর্ডার থেকে পায়, না কি বাইরে থেকে এই অর্ডার পায়?

The Hon'ble Prafulla Chandra Sen:

সরকারী অর্ডার থেকে পায়, উদ্বাস্তুদের যে-সমস্ত জিনিষ জামা ইত্যাদি সে-সমস্তই আমরা এদের দ্বারা করাই।

Sjkta. Manikuntala Sen:

যে-সমস্ত মেয়েরা ট্রেনিং পায়, তাদের সরকারী লোন, ইকুইপমেন্ট, ম্যাটিরিয়ালস, যন্ত্রপাতি ইত্যাদি কোনরকম সাহায্য কি দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

অনেক ক্ষেত্রে দেওয়া হয়।

Sjkta. Manikuntala Sen:

সরকার থেকে মার্কেটিং এর কোন ব্যবস্থা আছে কি? অর্থাৎ যেসব জিনিষ তৈরী হল সরকার সে-সব কিনে নেয় কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

অনেক ক্ষেত্রে কেনা হয়, আমরা তাদের কাছে অর্ডার দিই।

Sjkta. Manikuntala Sen:

এই যে ওয়োল্ট সিল্ক স্পিনিং সেন্টার-এ সুতা তৈরী হয়, তাতে যে লাছি হয়, মেয়েদের যা নাকি ৷৵ করে বিক্রী হয়, মন্ত্রী মহাশয় জানেন কি যে এই একটা লাছি তৈরী করতে একজনের সমস্ত দিন লাগে?

The Hon'ble Prafulla Chandra Sen:

বলতে পারি না।

Dr. Suresh Chandra Banerjee:

যারা শিক্ষাকেন্দ্রে শিক্ষা শেষ করে বেরিয়েছে, তাদের কতজন সরকারী কেন্দ্রে কাজ পেয়েছে, আর কতজন নিজের পায়ে দাঁড়িয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

কতগুলি সরকারী কেন্দ্রে বলতে পারি না। ১৯১ জন বর্তমানে কাজে রত আছেন।

Dr. Suresh Chandra Banerjee:

সরকারী কেন্দ্রে শিক্ষা পেয়ে কেউ নিজের পায়ে দাঁড়িয়েছে এমন খবর আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার কাছে এখন নাই, পরে বলতে পারি।

Sjkta. Manikuntala Sen:

'উদয় ভিলা' কেন্দ্রে গত ১৯৪৭ সালের ফেব্রুয়ারী মাসে যে নূতন প্রডাকশন স্কীম, তাতে যে ৫০ জন মেয়ে যোগ দেন, তাদের মধ্যে ২০ জন ছাড়া সবাই চলে যায়, এটী কি মন্ত্রী মহাশয় জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, বলতে পারি না।

Sjkta. Manikuntala Sen:

মন্ত্রী মহাশয় কি জানেন, যে ২০টা মেয়ে সেখানে আছে, তারা আজ পর্যন্ত উপার্জন করবার মত কোন ট্রেনিং পান নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা বলতে পারি না।

Sjkta. Manikuntala Sen:

মন্ত্রী মহাশয় কি জানেন, যে-সমস্ত মহিলা শিক্ষাপ্রাপ্ত হয়ে বেরিয়েছেন, তাঁরা মাসে ১৫ টাকা রোজগার করেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার কাছে অন্যরকম সংবাদ আছে।

Sjkta. Manikuntala Sen:

সংবাদটা কি বলুন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

এমনেকই মাসিক ৮৫।৫০ টাকা রোজগার করেন।

Sjkta. Manikuntala Sen:

উদয় ভিলা কেন্দ্রে ৫০ হাজার টাকা মূল্যের যন্ত্রপাতি অলসভাবে পড়ে আছে, এ-কথা কি সত্য?

The Hon'ble Prafulla Chandra Sen:

বলতে পারি না, নোটিশ চাই।

Sjkta. Manikuntala Sen:

উদয় ভিলা কেন্দ্রে সরকার এ-যাবৎ কত টাকা খরচ করেছেন, মন্ত্রী মহাশয় তা বলবেন কি

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ চাই।

Dr. Suresh Chandra Banerjee:

মন্ত্রী মহাশয় বলবেন কি, একথা কি ঠিক যে, যারা শিক্ষাপ্রাপ্ত হয়ে বেরোয়, তাদের শিক্ষা মোটেই শেষ হয় না, তারা ভাল করে শিক্ষা পায় না—এই তথাকথিত শিক্ষা শেষ না হওয়ার ফলে তারা নিজেদের পায়ের উপর দাঁড়াতে পারে না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি পূর্বেই বলেছি যে, বহু মহিলা শিক্ষাপ্রাপ্ত হয়ে বেশ ভালভাবেই রোজগার করছে।

Dr. Suresh Chandra Banerjee:

কোন সরকারী কেন্দ্রে কাজ করে, না নিজেদের পায়ের উপর দাঁড়িয়ে তারা রোজগার করছে

The Hon'ble Prafulla Chandra Sen:

সরকারী কেন্দ্রেও আছেন, ঠিক বলতে পারি না।

Dr. Suresh Chandra Banerjee:

আপনি বলেছেন, তারা গড়ে এক টাকা করে দিনে রোজগার করে। এটা কি ভালভাবে উপার্জন করা হোল?

The Hon'ble Prafulla Chandra Sen: It is a matter of opinion.

Dr. Narayan Chandra Ray:

এবারকার বাজেটে বেবী সু মেকিং বলে যে শিক্ষা কেন্দ্রের কথা আছে, সেটা আপনি জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

বেবী সু মেকিং বলে বাজেটে কিছু লেখা আছে বলে জানি না।

Dr. Narayan Chandra Ray:

রিফিউজী হেডে?

The Hon'ble Prafulla Chandra Sen:

উক্ত বিষয়ে আমার জানা নাই।

Dr. Narayan Chandra Ray:

এখানে রেসিডেন্সিয়াল, গভর্নমেন্ট আর নন-রেসিডেন্সিয়াল তিনটার কথা, যে স্টেটমেন্ট লেইড অন দি লাইব্রেরী টেবল এবং শিক্ষাকেন্দ্রের যে বিবরণ দিয়েছেন, তার স্ট্রাকচারটা একটু বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের শিক্ষাকেন্দ্র কতকগুলি আছে, আবাসিক, আর কতকগুলি অনাবাসিক—রেসিডেন্সিয়াল আর নন-রেসিডেন্সিয়াল।

Dr. Narayan Chandra Ray:

নন-রেসিডেন্সিয়ালে মাইনে দিয়ে পড়তে হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাইনে উল্টে আমরা দিই—স্টাইপেন্ড।

Dr. Narayan Chandra Ray:

নন-রেসিডেন্সিয়ালে?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ।

Sj. Satyendra Narayan Mazumdar:

উদ্বাস্তু মহিলারা সরকারী সাহায্যপ্রাপ্ত অথবা বে-সরকারী শিক্ষাকেন্দ্রে উদ্যোগী হয়ে আবেদন করলে কি কি সর্ত তাদের পূরণ করতে হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আপনি চিঠি লিখলে জানিয়ে দেবো।

[Sj. Satyendra Narayan Majumdar rose to put supplementary.]

Mr. Speaker: I won't like you to follow up the question.

Sj. Satyendra Narayan Majumdar: It arises out of my supplementary.

Mr. Speaker: No, it does not arise out of it.

Dr. Narayan Chandra Ray:

আপনি যে শিক্ষাকেন্দ্রের হিসাব দিয়েছেন, ঐগুলি কি বালি রিফিউজী সংক্রান্ত, না, ছাড়া আরো আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিছক রিফিউজী সংক্রান্ত।

Sj. Jagannath Majumder:

এই শিক্ষাকেন্দ্রগুলির উপকারীতা বুঝে আরো বহুস্থান থেকে শিক্ষাকেন্দ্র খোলবা আবেদনপত্র আসছে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

কোন কোন জায়গা থেকে আসছে।

Sj. Jagannath Majumder:

সেই অবেদনপত্র অনুসারে আরো বেশী শিক্ষাকেন্দ্র খোলবার পরিকল্পনা আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা সেটা বিবেচনা করছি।

Financial aids to Siliguri Municipality for accommodating large concentration of refugees

6. (Admitted question No. 80.) **Sj. Satyendra Narayan Mazumdar** Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(*a*) whether the Government has been approached by the Siliguri Municipality for aid in connection with—

(*i*) the construction of waterworks,

(*ii*) drainage, and

(*iii*) improvement in conservancy arrangement and for special grant because of concentration of refugee population in the municipal area; and

(*b*) if so, what action, if any, has been taken or is proposed to be taken about the same?

The Hon'ble Prafulla Chandra Sen: (*a*) Yes.

(*b*) The scheme has been examined and it was found that some more information was necessary. The Municipality has been asked in May last to furnish the information on receipt of which the scheme will be finally examined and, if approved, will be recommended to M.O.R. for loans and grants under the scheme of financial aid to Municipalities where large numbers of refugees have concentrated. The reply of the Municipality is still awaited.

Sj. Satyendra Narayan Mazumdar:

শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি থেকে কতদিন আগে এই পরিকল্পনাটা দেওয়া হয়েছিল জানাবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

১৯৫৭ সালের ২১শে এপ্রিল।

Sj. Satyendra Narayan Mazumdar:

এই পরিকল্পনায় জল সরবরাহ, জল নিকাশ, ময়লা পরিষ্কার, রাস্তাঘাট প্রভৃতি বিষয়ে আলাদা আলাদাভাবে তাঁরা দিয়েছিলেন, না একটা সামগ্রীক পরিকল্পনা দিয়েছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আলাদা আলাদাভাবে দিয়েছিলেন, তারপরে সামগ্রীকভাবে দিয়েছিলেন।

Sj. Satyendra Narayan Mazumdar:

পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট থেকে জল সরবরাহের একটা স্কীম স্যাংসন্ড হয়ে আছে বলে কোন খবর কি আপনারা জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার জানা নেই।

Sj. Satyendra Narayan Mazumdar:

আমি প্রশ্ন করেছিলাম হেল্‌থ ডিপার্টমেন্টকে, কিন্তু যেহেতু এখানে একটা ধারা আছে উদ্বাস্তুদের সম্বন্ধে, সেহেতু বিষয়টা ট্রান্সফার্ড হয়ে গেল অন্য ডিপার্টমেন্টে।

[No reply.]

[3-20—3-30 p.m.]

Water-supply Scheme in Kaliachak thana, district Malda

7. (Admitted question No. 464) **Sj. Mohibur Rahaman Choudhury:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) whether the Government have any scheme for water-supply in entire Kaliachak thana in the district of Malda to remove the prevailing scarcity of drinking water; and

(*b*) if not, what steps the Government propose to take up for removal of water scarcity prevailing throughout the Kaliachak police-station?

The Minister of State for Health (the Hon'ble Dr. Anath Bandhu Roy): (*a*) Yes.

(*b*) Does not arise.

Sinking of wells in Gopiballavpur, Nayagram and Sankrail police-stations

8. (Admitted question No. 548.) **Sj. Surendra Nath Mahata:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর, নয়াগ্রাম ও শাঁকরাইল থানার কোন্ থানায় কয়টি কূপ-খননের পরিকল্পনা গৃহীত হইয়াছে?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানায় ১৩০টি, নয়াগ্রাম থানায় ১১৫টি ও শাঁকরাইল থানায় ৬৭টি কূপ-খননের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

Construction of quarters for the Medicine Carrier in Bangitola Union Health Centre of Malda district

9. (Admitted question No. 555.) **Sj. Monoranjan Misra:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) if it is a fact that the construction of the quarters for the Medicine Carrier in Bangitola Union Health Centre in the district of Malda and the fencing of the compound of the Health Centre have not yet been taken up; and

(*b*) if so, whether Government consider the desirability of taking up the construction of the quarters and the fencing at an early date?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: (*a*) Yes.

(*b*) Question of construction of quarters for Medicine Carrier is under consideration.

Administration of the Cancer Hospital, Calcutta

10. (Admitted question No. 677.) **Dr. Colam Yazdani:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state whether the administration of the Cancer Hospital at Calcutta has been taken over by the Government?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether service rules and pay-scales have been prescribed for the employees of this hospital; and

(*ii*) if not, the reasons therefor?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: (*a*) No.

(*b*) Does not arise

Dr. Colam Yazdani:

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, ক্যান্সার হাসপাতালের ম্যানেজমেন্ট এখনও নেওয়া হয় নি, কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করছি যে সরকার থেকে এই হাসপাতালের জন্য কোন সাহায্য এখন আছে কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

এটা ইন্ডিয়া গভর্নমেন্ট-এর ইনস্টিটিউশন। এখানে রিসার্চ করা হয় এবং এটা মেইনটেন্ড বাই ইন্ডিয়া গভর্নমেন্ট।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The Cancer Hospital has two parts. One part is where treatment is given and the other part is where research is done. The treatment portion is a part of the Chittaranjan Seva Sadan Hospital which gets grant from the local Government. The research portion has been taken over and made into a Central Research Institute for eastern zone. The cancer centre of the Tata Memorial Hospital forms the research centre.

Dr. Colam Yazdani:

সেন্ট্রাল গভর্নমেন্ট-এর একটা পরিকল্পনা ছিল, এই হাসপাতালটিকে নিয়ে নেবার। প্রভিন্সিয়াল গভর্নমেন্ট থেকে এই হাসপাতালটিকে নিয়ে নেবার জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট-এর কাছে কোন রিকোয়েস্ট করতে পারেন কি না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The Central Government is not going to take over the administration of the hospital. It is concerned with the research portion of the hospital.

Dr. Narayan Chandra Ray: What is the position of the hospital with regard to the State?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: In one place treatment is given and in the other place research is done. The same Director is in both the places. The research centre is under the control of a Governing Body. It is different from the Governing Body which is controlling the hospital. Although Dr. Mitra is the Director in both the places, it has a separate Governing Body chosen by the Government of India in consultation with the Government of West Bengal.

Sj. Ganesh Ghosh:

ক্যান্সার হসপিট্যালে যে পোরশন-এ ট্রিটমেন্ট হয় সেটাকে বেঙ্গল গভর্নমেন্ট-এর নিয়ে নেওয়ার কিংবা আরও এক্সটেন্ড করে আরও বেড বাড়াবার কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No.

Sj. Ganesh Ghosh:

ফাইভ-ইয়ার প্ল্যান-এর মধ্যে কি এইরকম কোন পরিকল্পনা নেই?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No.

Sj. Ganesh Ghosh:

যখন ক্যান্সার কেসেস্ বাড়ছে, তখন কি কারণে এটাকে নেবেন না বা এক্সটেন্ড করবেন না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We are not taking over the Jadavpore Tuberculosis Hospital The same way as we are not taking over the Jadavpore Tuberculosis Hospital, so also why should we take over charge of the Cancer Hospital? They are managing it in the best possible way. The question of research is different. The fundamental research in cancer means research in bio-physics. For bio-physics we need various drugs which can only be got from the Atomic Research Department of Trombay. Unless the Central Government takes over the research portion, we cannot get the various types of drugs which they require for fundamental research Therefore, we have placed it on the Central Government to make this fundamental research for cancer treatment and cancer problem in the Eastern Zone, because the Tata Memorial Hospital was the only recognised research centre. In Bombay also there are two Institutes—one is the Tata Memorial Hospital which is under the Tata Governing Body and to which is attached the research centre which is controlled by the Government of India for which the Government of India pays money and allows certain amount of drugs, etc., to be given to them for experimental purposes. We found it increasingly difficult to get the drugs from the Atomic Research Institute unless that research portion is taken over by the Government of India. They have taken over now that portion of it appointing a governing body of five persons representing the Government of India, the Government of West Bengal and the Chittaranjan Seva Sadan.

Sj. Ganesh Ghosh: With regard to the hospital portion in which treatment is taking place, in view of the fact that people who are suffering from cancer find it impossible to get into that hospital, is the Government contemplating to extend beds in the hospital?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Government has given a lot of money for developing hospital. As soon as we get more money, we will certainly take steps to give increased facilities. I think they have now 125 beds. It can certainly be 250 beds if money is available. But at the present moment we have not got the money.

Rampurhat Water-supply Scheme

11. (Admitted question No. 695.) **Sj. Gobardhan Das:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state whether the attention of the Government has been drawn to the scarcity of drinking water in the Rampurhat Municipal area in district Birbhum?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what steps have been taken by the Government to remove the scarcity; and

(*ii*) whether Government consider the desirability of taking immediate steps for the setting up of a waterworks at Rampurhat?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: (*a*) Yes

(*b*) A scheme for water-supply at Rampurhat at an estimated cost of Rs.67,700 was sent up by the Chief Engineer, Public Health Engineering, to the Rampurhat Municipality for submission to Government through the local officers but it has not yet been received by Government. Government may consider about sanctioning 2/3rds of the total cost as grant and 1/3rd as loan when the scheme is received.

Sj. Durgapada Das: "A scheme for water supply at Rampurhat at an estimated cost of Rs 67,700 was sent up by the Chief Engineer, Public Health Engineering, to the Rampurhat Municipality for submission to Government"

কতদিন আগে এই পরিকল্পনাটি তাঁদের কাছে পাঠান হয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: 22nd June 1954.

Sj. Durgapada Das:

১৯৫৪ সালে যে স্কীম পাঠান হয়েছে, আজ ১৯৫৭ সাল পর্যন্ত সেই স্কীমের উত্তর না আসায় দেখতে পাচ্ছি যে সেখানকার জলকষ্টের প্রতি মিউনিসিপ্যালিটির এটেনশন দ্রু হচ্ছে না, তাহলে এই পরিকল্পনা নিয়ে জল সরবরাহের কোন ব্যবস্থা সরকারের তরফ থেকে করা হবে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The scheme was sent to the municipality but no reply has yet been received by the Government. The municipality ought to have replied.

Sj. Durgapada Das:

যদি ৪ বছরের মধ্যে মিউনিসিপ্যালিটী থেকে কোন উত্তর না আসে তাহলে সেখানে জল-সরবরাহের জন্য কোন স্কীম সরকারের আছে কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Municipality ought to do that.

Sj. Mihirlal Chatterjee:

মিউনিসিপ্যালিটি আজ ৩ বছরের মধ্যেও কি কোন জবাব পাঠাচ্ছেন না?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: No.

Sj. Mihirlal Chatterjee:

তাহলে এই মিউনিসিপ্যালিটিকে রেখে দেওয়া হয়েছে কেন?

[No reply.]

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Labour strength in jute mills in 1951 and 1956

***30.** (Admitted question No. *288.) **Sj. Gopal Basu:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(ক) ১৯৫১-৫২ সালে পশ্চিমবঙ্গের চটকলসমূহে মোট শ্রমিকসংখ্যা কত ছিল;

(খ) ১৯৫৭ সালের এপ্রিল মাস পর্যন্ত ঐ সংখ্যা কত;

(গ) গৌরীপুর জুট মিল, নদীয়া জুট মিল ও রিলায়েন্স জুট মিলের প্রতিটিতে শ্রমিকসংখ্যা ঐ দুই সালে যথাক্রমে কত (নারী ও পুরুষ এবং স্থায়ী ও বদলী শ্রমিকের সংখ্যা পৃথক্ পৃথক্ ভাবে উল্লেখ্য);

(ঘ) ১৯৫১-৫২ সাল হইতে ১৯৫৭ সালে ঐ শ্রমিকসংখ্যা বাড়িয়াছে না কমিয়াছে; এবং

(ঙ) কমিয়া থাকিলে, তাহার কারণ কি ?

The Minister for Labour (the Hon'ble Abdus Sattar):

(ক) এবং (খ) ১৯৫১-৫২ সালে পশ্চিমবঙ্গের চটকলসমূহে মোট শ্রমিকসংখ্যা ছিল ২৮১,০৯৩। ১৯৫৭ সালের এপ্রিল মাস পর্যন্ত সংখ্যা কত দাঁড়াইয়াছে তাহা জানা নাই; তবে ১৯৫৬ সালের নবেম্বর মাস পর্যন্ত ঐ সংখ্যা ছিল ২৩৬,০৬৭।

(গ) ১৯৫৭ সালের এপ্রিল পর্যন্ত সংখ্যা জানা নাই। ১৯৫১ এবং ১৯৫৬ সালের সংখ্যার একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

(ঘ) এবং (ঙ) Rationalisation এবং নূতন উন্নত ধরণের যন্ত্রপাতি প্রবর্তনের জন্য কমিয়াছে।

Statement referred to in reply to clause (গ) of starred question No. 30

১৯৫১ সাল

	পুরুষ।		স্ত্রীলোক।		মোট।
	স্থায়ী।	বদলী।	স্থায়ী।	বদলী।	
গৌরীপুর	৩,৯৬৬	৮০৫	৭৩১	৭৬	৫,৫৭৮
নদীয়া	২,০৭৭	৩৯৯	২৪২	৩৭	২,৭৫৫
রিলায়েন্স ..	৪,০৪৮	৩২৯	৪৬০	৫৩	৪,৮৯০

১৯৫৬ সাল

	পুরুষ।		স্ত্রীলোক।		মোট।
	স্থায়ী।	বদলী।	স্থায়ী।	বদলী।	
গৌরীপুর .. .	৩,৩২৪	১,১৮৫	৩৯২	৩২	৪,৯৩৩
নদীয়া	১,৯১০	৩৫২	১০৪	৩০	২,৩৯৬
রিলায়েন্স	৩,৫১৩	৩৯৯	৪১৬	৪৪	৪,৩৭২

[3-30—3-40 p.m.]

Dr. Ranendra Nath Sen:

মন্ত্রী মহাশয়, এই যে বলেছেন র‍্যাশনালাইজেশন-এর জন্য শ্রমিক-সংখ্যা কমিয়াছে, এটা কি গভর্নমেন্ট মনে করেন না যে, তাঁদের ঘোষিত নীতির বিরুদ্ধে চটকলের মালিকেরা গিয়েছেন?

The Hon'ble Abdus Sattar:

এ-সম্বন্ধে সরকারের নীতি ঘোষণা করে বলা হয়েছে যে, রেশনালাইজেশন করা হবে; তবে যতদূর সম্ভব ছাঁটাই কম করা হবে।

Dr. Ranendra Nath Sen:

আপনার এই উত্তর থেকে জিজ্ঞাসা করছি—এটা কি ঠিক যে, ইন্ডিয়ান লেবার কন্ফারেন্স-এ, যেখানে মাননীয় মন্ত্রী মহাশয় উপস্থিত ছিলেন, এ-কথা সিদ্ধান্ত হয়েছে যে, র‍্যাশনাইলেজশন-এর জন্য কোন ছাঁটাই হবে না?

The Hon'ble Abdus Sattar:

ছাঁটাই হবে না, এটা কন্ফারেন্স-এর আগেই ঠিক হয়ে গেছে।

Dr. Ranendra Nath Sen:

তার আগে গভর্নমেন্ট ঘোষণা করেছিলেন যে, রিট্রেঞ্চড ওয়ার্কারসদের অন্য জায়গায় কাজ দেওয়া হবে, সে সম্বন্ধে গভর্নমেন্ট কতদূর কি করেছেন?

The Hon'ble Abdus Sattar:

অনেক জায়গায় হয়েছে। গভর্নমেন্টও চেষ্টা করছেন যাতে তারা অল্টারনেটিভ জব পায়।

Dr. Ranendra Nath Sen:

গভর্নমেন্টের চেষ্টায় এইরকম করে কত রিট্রেঞ্চড হ্যান্ডসকে কাজ দেওয়া হয়েছে?

The Hon'ble Abdus Sattar:

অফ্‌হ্যান্ড বলা যাবে না, নোটীশ দিলে বলবো।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি—র‍্যাশনালাইজেশন-এর জন্য যদি ছাঁটাই না হওয়া নীতি হয়ে থাকে তাহলে এই ৫৫ হাজার শ্রমিক ছাঁটাই হলো কেন?

The Hon'ble Abdus Sattar:

অনেক লোক স্বেচ্ছায় কাজ ছেড়ে দিয়ে চলে গেছে, অনেককে মারা গেছে।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, স্বেচ্ছায় অনেক লোক চাকরী ছেড়ে দিয়ে চলে গেছে তাদের সংখ্যা কত?

The Hon'ble Abdus Sattar:

নোটীশ পেলে বলতে পারবো।

Sj. Byomkes Majumdar:

র‍্যাশনালাইজেশন এবং উন্নতধরণের যন্ত্রপাতি প্রবর্তনের জন্য, এর মানেটা কি?

The Hon'ble Abdus Sattar:

একই মানে হয়, ইংরেজী থেকে বাংলা করবার চেষ্টা করা হয়েছে।

Sj. Byomkes Majumdar:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, ৬ জন লোকের জায়গায় ২ জন লোককে দিয়ে সেই কাজ করান যায়—অথচ সেখানে র‍্যাশনালাইজেশন বা নূতন উন্নতধরণের কোন যন্ত্রপাতি প্রবর্তন করা হয় নাই; এইরকম ঘটনা ঘটছে?

The Hon'ble Abdus Sattar:

এমন ঘটনা জানতে পারলে প্রতিকারের ব্যবস্থা করতে পারি।

Sj. Mihirlal Chatterjee:

১৯৫১ সালের তুলনায় ১৯৫৬ সালে উৎপাদনের পরিমাণ কি বেড়েছে?

The Hon'ble Abdus Sattar:

এটা আমার জ্ঞাতব্য বিষয় নয়।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ৫৫ হাজার শ্রমিক ছাটাই হয়েছে, এটা কোন আনফেয়ার লেবার ল-তে হয়েছে কি না?

The Hon'ble Abdus Sattar:

আমার জানা নাই।

Sj. Byomkes Majumdar:

ডালহৌসি জুট মিল ও ব্রিটেনীয়া জুট মিল, এই দুটো মিলে ৬ জন শ্রমিকের জায়গায় দুজন শ্রমিককে দিয়ে কাজ করাবার জন্য যে বিরোধ উপস্থিত হয়েছে, সেই বিরোধটা বর্তমানে লেবার কমিশনারের দপ্তরে বিবেচনাধীন আছে, মাননীয় মন্ত্রী মহাশয় কি দেখবেন যাতে এই ধরণের কোন ব্যবস্থা সেখানে প্রবর্তিত না হয়?

The Hon'ble Abdus Sattar:

হ্যাঁ, দেখবো।

Sj. Sitaram Gupta:

क्या मंत्री महाशय बतलायेंगे कि Reliance Jute Mill जो है वह गवर्नमेन्ट के permission के बगैर ही बन्द कर दिया गया है क्योंकि गत अधिवेशन में मंत्री महोदय ने अश्वासन दिया था कि बन्द करने के पहले कम से कम जनायेंगे? अब जब वह बन्द कर दिया गया तो मिल के तमाम लोग कहां हैं?

The Hon'ble Abdus Sattar:

जो कुछ हुआ है वह हम देखेंगे। और जो लोग बाहर भेज दिए गये हैं उनमें से देखा गया है कि बहुत से लोगो को काम दे दिया गया है।

Sj. Sitaram Gupta:

क्या मंत्री महोदय बतलायेंगे कि गौरीपुर जूट मिल और नदिया जूट मिल के कितने बेकार मजदूरों को हवड़ा भेज दिया गया है? और जो लोग वहां भेजे गए हैं उन्हें गाय-बैलों की तरह बरसात में खुले मैदान में रख दिया गया है साथ ही उन्हें वहां जबरदस्ती रहने के लिए बाध्य कर दिया गया है।

Mr. Speaker : The question does not relate to Reliance jute Mill.

Dr. Ranendra Nath Sen : The question is related to Reliance Jute Mill also. এখানে মন্ত্রী মহাশয় গৌরীপুর জুট মিল, নদীয়া জুট মিল ও রিলায়েন্স জুট মিল, এই তিনটি জুট মিলের বিষয়ে জবাব দিয়েছেন।

Sj. Sitaram Cupta:

क्या मंत्री महाशय बतलायेंगे कि Reliance Jute Mill में काम करनेवालों की संख्या १९५१ में ४,८९० थी और उसके बाद १९५६ में ४,३७२ क्यों हो गई ?

Mr. Speaker:

ঠীক সে প্রশ্ন পুছিএ। Put your question properly.

Sj. Sitaram Cupta:

क्या मंत्री महोदय बतलायेंगे कि Reliance Jute Mill के कितने मजदूर बेकार कर दिये गये हैं ?

The Hon'ble Abdus Sattar:

इसके लिए नोटिस चाहिए।

Sj. Narayan Chobey:

আপনি নোটীশ পেয়েছেন অনেক আগে যে, ১৯৫৭ সালের এপ্রিল মাস পর্যন্ত শ্রমিক সংখ্যা কত ছিল: আর আপনি তার উত্তর দিচ্ছেন এই নভেম্বর মাসে। অথচ এখনো জানতে পারেন নি, ১৯৫৭ সালের এপ্রিল পর্যন্ত কত লোক কাজ করেছে ?

The Hon'ble Abdus Sattar:

না।

Sj. Narayan Chobey:

এখনো জানেন না ? নভেম্বর মাসেও জানতে পারেন নাই ?

The Hon'ble Abdus Sattar:

না।

Extension of State Insurance Scheme to the districts of Howrah, Hooghly and 24-Parganas

***31.** (Admitted question No. *210.) **Dr. Narayan Chandra Roy:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state whether the Government has formulated any scheme to extend State Insurance Scheme to the districts of 24-Parganas, Howrah and Hooghly?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what line of action the Government propose to take with regard to the medical personnel employed in the industrial concerns or hospitals maintained by the industrial concerns in the districts of Howrah, Hooghly and 24-Parganas?

(*c*) If the answer to (*a*) be in the negative, will the Hon'ble Minister be pleased to state what are the reasons for the same?

The Hon'ble Abdus Sattar: (*a*) Yes.

(*b*) At the time of implementation of the scheme to any area the employers are given option to integrate the medical facilities existing in their factories, if considered suitable, into the scheme in which case the question of unemployment of the Medical Officers does not arise.

If such integration is not wanted by the employer, or the facilities are not considered suitable, the Medical Officer attached to the factory is given special preference for his appointment as an Insurance Medical Practitioner under the scheme, if he can provide a clinic of his own for attending the insured persons under the scheme as a panel doctor.

(c) Does not arise.

Dr. Narayan Chandra Roy: "Are given the option," option to what?

লেখা আছে—

At the time of implementation of the scheme to any area the employers are given option to integrate.

এর মানেটা কি? মানে কি এই—যদি কোন কোম্পানীতে ভাল মেডিক্যাল ফ্যাসিলিটীজ থাকে তাহলে তারা সেটা কি স্কীমের মধ্যে ইন্টিগেট করতে পারে, কি পারে না?

Can it remain out of the scheme?

The Hon'ble Abdus Sattar:

পারে এবং কোন কোন সময়ে পারে না। ক্ষেত্রবিশেষ বিবেচনা করে দেখা হয়।

Dr. Narayan Chandra Ray:

আমার কোয়েশ্চেন ছিল যেমন ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশন এইরকম যেসব কোম্পানীর ভাল হাসপাতাল আছে, মেডিক্যাল ফেসিলিটীজ আছে, টু এ হায়ার স্ট্যান্ডার্ড, তারা কি—

are they in a position to take the option to remain outside?

The Hon'ble Abdus Sattar:

অনেককে অপশন দেওয়া হয়।

Dr. Manilal Bhattacharyee:

কলিকাতা ও হাওড়ায় এইরকম একটীও দেওয়া হয়েছে কি?

The Hon'ble Abdus Sattar:

হ্যাঁ।

the record-of-rights their separate possessions were not recorded but only joint possession was recorded. Now, the difficulty is that they can retain only a certain share of certain specific lands which were exclusively in their possession but in respect of the other lands, they passed to Government because they did not retain their share in respect of those lands which were in the possession of some other co-sharers. These difficulties are real difficulties and they are occurring. I would therefore most respectfully submit that the fixation of time limit is necessary but this time should be a short time after the final publication of the record of rights. I find from the Statement of Objects and Reasons that because no time limit has been fixed, the final publication of the records has been delayed. But my submission is that for giving proper opportunities for submitting B forms it is necessary that the clear picture of the rights should be before them and therefore it is necessary that the time should be fixed in such a way that they get the benefit of the final record.

Sir, as regards the fixation of limitation for filing revisions against entries in the records of rights, the general feeling is that no distinction should be made between a class and a class because in this respect all are on the same footing and therefore one time limit—say six months—should be fixed. The Opposition apprehends that by shutting the doors of civil courts, injustice would be done. The provision for revision has given a valuable right to the people. Though it may be said that they could not produce papers before the competent authorities, yet as this provision for revision opens the door for attacking every entry in the records of rights, they will get that opportunity before the revisional officer. I think that if the rules regulate the proceedings in such a way that the people may get full opportunity to present their cases before the revisional officers, then there would be no grievance. So far as the amendment of section 42 is concerned, it does not bar the doors of civil courts but it only bars the doors against the question of fixation of rents, status and tenancy. These things are now being created anew and therefore nothing should be decided now. If any person feels aggrieved afterwards, certainly he should go to the civil court; that is not blocked. Therefore, no misgiving should be entertained in this respect. I may also draw the attention of the Hon'ble Minister that there are many other difficulties which are cropping up and require rectification. Of course, the Hon'ble Minister has already promised us a comprehensive amending Act and we should wait for it.

Sj. Satyendra Narayan Mazumdar:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী বিমলবাবু তাঁর বক্তব্যে স্বীকার করেছেন যে, এ আইন কার্যকরী করতে গিয়ে অনেক ক্ষেত্রে কৃষকদের উপর অবিচার করা হয়, এবং তার কিছুটা প্রতিবিধান করবার জন্যই সম্প্রতি তিনি এখানে এই আইনটীর সংশোধনী নিয়ে এসেছেন, আর সঙ্গে সঙ্গে তিনি প্রতিশ্রুতি দিয়েছেন যে, এর পরে একটা সামগ্রিক বিল তিনি উপস্থিত করবেন।

কথা হচ্ছে, এই যে বিল তিনি এনেছেন, এই বিলের চৌহদ্দির মধ্য দিয়ে আমরা অতীতের কতকগুলি ত্রুটী দূর করতে পারি কি না। কৃষকদের উপর যে অত্যাচার হয়েছে, সেদিক থেকে আমরা কৃষকদের যাতে কিছু উপকার করতে পারি সেই দৃষ্টিভঙ্গী থেকে আমরা কতকগুলি সংশোধনী নিয়ে, আমি মনে করি বিমলবাবু এখনো তাঁর মনের দরজা বন্ধ করে দেন নি। আমরা যে কথাগুলি বলব তা শুনে এবং কুজ-এর উপর আলোচনার প্রতি

মনোযোগ দিয়ে ভেবে দেখবেন তার কিছুটা তিনি গ্রহণ করতে পারেন কি না? কৃষকদের উপর যেসব অন্যায় ও অবিচার হয়েছে, সেগুলি যদি দূর করতে হয় তবে কিছু পরিমাণে এই সংশোধনগুলি নেওয়া উচিত।

একটা বিষয়ের উপর আমি জোর দিচ্ছি। এ্যাপীল-এর, চূড়ান্তভাবে রেকর্ড অফ রাইট প্রকাশ হবার পর, কৃষকদের যে সুযোগ দিয়েছেন, তার জন্য মনে করি সরেজমিনে তদন্তের প্রয়োজনীয়তা আছে। এটার উপর আমি জোর দিচ্ছি আমার অঞ্চলের অভিজ্ঞতা থেকে। প্রশ্নটা এইজন্য উঠাচ্ছি যে, আমাদের এই বাংলাদেশের অনেক জায়গায় কৃষকেরা মৌখিক স্বত্ব নিয়ে কাজ করে আসছে, যার জন্য রেকর্ডস অফ রাইটস-এ তাদের নাম বাদ পড়ে গেছে। এই জিনিষটা আমাদের অঞ্চলে, বিশেষ করে দার্জিলিং জেলার তরাই অঞ্চলে এবং জলপাইগুড়ি জেলার ডুয়ার্সে, প্রবল আকারে দেখা দিয়েছে। তার কারণ হচ্ছে এইসব জায়গাগুলি ছিল খাসমহলে। সরকার ছিল জমিদার, তার অধীনে ছিল জোতদার, তার অধীনে ছিল মধ্য-স্বত্বভোগী, চাষীরা জমি চাষ করতো, ওদিককার কথায় বলা হতো ঠিকাদার এবং এইসব জায়গায় প্রজাস্বত্ব আইন প্রযোজ্য হয় নি এবং প্রজাস্বত্ব আইনের আওতা থেকে বাদ রাখা হয়েছিল। কাজেই এইসব জায়গায় কৃষকদের অনেক ক্ষেত্রে নানা অসুবিধা ভোগ করতে হয়েছে। খাজনার রসিদ তারা পায় নি এবং কোন ক্ষেত্রে রসিদ দিলেও এমনি কাগজে রসিদ লিখে দেওয়া হয়েছে, কোন্ জমির, কোন্ চৌহদ্দির কোন্ নামে এই রসিদ দেওয়া হল সেই সব কিছুই লেখা হয় নি।

[4-50—5 p.m.]

তারপর প্রশ্ন হচ্ছে, এই রেকর্ড-এর প্রশ্ন। অনেক কৃষক এই রেকর্ড করতে পারে নি, কারণ দলিল দেখাতে পারে নি। এই অবস্থা দূর করবার জন্য বহুবার স্থানীয় কর্মচারীদের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তারপর আর একটা জিনিষ বলতে চাই, বিলে লেখা হয়েছে, যে, সংশোধনী আইন এনেছেন, তাতে তপশীলী উপজাতি যারা, তাদের সময় বেশী দেওয়া হয়েছে। তাদের পক্ষে যে বিশেষ বিবেচনা প্রয়োজন এটা সরকার স্বীকার করে নিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন, আমাদের অঞ্চলে কৃষকদের মধ্যে তপশীলী উপজাতির লোক, তপশীলী সম্প্রদায়ের লোক অনেক বেশী এবং তারা অনগ্রসর অনেক বেশী, তাই তাদের অনেক অসুবিধা রয়েছে। লেখাপড়া তাদের খুব কম, এমন কি যারা মধ্যস্বত্বভোগী, তাদের ভিতরও লেখাপড়া নাই বল্লে চলে। এই কারণে আইনের মারপ্যাঁচের অসুবিধায় তারা পড়ে যায়। এমন অভিযোগ পেয়েছি, কৃষক সমিতির কাছে অভিযোগ এসেছে, এ্যাটেস্টেশন হয়ে গেল, তার পরবর্তী সময়ে কৃষকরা সেখানে গিয়ে দেখল তার নাম রেকর্ডেড হয় নি। তারপর আর একটা অসুবিধা এই যে কৃষকদের সেটেলমেন্ট-এর সময় নিজেদের, নিজস্ব প্রতিনিধি দিয়ে বক্তব্য বলাবার সুযোগ দেওয়া হয় নি। গরীব কৃষক, তপশীলী উপজাতি কৃষক যারা আছে, তারা উকিল রেখে টাকা-পয়সা দিয়ে তাদের বক্তব্য বলার অসুবিধার দরুন তারা পারে নি। যদি তাদের নিজের প্রতিনিধি মারফৎ তাদের বক্তব্য রাখতে পারত, তাহলে এসব জিনিষগুলি ভালভাবে বলতে পারত। কাজেই এর ফলে অনেক অসুবিধার সৃষ্টি হয়েছে। তারপর নোটীশ দেওয়ার ব্যাপারে—আপনারা একটা নোটীশ দিয়ে দিলেন, সেই নোটীশ কৃষকরা পেল কি না পেল তার ব্যবস্থা বিলে করা হয় নি, তারা বুঝল কি না বুঝল তার ব্যবস্থা বিলে করা হয় নি, তারা জানল কি না জানল তারও কোন ব্যবস্থা করা হয় নি। হয়ত কারও বাসায় নোটীশ টাঙ্গিয়ে দিলেন, হয়ত দু-একজন জানতে পারল, আর কেউ জানতে পারল না। ফলে শুনেছি যে অভিযোগ দাখিল করার সময়ের মেয়াদ পার হয়ে গেল অর্থাৎ কৃষক জানতে পারল না। এখন প্রশ্ন হল, এই যে, কৃষকদের ব্যাপারে আমি জানি আমাদের দেশের কৃষকরা যে ধরণের সমাজ-ব্যবস্থার মধ্যে বাস করে এসেছে এবং এখনও রয়েছে, তার ফলে তারা শিক্ষা-দীক্ষায় অনেক পশ্চাদপদ হয়ে রয়েছে। পুরাপুরি আমলা-তান্ত্রিকভাবে আইনের চশমা দিয়ে যারা বিচার করতে অভ্যস্ত, তাদের দিয়ে কাজ না করিয়ে এইসব ব্যাপারে উচিত হচ্ছে ঐ কৃষকদের

সঙ্গে পরামর্শ করা—এই জিনিষ যদি না করা যায়, তাহলে যে উদ্দেশ্যে এই আইনটা আনা হয়েছে তার উল্টো জিনিষ হয়ে যাবে এবং সেই উল্টো জিনিষই হয়েছে অনেক ক্ষেত্রে। সেজন্য বিশেষভাবে বলছি যে, সরজমিনে যেন তদন্ত করা হয়—গ্রামে গিয়ে সেখানকার লোকদের জিজ্ঞাসা করে যেন জিনিষটা বিচার করা হয় এবং সেখানে কৃষকদের বক্তব্য বলার সুযোগ যেন দেওয়া হয়, এই জিনিষগুলি করার প্রয়োজনীয়তা আছে। আমাদের অঞ্চলে কৃষক যে পরিমাণ জমি হয়ত চাষ করছে, তার কাছ থেকে জোতদার, তার থেকে বেশী খাজনা নিয়েছে এবং সরকারের কাছে লেখাবার সময় সেই খাজনা লিখিয়েছে। এইরকম ত্রুটী-বিচ্যুতি বহু-সংখ্যক রয়েছে। এখানে যদি মনে করেন যে, এই বিল সংশোধন করে আমরা তাদের সব সুযোগ দিয়ে দিলাম, সব সমস্যার সমাধান হয়ে গেল, এইরকম আত্মসন্তুষ্টির মনোভাব আপনাদের আসে, তাহলে সেটা ভুল হবে। এইরকম যে আমলাতান্ত্রিক মনোভাব এটার আমূল পরিবর্তন করতে হবে, আমূল পরিবর্তন করে কৃষকদের জিজ্ঞাসাবাদ করে, তাদের সমস্ত জিনিষটা জানবার সুযোগ দিতে হবে। এই জিনিষ যদি না করা হয়, তাহলে এর সমস্ত উদ্দেশ্যটাই ব্যর্থ হয়ে যাবে। এটুকুই আমার বলার ছিল।

Sj. Syamadas Bhattacharyya:

অধ্যক্ষ মহাশয়, ওয়েষ্ট বেংগল এষ্টেটস এ্যাকুইজিশন এ্যাক্টের এ্যামেন্ডিং বিলের মত একটা নির্বিরোধী এবং নির্দোষ আইনের উপর বিরোধী পক্ষীয় মাননীয় সদস্য বন্ধুগণ যে ধরণের বিতণ্ডা সৃষ্টি করেছেন, তা আমার একান্ত অপ্রত্যাশিত ছিল। অবশ্য কমিউনিষ্ট পক্ষীয় বন্ধুগণ এই বিলে মোটামুটি সমর্থন জানিয়েছেন, কিন্তু আমি অত্যন্ত আশ্চর্য হলাম, আমার নিজের কাণকেও আমি বিশ্বাস করতে পারলাম না, মাননীয় সদস্য শিশির দাস মহাশয়ের বক্তৃতা শুনে। তিনি বলেন যে, তিনি এই বিলকে সম্পূর্ণভাবে অপোজ করছেন। এটা প্রাসঙ্গিক কি অপ্রাসঙ্গিক তা আমি বিবেচনা করতে পারছি না, তবে তিনি আশংকা প্রকাশ করেছেন যে, কন্‌ষ্টিটিউশনের শেষতম যে সংশোধন হয়েছে তার ফলে ডাঃ বিধানচন্দ্র রায় জমিদারদের কাছ থেকে যে জমি নিয়েছেন, তার ক্ষতিপূরণ তিনি দেবেন না। এই আশংকা সম্পূর্ণ অমূলক। বিনা ক্ষতিপূরণে বা নামমাত্র ক্ষতিপূরণে বড় বড় লোকদের সম্পত্তি নেওয়ার যে অধিকার কন্‌ষ্টিটিউশন আমাদের দিয়েছে, তার জন্য আজকে মাননীয় সদস্য শ্রীশিশির দাস মহাশয় যিনি প্রজা সোসালিস্ট দলের একজন অন্যতম নেতা তাঁকে অশ্রু বিসর্জন করতে দেখে আমাদের মনে কিছুটা কৌতূহলের সঞ্চার হয়। যদিও কমিউনিষ্ট পার্টীর সদস্যরা এই বিলকে মোটামুটি সমর্থন জানিয়েছেন, তবুও তাঁদের কণ্ঠে সেই সঙ্গে অতি অল্প সময়ের মধ্যে প্রতিবাদের সুর ফুটে উঠেছে। একটা কথা বারবার আমরা শুনেছি যে, কম্প্রিহেন্সিভ বিল আনা হচ্ছে না কেন, কম্প্রিহেন্সিভ বিল আনতে হবে। একটা কথা আমি ওঁদের জিজ্ঞাসা করতে চাই, অধ্যক্ষ মহাশয়, যে, কম্প্রিহেন্সিভ বিল আনা হবে না একথা কে বলেছে? কম্প্রিহেন্সিভ বিল আনা হবে না একথা আমাদের পক্ষ থেকে কেউ বলেনি। [বিরোধী পক্ষ হইতে তুমুল হট্টগোল।] কথা হচ্ছে এই যে, অর্ডিন্যান্সের যে ধারাগুলি সেই ধারাগুলির উপর আইন আনা হচ্ছে। অর্ডিন্যান্সের আওতার মধ্যে কম্প্রিহেন্সিভ বিল বা পূর্ণাংগ বিল আনা যাবে কি না এটাই প্রশ্ন। আমার মতে অর্ডিন্যান্সের আওতায় যে আইন আনা হচ্ছে, তার মধ্যে পূর্ণাংগ বিল আনা সম্ভব নয়। মাননীয় স্পীকার মহাশয়, এ-সম্বন্ধে আমি বলতে পারি যে, আমাদের কংগ্রেস পক্ষ থেকে মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে বিস্তৃতভাবে আলোচনা হয়েছে যে, এবারের বাজেট সেশনে একটা কম্প্রিহেন্সিভ বিল, একটা পূর্ণাংগ বিল আনা হবে, যার মধ্যে অনেক কিছুই থাকবে এ আশ্বাস আমরা পেয়েছি। আমি এটুকু বলতে পারি যে, হাট, বাজার, ফিসারীর কথা শুধু নয়, ওয়েষ্ট বেংগল এষ্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস এ্যাক্ট, এর মধ্যবর্তী কালে যে-সমস্ত আইনগত সমস্যা এবং আরো অন্যান্য সমস্যা যা উঠবে, সেই সমস্যাগুলির যাতে সুষ্ঠু সমাধান হয় সেই কম্প্রিহেন্সিভ বিলের মধ্যে, সেই সব সমস্যাগুলির সমাধানও থাকবে। একটা কথা উঠতে পারে যে, বিরোধী পক্ষের বন্ধুরা এত সব কথা জানতে পারেন না কেন? তবে তাঁদের জানবার পক্ষে কোন বাধা ছিল না—সহযোগিতার হস্ত প্রসারণ

করে, গণতান্ত্রিক উপায়ে আলাপ-আলোচনা করবার জন্য যদি তাঁরা এগিয়ে আসতেন, তাহলে সে-কথা না জানার কোন কারণ ছিল না এবং তা যদি করতেন তাহলে আজকে তাঁদের অন্ধকারে ঢিল ছোঁড়াছুড়ি করার কোন প্রয়োজন হোত না।

[5—5-10 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ ৩-তে সেকশন ৫ সম্পর্কে ফরেষ্ট ব্যাপারে যে প্রস্তাব করা হয়েছে, সে সম্পর্কে আমার একটুখানি বক্তব্য আছে। আমাদের দেশে প্রয়োজনের তুলনায় বনভূমির যে স্বল্পতা আছে সে কথা বিবেচনা করতে হবে। বনভূমির উপরে জনসাধারণের যেসব অধিকার আছে, তা মনে রাখতে হবে; কিন্তু সঙ্গে সঙ্গে বন-সংরক্ষণ এবং বনভূমির প্রসার-লাভের পক্ষে যাতে বাঁধা সৃষ্টি না হতে পারে এ-কথাও মনে রাখতে হবে। এই সমস্ত বিবেচনা করে আমাদের বিশেষ সতর্কতার সঙ্গে অগ্রসর হতে হবে। কারণ, দেশের বৃহত্তর স্বার্থ-রক্ষা প্রথম বিবেচ্য হলেও, স্থানীয় অধিবাসীদের কথা এবং তাদের চিরাচরিত প্রথা সম্পর্কে বিবেচনা করতে হবে। আমি এইসব সম্পর্কে শুধু এইটুকু বলব যে, স্মরণাতীত কাল থেকে বনাঞ্চলের অধিবাসীরা বন সম্পর্কে যেসব সুযোগ-সুবিধা ভোগ করে আসছে, সেগুলির কথাও মনে রাখতে হবে। অর্থাৎ চিরন্তন প্রথা অনুসারে বনাঞ্চলের বা জঙ্গলের অধিবাসীরা যেসব স্বত্ব ভোগ করে আসত, সেগুলির কথা মনে রাখতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, আমি তাদের যে অনেকগুলি অধিকারের কথা জানি, এখানে তার মধ্যে তাদের কয়েকটি অধিকারের কথা বলছি। গো-মহিষাদি চরাবার স্বত্ব, জঙ্গলের ভেতর দিয়ে গো-শকটাদি যাওয়ার স্বত্ব, কেঁদ, মহুল, বৈঁচী প্রভৃতি সাধারণ ফল কুড়াবার অধিকার তাদের ছিল। গ্রামাঞ্চলের গরীব লোকের পক্ষে কেঁদ, বৈঁচী প্রভৃতিও বিশেষ প্রয়োজনীয় খাদ্যবস্তু। এ ছাড়া, ছাতু, শালপাতা, আকাঠা সংগ্রহ করার স্বত্ব, চাষের কাজের জন্য লাঙ্গল, জোয়াল, মৈ, গাড়ী প্রভৃতি বিনা মূল্যে বা নামমাত্র মূল্যে সংগ্রহ করবার যে অধিকার জঙ্গলের নিকটবর্তী অধিবাসীরা ভোগ করে আসছেন, সেই সব কথা আমাদের মনে রাখতে হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তিনি যেন উপযুক্ত এ্যাডমিনিষ্ট্রেটিভ অর্ডার দেন যাতে তাদের সেই অধিকারগুলি ক্ষুণ্ণ না হয়। গ্রামাঞ্চলের এবং বনের নিকটবর্তী অঞ্চলের অধিবাসীরা যে কিরূপ দরিদ্র তা সকলেই জানেন। বৈঁচী সংগ্রহ করে বা অন্যান্য সামান্য বনের ফল সংগ্রহ করে অনেক সময় তারা তাদের ক্ষুন্নিবৃত্তি নিবারণ করে। অতএব তাদের সে-সমস্ত কাস্টমারী রাইটস বা চিরাচরিত প্রথাগুলি যাতে কোনরকম হস্তক্ষেপের দ্বারা ক্ষুণ্ণ না হয়, সে কথাই আমি আপনার কাছে নিবেদন করতে চাই।

তারপর, মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ ৭এ, সেকশন ৪৪ সম্পর্কে যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, সে সম্পর্কে সুবোধবাবু বলেছেন যে, ট্রাইবুন্যালের বিচার শেষ হয়ে গেছে, আর রিভিশনের ব্যবস্থা করে কি লাভ হবে। এ-সম্পর্কে আমি সুবাধবাবুকে কিছু জানাতে চাই।

Sj. Subodh Banerjee:

ট্রাইবুন্যালে রেফার হয়েছে, ট্রাইবুন্যালের বিচার শেষ হয়েছে বলি নি। আমি বলেছি ট্রাইবুন্যালে রেফার হয়েছে।

Sj. Syamadas Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্যকে আমি এবিষয়ে কিছু জানাতে চাই।

Mr. Speaker: You had better not discuss the clauses now, when the clauses will be taken up you then please make the necessary comment

Sj. Syamadas Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এইটুকু বলছিলাম যে, রেকর্ড অফ রাইটস-এর পাবলিকেশন সব জায়গায় শেষ হয় নি। আবার যেসব জায়গাতে রেকর্ড অফ রাইটস-এর পাবলিকেশন শেষ হয়েছে, সেখানে সকলে এখনও ট্রাইবুন্যালে যান নি। যারা গিয়েছেন তাঁদের কথা ছাড়া যাঁরা যান নি, তাঁদের সংখ্যা অনেক বেশী এবং এই ধারা অনুসারে

রেভিশন-এর জন্য তাঁদের প্রে করবার অধিকার থাকবে। তা ছাড়া রেকর্ড অফ রাইটস-এর ফাইন্যাল পাবলিকেশন-এর পর থেকে বা অর্ডিন্যান্স-এর তারিখ থেকে ৩ মাস পর্যন্ত রিভিসনের জন্য দরখাস্ত করা যাবে। মাননীয় স্পীকার মহাশয়, এবিষয়ে সুবোধ বাবু আর্তাঙ্কিত হয়ে আমাদের সামনে যে চিত্র এঁকেছেন, তা যে অনেকখানি অলীক, সেটাই আমি আপনার কাছে নিবেদন করছি। তবে মাননীয় মন্ত্রী মহশায়ের কাছে আমার একটুখানি নিবেদন আছে। এখানে যে ৩ মাসের সময় দেওয়া হয়েছে, সেখানে আমাদের একান্ত নিবেদন যে, ৩ মাসের সময় সেটা অত্যন্ত অল্প এবং সেটাকে যেন অনুগ্রহ করে মন্ত্রী মহাশয় বিবেচনা করে ৩ মাসের পরিবর্তে ৬ মাস সময় করেন। এটাই হল তাঁর কাছে আমার একান্ত আবেদন।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আর কিছু বলব না, শুধু একটা কথা বলব। কালকে পি-এস-পি দলের নেতা সুধীরবাবু বললেন যে, জমিদারী উচ্ছেদের পর সরকারই সম্পূর্ণরূপে অত্যাচারী জমিদারের ভূমিকায় অবতীর্ণ হয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, যদি গ্রামাঞ্চলের সঙ্গে কারুর কিছুমাত্র পরিচয় থাকে, তাহলে এই কথা যে সম্পূর্ণরূপে ভ্রান্ত তা সকলেই বলবেন। আজকে জমিদারী উচ্ছেদ হওয়ার জন্য গ্রামাঞ্চলের প্রজাবৃন্দ দু-হাত তুলে সরকারকে আশীর্বাদ করছেন। এই জমিদারী উচ্ছেদের ফলে আমি জানি, সুধীরবাবু নন, তবে তাঁর দলের কেউ কেউ, জমিদারের জন্য সত্যি সত্যি অশ্রু বিসর্জন করছেন। কিন্তু কথা হচ্ছে যে, এই জমিদারী উচ্ছেদের জন্য সাধারণ প্রজারা আজকে যে উপকৃত হয়েছে, তার ফলে তারা সাধারণভাবে সরকারকে দু-হাত তুলে অভিনন্দন জানাচ্ছেন।

Sj. Chitto Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে অভিজ্ঞতার উপর নির্ভর করে এই সংশোধনী আইন আনা হয়েছে, সেই অভিজ্ঞতা সম্পর্কে যদি আমরা পরিষ্কার করে আলোচনা করবার চেষ্টা করি, তাহলে যে সংশোধনী আইন আনা হয়েছে তার খানিকটা পরিবর্তন হওয়া দরকার। আমরা দেখেছি যে, সেটেলমেন্ট অপারেশন-এর সময় সাধারণ যারা দরিদ্র কৃষক, ভাগচাষী, বর্গাদার বা আদিবাসী তাদের এমনভাবে শোষণ করা হত যার ফলে তাদের না ছিল কোনরকম দলিল বা পর্চা যার দ্বারা তারা তাদের জমির স্বত্ব প্রমাণ করতে পারত। আমরা দেখছি যে, বর্তমান অবস্থাতে যে সংশোধনী করা হবে তার ফলেতেও সেইরকম ধরণের কোন পরিবর্তন হবে না। দলিল বা কাগজপত্র না থাকার একমাত্র কারণ তাদের অজ্ঞতা। সেজন্য তার আর কোনরকম সুরাহা হওয়ার সম্ভাবনা নেই। কাজেই এর সমাধান করতে গেলে সংশোধনীর মধ্য দিয়ে তাদের যদি কোনরকম উপকার করতে হয় তাহলে যে কথা উঠেছে সেই অনুসারে সরেজমিনে তদন্ত না করলে অর্থাৎ পার্শ্ববর্তী লোকের এবং চাষী সমিতির যদি সহযোগিতা এ-বিষয়ে গ্রহণ না করা হয়, তাহলে সেই অভিযোগ দূর করা যাবে না। স্পেসিফিক কেস-এর কথা বলতে গেলে মাননীয় মন্ত্রী মহাশয়ও জানেন যে নদীয়া জেলায় হরিণঘাটা এবং চাকদহ থানার অনেক বিস্তৃর্ণ এলাকার স্পেসিফিক কেস আমরা দিয়েছি। আদিবাসী কল্যাণ-দপ্তরের পক্ষ থেকে সরকারী কর্মচারী যাঁরা নিয়োজিত আছেন, তাঁরাও এইসব জানেন। আমরা জানি একটা জেলাতে একজনের বেশী এই কর্মচারী নেই। নদীয়া জেলাতে একজনও নেই বলে আমাদের সংবাদ এবং তার ফলেতে সেই দপ্তরের মধ্য দিয়ে গরীব কৃষকদের সে-সমস্ত সুযোগ পাবারও কোন সম্ভাবনা নেই।

এরপর আর একটা কথা, যেটা আমাদের বলা অত্যন্ত প্রয়োজন, সেটা হচ্ছে যে, যেহেতু গ্রামাঞ্চলে এই ধারাগুলোর পরিবর্তন সম্পর্কে ব্যাপকভাবে প্রচার করবার সুযোগ নেই, এর ফলেতে যে সামান্য সুযোগ তাদের আছে, সেই সামান্য সুযোগ গ্রহণ করবার ক্ষমতাও তাদের নেই। স্পেসিফিক কেসেস যদি চান তাও আমরা জানি। অর্ডিন্যান্স জারী হবার পরেতেও যেখানে টাইম বাড়াবার প্রস্তাব হচ্ছে, সেখানে বারাসাতে মাত্র ১৩টা কেস এসেছে। আমরা জানি, ৩ মাস এবং ৬ মাসের কথা বলা হচ্ছে কিন্তু যদি তা ব্যাপকভাবে প্রচার করবার ব্যবস্থা না হয়, তাহলে এই সুযোগ থেকে অনেক কৃষক বঞ্চিত হবে। কাজেই আমাদের বক্তব্য হচ্ছে যে, অতীতের অভিজ্ঞতার ভিত্তিতে সরেজমিনে তদন্ত এবং পার্শ্ববর্তী লোকের

সাহায্যে ও সহযোগিতায় যদি এইগুলি করা হয়, তাহলে এইগুলি সম্ভব হবে। সেজন্য এর সময়ের পরিমাণ বাড়িয়ে দেওয়া দরকার। এ-বিষয়ে আরও কতকগুলি ব্যাপার আমরা জানি। আমাদের কানোরিয়া কোম্পানীর প্রায় ৫ শত বিঘা জমি, যে জমি যখন সরকার কর্তৃক এ্যাকোয়ার করা হয়েছে, তখন সেখানে ভাগচাষী, বর্গাদার যারা ছিল তারা মন্ত্রী মহাশয়কে অনুরোধ পর্যন্ত করেছে, কিন্তু তাদের জমি রেকর্ডভুক্ত হবার কোন সম্ভাবনাই হয় নি। কাজেই এগুলো সম্পর্কে বিধিব্যবস্থা হওয়া প্রয়োজন।

[5-10—5-45 p.m.]

Sj. Shyama Prasanna Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে রাজস্বমন্ত্রী যে সংশোধনী প্রস্তাব এনেছেন, তার সমর্থন করে বলছি, তিনি যেন পরে আরো সম্পূর্ণ সংশোধনী নিয়ে আসেন, এটা আমরা আশা করি। তা না হলে বলতে হবে যেটা এনেছেন সেটা আরো সংশোধনের প্রয়োজন আছে। এই সম্পর্কে অবহিত হতে তাঁকে আমি অনুরোধ জানাচ্ছি।

প্রথম কথা হচ্ছে যে, আগে যা বলা হয়ে গেছে, সেগুলি তুলছি না। আমি একটা বিশেষ দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাংলাদেশে বহুরকম প্রজা আছে। তার মধ্যে মোটামুটি রীতি অনুযায়ী বহু আবার মৌখিক ও সাঁজা প্রজা বলে গণ্য। দীর্ঘদিন ধরে তাঁরা প্রজার যে অধিকার সেই অধিকার ভোগ করে আসছেন। তাঁরা নিয়মিত অর্থ, কেউ ধানে কিংবা কেউ চালে খাজনা দিয়ে আসছিলেন। কিন্তু এই সেটেলমেন্ট আসবার পর থেকে সর্বত্র একটা গোলমাল শুরু হয়েছে। যদি এই সেটেলমেন্ট ব্যাপারটা না আসতো, যদি এই জমিদারী-ক্রয় আইনটা না আসতো, তাহলে সেই সমস্ত প্রজার অধিকার অক্ষুন্ন থাকতো। মৌখিক চাষী এযাবৎ যে প্রজাস্বত্ব ভোগ করছিলেন সেটাও অক্ষুন্ন থাকতো। বর্তমান আইন আসার ফলে বহু প্রজা যাঁরা এ-যাবৎ খাজনা দিয়ে কোন রসিদ নেন নাই বা তা দেবার কোন ব্যবস্থাও নাই, তাঁরা এখন যখন রেকর্ড হচ্ছে, তখন পূর্বের সেই প্রজাস্বত্বের অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। সেই জমির যাঁরা জমিদার ছিলেন, তাঁরা এখন খাস-জমির মালিক হয়ে যাচ্ছেন এবং সেই সকল প্রজারা নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। সেটেলমেন্ট অফিসে তারা যখন সাক্ষ্য দিতে গিয়ে হাজির হয়, সেটেলমেন্ট অফিসারের কাছে তখন সেই অফিসার পর্যন্ত তাঁদের বলেছেন যে, আপনাদের সমস্ত সাক্ষ্য থেকে বুঝতে পারছি যে, আপনাদের প্রজাস্বত্ব আছে; কিন্তু যেহেতু আপনাদের কোন জমির দাখিলা নাই সেইহেতু আপনাদের প্রজার কোন অধিকার দিতে পারছি না, আইনানুযায়ী আপনাদের ভাগচাষী বলেও লিখতে পারছি না। যখন স্বর্গীয় সত্যেনবাবু রাজস্বমন্ত্রী ছিলেন তখন অনেকবার তাঁর কাছে কৃষক-সভার পক্ষ থেকে ডেপুটেশন নিয়ে গিয়েছি। তিনি বারবার করে বলেছেন, আমি ইনস্ট্রাকশন দিচ্ছি, অফিসাররা যাতে সেই সমস্ত প্রজার সাক্ষ্য থেকে রেকর্ড করেন। সেই সমস্ত ইনস্ট্রাকশনস যাবার পরে আজও তাদের বলা হচ্ছে আইনে এ অধিকার নাই। কাজেই অফিসাররা সেই সমস্ত প্রজার নামে জমি রেকর্ড করতে পারেন নি। সেইজন্য আজকে রাজস্বমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, তিনি এমনভাবে বিলটী সংশোধন করুন যাতে এই প্রজারা তাদের অধিকার পেতে পারে, মৌখিক প্রজারাও তাদের সাক্ষ্যসাবুদ দিয়ে কিংবা সরেজমিন তদন্ত মারফৎ প্রজাস্বত্বের অধিকার পেতে পারে, সেইটুকু ব্যবস্থা করুন। তাহলে অনেকেরই সুবিধা হয়। অনেক মৌখিক-প্রজা, তারা বাস্তবিক প্রজার যে-সমস্ত অধিকার সেই অধিকার আবার উদ্ধার করতে পারেন। বর্তমানে রেকর্ড অফ রাইট উদ্ধারের জন্য নালিশ করে যাতে তাদের জমিতে অধিকার ফিরে পেতে পারে—তার আবেদন করতে পারেন, তার সুযোগ দিতে হবে, তাদের সেই অধিকারকে কার্যকরী করতে হবে। এই সমস্ত প্রজাদের যাতে অনেকখানি সুযোগ-সুবিধা দিতে পারেন তার জন্য মন্ত্রী মহাশয়কে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

[At this stage the House was adjourned till 5-45 p.m.]

[*After adjournment.*]

[5-45—5-50 p.m.]

Sj. Bhupal Chandra Panda:

মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে এই যে বিল এখানে উপস্থাপিত করা হয়েছে, তার ইম্প্রুভমেন্ট-এর জন্য কয়েকটি সাজেশন রাখতে চাই।

মাননীয় মন্ত্রী মহোদয় যে বিল প্রণয়ন করলেন, যে বিল রচনা করলেন, সেই বিলের দ্বারা মধ্যস্বত্ব অধিকার সম্পর্কিত বিষয়গুলির কিছুটা ইম্প্রুভমেন্ট করেছেন, সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু সঙ্গে সঙ্গে সবচেয়ে বড় সমস্যা হিসাবে যেটা এসে দাঁড়িয়েছে, এই বিলের ভিতর, অর্থাৎ যারা ঠিক স্থায়ী রেকর্ডেড চাষী নয়, বা যাদের মালিকানাস্বত্ব এই আইনের দিক থেকে ঠিকভাবে বর্তায় নাই, অথচ তারা জমি দখল করে রয়েছে, সেই সম্পর্কিত প্রজা সম্বন্ধে এই বিলে কোন উল্লেখ না থাকায় রেকর্ড-এ একটা বিপদের সম্ভাবনা দেখা দিয়েছে। বিশেষ করে ২ ধারায়, ক্লজ (৪)এ ইন্টারমিডিয়ারীর ব্যাখ্যা করতে গিয়ে যে সংশোধন আনা হয়েছে, তার মাধ্যমে আমরা দেখতে পাই যে, সেকশন ৬-এর (১) উপধারায় এক্সেপশন-এর মধ্যে যে নূতন ক্লজ ঢুকিয়ে দিয়েছেন- ফর এনি আদার পার্সন, তার মাধ্যমে যেসমস্ত কৃষক, এখন যারা বাস্তবিকই কৃষিকার্য পরিচালনা করেন, তাদের ঠিকভাবে রেকর্ড না থাকায়, তারা স্থায়ী-স্বত্ববান না হওয়ায়, সেই সমস্ত কৃষকদের উপর যেন একটা নূতন আঘাত আসছে বলে মনে হয়। কারণ, এদের বিষয় উল্লেখ না থাকার ফলে ইতিপূর্বেই যে অবস্থা সৃষ্টি হয়েছে গোটা বাংলা দেশে, যা মাননীয় সদস্য সত্যেন বসু মহাশয় বলেছেন, শিলিগুড়ি, জলপাইগুড়ি সম্বন্ধে। এটা আমার দৃঢ় ধারণা, কারণ আমি যা খবর পেয়েছি, আমার নিজের জেলার ও পার্শ্ববর্তী অঞ্চলের, সর্বক্ষেত্রে একটা মস্ত বড় সমস্যা দেখা দিয়েছে। সেই কারণে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, এই যে মেন বিহাইন্ড দি প্লাউ, যারা প্রকৃত কৃষিকার্য পরিচালনা করছেন, যারা প্রকৃত চাষাবাদ করছেন, যারা শস্য উৎপাদনের ক্ষেত্রে প্রকৃত নিযুক্ত রয়েছেন, তাদের স্বার্থ যদি রক্ষা করতে হয় তাহলে তাদের সম্পর্কে বিলে বিশেষভাবে উল্লেখ থাকা প্রয়োজন।

এই সম্পর্কে বলতে চাই, তাঁরা ফরেষ্ট-এর ক্ষেত্রে কয়েকটা নূতন ইম্প্রুভমেন্ট এনেছেন সন্দেহ নাই। কিন্তু ফরেষ্ট সম্বন্ধে মাননীয় শ্যামাপ্রসন্নবাবু যে কথা বললেন, জঙ্গলের বিশেষ অধিকার সম্পর্কে—জ্বালানী কাঠই শুধু নয়, জঙ্গলের যে-সমস্ত উঠবন্দী চাষী রয়েছে, তাদের স্বার্থের ব্যাপারে কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নেই। এই কারণে তাদের স্বার্থে বিলের ইম্প্রুভমেন্ট-এর জন্য আবেদন জানাই।

এই সঙ্গে আমি আবেদন জানাচ্ছি যে, একদিক যেমন জঙ্গলের বিবিধ স্বত্ব, যেভাবে শ্রীশ্যামাপদবাবু যা বলেছিলেন, যে এ্যাডমিনিষ্ট্রেটিভ ইনস্ট্রাকশন, সেটা সম্পূর্ণ অপোজ করে বলছি, সেটা আইনে লিপিবদ্ধ করা দরকার। এই সঙ্গে সঙ্গে আমি আবেদন জানাই মধ্যস্বত্বাধিকার সম্পর্কে যে-সমস্ত কথা বলা হয়েছে, যে তাদের অনেক সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে, সে সম্পর্কে বিশেষ কিছুই করা হয় নি।

[5-50—6 p.m.]

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Speaker, Sir, I have listened with very great attention to the criticisms made by the honourable members of this House so far as the main provisions of this Bill are concerned. Sir, I am happy to find that excepting one or two speakers others have not outright criticised many sections but they have suggested improvements. When I come to the detailed suggestions made by them I shall try to deal with them, but before I do so I would like to clear up certain misconceptions which I find are working in the minds of the honourable members.

First, a criticism has been made that this piecemeal Bill should not be brought in this fashion. Secondly, a suggestion has been put forward that there should be a comprehensive legislation. It has also been suggested in this connection that the Government do not know their own mind. They are vacillating and they have no foresight. Therefore, they are bringing forth tinkering measures amending this section or that, so that there have been frequent changes in the Acts and nobody knows what more changes are coming.

Sir, dealing with this criticism I would say that I confess and I am not sorry to confess that piecemeal legislation has to be brought. This legislation has been brought in because the Government in these days are responsive to the changing needs of the time, and, therefore, if it is found that a changed situation requires alteration of any Act, the Government does not rest on its oars but proceeds straightaway to remove that difficulty. I would remind those lawyer-members of this House that in the last century it took twenty years to think over the provisions that are to regulate the relationship between the landlord and the tenant. It was in 1865 that the great rent suit was decided up and it was in 1885 that the Bengal Tenancy Act was placed on the Statute book. Sir, nobody would suggest, nobody would ever dream of a suggestion that 20 years should elapse before a situation arises and a legislative measure to remedy that situation is placed on the Statute book. That is the justification for such piecemeal legislation.

Secondly, Sir, about bringing of a comprehensive Bill I made it clear a few minutes back that the Government are closely examining and have decided to bring a comprehensive Amending Bill in the next session of the Assembly, so that the difficulties that have arisen in the working of the Estates Acquisition Act may be totally removed.

Some of the points mentioned in the amendments for instance the question of fishery I hope will find a place in that Bill. Therefore, Sir, it is not necessary to anticipate what provisions are going to be placed in that Bill. As I have tried to make it clear certain emergencies arose and it was thought necessary to meet those emergencies through an Ordinance. I do not think it right that the Bill which seems to validate the provisions of an Ordinance or rather these comprehensive measures should be brought about in an Ordinance first, and then placed before the Legislature in the shape of a Validating Act. Therefore, Sir, I have decided that the fundamental changes that may be necessary should be brought before the Legislature first of all and should not be enacted as an Ordinance.

Next, Sir, an apprehension had been widely expressed that bhagchasis have been widely evicted and the protection that we are seeking to give to the lower tenantry and to bhagchasis will be of no avail. Sir, last time when this Assembly met a question was asked: how was the recording of bhagchasis going on? At that time I could not give any figure to the House, because the settlement figures had not come in at that time. Now I am in a position to enlighten the House to a certain extent in this sense that though final figures have not yet come up and that figures from certain areas are yet to come, still I have got tentative a figure and that is 698,000. If you compare this to the recorded figures in the last census you will find that in the last census it was found out that according to the statement of the owners, the number of bargachasis in this Province was in the neighbourhood of 3 lakhs and that according to the statement of the bhagchasis themselves it was in the neighbourhood of 7 lakhs. Now the figure that we have already received is 698,000, and I am sure that it will go up when final figures come in. Therefore, Sir, with regard to this misapprehension that the bhagchasis are not being recorded, the figures tell a different story altogether.

Now, Sir, I would try to come to certain points raised by different members. Shri Subodh Banerjee has said that the Tribunal will be of no avail at the moment because many cases have gone to the Tribunal. From the figures that are before me I find that that is not the correct picture. The total number of interests in West Bengal that have been recorded in the settlement operations is 16,800,000 out of which only 12,438 cases have gone to the Tribunal. Sir, if the tenants seek to have their records righted, if they want that there should be another revision, I believe that there is ample scope even now and if any time is suitable for the introduction of such a measure, I believe this is the proper time when finally the records are being published in most of the districts. Sir, Shri Hare Krishna Konar has raised two or three points. He has asked the question that one of the main objects of the land reforms was to get hold of surplus land. He has also posed this question that enquiries were being conducted under section 5A of the Act and what has happened. Sir, I may inform the House that even today they are going on in 150,687 cases under section 5A and we would be watching very keenly the results of these enquiries.

Next point that he raised was that whether the word "incumbrance" means protection also. He had been to my office the other day. The Leader of the Opposition was also there. We consulted the law officers and it was the opinion of the law officers that the word "incumbrance" did not affect the right of the *barga chasis*. Sir, be that as it may, I can assure this House that if by any meaning of the law or if by any untoward judgment this "incumbrance" affects adversely the rights of the bargadars, the Government will instantaneously come and protect the rights of the bargadars.

Next, Sir, he raised the question of chakran land. He said that many people are now enjoying land rent-free, for instance, we have extended the benefit that was being enjoyed by agricultural tenants also to the non-agricultural tenants. He has said why not extend that also to the service tenure holders who as is well known do no service but in spite of that are enjoying land practically rent-free. Now, Sir, that raises a very big question of policy and I cannot announce any policy right at this moment.

Another question was raised by Shri Konar. He has said that while it is desirable to extend the benefit to the non-agricultural tenants why should that benefit be enjoyed by those non-agricultural tenants who have again sublet and are enjoying a profit

[6—6-10 p.m.]

Sir, I daw his attention to section 6(1)(c) where it has been clearly laid down that he may retain up to 15 acres of non-agricultural land only if that is in his khas possession but the moment he sublets the land, he would become an intermediary and the man who gets the land in settlement from that intermediary would be the direct tenant of Government. Therefore, Sir, the benefit that we want to extend to non-agricultural tenants is going to be enjoyed only by those who are keeping the land for their own use and are making no commercial use of the land. I do not think there is any reason for misapprehension on that account.

Sir, Sj. Basanta Kumar Panda raised three or four important points. One was that section 5(a) is not bearing any fruit. Sir, I do not know what he meant exactly when he said that section 5(a) came later. I have not been able to follow his point. Secondly, he has raised the question of civil courts being banned. As I tried to explain when I introduced this Bill,

the idea is that the tribunal is quite open even if the people feel dissatisfied with the awards of the Revenue Officers. First, there has been an assessment of the rights and that by the Revenue Officers. Now, we are going to introduce another revision by high level officers and if a person is not satisfied he can go to the tribunal and, as I tried to point out lastly, the tribunal is presided over by an officer of the rank of a District Judge. Therefore there is no point in allowing a case to go to the civil court where probably after a Judge has given his opinion, the matter would again be referred to a Munsif and the whole process would go on *ad infinitum*. Therefore, I have felt that it is better that any matter should be referred to the tribunal in case a person is not satisfied with the awards given by the Revenue Officers rather than it should go to a civil judge. Sir, another point was made out by Mr. Panda that now we are introducing a time-limit for the submission of returns. He has asked the question as to why this was not done earlier. Perhaps he had not listened carefully to the speech that I made on the occasion of introducing this Bill. I said that that provision is already in the rules but as there was no provision in the Act, a question arose whether legality cannot be challenged in case a person refuses to submit returns and there was no provision in the Act by which we can compel him to do so. What we have done is that we have merely transferred the provision from the rules to the Act so that it may have statutory authority instead of the authority of the rules. As a matter of fact, I can tell him that thousands and thousands of returns have already come and these have already been acted upon. Therefore it is not a question of not being done earlier. The only question is whether it is not necessary to give it a statutory authority and leave it to the authority of the rules.

Sir, I would lastly come to the criticisms made by the erstwhile Leader of the P.S.P. group. If I may say so, his criticisms are entirely beside the point. In fact, he did not touch the provisions of the Bill but uttered some harsh words with an eye to the newspaper headlines. He said that Government had become the most tyrannical zemindar and resorted to assessment even of owners of khas agricultural lands for that purpose. He cited the case of bargadar-tenants and wanted the head of the Secretary, Board of Revenue, because he said that they have become intermediaries. Sir, I very much wish that he had not raised this question of law because law is an intricate matter and Government have consulted the high level officers in the matter and it was decided by all the law officers that khas possession does not indicate status. An intermediary may have khas land, a tenant may have khas land but mere possession of khas lands does not indicate that the owner of a khas land is not an intermediary. Sir, I am quite sure that the intermediaries who held the lands khas were intermediaries. I would say with some emphasis that the Secretary, Board of Revenue, was entirely right when he said that these intermediaries would be assessed under section 42 of the Act, and, therefore, he said that Government had become oppressive landlord. Sir, I would leave the matter to the judgment of the House but I can only point out that Government felt that it was entirely within the scope of law to assess these intermediaries under section 42. If any oppressive landlord willingly gives up his claim when we introduce the law, Government's interest may be curtailed and the non-agricultural tenants might get the benefit which the agricultural tenants are enjoying. Therefore, Sir, I again submit that he should not have better raised that question of law. I would say, Sir, that Government have responded entirely sympathetically where people have now come to be afflicted by some real difficulty and these provisions have been expressly brought forward because by the process of law people had to face some hardships. Therefore, I hope that this section would be welcome by all non-agricultural tenants where

their status was that of an intermediary or a tenant and the benefits which Government are going to confer on them would be appreciated by all. Sir, that is what I have got to say at the moment.

Mr. Speaker: There is only one amendment and that is also not pressed. So I put the motion.

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Speaker: Sj. Khagendra Kumar Roy Chowdhury will move his amendment

Sj. Hare Krishna Konar: Sir, this is a very simple amendment.

Mr. Speaker: You cannot move it. I have called the member responsible for this amendment.

Sj. Jyoti Basu: He is taking your leave to move.

Mr. Speaker: But he never asked for my leave.

Sj. Hare Krishna Konar: Sir, with your permission, I beg to move the amendment of Sj. Khagendra Kumar Roy Chowdhury. Sir, I beg to move that in clause 2(a), in line 6, after the words, "or other persons" the words "excepting the rights or interests of a *bargadar*" be inserted.

মাননীয় স্পীকার মহোদয়, শ্রীখগেন রায়-চৌধুরীর নামের সংশোধনী প্রস্তাবটা আমি মুভ করতে চাই, আমাকে অনুমতি দেওয়া হোক। এই সংশোধনীটা হচ্ছে অত্যন্ত সহজ সংশোধনী, অর্থাৎ যেখানে ২নং সেকসনে বলা হয়েছে--যেটা নাকি ইনকামব্রান্সেস ডেফিনিশন তাতে যোগ দেওয়া হোক-

> "but shall except in the case of land allowed to be retained by an intermediary under the provisions of section 6 include all rights or interests of whatever nature, belonging to intermediaries or other persons which relate to lands comprised in estates or to the produce thereof".

[6-10—6-20 p.m.]

এখানে অফ হোয়াট-এভার নেচার-এর পরে যোগ দেওয়া হোক—

Excepting rights or interests of *bargadars*.

গতকাল এই প্রশ্ন আমি তুলেছিলাম, তখন মাননীয় মন্ত্রী মহাশয় জবাব দিতে গিয়ে বলেছিলেন যে, এনকামব্রান্স-এর মধ্যে বর্গাদারদের অধিকার ক্ষুণ্ণ করা হচ্ছে না এবং তিনি ল-ইয়ারদের সঙ্গে পরামর্শ করেছেন, করে একথা ঘোষণা করছেন। কিন্তু একথা শোনার পরও আমি এটা সমর্থন করতে পারলাম না, কারণ আইনের ভাষা যেটা তা আমি প্রত্যেকটি মাননীয় সদস্যকে এবং স্পীকার মহাশয়কে অনুধাবন করতে বলছি- আইনের ভাষায় লেখা হয়েছে এনকামব্রান্স-এর মধ্যে পড়বে শুধু ইন্টারমিডিয়ারী নয় অর আদার পার্সনস অর্থাৎ ইন্টারমিডিয়ারী বা অন্য যেকোন লোক। তাতে শুধু জমিতে স্বত্ব নয়—

all rights or interests of whatever nature.

যে-কোন অধিকার বা ইন্টারেস্ট এবং শুধু জমিতে নয়, এটা থাকছে—

relate to lands comprised in estates or to the produce thereof.

জমি অথবা জমির প্রডিউস অর্থাৎ ফসল তার সম্বন্ধে এটা প্রয়োগ হবে। অর্থাৎ এখানে যে প্রশ্নটা আসে সেটা বর্গাদারদের জমিতে স্বত্ব না থাকতে পারে কিন্তু ল্যান্ড রিফর্মস এ্যাক্ট অনুযায়ী তার জমিতে ফসল যা হবে তাতে তার অধিকার আছে, কিছুটা ইন্টারেস্ট আছে, অতএব এটার অর্থ করলে এরকম করা যায়, যেহেতু বর্গাদারদের জমির ফসলের উপর ইন্টারেস্ট রয়েছে, অতএব তা এনকামব্রান্স-এর মধ্যে ফেলা যেতে পারে এবং এভাবে যে ফেলা যেতে পারে তার সম্ভাবনা ও আশংকা রয়েছে বলে মনে করি। তখন এই জিনিষ হবে যে সরকারের হাতে যখন বাড়তি জমি ভেস্ট করবে, সেখানে বর্গাদারদের স্বার্থ রক্ষিত না হতে পারে, বর্গাদার আইনে উচ্ছেদ হয়ে যেতে পারে, সরকারী খাস ল্যান্ড-এর কি ব্যবস্থা হবে সেই প্রশ্ন আসবে। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি আমার বক্তব্যের সঙ্গে একমত হউন অর্থাৎ বর্গাদারদের অধিকারকে এনকামব্রান্স-এর সঙ্গে ফেলা উচিত নয়। তিনি ফেলতে চান না এই যদি কথা হয়, আইনে এই সংশোধনী গ্রহণ করতে আপত্তি কোথায় ? তবে হোয়াট-এভার নেচার-এর পরে—

excepting the rights or interests of a bargadar.

তিনি যদি মনে না করেন এটা বাড়তি, প্রয়োজন নাই, তবুও যেহেতু অনেক সদস্যের মনে সন্দেহ রয়েছে, তাই এটা পরিষ্কারের জন্য এটা গ্রহণ করে নিন। হাইকোর্ট-এ এ সম্বন্ধে বর্গাদারদের ক্ষতির যাতে কোন সম্ভাবনা না থাকে সেজন্য—

excepting the rights or interests of a bargadar.

এটাকে যোগ করার আপত্তি হতে পারে না। যদি আপত্তি করেন, ইনসিস্ট করেন, তাহলে ব্যক্তিগতভাবে আমি মনে করি যে, ভবিষ্যতে বর্গাদারদের স্বার্থ ক্ষুন্ন হতে পারে। এজন্য আমার সে সংশোধনী প্রস্তাব রাখছি, আশা করবো যে এই হাউস সেই সংশোধনী প্রস্তাব গ্রহণ করবেন।

Sj. Apurba Lal Majumdar:

স্পীকার, স্যার, যে এ্যামেন্ডমেন্ট মুভ করা হয়েছে, সেটা সম্পর্কে সমর্থন করে আমি দুই-একটি কথা বলতে চাই। মূল আইনে সেকশন ২, ক্লজ (এইচ)-এ যেখানে এনকামব্রান্স-এর আগে মূল আইনে এনকামব্রান্স-এর কথা বলা হয়েছিল, সেখানে অনেকটা সীমাবদ্ধ ছিল এবং মাধ্যমিকদের যেসমস্ত ভূসম্পত্তি সরকারের হাতে বর্তাবে সেটা মুক্ত অবস্থায় সরকারের হাতে আসবে কিন্তু মূল আইনের ক্লজ (২)তে, যেখানে এনকামব্রান্স-এর কথা আছে, সেখানে তিনটি শর্ত ইনকামব্রান্সেস-এর হাত থেকে রক্ষা করা হয়েছে, রায়ত, কোর্ফা অর নন-এগ্রিকালচারাল টেনান্ট। রায়ত, কোর্ফা, অকৃষি প্রজা যারা, তাদের সেই এনকামব্রান্সেস-এর মধ্যে না ফেলে তাদের রক্ষা করার ব্যবস্থা থাকলেও এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এদিক থেকে যে, এ ছাড়া জমি যেসমস্ত মাধ্যমিক সৃষ্ট স্বত্ব তৈরী হয়েছে, যেমন ভাগচাষী—রাজস্বমন্ত্রী মহাশয় হয় তো বলবেন এদের আবার স্বত্ব কি, কিন্তু ভূমি-সংক্রান্ত আইন অনুসারে তাদের স্বত্ব স্বীকার করে নেওয়া হয়েছে তাদের কি অবস্থা হবে ? তা ছাড়া মূল আইনের ক্লজ (ভি) অনুসারে সরকারের হাতে যেসমস্ত ভূসম্পত্তি বর্তাবে, সেই সম্পত্তির মধ্যে যদি মাধ্যমিকের অধীনে কোন দরিদ্র ভাগচাষী বা নিম্নস্থ প্রজা থাকে তাহলে সেই সমস্ত শর্ত নষ্ট হয়ে সরকারের হাতে বর্তাবে।

ফরেস্ট সম্পর্কে যে সংশোধনী এনেছেন পরবর্তী ধারায় সেখানে অন্য কোন সাধারণ মানুষের যদি কোন কন্ট্রাকচুয়াল রাইট বা কাস্টমারী রাইট থাকে সেগুলি আনার দ্বারা বা সেগুলি সম্পর্কে অন্য কোন মানুষের যদি স্বত্ব থাকে, সেগুলি স্বীকার না করে ফরেস্ট সম্পর্কে আমরা সেটা সমর্থন করলেও দেখা যায় ৫ ধারা অনুসারে যত সম্পত্তি সরকারের হাতে আসবে, সেই সমুদয় সম্পত্তির মধ্যে কোন ব্যক্তিবিশেষের এই তিনটার অধিকার ছাড়া—রায়ত, কোর্ফা-রায়ত এবং নন-এগ্রিকালচারাল টেনান্ট ছাড়া—আর যদি কারো কোন অধিকার থাকে সেসব অধিকার

থেকে সাধারণ মানুষ বঞ্চিত হবে। সেজন্য এই এ্যামেন্ডমেন্টের প্রয়োজন। তা ছাড়া যেটা কন্ট্রাডিক্টরি রয়েছে সেটা আমি আপনার সামনে উপস্থাপিত করবো। সেটা হোল এই যে, ২ নম্বর ধারায় বলা আছে—

but shall except in the case of land allowed to be retained by an intermediary.

অর্থাৎ যে-সমস্ত জমি জমিদার হাতে রাখবে সে-সমস্ত ক্ষেত্রে ভাগচাষীদের স্বার্থ ঠিকভাবে অক্ষুন্ন থাকতে পারে কিন্তু যে জমি বর্তাবে সরকারের হাতে, সেই জমিতে ভাগচাষী বা সেই জমিতে অন্য কোন প্রজার স্বার্থ রক্ষা করা হচ্ছে না এখানে। আমরা দেখেছি এর আগে যখন মূল আইন ১৯৫৩ সালে হাউসের সামনে উত্থাপন করা হয়েছিল, সেই আইনের ৬ষ্ঠ অধ্যায়ে একটা সংযোজন করা হয়েছিল, সেই অধ্যায় যদিও চালু করা হয় নি, তবুও একটা ইঙ্গিত দেওয়া আছে যে, ভবিষ্যতে সেটা চালু করে ভাগচাষীদের সেই অধিকার স্বীকার করা হবে। কিন্তু পরবর্তী সংশোধনীতে ৬ষ্ঠ অধ্যায়ে ভাগচাষীদের সম্পর্কে যে কথা বলা ছিল সেটা তুলে নেওয়া হয় এবং তখন থেকে ভাগচাষীদের সম্পর্কে সরকারের যে মনোভাব সেই মনোভাব সম্পর্কে আমাদের সন্দেহ আরো দৃঢ়তর হয়, যখন আমরা দেখলাম যে ৬ষ্ঠ অধ্যায় তাঁরা ভবিষ্যতে চালু করবেন না, সেটা সম্পূর্ণ দিয়ে দিয়েছেন। এখানে ফ্রি ফ্রম অল এনকামব্রান্সেস—তাঁরা রায়ত, আন্ডার-রায়ত, নন-এগ্রিকালচারাল টেনান্ট রাখছেন, সেইভাবে যদি ভাগচাষীদের সংযোজন করে নেওয়া হয় বা আর কোন গরীব লোক যদি মাধ্যমিকের কাছ থেকে কন্ট্রাকচুয়াল রাইট নিয়ে থাকে, সেগুলি সম্বন্ধে অনার দেওয়া হবে এবং সেখানে সরকার তাদের জমি থেকে উচ্ছেদ করবেন না, সেই জন্য এই সংশোধনীটা যোগ দেওয়া দরকার। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এইজন্য বলছি যে, অনেক সময় দেখা গেছে যে, বিরোধী পক্ষের তরফ থেকে যদিও সংশোধনী প্রস্তাব তোলা হয় এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়, তবুও অনেক সময় সরকার গোঁ ধরে থাকেন যে, যেহেতু এ্যামেন্ডমেন্ট অপোজিশন পার্টী থেকে এসেছে, সেইহেতু সেগুলি মন দিয়ে দেখবার চেষ্টা করেন না। এক্ষেত্রে রাজস্বমন্ত্রীকে আমি অনুরোধ করবো যে, ভাগচাষীরা বা অন্যান্য দরিদ্র সাধারণ মানুষ তারা মাধ্যমিকের কাছ থেকে যা কিছুটা অধিকার পেয়েছে, ঐ তিনটা পর্যায় ছাড়া, নন-এগ্রিকালচারাল টেনান্ট, রায়ত এবং আন্ডার-রায়ত ছাড়া, আর কোন গরীব মানুষের যদি স্বত্ব থাকে তাহলে সেই স্বত্ব যেন বিঘ্নিত না হয়, সেদিকে যেন তিনি একটু দৃষ্টি দেন। আমরা জানি সরকার বা সরকারী কর্মচারীরা ঠিকভাবে তাদের সেই অধিকার স্বীকার করেন না। কাজেই বিমলবাবুকে বলবো যে, এই সেফগার্ডটা রাখা দরকার বিশেষ করে আমরা যখন দেখছি যে আগের আইনের ৬ষ্ঠ অধ্যায়কে তাঁরা এখান থেকে তুলে দিয়েছেন এবং ভাগচাষী সম্পর্কে তাঁরা কোনরকম চিন্তা করছেন না। কাজেই ভবিষ্যতে গরীব সাধারণ মানুষেরা যে সমস্ত অধিকার জানিয়েছে, সেই অধিকার থেকে তারা যেন বঞ্চিত না হয়, সেদিকে দৃষ্টি দিতে আমি অনুরোধ করছি।

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that after clause 2(a) the following new clause be inserted:—

"(b) in clause (i) after the words "includes a lessee and a sub-lessee" at the end, the words "and in relation to forests, includes any person owning such forests" shall be added and be deemed always to have been added.

Sir, I also beg to move that in clause 2, for sub-clause (b) the following sub-clause be substituted:—

"(c) for clause (j) the following shall be substituted and be deemed always to have been substituted:—

'(j) "non-agricultural land" means land other than agricultural land, and includes land comprised in tank fisheries, but excludes land comprised in forests.

Explanation.—"Tank fishery" means a reservoir or place for the storage of water, whether formed naturally or by excavation or by construction of embankments, which is being used for pisciculture or for fishing, together with the sub-soil and the banks of such reservoir or place, except such portion of the banks as are included in the homestead or in a garden or orchard and includes any right of pisciculture or fishing in such reservoir or place.' "

স্পীকার মহাশয়, আমার এ্যামেন্ডমেন্ট নম্বর ২এ। এখানে ইন্টারমিডিয়ারির যে ডেফিনিশন আছে, সেই ডেফিনিশনকে আমি পরিবর্তন করতে চাচ্ছি। এখানে ডেফিনিশনে ইন্টারমিডিয়ারীর মধ্যে ফরেস্ট যাঁদের আছে, এমন ইন্টারমিডিয়ারী বাদে অন্য কোন ব্যক্তির আয়ত্বে যদি ফরেষ্ট থাকে, সেইরকম ব্যক্তিও ইন্টারমিডিয়ারীর পর্যায়ে যাতে পড়েন সেই ব্যবস্থাটা বিধিবদ্ধ করবার জন্য আমার এই সংশোধনী প্রস্তাব। এই আইনের অন্যতম মূল উদ্দেশ্য হচ্ছে এই যে, যেকোন ব্যক্তির হাতে ফরেস্ট থাকুক না কেন, সেই ফরেস্ট দখল করতে হবে—যে ব্যবস্থা এর আগে ছিল না।

[6-20—6-30 p.m.]

আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করি। এই যে সংশোধনী আইন এসেছে তাতে ফরেষ্টগুলোকে নেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে যে, ইন্টারমিডিয়ারীর ডেফিনিশন-এর মধ্যে যদি ফরেস্ট-এর মালিক অন্তর্ভুক্ত না হন, ইন্টারমিডিয়ারীর বাহিরে এনি পার্সন ওনিং এ ফরেষ্ট এমন ব্যক্তিকেও যদি ইন্টারমিডিয়ারীর ডেফিনিশন-এর মধ্যে ফেলা না যায়, তাহলে তার ক্ষেত্রে এই এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট প্রয়োগ করা যাবে না বা তার ফরেস্টগুলোও দখল করা যাবে না। কারণ বর্তমানে চালু যে মূল আইন তার ৪নং ধারায় যে নোটিফিকেশন-এর ব্যবস্থা আছে, সেই নোটিফিকেশন-এর কি এফেক্ট হচ্ছে সেটা আইনের ৫নং ধারায় স্পষ্ট করে দেওয়া আছে। সেখানে আছে

"upon the due publication of a notification under section 4, on and from the date of vesting the estates and the rights of intermediaries in the States, to which the declaration applies, shall vest in the State free from all incumbrances, etc."

স্পষ্টতঃ এখানে—

only the rights of intermediaries will vest in the states.

কিন্তু এনি আদার পার্সনও কোন রাইট ভেস্ট করতে পারছে না। এই মূল যে আইন, সেই মূল আইনে ইন্টারমিডিয়ারীর ডেফিনিশন যদি আমরা দেখি তাহলে দেখব যে সেখানে আছে—

"Intermediary means a proprietor, tenure-holder, under-tenure-holder or any other intermediary above a raiyat or a non-agricultural tenant and it includes service tenure-holder and in relation to mines and minerals includes a lessee and a sub-lessee".

তাহলে দেখা যাচ্ছে যে, মাইনস এ্যান্ড মিনারালস-এর ক্ষেত্রে লেসি এ্যান্ড সাব-লেসিকেও ইন্টারমিডিয়ারীর পর্যায় ফেলা হচ্ছে। এখানে এনি পর্সন ওনিং এ ফরেস্টকেও যদি ঐ ইন্টারমিডিয়ারীর পর্যায় না ফেলা যায় তাহলে তার ক্ষেত্রে জমিদারী দখল আইন প্রযোজ্য হবে না। এবং তার ফরেষ্ট দখল করা যাবে না, সেজন্য এই ডেফিনিশন-এর শেষে

"and in relation to forests includes any person owning such forests".

ই কথাগুলি আমি এ্যাড করতে চাচ্ছি। কারণ বর্তমানে যে সংশোধনী আইন এসেছে, সেই সংশোধনী আইনের একটু পরের দিকে যদি আমরা দৃষ্টিপাত করি তাহলে দেখতে পাব যে এই সংশোধনী আইনের ৪ ধারার (বি) উপধারাতে উল্লেখ করা হয়েছে—

"In the case of lands comprised in a forest and held by a person other than an intermediary which vest in the State, such person shall, for the purpose of assessment of compensation, be deemed to be an intermediary".

অর্থাৎ এখানে দেখছি যে ইন্টারমিডিয়ারী ভিন্ন এনি আদার পার্সন ওনিং এ ফরেস্টকে ইন্টারমিডিয়ারী বলা হচ্ছে ফর দি এ্যাসেসমেন্ট অফ কম্পেনসেশন। কিন্তু বক্তব্য হচ্ছে যে এ্যাসেসমেন্ট অফ কম্পেনসেশন-এর বেলায় ইন্টারমিডিয়ারী ধরবার পূর্বে তার ফরেস্ট এ্যাকোয়ার করবার জন্য তাকে যদি ইন্টারমিডিয়ারী ধরা না হয়, তাহলে তার ফরেস্ট এ্যাকোয়ার করতে পারেন না এবং তার কম্পেনসেশন এ্যাসেসমেন্ট-এর প্রশ্নও আসে না। আমার বক্তব্য হচ্ছে যে, আগে তার ক্ষেত্রে এই এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট-এর প্রয়োগের দ্বারা তার ফরেস্টকে দখল করতে হবে, এবং সেইজন্য আগে তাকে ইন্টারমিডিয়ারীর পর্যায়ে ফেলতে হবে এবং তারপরে এ্যাসেসমেন্ট-এর প্রশ্ন আসবে। সেজন্য ইন্টারমিডিয়ারীর ডেফিনিশন ক্ষেত্রে আমার বক্তব্য এই যে—

"in relation to forests includes any person owning such forests".

এই কথাগুলি রাখা দরকার। কারণ তা না হলে তার ক্ষেত্রে মূল আইনের ৪ ধারা এবং ৫ ধারা প্রয়োজ্য হবে না। অর্থাৎ তার ফরেস্ট স্টেট-এ ভেস্ট করবে না—কম্পেনসেশন-এর প্রশ্ন অনেক পরের কথা। সেজন্য আমি বলি যে, আমার এই সংশোধনীটা গ্রহণ করা উচিত এবং নিরঙ্কুশভাবে ঐ ফরেস্টের মালিক—তিনি ইন্টারমিডিয়ারী হোন আর এনি পার্সন হোন তাঁকে ইন্টারমিডিয়ারীর পর্যায়ে ফেলা উচিত, যাতে যে-কোন ব্যক্তির ফরেস্টকে এস্টেটস এ্যাকুইজিশন এ্যাক্ট-এর বিধান অনুযায়ী দখল করে নেওয়া যেতে পারে। এটা যদি না করা যায় তাহলে পরবর্তী যে ধারাই থাকুক না কেন, এই বিলের আওতায় সকল ফরেস্টকে এ্যাকোয়ার করা যাবে না। এই বলে আমি মন্ত্রী মহাশয়কে আমার এই সংশোধনী প্রস্তাবটি বিবেচনা করে দেখবার জন্য অনুরোধ জানাই।

এবার আমি আমার এ্যামেন্ডমেন্ট নং ২বি সম্বন্ধে বলছি। বিল-এর ক্লজ ২(বি)তে নন-এগ্রিকালচারাল ল্যান্ড-এর ডেফিনিশন সম্বন্ধে সংশোধনী প্রস্তাব এসেছে। আমার সংশোধনী প্রস্তাবে নন-এগ্রিকালচারাল ল্যান্ড-এর এই ডেফিনিশনটিকে আরও পরিবর্তিত করবার চেষ্টা করা হয়েছে। ফরেস্টের ক্ষেত্রে ফরেস্টগুলি নন-এগ্রিকালচারাল ল্যান্ড থেকে যে বাদ যাবে বিল-এ সেই কথা বলা হয়েছে। এ-বিষয়ে আমার দ্বিমত নেই, কিন্তু আমি ঐ নন-এগ্রিকালচারাল ল্যান্ড-এর আওতায় ফিসারীগুলিকেও ঢোকাতে চাই। তাই নন-এগ্রিকালচারাল ল্যান্ড-এর যে ডেফিনিশন তাতে আমার এই সংশোধনী প্রস্তাবের দ্বারা পরিবর্তিত করতে চাচ্ছি। কেন যে নন-এগ্রিকালচারাল ল্যান্ড-এর মধ্যে ফিসারীকে ঢোকাতে চাচ্ছি তার একটা কারণ আছে। আমরা চাই যে ফিসারীগুলো সরকারের দখলে আসুক। কিন্তু তাতেও এক্ষেত্রে কতকগুলি প্রশ্ন থেকে যায়, যেগুলির সমাধান দরকার। নন-এগ্রিকালচারাল ল্যান্ড-এর যে ডেফিনিশন রয়েছে, তাকে বদলে আমি এইভাবে দিতে চাই:—

"non-agricultural land means land other than agricultural land and includes land comprised in a tank fishery but excludes land comprised in forest".

আমি ট্যাঙ্ক ফিসারীর ডেফিনিশন সম্বন্ধে মূল আইনের ৬(১)(ই) ধারার এক্সপ্লানেশন-এ ট্যাঙ্ক ফিসারীর যে ডেফিনিশন রয়েছে, সেটাই দিয়েছি। সেই ডেফিনিশন বা এক্সপ্লানেশন-এর মধ্যে যা রয়েছে, তাতে দেখা যাচ্ছে যে, যে-কোন রিজার্ভয়ের, যেখানে জল থাকে বা মাছের চাষ করা হয়, সেগুলি ট্যাঙ্ক ফিসারীর মধ্যে পড়ে। এই সকল ফিসারীর মধ্যে পল্লী-অঞ্চলে বাস্তু বা বাগান সংলগ্ন যেসমস্ত পুকুর আছে, সেগুলো সম্বন্ধে একটু বিবেচনা করে

মিঃ স্পীকার, মাননীয় চীফ মিনিস্টার নিশ্চয়ই জানেন, যাদের নামে ইনটিমিডেশন ও ভায়োলেন্সএর জন্য মামলা করা হয়েছিল আপার কোর্টএ রায়ে একমাত্র দেবেন সেন যিনি এমপ্লয়েড নন ছাড়া আর সকলেই খালাস পেয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I want to make one thing clear. Mr. Sattar has already said that we have got no direct authority over the coalfield owners. We can only negotiate as a middleman or as an outsider or as a man in the street and as such we arranged to reinstate 105 men. If there are any cases against any group of persons who are guilty of intimidation or violent action, we cannot help because we cannot go beyond this.

Sj. Somnath Lahiri: Arising out of the answer just now given

আমরা কি আশা করতে পারি, যেসমস্ত ওয়ার্কার কনভিকটেড বাই দি কোর্ট হয় নাই ইনটিমিডেশন অথবা ভায়োলেন্ট অ্যাক্টএর জন্য, তা হ'লে ঐ ৯৫ জন যাদের নেওয়া হয় নি—মাননীয় মন্ত্রীমহাশয় কি চেষ্টা করবেন তাদের যাতে নেওয়া হয়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is a request for action. However, again I say that if they come to me, I will do my best.

Implementation of the assurance given by the Chief Minister to the strikers of Raniganj Coal-mines

***40.** (Admitted question No. *72.) **Janab Taher Hossain:** *a*) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state if it is a fact that after the strike in Raniganj Coal-mines in May, 1956, the Hon'ble Chief Minister gave an assurance that the dismissed workers would be taken back and there would be no victimisation?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether the assurance has been implemented in practice; and

(*ii*) if not, why not?

The Hon'ble Abdus Sattar: (a) Yes, but at the same time it was made clear in the Hon'ble Chief Minister's statement that "those strikers who had committed or incited acts of violence, intimidation and coercion of any kind during the strike cannot claim exemption from any action taken thereof."

(*b*)(*i*) Hon'ble Chief Minister's assurance has not been violated.

(*ii*) Does not arise.

Closure of Victory Jute Mills, Garden Reach, 24-Parganas

***41.** (Admitted question No. *116.) **Sj. Shaikh Abdullah Farooquie:** (a) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state if it is a fact that Victory Jute Mills at Garden Reach, 24-Parganas, has been recently closed down?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the reasons of this closure;

(*ii*) number of workers thrown out of employment due to this closure;

(*iii*) whether the workers of this closed jute mill are getting their legitimate dues from the Management; and

(*iv*) if not, what steps, if any, Government propose to take in this respect?

The Hon'ble Abdus Sattar: (a) Yes.

(*b*)(*i*) Uneconomic running of the mill and losses sustained by the company.

(*ii*) About 1,763.

(*iii*) and (*iv*) No. Steps permissible under the Industrial Disputes Act for realisation of the workers' dues have been taken with all possible expedition. The Labour Commissioner has started proceedings under the Public Demands Recovery Act in respect of the individual claims from the workers.

[3-50—4 p.m.]

Janab Shaikh Abdullah Farooquie: Who are the competent authorities to take action under the Industrial Disputes Act regarding realisation of dues?

The Hon'ble Abdus Sattar: So far as Provident Fund is concerned, the workers have got it. So far as compensation is concerned, it is still pending.

Dr. Ranendra Nath Sen:

এই কোয়েশ্চেনটা পরিষ্কার হ'ল না, উনি প্রশ্ন করছিলেন যে, কম্পিটেন্ট অথরিটি কে যে রিয়েলাইজমেন্ট বেনিফিট পাইয়ে দেবে?

The Hon'ble Abdus Sattar:

কোথায়?

Dr. Ranendra Nath Sen:

এই যে উত্তরে আছে,

steps permissible under the Industrial Disputes Act for realisation of the workers' dues'.

এখন প্রশ্ন হচ্ছে কার কাছে গেলে হবে?

The Hon'ble Abdus Sattar:

স্টেট গভর্নমেন্টএর কাছে, লেবার কমিশনারএর কাছে।

Sj. Somnath Lahiri:

এই ভিক্টরি জুট মিলএর মালিক কারা?

The Hon'ble Abdus Sattar:

এম এ ইস্পাহানি, পাকিস্তানে বাড়ি।

Sj. Somnath Lahiri:

এই পাকিস্তানি ন্যাশানালএর জুট মিল বন্ধ হবার কারণ কি এটা যে, তারা পাকিস্তানে 'মেশিনারি' সরিয়ে নেবার চেষ্টা করেছে?

The Hon'ble Abdus Sattar:

তাদের ব্যবসা গোলমালের জন্য, দেখাশুনা না করার জন্য লোকসান হবার জন্য এটা বন্ধ হয়েছে—এটা তাদেরই কথা।

Sj. Somnath Lahiri:

তাদের একথা তদন্ত ক'রে প্রমাণ যোগাড় করার প্রয়োজন মনে করেছেন কি?

The Hon'ble Abdus Sattar:

সরকার যথেষ্ট তদন্ত ক'রে এই সিদ্ধান্তে এসেছেন যে, হ্যাঁ, ঐ কারণেই বন্ধ হয়েছে এবং ক্ষতিপূরণ মিলের হেড অফিস পাকিস্থানে হওয়ায় সহজ হবে না, তবুও সরকার চেষ্টা করছেন।

Sj. Somnath Lahiri:

কি ধরনের তদন্ত হয়েছে আর একটু বিশদভাবে জানতে পারি কি? অর্থাৎ তাদের অ্যাকাউন্ট চেক করা হয়েছে কি?

The Hon'ble Abdus Sattar:

সাধারণভাবে যা করার, আইনত যা করা যায় তা করা হয়েছে।

Janab Shaikh Abdullah Farooquie: Regarding realisation of dues what concrete steps have been taken?

The Hon'ble Abdus Sattar: The Labour Commissioner has started proceedings under the Public Demands Recovery Act.

Tribunal award on Printing Press Industry of Calcutta and Howrah

***42.** (Admitted question No. *123.) **Sj. Jatin Chakravorty:** (a) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state if it is a fact—

(*i*) that a general award concerning the Printing Press Industry of Calcutta and Howrah was given by the Judge of an Industrial Tribunal on the 1st February, 1951, and was published in the *Calcutta Gazette* on the 1st March, 1951; and

(*ii*) that the said award was upheld by the Labour Appellate Tribunal of India, Calcutta, on the 23rd August, 1951, and ultimately by the Hon'ble Supreme Court by dismissing the appeal of the employers with costs on the 26th November, 1954?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether all the employers have given effect to the award; and

(*ii*) if not, what action Government propose to take in the matter of implementation by the parties concerned?

The Hon'ble Abdus Sattar: (a) (i) Yes.

(*ii*) Yes. The award was modified by the Hon'ble Labour Appellate Tribunal of India in some respects.

(*b*)(*i*) No

(ii) Out of the 90 Printing Presses which were parties before the Tribunal, the Press Employees' Association prayed for prosecution of five printing presses, namely, (1) Calcutta Chromotype Ltd., (2) Prabortak Printing & Halftone Ltd., (3) Calcutta Exchange Gazette, (4) Express Printers, and (5) Janabani Printers & Publishers Ltd. Prosecution was launched against three of these presses: (1) Calcutta Chromotype Ltd., (2) Prabortak Printing & Halftone Ltd., and (3) Calcutta Exchange Gazette. The question of prosecution of the Management of the Express Printers is under consideration. Regarding Janabani Printers and Publishers, a bipartite agreement has already been arrived at.

A number of applications under section 20 of the Industrial Disputes (Appellate Tribunal) Act, 1950, has been received from the individual workers of some of the Presses and these are under consideration.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, দু' নম্বরের প্রশ্নের জবাবে উনি যে ফিরিস্তি দিয়েছেন যে,

application under section 129.

সেই প্রসিকিউশন এবং রিয়্যালিজেশনএর বন্দোবস্ত করা হয়েছে, কবে সেই অর্ডার দেওয়া হয়েছে?

The Hon'ble Abdus Sattar:

নোটিস চাই।

Sj. Jatindra Chandra Chakravorty:

এটা কি '৫৭এ করা হয়েছে?

The Hon'ble Abdus Sattar:

নোটিস চাই।

Sj. Jatindra Chandra Chakravorty:

এতেও নোটিস চাই?

The Hon'ble Abdus Sattar:

'৫৬এ করা হয়েছে।

Sj. Jatindra Chandra Chakravorty:

সুপ্রীম কোর্টএ রায় বেরিয়েছে, দু' বছর দেরি হ'ল কেন?

The Hon'ble Abdus Sattar:

প্রসিকিউশন ক'রে সাজা দিলে ওয়ার্কারদের কোন উপকারে আসে না যাতে অ্যাওয়ার্ড ইমপ্লিমেন্টেড হয় সেজন্য অ্যামিকেবলি সেটেলমেন্টএর চেষ্টা হয় ব'লে দেরি হয়েছে।

Sj. Jatindra Chandra Chakravorty:

রিয়্যালাইজেশন অব ডিউজএর জন্য যে অ্যাপ্লিকেশন করা হয়েছে সেটাতে ত' রিয়্যালাইজেশন হবার কথা। সুতরাং দু' বছর তার জন্য অপেক্ষা করা হ'ল কেন?

The Hon'ble Abdus Sattar:

স্টেপ নেওয়া হচ্ছিল, আলোচনা করা হচ্ছিল এবং সদস্য মহাশয় জানেন যে, অনেক সময় আলোচনার দ্বারা অনেক হাঙ্গামা এড়ানো যায়।

Sj. Jatindra Chandra Chakravorty:

২ নম্বর প্রশ্নের জবাবে শেষভাগে বলা হয়েছে,

A number of applications under section 20 of the Industrial Disputes (Appellate Tribunal) Act, 1950.

এটা উল্লেখ করা হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে, এই অ্যাক্ট রিপিল্ড হয়ে গেছে? এই অ্যাক্টে আর আপীল বা দরখাস্ত করা চলে না?

The Hon'ble Abdus Sattar:

যখন অ্যাপ্লিকেশন করা হয়েছে তখন এটা বাতিল হয় নি।

Mr. Speaker: When the application was made the Act was not repealed.

Sj. Jatindra Chandra Chakravorty:

যখন অ্যাপ্লিকেশন করা হয়েছে তারপরে আইনটা বাতিল হবার পর অন্য দরখাস্ত পেয়েছেন কি?

The Hon'ble Abdus Sattar:

নোটিস চাই, অফ হ্যান্ড বলা যায় না।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

এখানে বলেছেন—

regarding Janabani Printers and Publishers, a bipartite agreement has already been arrived at.

এই সমস্ত ক্ষেত্রে আপনার কি জানা আছে যে, অ্যাওয়ার্ড ইমপ্লিমেন্টেড হয় না ব'লে শেষ পর্যন্ত অ্যাওয়ার্ডে যা থাকে তার অনেক কমে এনফোর্স করা হয় বা অর্ধেকের কমে এগ্রিমেন্ট করার জন্য ব্যবস্থা করা হয়ে থাকে?

The Hon'ble Abdus Sattar:

আমাকে জানালে আমি দেখব।

Mr. Speaker: Don't put hypothetical question.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

হাইপথেটিক্যাল কোয়েশ্চেন নয় স্যার, আমি কংক্রিট কেসের কথা বলতে পারি। এই প্রসঙ্গে বহু কেস আছে। যেমন সি কমেন্স কোঃ লিঃএ প্রায় ২০ হাজার টাকার মত অ্যাওয়ার্ড হয়েছিল, সেখানে দেড় বছর, ২ বছর যাবৎ যেহেতু কোনক্রমে কোম্পানিকে বাধ্য করা যায় নি, লেবার কমিশনারস অফিসের থেকে বাধ্য করা হয়েছিল, ২ বছরের মধ্যে কোন রিলিফ পাওয়া যায় নি--এটা কি সেই জাতীয় কেস?

The Hon'ble Abdus Sattar:

নোটিস পেলে অনুসন্ধান ক'রে বলতে পারি। তবে মাননীয় সদস্য যেটা উল্লেখ করেছেন সে সম্বন্ধে আমি বলতে পারি যে, লেবার ডিরেক্টরেট থেকে কোন কিছু করতে বাধ্য করা হয় না, কর্মীরা যেটায় রাজী হয় এবং সম্মত হয় সেটাই এফেক্ট দেওয়া হয় লেবার ডিরেক্টরেট থেকে।

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আমার প্রশ্নটা.....

Mr. Speaker: I think it is a complete answer.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আমার প্রশ্নের জবাবটা ঠিক হ'ল না, স্যার। প্রসিকিউশন না করার জন্য পার্টি বাধ্য হয় এই ধরণের সেটেলমেণ্ট করতে, এটা কি সত্য?

Mr. Speaker: He has answered the question. Question time over.

[4—4-10 p.m.]

Time for non-official business.

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, before you proceed to the next business I would like to get clarified about tomorrow's agenda, because tomorrow is non-official day. In the circular which was circulated to us at an earlier stage two hours have been set apart for it. On that I raised the question earlier. I do not know yet what is the settlement because we had wanted the entire Friday to discuss non-official business. This circular about first preference resolutions has been circulated to us.

Mr. Speaker: I shall see the Leader of the House when I rise and if there is a settlement it can be acted upon.

COVERNMENT BILLS

The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957.

Clause 3

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 3(a), in line 1, after the word "forests" the words "and fisheries" be inserted.

I also beg to move that in clause 3(b) in the proposed clause (aa), in line 3, after the words "produce thereof" the words "and all lands, water and the banks of such reservoir or place in any estate comprised in a fishery together with all rights to the fishes therein or produce thereof" be inserted.

মাননীয় স্পীকার মহাশয়, ৩ নম্বর ধারায় আমার দুটি অ্যামেন্ডমেণ্ট আছে—অ্যামেন্ডমেণ্ট নং ফোর অ্যান্ড সিক্স। এই অ্যামেন্ডমেণ্ট দুটি মূলত আমি ফিসারিকে আইনের আওতায় আনবার জন্য এই অ্যামেন্ডমেণ্ট দিয়েছি। এই সম্পর্কে ইতিপূর্বে আর কয়েকটি অ্যামেন্ডমেণ্ট হাউসের সামনে উপস্থাপিত করা হয়েছে এবং আমার এই দুটো ঠিক ঐ ধরনের হলেও ওর থেকে একটু পার্থক্য রয়েছে। তা হ'ল এই মূল আইনে আমরা ৫ ধারা অনুসারে যদিও ফিসারি এবং ফরেস্ট ইত্যাদি স্টেটের উপরে বর্তাবে এবং স্টেটের হাতে মালিকানা স্বত্ব চলে যাবে—একথা মূল আইনের ৫ ধারায় বলা ছিল তবুও আমরা দেখেছি তার পরবর্তী ধারা ৬ ধারায় ফিসারির যে ডেফিনিশন দেওয়া হয়েছে সেই ডেফিনিশন অনুসারে কোন ফিসারি সরকারের হাতে আসে না। কাজেই এমন সংশোধন করা দরকার যার মধ্যে দিয়ে আমরা ছোটখাট পুকুর যে পুকুরগুলি কেটে ছোটখাট মালিক যারা বাড়ির সংলগ্ন বাস্তুর সংলগ্ন যেসমস্ত পুকুর আছে সেসমস্ত পুকুর বাদ দিয়ে যেসমস্ত বড় বড় বিল বা জলাশয় আছে যেগুলি হয়ত প্রাকৃতিক কারণে গড়ে উঠেছে কিম্বা একটা এমব্যাঙ্কমেণ্ট দিয়ে যে পুকুর বা জলাশয়ের সৃষ্টি করা হয়েছে সেই সমস্ত বড় বড় বিল এবং জলাশয়ের মাছের চাষ সেগুলি রাষ্ট্রের হাতে আসা দরকার। এবং এই সম্পর্কে এটাও বলা দরকার যে, আমরা যদিও ফরেস্টকে এই আইনের মাধ্যমে ৫ ধারার মধ্যে সরকারের হাতে বর্তাবে এটা মূল আইনে যদিও রয়েছে। তবে রাজস্বমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেছেন এই ধারার সংশোধন করার অন্যতম কারণ হ'ল এই যে, কতকগুলি জাজমেণ্ট এমনভাবে হয়েছে, যেগুলোতে আমাদের এই ফরেস্ট সম্পর্কে যে মূল আইনে যে ধরনের ধারণা ছিল যে সরকারের হাতে বর্তাবে তার বিরোধী অনেকগুলি জাজমেণ্ট

হয়েছে। যেগুলোতে ফরেস্টকে আওতায় আনা বানচাল ক'রে দেয়। যার জন্য এই ক্লারিফিকেশন দরকার যে ফরেস্টএর ক্ষেত্রে যদি মাধ্যমিক ছাড়া আর কোন সাধারণ মানুষেরও কোন রাইট থাকে সেসমস্ত রাইটসগুলো স্টেটের হাতে বর্তাবে। এই যে দীর্ঘদিন এই অবস্থায় পড়েছিল মূল আইন যখন পাশ হয়, যে ধরনের ভয় আমাদের মধ্যে ছিল এবং সে সম্পর্কে অনেক সদস্য তখনকার দিনে এই বিধানসভার মধ্যে এই প্রশ্ন উত্থাপন করেছিলেন। যাই হউক ১৯৫৩ সাল থেকে ১৯৫৭ সাল এই দীর্ঘ ৪ বৎসরের মধ্যে যে বিলম্ব হয়ে গেল এই বিলম্বের পরে একটা ব্যর্থ সংস্কারের মধ্যে দিয়ে আমরা আমাদের পূর্বেকার দোষত্রুটি শোধরাবার চেষ্টা করছি। এটা একটা ভাল কথা কিন্তু আরও যেসমস্ত জিনিস রয়ে গেল যেমন হাট, বাজার, ফিসারিজ এবং অন্যান্য সম্পর্কেও এই ধরনের জাজমেন্ট যদি পরে দেখা যায় তা হ'লে দেখব যেমন আমরা দেখতে পাচ্ছি, ফরেস্টএর ক্ষেত্রে তেমনি অন্যান্য ক্ষেত্রেও এখন যেসমস্ত স্টেটের হাতে বর্তাবে ৫ ধারা অনুসারে তাদের ক্ষেত্রেও অন্যান্য সাধারণ মানুষের রাইট বাধা সৃষ্টি করতে পারে এবং যে কারণে আজকে রাজস্বমন্ত্রী এই ধারার সংশোধন আনছেন হয়ত আমরা দেখতে পাব ২।৪ দিন বাদে তিনি আবার হয়ত অ্যামেন্ডমেন্ট আনবেন যে, এই মিনারাল হাট-বাজার ইত্যাদি সম্পর্কেও অন্য সাধারণ মানুষের যেসব স্বত্ব সেই স্বত্ব থাকবে না। ফ্রি ফ্লম অল ইনকামব্রান্স বলতে অন্য সাধারণ মানুষের স্বত্বকে নষ্ট ক'রে দিয়ে সমস্ত স্বত্ব সরকারের হাতে পৌঁছান দরকার। এই ব্যাপারে আপনাদের কাছে আমরা আশা করেছিলাম সরকারের পক্ষ থেকে যে, যখন ফিসারির ক্ষেত্রে এই ধরনের অ্যামেন্ডমেন্ট এখনই তাঁরা আনবেন, যেমন আমরা ফরেস্টএর ক্ষেত্রে দেখছি, আমরা এই ধরনের অ্যামেন্ডমেন্ট শুধু ফরেস্ট কেন হাট-বাজার এবং যেসমস্ত জিনিস রয়েছে সে সম্পর্কেও এই ধরনের ক্লিয়ার থাকা উচিত ছিল তা না হ'লে ভবিষ্যতে জমিদার এবং মাধ্যমিকদের প্রচেষ্টায় এমন সব স্বত্ব সেখানে তৈরি হবে যেসমস্ত স্বত্ব আমাদের স্বার্থের বিরুদ্ধে যাবে এবং আইনের যে আসল উদ্দেশ্য তাকে ব্যর্থ ক'রে দেবে। এই সম্পর্কে যদি আমরা মধ্যপ্রদেশের

Abolition of Proprietary Rights, 1950, Act I of 1950.

অর্থাৎ

Act I of 1950.

এই আইনকে যদি লক্ষ্য রাখি তা হ'লে আমরা দেখতে পাব সেক্সন ফোর, ক্লজ ওয়ান, সাবসেকসন এ, সেখানে একথা বলা আছে যে, শুধু ফরেস্টএর ক্ষেত্রে নয়—এই আইন যখন মধ্যপ্রদেশে পাশ হয়েছিল তখনই আমি দেখছি সেখানে এই ধরনের সেফগার্ড রাখা হয়েছে। যাতে এই ফরেস্টএর মালিকরা বা ফিসারির মালিকরা নতুন নতুন স্বত্ব তৈরি ক'রে নতুন নতুন জাল দলিল তৈরি ক'রে সেখানে বেনামিতে অন্যান্য স্বাক্ষর তৈরি ক'রে আমাদের রাষ্ট্রের যা উদ্দেশ্য, আমাদের সরকারের হাতে আনার যে উদ্দেশ্য তাকে ব্যর্থ করতে না পারে। যেখানে সেকসন ফোরএ একথা লেখা আছে যে,

"All rights and interests vesting in the proprietor or any person having interest in such proprietary right through the proprietor in such areas including land, grass land, jungle, forest, trees, fisheries, wells, tanks, ponds, water-channels, pathways, village sites, *hat*, bazar, *melas*, etc."

অতএব এই সমস্ত বিষয়েই তাঁরা ১৯৫০ সালে যখন মূল আইন উত্থাপন করেছিলেন তখন তাঁরা সংশোধন ক'রে নিয়েছিলেন—তখন তাঁরা কল্পনা করেছিলেন যদি শুধু ফরেস্টএর মালিকানা স্বত্ব নেই তা হ'লে তারা নতুন নতুন মাধ্যমিকরা স্বত্ব তৈরি ক'রে সরকারকে ফাঁকি দেবার চেষ্টা করবে। কিন্তু এই ক্ষেত্রে আমরা বিলম্ব ক'রে যদি বা আনলাম শুধু কেন আনলাম এই ফরেস্টএর ক্ষেত্রে—কেন অন্তত এইটুকু উইসডম হয় না যে, অন্যান্য জায়গায় যে জাজমেন্ট আমাদের বিরুদ্ধে যাবে না সেটা রাজস্বমন্ত্রী নিশ্চয়ই আশ্বাস দিতে পারেন না যে, অন্যান্য ক্ষেত্রেও যাবে না? এবং এই ধরনের অ্যামেন্ডমেন্ট আমাদের প্রয়োজন হবে না। আমার মনে হয় তিনি একটু চিন্তা ক'রে ফিসারি সম্বন্ধে এবং অন্যান্য ক্ষেত্রে যেমন বাজার-হাট, ফেরি ইত্যাদি ক্ষেত্রে অ্যামেন্ডমেন্ট আনবেন।

[4-10—4-20 p.m.]

Mr. Speaker: I would draw the attention of the honourable members to the fact that an assurance has been given to this House that a comprehensive Bill is going to be brought in the next session. Mr. Mazumdar, please remember that. Therefore, what we are concerned with are the few sections that are before the House. An assurance has been given and I dare say it will be implemented. It is no good wasting time.

Sj. Apurba Lal Majumdar:

আমি এই সম্পর্কে [illegible] দৃষ্টি আকর্ষণ করছি মধ্যপ্রদেশের ঐ

Abolition of Proprietary Rights Act.

এর সেকসন ৪(১)এর প্রতি এবং এ সম্পর্কে একটা কংক্রীট কেসএর কথা উল্লেখ করছি। বাউরিয়া থানায় যে ফোর্ট স্লসেসটার স্টেট রয়েছে সেই এস্টেটের মধ্যে একটা বিরাট বাজার আছে। সেখানে আজও এস্টেটের লোকেরা জমিদারি তোলা তুলছে। ঐ জমিদারি এস্টেটের পাশ দিয়ে যে রাধানগর খাল বয়ে গিয়েছে, সেই খালের মালিকও আজ পর্যন্ত খালের তোলা তুলে নিচ্ছেন এই আইনের ফাঁক দিয়ে। এতে ক'রে তারা একটা রাইট সৃষ্টি ক'রে এই আইনের ফাঁক সৃষ্টি করছে। এই ফাঁক বন্ধ করবার জন্য আমাদের রাজস্বমন্ত্রী চার বছর তার অ্যামেন্ডমেন্ট আনলেন। ফিসারির ক্ষেত্রে অন্তত এটুকু করুন যাতে ক'রে সমস্ত রকম ফিসারি রাষ্ট্রের হাতে নিয়ে আসতে পারা যায় এবং সমস্ত বড় বড় মেছো হাঙ্গররা, যাদের কথা সুবোধবাবু পূর্বে ব'লে গেলেন, তারা ধরা পড়ে। এও ব'লে গেলেন তিনি যে, মন্ত্রিসভার মধ্যে ও কংগ্রেস সদস্যেরও অনেকে, এবং একটা ইন্টারেস্টেড পার্টি নাকি এর বিরোধী। তবুও আমি আবেদন করব সদস্যদের কাছে এটাকে রাষ্ট্রের হাতে আনবার জন্য। যেরকমভাবে তাঁরা ফরেস্টের ক্ষেত্রে করছেন, সেইরকমভাবে ফিসারির ক্ষেত্রেও এই অ্যামেন্ডমেন্টটি উদার দৃষ্টি-ভঙ্গি দিয়ে গ্রহণ ক'রে মন্ত্রীমহাশয় রাষ্ট্রের পক্ষে একটা কল্যাণকর ব্যবস্থা করুন।

Sj. Saroj Roy: Sir, I beg to move that in clause 3(b) the following proviso be added to the proposed clause (aa):—

> "Provided that all customary easement rights enjoyed by the local people in the forests shall continue to be enjoyed by them after the forests vest in the State".

স্যার, আমার অ্যামেন্ডমেন্ট হ'ল—আপনি এইমাত্র যে কথা বললেন যে, আগামী সেসনএ একটা কম্প্রিহেনসিভ বিল আনা হবে তা হ'লে এই সমস্ত ছোটখাটো বিষয় নিয়ে টানাপোড়েন করবেন কেন? মন্ত্রীমহাশয়ের কাছে কাস্টমারী দলের রাইটসএর কথা বলতে গেলে তিনি আমাদের কাছে বলেছিলেন বিভিন্ন এলাকার কাস্টমারি রাইটসগুলি মেনে নেওয়া হবে। এখন সেটা কার্যকরী হবে কিভাবে—তাঁর সঙ্গে আলাপ ক'রে বোঝা গেল ডিপার্টমেন্টাল অর্ডার দিয়ে তিনি সেটা কার্যকরী করতে চান। কাস্টমারি রাইটস যে রাখা উচিত—এতদিন পরে তিনি বুঝতে পারলেন। হাউসের জানা দরকার জমিদারী উচ্ছেদ আইন পাস হবার পর থেকে জঙ্গলের ব্যাপার নিয়ে জঙ্গল অঞ্চলের লোকেরা বিরাট আন্দোলন করেছেন, বহু স্থানে আন্দোলন হয়েছে। এই কাস্টমারী রাইটস মেনটেন করবার জন্য বহু আদিবাসীকে তাদের জীবন পর্যন্ত দিতে হয়েছে, অনেকের জেল হয়েছে। এটা মাননীয় মন্ত্রীমহাশয় জানেন—এরকম ঘটনা বহু ঘটেছে। আজ যখন তিনি বুঝতে পেরেছেন এই কাস্টমারী রাইটস থাকা উচিত সেইজন্য আমি ওই একই উদ্দেশ্যে একটি প্রভাইসো যোগ করতে চাই—এই ৩(বি)তে। সেটা হ'ল—

"Provided that all customary easement rights enjoyed by the local people in the forests shall continue to be enjoyed by them after the forests vest in the State."

নূতন ক'রে যখন ফরেস্ট স্টেটে ভেস্টেড হচ্ছে এবং এই সূত্রে আমরা যখন একটি স্কোপ পেয়েছি তখন যদি এটা না নেন, তা হ'লে পরিষ্কার ক'রে একটা ধারণা আমাদের হবে যে প্রকৃতপক্ষে কাস্টমারি রাইটস রক্ষা করা হবে না। তিনি আরও বলছেন যে, একটা কম্প্রিহেনসিভ বিল এবং

তাতে অনেক কিছু ডিফেক্টস বা ল্যাকুনার সলিউশান করা হবে, আমাদের যথেষ্ট সন্দেহ রয়ে যাবে। যেখানে তিনি মুখে বলছেন কাস্টমারি রাইটস মেনে নিচ্ছেন, সেখানে যদি এটুকু তিনি আইনগতভাবে আইনের মধ্যে না রাখেন, তা হ'লে যথেষ্ট সন্দেহের অবকাশ আমাদের থেকে যাবে।

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন ডিপার্টমেন্টাল অর্ডার দ্বারা অনেক সময় অনেক কাজ হয় না। আমি তাঁকে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, কিছুদিন আগে আমাদের গড়বেতা অঞ্চলে জরীপের কাজ হয়। তখন একটা সমগ্র মৌজায় জরীপের কাজে নানাপ্রকার অন্যায় করা হয়' আইনের দুর্বলতার সুযোগ নিয়ে। এ বিষয়টাই মন্ত্রীমহাশয়কে জানান হ'লে পর তিনি তার জন্য ডিপার্টমেন্টাল অর্ডার দিয়েছিলেন অথচ আজ পর্যন্ত সেই ডিপার্টমেন্টাল অর্ডার অনুযায়ী কোন কাজ হয় নাই। আইনের মধ্যে যদি কোন বিধান না থাকে, তা হ'লে ডিপার্টমেন্টাল অর্ডারকে উড়িয়ে দেওয়া যায়। তাই আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব—এটা আইনে বিধিবদ্ধ করতে। জঙ্গলের ধারে যেসব মানুষের বাস, সাধারণত যা রেল স্টেশন থেকে প্রায় ৪০।৫০ মাইল দূরে, সেইসব অঞ্চলের লোকেরা জঙ্গলের জ্বালানি কাঠ ও কয়লার অভাবে তাদের কোন কাজই করতে পারছে না। এই সমস্ত জায়গা ছাড়াও আমি জানি—আমাদের ডেপুটি স্পীকার মহাশয়ের যে এলাকা সেই রাণীবাঁধ থানার ও পার্শ্ববর্তী বহু জায়গার গোয়ালারা সব এই কাঠের অভাবে জঙ্গলে গরু ধরানোর অভাবে ঘরবাড়ি ছেড়ে অন্যত্র চলে যাচ্ছে। সেখানে তাদের কাস্টমারি রাইটস ছিল জঙ্গলের কাঠ সংগ্রহ করবার, জঙ্গলে গোচারণ করা ইত্যাদির, এমন কি বর্তমানে তাদের জঙ্গলে যাবার পথগুলো পর্যন্ত সব বন্ধ ক'রে দেওয়া হয়েছে। গ্রামাঞ্চলে বিশেষ ক'রে জঙ্গল অঞ্চলের গরিব সাঁওতাল, গরিব কৃষক ও সাধারণ মানুষের জীবনযাত্রা অসহ্য হয়ে উঠেছে তার ফলে। সেদিক থেকে মন্ত্রীমহাশয়ের সততার উপর, কথার উপর বিশ্বাস রেখে অনুরোধ করছি এইটুকু অন্তত তিনি অ্যামেন্ডমেন্ট হিসাবে আইনে যোগ ক'রে নিন।

[4-20—4-30 p.m.]

তাঁর কালকের ও পরশুকার বক্তৃতার পরও কংগ্রেস বেঞ্চ থেকেও শ্যামাপদ ভট্টাচার্য মহাশয়ও বক্তৃতার মাধ্যমে কোন কোন বিষয়ে অনুরোধ করতে বাধ্য হয়েছেন। তিনিও কাস্টমারি রাইটসএর কথা বলতে গিয়ে কি কি কাস্টমারি রাইটস, যেমন আকাঠ, লাগল, জোয়াল ইত্যাদির জন্য কাঠ, গোচারণের অধিকার ইত্যাদি বিষয়গুলিও যে আইনে স্পষ্টভাবে লিপিবদ্ধ করার প্রয়োজন আছে ব'লে মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানান। আমিও বলি যে, কাস্টমারি রাইটসগুলিও এখানে লিখে দেওয়া দরকার। নতুবা সন্দেহ থেকে যায় যে, শেষ পর্যন্ত ডিপার্টমেন্টাল অর্ডার কার্যকরী হবে না। শুধু যদি এক জায়গার কাস্টমারি রাইটস-এর নামগুলো লিখে দেওয়া যায়, তা হ'লে বিভিন্ন জায়গার যেসমস্ত কাস্টমারি রাইটস রয়েছে তার বিভিন্ন ধরণ থাকার জন্য সেগুলি সর্বত্র কার্যকরী করা হবে না। বিভিন্ন জায়গায় বিভিন্ন রকমের কাস্টমারি রাইটস আছে—কোন জায়গায় বা জঙ্গল থেকে কাঠ-পাতা নেবার অধিকার, কোথাও বা গরু চরানোর অধিকার রয়েছে। মেদিনীপুরে যেটা আছে, জলপাইগুড়িতে সেটা নাই, বা ২৪-পরগনাতেও সেটা নাই। সেদিক থেকে আমার বিশেষ অনুরোধ অন্তত তিনি আমার যে প্রভাইসো যেটা আমি দিয়েছি

Provided that all customary rights

ইত্যাদি—ঐটুকু যেন তিনি গ্রহণ করেন তা হ'লে সব জায়গারই কাস্টমারি রাইটস কভার করবে। তিনি যে কথা বলেছেন, সেই কথাই এখানে দেওয়া হয়েছে, বাড়তি কোন কথা দিই নাই। প্রয়োজনের দিক থেকে এটা অত্যন্ত দরকারী। আবার অনুরোধ করছি, এটা তিনি গ্রহণ করুন।

Sj. Renupada Haldar: Sir, I beg to move that after the clause 3(b) the following clause be added, namely:—

"(c) after clause (aa) the following clause shall be inserted, and be deemed always to have been inserted, namely:—

'(aaa) tank fisheries held by an intermediary or any other person shall vest in the State''.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধারার উপর যে সংশোধনগুলি আনা হয়েছে, তার মধ্যে মূল কথা দুটি কি তিনটি। একটা হচ্ছে জঙ্গলে যেসমস্ত অধিকার আছে সর্বসাধারণের ব্যবহারগতভাবে সেগুলিকে আইনে বিধিবদ্ধ ক'রে নেওয়া, সেগুলি আইনে বিধিবদ্ধ ক'রে নেবার যে অসুবিধা, তা শ্রীযুক্ত সরোজ রায় পরিষ্কারভাবে বলেছেন। এক জায়গায় যে অধিকার আছে, আর এক জায়গায় সেই অধিকার নাই। আর সুবোধ বাঁড়ুজ্জে মশায় বলেছেন কাস্টমারি রাইটসএর কোন কথা মূল আইনে একেবারেই থাকা উচিত নয়। কারণ সেখানে দাঁতনের নাম ক'রে শাল গাছ বেরিয়ে যাবে। সুতরাং এক পক্ষ এক উপদেশ দিয়েছেন আর এক পক্ষ অন্য উপদেশ দিয়েছেন। আমাকে এটা গ্রহণ করতে গেলে এখন এর মাঝামাঝি চলা ভাল। ঐটা এক্সিকিউটিভ ডাইরেকশনএর হাতে রেখে দেওয়া হ'ল। কারণ এটা আইনে বিধিবদ্ধ করা হ'লে অনেক মুশকিল আছে।

দ্বিতীয় কথা হচ্ছে এখানে মেছোভেড়ী নিয়ে অনেক আলোচনা হয়েছে, অনেক রকম সন্দেহ প্রকাশ করা হয়েছে। কোন্ মোছোভেড়ী এই বিলে আনা হ'ল না তাই নিয়ে অনেক কথা উঠেছে। আমি এই রাইট নিয়ে বার বার ক'রে সদস্যদের সামনে বলবার চেষ্টা করেছি। আমি বার বার ক'রে এখানে সদস্যদের সামনে এই কথাই বলবার চেষ্টা করেছি—এই বিষয় সরকার যখন ব্যাপকতর সংশোধনী নিয়ে আসবেন তখন তার মধ্যে শুধু যে মেছোভেড়ী ইত্যাদি তিনটি বলেছেন তা নয়, আমার নিজের ধারণা হয়ত ১৫।১৬টি খুব গুরুত্বপূর্ণ সংশোধনী নিয়ে আসতে হবে এবং সেই গুরুত্বপূর্ণ সংশোধনীগুলি যাতে মাননীয় সদস্যরা ভালভাবে বিচার করবার সুযোগ পান সেইজন্য অর্ডিন্যান্স ক'রে তারপর বিলের মাধ্যমে পাশ ক'রে নেবার বদলে, আমি মনে করি, এটা প্রথমেই আইন সভার সামনে নিয়ে আসা উচিত। এই বিষয় আমি মাননীয় সদস্যদের একটু ধৈর্য ধারণ করতে অনুরোধ করছি এবং আমি জানতে চাই এই বিষয় মন্ত্রিসভার মধ্যে কোন মতভেদ আছে ব'লে অন্তত আমার জানা নেই এবং পরিষদের সদস্যদের মধ্যে, কংগ্রেসী সদস্যদের মধ্যে কোন মতভেদ আছে ব'লে জানি না। তাই এ বিষয় সন্দেহ না ক'রে যদি আপনারা কিছুটা অপেক্ষা করেন তা হ'লে জানতে পারবেন, এর পূর্বে যে প্রতিশ্রুতি করেকজনকে দিয়েছি, যে বাজেট সেসনএ বিল নিয়ে আসা হবে, সেই প্রতিশ্রুতি রক্ষিত হয় কি না হয়। এ ছাড়া ফিসারিজএর উপর যেসমস্ত অ্যামেন্ডমেন্টগুলি আছে সে বিষয় যদি একটু চিন্তা ক'রে দেখেন তা হ'লে দেখতে পাবেন যেভাবে সংশোধনী প্রস্তাবগুলি উপস্থিত হয়েছে বিভিন্ন ধারার উপর তাতে সেই সংশোধনী প্রস্তাবগুলি গ্রহণ করলে পরস্পরবিরোধী ধারা এই আইনের মধ্যে থেকে একটা গোলমালের সৃষ্টি করবে এ বিষয় কোন সন্দেহ নেই। এখানে আজ তাঁরা যেকথা বলছেন—বিশেষ ক'রে সুন্দরবনে জলা মেছোভেড়ীর নামে যে অত্যাচার চলছে সে বিষয়ে তাদের সঙ্গে আমার সম্পূর্ণ একমত। তাই আমি এই সংশোধনী প্রস্তাবগুলি অ্যাপতত গ্রহণ করতে পারছি না। তাই আমি তাঁদের অনুরোধ করছি যে পরবর্তী আইনসভার অধিবেশনে জানুয়ারি ফেব্রুয়ারিতে যখন পরিবর্তিত বিল উপস্থিত হবে তখন যেন চিন্তা ক'রে যেসব সংশোধনী সরকার আসবেন সেগুলি সমর্থন করেন। এই ব'লে বর্তমান সংশোধনী প্রস্তাবগুলির বিরোধিতা করছি।

[4-30—5 p.m.]

Mr. Speaker: I am now putting amendments Nos. 4, 5, 6, 7, 9 and 10 together.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 3(a), in line 1, after the word "forests" the words "and fisheries" be inserted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that for the clause 3(b), the following clause be substituted:—

"(b) after clause (a), the following clauses shall be inserted and be deemed always to have been inserted, namely:—

(aa) All lands in any estate comprised in a forest together with all rights to the trees therein or to the produce thereof and held by an intermediary or any other person shall, notwithstanding anything to the contrary contained in any judgment, decree or order of any Court or Tribunal, vest in the State;

(aaa) all lands in any estate comprised in a tank fishery held by an intermediary or any other person shall vest in the State;

Explanation.—"Tank Fishery" means a reservoir or place for the storage of water, whether formed naturally or by excavation or by construction of embankments, which is being used for pisciculture or for fishing, together with the sub-soil and the banks of such reservoir or place, except such portion of the banks as are included in a homestead or in a garden or orchard and includes any right of pisciculture or fishing in such reservoir or place.",

was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 3(b) in the proposed clause (aa), in line 3, after the words "produce thereof" the words "and all lands, water and the banks of such reservoir or place in any estate comprised in a fishery together with all rights to the fishes therein or produce thereof" be inserted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 3(b), in the proposed clause (aa), in line 4, the words "or any other person" be omitted, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that in clause 3(b) the following proviso be added to the proposed clause (aa):—

"Provided that all customary easement rights enjoyed by the local people in the forests shall continue to be enjoyed by them after the forests vest in the State.",

was then put and lost.

The motion of Sj. Renupada Halder that after the clause 3(b) the following clause be added, namely:—

"(c) after clause (aa) the following clause shall be inserted, and be deemed always to have been inserted, namely:—

(aaa) tank fisheries held by an intermediary or any other person shall vest in the State.",

was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Mr. Speaker: There are a large number of amendments in this clause and I would like these amendments to be taken up serially.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 4, before the sub-clause (a) the following new sub-clause be inserted:—

"(a1) in sub-section (1) the clause (e) with the explanation shall be omitted and be deemed always to have been omitted".

Sir, I beg to move that in clause 4(b), line 1, for the words "following sub-section", the words "following sub-sections" be substituted.

Sir, I beg to move that in clause 4, sub-clauses (b) and (c), the words and figures beginning from "the inverted comma at the end of the proposed sub-section (4)" and ending with "inverted comma at the beginning of the proposed sub-section (5)" be omitted.

মাননীয় স্পীকার, স্যার, আমার এই ১১বি সংশোধনী প্রস্তাব সম্বন্ধে আমি আর আলোচনা করতে চাই না। এই যে মেছোভেড়ী সম্বন্ধে সুবোধবাবুর ও আমার যে প্রস্তাব—১১ এবং ১১বি প্রস্তাব—মন্ত্রীমহাশয় এই নিয়ে যে প্রতিশ্রুতি দিলেন, তারপর এই নিয়ে আর সময়ক্ষেপ করা উচিত হবে না ব'লে আমি মনে করি।

Sj. Basanta Kumar Panda: With regard to amendment No. 12 I am satisfied with the promise made by the Hon'ble Minister, and as rule 4(a) has been already in the rules and is being now taken into the body of the Act itself, I do not press this amendment.

Sj. Sasabindu Bera:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৫এ ও ১৭এ—আমার এ দুটো সংশোধনী প্রস্তাব আমি এক-সঙ্গে আলোচনা করতে চাই। এতে বিশেষ নীতিগত প্রশ্ন কিছু নেই। মন্ত্রীমহোদয় যদি একটু লক্ষ্য করেন, তা হ'লে দেখবেন যে, ড্রাফটিংএর ভুল হয়েছে। এখানে ক্লজ ৪এ ৬নং ধারায়—

Section 6 of the original Act

এ যা বলা হয়েছে—সেটাকেই সংশোধন করা হচ্ছে। সাব-ক্লজ (এ)তে সাব-সেক্সন (১)কে পরিবর্তন করা হচ্ছে এবং সাব-ক্লজ (বি)তে সাব-সেক্সন (৩)এর পরে সাব-ক্লজ ৪ অ্যাড করা হচ্ছে। এর পরে সাব-ক্লজ (সি)তে সাব-সেক্সনএর পরে নূতন সাব-সেক্সন (৫) যোগ করবার প্রস্তাব। কিন্তু

where is this sub-section (4) in the original Act

সেখানে অরিজিন্যাল অ্যাক্টএ সাব-সেক্সন (৪) ব'লে কিছু নেই।

Sub-section (4) necessarily means sub-section (4) of the Original Act, but where is sub-section (4) of the original Act? There is no sub-section (4) of the original Act. It is meaningless and it is out of order at the same time.

কাজেই এটা রেগুলারাইজ করবার জন্য, এটা তুলে দিয়ে, সাব-ক্লজ (বি) মধ্যে প্রপোজ্‌ড সাব-সেক্সনস (৪) ও (৫) পর পর ব'লে দেওয়া হোক—তা না হ'লে এটা ইরেগুলার হবে।

The Hon'ble Bimal Chandra Sinha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় শশবিন্দু বেরা মহাশয় যে ড্রাফটিংএর কথা বললেন, তার প্রকৃত তাৎপর্য আমি বুঝতে পারলাম না। তা ছাড়া ২১(এ)তে তিনি যা বলছেন এবং এখানে যা লেখা আছে তাতে এ জিনিস হতে পারে না। তার কারণ এখানে লেখা আছে—

rent shall remain unaltered until revenue is assessed.

ই আমার মনে হয় তিনি যে রেস্টএর কথা বলেছেন, পরে সেটা রেডেনিউ হয়ে যাবে। ই আমার মনে হয় না, তিনি যে প্রস্তাব করেছেন, সেটা দাঁড়াবে। সেইজন্য আমি এই রই বিরোধিতা করছি।

Sj. Sasabindu Bera:

১(এ)-এর কথা আসে না। আমি বলেছি ১৫(এ) অ্যান্ড ১৭(এ)-এর কথা।

After sub-section (4) the following sub-section shall be added. Sub-section (4) necessarily means sub-section (4) of the original Act, but where is this sub-section (4) of the original Act. There is no sub-section (4) of the original Act.

সেইজন্য এই অ্যামেন্ডমেন্টটা দেখলেই বোঝা যাবে।

The Hon'ble Bimal Chandra Sinha:

আমি মনে করি না—এ দুটোর প্রয়োজন আছে। যদি প্রয়োজন হয়, তা হ'লে পর কাউন্সিলএ আলোচনা ক'রে নিয়ে আসব। এ দুটো এক্ষেত্রে আসতে পারে না ব'লেই মনে হয়—সেইজন্য আমি এর বিরোধিতা করছি।

Mr. Speaker: I think it is better to do it now. I am adjourning the House for half an hour.

[At this stage the House was adjourned for half an hour.]

[After adjournment]

[5—5-10 p.m.]

Sj. Jagannath Kolay: Sir, I beg to move as a short notice amendment that in clause 4 the following words shall be omitted, namely:

"(c) After sub-section (4), the following sub-section shall be added and be deemed always to have been added, namely."

The Hon'ble Bimal Chandra Sinha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রীযুক্ত শশবিন্দু বেরার সংশোধনীটি নীতিগত কিছু নয় মনলি ড্রাফটিং সম্বন্ধে আমি দেখছি এই সাব-সেক্সন দুটি একসঙ্গে মেনসান না করলে অরিজিনাল অ্যাক্টএ এবং অ্যামেন্ডেড অ্যাক্টএ গোলমাল হতে পারে। সেইজন্য আমরা ১৫এ যেটা উনি দিয়েছেন সেটা গ্রহণ করছি এবং যেটা শ্রীযুক্ত জগন্নাথ কোলে মুভ করলেন সেটা অ্যাড করলেই ঠিক হবে। শশবিন্দুবাবু বলেছেন সাব-সেক্সান না ক'রে ফলোইং সাব-সেক্সানস্ করলে ভাল হয় এই দুটি অ্যামেন্ডমেন্টই আমি গ্রহণ করছি।

The motion of Sj. Sasabindu Bera that in clause 4(b), line 1, for the words "following sub-section", the words "following sub-sections" be substituted, was then put and agreed to.

The motion of Sj. Jagannath Kolay that in Clause 4 the following words shall be omitted, namely:

"(c) After sub-section (4), the following sub-section shall be added and be deemed always to have been added, namely."

was then put and agreed to.

The motion of Sj. Sasabindu Bera that in clause 4 before the clause (a) the following new sub-clause be inserted:—

"(a1) in sub-section (1) the clause (e) with the explanation shall omitted and be deemed always to have been omitted",

was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that in clause 4, sub-clauses (b) to (c), the words and figures beginning from "the inverted comma at the end of the proposed sub-section (4) and ending with "inverted comma at th beginning of the proposed sub-section (5)" be omitted, was then put and lost.

The question that clause 4, as amended, do stand part of the Bill was then put and agreed to.

New Clause 4A

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that after clause 4, the following new clause be inserted, namely:—

"4A. For the words 'excluding any land retained under clause (a) in sub-section (c) of section 6', the words 'including any land retained under clauses (a) and (b)' shall be substituted and be deemed always to have been substituted".

আমি এই নতুন ক্লজ দিতে বলছি এইজন্য, আপনি যদি লক্ষ্য করেন তা হ'লে দেখবেন মূল আইনে সেক্সান (সি) এবং সেসঙ্গে সাব-সেক্সান আই (এ), (বি), (সি)এতে আছে—

(a) land comprised in homestead, (b) land comprised in or appertaining to buildings and structure whether erected by intermediary or not and (c) not agricultural land in its khas possession not exceeding 15 acres in any, and excluding any land retained under clause (a).

আমার অ্যামেন্ডমেন্টটা হ'ল সেক্সান (সি)তে যেখানে আছে এক্সকুডিং এনি ল্যান্ড সেখানে যোগ ক'রে দিতে হবে (বি) তার কারণ

excluding any retained under clause (a)

সেখানে দিতে হবে

including any land retained under clauses (a) and (b)

আর তার শেষে প্রোভাইসো যে রয়েছে সেই প্রোভাইসোতে আছে যে

total area of land retained by an intermediary under clauses (b) and (c) shall not exceed 20 acres.

কিন্তু এখানে (বি) বাদ চলে গেছে, আমার অ্যামেন্ডমেন্ট হ'ল সেখানে হবে ক্লজ (এ), (বি) এবং (সি), এটা খুব ইম্পরট্যান্ট ব'লেই আমি বলছি—কোন কোন জমি মাধ্যমিক রাখতে পারবে, নন-এগ্রিকালচারাল ল্যান্ড তার একটা সীমারেখা টেনে দেওয়া হয়েছে যে সীমারেখা এই যে ২০ বিঘা পর্যন্ত তার দখলে রাখতে পারবে। (এ), (বি) অ্যান্ড (সি) নন-এগ্রিকালচারাল ল্যান্ড সম্বন্ধে বলছে। (সি)তে টোটাল এরিয়া কতখানি রাখতে পারবে? সেখানে ২০ বিঘা ব'লে দিয়েছে। (বি)তে কত জমি রাখতে পারবে সে সম্পর্কে কোন জায়গায় সীমারেখা টানা নাই। তাতে অবস্থাটা কি হ'ল? মূলে কলকাতা এবং টালিগঞ্জকে বাদ দিয়ে এই আইনের প্রচার হচ্ছে এবং এই আইনের ইমপ্লিকেশন হবে কলকাতাকে বাদ দিয়ে। (বি) ধারায় যা বলা হয়েছে যে, বাড়ি থাকবে এবং সেই বাড়ির সংলগ্ন যে জমি তা জমিদারেরা রাখতে পারবে। এর অর্থ হ'ল যে, মফঃস্বলে এবং মফঃস্বলের অনেক শহর এলেকার মাধ্যমিকদের ১০০।২০০।৫০০ বাড়ি আছে। সেসমস্ত বাড়ি স্টেট অ্যাকুইজিশন অ্যাক্টএর আওতার বাইরে যেতে পারবে, কে কতগুলি বাড়ি রাখতে পারবে সে সম্পর্কে (বি) ধারায় কোন কিছু লেখা নাই। (সি) ধারায় বলে দিয়েছেন—২০ বিঘা জমি রাখতে পারবে। কিন্তু (বি) ধারা সম্পর্কে কোন কিছু বলা নাই। যেমন ধরুন, যেমন মুর্শিদাবাদের নবাববাড়ি সেখানে একসঙ্গে তিন চার শো বিঘা

জমি আছে। তেমনি বর্ধমানের মহারাজার বাড়িও আমরা জানি বিভিন্ন মফস্বলে নন-এগ্রিকালচারাল ল্যান্ডএ ২০ বিঘার বাড়ি সকলেই রাখতে পারবে। কিন্তু (বি) ধারায় যে জমির কথা বলা হয়েছে তার সম্পর্কে যখন কোন সীমারেখে টেনে দেওয়া হয় নাই, তার অর্থ হচ্ছে এই যে, নন-এগ্রিকালচারাল ল্যান্ড সম্পর্কে আমাদের যে ধারনা আছে যে, ২০ বিঘার বেশি জমি রাখতে পারবে না, কিন্তু কার্যক্ষেত্রে সীমারেখা টানা না থাকার সুযোগে মাধ্যমিকেরা দু'শো, তিনশো কিম্বা পাঁচশো জমি অনেক জায়গায়ই রাখতে পারবে।

আর একটা কথার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করি, এই সংশোধনী বিলের (৪)এ আছে যদি কোন ফরেস্টএ মাধ্যমিক ছাড়া এনি আদার পার্সনএর কোন স্বত্ব জন্মে থাকে তা হ'লে সেই স্বত্ব রাষ্ট্রে পৌঁছাবে, এবং সেই স্বত্বের জন্য সেই এনি আদার পার্সনকে কম্পেনসেশন দিতে হবে রাষ্ট্রের তরফ থেকে। এই জায়গায় আমার আপত্তি আছে। আপত্তি এইজন্য যে, মাধ্যমিককে এইটে জানিয়ে দেওয়ার ফলে, মাধ্যমিক সুযোগ বুঝে আরও দু'-চার জন লোককে তার নিম্নস্থ স্বত্ব দিয়ে খাড়া ক'রে রেখেছে। তা ছাড়া বেনামীতে ত' রেখেইছে; ফলে, অনেক জায়গায় ডবল কম্পেনসেশন পেয়ে যাবে। এ সম্পর্কে রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি।

[5-10—5-20 p.m.]

এ বিষয় দেখিয়ে দিচ্ছি যেটা মধ্যপ্রদেশ

Abolition of Priprietary Rights Act, 1950

সেখানে এই সম্পর্কে পরিষ্কারভাবে বলা আছে সেক্সান 8(১), ক্লজ (এ)তে আছে, এই আইনের ফরেস্টএর ক্ষেত্রে বাজার, মেলা ইত্যাদির ক্ষেত্রে মাধ্যমিকদের নিম্ন স্বত্ব যা কিছু পেয়েছে তাদের কম্পেনসেশন কোথা থেকে পাবে? সেই কম্পেনসেশন পাবে জমিদারদের কাছ থেকে। জমিদারদের বা মাধ্যমিকদের প্রাপ্য স্বার্থ থেকে কেটে দেওয়া হবে তাই ক্লজ (১)এ পরিষ্কারভাবে লেখা আছে

"and mortgage stayed or charged on any proprietary right shall be a charge on the amount of compensation payable for such proprietary right to the proprietor under the provisions of this Act".

কিন্তু আমাদের এই আইনে জমিদার বা মাধ্যমিকদের একটু বেশি দেবার চেষ্টা বার বার চলছে যদিও আমরা দেখতে পাচ্ছি যে, মধ্যপ্রদেশে যে আইন আছে ১৯৫০ সালের তাতে যে ব্যবস্থা হয়েছে তাতে জমিদারদের যে প্রাপ্য তা থেকে কেটে নিম্নস্থ মালিকদের ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা আছে। কিন্তু এখানে মাধ্যমিকদের ক্ষতিপূরণ দেওয়া হবে এবং সঙ্গে সঙ্গে নিম্নস্থ সৃষ্ট রাইটসএর মালিকদের আবার আলাদা ক'রে ক্ষতিপূরণ দেওয়া হবে এবং এইভাবে রাষ্ট্র তহবিলের টাকা দুবার জমিদারদের হাতে এবং তাদের নিয়োজিত লোকদের হাতে গিয়ে পড়বে। এদিক থেকে বলছি যে, গত ৪ বছরের মধ্যে জমিদার ফরেস্ট সম্পর্কে আর কোন স্বত্ব যদি সৃষ্টি করে থাকে তা হ'লে এদের প্রাপ্য কম্পেনসেশন জমিদারদের প্রাপ্য কম্পেনসেশন থেকে কেটে দেওয়া উচিত। যে প্রিন্সিপল ফলো করা হয়েছে মধ্যপ্রদেশ জমিদারী আইনে সেই সম্পর্কে আমি যেটা বলছি সি ধারার সংশোধনীতে পরিষ্কারভাবে ক্যাটিগরিক্যালি বলে দিতে হবে নন-এগ্রিকালচারাল, এগ্রিকালচারাল ল্যান্ড কতখানি রাখা হবে। নইলে বি ধারার সুযোগে জমিদাররা বহু জমি রেখে দেবে। মফঃস্বলে এমন জমিদার আছে যাদের হয়ত ৫০খানা বাড়ি আছে এবং তার সংলগ্ন ১০০।২০০ বিঘা জমি রয়েছে—কাজেই কলকাতা সহরের বাইরে এমন বহু বড় বড় জমিদার রয়েছে যারা এই ক্লজ (বি)র ফাঁকে প্রচুর পরিমাণ জমি নিজেদের হাতে রেখে দেবে এবং সেইভাবে রাষ্ট্রকে এবং সাধারণ মানুষকে ফাঁকি দিয়ে নিজেদের পেট পূর্তি করবে। এই সম্পর্কে (বি) ধারা ইনক্লুড করা উচিত—(এ), (বি) অ্যান্ড (সি) সংযোজন ক'রে ব'লে দেওয়া উচিত যে নন-এগ্রিকালচারাল মোট জমির পরিমাণ ২০ একরের বেশি যেন না হয়। তা না হ'লে মুর্শিদাবাদের নবাবের ৩।৪ শ' বিঘা জমি রয়েছে, বর্ধমানের মহারাজার রয়েছে, এবং বিভিন্ন জায়গায় বড় বড় জমিদার রয়েছে তাতে আইনের যে আসল উদ্দেশ্য নন-এগ্রিকালচারাল ল্যান্ড সম্পর্কে সেটা ব্যর্থ হবে। কাজেই নন-এগ্রিকালচারাল টেনান্সি ল্যান্ড সম্পর্কে বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। এজন্য বলি যে, (বি)

ধারার ফাঁক যদি রাখেন তা হ'লে জমিদাররা প্রচুর পরিমাণে জমি রেখে দিচ্ছে। কাজেই আমি সমস্ত সদস্যদের কাছে আবেদন করছি যে, এই অবস্থায় যেন আইনটা পাশ না করেন—

Mr. Speaker: I would request you not to be so long about this small matter. I do not think it merits such a long discussion. I hope you have made your point.

The Hon'ble Bimal Chandra Sinha:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার এ সম্পর্কে বিশেষ কিছু বলার নাই।

Mr. Speaker: I hope you will be brief in your reply.

The Hon'ble Bimal Chandra Sinha: I oppose it.

Sj. Ganesh Ghosh: Sir, why are you shutting out a speech from the Hon'ble Minister.

Mr. Speaker: Sometimes silence is the best answer.

The motion of Sj. Apurba Lal Majumdar that after clause 4, the following new clause be inserted, namely:—

> "4A. For the words 'excluding any land retained under clause (a)' in sub-section (c) of section 6, the words 'including any land retained under clauses (a) and (b)' shall be substituted and be deemed always to have been substituted".

was then put and lost.

Clause 5

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 6, for the proposed proviso, the following proviso shall be substituted:—

> "Provided that in the case of such non-agricultural lands or parts thereof for which rent was being paid immediately before the day of vesting the rent shall remain unaltered until revenue is assessed and imposed under the provisions of the West Bengal Land Reforms Act, 1955."

মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ ৬এ মূল আইনের ৪২ ধারাটাকে সংশোধন করবার চেষ্টা করা হয়েছে। মূল আইনের ৪২ ধারাতে যেটা আছে সেটা আমি পড়ার প্রয়োজন বলে মনে করছি—

"When an intermediary is entitled to retain possession of any land under sub-section (1) of section 6, then except in cases of land retained under clause (h) or (i) and except in the cases referred to in the proviso to sub-section (2) of section 6, the Revenue Officer shall determine the rent payable in the prescribed manner and in accordance with the following principles, that is to say—

> (i) if the land be agricultural land, on the basis of the rate of rent paid by raiyats for lands of similar description and with similar advantages in the vicinity;
>
> (ii) if the land be non-agricultural land, at a rate which the Revenue Officer may deem fair and equitable having regard to the rent generally paid for non-agricultural lands of similar description and with similar advantages in the vicinity."

82 ধারাতে মধ্যস্বত্বাধিকারীদের থেকে যে জমি সরকার দখল ক'রে নেবেন সেই দখল করা জমির বাহিরে মধ্যস্বত্বাধিকারীরা যে জমি নিজ দখলে রাখবেন সেই জমির উপর খাজনা নির্ধারণের একটা নীতি নির্ধারিত করা হয়েছিল। এখানে এই ৬নং ধারায় সেটাকে সম্পূর্ণরূপে বাতিল করা হচ্ছে, এটা অত্যন্ত অন্যায় ব'লে আমি মনে করছি। আমরা চেয়েছিলাম মূল আইনে যে মধ্যস্বত্বাধিকারীরা যে জমি রাখবেন সেই জমিতে খাজনা বসানো হবে এবং সেই খাজনা আশেপাশের জমি সমস্ত জায়গা যা রয়েছে তার সঙ্গে বিচার ক'রে তার উপর খাজনা নির্ধারণ করা হবে। কিন্তু এই সংশোধনী বিলের দ্বারা মূল আইনে যে মূল নীতি গৃহীত হয়েছিল সেটাকে সম্পূর্ণরূপে বাতিল করবার চেষ্টা করা হচ্ছে। এখানে বলা হচ্ছে যে, মূল নীতিতে ছিল আশেপাশের জমির সঙ্গে তুলনামূলক বিচার বিবেচনা ক'রে রেভিনিউ অফিসার সেই সমস্ত জমির উপর যা খাজনা হওয়া উচিত ব'লে মনে করেন সেই খাজনা নির্ধারিত করবেন। এখানে সেই নীতি বাতিল ক'রে দিয়ে বলা হচ্ছে যে, সরকার কর্তৃক ভূমি দখল করার পূর্বে সেখানে তারা যে খাজনা দিচ্ছিল সেই খাজনাই দেবে যদি সমস্ত জমিই তার থাকে —এটা বলা হচ্ছে সাব-ক্লজ (এ)তে। আর সাব-ক্লজ (বি)তে বলা হচ্ছে যে, যদি জমি আংশিকভাবে রাখা হয় অর্থাৎ যে জমি জমিদারদের কাছে ছিল তার খানিকটা অংশ যদি জমিদার রাখে তা হ'লে পূর্বে মোট জমিতে যে পরিমাণ খাজনা ছিল সেটাকে আনুপাতিকভাবে ভাগ ক'রে দিতে হবে এবং মোট জমির যে পরিমাণ অংশ মধ্যস্বত্বাধিকারীরা রাখবেন আনুপাতিকভাবে সেই অংশের খাজনা নির্ধারণ করা হবে।

[5-20—5-30 p.m.]

(সি)তে যে প্রভিসন দেওয়া হয়েছে,

"pay no rent for the land retained by him if he held such land rent-free immediately before the date of vesting"

সেখানেই আমাদের বক্তব্য অত্যন্ত স্পষ্ট। মধ্যস্বত্বাধিকারীদের হাতে জমি ছিল ব'লে সাধারণত তারা তাদের দেয় যে খাজনা সেই সমস্ত দেয় খাজনাকে নিজেদের খাস জমি থেকে সরিয়ে তাদের অধীনস্থ যারা প্রজা বা রায়ত তাদের উপর খাজনা চড়িয়ে দিয়েছে। এমনি ক'রে তারা অধিকাংশ ক্ষেত্রে নিজেদের খাসের যে জমি সেই খাস জমিগুলোকে নিষ্কর হিসাবে ভোগ ক'রে আসছিল। হয়ত এইরকম খুব কম দৃষ্টান্ত আছে, যেক্ষেত্রে জমিদাররা, মধ্যস্বত্বাধিকারীরা যে জমি নিজেরা রেখেছেন সেসমস্ত জমিতে কোন খাজনা নির্ধারিত ছিল। অধিকাংশ ক্ষেত্রে দেখা যাবে তাঁরা খাজনা দেন নি, নিষ্কর হিসাবে তাঁরা সেগুলিকে ভোগ ক'রে আসছেন। এই ক্ষেত্রে যদি ক্লজ (৬) পাশ করা হয় তা হ'লে দেখা যাবে যে, যেসমস্ত জমি মধ্যস্বত্বাধিকারীরা রাখবেন সেসমস্ত জমি থেকে সরকার যে খাজনা পেতে পারতেন, সে খাজনা সরকার পাবেন না। কারণ অধিকাংশ ক্ষেত্রে তারা দখলীকৃত জমিগুলোকে নিষ্কর হিসাবে হাতে রাখার ফলে সরকার এইসমস্ত জমির খাজনা থেকে সম্পূর্ণরূপে বঞ্চিত হবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not want to interrupt but I want to point out that in his amendment he is talking of non-agricultural land. His amendment is "Provided that in the case of such non-agricultural lands or parts thereof for which rent was being paid..... shall remain unaltered..... ...under the provisions of the West Bengal Land Reforms Act, 1955." The Land Reforms Act does not refer to non-agricultural land.

Sj. Sasabindu Bera:

ল্যান্ড রিফর্মস অ্যাক্টএ ইন্টারমিডিয়ারি বা নন-এগ্রিকালচারাল ল্যান্ড যে কিছু রাখতে পারেন সেই ব্যবস্থাই আছে এবং সেই নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর উপরে খাজনা নিশ্চয় নির্ধারণ হবে। নন-এগ্রিকালচারাল ল্যান্ড ও ইন্টারমিডিয়ারীদের কিছু রাখবার ব্যবস্থা ল্যান্ড রিফর্মস অ্যাক্টএ আছে এবং সেই সমস্ত নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর উপরে খাজনা নির্ধারণ করা হবে।

The Hon'ble Bimal Chandra Sinha: Under non-agricultural Tenancy Act.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The amending Bill says "subject to any law for the time being in force for assessment or re-assessment of rent", i.e., section 6 as it has been amended; then it says "he will pay the same rent as he was paying immediately before the date of vesting." You say "let them pay until the same is changed by the Land Reforms Act". I say it is incongruous because the Land Reforms Act does not refer to non-agricultural land. Therefore, the original proposition in the amending Bill is more to the point—until any law for the time being in force is introduced. If you mention the Land Reforms Act, your amendment will become infructuous because the Land Reforms Act never deals with non-agricultural land.

Sj. Sasabindu Bera:

আমার বক্তব্য যতক্ষণ পর্যন্ত তাদের রেন্ট না রিভিশন হচ্ছে ততক্ষণ তাদের খাজনা না দেওয়ার সুযোগ দেওয়া চলবে না। অন্তত মূল অইনের বিধান অনুযায়ী তাদের খাজনা দিতে হবে।

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 6, in the proposed proviso to section 42, in lines 3 and 4, the words "comprising exclusively of non-agricultural lands" be omitted.

Sir, in the original body of section 42 there is a provision for assessment of rent with regard to those lands which an intermediary can retain under section 6(1). Under section 6(1)(c) an intermediary can retain non-agricultural land not exceeding 15 acres. Under clause (d) he can retain agricultural land not exceeding 25 acres. Now under section 42 as it stands now before this amendment there is a principle for assessment of both agricultural and non-agricultural lands. Here a discrimination is sought to be introduced between intermediaries who possess both agricultural and non-agricultural land and those intermediaries who possess simply non-agricultural land, and there are different modes of assessment for the purpose of fixing the rent. This, I would say, is an arbitrary discrimination offending article 14 of the Constitution.

Then as to the propriety of this section, I would say if you do not amend section 42 as it stands and if you add this proviso, the inconsistency in this section will be this: that in the original Act where an intermediary possessing agricultural land will be paying rent during the intervening period at the rate at which the raiyats of the locality were paying and if he is possessing non-agricultural land he would be paying at the rate which would be fair and equitable according to the assessment of the Revenue Officer, but in this proviso you are saying "Provided that in the case of an intermediary, who immediately before the date of vesting held any tenure comprising exclusively of non-agricultural lands, he shall subject to any law for the time being in force for assessment or re-assessment of rent,....." The principle is that he should pay at the same rate. So the Revenue Officer will be in difficulty when applying the parent body of the Act, i.e., section 42(ii) with this proviso and in which case he will be put to further difficulties with regard to those persons who possess non-agricultural land simply *vis-a-vis* those persons who possess both agricultural and non-agricultural lands.

For the purpose of removing this difficulty and inconsistency, I would request the Hon'ble Minister to amend section 42 in such a way that it may be consistent with the proviso.

Sj. Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার, স্যার, আমার অ্যামেন্ডমেন্ট যেটা এখুনি মাননীয় সদস্য বসন্তকুমার পান্ডা মহাশয় ব'লে গেলেন তার উপরেই আমার ২।১টা অল্প কথা বলার দরকার আছে। এখানে মূল আইনে যে বেসিস ঠিক ক'রে দেওয়া হয়েছে তার উপরেই বলব। অর্থাৎ এগ্রিকালচারাল ল্যান্ড এবং নন-এগ্রিকালচারাল সম্পর্কে নূতন ক'রে রেন্ট অ্যাসেসমেন্টএর যে বেসিস ঠিক ক'রে দেওয়া হয়েছে তার সম্বন্ধে বলার দরকার ব'লে মনে করি।

Mr. Speaker: Without indulging in a speach you make your points.

Sj. Apurba Lal Majumdar:

যে মূল আইন রয়েছে সেই আইনে রেন্ট অ্যাসেসমেন্ট করা সম্পর্কে ৪২(১) ও (২) যা আছে তাতে সেই দুই বেসিস অনুসারে যদি ট্যাক্স বা রেন্ট অ্যাসেস করা হয় তা হ'লে এক সমতা থাকবে। অবশ্য রাজস্বমন্ত্রী সেদিন এই বিল মুভ করতে গিয়ে বলেছিলেন যে, নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর অ্যাসেসমেন্ট শুরু হয়েছে এবং রেন্ট অ্যাসেসমেন্ট ক'রে এত বেশি হয়ে যাচ্ছে যার জন্য এখন আপাতত প্রিভেলিং যে সিস্টেম সেই সিস্টেম রাখতে যাচ্ছি। এই সম্পর্কে আমার স্মরণ করিয়ে দেওয়া দরকার যে, যদি এগ্রিকালচারাল ল্যান্ড ধার নূতন রেন্ট অ্যাসেসমেন্ট শুরু হয়েছে সেই অ্যাসেসমেন্ট অনুসারে যদি দেখা যায় যে, বিভিন্ন জায়গায় রেন্ট অনেক পরিমাণে বেড়ে যাচ্ছে তা হ'লে নিশ্চয় বেসিসের কোন ভুল আছে। অর্থাৎ যে বেসিসএর ভিত্তিতে খাজনা বেড়ে যাচ্ছে সে সম্পর্কে কোন ভুল থাকতে পারে। কাজেই যদি তিনি মনে করেন যে, নন-এগ্রিকালচারাল ল্যান্ডএ যেখানে রেন্ট অ্যাসেসমেন্ট শুরু হয়েছে সেখানে তা বেশি হচ্ছে তা হ'লে সেই বেসিস চেঞ্জ করুন। অর্থাৎ বেশি পরিমাণে যাতে রেন্ট না হয় সকলেই আমরা সেটা চাই এবং সেইভাবেই তিনি এই অ্যামেন্ডমেন্টটা আনুন। তা ছাড়া শুধু (১) সেক্সনএর মাধ্যমে যেটুকু তাদের সুবিধা দেওয়া হবে, অন্য সেক্সনএর মাধ্যমে তাদের সেটা বঞ্চিত করা হবে। যেসমস্ত

tenure both agricultural land and non-agricultural land,

তাদের সম্পর্কে জটিলতা সৃষ্টি হওয়া সম্ভবপর।

[5-30—5-40 p.m.]

আমি আগেই দেখিয়েছি সেক্সন ৬(বি) ধারা অনুসারে অনেক নন-এগ্রিকালচারাল ল্যান্ড জমিদারদের আওতায় থাকবে। সেইসব জমিদার যাদের হাতে নন-এগ্রিকালচারাল ল্যান্ড থাকবে, সেক্সন ৬(বি) অনুসারে, তাদের কিছু রেহাই দেবার জন্য এই অ্যামেন্ডমেন্টটা নিয়ে এসেছে রক্ষাকবচ হিসাবে। এতে তাদেরই সুবিধা হবে। সেইজন্য আমি বলছি সমতা রক্ষা করবার জন্য, এটাকে আইন ক'রে দেওয়া দরকার।

Sj. Benoy Krishna Choudhury: Sir, I beg to move that in clause (6) in the)proposed proviso in lines 3 and 4, for the words (I make a verbal change here with your permission) "wholly or partly of non-agricultural lands, he shall" the words "wholly or partly of non-agricultural lands, he shall in respect of such non-agricultural lands as are kept for his personal use but not leased out to others and" be substituted.

I also move that in clause (6) in the proposed proviso in lines 8 and 9 after the words "all such lands" the words "and keeps them for personal use, but does not lease them out to others" be inserted.

আমার অ্যামেন্ডমেন্টএ দুটা বিষয়ের উপর জোর দেওয়া হয়েছে। একটা হচ্ছে, এক্সক্লুসিভলি নন-এগ্রিকালচারাল ল্যান্ড বললে অনেক অসুবিধা হবে। কারণ আমরা দেখেছি কোন জমার শুধু এগ্রিকালচারাল ল্যান্ড বা শুধু নন-এগ্রিকালচারাল ল্যান্ড, এই রকম আলাদাভাবে থাকে না। একটা জমার অন্তর্গত এগ্রিকালচারাল ল্যান্ড এবং নন-এগ্রিকালচারাল ল্যান্ড দুটোই আছে। তৌজিতে খানিকটা এগ্রিকালচারাল ল্যান্ড আছে আবার সেখানে হয়ত খানিকটা নন-এগ্রিকালচারাল ল্যান্ডও আছে। সেইজন্য এক্সক্লুসিভলি অফ নন-এগ্রিকালচারাল ল্যান্ড বললে

আইনের দিক থেকে অনেক অসুবিধা হবে এবং ফ্যাক্টএর দিক থেকেও অনেক অসুবিধা হবে। তা ছাড়া এমন হতে পারে মাননীয় সদস্য পাণ্ডা মহাশয় বলেছেন যাদের একমাত্র নন-এগ্রিকালচারাল ল্যান্ড আছে এবং যাদের নন-এগ্রিকালচারাল ল্যান্ড ও এগ্রিকালচারাল ল্যান্ড, দুটোই আছে তাদের কি হবে, এটা প্রশ্ন উঠতে পারে। সেইজন্য এখানে হোলসি অর পার্টলি যদি লেখা হয় তা হ'লে সঙ্গত হয়।

দ্বিতীয়ত প্রশ্ন হচ্ছে আমি যেটা দেখছি অনেক লাখরাজ জমি, যা সাধারণত মধ্যবিত্তের জমি থাকে, সেগুলি মধ্যস্বত্ব ব'লে ধরা হয়। সেইজন্য আজকে প্রয়োজন হয়েছে এটা করা। কারণ আমরা দেখছি বরানগর অঞ্চলে এবং আরও অনেক জায়গায় এই আইন যতক্ষণ না সংশোধন হয়েছিল, কত অসুবিধা ভোগ করতে হ'ত। কারণ, পূর্বে যে আইন ছিল তাতে নন-এগ্রিকালচারাল ল্যান্ড সম্বন্ধে, যেখানে যেমন সুবিধা অনুযায়ী, যেটা ফেয়ার মনে করবেন সেইভাবে ট্যাক্স, খাজনা ধার্য করা হ'ত। তার সুযোগ নিয়ে দশ গুণ, কুড়ি গুণ বা কোথাও তার চেয়েও বেশি গুণ খাজনা ধার্য করা হয়েছে। তার দিক থেকে প্রটেকশনএর প্রয়োজন হয়েছে। তার সাথে সাথে এটাও স্মরণ রাখা দরকার এমন অনেক লোক আছে, যার পার্সেন্টেজ কম হ'তে পরে, যারা নন-এগ্রিকালচারাল ল্যান্ড ইতিমধ্যেই লিজ দিয়েছেন। বিশেষ ক'রে সহর অঞ্চলের কাছাকাছি হ'লে বহু সুবিধাজনক স্বার্থে লিজ দিতে পারেন এবং সেই লিজ থেকে যথেষ্ট মুনাফা করতে পারেন; অথচ তাদের আগে যা রেন্ট ছিল তাই থাকবে। সেখানে পূর্বেকার রেন্ট থেকে যাবে, সেটা ঠিক নয়। হয়ত এটা বললে রেডানডান্ট হয়।

মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর বক্তৃতাতে যেটা বোঝাবার চেষ্টা করেছিলেন, সেটা ছিল যে জমিগুলি ইতিমধ্যেই লিজ আউট হয়ে গিয়েছে সেটা ইন্টারমিডিয়ারি ইন্টারেস্ট হিসাবে নিয়ে নেওয়া হবে। কিন্তু নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর ক্ষেত্রে অতি সহজে তা হয় না, সেটা খাস হিসাবে রয়েছে। নন-এগ্রিকালচারাল ল্যান্ড সে জমি কোন ইন্ডাস্ট্রিয়ালিস্টএর কাছে নাইন্টি-নাইন ইয়ার্সএ লিজ দেওয়া আছে বা হয়ত সেখানে বাড়ি করেছে, এইরকমভাবে নিজের প্রপাইটারি রাইট হিসাবে কনট্রাক্ট রয়েছে। সুতরাং প্রপাইটরিসিপ রিটেন ক'রে যদি কনট্রাক্ট করে তা হ'লে পরে সেখানে প্রপাইটরিসিপ রয়েছে; অথচ তাদের ইন্টারমিডিয়ারি ইন্টারেস্ট হবে না, মুনাফা হবে না।

সেইজন্য আমার মনে হয় এটা রাখা সঙ্গত হবে, যে কারণে আমার পরের অ্যামেন্ডমেন্টএ লেখা আছে—

'such non-agricultural lands as are kept for his personal use but not leased out to others'

যেখানে তিনি নিজে ব্যক্তিগতভাবে, পার্সোনাল ব্যবহার করবার জন্য, অথবা নিজের পার্সোনাল অকুপেশনএর জন্য করছেন, এই রকম ক্ষেত্র যদি হয়, তা হ'লে সেই ক্ষেত্রে সুযোগটা ভোগ করতে দেওয়া হবে। মনে রাখতে হবে এখানে একটা সুযোগ ভোগ করতে দিচ্ছেন, যেটা বর্তমান এগ্রিকালচারাল ল্যান্ডএর ক্ষেত্রেও যেন সেইসমস্ত সুযোগ দেওয়া যায়। বর্তমানে যে হারে খাজনা দেওয়া হচ্ছে, সেই হিসাবে খাজনা ধার্য হওয়া উচিত। নন-এগ্রিকালচারাল ল্যান্ড এর ক্ষেত্রে জমির মূল্যের দিক থেকে, অন্যান্য সুবিধার দিক থেকে বহুগুণ হতে পারে, কিন্তু সেটা এগ্রিকালচারাল ল্যান্ডএর ক্ষেত্রে হতে পারে না। সেখানে নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর নূতন স্কোপ রয়েছে। সেইজন্য এখানে একটা ডিসক্রিটিংশন রাখা উচিত; এবং এইজন্যই আমি আমার সংশোধনী এনেছি। আশা করি মন্ত্রীমহাশয় এটা মেনে নেবেন।

Sj. Harekrishna Konar: Sir, I beg to move that in clause 6 in the proposed proviso, paragraph (b) be substituted, as follows:—

> "(b) Pay for the lands retained by him and kept for his own use, but not leased out to others, as rent an amount which shall bear the same proportion to the rent he was paying immediately before the date of vesting as the area of such land bears to the area of all the lands which were comprised in the tenure, if he retains and keeps only part of such lands for his personal use".

I also move that in clause 6, the following new proviso be added after the proposed proviso to section 42, namely:—

"Provided further that the above provision shall apply only in respect of such non-agricultural lands retained by an intermediary as are kept for his personal use and not leased out to others."

I further move that in clause 6, in the proposed proviso in paragraph (c), after the words "by him" the words "but not leased out to others" be inserted.

মাননীয় স্পীকার মহাশয়, আমি (২৬), (২৮), (২৯) এই তিনটা সংশোধনী একসঙ্গে উত্থাপিত করছি। প্রত্যেকটায় দেখা যাবে একই ধারণা থেকে দেওয়া হয়েছে এবং একই বক্তব্য ভিন্ন ভিন্ন ক্লজের মধ্যে আনা হয়েছে। সেই বক্তব্য হচ্ছে যে, যারা ইন্টারমিডিয়ারি নন-এগ্রিকালচারাল ল্যান্ড রেখেছে, তাদের উপর যে খাজনা অতি বেশি ক'রে ধার্য হচ্ছিল, তা থেকে নিষ্কৃতি দেবার প্রয়োজন হয়েছে, এবং আমিও তা স্বীকার করি; কিন্তু তা করতে গিয়ে যাঁরা সেই নন-এগ্রিকালচারাল ল্যান্ডকে ভাড়ায় খাটিয়ে অধিক মুনাফা করেন, তাঁদের এই সুযোগ-সুবিধা দেওয়া যেতে পারে না এবং দেওয়ারও কোন যৌক্তিকতা থাকতে পারে না। গতকাল মাননীয় মন্ত্রীমহাশয় উত্তর দিতে গিয়ে বলেছিলেন যে, ব্যক্তিগতভাবে যারা শুধু নিজের ব্যবহারের জন্য রাখবেন তাঁরা এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট অনুযায়ী জমি করতে পারবেন। কিন্তু এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট অনুযায়ী তা নয়। এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট অনুসারে একজন ইন্টারমিডিয়ারি রাখতে পারবেন ১৫ একর পর্যন্ত নন-এগ্রিকালচারাল ল্যান্ড। আমি পরে দেখিয়ে দেব, যে বিধানগুলি আছে। এটা বাস্তব ঘটনা যে, বিভিন্ন জায়গার জমিদাররা, তাঁদের বহু জমি মধ্যস্বত্বভোগী হিসাবে রেখেছেন, এবং সেই জমিতে প্রজা বিলি করেন না, কারণ প্রজা বিলি করলে সেই প্রজা সাক্ষাৎ গভর্নমেন্টের প্রজা হয়ে যাবে; তাঁরা ভাড়া বিলি করেন, এবং তার থেকে প্রচুর মুনাফা করেন। তাঁদের সংখ্যা খুব বেশি না হ'লেও শতকরা দশ, পনের জন হতে পারে। ঠিক তা কত বলা হয়ত মুশকিল, কিন্তু এই ধরনের বহু ঘটনা আছে। অতএব বেশির ভাগ সাধারণ লোককে বাঁচানর জন্য, এইরকম বড় বড় রাঘব বোয়ালদেরও সুবিধা দিতে হবে, আমি তার বিরোধী; তা আমরা চাই না। সেইজন্য আমার অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে, এটা ব্যক্তিগতভাবে না ধ'রে, কোন ক্যাটিগরি অব পার্সনসএর প্রশ্ন না ধরে, আমি শুধু প্রস্তাবিত সুবিধাকে নিজ ব্যবহার্য জমির উপর সীমাবদ্ধ করতে চেয়েছি। মন্ত্রীমহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাতে শুধু ইন্টারমিডিয়ারিরা, যারা এক্সক্লুসিভলি অকৃষি জমি রাখবেন তাদের খাজনার সুবিধা সম্বন্ধে বলা হয়েছে। আমি তার সঙ্গে খানিকটা যোগ করতে চাচ্ছি তা হ'ল এই যে, এই বিধান প্রয়োগ হবে কেবলমাত্র সেইসব নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর ক্ষেত্রে, যে জমিগুলি মধ্যস্বত্বভোগীরা নিজেদের ব্যক্তিগত ব্যবহারের জন্য রাখবেন, যে জমিগুলি তাঁরা ভাড়ায় বিলি করবেন না। মন্ত্রীমহাশয় যে প্রোভাইসোটা নিয়ে এসেছেন, সেটা খাটবে আমার সংশোধনীমতে, কেবলমাত্র এইরূপ জমির ক্ষেত্রেই। এ সম্পর্কে মাননীয় সদস্য বিনয়বাবু বলে গিয়েছেন, আমি আর বেশি বলতে চাই না।

আমার তিনটা সংশোধনীর একই অর্থ। আমি মনে করি এগুলি গ্রহণ করা অত্যন্ত প্রয়োজন।

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 6, paragraph (c) of the proposed proviso be omitted.

মিস্টার স্পীকার, স্যার, আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে—যেভাবে বলা হয়েছে—

pay no rent for the land retained by him if he held such land rent free immediately before the date of vesting

সেখানে আমি এই ক্লজ ওমিট করতে বলছি। আমরা এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টএ আমাদের নীতি ঠিক ক'রে ফেলেছি যে জমির ক্ষেত্রে রেন্ট ফ্রী থাকবে এবং সঙ্গে সঙ্গে এই নীতি ধার্য হয়েছে যে এগ্রিকালচারাল ল্যান্ড বা নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর রেন্ট কি হবে এবং তার

ফিক্সেশন বেসিস কি হবে সেটাও ঠিক করা হয়েছে। তখন সেই আইন চালু করার ৪ বৎসর পরে মধ্যস্বত্বরা রেন্ট ফ্রি ল্যান্ড পাবে, এতে আমরা খুশী হতে পারছি না। সেইজন্য আমার মনে হয় এটা ওমিট ক'রে দিয়ে যে ট্যাক্স ধার্য করা হয়েছে, সেই বেসিসএ এই ট্যাক্স আদায় করা উচিত। রেন্ট ফ্রি ল্যান্ড—সেটা এগ্রিকালচারাল ল্যান্ড হোক বা নন-এগ্রিকালচারাল হোক —তার ট্যাক্স ঐভাবে আদায় করা উচিত। আশা করি আমার এই প্রস্তাবটা মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন।

[5-40—5-50 p.m.]

The Hon'ble Bimal Chandra Sinha:

অধ্যক্ষ মহাশয়, এখানে ৩।৪টা প্রস্তাব দেখছি। আমার মনে হয় এগুলি পরিষ্কার ক'রে দেওয়া উচিত। শ্রীবসন্তবাবু বলেছেন যে, ডিসক্রিমিনেশন করা হয়েছে। আমার মনে হয় এই যে ডিসক্রিমিনেশন, সেটা রিজনেবল ডিসক্রিমিনেশন। তার কারণ, আমরা দেখতে পাচ্ছি যে, মালিকরা যখন আইনের প্যাঁচে পড়ে ইন্টারমিডিয়ারি হয়ে ছিল, তখন বসবাসের জন্য তারা বাড়ি করেছিল। সেখানে এই ডিসক্রিমিনেশন যদি হয় সেটা রিজনেবল ডিসক্রিমিনেশন হবে ব'লে মনে করি। অপূর্ববাবু বলেছিলেন আইনটা ঠিকই আছে। কিন্তু বেসিসএ ভুল হয়েছে। আমি বলতে চাই বেসিসএ ভুল নেই। তার মানে আশেপাশে ১৬ শত টাকা ট্যাক্স বসেছে। বর্তমানে ৪২ যে বিধি আছে সেই বিধি অনুসারে হয়। তাই এখানে বেসিসএ ভুল নেই—এটা আইনের নির্দেশের ভুল। তারপর বিনয়বাবু ও হরেকৃষ্ণবাবু যে কথা বলেছেন, তাঁদের সঙ্গে আমার মতভেদ নেই। সুতরাং তাঁরা যেটা উল্লেখ করেছেন সেই জিনিসটা নিষ্প্রয়োজন। কারণ ৪২ ধারায় বলা আছে এই কথা যে—

when an intermediary is entitled to retain possession of any land under sub-section (1) of section 6

তা হ'লে এটা প্রযুক্ত হবে। ৬ ধারার (১) উপধারায় বলা হয়েছে—

non-agricultural land in his Khas possession

যে মুহূর্তে নিজের হোল্ডিং ছাড়া অন্য কেউ পার্সোনাল ইউজ বা ব্যবহার করবে, তখনই এই ধারার বাইরে চলে গেল। তখন এরা বেনিফিট পাবে না। যেকথা হরেকৃষ্ণবাবু ও বিনয়বাবু বলেছেন সেটা এই এখানের আইনে যে ধারা আছে তাতেও হবে। তাই আমি তাঁদের প্রস্তাবের বিরোধিতা করছি।

The motion of Sj. Sasabindu Bera that in clause 6, for the proposed proviso, the following proviso shall be substituted:—

> "Provided that in the case of such non-agricultural lands or parts thereof for which rent was being paid immediately before the day of vesting the rent shall remain unaltered until revenue is assessed and imposed under the provisions of the West Bengal Land Reforms Act, 1955",

was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 6, in the proposed proviso to section 42, in lines 3 and 4, the words "comprising exclusively of non-agricultural lands" be omitted, was then put and lost.

The motion of Sj. Benoy Krishna Choudhury that in clause 6 in the proposed proviso in lines 3 and 4 for the words "comprising exclusively of non-agricultural lands, he shall" the words "comprising exclusively or partly of non-agricultural lands, he shall in respect of such non-agricultural lands as are kept for his personal use but not leased out to others and" be substituted, was then put and lost.

The motion of Sj. Benoy Krishna Chowdhury that in clause 6 in the proposed proviso in lines 8 and 9 after the words "all such lands" the words "and keeps them for personal use, but does not lease them out to others" be inserted, was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that in clause 6 in the proposed proviso, paragraph (b) be substituted as follows:—

> "(b) Pay for the lands retained by him and kept for his own use, but not leased out to others, as rent an amount which shall bear the same proportion to the rent he was paying immediately before the date of vesting as the area of such land bears to the area of all the lands which were comprised in the tenure, if he retains and keeps only part of such lands for his personal use",

was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 6, paragraph (c) of the proposed proviso be omitted, was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that in clause 6, the following new proviso be added after the proposed proviso to section 42, namely:—

> "Provided further that the above provision shall apply only in respect of such non-agricultural lands retained by an intermediary as are kept for his personal use and not leased out to others,"

was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that in clause 6, in the proposed proviso in paragraph (c), after the words "by him" the words "but not leased out to others" be inserted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 7(a), in the proposed sub-section (2a), in line 1, after the words "An officer" the words "not below the rank of a munsif" be inserted.

মিঃ স্পীকার, স্যার, এই অ্যামেন্ডমেন্টটা বিশেষ গুরুত্বপূর্ণ। এই ক্লজটা বিশেষ গুরুত্বপূর্ণ ক্লজ। সরকার যে সংশোধনী আইন এনেছেন তার মধ্যে এটাই হচ্ছে গুরুত্বপূর্ণ ক্লজ ওয়ান। আমার অ্যামেন্ডমেন্ট এ আমি বলেছি—এবং আমি মনে করি এটা একটা গুরুত্বপূর্ণ অ্যামেন্ডমেন্ট। সেটা হচ্ছে অ্যান অফিসার যেখানে আছে সে পালটে কিংবা তার সঙ্গে যোগ ক'রে দেওয়া দরকার—

that officer must not be below the rank of a Munsif.

কেন এটা এসেছে? কেনই বা এই অফিসার সম্পর্কে আমরা সন্দেহ প্রকাশ করি? মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন জমির যখন প্রথম নূতন ক'রে পর্চা সংশোধনের কথা হয় তখন গ্রামে গ্রামে প্রথম জরিপ হ'ল, তারপর অ্যাটেসটেশন হ'ল। এই অ্যাটেসটেশন করেছিলেন অ্যান অফিসার। এইসব অফিসারদের কীর্তিকাহিনী মাননীয় সদস্যদের গোচরে আনা হয়েছে—তাঁরা সেসব সংবাদ রাখেন। তাই বলেছি এই যে অ্যান অফিসার কথা বলা হয়েছে তার সঙ্গে সঙ্গেই ভয় হচ্ছে—ঐ একই ধরনের লোক হবে যাদের ল সম্বন্ধে কোন কাণ্ডজ্ঞান নেই। তাই এমন একটা লোক হয়ত হবে যার এক্সপিরিয়েন্স নেই, জুডিসিয়াল ফ্রেম অব মাইন্ড নেই, যার জুডিসিয়াল ট্রাডিশন নেই। আমি ব্যক্তিগতভাবে আমার জিলার বিভিন্ন জায়গাতে ৪৪(১)(e) সেক্সন অনুসারে যে মামলা হয়েছে সেইসব মামলায় চাষীদের পক্ষ থেকে হাজির ছিলাম এবং তখন দেখেছি তাদের অবস্থার সঠিক জ্ঞান তাদের খুব কম। কোন সাক্ষীর কথা তা

ভাবে না। এবং অফিসারদের যা দেখেছি সেখানে তার কোন কিছুরই ধার ধারে না। সেই জায়গায় আমরা দেখেছি আর্গুমেন্ট তাঁরা লিখে ত রাখেনই না এমন কি, আমাদের কাছ থেকে যেসব সংবাদ পান সেইগুলি পর্যন্ত তাঁরা লিখে রাখেন না। শুধু একজন এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিজেদের খেয়াল খুশীমত রেকর্ড ক'রে যান—যার ফলে অনেক জায়গায় মানুষের প্রচুর ক্ষতি হচ্ছে। সুতরাং এই যে "অ্যান অফিসার" লেখা হয়েছে এখানে সে যেন আগের অভিজ্ঞতার পুনরাবৃত্তি না হয়। স্পীকার মহোদয়, এই ৪৪(১) ধারায় যারা বিচার করেছে বা করছে—তাদের মাইনে ৮০ থেকে ১৮০ অর্থাৎ আপার ডিভিসন ক্লার্ক বা নিম্নতম পদস্থ কর্মচারীর মত। এবং তাদের নেওয়া হয়েছে অন্য ডিপার্টমেন্ট থেকে—যেমন সিভিল সাপ্লাই ডিপার্টমেন্ট থেকে একজন ৮০ টাকা মাইনের কেরানীকে ৪৪(১) মামলার বিচার করতে দেওয়া হচ্ছে—যার ফলে হাজার হাজার লোকের সম্পত্তিতে অধিকার থাকবে কি থাকবে না—তা বলা যায় না। তার উপর এটা সামারি ট্রায়াল। সিভিল কোর্টের প্রসিডিওর চলে না। সেইজন্য কমপক্ষে জুডিসিয়াল ফ্রেম অব মাইন্ড বা যার একটা জুডিসিয়াল ট্রেনিং আছে তাঁকে দেওয়া উচিত। তাই কম পক্ষে একজন মুন্সিফএর কথা বলেছি। আমি আশা করি হাউস আমার অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবে।

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 7(a), in the proposed sub-section (2a) of section 44 of the Act, in line 3, for the words "three months", the words "six months" be substituted and in lines 3 to 6, the words "or six months where the applicant is a member of a Scheduled Tribe as defined in article 366 of the Constitution," with the brackets be omitted.

আমি একটা ছোট কথা বলব। মন্ত্রিমহাশয় আইনের মধ্যে অস্পৃশ্যতা এনেছেন। সাধারণ চাষী ও আদিবাসী এদের সকলকেই এক শ্রেণী করা উচিত মনে করেন নি। রেকর্ড সংশোধন করার জন্য আদিবাসী চাষীদের ক্ষেত্রে ৬ মাস আর সাধারণ চাষীদের ক্ষেত্রে ৩ মাস দেওয়া হয়েছে। আপনাকে অনুরোধ করব সকলের জন্যই ৬ মাস করুন। কারণ ৩ মাসের মধ্যে এই আইনের প্রচারই হবে না। আপনাদের পাবলিসিটি ডিপার্টমেন্ট এই সব বিষয় প্রচার করে না। আমাদেরই সব জায়গায় গিয়ে এই আইনের কথা বলতে হবে, এতে সময় লাগবে। এইজন্য আমি বলছি—

It is better that the time should be extended and that it should be the same in all cases.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 7, sub-clause (a) in the proposed new sub-section (2a), lines 3 to 6, for the words and brackets, beginning with "three months" and ending with "Constitution of India" the words "six months" be substituted.

স্যার, আমি তিন মাসের জন্য জায়গায় ৬ মাসের অ্যামেন্ডমেন্ট দিয়েছি আশা করি গ্রহণ করবেন—

Sj. Harekrishna Konar: Sir, I beg to move that in clause 7(a), in the proposed sub-section (2a), in line 3, for the words and brackets "within three months (or six months", the words and bracket "within six months (or nine months" be substituted.

স্যার আমি শুধু আমার অ্যামেন্ডমেন্টটা হাউসের সামনে রাখছি।

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 7(a), in the proposed sub-section (2a), in line 3, for the word "three", the word "six" be substituted.

আমার মোশান নং ৩৬তে আমি ৩ মাসের জায়গায় ৬ মাস করার কথা বলেছি। আশা করি এর যাথার্থ্য সম্পর্কে আর কথা বলার প্রয়োজন নেই।

I do not press amendment No. 36.

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 7, in the proposed sub-section (2a), in line 3, for the words "three months" the words "four months" be substituted.

Sir, I beg to move that in clause 7, in proposed sub-section (2a), in lines 3 to 6, the words and the brackets beginning with "or six months" and ending with "Constitution of India" be omitted.

This is a constitutional point.

Mr. Speaker: Government have accepted it. You need not say anything.

Sj. Basanta Kumar Panda: If it is accepted, then I have got nothing to say.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 7, sub-clause (a), before the proposed proviso to the proposed new sub-section (2a) the following proviso be inserted:—

"Provided that the Officer so empowered shall be an Officer not below the rank of a Munsif and the place of hearing for revision of any entry with respect to any land shall be the place where any objection relating to such land was, or was due to be received and considered under sub-section (1)".

[5-50—6 p.m.]

আমার কথাটা হচ্ছে আমি যে বলেছি আমার অ্যামেন্ডমেন্টে—

that the officer so empowered shall be an officer not below the rank of a Munsif.

সেটার উপর আমি খুব জোর দিচ্ছি না। আমার প্রধান বক্তব্য হচ্ছে—

about the place of hearing for revision of any entry with respect to any land shall be the place where and objection relating to such land was, or was due to be, received and considered under sub-section (1)

এই প্লেস অব হিয়ারিং কোথায় হবে সেটা এই আইনে উল্লেখ করা হয় নি। আমার আশঙ্কা যে রিভিসনের ব্যাপারে সবচেয়ে অসুবিধা হচ্ছে ডিসট্যান্ট প্লেসে হিয়ারিংএর ব্যবস্থা এবং সাধারণ লোকের অসুবিধার সেইটাই মূল কারণ। সেই কারণে এখানে বিশদভাবে উল্লেখ করা দরকার যে যে এলাকার জন্য রিভিসন হবে 'রিভিসন'এর শুনানীও যেন সেই এলাকায় হয়। সেই এলাকায় যেখানে 88(১) ধারানুসারে শুনানীর ব্যবস্থা ছিল বা আছে রিভিসনের হিয়ারিংও যেন সেখানেই হয়। এ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

Mr. Speaker: You want to avoid the party being dragged to distant places—is that your point?

Sj. Sasabindu Bera: Yes, Sir.

Mr. Speaker: Government will bear that in mind.

Sj. Sasabindu Bera: I hope the Hon'ble Minister will accept it.

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 7(a) the following provisos be added to the proposed sub-section (2a), namely:—

"Provided that such officer shall be a person who is or was or duly qualified to be appointed as a Munsif or a Subordinate Judge:

Provided further that the Tribunal may transfer any appeal pending before it to such officer for disposal."

Sir, by this amendment I have tried to add two provisos as to the personal qualification of the specially empowered officer and as to the cases which are pending before the tribunal before the passing of this amendment. You know, Sir, that these records are going to be revised. This must be done by some persons who have got some knowledge about the tenancy laws in the province as well as requirements of survey work. Now, with regard to that the proviso is that such officer shall be a person who is or was duly qualified to be appointed as a Munsif or a Subordinate Judge. Now, I have specially used the words 'Munsif or a Subordinate Judge' because after this there is a provision for appeal to the tribunal consisting of persons in the category of District Judges or Additional Judges. So the persons who possess such qualifications are empowered to revise these things. Then there is every chance that these errors which have crept in in this matter may be corrected and the reason for the appointment of such judicial officers is that further down in other clauses you have seen that these persons are going to be deprived of having any connection in the civil courts with regard to fixation of rent, determination of the status of the tenant and also determination of the incidence of the tenancy. These are matters relating to the tribunal. So if these things are now done at this stage by persons who have got judicial or legal training then that thing can be remedied.

With regard to the other proviso I have to say.....

Mr. Speaker: You want the right of transfer. All right, this will be noted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that the clause 7(a) in the proposed sub-section (2a), in line 14, after the word "heard" the words "and shall record in writing the reasons for altering the entry or non-altering the entry" be inserted.

Sir, I beg to move that in clause 7, after the proposed sub-section (2a), the following new sub-section be added, namely:—

> "(2aa) On receipt of an application under sub-section (2a) of section 7, the officer, if requested by any one of the parties, shall visit the place of dispute and hand over to each of the parties, if demanded, a copy of his findings thereon, subscribing the same under his name and official designation."

I also move that in clause 7(b), in lines 1 and 2, for the words "by a Revenue Officer on any objection made under sub-section (2a)" the words "of an entry in the record finally published in accordance with the provisions of section 44 or an order in revision under sub-section (2a) of section 44, be substituted.

স্যার, এটা খুব ইম্পর্ট্যান্ট। আমরা বিভিন্ন জায়গায় গিয়ে পুনঃপুনঃ রিকোয়েস্ট করা সত্ত্বেও তাঁরা যান না। এইরকম যদি তাঁদের অ্যাটিচিউড হয় তা হ'লে সাধারণ লোক তাদের কাছ থেকে কি প্রতিকারের আশা করতে পারে?

The Hon'ble Bimal Chandra Sinha:

আপনিত নিজেই বল্লেন তারা ১০০ টাকার মাইনের লোক, তাঁরা আর কার কি করবে।)

সুবোধ বাবু ৩ মাসের জায়গায় ৬ মাস করতে বলছেন। আর, উনি যখন ছুৎমার্গের কথা তুলেছেন, ছুৎমার্গকে আমি ভয় করি, সুতরাং তাঁর এই সংশোধনটা আমি গ্রহণ করা সমীচীন ব'লে মনে করি।

অপর সদস্য মহাশয় যে মুন্সেফ হবার কথা বলেছেন, এখানে মুন্সেফ দিতে গেলে ৬।৭।৮ এমনকি ১০ বছর বাদে একটা সেটেলমেন্ট সম্ভব হবে, তা হতে পারে না।

Mr. Speaker: I am first putting No. 31, which has been accepted by the Government, to vote.

The motion of Sj. Subodh Banerjee that in clause 7(a), in the proposed sub-section (2a) of section 44 of the Act in line 3, for the words "three months", the words "six months" be substituted and in lines 3 to 6, the words "or six months where the applicant is a member of a Scheduled Tribe as defined in article 366 of the Constitution of India," with the brackets be omitted, was then put and agreed to.

Mr. Speaker: I am now putting the rest of the amendment Nos. 30, 31A, 32, 33, 34, 35, 36, 36A, 38, 39 and 40 to vote.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 7(a), in the proposed sub-section (2a), in line 1, after the words "An officer" the words "not below the rank of a munsif" be inserted, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that in clause 7, sub-clause (a) in the proposed new sub-section (2a), lines 3 to 6 for the words and brackets, beginning with "three months" and ending with "Constitution of India" the words "six months" be substituted, was then put and lost.

The motion of Sj. Harekrishna Konar that in clause 7(a), in the proposed sub-section (2a), in line 3, for the words and bracket "within three months (or six months", the words and bracket "within six months (or nine months" be substituted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 7(a), in the proposed sub-section (2a), in line 3, for the word "three", the word "six" be substituted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 7, in the proposed sub-section (2a), in line 3, for the words "three months" the words "four months" be substituted, was then put and lost.

The motion of Basanta Kumar Panda that in clause 7, in the proposed sub-section (2a), in lines 3 to 6, the words and the brackets beginning with "or six months" and ending with "Constitution of India" be omitted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 7(a) in the proposed sub-section (2a), in line 14, after the word "heard" the words "and shall record in writing the reasons for altering the entry or non-altering the entry" be inserted, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that in clause 7, sub-clause (a) before the proposed provisos to the proposed new sub-section (2a) the following proviso be inserted:—

> "Provided that the Officer so empowered shall be an Officer not below the rank of a Munsiff and the place of hearing for revision of any entry with respect to any land shall be the place where any objection relating to such land was, or was due to be, received and considered under sub-section (1)"

was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 7(a) the following provisos be added to the proposed sub-section (2a), namely:—

"Provided that such officer shall be a person who is or was or duly qualified to be appointed as a Munsif or a Subordinate Judge:

Provided further that the Tribunal may transfer any appeal pending before it to such officer for disposal."

was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 7, after the proposed sub-section (2a), the following new sub-section be added, namely:—

(2aa) On receipt of an application under sub-section (2a) of section 7, the officer, if requested by any one of the parties, shall visit the place of dispute and hand over to each of the parties, if demanded, a copy of his findings thereon subscribing the same under his name and official designation." was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 7(b), in lines 1 and 2, for the words "by a Revenue Officer on any objection made under sub-section (2a)" the words "of an entry in the record finally published in accordance with the provisions of section 44 or an order in revision under sub-section (2a) of section 44" be substituted, was then put and lost.

The question that clause 7, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that clause 8(a) be omitted.

I also beg to move that clause 8(c) be omitted.

I further move that clause 8(d) be omitted.

By these amendments an attempt has been made to take away the jurisdiction of the Civil Court from entertaining suits with regard to the incidence of the tenancy and the determination of rent, etc. These are questions of time. By the previous clause which has been accepted just now, the Munsiffs and Subordinate Judges are not going to be appointed as the revising or the especially empowered officers. Some authority must remain on the land even after the final publication of the records to revise these things in a proper way. You know very well what things these specially empowered officers will be doing. They will be appointed only to hear cases now before the Revenue Officer who were disposing cases under section 44(1). There is no recorded evidence before them, no witness was examined and no documents were exhibited and so parties had not the full trial of a civil suit against those decisions. These specially empowered officers are going to be appointed for hearing appeals and you all know that rules have not yet been framed as to the disposal of these appeals. In the rule-making section I do not see that there is a special rule for hearing and disposal of these appeals. Now even if at this appeal stage, evidence is taken and evidence is recorded and documents are taken into consideration, at least there will be some chance of getting some remedy with regard to the question of title but these appellate officers are going to dispose of these appeals in a summary way only hearing the arguments of the parties or their representatives or their lawyers without having a scrutiny and without going through other processes which are necessary for the determination of the title of the party. I will say that this is a way of taking away the

valuable rights of the citizens. You all know under Chapter X of the existing Bengal Tenancy Act there is a provision under section 104(h) and (j) to go to the Civil Court for determination of the title and even when a record-or-right is framed. Its value has got only a presumptive value and it is not final. There can be evidence adduced in those cases or in a poperly constituted suit those can be re-agitated.

[6—6-10 p.m.]

Now in this case I am saying that this power of the citizens to have their cases or the question of title decided in the Civil Court should not be taken away. If this appeal is accepted, then there will be certain difficulty of having these questions of title decided by the Civil Court. I would say that these things should be done after the final publication and after the final preparation of the record of rights but the other powers of the citizens to have their titles decided in the Civil Court should remain as they were from before and these rights of the citizens were not taken away even under Chapter X of the Bengal Tenancy Act. Let there be records and let it be of presumptive value but let it not be final and let the decision of these Revenue Officers and the specially empowered officers and also even the Tribunal be a final adjudication as to the title because I say, Sir, that the final authority may be the District Judge but what will the District Judge be doing here against a civil suit or against a title suit? He is only revising the judgments of the specially empowered officers who also dispose of the appeal in a summary way. So all these three officers under the Act, namely, Revenue Officer, specially empowered officer as well as a District Judge, were functioning as a tribunal. All of them are not civil courts for this purpose. The same person may be the presiding officer of a civil court. But when they will be doing these things as a tribunal and as specially empowered officers, their judgment has not got the same sanctity and the same value as the decision of a civil court. You also know that from the judgments of the civil courts if there is no appeal, there is the final adjudication of the title for all time to come with respect to the parties who are parties to that litigation. But here if you stop the thing then if there is some mistake in the Act itself, it will remain for ever with no chance of getting it corrected.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I explained all these at length when I opened the discussion. I am opposing the amendments.

The motion of Sj. Basanta Kumar Panda that clause 8(a) be omitted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that clause 8(c) be omitted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that clause 8(d), be omitted, was then put and lost.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed.

Sj. Saroj Roy:

মাননীয় স্পীকার, স্যার, আজকে দুদিন ধরে

West Bengal Estates Acquisition (Second Amendment) Bill

যে আলোচনা চলছে তাতে একটা জিনিস লক্ষ্য করেছি যে, [illegible] এই বিল সম্পর্কে অতি উৎসাহী, যেন একটা কিছু বড়রকম পরিবর্তন তাঁরা আনছেন। কিন্তু বিলের যে আলোচনা হ'ল বিশেষভাবে তাঁদের এইসব টুকরো টুকরো অ্যামেন্ডমেন্ট সম্পর্কে তাতে প্রথমেই দেখা গেল যে তাঁদের নিজেদের ভুলেই যে এস্টেটস অ্যাকুইজিসন বিল পাশ করেন তাতে তাঁদের হাতে গাছ সহ জঙ্গলগুলি এল না তাই সরকারের নিজের প্রয়োজনেই প্রথমত প্রয়োজন হ'ল এই জঙ্গলগুলি হাতে নিয়ে নেওয়ার অ্যামেন্ডমেন্ট আনা। এই যেসব আইনের দুর্বলতা ছিল, সেই বিষয়ে অপোজিশন বেঞ্চ থেকে বহু অ্যামেন্ডমেন্ট তখন এসেছিল কিন্তু সরকার তখন ওইসব অ্যামেন্ডমেন্ট গ্রহণ করেন নি। এস্টেট অ্যাকুইজিশন বিল পাশ হয়ে যাবার পর বিশেষ ক'রে প্রাইভেট ফরেস্টএর কাস্টমারি রাইটস সম্পর্কেও বিরাট বিরাট আন্দোলন হয়ে গিয়েছে, জনসাধারণের যেসব বিবিধ স্বত্বের অধিকার ছিল তা কেড়ে নেওয়া হয় যার ফলে জঙ্গল এলেকার আদিবাসী, কৃষকদের এবং গরিব লোকদের মনে ভয়ানক অসন্তোষ দেখা দেয়, সেই সমস্ত গ্রামবাসীদের দৈনন্দিন জীবনে নানাপ্রকার বাধাবিঘ্ন আসে এবং তাদের অর্থনৈতিক জীবনে বিরাট বিপর্যয় নেমে আসে—

কয়েক বছর ধরে আমরা বারে বারে জানিয়েছিলাম। আজ যখন পুনরায় সুযোগ এল যে, ওইসব স্বত্ব আইনত গ্রহণ করা সম্ভব, তখনও তাঁরা আইনত তা স্বীকার করলেন না, তাঁরা মৌখিকভাবে মেনে নিলেন যে, সেইসমস্ত রাইটগুলি দেওয়া যাবে। কিন্তু এই মৌখিক ব্যাপারে আমাদের যথেষ্ট সন্দেহ রয়ে গেল, এঁদের মৌখিক হুকুম যেটা এখান থেকে দেওয়া হবে সেটা বোধ হয় সেখানে প্রতিপালিত হবে না। দ্বিতীয়ত জরিপের ক্ষেত্রে সকলেই জানেন যে সেখানে অনেক ভুল ত্রুটি হয়েছিল। মৌখিক অনেক অর্ডার দেওয়া হয়েছিল কিন্তু তা কার্যকরী হয় নি বা যে পদ্ধতি নেওয়া হয় তাতেও কার্যকরী হয় নি। আইনের দুর্বলতা থাকার জন্যই বহু স্থানে ভাগচাষী, সাঁজাচাষী ও গরিবদের ন্যায়সঙ্গতভাবে জরিপ হয় নি। এই হাউসের স্মরণ করা দরকার যে, জমিদারি উচ্ছেদ বিলের উদ্দেশ্য ছিল জমিদারেরা উচ্ছেদ হবে, জমি পাওয়া যাবে, গরিব কৃষকদের জমি বণ্টন করা হবে এবং বাংলাদেশে ফসল উৎপাদনের উন্নতি হবে, বাংলাদেশের গ্রামের অর্থনৈতিক উন্নতি হবে কিন্তু ঠিক উল্টোটা হ'ল—জমিদারি প্রথা উচ্ছেদ হয়েছে, কিন্তু জমিদারেরা বেপরোয়াভাবে জমি হস্তান্তর করতে লাগল এবং উল্টোদিক থেকে সুরু হল ভাগচাষী, সাঁজাচাষী ইত্যাদি গরিব চাষীরা হাজারে হাজারে লাখে লাখে উচ্ছেদ হ'তে লাগল। ভূমিহীনের সংখ্যা আরও বাড়ল।

[6-10—6-20 p.m.]

জমিদারি উচ্ছেদ হ'ল না, চাষী উচ্ছেদের পর্ব বিপুলভাবে হয়ে গেল। এইরকম অবস্থায় বোধ হয় বাংলাদেশের প্রতিটা গ্রামাঞ্চলে তীব্রভাবে যখন আন্দোলন হ'ল বা এখনও হচ্ছে, এই আইন-সভার মধ্যে গত ৩ বছরে বারে বারে যখন প্রশ্ন তোলা হয়েছে, তারপর এইরকম একটি অ্যামেন্ড-মেন্ট এল। কিন্তু অ্যামেন্ডমেন্ট এখানে যেভাবে আনা হ'ল সেটা সমর্থনীয় নয়, কারণ সেখানে সরেজমিনে তদন্ত করার দাবিই কৃষকদের প্রধান দাবি ছিল। সেটার প্রভিশন এই বিলে আনা হ'ল না। উপরের কোর্টে আপিলের ব্যবস্থা আছে কিন্তু তার কোন ফল হয় না। কারণ উপরের কোর্টে যখন আপিল করবার দরকার হয় তখন পয়সার অভাবে গরিবদের পক্ষে জেলা শহরে বা মহকুমা শহরে যাওয়া সম্ভব হয় না ফলে তাদের যে অধিকার থাকে সেই আইনসঙ্গত অধিকার তারা পায় না। এই অভিজ্ঞতা থেকে সরেজমিনে তদন্তের কথা আমরা গতবারেও বলেছিলাম। এবারেও আমরা এটাকে [illegible] ভেতরে রাখতে চেয়েছিলাম যে সেখানে একটা সরেজমিনে তদন্ত হোক এবং সেখানে স্থানীয় সাক্ষীসাবুদ নিয়ে যেটা সত্যিকারের

জিনিস দাঁড়াবে সেইভাবে বিলিব্যবস্থা হবে। এইসব করলে সত্যিকারের কিছুটা উপকার করা হ'ত এবং যেসমস্ত কৃষক বিনা কারণে অত্যাচারিত হয়েছে বা উচ্ছেদ হয়ে গেছে তাদের প্রকৃত উপকার করা হ'ত, অর্থাৎ মন্ত্রীমহাশয় মুখে যা বলছেন তা কার্যকরী হ'ত। কিন্তু দেখা গেল মন্ত্রীমহাশয় যে নীতি নিয়েছেন সেটা থেকে একটু নড়লেন না। ফল হবে যে চাষীর প্রকৃত উপকার হবে না।

দ্বিতীয়ত নন-এগ্রিকালচারাল ল্যান্ডএর খাজনা সম্পর্কে যে জিনিস হ'ল সেটাও সন্দেহজনকই রয়ে গেল। এ বিষয়ে বরানগরের বিশেষ ঘটনা সকলেরই স্মরণ আছে। এ বিষয়ে কোর্টে যখন কেস ফাইল হ'ল তখনই এইরকম একটা আইন এল। কিন্তু তারপর যে জিনিস এই আইনে লিপিবদ্ধ হ'ল তাতে বহু ক্ষেত্রে বড়লোকেদের সুযোগসুবিধাই এখানে রয়ে গেল। আমরা যেসব অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম সেটুকুন যদি গ্রহণ করতেন তা হ'লে আমরা বুঝতাম যে, নন-এগ্রিকালচারাল ল্যান্ড নিয়ে যেটা আমাদের অনেকের মনে সন্দেহ রয়ে গেছে যে, যাদের বেশি জমি আছে তারা তা ভাড়া খাটিয়ে লাভবান হচ্ছে ও হবে—তারা বোধ হয় সেখানে বাদ পড়ে যাবে। কিন্তু সেদিক থেকে মন্ত্রীমহাশয় মুখে যেকথা বললেন কার্যত বোধ হয় সেটুকুও দাঁড়াবে না। আর ঐটুকুন অ্যামেন্ডমেন্ট যদি তিনি নিতেন তা হ'লে তাঁর অন্তত কথায় এবং কাজে কিছুটা সামঞ্জস্য থাকত। এখানে এই বিলের শেষ আলোচনাতে আমি একটা কথা এখানে বলতে চাই। অবশ্য আজকে সমগ্র হাউসের স্মরণ রাখা দরকার যে, ৩ বছর আগে যখন এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট আসে তখন আমরা বিরোধীপক্ষ থেকে বহু মূল্যবান সমস্ত তথ্য এখানে উপস্থিত করেছিলাম এবং মূল্যবান প্রস্তাবও আমরা এখানে তখন দিয়েছিলাম, কিন্তু সেগুলো সম্পর্কে সরকারপক্ষের দিক থেকে বিবেচনা করবার কোন প্রয়োজন তাঁরা বোধ করেন নি। সেজন্যই তাঁদের আজকে সেইসব সম্পর্কে পুনরায় চিন্তা করতে হবে, কারণ যখন তাঁদের নিজেদের কোনরকম অভিজ্ঞতা নেই, তখন আমাদের দিক থেকে যেসব অভিজ্ঞতা তাদের কাছে দেওয়া হ'ত সেইগুলো বিবেচনা করবার যদি চেষ্টা করতেন তা হ'লে প্রথম থেকে বিলের অনেক কিছু পরিবর্তন হ'তে পারত এবং তা হ'লে এইভাবে ক্ষুদ্র ক্ষুদ্র ক'রে অ্যামেন্ডমেন্ট আনবার কোন দরকার হ'ত না। সেজন্য আজকে এই বিলের আলোচনা করতে গিয়ে একটা অভিজ্ঞতা আমাদের গ্রহণ করা দরকার এবং নিজেদের মাঝখানে একটা সমালোচনাও হওয়া দরকার। এটাও আজ বোঝা দরকার যে, এই হাউসে বিরোধীপক্ষ হিসাবে যেসমস্ত অ্যামেন্ডমেন্ট আমরা দিই তাকে সরাসরি বিরোধীপক্ষ ব'লেই দূরে ছুঁড়ে দেওয়ার ফল এটাই হয় যে তারপরে দু'দিন না যেতেই বাস্তব অবস্থাতে তাঁদের যখন পড়তে হয়, তখন একটা, আধটা, দুটো ক'রে অ্যামেন্ডমেন্ট আনতে হয়; কিন্তু সর্বনাশ ইতিমধ্যে হয়ে যায়। এইসব ঘটনার অভিজ্ঞতা থেকেই সরকার-পক্ষকে বিরোধীপক্ষের প্রতি আরও আস্থাবান হতে হবে। আমার যথেষ্ট সন্দেহ আছে যে, এখানে ৩ মাসের জায়গায় ৬ মাস সময় বাড়ালেই যেসমস্ত কৃষকরা উচ্ছেদ হয়ে গেছে সেইসমস্ত কৃষকরা আজকে রিইনস্টেট হ'তে পারবে না। সেজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে, তিনি যেকথা বললেন যে, সমস্ত দিক থেকে যেসমস্ত ত্রুটি আছে তা দূর করার জন্য সম্পূর্ণ-ভাবে অ্যামেন্ডমেন্ট ক'রে একটা বিল আনবেন, তারই জন্য যেন অবিলম্বে বিরোধীপক্ষদের সঙ্গে একটা সামগ্রিকভাবে আলোচনা করার ব্যবস্থা তিনি করেন। কারণ তা না হ'লে বহু দুর্বলতা রয়ে যাবে এবং তার জন্য বারেবারেই আন্দোলন হবে কারণ কৃষক কোন দুর্বলতাকে আজকে ক্ষমা করবে না, তার জন্য তারা আন্দোলন করবেই এবং সেই আন্দোলনের পরেই এইভাবে আবার আপনাদের টুকরো টুকরো বিল আনতে হবে। তাতে বিশেষ উপকার হবে না। গোলমাল ও অরাজকতাই বাড়বে। আশা করি মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় স্পীকার মহাশয়, এই সংশোধনী বিলটি আলোচনার সময় আমাদের রাজস্বমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছেন যে, এরপর যখন সর্বাঙ্গীণ একটা বিল আসবে তার মধ্যে মেছোভেড়িকে তোলবার ব্যবস্থা তিনি করবেন। অবশ্য কিছুদিন আগে—মাস দুয়েক আগে—এই প্রতিশ্রুতি তিনি দিয়েছিলেন যে, এই সেসানে এই প্রস্তাব আসবে। কিন্তু মাঝখানে যে সেই প্রস্তাব ব্যাহত হ'ল। জানি না যে প্রতিশ্রুতি তিনি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি আবার কম্প্রিহেনসিভ

বিল যখন আসবে তার মধ্যে পালন হবে কিনা? আমি একটা প্রশ্ন বলেছিলাম যে, ফিসারিকে উঠিয়ে দেওয়া হ'ক, কিন্তু সেটাকে বুদ্ধির দিকে নিয়ে যাওয়ার আরও নূতন নূতন প্রচেষ্টা হচ্ছে। আমাদের [illegible]। গতবারে বাজেট সেসানে এই ফ্লোরে তিনি বলেছিলেন যে, নদী-নালা-খাল সাধারণের ব্যবহার্যের জন্য যেগুলি আছে এবং ফিসারি যেগুলি আছে সেগুলিকে আর বিলি বন্দোবস্ত করার ব্যবস্থা হবে না এবং সেসব সরকারের খাসে থাকবে। আমি একটু আগে ব্যক্তিগতভাবে ওঁর কাছে শুনলাম যে, তাঁর নির্দেশ মাত্র ৩ সপ্তাহ আগে গেছে—অর্থাৎ ঐ খাল, নদীনালার বিলি-বণ্টন ব্যবস্থা আর যাতে না হয়। আমাদের যে প্রস্তাব, মানে যা ইচ্ছা থাকে সেই ইচ্ছাকে কার্যকরী করার মধ্য দিয়ে যে সময় লাগে সেই সময়ের মধ্যে জনসাধারণের যে ক্ষতি এবং সর্বনাশ হবে তার জন্য কম্পেনসেশন কিভাবে আদায় হবে সেটা ভেবে দেখবার জন্য আমি অনুরোধ করছি। কারণ ইতিমধ্যে এইসমস্ত জায়গায় সাধারণ মানুষ বঞ্চিত হয়েছে। বিশেষ ক'রে সুন্দরবন অঞ্চলে, যার সম্বন্ধে প্রস্তাবটা গতবারে রাখা হয়েছিল, প্রচুর টাকা লেনদেন হয়ে গেছে এবং সাধারণ মানুষের এমন কোন খাল নেই যে খাল এইভাবে বিলিবণ্টন হয় নি। গতবারে আইনসভায় এই ফ্লোরের মধ্যে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তাকে কার্যকরী করতে তাঁর নির্দেশ মাত্র ৩ সপ্তাহ আগে গেছে, কিন্তু ইতিমধ্যে সাধারণ মানুষের যে ক্ষতি হ'ল তাদের সেই ক্ষতিপূরণের যে কি ব্যবস্থা হবে সেটা আমি জানতে চাই। আমি আশা করি যে, তাঁদের যদি সদিচ্ছা থাকে তা হ'লে এই যে ক্ষতি হ'ল এবং সাধারণ মানুষ এই যে আর্থিক উপার্জন থেকে বঞ্চিত হ'ল সেই বঞ্চিত হওয়ার জন্য যে ক্ষতি হ'ল সেটার কথা যেন একটু ভেবে দেখেন। কিন্তু আমাদের সন্দেহ হয় যে, আমরা অনেক আগে এই সাজেসশনগুলো দিয়েছিলাম সেই সাজেসশনগুলোকে যদি কার্যকরী করার প্রস্তাব থাকে তা হ'লে কেন যে ৩ সপ্তাহ আগে সেই নির্দেশ গেল সেটা আমার বুদ্ধির অগম্য। এই সঙ্গে সঙ্গে আমি আশা করি যে, অন্যায়ভাবে যেগুলো বিলিবণ্টন হয়েছে তার জন্য যে ক্ষতিপূরণ হয়েছে তার একটা ব্যবস্থা করবেন এবং যে প্রতিশ্রুতি আজকে দিলেন সেই প্রতিশ্রুতির বেলায় যেন আগামীবারে পড়তে না হয় এবং একটা যেন কার্যকরী ব্যবস্থা হয়।

[6-20—6-30 p.m.]

Sj. Hare Krishna Konar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু দুটো কথা শেষকালে বলতে চাই। প্রথমত, এই আইনের সীমাবদ্ধতা সম্বন্ধে যথেষ্ট আলোচনা এই দুদিনে করা হয়েছে। আমরা আশা করেছিলাম যে, আলোচনার মধ্যে মাননীয় মন্ত্রিমহাশয় আইনটিকে আরও উন্নত করার জন্য বিরোধীপক্ষের বিভিন্ন সংশোধনী প্রস্তাব গ্রহণ করবেন, কারণ বিরোধীপক্ষ থেকে অত্যন্ত যুক্তিসঙ্গত সংশোধনী প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু দেখা গেল নানারকম যুক্তি দিয়ে, নানারকম কথা ব'লে বিরোধীপক্ষের কার্যকরী অতি যুক্তিসঙ্গত প্রস্তাবগুলোকে গ্রহণ করা হ'ল না। তিনি একটিমাত্র সংশোধনী গ্রহণ করলেন, তাও দেখা গেল সেবিষয়ে যে সংশোধনীটি অপেক্ষাকৃত দুর্বল সেটাকে তিনি গ্রহণ করলেন। আমি যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে যে, আমরা যতই গালভরা কথা বলি না কেন এই বাস্তব সত্যকে অস্বীকার করা যায় না যে, আজকে আমাদের দেশে আদিবাসীরা যে-কোন সম্প্রদায় থেকে পশ্চাৎপদ অবস্থায় আছে।

যদি আমরা রেকর্ডের ইতিহাস দেখি সেটেলমেন্ট রেকর্ড, তা হ'লেও দেখতে পাব বাস্তুভিটার রেকর্ড অন্যান্যক্ষেত্রে মোটামুটি হ'লেও এই আদিবাসী কৃষকদের ক্ষেত্রে অনেক জায়গায় এই বাস্তুভিটা পর্যন্ত রেকর্ড হয় নাই। তাদের অজ্ঞতা এখনও এই স্তরে আছে। কাজেই তাদের জন্য একটু বেশি সময় দেওয়ার একটা প্রস্তাব ছিল। সেটাও মন্ত্রিমহাশয় নাকচ ক'রে দিলেন "অস্পৃশ্যতা দূরীকরণের" নামে। রেকর্ড ব্যাপারে তিনি একটা সময় দেবার সংশোধনী প্রস্তাব গ্রহণ করেছেন বটে, কিন্তু সেটা সহজেই বাড়িয়ে সাধারণের জন্য ছ' মাস এবং [illegible] জন্য ন' মাস করা যেতে পারত। যদি সত্যই তিনি আইনের উন্নতি করতে চাইতেন, তা হ'লে আমাদের অনেক অ্যামেন্ডমেন্ট গ্রহণ ক'রে আমাদের অ্যাকোমডেট করতে পারতেন, যেটা তিনি করেন নাই।

দ্বিতীয় বক্তব্য হচ্ছে, এইরূপ সীমাবদ্ধতা সত্ত্বেও যে আইনটি গৃহীত হচ্ছে, তাও কতটুকু কার্যকরী করা হবে, তা নির্ভর করে আইন পাশের উপরে নয়, আইন কেমন ক'রে কার্যকরী করার ব্যবস্থা করা হয় তার উপরে।

আমরা জানি আইনে কিছু ভাল ভাল কথা থাকে। কিন্তু বাস্তবক্ষেত্রে দেখা যায় সেটা গরিবের সুবিধার জন্য প্রয়োগ করা হয় না, বরং তাদের বিরুদ্ধেই প্রয়োগ করা হয়। আইনের যেসব ধারা তাদের স্বপক্ষে হয়, তা ডেড লেটার হয়ে পড়ে থাকে। গরিব মানুষের উপর প্রয়োগ হয়—যেটা তাদের বিপক্ষে। ভূমি সংস্কার আইনই বলুন, আর বর্গাদার আইনই বলুন, আমরা দেখেছি কিভাবে আইনকে তাদের বিরুদ্ধে প্রয়োগ করা হয়ে থাকে। এক্ষেত্রেও যদি সেইরকম হয় প্রয়োগের ক্ষেত্রে, তা হ'লে কি অবস্থা হবে? আমরা জানি গভর্নমেন্টের শাসন-ব্যবস্থা, তার আমলাতান্ত্রিক ব্যবস্থা প্রয়োগ হয় সাধারণ মানুষ ও গরিব কৃষকের বিরুদ্ধে। এদিকটা মনে রাখা দরকার। জমিদারী দখল আইন পাশ হবার পর অনেক গরিব কৃষকের চোখের জল পড়েছে। তাদের জন্য অনেক আন্দোলন হয়েছে, অনেক সংগ্রাম করতে হয়েছে। তার ফলে হোমিওপ্যাথিক ডোজের মত একটু ছিটেফোঁটা অ্যামেন্ডমেন্ট ধাপে ধাপে করতে হয়েছে। সরকারের চেষ্টা করা উচিত যাতে ভাল অ্যামেন্ডমেন্টগুলি গৃহীত হয়, বিলের উন্নতি হয়। তা যদি করতে হয়, তা হ'লে জনসাধারণের সংগঠনের সহযোগিতায় তা করতে হবে। এই পদ্ধতি যদি গ্রহণ করা যায়, তা হ'লে যেটুকু সংশোধন করা হবে তাতে কিছুটা কাজ হবে তা না হ'লে ঐ সামান্য কাজটুকুও হবে না।

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বা দুটো পয়েন্টের উপর আমার বক্তব্য রাখছি। কালকে এই বিল সম্পর্কে বলতে গিয়ে মাননীয় রাজস্বমন্ত্রী অত্যন্ত আত্মসন্তুষ্টির ভাব দেখাচ্ছিলেন এবং কতকগুলো স্ট্যাটিসটিক্স আমাদের সামনে দিয়েছিলেন। এইবার যে নূতন পরচা সংশোধন হয়েছে তাতে ৬ লক্ষ ৫৮ হাজার ভাগচাষীর নাম রেকর্ড হয়েছে। কিন্তু গত সেন্সাস রিপোর্টে মাত্র ৩ লক্ষ ভাগচাষীর নাম রয়েছে। আমি এই সম্পর্কে তাঁর দৃষ্টি আকর্ষণ ক'রে বলতে চাই। তিনি কি একথা বলবেন যে, গত সেন্সাস রিপোর্টে এত কম থাকা সত্ত্বেও আজ মাত্র ৭ বছরের মধ্যে ভাগচাষীর সংখ্যা ডবলের উপর বেড়ে গেল? তা যদি তিনি স্বীকার না করেন তা হ'লে নিশ্চয়ই বলতে হবে লাস্ট সেন্সাসএর যে ফিগার তিনি কালকে দিয়েছিলেন তা ভুল। তার কারণ তিনি নিজে স্বীকার করতে পারেন না। গত ৭ বছরে কংগ্রেস রাজত্বে ভাগচাষীর সংখ্যা ডবলের বেশি হয়ে গেছে। তিনি যে আত্মসন্তুষ্টির ভাব দেখাচ্ছিলেন রেকর্ড খুব ভাল হয়েছে তা ঠিক নয়। অধিকাংশ কৃষক রেকর্ড করাতে পারলেও আমার দৃঢ়বিশ্বাস রেকর্ড সর্বত্র ভাল হয় নাই। মন্ত্রীমহোদয় যদি আমার এলাকায় যান, তা হ'লে আমি তাঁকে ঘুরিয়ে ঘুরিয়ে দেখাবো বহু ভাগচাষীর চাষবাসের জমি শুধু নয় তাদের যে ঘরবাড়ি আছে সেই বাড়িতে বাগান-পুকুর থাকা সত্ত্বেও পরচায় তার নাম দখলকার হিসেবে রেকর্ড হয় নাই, তাদের অন্য স্বত্বের কথা দূরে থাকুক। কাজেই এইটুকু স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে রাজস্বমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই—এই পরচার মাধ্যমে বাংলাদেশের কত দরিদ্র ভাগচাষী, গুলো চাষী, সাজাচাষী উচ্ছেদ হয়ে গেছে। তাদের এই যে উচ্ছেদ করা হয়েছে এই সম্পর্কে একটা অনুসন্ধান হওয়ার প্রয়োজন আছে। তার জন্য একটা বেসরকারী তদন্ত কমিটি করুন এবং এখানে যাঁরা বিরোধী সদস্য রয়েছেন তাঁদের এই কমিটিতে নিন এবং দেখুন সত্যিকারের রেকর্ড ঠিক হয়েছে কিনা। আপনারা যে রিপোর্ট আমলাতন্ত্রের মাধ্যমে পান, তার ভিত্তিতে আপনি বলছেন ভালভাবে রেকর্ড হয়েছে। কিন্তু আমরা যারা ভুক্তভোগী আছি, আমরা চাষীদের মধ্যে যাই। আমরা অভিজ্ঞতার মধ্যদিয়ে দেখেছি আপনার সেই ধারণা সম্পূর্ণ ভুল। কাজেই বর্তমান আইনের মুখ্য উদ্দেশ্যে যেখানে ভাগচাষী, গুলোচাষীকে অধিকার দেওয়া, সেই অধিকার কি এই দরিদ্র সাধারণ মানুষেরা পাবে? সেই সুযোগসুবিধা থেকে আজকে তারা বঞ্চিত হচ্ছে। কাজেই আমি অনুরোধ জানাই—এই পয়েন্টে আমার জোর বক্তব্য—রাজস্বমন্ত্রী এ সম্বন্ধে একটা অনুসন্ধান কমিটি অ্যাপয়েন্ট করুন। তার মধ্যে বিরোধীপক্ষের সদস্য রাখুন এবং নূতন ক'রে যাতে তাদের নাম রেকর্ড হয়, তার ব্যবস্থা করুন।

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে আইনটা হ'ল এই আইন কার্যকরী করার ক্ষেত্রে যে অসুবিধা দেখা দেবে সে সম্বন্ধে আমি দু'-একটি কথা বলতে চাই।

এই বিলটার মূল দুটি উদ্দেশ্য। একটি উদ্দেশ্য হ'ল যে, যে-কোন ব্যক্তির অধীনস্থ বনভূমি সরকারী আয়ত্তে আনার এবং দ্বিতীয়টি হ'ল সেটেলমেন্টএর কাজে কিছু সময় দেওয়া যাতে ঠিকমত সেটেলমেন্ট রেকর্ড হয়। প্রথমটি সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে তাদের যে উদ্দেশ্য যে, যে-কোন ব্যক্তির অধীনস্থ বনভূমি জমিদারী দখল আইনের আওতাতে এনে দখল করা, তা তাঁরা করতে পারবেন কিনা, সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। এই বিলের ৪নং ক্লজে কম্পেনসেশনএর ক্ষেত্রে যে-কোন বনের মালিককে ইন্টারমিডিয়ারি হিসেবে ধরা হবে বলা হয়েছে। কিন্তু দেখছি এই বন দখলের জন্য মালিকের উপর নোটিফিকেশনএর যে ফলাফল—এফেক্ট অব নোটিফিকেশন—যা মূল আইনের ৫ ধারায় বিধিবদ্ধ আছে সেই ফলাফলের কথা যদি বিচার করি তা হ'লে দেখতে পাই যে, ইন্টারমিডিয়ারি নন এমন বনের মালিক যে এই নোটিফিকেশনএর আওতায় আসবেন এবং তাঁর বনকে যে দখল করা যাবে, এমন কোন ব্যবস্থা হ'ল না। সেজন্য আমি এই ইন্টারমিডিয়ারির ডেফিনিশনএর মধ্যে যে-কোন বনভূমির মালিককে ঢোকাতে চেয়েছিলাম। অন্য দৃষ্টিভঙ্গি থেকে আর একটি সংশোধন প্রস্তাবে মাননীয় সদস্য শ্রীযুক্ত বসন্ত পান্ডা মহাশয়ও এই কথা বলতে চেয়েছিলেন যে, যে-কোন বনভূমির মালিককে ইন্টারমিডিয়ারির পর্যায় ফেলা হয় নাই ব'লে তার ক্ষেত্রে এই দখল আইন প্রযোজ্য হবে না। অবশ্য বিলের ৪নং ক্লজে কম্পেনসেশন দেওয়ার উদ্দেশ্যে এদের ইন্টারমিডিয়ারি বলা হয়েছে। কিন্তু যদি তাদের বনভূমি দখল করছেন বলা না যায়, তা হ'লে তাদের কম্পেনসেশন দেবার কথা উঠতে পারে না। যেভাবে আইনটি পাস হ'তে চলেছে তাতে যে-কোন ব্যক্তি ইন্টারমিডিয়ারি ভিন্ন—এনি পার্সন ওনিং এ ফরেস্ট—তাকে এই আইনের আওতায় ফেলে তার বনভূমি দখল করা অত্যন্ত কষ্টকর হয়ে দাঁড়াবে যতক্ষণ না আইনটাকে সেইভাবে সংশোধন করা যায়। তাই এই ত্রুটি এখনও থেকে গেল বলে প্রথম উদ্দেশ্য ব্যাহত হলো ব'লে আমি মনে করি।

দ্বিতীয় উদ্দেশ্য হচ্ছে রেকর্ড সংশোধনের জন্য সময় দেওয়া যদিও আইন করা হয়েছে, ৬ মাস সময় দেওয়া হয়েছে, তবুও অসুবিধা দূর হবে না। কারণ মূল আইনে গ্রামাঞ্চলে সেটেলমেন্টএর ব্যাপারে যে অসুবিধা লক্ষ্য করেছি—তা হচ্ছে এই, যথাযথ শুনানীর সুব্যবস্থার অভাব। যতদূর সম্ভব অল্প দূরত্বে, উচ্চতর মর্যাদার দায়িত্বশীল কর্মচারীর দ্বারা নিরপেক্ষ শুনানীর ব্যবস্থা এবং প্রয়োজনের ক্ষেত্রে স্থানীয় তদন্ত ব্যবস্থা দরকার। সাক্ষ্যপ্রমাণ রেকর্ড-ভুক্ত করা দরকার। যদি এই শুনানীর ভাল ব্যবস্থা না করা হয় উচ্চতর পর্যায়ের কর্মচারীর দ্বারা যদি প্রয়োজনের ক্ষেত্রে স্থানীয় তদন্ত না হয়, প্রমাণাদি রেকর্ড করা না হয়, তা হ'লে আগে যা হয়েছে, তারই পুনরাবৃত্তি হবে। আমরা দেখেছি ডিপার্টমেন্টের দুর্নীতির জন্য, কর্মচারীদের দুর্নীতির ফলে সেটেলমেন্টএর কাজে ন্যায়বিচার হয় নাই। সেই দুর্নীতি দূর করা একান্ত দরকার যাতে লোকে ন্যায়বিচার পেতে পারে। এই দুর্নীতি যদি দূর করা না হয়, তা হ'লে অল্প সম্পত্তির মালিকেরা, বর্গাচাষীরা, সাঁজাচাষীরা ন্যায়বিচার থেকে বঞ্চিত হবে, আইনের দ্বিতীয় মূল উদ্দেশ্য ব্যাহত হবে। যদি উচ্চতর পর্যায়ের অধিকতর নির্ভরযোগ্য কর্মচারীর দ্বারা এই শুনানীর ব্যবস্থা করা হয়, তা হ'লে সাধারণের অনেক সুবিধা হবে। যাতে সর্ব-প্রকার দুর্নীতি দূর করবার জন্য সম্ভাব্য সকল প্রকার ব্যবস্থা অবলম্বিত হয় তার জন্য আমরা বিরোধীপক্ষের তরফ থেকে সর্বপ্রকার সাহায্য দিতে প্রস্তুত আছি। রেকর্ড কার্য যাতে ঠিক ঠিক ভাবে হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখবার জন্য সরকারকে অনুরোধ জানাই।

[6-30—6-40 p.m.]

Sj. Benoy Krishna Chowdhury:

একটা হচ্ছে এনকামব্রান্স—তার সংজ্ঞাকারের ডেফিনিশন দেওয়া হয়েছে বঙ্গীয় প্রজাস্বত্ব আইনে। এখানে একটা প্রশ্ন উঠেছে—বন সংরক্ষণের দিক থেকে যাতে কোন প্রকারে কোন দিক থেকে সরকারের পক্ষ থেকে বন নিয়ে অসুবিধা না হয়, তেমন ইজমেন্ট রাইট যাতে জনসাধারণের থাকে, তার দিকে লক্ষ্য রাখতে হবে। ইজমেন্ট রাইটস্ কাস্টমারি রাইটস বিভিন্ন জায়গায়

বিভিন্ন রকমের থাকলে অসুবিধা হতে পারে। অতএব এটা পরিষ্কার ক'রে দেওয়া হোক—ইজমেন্ট রাইটস কোনপ্রকারে ব্যাহত হবে না, সম্পূর্ণ টিঁকে থাকবে, সরকার বন নিলে পরেও। এবং আমার মনে হয় সে কারণে হয়ত উনি জানেন কিনা জানি না, বর্ধমানে সেটেলমেন্ট অফিসার আমাকেই অনুরোধ করেছিলেন এবং আপনাদের এই অর্ডিনান্সএর সার্কুলার আমিই প্রথমে সর্বত্র পৌঁছে দেবার চেষ্টা করি। সেটা হচ্ছে কি, এই রিভিসনএর সুযোগ এবং এই যে রিভিসনের সুযোগ পাচ্ছে এ সুযোগ মোটেই তারা পাবে না। একদিকে কোর্ট যেমন ব্যয়বহুল ব'লে তাদের পক্ষে সম্ভব হচ্ছে না, তেমনি আর একদিক থেকে একজন অফিসারএর কাছে যে সুযোগ পাচ্ছে তাও পাবে না। কিন্তু সঙ্গে সঙ্গে আমার অ্যামেন্ডমেন্ট ভেগ ব'লে সেটা আনা হ'ল না সেখানে তিনটি বিষয়ের কথা আমি দিয়েছিলাম। সেটা হচ্ছে স্পট এনকোয়ারি যদি না হয় তা হ'লে কিছুই হবে না। আমি নিজে জানি অধিকাংশের যাদের ঘর রয়েছে, ২৫ বৎসর ঘরে বাস করছে, কিন্তু তাদের কোন কাগজপত্র নেই, কাগজপত্র দেখে কোন হাকিমের বুঝবার ক্ষমতা নেই যে, তিনি বুঝতে পারেন যে, এর রাইট ঘরে রয়েছে। স্পটএ গেলে দেখা যায় যে ঘর রয়েছে সেই ঘরে সে ২৫ বৎসর রয়েছে লোকে সাক্ষী দিতে পারে। সেইজন্য এখানে দুইটি পয়েন্ট আমার ছিল স্পট এনকোয়ারি এবং শুধুমাত্র এভিডেন্স দেখে যে যে জিনিসগুলিকে এভিডেন্স বা ডকুমেন্ট হিসাবে গ্রহণ করা হয় তা ছাড়াও সেখানে ভারবাল সাক্ষী নেওয়া হয়, সেখানে স্পট এনকোয়ারি ও মৌখিক সাক্ষী নিয়ে সত্য নিরূপণ করার ব্যবস্থা যদি না থাকে তা হ'লে এটাও একটা ব্যর্থতায় পর্যবসিত হবে। এই দুইটি বিষয়ে আমি আপনাকে জানাচ্ছি।

The Hon'ble Bimal Chandra Sinha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অপূর্ববাবু যেকথা বলেছেন সে সম্বন্ধে একটা কথা বলব। অপূর্ববাবু বলেছেন যে, আমাদের কাছে আমলাতান্ত্রিক যে রিপোর্ট আসে সেই অনুসারে আমরা বলি। আমি কালকে যখন বর্গাদারের হিসাব বলেছিলাম সেটা কোন আমলাতন্ত্রের মত নয় কেমন হিসাব যোগ ক'রে ক'রে যে রিপোর্ট বেরোয় এবং যেটা ও'রাও 'কোট' করেন আমরাও 'কোট' করি কাজেই এর মধ্যে যে-কোন একটা গোলমাল থাকতে পারে এ কথা আমি মনে করি না। দ্বিতীয় কথা, যে কথা আমি কাল বলেছিলাম তা উনি শোনেন নি বা শুনলেও আজকে উল্লেখ করেন নি। গত সেন্সাস রিপোর্টএ ল্যান্ড অ্যাকাউন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট ভলিউমএ দুইটি ধারা আছে, তার মধ্যে একটি ধারায় বলা আছে যে, মালিকদের স্টেটমেন্ট অনুসারে ৩ লক্ষ আর বর্গাদারদের নিজের স্টেটমেন্ট অনুসারে ৭ লক্ষ, আমি বলেছি টেন্টাটিভ যে ফিগার এসেছে তাতে ৬ লক্ষ ৯৮ হাজার এবং সম্ভবত তা বাড়বে। অতএব তিনি যে কল্পনা করছেন এই ৩।৪ বছরে ডবল হয়েছে এটা যে সম্পূর্ণ ভুল এই কথাটিই আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই। (এ ভয়েস: 'স্টেটসম্যান' বলেছে।) 'স্টেটসম্যান'এ বলার কথা নয়। কালকে আর একজন নেতা বলেছেন যে, যাঁদের অ্যাসেমব্লির মধ্যে থাকবার সুযোগ আছে তাঁরা অ্যাসেমব্লির বক্তৃতাই শুনবেন, কাগজ পড়বেন না। যাই হোক, এ পয়েন্ট নিয়ে তর্ক ক'রে কোন লাভ নেই। আর এই ক্ষেত্রে বিনয়বাবু যা বলেছেন, বা হেমন্তবাবু যা বলেছেন সে সম্বন্ধে আমি এইটুকু বলতে পারি যে, তাঁরা যেখানে যেখানে আশঙ্কা করছেন বর্তমানে যে আইন আছে এবং যে আইন হ'ল তাতে তার কোন কারণ নেই ব'লেই আমার বিশ্বাস, সেই অনুসারে আমি এই বর্তমান আইনের সংশোধন এনেছি। আমি এই আইন আনবার সময় বলেছি যে, গভর্নমেন্ট আজকের দিনে চুপ ক'রে ব'সে থাকতে পারে না, ২০ বৎসর ধ'রে চিন্তা ক'রে আগে আইন হ'ত আজকে সেরকমভাবে আইন হয় না, যদি কোথাও দেখা যায় যে, জনসাধারণের দুর্গতি হচ্ছে, যদি কোথাও দেখা যায় যে, আইনের এক ব্যাখ্যার ফলে, কোর্টএ এক জাজমেন্টএর ফলে আমরা যা চাই না আজ সেই জিনিস উপস্থিত হয়েছে, এই আইনই হচ্ছে তার সর্বোৎকৃষ্ট প্রমাণ যে, গভর্নমেন্ট তা অর্ডিনান্স ক'রে বন্ধ করতে এতটুকু সময়ক্ষেপণ করবে না।

(Dr. Radha Krishna Pal: Hear, hear.)

দ্বিতীয়ত, আমি এইটুকু বলতে চাই, যে প্রতিশ্রুতি আমরা দিই সেই প্রতিশ্রুতি কার্যে পালন করার জন্যে আমাদের প্রত্যেক সময় চেষ্টা থাকে।

Mr. Speaker: Mr. Sinha, I am sorry to interrupt you. Who said "hear, hear"?

Dr. Radhakrishna Pal: Sir, I said "hear, hear."

Mr. Speaker: You should not have said that. It is not permissible. It is not a matter for laughter. I disapprove of it.

Dr. Radhakrishna Pal: I am sorry, Sir.

The Hon'ble Bimal Chandra Sinha:

আমি যেকথা বলছিলাম, যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে সেই প্রতিশ্রুতি যাতে কার্যে পালন হয় সেদিকে নজর না রাখলে সেই প্রতিশ্রুতি দেবার কোন অর্থ থাকে না একথা সরকার বা সরকারপক্ষীয় সকলেই জানেন। সেজন্য আজকে এখানে যে যে কথা হ'ল বা আগে যে যে কথা হয়েছে আমি যতটুকু জানি তার প্রত্যেকটি বিষয়েই যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। আর আজকে যে আইনের কথা নিয়ে নানারকম ত্রুটিবিচ্যুতির কথা হ'ল এবং যেগুলি এক্সিকিউটিভ ডাইরেকশনএ করার কথা হ'ল সে বিষয় বিরোধীপক্ষের সদস্যেরা বা কংগ্রেস-পক্ষীয় সদস্যেরা আমার সঙ্গে আলোচনা ক'রে কর্মচারীদের কিভাবে নির্দেশ দিলে ভাল হয় সে সম্বন্ধে তাঁদের সাজেসশন সর্বদাই গ্রহণ করতে রাজী আছি। এই কথা ব'লে আমি যে প্রস্তাব এখানে উপস্থিত করেছি সেই প্রস্তাব গ্রহণ করবেন।

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957, as settled in the Assembly be passed was then put and agreed to.

The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1957

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1957.

[The Secretary then read the title of the Bill.]

Sir, I beg to move that the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1957, be taken into consideration.

Sir, this Bill proposes three things. First of all, to raise the rate of tax on petrol from 6 annas which is equal to 37 naye paise to 40 naye paise per gallon. Secondly, to raise the present tax on aviation spirit which is 3 annas, i.e., 20 naye paise to 40 naye paise and thirdly, to bring diesel oil under Bengal Motor Spirit Sales Taxation Act, 1941, to tax the concession rate of 20 naye paise per gallon, i.e., half the rate at which we are proposing for petrol and aviation spirit. The tax in naye paise now proposed to be fixed will be equal to the rate prevailing in Bombay. The preferential treatment which was given to the aviation spirit is not justified. As a matter of fact, when we imposed this tax on aviation spirit this particular subject was under the control of the Government of India under Essential Commodities Act, but now that Act has been repealed. We were then told by the Government of India that we cannot impose more than 3 annas although we wanted to put another 6 annas, i.e., 40 naye paise. Now diesel at present is charged under Finance Sales Act, 1941, at the rate of 3 pice per rupee, which according to the price at which diesel is sold comes to 7 naye paise per gallon. Diesel is now being used more and more in place of petrol because its cost is low. Although we might have thought of increasing it

to the same level as that of petrol we thought we would make a discrimination and we would levy a smaller tax for diesel, namely, 20 naye paise per gallon. If it is necessary later on we might have to reconsider this particular point. I may now only point out that I want to place before the House that the finances of this State—as you may have noticed year after year—are deficit and so it is necessary to increase our tax on certain commodities. In Andhra, Bihar, Bombay, Orissa, U.P. diesel is charged at 3 annas per gallon.

The rate for aviation spirit is fairly high in other States—in Madras, Bombay and Andhra.

Sir, with these words I move that the proposal that I have made be considered by the House.

Dr. Kanailal Bhattacharjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1957.

[6-40—6-50 p.m.]

Sj. Ganesh Ghosh:

মিঃ স্পীকার, স্যার, আজ যে উদ্দেশ্য নিয়ে এই বিলটা ডাঃ রায় এনেছেন সেটা হচ্ছে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর টাকা সংগ্রহ করা নিয়ে। সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর জন্য টাকা সংগ্রহ করতে হবে—সে সম্বন্ধে আমাদের আপত্তি নাই। কিন্তু যেভাবে যে পন্থায় ডাঃ রায় টাকা সংগ্রহের প্রচেষ্টা করছেন সে সম্বন্ধে আমাদের কিছু বক্তব্য আছে। মোটর স্পিরিটের উপর ট্যাক্স বাড়ানো হচ্ছে, যদিও ট্যাক্স যথেষ্ট কিছু নয় তিন নয়া পয়সা মাত্র, তবু ট্যাক্স ত' বটে। ডিজেল অয়েল যেটা আজকাল ট্রাক ও লরিতে বেশি ব্যবহৃত হচ্ছে এবং বহু ছোট ছোট কারখানায় ব্যবহৃত হয় সেই ডিজেল অয়েলের উপর ট্যাক্স বসানো হচ্ছে। আমাদের বক্তব্য হচ্ছে—সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানএর টাকার জন্য এর চেয়ে অনেক ভাল জায়গা আছে, সেখানে যদি ট্যাক্স বসানো যায়, তা হ'লে আরও অনেক বেশি টাকা পাবেন। ডাঃ রায় এই তিন নয়া পয়সার আইনের বলে কত পাবেন, আর ডিজেল অয়েলের উপর ট্যাক্স বসালে পরে সারা বছরে কত টাকা এক্সপেক্ট করেন আশা করি আমাদের জানাবেন। যদি জানতে পারি তা হ'লে আরও ভালভাবে বিবেচনা করতে পারি। ট্যাক্স করতে হবে, টাকা তুলতে হবে, দ্বিতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনা সফল করতে হবে, তাতে আমাদের আপত্তি নাই। সেটা আমরা চাই। মোটর স্পিরিটের উপর তিন নয়া পয়সা বসালে খুব বেশি যে টাকা পাবেন আমরা তা মনে করি না।

কিন্তু যে বিলিতি কোম্পানিগুলি বৃটিশ এবং আমেরিকান, যথা বার্মা শেল, স্ট্যান্ডার্ড ভ্যাকুয়াম ইত্যাদি, তারা যে পরিমাণে তেলের দাম আমাদের কাছ থেকে নেয় তার প্রফিটএর উপর কি ট্যাক্স করা যায় না? ডাঃ রায় বলবেন—তা আমি কি ক'রে করব? তা যে আমাদের আওতার বাইরে। কিন্তু ডাঃ রায় হচ্ছেন ওয়ার্কিং কমিটির মেম্বর, প্ল্যানিং কমিশনএরও মেম্বর, তিনি চেষ্টা করলে করতে পারেন; এবং তাঁর চেষ্টা করা উচিত, কারণ এ সম্বন্ধে আমাদের যথেষ্ট বিক্ষোভ আছে। ঐসব বিলিতি কোম্পানি তেলের যে দাম আমাদের কাছ থেকে নেয়, ইন্ডিয়া গভর্নমেন্ট চেষ্টা করেছিলেন, যে দাম তারা আমাদের কাছ থেকে আদায় করছে, সেটা পার্সিয়ান গাল্‌ফএর রেটে হোক, কিন্তু তাঁরা তাদের মানাতে পারলেন না। তারা মেক্সিকান গাল্‌ফএর রেটেই আমাদের কাছ থেকে দাম নিচ্ছে। পার্সিয়ান গাল্‌ফএর রেটে নিলে দু' কোটি টাকা বছরে বেঁচে যেত। এই দু' কোটি টাকা কি তাঁরা পাবেন ব'লে মনে হয়? আমাদের ত' মনে হচ্ছে পাবেন না। মোটর স্পিরিটের উপর তিন নয়া পয়সা বসিয়ে দু' কোটি টাকা পাবেন না। মনে হচ্ছে এর মধ্যে আর একটা সেফ গার্ড যদি থাকত যেটা ডাঃ রায়ের দৃষ্টি এড়ানো ঠিক হয় নি সেটা থাকা উচিত ছিল। ৩ নয়া পয়সা মোটর স্পিরিটের উপর ট্যাক্স হবে, বর্তমানের তুলনায় দু' পয়সা বেশি। তার ফলে কি হবে? ফলে

এই হবে—আমাদের সব বাসের ভাড়া বেড়ে যাবে। বাসের মালিক যাঁরা তাঁরা বলবেন—মোটর স্পিরিটের ট্যাক্স বেড়ে গেছে, আমাদের কস্ট বেড়ে গেছে, সুতরাং ভাড়া পাঁচ পয়সার জায়গায় ছ' পয়সা করতে আমরা বাধ্য। প্রাইভেট যেসমস্ত বাস সারা বাংলাদেশে চলে, গ্রামদেশে চলে তাদের ভাড়া বেড়ে যাবে, কৃষকেরা সেই ভাড়া দিতে বাধ্য হবে। আপত্তি করলে বলবে—আমরা যে আরও ট্যাক্স দিচ্ছি। শুধু তাই নয়, ডিজেল অয়েলের উপর ট্যাক্স বসানোর ফলে যেসমস্ত ছোট ছোট ইন্ডাস্ট্রি আছে সেই ইন্ডাস্ট্রিগুলি ক্ষতিগ্রস্ত হবে। অথচ কি প্রয়োজন আছে এটার? ওদিকে এই তিন নয়া পয়সা বেড়ে যাওয়ায় স্টেট বাসের পাঁচ পয়সা থেকে ছ' পয়সা বাড়ানোর যে প্রয়োজন হয় না একথা যারা এখানে আছি তারা সবাই বুঝি। অথচ এই তিন নয়া পয়সা বাড়ার ফলে প্রত্যেক বাসেই কিন্তু ভাড়া বাড়বে। স্টেট বাসের অধ্যক্ষ মিঃ তালুকদার অলরেডি বলতে আরম্ভ করেছেন—মোটর স্পিরিটের উপর ট্যাক্স বসছে, সুতরাং ভাড়া ত' আমাদের বাড়াতেই হবে। সেইজন্য এখানে সেফগার্ড থাকার কথা বলছি—এই যে সামান্য ট্যাক্স ধরা হচ্ছে তার জন্য কোন বাস বা ট্রাকের ভাড়া বাড়বে না। আজকাল গ্রামদেশে বহু রাস্তা হওয়ায় বহু জায়গায় লরি চলে, মোটরট্রাকে ক'রে মাল চলাচল করে, এসেনসিয়াল কমোডিটিজ চলাচল করে, ভাড়া বেড়ে গেলে মালের দাম বাড়বে, কিন্তু ভাড়া বাড়বার কোন প্রয়োজন নাই, কোন যুক্তি আছে ট্যাক্স তিন নয়া পয়সা বাড়লে সঙ্গে সঙ্গে ভাড়া বাড়ানোর, যারা নাকি পর্যাপ্ত মুনাফা করেন? যাদের বাসের পারমিট দিয়েছেন ডাঃ রায় তারা কলকাতায় বাড়ি বানিয়েছে, যারা ট্রাকের পারমিট পেয়েছে, তারা জমি কিনেছে, এ ত' আমরা জানি। সুতরাং এসব জায়গায় কন্ট্রোল থাকা প্রয়োজন। যদি সেভিং ক্লজ থাকত—এর জন্য ভাড়া বাড়ানো চলবে না—

neither on the bus-passenger transport nor on freight

তা হ'লে আপত্তি করতাম না। কিন্তু হবে কি—গ্রাম দেশে আর টি ও'কে দিয়ে তাকে ইনফ্লুয়েন্স ক'রে বাড়াবে পাঁচ পয়সার জায়গায় সাত পয়সা, আপনি কি এই আসিওরেন্স দেবেন যে, এর জন্য ভাড়া বাড়বে না? এর পর উনি যখন যুক্তি দেখিয়ে বক্তৃতা দেবেন তখন ও'র কাছে এই কথা শুনতে চাই যে, এর জন্য ভাড়া বাড়াতে পারবে না।

আমরা নিশ্চয়ই পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য পয়সা দেব, কিন্তু সেটা যারা দিতে পারবে তারাই দিক। মোটর স্পিরিটের উপর তিন নয়া পয়সা করলে যারা বাসের মালিক তারা দিতে পারবে, ট্রাকের মালিক যারা তারা নিশ্চয়ই দিতে পারবে, প্রফিট যা হয় তা থেকে সামান্যই দিতে হয়, কিন্তু তারা তা দেবে না। এই সমস্ত ট্যাক্সেশনটা তারা সাধারণ মানুষের উপরই চাপিয়ে দেবে। তা যাতে চাপাতে না পারে সে সম্বন্ধে একটা আসিওরেন্স দিন, বা একটা অ্যামেন্ডমেন্ট যদি আনেন নিশ্চয়ই তা হ'লে খুশী হব। ডিজেল সম্বন্ধে আমাদের আপত্তি আছে। ট্রাকের কথা জানি না, বাসে ডিজেল ব্যবহৃত হয়, বিশেষ ক'রে স্টেট বাসে ব্যবহৃত হচ্ছে, ছোট ছোট ইন্ডাস্ট্রিতেও ব্যবহৃত হয়। আমাদের দেশে ছোট ছোট শিল্প গ'ড়ে উঠুক, শিল্প আমাদের দেশে আরও বিস্তার লাভ করুক—আমরা সকলেই চাই। বড় যারা তারা ইন্ডিয়া গভর্নমেন্টএর কাছে, বিধানবাবুর কাছ থেকে সুবিধা আদায় ক'রে নেয়। টাটা একটা জলের ট্যাঙ্কের জন্য ও'র কাছ থেকে বাংলার একটা সাব-ডিভিসন আদায় ক'রে নিয়েছে। কিন্তু যারা ছোট তারা মারা পড়ে। এ ক্ষেত্রে কেন তারা মারা পড়বে? কারণ এই ডিজেলের উপর ট্যাক্স বসালে সামান্যই আউটটার্ন হবে। যদি একটা বিরাট ফিগার হয় এর থেকে যাতে নাকি আমাদের স্টেট এক্সচেকারএ একটা বিরাট অঙ্ক হবে তা হ'লে নিশ্চয়ই আমরা বিবেচনা করব। তা যদি না হয় যদি সামান্য টাকা হয় তা হ'লে ক্ষুদ্র ইন্ডাস্ট্রিগুলিকে ক্ষতিগ্রস্ত করা ঠিক হবে না। এভিয়েশন স্পিরিটএর উপর যে ট্যাক্স বাড়ানো হয়েছে সে সম্বন্ধে আমাদের বক্তব্য হচ্ছে—যাঁরা সাধারণত এরোপ্লেনএ চলেন তাঁরা হচ্ছেন মন্ত্রী, ডেপুটি মন্ত্রী ও বড় বড় অফিসার। সাধারণ বেশি তাতে চলতে পারে না। যাঁরা তাতে চলতে পারেন, তাঁরা ট্যাক্স দিতে পারেন তাঁদের জন্য আমি এখানে ওকালতি করতে আসি নি। কিন্তু আমি বলব—নর্থ বেঙ্গলএ যেখানে রাস্তাঘাট কম সেখানে আজকাল বহু মাল, তামাক, ইত্যাদি অনেক জিনিস প্লেনে ক'রে আনা-নেওয়া হয় এবং ধূবড়ি, জলপাইগুড়ি, বাগডোগরা প্রভৃতি জায়গায়

কলকাতা থেকে বহু মাল যাতায়াত করে প্লেনে। এতে ট্যাক্স বসানোর ফলে নিশ্চয়ই ফ্রেট বেড়ে যাবে এবং তাতে আমাদের সেইসব স্থানের ব্যবসা ক্ষতিগ্রস্ত হবে। উনি ভাবুন, যে প্যাসেঞ্জার প্লেনএর উপর যদি ফ্রেট থাকে আমি আপত্তি করব না। আমাদের পক্ষ থেকে আপত্তি করব না। কিন্তু এভাবে যেগুলি ফ্রেট ক্যারি করে সেই প্লেনগুলিতে যে পেট্রল ইউজড হয় তাতে ট্যাক্স না করলে ব্যবসা ক্ষতিগ্রস্ত হয় এগুলি বিবেচনা করার জন্য রাখলাম। আমি আশা করি এগুলি বিবেচনা করবেন। কারণ বিরোধিতার সেক বিরোধিতা করছি না। প্রথম কতকগুলি জিনিস করেছেন তিন নয়া পয়সা—এতে আপত্তি করি নি, ফ্রেট এবং প্যাসেঞ্জার রেটএর ভাড়া যদি না বাড়ে বিরোধিতা করব না, বিরোধিতা করবার কোন কারণ নাই। এভিয়েশন স্পিরিট —নর্দার্ন বেঙ্গলএ ফ্রেট ক্যারির জন্য ব্যবস্থা আছে—সেটা যে কি ক'রে সেভ করা যায় বিবেচনা করুন, ক'রে ডিজেল অয়েল বাদ দিন। এটুকু বিবেচনার জন্য আমি রাখলাম, ৩য় স্টেজএ ওনার বক্তৃতা শোনার পর আমি ফাইন্যালি বলব।

[6-50—7 p.m.]

Dr. Kanailal Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিলটাকে সার্কুলেশনে দেবার জন্য দাবি করছি এবং এই বিলটার আমি বিরোধিতা করছি। আজকে ভারতবর্ষের সাধারণ মানুষের ওপর যেভাবে করের বোঝা আস্তে আস্তে বেড়ে চলেছে—কেন্দ্রীয় সরকার এবং আমাদের প্রাদেশিক সরকার কর্তৃক যেভাবে করের বোঝা বাড়িয়ে দেওয়া হচ্ছে তাতে কোন দিক দিয়ে এটাকে সমর্থন করা যায় না। মাননীয় স্পীকার মহাশয়, ভারতবর্ষে মাথাপিছু একজন লোককে যত বেশি কর দিতে হয় তা পৃথিবীর অন্য কোন দেশের অধিবাসীকে দিতে হয় না। আজকে ডাঃ রায় হয়ত বলবেন যে, ৩ নয়া পয়সা গ্যালনপ্রতি বাড়ালে সাধারণ মানুষের উপর এর ভার বিশেষ পড়বে না—হয়ত বলবেন বোঝার উপর শাকের আঁটি। কিন্তু আমরা মনে করি এই ধরনের কর বাড়াতে বাড়াতে আজ যে পর্যায়ে এসে উপস্থিত হয়েছে সেটা

last straw on the camel's back

এর মত। তা ছাড়া এই কর যে, ধার্য করা হচ্ছে সেটা বিরোধিতা করার আর একটা কারণ হচ্ছে এই যে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে সার্থক করার জন্য অর্থের দরকার এই কথা ব'লে তাঁরা যেভাবে কর ধার্য করছেন তাতে জিনিসপত্রের দাম ক্রমশ বেড়ে চলেছে এবং মানুষের যেটা রিয়েল ইনকাম, রিয়েল ওয়েজেস, সেটা আস্তে আস্তে কমের দিকে চলেছে। আমার পূর্ববর্তী বক্তা গণেশবাবু বলে গেছেন, যে-কোনভাবে আজ করধার্য করা হোক না কেন আমাদের দেশে আমলাতান্ত্রিক সরকারের নীতির ফলে এবং করধার্য এক্সিকিউসনের ফলে দেখা যাবে ডাইরেক্ট করও ইনডাইরেক্টলি জনসাধারণের উপর ন্যস্ত হবে। আজকে যদি পেট্রলের উপর করধার্য ক'রে বলা হয় যে না, বড় বড় লোকেরা গাড়ি চড়ে, তাদের এই কর দেওয়া উচিত —কিন্তু কিছুদিন আগে পেট্রলের উপর সেন্ট্রাল গভর্নমেন্ট করধার্য করেছেন, তার উপর প্রভিন্সিয়াল গভর্নমেন্ট করধার্য করলেই সঙ্গে সঙ্গে বাসের ভাড়া নিশ্চয়ই বেড়ে যাবে, এ কেউ রুখতে পারবে না। একে রুখতে গেলে গণেশবাবু বলেছেন যে, এই আইনেই কোন প্রভিশন করার জন্য, কিন্তু কোন প্রভিশন করা সম্ভব ব'লে আমার মনে হয় না। লোজসলেচার মিনিস্টারেরা যদি কোন অ্যাসিওরেন্স দেন তা হ'লে সেই অ্যাসিওরেন্স প্রতিপালিত হবে না —এ অভিজ্ঞতা আমাদের আছে। কাজেই আজকে পেট্রলের উপরও যদি ট্যাক্স বসে তা হ'লে সঙ্গে সঙ্গে বাসের ভাড়া বেড়ে যাবে। সেজন্য আজকে এই বিলটার আউটরাইট বিরোধিতা করতে আমরা বাধ্য হচ্ছি এবং আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব যে, এই বিলটা আজকে উত্থাপন করবেন না। আমাদের দেশের অর্থনীতি যে পর্যায়ে এসে উপস্থিত হয়েছে তাতে এটাকে আরও কিছুদিন যেতে দিন। দেশের অর্থনৈতিক অবস্থা যখন আরও স্থিতিশীল হবে তখন দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য আর কোন দিক থেকে কিভাবে টাকার সংস্থান করা যায় সে চিন্তা করলে আমার মনে হয় ভাল হবে এবং সেটাই যুক্তিযুক্ত হবে ব'লে আমরা মনে করি। এই ব'লে আমি এই বিলের বিরোধিতা করছি।

Sj. Basanta Kumar Panda: Sir, I oppose this Bill partially. My grounds are these. This original Act was passed in 1941. The reasons of the Act were for improvement of the roads, that is, any money which would be coming as a result of this taxation would be used only for the improvement of the roads. But in the present Objects and Reasons it is stated that this money will be required for the financing of the plan and for balancing the budget. So the original purpose is being deviated, that is, roads will be henceforth neglected and the money is required for the balancing of the budget. Of course for the purpose of balancing the budget the making of the roads occupies a very insignificant place.

With regard to the other point, i.e., imposition of fresh taxation on diesel, I oppose this vehemently. You know, Sir, diesel is used in the combustion engines and these small engines are necessary especially in the village area for the purpose of husking and for bailing out of water and many other irrigation purposes. It is also used in the tractor. These things are necessary for rural industry as well as for agricultural needs. Now, Sir, the days of *dheki* have gone by. In rural areas the middle class people invest some small money for the purpose of purchasing small combustion engines and with the help of these engines they earn their meagre livelihood and their family is maintained by this income and there is some solution of the unemployment problem of those young people. All these young people, whose education is insignificant, will suffer if this diesel is now taxed and in those areas where there is less facility of irrigation and drainage, these internal combustion engines will play a very important part for the purpose of irrigating fields in the summer season. For the purpose of bailing out water these engines are urgently necessary. You know, Sir, that in areas where there is drought and in areas where there is heavy rainfall these engines play a very great part for the purpose of irrigation and other purposes and also we are introducing cultivation by tractor. There are many high lands in Bengal and some other lands have been added to Bengal as a result of boundary adjustment and we require these tractors. Now, if diesel is taxed, then the use of these engines will be uneconomic and the cost of cultivation will be higher and it will be really a tax on the poor, a tax on the cultivator. So I oppose this imposition of tax on diesel.

As to the imposition of tax on motor spirit, if the rate on motor vehicles in the Province is not increased, I am in support of that and also for the purpose of imposition of this tax on aviation spirit, I am in support of it.

Adjournment

The House was then adjourned at 7 p.m. till 3 p.m. on Friday, the 29th November, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 29th November, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 17 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 210 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Wage level of Cotton Textile workers in West Bengal

***43.** (Admitted question No. *120.) **Dr. Ramendra Nath Sen:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state if it is a fact—

(*i*) that the last major Tribunal on Textile Industry gave its award in 1948;

(*ii*) that since then wage level of the employees working in the said industry has remained stationary;

(*iii*) that production in Textile Industry has increased and cost of living index has increased;

(*iv*) that there is absence of uniform condition of labour in Textile Industry in West Bengal;

(*v*) that the wage level is lower than that in Bombay for the same industry;

(*vi*) that due to persistent demands of the Textile workers Government set up a Tribunal last year to quickly go through the question of the dispute pending before the Government and give its award; and

(*vii*) that since the notification of the Tribunal there has been no sitting of the Tribunal?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps, if any, are being taken by the Government to expedite the proceedings before the Tribunal?

The Minister for Labour (the Hon'ble Abdus Sattar): (a)(i), (ii) and (v) Yes.

(*iii*) Production has increased due to increase in looms and spindles of the industry and also due to working of additional shift. Though cost of living index increased in the years immediately following 1948 in which the award in question was made, it actually came down in 1954 and 1955. It again went up in 1956.

(*iv*) Government have no such information.

(*vi*) Government set up a Tribunal on the Cotton Textile Industry on the 12th September, 1956, as it was satisfied that such a step would be justified.

(*vii*) No. The Tribunal had twelve sittings on different dates.

(*b*) Every possible step is being taken to expedite the adjudication, top priority being always given to this reference.

Dr. Ranendra Nath Sen:

এই প্রশ্নের জবাব কত তারিখ নাগাদ দেওয়া হয়েছে? কোন মাস?

The Hon'ble Abdus Sattar:

অফ হ্যান্ড বলা যাবে না, আমার এখানে নেই।

Dr. Ranendra Nath Sen:

এটা কি দুই-এক মাসের মধ্যে দেওয়া হয়েছে, এটা কি সম্প্রতি দেওয়া হয়েছে?

The Hon'ble Abdus Sattar:

এরকম সময়ই হবে।

Mr. Speaker: Mr. Sen, you are anxious to know about the date, i.e., 25th of October.

Dr. Ranendra Nath Sen:

কোয়েশ্চেন (এ)(৪) দেখেছি—আগস্টে, 'গভর্নমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গল লেবার গেজেট' যা বেরোয়, সেই গেজেটে দিয়েছে 'ইউনিফর্ম কন্ডিশন অব লেবার ইন টেক্সটাইল ইন্ডাষ্ট্রী' নাই। তাহলে সেটা কি ভুল না ঠিক দিয়েছে? কোনটা ঠিক?

The Hon'ble Abdus Sattar: Government have no information.

Dr. Ranendra Nath Sen:

ওয়েষ্ট বেঙ্গল লেবার গেজেট, আগস্ট মাসে টেক্সটাইল লেবার সম্বন্ধে যে রিপোর্ট দিয়েছে, তাতে তারা বলেছে ইউনিফর্ম কন্ডিশন নাই—সেটা দেখেই তো কোয়েশ্চেনটা করেছি। আপনি তো বল্লেন, ইনফরমেশন নাই?

[No reply.]

Dr. Ranendra Nath Sen:

এখন এই যে প্রথম উত্তর দিলেন—অক্টোবর ২৫শে—যে তারিখই হোক বলেছেন (এ)(৩)তে ১৯৫৪-৫৫—'ইট এগেন ওয়েন্ট আপ'। ১৯৫৭এর প্রায় শেষ ভাগে কি অবস্থা দাঁড়িয়েছে, এটা তিনি উল্লেখ করলেন না কেন?

[Noise]

Sj. Hemanta Kumar Ghosal:

বলুন, বলুন—'উঠ বস' করছেন কেন?

[তুমুল হাস্য]

Mr. Speaker: Mr. Ghosal. You should not shout like that. I cannot allow it.

Sj. Jyoti Basu: With all respect to you I should say that the Minister must get up and say whatever he has got to say. If he has no information, he should get up and clearly state that he has no information. It is not for you to interpret what he has got to say.

Mr. Speaker: But members cannot shout like that and they must not be allowed to create disturbance in the House and go on saying "say", "say".

The Hon'ble Abdus Sattar: I have information up to 1956.

Labour Welfare Centres in West Bengal

*44. (Admitted question No. *117.) **Sj. Shaikh Abdullah Farooquie:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) how many Labour Welfare Centres have been started by the State Government in the various industrial areas of West Bengal;

(*b*) what is the annual expenditure on these Centres;

(*c*) whether it is a fact that these Centres are generally kept open only between the hours of 2 p.m. and 5 p.m., when the workers are on duty in their respective factories and cannot make use of these Centres; and

(*d*) if so, whether Government consider the desirability of changing the hours so as to suit the workers?

The Hon'ble Abdus Sattar (*a*) 30.

(*b*) Expenditure varies from year to year. An amount of Rs.1,76,167 has been spent during 1956-57 for these Centres.

(*c*) No. These Centres are kept open from 1 p.m. to 9 p.m. The workers can make use of these Centres after 5 p.m.

(*d*) Does not arise.

Mr. Speaker: Mr. Sattar, I may only tell you that whatever answer you have you will give. If you are unable to give any answer, please say so and there will be the end of the matter.

Sj. Sitaram Gupta:

माननीय मंत्री महाशय क्या बतलायेंगे कि उन्होंने जो Labour Welfare Centres की संख्या ३० बतलाई है उनमें से कितने में पढाने लिखाने की परिकल्पना है ?

The Hon'ble Abdus Sattar:

हाँ।

Sj. Sitaram Gupta:

माननीय मंत्री महोदय ने अभी अपने जवाब में बतलाया है कि Labour Welfare Centre एक बजे से रात के ९ बजे तक खुला रहता है यह बात तो समझ में आती है परन्तु क्या उसमें पढ़ाने लिखाने का भी कोई इन्तजाम है ?

The Hon'ble Abdus Sattar:

कुछ-कुछ है।

Sj. Sitaram Gupta:

क्या माननीय मंत्री महोदय बतलायेंगे कि पढ़ाने लिखाने का इन्तजाम कै बजे से कै बजे तक है ?

The Hon'ble Abdus Sattar:

एक बजे से रात के ९ बजे तक।

Sj. Sitaram Gupta:

क्या मंत्री महाशय बतलायेंगे कि कालिकनारा में ऐसा कोई Labour Welfare Centre है ?

The Hon'ble Abdus Sattar:

इसके लिए नोटिस चाहिए।

Sj. Sitaram Gupta:

मेरा ख्याल है कि कान्किनारा में एक Labour Welfare Centre है और मैं जानता हूं कि वहां पर first, second और third worker थे जिसमें second को वहां से दूसरी जगह हटा दिया गया है। शेष जो first और third है वे हिन्दी या उर्दू नही जानते। मंत्री महोदय को क्या मालूम है कि इससे वहां के लोगों को कष्ट हो रहा है ?

The Hon'ble Abdus Sattar:

मालूम है। इसके लिए मै कोशिश कर रहा हूं।

Sj. Sitaram Gupta:

माननीय मंत्री महोदय क्या बतलायेंगे कि जो first और second worker है वे हिन्दी या उर्दू नहीं जानते है और कान्किनारा Hindi speaking area है इससे वहां के लोगों को उनकी बात समझ में नहीं आती है इसलिए वहा कोई Labour Welfare Centre खोला जा रहा है या नहीं ?

The Hon'ble Abdus Sattar:

Hon'ble Member ने जो बताया है वह मामला देखा जायगा और हिन्दी पढ़ाने के लिए हिन्दी मास्टर रखा जायगा।

Sj. Sitaram Gupta:

वे कब तक रखे जायेंगे ?

The Hon'ble Abdus Sattar:

यह दिन नहीं बताया जा सकता है।

Sj. Gopal Basu:

পৌণে দুই লক্ষ টাকার মত বছরে এইগুলিতে খরচ হয়। এই লেবার ওয়েলফেয়ার সেন্টার-গুলিতে কি কি ওয়েলফেয়ার বাবত এই টাকা খরচ হয় ?

The Hon'ble Abdus Sattar:

অবসর সময়ে নির্দোষ আমোদপ্রমোদের ব্যবস্থা আছে, লেখাপড়া শিখবার, সাধারণ জ্ঞান অর্জন প্রভৃতি সম্বন্ধে ব্যবস্থা আছে।

Sj. Gopal Basu:

মন্ত্রী মহাশয় কি জানেন যে এমন লেবার ওয়েলফেয়ার সেন্টার আছে, যেখানে কেবলমাত্র ১।২টা কেরাম বোর্ড ছাড়া আর কোন ব্যবস্থা নেই ?

The Hon'ble Abdus Sattar:

আমার জানা নেই, তবে নাম দিলে অনুসন্ধান করতে পারি।

Sj. Gopal Basu:

আপনি গৌরীপুর লেবার ওয়েল ফেয়ার সেন্টার সম্বন্ধে খোঁজ নেবেন কি ?

The Hon'ble Abdus Sattar:

নেব।

Sj. Sitaram Gupta:

माननीय मंत्री महोदय क्या बतलायेंगे कि उन ३० Labour Welfare Centres से अवगत हैं ?

The Hon'ble Abdus Sattar:

हां।

Sj. Sitaram Gupta:

माननीय मत्री महोदय क्या बतलायेंगे कि इन Labour Welfare Centres का मुआयना कितनी बार किए हैं ?

The Hon'ble Abdus Sattar:

इनका मुआयना दो बार किया है।

Sj. Monoranjan Hazra:

माननीय मन्त्री महाशय बलवेन कि যে একথা কি সত্য যে আই-এন-টি-ইউ-সির লোক না বলে ওখানে যেতে পায় না?

The Hon'ble Abdus Sattar:

না, সত্য নহে।

Sj. Jatindra Chandra Chakravorty:

माननीय मन्त्री महाशय बलेछेन যে যেসমস্ত ওয়েলফেয়ারের কাজ করা হয়, তার মধ্যে লেখাপড়া শেখাবারও কাজ হয় এবং সাধারণ জ্ঞান অর্জনেরও কাজ হয়, কিন্তু এই লেখাপড়া শেখাবার জন্য কিম্বা সাধারণ জ্ঞান দান করবার জন্য কোন আলাদা মাষ্টার রাখা হয়েছে কি?

The Hon'ble Abdus Sattar:

অফিসাররাই শেখান।

Sj. Jatindra Chandra Chakravorty:

কতজন অফিসারস এই লেবার ওয়েলফেয়ার সেন্টারগুলো দেখবার জন্য আছেন?

The Hon'ble Abdus Sattar:

প্রত্যেক লেবার ওয়েলফেয়ার সেন্টারে একজন করে অফিসার আছেন।

Sj. Jatindra Chandra Chakravorty:

অফিসার যিনি আছেন তিনি কি ঐ খেলাধুলা দেখবেন, জ্ঞান দান করবেন এবং লেখাপড়া শেখাবেন?

The Hon'ble Abdus Sattar:

খেলাধুলা দেখতে হয় না। খেলাধুলার যে সরঞ্জাম আছে, সেগুলোকে এক ঘন্টা করে খেলবার জন্য তিনি দিয়ে যান।

Sj. Ajit Kumar Ganguli:

লেবার ওয়েলফেয়ার সেন্টার ওপেন করবার শর্ত কি এবং কতজন শ্রমিক থাকলে সেখানে লেবার ওয়েলফেয়ার সেন্টার হবে? এছাড়া আপনি কি জানেন যে এমন জায়গা আছে, যেটা কোন ওয়ার্কিং ক্লাশ এরিয়া নয় অথচ সেখানে লেবার ওয়েলফেয়ার সেন্টার আছে?

The Hon'ble Abdus Sattar:

শ্রমিক অধ্যুষিত অঞ্চলে এই সমস্ত সেন্টার আছে।

Sj. Ajit Kumar Canguli:

কি অবস্থা হলে লেবার ওয়েলফেয়ার সেন্টারগুলো ফ্যাকটরী এলাকায় করা হয়?

The Hon'ble Abdus Sattar:

ফ্যাকটরী থাক বা না থাক শ্রমিক অধ্যুষিত অঞ্চলে এইসব সেন্টার খোলা হয়।

Sj. Bhadra Bahadur Hamal:

क्या मंत्री महोदय बतलायेंगे कि जितने Labour Welfare Centres हैं उनमें सिलाई-बुनाई का काम हो रहा है ?

The Hon'ble Abdus Sattar:

हां हो रहा है।

Sj. Bhadra Bahadur Hamal:

मंत्री महोदय क्या बतलायेंगे कि इन Labour Welfare Centres में ऊन और सूता दिया जाता है क्या ?

The Hon'ble Abdus Sattar:

हां दिया जाता है।

Mr. Speaker: I do not think that question need be answered.

Sj. Saroj Roy:

লেবার ওয়েলফেয়ার সেন্টারগুলোতে গভর্নমেন্ট থেকে কি পরিমাণ টাকা দেওয়া হয় এবং সেটা মাসিক হিসাবে না বাৎসরিক হিসাবে দেওয়া হয়?

The Hon'ble Abdus Sattar:

কত টাকা দেওয়া হয়, সেটা আমি আমার প্রথম প্রশ্নের উত্তরে বলেছি।

Sj. Saroj Roy:

সাধারণত কি রকম টাকা গভর্নমেন্ট থেকে লেবার ওয়েলফেয়ার সেন্টারগুলোতে দেওয়া হয়?

Mr. Speaker: You mean average payment to each centre.

The Hon'ble Abdus Sattar:

সেখানে যে টাকা সরবরাহ করা হয়, তাতে ষ্টেট গভর্নমেন্টের এবং টি বোর্ডের টাকা আছে।

Dr. Abu Asad Md. Obaidul Ghani: The Hon'ble Minister has said that in these Labour Welfare Centres, they teach as well as give them lessons in knitting and sewing. Is that also done by the same Welfare Officer?

Mr. Speaker: He has already said that there is only one officer to do all that. All the things that are done there are done by that one man.

Sj. Saroj Roy:

আমি এমাউন্টএর পরিমাণ কত সেটা জিজ্ঞাসা করেছিলাম।

Mr. Speaker: If you ask, how much is paid to each labour welfare centre, it is fair to give notice.

Sj. Jatindra Chandra Chakravorty:

এর জবাবে মন্ত্রী মহাশয় বলেছেন যে ৩০টি সেন্টার আছে, মন্ত্রী মহাশয় জানাবেন কি ৩০টি সেন্টার কোথায় কোথায় আছে?

The Hon'ble Abdus Sattar:

নোটিশ চাই।

Mr. Speaker: We are now budging away from the real point. Interrogation has come. No more supplementary question. I can see you want the name of each welfare centre.

Sj. Jatindra Chandra Chakravorty:

যে ৩০টি সেন্টারের কথা উনি বলেছেন, সেখানে আমি খালি জানতে চাচ্ছি যে, কেবলমাত্র কোলকাতা এবং শিল্পাঞ্চলে এই ৩০টি আছে না অন্যান্য আর কোথাও আছে?

The Hon'ble Abdus Sattar:

শিল্পাঞ্চল ব্যতীত টী গার্ডেন এরিয়াতে আছে।

Sj. Sitaram Gupta:

माननीय मंत्री महाशय क्या बतलायेंगे कि ये जो Labour Welfare Centres हैं वे उद्योगिक मजदूरों के लिए हैं या खेतिहर मजदूरों के लिए हैं ?

Mr. Speaker: That question does not arise.

Subsidised House Scheme for Industrial Workers

***45.** (Admitted question No. *291.) **Sj. Gopal Basu:** Will the Hon'ble Minister in charge of the Housing Department be pleased to state—

(ক) সারা বারাকপুর মহকুমার শ্রমিকপ্রধান এলাকায় শ্রমিকদের বাসস্থান (Industrial Housing) সম্পর্কে সরকার এ-পর্যন্ত কি করিয়াছেন এবং ভবিষ্যৎ পরিকল্পনা কি, এবং

(খ) এ-বিষয়ে সংস্থানীয় মিউনিসিপ্যালিটিগুলিকে কোনরূপ অর্থসাহায্য করা বা নির্দেশ দেওয়া হইয়াছে কিনা ?

The Minister for Housing (the Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) ভারত সরকারের "শিল্প-শ্রমিকদের জন্য গৃহনির্মাণ পরিকল্পনা" (Subsidised Housing Scheme for Industrial Workers) অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকার বারাকপুর মহকুমায় শিল্প-শ্রমিকদের জন্য শ্যামনগর অঞ্চলে ৩০০টি এবং মতিঝিল (দমদম) অঞ্চলে ২৮৮টি এককামরাবিশিষ্ট বাসস্থান নির্মাণ করিয়াছেন। ইহা ছাড়া সম্প্রতি ঐ মহকুমার বরাহনগর থানার অন্তর্গত আলমবাজার অঞ্চলে ১৬০টি আবাসগৃহ নির্মাণের কার্য সরকার আরম্ভ করিতেছেন।

উক্ত মহকুমার অন্যান্য শিল্পপ্রধান অঞ্চলেও শ্রমিকদের বাসগৃহ নির্মাণ করিবার উদ্দেশ্যে সরকার তদুপযোগী জমি নির্বাচন করিবার ব্যাপারে সচেষ্ট রহিয়াছেন।

(খ) ভারত সরকার কর্তৃক প্রয়োজিত "শিল্প-শ্রমিকদের জন্য গৃহনির্মাণ পরিকল্পনা"টিতে স্থানীয় মিউনিসিপ্যালিটিসমূহকে শিল্প-শ্রমিকদের বাসস্থান নির্মাণ করিবার জন্য কোনরূপ আর্থিক সাহায্য দিবার ব্যবস্থা নাই।

Sj. Gopal Basu:

মাননীয় মন্ত্রী মহাশয় যে এক কামরা বিশিষ্ট বাসস্থানের কথা বলেছেন, তাতে সেখানে রান্নাঘর, পায়খানা এবং জলের কোন ব্যবস্থা আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ, সব আছে।

Sj. Gopal Basu:

শ্যামনগরে যে ৩০০টি আছে, তাতে জল এবং আলোর কি ব্যবস্থা আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta: I ask for notice.

Sj. Gopal Basu:

এই ঘরগুলো কি ভাড়া দেওয়া হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ।

Sj. Gopal Basu:

শ্যামনগরে যে ৩০০টা ঘর আছে, তার মধ্যে কটা ভাড়া দেয়া হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এখন ভাড়া দেবার জন্য এ্যাপ্লিকেশন রিসিভ করা হচ্ছে এবং পরে ডিস্ট্রিবিউট করা হবে।

Sj. Gopal Basu:

একটাও কি এখনও ভাড়া দেওয়া হয় নি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমার কাছে যে সংবাদ আছে তাতে এখন পর্যন্ত ভাড়া দেওয়া হয় নি, তবে এর জন্য এ্যাপ্লিকেশান রিসিভ করা হচ্ছে।

Sj. Gopal Basu:

এক একটা কামরার ভাড়া কত?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

শ্যামনগরে ১২ টাকা করে ভাড়া দেওয়া হচ্ছে।

Sj. Gopal Basu:

এই ঘরগুলো সাধারণত শ্রমিকদের জন্য, কিন্তু ঐ অঞ্চলের সুতাকল এবং চটকলের শ্রমিকরা ঐ ঘর পাবে কি না?

Mr. Speaker: Will you kindly read the question. Has the question any reference to it? I do not want honourable members to think that I am disallowing questions without reason. If you want particulars, how many applications have been received and other details, you must give an idea about them in the question itself. Please read the question. That question does not follow from it.

Sj. Somnath Lahiri:

মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বারাকপুর এবং অন্যান্য শিল্পাঞ্চলের কারখানার মালিকরা শ্রমিকদের বাসস্থান নির্মাণের জন্য যদি অগ্রসর হন, তাহলে ভারত সরকার থেকে তাদের লোন এবং সাহায্য দেবার ব্যবস্থা আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ, আছে।

Sj. Somnath Lahiri:

যদি থাকে তাহলে এবিষয়ে পশ্চিমবঙ্গ সরকার বারাকপুর এলাকার বড় বড় চটকল মালিকদের বাসস্থান নির্মাণের জন্য রাজী করানোর কোন ব্যবস্থা করেছেন কি না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

মালিকদের বাসস্থান নির্মাণের জন্য চেষ্টা করা হয়েছিল।

[3-20—3-30 p.m.]

Sj. Somnath Lahiri:

সেই চেষ্টার কি ফল হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

চেষ্টার এখন পর্যন্ত কোন ফল আমরা পাই নাই।

Sj. Somnath Lahiri:

এই দশ বছরেও কোন ফল পান নাই?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না, বাড়ী সবে তৈরী হয়েছে।

Sj. Sitaram Gupta:

क्या मंत्री महोदय बतलायेंगे कि शाम नगर शिल्पाञ्चल में मजदूरों को १२ रुपया किराया देना पड़ता है, जो उनके पूरे वेतन का one-fourth है ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

তা জানা নাই।

Sj. Sitaram Gupta:

माननीय मंत्री महोदय क्या बतलायेंगे कि जो टीटागढ़ पेपर मिल न० २ है उसमें ३ हजार मजदूर काम करते हैं उनके लिए quarters नहीं है, क्या प्रबंध हो रहा है ?

Mr. Speaker: Question disallowed.

Sj. Sitaram Gupta:

माननीय मंत्री महोदय क्या जानते हैं कि ये जो शिल्पाञ्चल हैं उनमें मजदूरों के रहने के लिए जो quarters हैं उनका किराया कम्पनी १२ आना से १$\frac{१}{२}$ रुपया लेती है ?

Mr. Speaker: Question disallowed.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় (ক) উত্তরে যে জবাব দিয়েছেন, সেই সম্পর্কে তাঁকে জিজ্ঞাসা করতে চাই, এই যে দেরী হচ্ছে এই কামরাগুলি ভাড়া নিতে, তার কারণ কি এই যে শ্রমিকরা এক কামরা বিশিষ্ট বাসস্থান নিতে অনিচ্ছুক?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Sj. Gopal Basu:

শ্যামনগরে এই যে তিনশো কামরা হয়েছে, এগুলো কত দিন হলো হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

অল্প দিন হল হয়েছে।

Sj. Gopal Basu:

আমি জানতে চাই, কত দিন হলো?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

তা ঠিক জানি না।

Sj. Gopal Basu:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, ঐ কামরাগুলিতে জল চোয়াচ্ছে বলে ভাড়া হচ্ছে না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

তা মোটেই নয়।

Mr. Speaker: If you are interested you should have framed your question like this: "Do you know that the houses are uninhabitable?" and the answer would have come.

Sj. Gopal Basu:

ভারত সরকার যে সাবসিডাইজড স্কীম করেছেন, এ কি সেই অনুসারে হয়েছে?

Mr. Speaker: There is no mention of it.

Sj. Gopal Basu:

এই বাসস্থান করবার জন্য শিল্পপতিদের যে টাকা দেওয়া হয় তা তদন্ত ও দেখাশুনা করবার জন্য সরকার থেকে কোন বন্দোবস্ত আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

শিল্পপতিদের টাকা দেবার কথা তো এখানে কিছু নাই।

Sj. Dasarathi Tah:

এই যে ঘরগুলি তৈরী হয়েছে সেগুলি কতদিন পড়ে আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সবে তো সেগুলি কমপ্লিট করা হলো, চেষ্টা হচ্ছে ভাড়া দেবার জন্য, এ্যাপ্লিকেশান রিসিভ করা হয়েছে।

Sj. Gopal Basu:

মিউনিসিপ্যাল শ্রমিকদের জন্য এই রকম কোন হাউসিং স্কীমএর পরিকল্পনা আপনাদের আছে কি?

Mr. Speaker: The question does not arise.

Sj. Sunil Das:

এই ঘরগুলি কি বিলি করেন শ্রমিক দপ্তর, না হাউসিং ডিপার্টমেন্ট?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হাউসিং ডিপার্টমেন্ট একটা বোর্ড করে দেন, সেই বোর্ড ওগুলি বিলি করেন।

Sj. Sunil Das:

এই বোর্ডে কি কোন শ্রমিক সংগঠনের প্রতিনিধি আছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ।

Sj. Sunil Das:

কোন শ্রমিক সংগঠনের প্রতিনিধি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আশেপাশে যেসমস্ত শ্রমিকরা থাকেন, তাদের মধ্য থেকেই প্রতিনিধি নেওয়া হয়।

Sj. Sunil Das:

তাতে কোন কেন্দ্রীয় শ্রমিক সংগঠনের প্রতিনিধি আছেন কি না?

Mr. Speaker: That question has been answered.

Construction of a bridge over the Nemani river near Bangtarhat, Joynagar police-station, 24-Parganas

***46.** (Admitted question No. *190.) **Sj. Renupada Halder:** Will the Hon'ble Minister in charge of the Works and Buildings Department be pleased to state—

(*a*) whether the Government have received representations from local people to construct a wooden bridge over the Nemani river near Bangtarhat in Jalaberia Union under Joynagar police-station, district 24-Parganas; and

(*b*) if so, whether Government consider the desirability of taking up construction of the proposed bridge?

The Minister for Works and Buildings (the Hon'ble Khagendra Nath Das Gupta): (*a*) Yes.

(*b*) The construction of the bridge can be taken up under Contributory Village Road Scheme if the local people desire to contribute their share.

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি—জনসাধারণকে মোট খরচের কত অংশ দিতে হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ওয়ান-থার্ড—এক-তৃতীয়াংশ।

Sj. Subodh Banerjee:

এমন কোন স্কীম কি সরকারের আছে, যাতে জনসাধারণের কাছ থেকে কিছু না নিয়ে সরকারই করে দেবেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না, তেমন কোন স্কীম নেই বা তত টাকাও সরকারের নাই।

Sj. Subodh Banerjee:

আপনার হাতে টাকা পয়সা আছে কি না, সে প্রশ্ন নয়, আমার প্রশ্ন হচ্ছে—সরকারের এমন কোন স্কীম ডেভেলপমেন্টের আছে কি না যাতে পুরা টাকাটা গভর্নমেন্টই খরচ করবেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় রোড ডেভেলপমেন্ট স্কীমএ অনেকগুলি রাস্তা নেওয়া হয়েছে। তার যে ব্রীজগুলি পড়েছে, সেগুলি সরকার নিজের খরচায় করে দিচ্ছেন। কিন্তু এখানে যে ব্রীজটার কথা বলছেন, সেটা ঐ সরকারী রাস্তার মধ্যে পড়ে নাই। কাজেই এই ব্রীজটা তৈরী করবার সমস্ত খরচ সরকার বহন করতে পারেন না।

Sj. Subodh Banerjee:

এমন কোন সরকারী পরিকল্পনা আছে কি, যে জেলা বোর্ডের রাস্তার মাঝখানে যদি এই রকম কোন ব্রীজ থাকে তাহলে সেটা সরকার থেকে পুরো খরচায় করে দেওয়া হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এজন্য সামান্য কিছু টাকা আছে বটে, কিন্তু সে টাকার কত অংশ আমরা পাব, তা এখন পর্যন্ত ঠিক হয় নাই। কাজেই এখন সেইসব রাস্তার পুলগুলি গ্রহণ করা সম্ভব নয়।

Mr. Speaker: Will you kindly see the question refers to one single bridge.

সেটা ঐ পরিকল্পনার মধ্যে পড়ছে না।

Sj. Subodh Banerjee:

সরকার কি নিজে খরচ করেন, না ডিস্ট্রিক্ট বোর্ডের মাধ্যমে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ডিস্ট্রিক্ট বোর্ড নিজে করেন। এই রকম কোন পরিকল্পনা সরকার এখনো করেন নাই।

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Belting factories in the State

12. (Admitted question No. 266.) **Sj. Panchugopal Bhaduri:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(ক) পশ্চিমবঙ্গে বেল্টিং শিল্পের কারখানা ১৯৫৩-৫৪, ১৯৫৪-৫৫, ১৯৫৫-৫৬ এবং ১৯৫৬-৫৭ সালে মোট কতগুলি করিয়া ছিল;

(খ) বেল্টিং শিল্পের শ্রমিকসংখ্যা উপরোক্ত বৎসরগুলিতে যথাক্রমে কত করিয়া ছিল;

(গ) গত এক বৎসরে এই শিল্পের কতগুলি কারখানা উঠিয়া গিয়াছে এবং কি কারণে উঠিয়া গিয়াছে; এবং

(ঘ) এই শিল্প হইতে মোট কত শ্রমিক ছাঁটাই হইয়াছেন এবং কি কারণে ছাঁটাই হইয়াছেন?

The Minister for Labour (the Hon'ble Abdus Sattar): (ক) ১৯৫৩ সালে—৭টি; ১৯৫৪ সালে—৮টি; ১৯৫৫ সালে—৯টি; এবং ১৯৫৬ সালে—৯টি।

(খ) ১৯৫৩ সালে—১,০৭৪ জন; ১৯৫৪ সালে—১,১২৬ জন; ১৯৫৫ সালে—১,০৫৬ জন; এবং ১৯৫৬ সালে—১,১৯৭ জন।

(গ) মাত্র একটি কারখানা ১৯৫৬ সালের শেষদিকে সেওড়াফুলি হইতে বৈদ্যবাটীতে স্থানান্তরিত হইয়াছে।

(ঘ) এই শিল্পে এ-পর্যন্ত কোন শ্রমিক ছাঁটাই হইয়াছেন বলিয়া সরকারের জানা নাই। বেল্টিং শিল্পে কার্যরত মোট শ্রমিকসংখ্যা হ্রাস পায় নাই।

Sj. Monoranjan Hazra:

এই যে মন্ত্রী মহাশয় বলেছেন (ক)এর উত্তরের শেষে—১৯৫৬ সালে ৯টিই; সেই কারখানাগুলির নাম বলবেন কি?

মন্ত্রী মহাশয় (ঘ)এর উত্তরের শেষে বলেছেন—মোট শ্রমিক সংখ্যা হ্রাস পায় নাই; তিনি কি জানেন, যখন ঐ কারখানাটি শেওড়াফুলি থেকে বৈদ্যবাটীতে স্থানান্তরিত হয় তখন সেই কারখানা থেকে ৫৩ জন শ্রমিক ছাঁটাই হয়েছে কি না?

The Hon'ble Abdus Sattar:

তেমন কোন খবর জানা নাই।

Sj. Monoranjan Hazra:

মন্ত্রী মহাশয় কি জানেন, ইন্ডিয়া বেল্টিং কারখানায় ৩০ জন শ্রমিক ছাঁটাই করা হয়েছে কি না?

The Hon'ble Abdus Sattar:

সে খবর জানি না।

Sj. Monoranjan Hazra:

ইন্ডিয়া বেল্টিংএ ৩০ জন শ্রমিককে ছাঁটাই করা হয়েছে, এটা মন্ত্রী মহাশয় জানেন কি না?

Mr. Speaker: May I draw your attention to this,

"এই শিল্পে এ পর্যন্ত কোন শ্রমিক ছাঁটাই হইয়াছে বলিয়া সরকারের জানা নেই।"

Sj. Monoranjan Hazra:

হয়েছে এটা উনি জানেন কি না?

Mr. Speaker:

এ প্রশ্ন এখানে উঠে না।

[3-30—3-40 p.m.]

Unemployment in the State

13. (Admitted question No. 161.) **Sj. Monoranjan Hazra:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(ক) পশ্চিম বাংলার বেকার সমস্যা সম্বন্ধে সরকার অবহিত আছেন কিনা;

(খ) বেকারের সঠিক সংখ্যা কত; এবং

(গ) কৃষক, শ্রমিক ও মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে বেকার-সংখ্যা কত?

The Hon'ble Abdus Sattar:

(ক) হ্যাঁ।

(খ) মোটামুটি ১১ লক্ষ।

(গ) গ্রামাঞ্চলের বেকারদের মধ্যে বিভিন্ন শ্রেণীর বেকারের সংখ্যা জানা নাই। কলিকাতা এবং অন্যান্য শহরাঞ্চলের বেকারদের—মধ্যবিত্ত ও অন্যান্য—মোটামুটি এই দুই শ্রেণীতে ভাগ করা হইয়াছে এবং তাহাদের সংখ্যা নীচে দেওয়া হইল:

মধ্যবিত্ত—২৪৯,৯০০ জন।

অন্যান্য—২১৫,১০০ জন।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রী মহাশয় এখানে যে হিসাব দিয়েছেন তাতে পুরুলিয়া ধরেছেন কি না?

The Hon'ble Abdus Sattar:

না, ধরা হয় নি।

Sj. Monoranjan Hazra:

মন্ত্রী মহাশয় (খ) প্রশ্নের উত্তরে বলেছেন ১১ লক্ষ, এবং মধ্যবিত্ত ও অন্যান্য শ্রেণীর মোটামুটি যে হিসাব দিয়েছেন (গ)তে তাতে হচ্ছে ৪ লক্ষ ৬৫ হাজার, তাহলে বাকী ৬½ লক্ষ বেকার কোথা থেকে এসেছে?

The Hon'ble Abdus Sattar:

এই দুইটি শ্রেণীর মাঝে যারা পড়ে তাঁরা।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, কলিকাতার মধ্যে বেকার সংখ্যা কত?

The Hon'ble Abdus Sattar:

আমার জানা নেই।

Mr. Speaker:

আপনি কোয়েশ্চেন কপিটা দেখুন, এ প্রশ্ন এখানে আসে না। এখানে জিজ্ঞাসা করেছিলেন পশ্চিমবাংলার বেকার সমস্যা সম্বন্ধে সরকার অবহিত আছেন কি না? অতএব শুধু কলিকাতার কোয়েশ্চেন করছেন কেন?

Sj. Monoranjan Hazra:

না, স্যার, উত্তরে শহরের কথা বলা আছে। (গ)এর উত্তরে বলেছেন, কলিকাতা ও অন্যান্য শহরাঞ্চলের বেকারদের সংখ্যা। তাই আমি প্রশ্ন করছি যে এখানে কলিকাতাকে আলাদা করে বলতে পারেন কি না?

The Hon'ble Abdus Sattar:

না।

Sj. Monoranjan Hazra:

গ্রামাঞ্চলের বেকারের বিভিন্ন শ্রেণীর বেকার সংখ্যা জানবার জন্য ভূমিরাজস্ব বিভাগকে কনসাল্ট করেছিলেন কি না?

The Hon'ble Abdus Sattar:

না, করা হয় নি।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়ে সেন্সাস রিপোর্ট কনসাল্ট করেছিলেন কি?

The Hon'ble Abdus Sattar:

করা হয়েছিল।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রী মহাশয় ব্যাঙ্কিং এনকোয়ারী রিপোর্ট কনসাল্ট করেছিলেন কি?

Mr. Speaker: Why do you ask that question? If you want to know something which ordinarily you cannot know, you can put a question after properly looking into the report.

Dr. Ranendra Nath Sen:

(ঘ) প্রশ্নে এই বেকারের সঠিক সংখ্যা ১১ লক্ষ আছে.. . .

Mr. Speaker:

আপনাদের প্রশ্ন সঠিক কিন্তু উত্তর হচ্ছে মোটামুটি।

[Laughter]

Dr. Ranendra Nath Sen:

আমার প্রশ্ন হচ্ছে, পশ্চিমবঙ্গ গভর্নমেন্টএর আর একটা রিপোর্টএ দেখেছিলাম যে বর্তমান পুরুলিয়া বাদ দিয়েও ১২½ লক্ষ বেকারের মোটামুটি হিসাব তাতে দিয়েছিল.....

Mr. Speaker: I would be grateful if you mention the name of the report.

Dr. Ranendra Nath Sen:

সেটা বলতে পারি। ডাঃ রায় ১৯৫৫ সালের বাজেট স্পীচএ বলেছিলেন যে, তখন ১০ লক্ষ বাংলাদেশে বেকার ছিল এবং তাতে তিনি বলেছিলেন যে ষ্ট্যাটিস্টিক্যাল ডিপার্টমেন্টএর মতে প্রতি বৎসর ১ লক্ষ ২০ হাজার করে নতুন বেকার সৃষ্টি হচ্ছে, সুতরাং সেই ক্যালকুলেশন এটাই হচ্ছে.....

Mr. Speaker:

আপনি রিপোর্টটার নাম বলুন।

Dr. Ranendra Nath Sen:

আমি চীফ মিনিষ্টারএর বাজেট স্পীচএর উপর ভিত্তি করে প্রশ্ন করছি, তাঁর রিপোর্টএর যে ক্যালকুলেশন সেটাই করেক্ট বলে মনে হয়। যে পরিমাণ হারে প্রতি বৎসর বাড়ছে তাতে আমরা দেখছি ১২½ লক্ষর মত হয় পুরুলিয়া বাদ দিয়ে। এখন ব্যাপার হচ্ছে, এটা কি "মোটামুটি" হতে পারে?

The Hon'ble Abdus Sattar:

এটা মোটামুটি। তাছাড়া কাল যে বেকার সংখ্যা আছে আজ তা নাও থাকতে পারে।

Sj. Sitaram Gupta:

माननीय मंत्री महोदय ने जो जवाब दिया है उसमें कोई साल उल्लिखित नहीं है। वह ५३, ५४, ५५, ५६ या ५७ में से कौन सा साल का है ?

Mr. Speaker:

जिस साल में सवाल किया है उसी साल का उत्तर है।

Sj. Sitaram Gupta:

क्या माननीय मंत्री महोदय बतलायेंगे कि पश्चिम बंगाल में बेकारी की संख्या बढ़ती की ओर है या घटती की ओर ?

Mr. Speaker: Question disallowed.

Sj. Saroj Roy:

এই বেকার সংখ্যা সম্পর্কে মন্ত্রী মহাশয়ের বোধ হয় জানা আছে এবং স্পীকার মহাশয়েরও জানা আছে, কয়েক বৎসর ধরে নানারকম প্রশ্ন করা হয়েছিল গ্রামাঞ্চলের বেকার সংখ্যা কত? এবারও প্রশ্নের উত্তরে পাওয়া গেল, গ্রামাঞ্চলে বেকারের সংখ্যা জানা নেই। আপনার দপ্তর থেকে কোন ব্যবস্থা করবেন কি যাতে ভবিষ্যতে গ্রামাঞ্চলের বেকার সংখ্যা আপনি জানতে পারেন?

The Hon'ble Abdus Sattar:

চেষ্টা করা যেতে পারে।

Sj. Saroj Roy:

কত দিনে চেষ্টা করতে পারবেন?

The Hon'ble Abdus Sattar:

সঠিক তারিখ দেওয়া যায় না।

Sj. Saroj Roy:

আগামী ছয় মাসের মধ্যে ব্যবস্থা করতে পারবেন কি?

The Hon'ble Abdus Sattar:

না।

Sj. Monoranjan Hazra:

শহরের বেকার সংখ্যা মন্ত্রী মহাশয়ের জানা আছে। আশা করি শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে সেই সংখ্যা পাবো?

Mr. Speaker:

পরে পাবেন।

Contributory Village Road Schemes in Midnapore district

14. (Admitted question No. 388.) **Sj. Ananga Mohan Das:** Will the Hon'ble Minister in charge of the Works and Buildings Department be pleased to state—

(ক) ১৯৫৩-৫৪, ১৯৫৪-৫৫, ১৯৫৫-৫৬ ও ১৯৫৬-৫৭ সালে মেদিনীপুর জেলায় C. V. R. Scheme-এ কত টাকা ব্যয়ে কতগুলি কাজ হইয়াছে;

(খ) ১৯৫৭-৫৮ সালে সরকার উক্ত জেলায় উক্ত স্কীমের জন্য কত টাকার বরাদ্দ করিয়াছেন;

(গ) ১৯৫৭-৫৮ সালে মেদিনীপুরের কালেক্টর কত টাকার কতগুলি scheme সুপারিশ করিয়াছেন;

(ঘ) উহাদের মধ্যে কতগুলি সরকার মঞ্জুর করিয়াছেন; এবং

(ঙ) ঐ স্কীমে মেদিনীপুর জেলার কোন্ কোন্ অঞ্চলে রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকার করিতেছেন এবং সেই-সকল অঞ্চল নির্বাচনের কারণ কি?

The Minister for Works and Buildings (the Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) ১৯৫৪-৫৫ সালে মোট ৯৩,৬৮১ টাকা ব্যয়ে বারটি কাজ, ১৯৫৫-৫৬ সালে মোট ৭৪,২৩৮ টাকা ব্যয়ে মোট নয়টি কাজ এবং ১৯৫৬-৫৭ সালে মোট ৪,৫৮২ টাকা ব্যয়ে দুইটি কাজ হইয়াছে।

১৯৫৩-৫৪ সালে কোন কাজ হয় নাই।

(খ) সমগ্র রাজ্যের জন্য টাকা বরাদ্দ থাকে। জেলাপিছু টাকা পূর্বাহ্নেই বরাদ্দ করা হয় না।

(গ) মোট ২,৯২,৫৫২ টাকায় একচল্লিশটি scheme.

(ঘ) এ-পর্যন্ত দশটি।

(ঙ) এইরূপ কোন পরিকল্পনা সরকারের নাই। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট জেলার বিভিন্ন অঞ্চল হইতে প্রোজেক্ট সুপারিশ করেন এবং সেই সুপারিশের উপর নির্ভর করিয়া সরকার জেলার কাজ বিবেচনা করেন।

Sj. Ananga Mohan Das:

১৯৫৬-৫৭ সালে মাত্র দুইটি সি-ভি-আর স্কীম হয়েছে কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

বাকী [illegible] ডিষ্টিক্ট ম্যাজিষ্ট্রেটএর কাছে পাঠান হয়েছিল।

Sj. Ananga Mohan Das:

১৯৫৬-৫৭ সালে মাত্র দুইটি স্কীম হয়েছে। কিন্তু ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট কতগুলি স্কীম মঞ্জুর করেছিলেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমার কাছে সে সংখ্যা নেই। আমি নোটিশ চাই।

Sj. Bhupal Chandra Panda:

এই দুইটি স্কীম কোথায় কোথায় হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি নোটিশ চাই।

Sj. Bhupal Chandra Panda:

এখানে ১৯৫৭-৫৮ সালে ৪১টি স্কীম সুপারিশ করা হয়েছিল, তার মধ্যে মাত্র ১০টি আপনার মঞ্জুরী পেয়েছে। এই ১০টি কোন্ কোন্ থানায় হবে বলতে পারেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

থানার কথা বলতে পারি না, নোটিশ চাই।

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Production of honey and wax in Sunderbans and protective measures for the honey-collectors

*47. (Admitted question No. *66.) **Sj. Hemanta Kumar Ghosal:** Will the Hon'ble Minister in charge of the Forest Department be pleased to state—

(ক) সুন্দরবন হইতে সংগৃহীত মধু বর্তমানে বাজারে কি দরে বিক্রয় হইতেছে;

(খ) যাঁহারা সুন্দরবনে মধু সংগ্রহ করিতে যান, তাঁহাদের মধ্যে কতজন বাঘের হাতে নিহত হইয়াছেন;

(গ) সরকার মধুসংগ্রহকারীদের [illegible] জন্য কোন বিশেষ ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা; এবং করিয়া থাকিলে, কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(ঘ) গত ১৯৫০-৫৭ সালের মধ্যে কত মধু এবং মোম সুন্দরবন হইতে সংগৃহীত হইয়াছে?

The Minister for Forests and Fisheries (Sj. Nishapati Majhi, on behalf of the Hon'ble Hem Chandra Naskar):

(ক) বিবরণী "ক" এতৎসহ উপস্থাপিত করা হইল।

(খ) ১৯৫৭ সালে ১২ জন।

(গ) হ্যাঁ।

মধুসংগ্রহের সময়ে শিকারীর একটি দল সরকারের অনুরোধে বাঘ শিকারের জন্য সরকারের সংরক্ষিত বনে গিয়া থাকেন। তাঁহাদের যাওয়ার ও বনে থাকার সমস্ত বন্দোবস্তই সরকারের তরফ থেকে করা হয়। [illegible] কর্মচারীরাও তাঁহাদের সঙ্গে থাকেন। গত বৎসর মধুসংগ্রহের সময় বনবিভাগের অনুরোধে চব্বিশপরগনার পুলিস সুপারিন্টেন্ডেন্টও কলিকাতার কয়েকজন শিকারীকে সঙ্গে লইয়া ঐ জঙ্গল পরিদর্শন করেন।

(ঘ) বিবরণী "খ" এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement "ক" referred to in reply to clause (ক) of starred question No. 47

সংগৃহীত মধু বনবিভাগ কর্তৃক বিশোধিত হইয়া বিভিন্ন পাত্রে নিম্নলিখিত দরে বিক্রয় হইতেছে:

পাইকারী দর—বিক্রয়কর বাদে প্রতি মন ১১০৲ (ড্রামে)।
বিক্রয়কর বাদে প্রতি মন ১০৫৲ (টিনে)।

খুচরা দর—বিক্রয়কর বাদে ১ পাউন্ড বোতলে—১৷৷৹ আনা।
বিক্রয়কর বাদে ২ পাউন্ড বোতলে—২৸৹ আনা।

ইহা ছাড়া পাইকারী হিসাবে ২ মন হইতে ৫ মনে শতকরা ১২½, ৫ মন হইতে ১৫ মনে শতকরা ১৮¾ এবং ১৫ মন হইতে উহার উপরে শতকরা ২৫ হারে কমিশন দেওয়া হয়।

খুচরা হিসাবেও ১০০ পাউন্ড হইতে ১৯৯ পাউন্ডে শতকরা ১২½, ২০০ পাউন্ড হইতে ১,৯৯৯ পাউন্ডে শতকরা ১৮¾ এবং ২,০০০ পাউন্ড হইতে উহার উপরে শতকরা ২৫ হারে কমিশন দেওয়া হয়।

Statement "খ" referred to in reply to clause (ঘ) of starred question No. 47

মধুসংগ্রহকারীদের দ্বারা সুন্দরবন হইতে নিম্নলিখিত পরিমাণ মধু ও মোম সংগৃহীত হইয়াছে:

সাল।	মধু।	মোম।
	মন।	মন।
১৯৫০-৫১	২,৫৯২	২৩৪
১৯৫১-৫২	৪,৯৯০	৭৩৭
১৯৫২-৫৩	৫,১০৯	৪৯৯
১৯৫৩-৫৪	৪,৪৬৮	৪২৪
১৯৫৪-৫৫	৩,৩৮৫	৩৪৫
১৯৫৫-৫৬	৫,৩৪৮	৪৯৮
১৯৫৬-৫৭	৫,৬১৫	৪৯৬
১৯৫৭-৫৮	২,৯১৬	৩২৬
(মে মাস পর্যন্ত)		

[3-40—3-50 p.m.]

Mr. Speaker: Mr. Majhi, have you got the authority to answer on behalf of the Hon'ble Minister? Have you got a delegation?

Sj. Nishapati Majhi: Yes, Sir.

Mr. Speaker: We have not received it.

The Hon'ble Hem Chandra Naskar: I informed Secretary about it.

Mr. Speaker: The rule enjoins that written intimation must be received from you. But in any case let Mr. Majhi reply.

Sj. Jyoti Basu: I don't think that Secretary was informed about it.

Sj. Hemanta Kumar Ghosal:

আপনি (খ)এর উত্তরে বল্লেন যে, ১৯৫৭ সালে ১২ জন মারা গেছে, আবার অন্য জায়গায় অর্থাৎ (গ) প্রশ্নের উত্তরে বলছেন—যারা মধু সংগ্রহ করতে যায়, তাদের প্রটেকশনএর প্রপার বন্দোবস্ত থাকে এবং সেই অবস্থায় তারা বনে যায়; এ অবস্থায় ১২ জন কি করে মারা গেল জানাবেন কি? অর্থাৎ প্রপার প্রটেকশন থাকা সত্ত্বেও ১২ জন কি করে মারা গেল?

Sj. Nishapati Majhi:

সুন্দরবনের বিভিন্ন এলাকার মধুসংগ্রহকারীদের বাঘের হাতে হত হওয়ার কারণ জঙ্গলে যখন কোন নির্দিষ্ট এলাকায় কাঠ কাটা হয়, তখন ঐ অংশের বনবিভাগের [illegible] তত্ত্বাবধানে কাজ হয়, ফলে বহু সংখ্যক লোক এক একটা নির্দিষ্ট জায়গায় কাজ করে এবং তাদের কোলাহলে বাঘ দূরে সরে যায়। কিন্তু মধুসংগ্রহকারীরা কোন নির্দিষ্ট এলাকায় কাজ করে না, বিশাল বনভূমির বিভিন্ন অংশে ছোট ছোট দলে বিভক্ত হয়ে মধু সংগ্রহ করতে ঘুরে বেড়ায়। ফলে বাঘের হাত থেকে তাদের রক্ষা করবার জন্য প্রতি দলের সঙ্গে সশস্ত্র কর্মচারী দেওয়া সম্ভব হয় না। যদি কোন স্থলে বাঘের সংবাদ পাওয়া যায়, সেখানে শিকারী পাঠিয়ে তাদের যথাসম্ভব রক্ষার ব্যবস্থা করা হয়।

Sj. Hemanta Kumar Ghosal:

তাহলে আপনি যে ছাপানো বিবরণী দিয়েছেন যে, শিকারীদের জন্য প্রটেকশনএর বন্দোবস্ত আছে।

Sj. Nishapati Majhi:

না। না, তা ঠিক নয়।

Sj. Hemanta Kumar Ghosal:

আগে বলেছেন উত্তরে, আপনারা শিকার করতে যান তার জন্য প্রটেকশনএর বন্দোবস্ত আছে, আর এখন বলছেন যারা নাকি মধু সংগ্রহ করতে যায় তাদের বিনা প্রটেকশনেই ছেড়ে দেওয়া হয়।

Sj. Nishapati Majhi:

না, তা নয়। যথাসম্ভব রক্ষার ব্যবস্থা আছে।

Sj. Somnath Lahiri:

"In view of the phenomenal increase in the industrial productions, profits and productivity and thus of increase in national wealth;

Also in view of the fact that there has been a steep and continuous rise in the prices of all essential commodities, resulting in further lowering of the already low standard of living of low-income groups in this State."

Sj. Mihir Lal Chatterjee: Sir, I beg to move that in line 6, after the words "twenty-five per head per month" the words "with effect from the present financial year" be inserted.

Dr. Ranendra Nath Sen:

মাননীয় সভাপাল মহাশয়, যে প্রস্তাব আমাদের সামনে উপস্থিত হয়েছে, এই প্রস্তাবে সমস্ত দেশে বিভিন্ন মেহনতী মানুষের মধ্যে একটা চাঞ্চল্য জাগিয়েছে। আমাদের পশ্চিম বাংলা যেটা সমগ্র ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী শিল্পোন্নত, বা যার সম্ভাবনা অত্যন্ত বেশী। যেখানে কয়লা প্রভৃতি জিনিসের সাহায্যে শিল্পের উন্নতি করা যায়, সেই জিনিস প্রচুর পাওয়া যায় ধারে কাছে। কিন্তু সেখানে কল-কারখানার শ্রমিক অথবা অফিস কাছারির কর্মচারীদের বেতন অত্যন্ত কম। বোম্বের সঙ্গে যদি তুলনা করি তাহলে দেখতে পাবো—বোম্বেতে মূল বেতন আমাদের থেকে বেশী। শুধু তাই নয়, যে ডিয়ারনেস এলাউয়েন্সএর সেখানে ব্যবস্থা আছে তার একটা স্লাইডিং স্কেল আছে, অর্থাৎ যেমন যেমন জিনিসপত্রের দাম বেড়ে যাবে, সেই অনুসারে ডিয়ারনেস এলাউয়েন্সও বাড়বে। আমাদের পশ্চিম বাংলায় সেরকম কোন ব্যবস্থা নাই। শুধু যে ব্যবস্থা নাই তা নয়, আগেই বলেছি এখানে বেতনের হার অত্যন্ত কম। সুতরাং কিছুদিন যাবৎ, গত দু-বছর যাবৎ সমগ্র ভারতবর্ষে বিভিন্ন ট্রেড ইউনিয়ন আন্দোলনে তাঁরা এই দাবী করেছিল যে অবিলম্বে সকল [illegible] শতকরা ২৫ ভাগ বেতন বৃদ্ধি করে দেওয়া দরকার। এটা শুধু অল-ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেসের বক্তব্য নয়, হিন্দ মজদুর সভা, ইউনাইটেড ট্রেড ইউনিয়ন কংগ্রেস, তারাও ঘোষণা করেছেন। এমন কি ইন্ডিয়ান ন্যাশনাল ট্রেড ইউনিয়ন কংগ্রেস, সুরাট অধিবেশনে, তারাও এই কথা ঘোষণা করেছেন। তদানিন্তন সেক্রেটারী কে, পি, ত্রীপাথি, যিনি আজকে আসামের শ্রমমন্ত্রী তিনিও তাঁর বক্তৃতায় সেই কথা উল্লেখ করেছিলেন। এখন অবস্থা এমন দাঁড়িয়েছে যে, এই বেতন বৃদ্ধির দাবী আজকে আমাদের এসেম্বলীর ভিতর করতে হচ্ছে? সকলের মনে আছে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় উৎপাদন বাড়াও, দেশ দরিদ্র, এই কথা বলে বেতন বৃদ্ধি সরকার সকলভাবে আটকে রাখতে পেরেছিলেন। কোন জায়গায় কোন শিল্পে যাতে বেতন না বাড়ে, সেইজন্য ঐ দুটা কথা বলেছিলেন। কিন্তু প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ দিক থেকে যেভাবে উৎপাদন বাড়তে লাগলো, সেই উৎপাদনের দিকে যদি আমরা দৃষ্টি রাখি তাহলে পর, প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে মূল লক্ষ্য ও উদ্দেশ্য অর্থাৎ সোস্যাল জাষ্টিস প্রতিষ্ঠিত করা এবং ধনী ও দরিদ্রের মধ্যে বৈষম্য দূর করা, সেই জিনিসটা আমরা দেখতে পাবো বর্তমানে উৎপাদনের যে হার এবং ব্যবস্থা, সেটা বিচার করলে আরও দেখতে পাবো, কিভাবে এই দুটা জোরের সঙ্গে উপস্থিত করা যায়। ১৯৫১ সালের উৎপাদনের রেটকে যদি আমরা একশো ধরি তাহলে দেখতে পাবো ১৯৫৬ সালে সেই জিনিস হয়েছে ১০৩ এবং ১৯৫৬ সালের মে মাসেতে হয়েছে ১৫৬:২ ও ১৯৫৭ সালে বর্তমানে সেটা এসে দাঁড়িয়েছে ১৬৮·৩। অর্থাৎ প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যেই ভারতবর্ষের মেহনতী শ্রেণী, তারা শতকরা ৫০ ভাগের বেশী উৎপাদন বাড়িয়ে দিয়েছে। এর আগে বলা হত উৎপাদন না বাড়লে পর কিছুতেই বেতন বাড়তে পারে না।

প্রথম আমার বক্তব্য হচ্ছে, উৎপাদন বেশী বেড়েছে, এবং এ বিষয় গভর্নমেন্টের তথ্য দিলাম ফ্রম রিজার্ভ ব্যাঙ্ক বুলেটিন—অক্টোবর, ১৯৩৭এ উৎপাদন যা ছিল, জুন, ১৯৫৭ সালে সেই উৎপাদন বেড়ে ১৬৮·৩ হয়েছে। এখন শুধু যে উৎপাদন বেড়েছে তা নয়, উৎপাদিকা শক্তি

শ্রমিকদেরও বেড়েছে। প্রতি লোক মাথা পিছু প্রডাকটিভিটী বেড়েছে—সেটা ইন্ডিয়ান লেবার গেজেট থেকে দেখাতে চাই। ১৯৩৯ সালের হিসাব থেকে আমরা দেখতে পাই—যদি ১৯৩৯ সালকে ১০০ ধরি তাহলে জুলাই, ১৯৫৪ সালে সেটা এসে দাঁড়িয়েছে ১৩৩। কিন্তু রিয়েল আর্নিং শ্রমিক, কর্মচারীদের বেতনের দিকে তাকালে দেখতে পাবো, ১৯৩৯ সালে যদি ১০০ ধরি তাহলে ১৯৫৪ সালে, এই ইন্ডিয়ান লেবার গেজেটএ ভারত সরকারের দ্বারা প্রকাশিত, সেটা এসে দাঁড়িয়েছে ১০২·৭। অতএব এ থেকে এটা বোঝা যাচ্ছে যে উৎপাদন বাড়লো—প্রডাকটিভিটী পার ম্যান বেড়ে গেলো, কিন্তু রিয়েল আর্নিং, তার তুলনা অনেক পিছনে পড়ে রহিল। সেই হিসাব যদি আর একবার তলিয়ে দেখি, তাহলে দেখতে পাবো ১৯৫০ সালে প্রডাকটিভিটি ছিল ৭৮·৮, আর ১৯৫৪ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছে ১১৩, অর্থাৎ শতকরা ৪০ ভাগ বেড়ে গিয়েছে। কিন্তু বেতনের তুলনা যদি দেখি—১৯৪০ সালে যে বেতন ভারতবর্ষের শ্রমিক ও কর্মচারীরা পেতেন, তার মান দেওয়া হয়েছে ১০৬ এবং সেটা ১৯৫৪ সালে ১০২·৭। তারপর ভারত সরকারের হিসাব মত আরও শতকরা দু ভাগ বেড়েছে। কিন্তু এখনও ১৯৪০ সালের তুলনায় ২·৬ পিছনে পড়ে আছে। ভারতবর্ষের শ্রমিক শ্রেণী যদি ১৯৪০ সালের তুলনায় বেতন কম পান, অথচ উৎপাদন বাড়িয়েছে তারা ; শুধু তাই নয়, শতকরা ৪০ ভাগ উৎপাদন বেড়ে গিয়েছে—তাহলে আজকে তাদের যে দাবী শতকরা ২৫ ভাগ বেতন বাড়ান হোক, সেটা তাদের সত্যিকারের ন্যায্য দাবী কি না, সেটা ভাববার সময় এসেছে। শুধু সেখানে নয়, গভর্নমেন্টের তরফ থেকে বলা হয় বারবার এই যে উৎপাদন বেড়েছে, বিশেষ করে এই এসেম্বলীতে কথা হয়েছে উৎপাদন বাড়বার কারণ নাকি শ্রমিকরা নয়। তার কারণ নাকি মডার্নিজেশন অব ইন্ডাষ্ট্রী, তাঁরা বলে থাকেন মেসিনস মডার্নাইজড হচ্ছে বলেই তার জন্য উৎপাদন বেড়েছে। আমাদের দেশে যে মেসিন মডার্নাইজ হয়েছে, কোন ইন্ডাষ্ট্রীসএ সবচেয়ে বেশী? সেটা হচ্ছে জুটএ। কোলএ মেসিন মডার্নাইজ হয় নি, ইঞ্জিনীয়ারিংএ মেসিন মডার্নাইজ হয় নি, টেক্সটাইলএ মেসিন মডার্নাইজ হয় নি এখনও, জুটএ হয়েছে এবং জুটএ ফিগার কি? মডার্নাইজ যে হয়েছে সেটা হচ্ছে স্পিনিং ডিপার্টমেন্টএ। স্পিনিং মেসিন সেগুলি মডার্নাইজড হয়েছে, কিন্তু যেখানে প্রডাকশনএর মূল কথা লুমস উইভিং ডিপার্টমেন্টএ, সেখানে কোন মডার্নাইজেশন হয় নি। সেখানে একটা লোককে দিয়ে দুইটি তাঁত করান হচ্ছে—এই হচ্ছে ফল। তবে র‍্যাশনালিজেশনএ কি হয়েছে? র‍্যাশনালিজেশনএ মডার্নাইজেশন হয় নি, র‍্যাশনালিজেশনএ নিউ মেসিনারিজ আসে নি; যেখানে এসেছে সেখানে উৎপাদন বাড়ে নি। জুটএ কোন উৎপাদন বাড়ে নি বিগত ৫ বৎসরের মধ্যে। উলটে এই র‍্যাশনালিজেশনএর জন্য কাজের বোঝা বেড়ে গিয়েছে এবং রিট্রেঞ্চমেন্ট হয়ে গিয়েছে। সুতরাং আমরা বলতে চাই, আজকে যে উৎপাদন বেড়েছে সেটা হচ্ছে—শ্রমিকের শ্রমশক্তির বলে সে উৎপাদনটা বেড়েছে, এছাড়া আর কোন কারণ নেই। এখন এই জিনিসটা যে এত অকাট্য, এই যুক্তিটা যে এত অকাট্য, ভারত সরকারের প্রাক্তন মন্ত্রী শ্রীখান্দুভাই দেশাই, তিনি পর্যন্ত আগস্ট, ১৯৫৬ সালের ইন্ডিয়ান লেবার গেজেটএ তিনি যখন মন্ত্রী ছিলেন, ভারত সরকারের গেজেটএ প্রবন্ধ লিখে বলেন যে, হ্যাঁ, প্রোডাকসন বাড়ছে এবং বেড়েছে। প্রডাকটিভিটী বেড়েছে—তখন অবশ্য এত হারে বাড়ে নি, কারণ আরো এক বৎসর আগেকার কথা আমি বলছি—এবং তিনি বলছেন যে, শ্রমিকদের বেতন বৃদ্ধির দাবীটা সতিকারের ন্যায্য দাবী। সেটা কেউ কেউ কুলোকে বলতে পারেন, ঠিক নির্বাচনের প্রাক্কালে সে কথা মন্ত্রীকে হয়ত বলতে হয়েছে, কিন্তু এই কথাটা ভারত সরকারের নিজস্ব কাগজে আগস্ট, ১৯৫৬ সালে তিনি নিজে লেখেন। এখন প্রশ্ন, এটা মালিকরা বলে থাকেন, গভর্নমেন্ট থেকে এটা বলা হয় যে, শিল্প কি এই বেতন দিতে পারবে, সোনার ডিম একত্র আদায় করার জন্য হাঁসকে কি মেরে ফেলা ঠিক হবে, সেখানে আমাদের বক্তব্য হচ্ছে যে শিল্প দিতে পারে। সেই জন্য প্রথমতঃ আপনাদের সামনে আমি একটা তথ্য রাখতে চাই, 'এইটথ সেন্সাস অব ইন্ডিয়ান ম্যানুফ্যাকচার্স' ১৯৫৩ সালে যেটা বেরিয়েছিল এবং এই 'এইটথ সেন্সাস অব ইন্ডিয়ান ম্যানুফ্যাকচার্স'এ যে জিনিসটা বলেছে, সেটা যদি আমরা দেখি তাহলে ১৯৫৩ সালেই আমরা আশ্চর্য হয়ে যাবো যে সেখানে কিভাবে কি পরিমাণে ব্যবসা তাঁরা করেছিলেন। তারা এটা দেখিয়েছেন, এটা মালিকদের পত্রিকা, তাতে তাঁরা বলছেন ১৯৩৯ সাল থেকে ১৯৫৩ সালের মধ্যে ভ্যালু এ্যাডেড

বাই ম্যানুফ্যাকচার্স বেড়েছে ২২·৬ পারসেন্ট, টোটাল ওয়েজের স্যালারিজ এ্যান্ড আদার বেনিফিটস বেড়েছে ১৫·৮ পারসেন্ট, এবং শেয়ার অব দি ক্যাপিটাল বেড়েছে বাই ৩৫·১ পারসেন্ট। এবং সেই থেকে তাঁরা আরো ভাল করে তথ্য দিয়ে দেখিয়েছেন যে শেয়ার অব টোটাল ওয়েজেস, স্যালারিজ এ্যান্ড আদার বেনিফিটস ৫·৬ পারসেন্ট কমে গিয়েছে,

whereas share of capital has registered an increase of 10.2 per cent.

এটা হচ্ছে তাঁদের তথ্য। পশ্চিমবাংলার ক্ষেত্রে তাঁরা আবার দেখিয়েছেন—কারণ এখানে আবার কথা হবে আমাদের এখানে এ জিনিসটা ঠিক কিনা—পশ্চিমবাংলার যে তথ্য তাতে এই এইটথ সেন্সাস অব ইন্ডিয়ান ম্যানুফ্যাকচার্স, ১৯৫৩ সালে যেটা বেরিয়েছে, সেটা আরো জাজ্বল্যমান হয়ে যায় পশ্চিমবঙ্গের ব্যাপারে। বাংলায় কি হয়েছে,—ভ্যালু এ্যাডেড বাই ম্যানুফ্যাকচার্স বেড়েছে ২১·৫ পারসেন্ট, টোটাল ওয়েজেস, স্যালারিজ এ্যান্ড আদার বেনিফিটস বেড়েছে ৭·১ পারসেন্ট,

while share of the capital has recorded an increase of 111.2 per cent.

এটা শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন, কিন্তু এটা মালিক পক্ষের কাগজে পরিষ্কার করে লেখা আছে এবং সেই তথ্য থেকে আমরা দেখতে পাচ্ছি যে সেখানে বেতন এবং অন্যান্য সুবিধা যেসমস্ত কর্মচারী পায় ১৯৪৯ সাল থেকে ১৯৫৩ সালের মধ্যে সেটা কমেছে ১১·৮ পারসেন্ট, আর ক্যাপিটালিষ্ট শেয়ার বেড়েছে ৭৪·১ পারসেন্ট। এই হচ্ছে ইন্ডিয়ান ম্যানুফ্যাকচারার্স নিজেদের প্রকাশিত বইএর তথ্য। এখন আমার বক্তব্য হচ্ছে, এই যদি ১৯৫৩ সালে হয়ে থাকে, তা আপনাদের অনেকেরই মনে আছে যে পার্লিয়ামেন্টএ এই নিয়ে একটা কথা হয়, তারপর থেকে আর মালিকেরা কোন বই বের করেন না, কত তাঁদের মুনাফা হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া ১৯৫৭ সালে একটা তথ্য বের করেছেন ৭৫০টা জয়েন্ট ষ্টক কোম্পানীর। তাদের মুনাফা ১৯৫০ সাল থেকে ১৯৫৫ সাল অর্থাৎ ফার্ষ্ট ফাইভ ইয়ার প্ল্যানএ তারা যে মুনাফা করেছে। এই ৭৫০টি কোম্পানী হচ্ছে কারা?

They cover public limited companies registered in India with a paid-up capital of not less than Rs. 5 lakhs each

তাহলে মোটামুটি বড়ই বলতে হবে। এক্সক্লুড করেছেন কাদের—না

Banks, insurance and investment companies, private limited companies, branches of foreign companies and Government companies

এই শেষেরগুলিকে বাদ দিয়েছেন যদিও বলেছেন যে দে আর প্রসপারাস। তাহলে এই ৭৫০টি কোম্পানী সম্বন্ধে তাঁরা বলছেন যে তাদের

total paid-up capital amounts to one-third of the total paid-up capital in the private sector,

তাহলে এটা বলা যায় এবং রিজার্ভ ব্যাঙ্কও বলেছেন এই ১৯৫৭ সালে যে এটা একটি মোটামুটি ছক বলা যেতে পারে, যে কি করে ক্যাপিটাল ফ্লারিস করছে আমাদের দেশে এবং সেখানে কি বলা হয়েছে, রিজার্ভ ব্যাঙ্কএর তথ্য, সে তথ্যে আমি কোন হাত দেই নি, তথ্যটা উপস্থিত করে দিচ্ছি এখানে, সেখানে রিজার্ভ ব্যাঙ্ক কোটির হিসাবে বলছেন এ্যাসেটস নেট ১৯৫০ সালে ছিল ৮৮৬ কোটি টাকা, সেখানে ১৯৫৫ সালে হয়েছে ১,১৯১ কোটি টাকা অর্থাৎ ৩৪·৪ পারসেন্ট ইনক্রিজ, টোটাল ইনকাম ডিউরিং দি ইয়ার ৯৭৩ কোটি টাকা বেড়ে হয়েছে ১,৩৩২ কোটি টাকা ১৯৫৫ সালে, পারসেন্টেজ অব ইনক্রিস হচ্ছে ৩৬·৯, প্রফিটস বিফোর ট্যাক্স ৬৪ কোটি টাকা ১৯৫০ সালে, ১৯৫৫ সালে বেড়ে হয়েছে ৯৭ কোটি টাকা, ইনক্রিস হয়েছে ৫১·৬ পারসেন্ট, এই প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, প্রফিটস আফটার ট্যাক্স সেটাও রিজার্ভ ব্যাঙ্ক আমাদের সামনে দিয়েছেন। রিজার্ভ ব্যাঙ্কই বলছেন প্রফিটস আফটার ট্যাক্স ১৯৫০ সালে ৩৯ কোটি। ১৯৫৫ সালে ৬০ কোটি এবং বলছেন ইনক্রিসড পারসেন্টেজ হচ্ছে ৫৩·৮ পারসেন্ট। এটা আমাদের কথা নয়, রিজার্ভ ব্যাঙ্ক থেকে আমি হুবহু তুলে দিলাম প্রত্যেকটি ফিগার। এবং এটা সত্যি কথা ব্যাঙ্কিং এ্যান্ড আদার ইন্ডাষ্ট্রীজ সম্বন্ধে তাঁরা মন্তব্য করেছেন যে, আমাদের ইনভেষ্টিগেশানএর মধ্যে তাদের নিই নি কিন্তু মোটামুটি তাদের অবস্থাও

প্রসপারাস, দে আর অলসো প্রসপারিং, কথাটা অবশ্য বলেছেন আপওয়ার্ড ট্রেন্ডস ভিজিবল। সুতরাং অবস্থাটা কি—প্রোডাকশন বেড়েছে, আমি দেখালাম রিজার্ভ ব্যাঙ্কএর ফিগার জুন ১৯৫৭এ ১৬৮·৩ পারসেন্ট, প্রোডাকটিভিটি বেড়েছে, ইন্ডিয়ান লেবার গেজেট ১৯৫৫ সাল থেকে আমি দেখালাম যে ১৯৫৪ পর্যন্ত প্রোডাকটিভিটি ১৯৫০ সালে যেখানে ৭৮·৮ ছিল, এখন সেখানে ১১৩ এবং মেসিনএর জন্য বাড়ে নি, তার প্রমাণ হচ্ছে জুট মিলসএ যে স্পিনিং ডিপার্টমেন্টএ শুধু হয়েছে সেখানে জুটএ কোন প্রোডাকশন বাড়ে নি, উলটে ডবল লুম চালু হয়েছে, লোকের মেহনত বেড়েছে। আমি দেখালাম মালিকের শেয়ার প্রফিটএর তা যে পরিমাণ বাড়ছে, সেই পরিমাণে মজুরের কমছে, সে কথাও আমি ঐ সেন্সাস অব ম্যানুফ্যাকচার্স তাদের রিপোর্ট থেকে দেখালাম। তাঁরা তারপর আর ছাপেন নি, কারণ এই নিয়ে অত্যন্ত কেলেঙ্কারি হয়ে গেল, পার্লিয়ামেন্টএ এই নিয়ে কথা হল। তাহলে কি যুক্তি থাকতে পারে শ্রমিক এবং কর্মচারীদের মজুরী আটকাবার কি যুক্তি থাকতে পারে যে উৎপাদন বাড়াও, এই কথা বলে তার বেতনকে আটকে রাখা, কি যুক্তি থাকতে পারে মালিক পক্ষের এই যে অবাধ লুণ্ঠন সেটাকে সমর্থন করা গভর্নমেন্টএর, এবং সেখানে গভর্নমেন্ট এই রকম মনোভাব নেবেন যে আমরা তৃতীয় পক্ষ। তৃতীয় পক্ষ কি রকম সে দুর্বলের পক্ষে সকলকে যেতে হবে, যদি দুর্বলের পক্ষে ন্যায় থাকে, তথ্য থাকে, গভর্নমেন্টএর নিজের স্বীকৃতি থাকে তবে দুর্বলের পক্ষে গভর্নমেন্টকে যেতে হবে, মালিকের পক্ষে গেলে চলবে না।

[5-35—5-45 p.m.]

সুতরাং সেখানে আমার বক্তব্য হচ্ছে যে আজকের দিন এই কথা বললে হবে না যে, উৎপাদন বাড়িয়ে যাও। অথচ যেখানে শ্রমিক দেখতে পায় যে প্রফিট বাড়ছে, আর আমাদের বেতন বাড়ছে না, সেদিক থেকে শ্রমিক মানতে রাজী হবে না। রাজী হয় না বলেই ব্যাঙ্কের এত বড় স্ট্রাইক হয়েছিল। স্ট্রাইকে তারা হেরে গিয়েছে, কি জিতেছে সে কথা নয়। এক মাসের উপর তারা স্ট্রাইক করেছে এবং দেখা যাচ্ছে ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রিরও প্রফিট বাড়ছে। সেখানে রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট নাই বলে আমি বললাম না, নয়ত আলাদাভাবে দিতাম। তবে আমার কাছে হিসাব আছে। সোশ্যাল জাস্টিসএর কথায় বলছি যে যখন সময় হয় তখন সোশ্যাল জাস্টিস না দিলে শিল্পে অশান্তি হতে পারে। শুধু যা বেড়েছে শ্রমিকের গত দু বছরে সমগ্র ভারতবর্ষে এবং পশ্চিম বাংলায় শতকরা দু ভাগ বেতন যা বেড়েছে, সেটার জন্য হয় তার পিছনে স্ট্রাইক অথবা স্ট্রাইকের হুমকী ছিল ; যেমন চা-বাগান বা কয়লার খনিতে বেতন বেড়েছে একমাত্র স্ট্রাইক করে বা স্ট্রাইকের ধমক দিয়ে। জনসাধারণ উৎপাদন বেশী চায়, শ্রমিকেরাও উৎপাদন বেশী করতে চায়, দেশে কে চায় না? ক্যাপিটালিস্টএরই প্রফিট বেড়ে যাবে উৎপাদনের ফলে, আর কারও লাভ হবে না। কারণ বেতন বাড়ল না, লোকের ক্রয়ক্ষমতা বাড়ল না, জিনিসপত্রের দাম কমল না, একমাত্র প্রফিটই বেড়ে গেল। এ কোন সোশ্যাল জাস্টিস, কোন ওয়েলফেয়ার স্টেট বলবে না। এই যে মূল্য বেড়েছে সেটা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার স্বীকৃতি আছে। দাম যে বেড়েছে তার পিছনে গোপন হস্ত কারও আছে। সেও সাধারণ লোক জানে যে দাম বাড়ে কেন? বিগ ক্যাপিটালিস্ট ও মনোপলিস্ট গ্রুপ তারাই দাম বাড়ায়। তারা প্রফিট করছে প্রোডাকশন থেকে, তার উপর আবার নানা ফাটকা বাজারী করে দাম বাড়াচ্ছে—বিশেষ করে পশ্চিম বাংলায় দিনের পর দিন দাম বেড়ে যাচ্ছে। এখানে আমি একটু দামের তথ্য দেব। দামের তথ্য এটা—'রিপোর্ট অন কারেন্সী অ্যান্ড ফাইনান্স' রিজার্ভ ব্যাঙ্ক যা বার করেছে তার ১১২ পৃষ্ঠায় তারা বলছেন—

"The prices of food articles have increased by 24.3 per cent. compared to 1955-56"

১৯৫৫ সালের তুলনায় ২৪·৩ পারসেন্ট বেড়েছে, একথা রিজার্ভ ব্যাঙ্কের, আমার নয়, আমি হিসাব করতে যাই নি। আমি বলব গভর্নমেন্টকে ১৯৫৫ সাল থেকে ১৯৫৬-৫৭ সালে আরও বেড়েছে কি না। 'ইকনমিক এ্যাডভাইসর'—গভর্নমেন্ট অব ইন্ডিয়ার এই যে কাগজ সেটা 'ব্রেক-আপ' ফিগার করে দেখিয়েছে যে ফুডএর দাম কি রকম বেড়েছে। সুতরাং দাম যে বেড়েছে আর 'অল কমডিটিস' ২৪·৩ পারসেন্ট ১৯৫৫-৫৬এ বেড়েছে। এটা রিজার্ভ ব্যাঙ্কের স্বীকৃতি। রিজার্ভ ব্যাঙ্কের 'রিপোর্ট অন কারেন্সী অ্যান্ড ফাইনান্স' তাতে বলেছে, এই যে

দাম বেড়েছে এটা পার্মানেন্ট হবে, কমবে না। এ সম্বন্ধে আমি সব কোটেশন দিচ্ছি না, সময় অনেক লাগবে। 'কনজিউমার্স প্রাইস ইনডেক্স ফর দি ওয়ার্কিং ক্লাস' কি রকম বেড়েছে সে তথ্য তাঁরা দিয়েছেন। 'সেন্ট্রাল বোর্ড অব ডাইরেকটরস, রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া' জুলাই, ১৯৫৬ থেকে জুন, ১৯৫৭ এর যে রিপোর্ট দাখিল করেছেন, সেই রিপোর্টের মধ্যে 'কনজিউমার্স প্রাইস ইনডেক্স ফর দি ওয়ার্কিং ক্লাস' সম্বন্ধে তাঁরা বলছেন—

"The all-India average for 1956-57 was 11 per cent. higher than 1955-56.

তারপরে আর এক জায়গায় তাঁরা মন্তব্য করছেন যে, তারপরে অক্টোবর পর্যন্ত আরও ৩ পারসেন্ট বেড়ে গেছে। ঐ বিষয়ে গভর্নমেন্টের ষ্ট্যাটিসটিক্যাল বুরো, আবার লেবার ডিপার্টমেন্টেরও যে ষ্ট্যাটিসটিক্যাল বুরো আছে, তাদের কারও সঙ্গে মেলে না। তাদের কাছে আলাদা তথ্য। তারা রিজার্ভ ব্যাঙ্কের চেয়ে পণ্ডিত বেশী। সুতরাং তাঁরা বলেন তাঁরা আমাদের তথ্য মানেন না, আমরা যে রিজার্ভ ব্যাঙ্কের তথ্য দিয়েছি। ওখানে নিস্তারণ চক্রবর্তী মহাশয়ের ডিপার্টমেন্ট বলেন কনজিউমার্স প্রাইস ইনডেক্স দু বৎসরের মধ্যে বাড়ে নি বা সামান্যই বেড়েছে। সেখানে আমরা দেখিয়েছি ১৯৫৫ সাল থেকে ১৯৫৬-৫৭ সালে ১১ পারসেন্ট বেড়েছে। সেখানেই শেষ নয়। সে সম্বন্ধে রিজার্ভ ব্যাঙ্ক থেকে বলছে এইখানেই যে এই দাম ষ্ট্যাবিলাইজড হবে তা নয়, এই দাম থেকে দাম আরও বাড়বে এ আশঙ্কা আছে। কেন না ১৯৫৫ সালে রিজার্ভ ব্যাঙ্ক বলছে ইনফ্লাশনারী টেন্ডেন্সি শুরু হয়ে গেছে। এখানে প্রফুল্লবাবু মন্ত্রী মহাশয় বললেন দ্রব্যমূল্য প্রতিরোধ করবার জন্য আমরা ফেয়ার প্রাইস শপ খুলেছি। কিন্তু সেখানে যে দামে চাল বিক্রী হয়—সাত আনা, নয় আনা ও দশ আনা—তার মধ্যে বেশীর ভাগই নয় আনা ও দশ আনা কিনতে বাধ্য হয়, কারণ সাত আনার চাল খারাপ এবং পাওয়াও যায় না। দ্বিতীয় কথা, মধ্যবিত্তের খরচের শতকরা ৭০ ভাগ ফুডএর জন্য। কিন্তু তাঁর ডিপার্টমেন্ট থেকে বার করেছে শতকরা ৬৫ ভাগ হচ্ছে, 'অল ফুড আর্টিকেলস অব দি ফ্যামিলী বাজেট'—৭০ নয়, ৬৫ এবং তাও শুধু চাল, আটা নয়, চাল, আটা, গম, চিনি, তেল, ডাল, শাকসবজি, মাছ, মাংস —এক কথায় একটা গৃহস্থের যা দরকার, তার ফ্যামিলি বাজেটের তার শতকরা ৬৫ ভাগই তাতে কভার করে। তার মধ্যে চাল, আটা, মাত্র ৪০ পারসেন্ট কভার করে, তাই করে তাঁরা যে দ্রব্যমূল্য বৃদ্ধি আটকে দিয়েছেন—এই ফেয়ার প্রাইস শপ কোরে এটা অতি অবাস্তব কথা। কেন না ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেন্টের লেবার গেজেট প্রকাশিত হচ্ছে তাতে, 'মিডিল ক্লাস কস্ট অব লিভিং ইন সেপ্টেম্বর ১৯৫৭' ইস্যুতে দিয়েছেন যে মে, ১৯৫৬ সালে ফুড ছিল ৩৮০ আর মে, ১৯৫৭তে হল ৪১৫। ফেয়ার শপ করেছেন গত বৎসর। এই এক বৎসর আগে থেকে ফেয়ার প্রাইস শপ হওয়া সত্ত্বেও ৩৮০ বেড়ে ৪১৫ হল। আর গভর্নমেন্টের যে 'পশ্চিমবাংলা' পত্রিকা রয়েছে তাতে বলছে ৩৪০·৪ ছিল মে, ১৯৫৬তে, আর মে, ১৯৫৭তে, হয়েছে ৩৬৭·৯। তাতে বোঝা যায় কি পরিমাণ বেড়ে গেছে মিডিল ক্লাস কস্ট অব লিভিং, সুতরাং আমরা দেখতে পাচ্ছি এঁরা আগে যে বলেছেন প্রোডাকশন বৃদ্ধি কর। তাদের প্রডাকটিভিটি বাড়ল, খাটুনি বাড়ল, জুট মিলে আমরা দেখেছি মডার্নাইজেশন হল না, মালিকের প্রফিট অত্যন্ত বেড়ে গেল। রিজার্ভ ব্যাঙ্কের তথ্য থেকে আমরা দেখলাম শ্রমিকের অংশ কমে যাচ্ছে। সেটা মালিকের কাগজ থেকেই দেখা গেছে। রিজার্ভ ব্যাঙ্ক দেখিয়েছে মালিকের অংশ দিনের পর দিন বাড়ছে এবং তার উপরে বর্তমানে যে বাজার দর দিনের পর দিন বাড়ছে তার ফলে আজকে মজুরদের কি এই দাবী করবার অধিকার হয় নি যে অবিলম্বে আমাদের বেতন বৃদ্ধি কর। এই হিসাব যদি নেওয়া যায় তবে অবিলম্বে শতকরা ৫০ ভাগ বেতন বৃদ্ধি করা উচিত। আমরা সেখানে বলছি যে না, শতকরা ২৫ ভাগ অবিলম্বে কর, বাকীটা গভর্নমেন্ট যে 'ওয়েজ বোর্ড' করবেন বলে বলেছেন তাঁরা দেখবেন আর বাড়তে পারে কি না পারে। কিছুটা দিচ্ছে ভারত গভর্নমেন্ট এবং বাংলা গভর্নমেন্টের শ্রমদপ্তর এবং ডাঃ রায় বলছেন যে ইনক্রেশন হবে।

[At this stage the red light was shown and the member resumed his seat.]

[5-45—5-55 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, as I am not very well, I would like to put in a few words on behalf of the Finance Department on the question that has been placed before us.

Sir, the Resolution is divided into two parts. The first part of the Resolution says "sanction forthwith an additional dearness allowance of rupees twenty-five per head per month for all non-gazetted employees in their employment". Obviously the mover of the motion considers the question of giving additional allowance to non-gazetted employees of Rs. 25 per head per month. I want to tell the House that we have today in the employ of the Government 153,568 employees. This is the report of February, 1956, but I am informed that the total number has now increased by another 6,000 so that roughly the total number of non-gazetted employees under the Government is about 160,000. The salaries that these non-gazetted officers get vary from Rs. 25 to Rs. 1,000. It depends upon the various categories of the non-gazetted officers. If this proposition is accepted it means that giving 25 per head per month increased dearness allowance to the members of the non-gazetted staff will mean a total expenditure per annum of 4.79 crores. A few months ago we gave with the help of the Central Government an increase in the dearness allowance of Rs. 5 per month to all employees of the Government drawing a salary up to Rs. 250. This itself cost us nearly Rs. 16 lakhs for every rupee increase in dearness allowance. I believe the total has now come up to nearly Rs. 90 lakhs a year even by giving Rs. 5 increase in the dearness allowance. In my view this proposition is a bigger one than what we had agreed to consider namely it consists of all non-gazetted officers whatever the salary may be. We restricted the payment of increased dearness allowance only to those who had a salary of less than Rs. 250. It cost us Rs. 90 lakhs. This would mean further that a non-gazetted Government servant who gets Rs. 500 will get an increase of Rs. 25 but a gazetted servant who is getting less than Rs. 500 will not get Rs. 25. That is a sort of discrimination which cannot be supported by any reasonable standard for the purpose of granting dearness allowance. Further, so far as lower income group is concerned, if you take 1939 as the base, the index of total emoluments in the case of the lowest paid Government servant is now 396.6 against the cost of living index of 378 with the same base. Thus the rise of emoluments fully covers the rise in the cost of living index although for those in the higher grade the cost of living index is still higher than the amount of increased emoluments given to them. In the last revision of pay scale the structure of emoluments has been so framed that the coverage systematically increases as we go to higher and higher group till the coverage is at a high point. Government consider this to be a rational structure and the question of a flat rate increase for everybody of the non-gazetted group does not arise.

[5-55—6 p.m.]

Thirdly, we may point out to the members of the House that, in view of the restricted availability of consumer goods, a mere increase in wage rates is economically unsound. The more wages you give, the greater will be the demands of the consumer goods and unless the supply is equally sufficient, inflation is bound to take place. The benefit, therefore, of any money increase being given to this staff is lost in the higher prices, and I have not the slightest doubt whatsoever that it will become a vicious spiral without in any way solving the problem.

The second part of the Resolution is regarding the advice to industrial and commercial employers to increase the total emoluments by 25 per cent. for those persons who draw a basic salary of Rs. 300 or less per month. I am not an expert in trade union matters or any matters affecting the industries in so far as their workers and employers are concerned. On July 28, the Trade Union Committee sent a demand letter against high prices for my consideration and in this demand letter the Committee says—there

has been a phenomenal increase in industrial production augmenting the national income of industrial profit by 50 per cent. While the share of working class, of salaries and wage bills in the industrial production has gone down from 42 to 33 per cent., that of the capitalists has gone up from 50 to 67 per cent. during the period of 1950 to 1954. Thus the working class, says the letter, have been deprived of the legitimate share in the fruits of their labour commensurate with the increase in national wealth and with the increased share of profit. Refixing of wages in all industries in the face of all these is irresistible factor, is a crying need in the interest of national construction and programme. I took some pains to find out how far this statement of the Trade Union Committee was actually justified by figures that I have seen. I sent them a reply in October 25, in which I have challenged the statement that during the last five years there has been a phenomenal increase in industrial production augmenting the national income. The national income in the First Five-Year Plan has only increased to the extent of 18 per cent., not to 50 per cent. and it is expected that by the end of the Second Plan period it will be increased by another 25 per cent. But it is to be remembered that the total increase in national income is not merely due to industrial progress. Both agricultural production and industrial production have contributed to this increase. There are also other factors such as value of services, earnings, etc., which have accounted for this increase. As a matter of fact, in the First Plan period the agricultural production recorded an increase from 94 in 1950-55 to 120 in 1955-56 taking the base as 100 in 1938-39. The industrial production, on the other hand, increased from 100 in 1951 to 128 in 1955-56.

Dr. Ranendra Nath Sen:

এটা রিজার্ভ ব্যাঙ্কএর তথ্য নয়, এটা আপনাদের তথ্য।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have received from our own Directorate of Industrial Statistics, Government of India. I wanted to say taking the base as 100 in 1938-39, the industrial production has increased from 100 in 1951 to 128 in 1955-56. It will be seen that the increase in the national income is made up of an increase in the agricultural production to the extent of 50 per cent., increase in industrial production by 16 to 20 per cent. and receipts from other sources, services, etc., as pointed out above.

The second point that they have mentioned is about the wages of the workers and the production of the industries. The report of the Indian manufacturers published by the Directorate of Industrial Statistics, Ministry of Commerce and Industry, shows that in West Bengal in the year 1950 there were 447,200 workers engaged in 29 industries and there were another 44,145 workers engaged in other places besides the 29 industries. The total number of workers was 491,426. In the year 1953—three years after—the number of workers declined to 407,000 in the 29 industries, and in other places the number was 44. The resultant total was 452,353. It will, therefore, be seen that the employment was less in 1953—about 40,000 in comparison to what it was in 1950 and that hardly comes up to 10 per cent.

As regards wage bills, salaries, wages and other benefits, they amounted to 46 crores 49 lakhs and 719. This came up to 52 crores 21 lakhs 14 thousand in 1953. This shows that though the total number of employees sank to the extent of 10 per cent. the actual receipt in respect of workers in the shape of wages and other emoluments increased. This means the smaller number employees got a larger amount of wages or emoluments. Thirdly the gross ex-factory value of output in these 29 industries was

277 crores 76 lakhs in the year 1950 and the total value came down appreciably in 1953 when it was 257 crores 5 lakhs. Therefore, it will be seen that while the ex-factory value of output has increased during 1953-54, the receipt in wages has increased as such. It is undoubted that the prices of all essential commodities have gone up recently. The level of prices, however, at the moment in spite of rise has not yet reached the figure in 1951.. Wages in all sectors of industry, however, are under constant review either in conciliation or in adjudication proceedings and wherever any rise is justified consistent, of course, with the interests of national economy, such rate is always in force either through bipartite agreement or through adjudication. At present there are two major omnibus tribunals concerning the two of the most important industries in the State, namely cotton textiles and engineering. Both these tribunals are looking into the question of increase in wages and dearness allowance and other things in addition. Advisory Committees under the Minimum Wages Act are appointed from time to time to revise the minimum wages previously fixed in the light of any new circumstances such as increase in the prices of essential commodities.

At present there are fifteen such Advisory Committees in session in respect of plantations, biris, flour mills, motor transport in municipalities, Calcutta Corporation and the hill area of Darjeeling and cigarette manufacture. In pursuance of the recommendation of the Second Five-Year Plan, tripartite machineries for the determination of wages in different industries are being set up by the Government of India in consultation with the State Governments. These machineries, viz., the Wage Boards will consist of representatives of the Government, employers and labour and determine wages after considering the latest facts and figures. This is all that I have to contribute to this particular problem with reference to the proposal to increase the wages of the Government employees as well as wages of the industrial employees.

[6—6-10 p.m.]

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমার সময় মাত্র দশ মিনিট, সুতরাং এই দশ মিনিটের মধ্যেই আমাকে সমস্যার সমাধান করতে হবে। প্রস্তাবে তিনটি জিনিসের উল্লেখ আছে। প্রথমে বলা হয়েছে অতি আবশ্যকীয় দ্রব্যমূল্য অতি দ্রুত বাড়ছে এবং খুব বেড়েছে, তারপর বলা হয়েছে নন-গেজেটেড সরকারী অফিসারদের মাইনে মাসে ২৫ টাকা করে বাড়িয়ে দিতে হবে, সর্বশেষে বলা হয়েছে কমার্সিয়াল বা সওদাগরী অফিস কিম্বা কলকারখানায় যারা কাজ করে তাদের মাইনে কিম্বা মাগ্গী ভাতা শতকরা ২৫ টাকা বাড়াতে হবে। প্রস্তাবটা পড়লে দুটো প্রশ্ন মনে আসে। প্রথম, সরকারী কর্মচারীরা পার্সেন্টেজে না গিয়ে ২৫ টাকা ধরে নিল কেন? এ বিষয়ে আমি একটু ভেবেছি এবং মোটামুটি একটা হিসাব করে দেখেছি। যদি নন-গেজেটেড অফিসার সকলের কথা ধরা যায় তাহলে এই ২৫ টাকা তাদের মাইনের শতকরা ২৫ টাকা হয়ে দাঁড়ায়। কাজে কাজেই নন-গেজেটেড অফিসারদের দাবী এবং সওদাগরী অফিসের কলকারখানার শ্রমিকদের দাবী প্রায় একই—অর্থাৎ শতকরা ২৫ টাকা মাগ্গী ভাতা বৃদ্ধি। এখন প্রশ্ন হল জিনিসের দাম শতকরা ২৫ টাকা বেড়েছে কি না? যদি শতকরা ২৫ টাকা বেড়ে থাকে, তাহলে সরকারী অফিসারদের এবং সওদাগরী অফিসের কর্মচারীদের দাবী ন্যায়সঙ্গত। আমি একটু সংক্ষেপে হিসেব করে দেখেছি যে নিত্য ব্যবহার্য্য জিনিস হিসাবে যেসব আমরা ব্যবহার করি, তাদের দাম গত এক বৎসরে শতকরা কত বেড়েছে। কারণ ১৯৫৬ সালের সেপ্টেম্বর পর্যন্ত অর্থাৎ গত বন্যার আগে পর্যন্ত কয়েক বৎসর দাম অনেকটা স্থিতিশীল স্টেডী ছিল। কিন্তু সেপ্টেম্বর বন্যার পরে দাম দ্রুত বাড়তে আরম্ভ করে এবং তারপরে

এক বৎসর ধরে দাম বাড়ছেই। কেন যে সেপ্টেম্বর বন্যার পরে দ্রুত দাম বাড়তে আরম্ভ করল সে কথা বলবার সময় নেই। সেসব কথা অনেক মিটিংএ অনেকবার বলেছি। গত বৎসরের বন্যার পর থেকে আজ পর্যন্ত দাম কত বেড়েছে তার একটা মোটামুটি হিসেব আমি করে দেখেছি। চালের দাম মোটের উপর মিহি, মাঝারি, মোটা ইত্যাদি সব মিলিয়ে শতকরা ২০ টাকা বেড়েছে, ডালের দাম সব রকম ধরলে যা আমরা খাই তার দাম শতকরা ২৫ টাকা বেড়েছে, সরষের তেলের দাম এই এক বৎসরে শতকরা ৪০ টাকা বৃদ্ধি পেয়েছে; গোল আলুর দাম শতকরা ৩৭।৩৮ ভাগ বেড়েছে; এবং কাপড়ের দাম গড়ে ১৫ টাকা বেড়েছে। এই রকমভাবে অন্যান্য জিনিসের দাম ধরে হিসেব করলে দেখা যাবে সব মিলিয়ে জিনিসের দাম শতকরা ২৫ টাকা বেড়েছে। সুতরাং দাম বেড়েছে ২৫ টাকা এবং দাবীও তাদের ২৫ টাকা। অতএব তাদের দাবী যে খুব ন্যায়সঙ্গত এ সম্বন্ধে কোন প্রশ্ন উঠতে পারে না।

[6-10—6-20 p.m.]

আমাদের দেশের সরকারী কর্মচারী, যারা নন-গেজেটেড, আর কলকারখানায় যাঁরা কাজ করেন, সওদাগরী অফিসে যাঁরা কাজ করেন, তাঁরা সাধারণত অত্যন্ত গরীবের মতো থাকেন। তাঁদের অবস্থা মোটেই ভাল নয়। সকলেই তাঁদের অবস্থার কথা জানেন। আয়ের হার অপেক্ষা যদি তাঁদের খরচের হার বেড়ে যায় শতকরা ২৫ ভাগ, তাহলে তাঁদের অবস্থা খুবই খারাপ হয়ে পড়ে। আমাদের ভাবতে হবে তাদের আয় বেড়েছে কি না! অবশ্য গভর্নমেন্ট কিছু বাড়িয়ে দিয়েছে, কর্পোরেশন কিছু বাড়িয়ে দিয়েছে, কোন কোন কলকারখানাও কিছু বাড়িয়ে দিয়েছে। তবে কোথাও শতকরা ২৫ ভাগ কি ১৫ ভাগ বাড়ে নি। দ্রব্যমূল্য যেভাবে বেড়েছে, তার জন্য সকলেরই কষ্ট হচ্ছে। ডাঃ রায় স্বীকার করেছেন—কলকারখানার মালিকেরা ইচ্ছা করলে কিছু দিতে পারেন। তিনি বলেছেন—নন-গেজেটেড অফিসারদের যদি ২৫ টাকা বাড়িয়ে দিতে হয় তাহলে বছরে ৫।৬ কোটি টাকা খরচ বেড়ে যাবে। আমরা যাঁরা সোস্যালিষ্ট, তারা বলবো—এই ক্যাপিট্যালিষ্ট সোসাইটীতে কোন সমস্যারই সমাধান সম্ভব হবে না। শ্রমিক, কর্মচারী, জনগণ ন্যায়সঙ্গত দাবী করবেই করবে, গভর্নমেন্টও তা দিতে পারবে না। মালিকও তা দিতে পারবে না। একমাত্র প্রতিকার হচ্ছে, এই সমাজ ব্যবস্থার পরিবর্তন—সোস্যালিজমএর প্রতিষ্ঠা। সেকথা এখানে বললে লাভ হবে না। আমি ডাঃ রায়কে জোরের সঙ্গে বলছি—খরচ বৃদ্ধির সঙ্গে সঙ্গে আয় বৃদ্ধির যে প্রশ্ন উঠেছে তার জবাব গভর্নমেন্টকে এক দিন দিতেই হবে। আমরা জানি সরকারী ডিপার্টমেন্টে বহু অপচয় চলে। সরকার ইচ্ছা করলে কথায় কথায় ট্যাক্স না বাড়িয়েও আয় বাড়াতে পারেন। আয় বাড়ানোর অসংখ্য পথ পড়ে রয়েছে, সেইসব পথে আয় বাড়াতে হবে। কিন্তু গরীব কর্মচারীকে না খাইয়ে রেখে কিংবা আধপেটা খাইয়ে কি করে কাজ করাবেন। এক বছরের মধ্যে ব্যয় ২৫ পারসেন্ট বেড়ে গেছে। তারা কোথা থেকে টাকা পাবে? তাই যে কোন প্রকারেই হোক গভর্নমেন্টকে একদিকে আয় বাড়াতে হবে এবং অন্য দিকে ব্যয় কমাতে হবে। যাঁরা শিল্পপতি তাঁদের বেলায়ও সেই কথা। কেন্দ্রীয় শ্রমমন্ত্রী হিসেবে শ্রীজগজীবন রাম বলেছিলেন—যে কারবারে শ্রমিকদের পেটভরে খাইয়ে রাখতে পারে না, সেই কারবার রাখবার প্রয়োজন কি? যদি কোন মালিক তা না করতে পারে তাহলে গভর্নমেন্টকে সে কারবার নিজের হাতে নিতে হবে। এই হচ্ছে একমাত্র প্রতিকার—ন্যাশনালিজেশন। আমাদের আজকের এই প্রস্তাব ন্যায়সঙ্গত, দাবীও ন্যায়সঙ্গত। গভর্নমেন্টের উচিত নিজে এই দাবী পূরণ করে বে-সরকারী প্রতিষ্ঠানের মালিকদেরও এই ন্যায়সঙ্গত দাবী পূরণ করতে বাধ্য করা।

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহোদয়, যে প্রস্তাব শ্রীনারায়ণ চোবে এবং ডাঃ রণেন সেন মুভ করেছেন আমি তার সমর্থনে বলছি। প্রথম প্রশ্ন উঠতে পারে, আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ রায় যেভাবে আমাদের যা কিছু তথ্য সবটাকে 'ঝুটা হ্যায়' বলে চলে গেলেন, তাতে বোধ হয় এতে সরকারের আর কোন দায়িত্ব নাই। যখন জিনিসপত্রের দর বাড়ছে, তখন সরকারের কি করণীয় আছে? শ্রমিক এবং কর্মচারীর মাইনে বাড়ান। দায়িত্ব এই জন্য আছে যে আমরা বিভিন্ন সম্মেলনে যে প্রস্তাব গ্রহণ করেছিলাম তার মধ্য দিয়ে সরকারকে জানিয়েছিলাম—আজকে দুর্দিন

উপস্থিত হয়েছে, জিনিসপত্রের দর বাড়বার জন্য। তার প্রধান দায়িত্ব অতি অবশ্যই সরকারের উপরে পড়ে। কারণ সরকার যে নীতি নিয়ে চলেছেন তার ফলে জিনিসপত্রের দর বেড়েছে—

"Injudicious imposition of taxes and failure to combat malpractices such as hoarding, black-marketing and speculation. These have aggravated the situation."

সেটা বন্ধ করতে পারছেন না। সুতরাং সরকারের উপর সেদিক থেকে দায়িত্ব এসে পড়েছে এই জিনিসপত্রের দর বাড়বার ফলে। শ্রমিকরা কর্মচারীরা যে দাবী জানিয়েছে সেই দাবী পূরণ করবার চেষ্টা করাও সরকারের কর্তব্য। এই যে জিনিসপত্রের দর বেড়েছে এটা এ্যাকসিডেন্টাল ফেনোমেনন নয়, এটা ডেলিবারেট পলিসী অব দি গভর্নমেন্ট। তার জন্য এই জিনিসপত্রের দর বাড়ছে।

সুতরাং আমরা দাবী করেছিলাম—জিনিসপত্রের দর কমানো হোক। যদি জিনিসপত্রের দর সরকার না কমাতে পারেন তাহলে আমরা দাবী করছি—জিনিসপত্রের যে অনুপাতে দর বেড়েছে সেই অনুপাতে শতকরা ২৫ ভাগ আমাদের শ্রমিক কর্মচারীর মাইনে বাড়িয়ে দেওয়া হোক। এখন প্রশ্ন উঠছে জিনিসপত্রের দর কতখানি বেড়েছে? আমি কেবলমাত্র আপনার কাছে মিডিলক্লাস কণ্ট অব লিভিং ইনডেক্স, আগষ্ট ১৯৩৯, একশো হিসেবে ধরে, যেটা আমি সেপ্টেম্বর মাস পর্যন্ত জোগাড় করেছি, তা থেকে আমি পড়ে শোনাচ্ছি—

Food—	
September, 1956	... 484
September, 1957	... 506
Fuel and lighting—	
September, 1956	... 268
September, 1957	.. 281
Clothing—	
September, 1956	... 534
September, 1957	... 550
Miscellaneous—	
September, 1956	283
September, 1957	.. 284
Combined index—	
September, 1956	... 422
September, 1957	... 436

তারপর 'ওয়ার্কিং ক্লাশ কণ্ট অব লিভিং ইনডেক্স'—

1956 September	... 136
1957 September	... 146

১৯৪৪কে একশো হিসেবে ধরে, এখন যখন জিনিসপত্রের দর বেড়েছে; তখন মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের আমলে, কংগ্রেসের আমলে সরকারী কর্মচারীরা কি পায়—সেটা দেখা যাক। ক্লাস ফোর ষ্টাফ ১৯৫৬-৫৭ সালে মিনিমাম পে-স্কেল—বেসিক পে ২০ টাকা থেকে বছরে চার আনা করে বাড়ে। কিন্তু সেটা বছর বছর না বেড়ে চার বছর পরে এক সঙ্গে বাড়ে এক টাকা। আর ডিয়ারনেস এলাউয়েন্স আগে ২৫ টাকা ছিল, সেটা খুব আন্দোলনের ফলে দু টাকা বেড়েছে, ভিক্ষা হিসেবে মুখ্যমন্ত্রী মহাশয় সেটা দিয়েছিলেন। তাঁরা যখন সেটা অস্বীকার করেন তখন চাপে পড়ে সেটাকে ৫ টাকা করেছেন। যদি ফুল ফ্যামিলী থাকে তাহলে সবশুদ্ধ এই ক্লাস ফোর এমপ্লাইজরা পায় ৬৩ টাকা, যদি কলিকাতায় থাকে। আর যারা হাওড়ায় থাকে তাদের

মাইনে কমে গিয়ে দাঁড়ায় ৫৮৷৷ টাকা। ক্লারিক্যাল স্টাফএর ৫৫ টাকা মাইনে সবশুদ্ধ। কলিকাতায় থাকলে ১১৬ টাকা পায়। আর হাওড়ায় থাকলে ১৬ টাকা কমে গিয়ে একশো টাকা পায়। এই হচ্ছে সরকারী কর্মচারীদের অবস্থা। আমাদের মুখ্যমন্ত্রী অনেক মিনিমাম ওয়েজ কমিটির কথা বলে গেলেন, এ্যাডভাইসরী বোর্ডের কথা বলে গেলেন। তাঁর কাছে একটা চিঠি পাঠিয়েছিলাম, তিনি সেটা শ্রম মন্ত্রীর কাছে পাঠিয়েছেন। এ সম্পর্কে আমি শ্রম মন্ত্রীর সঙ্গে দেখা করলে তিনি বললেন—আমি কি করবো? ওটা ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্টএর মধ্যে পড়ে না। সুতরাং এই দাবী নিয়ে আমাদের করণীয় কিছু নাই। তাই মিনিমাম ওয়েজএর কথা বলেছি।

আমার কয়েকটি শিল্পের কথা জানা আছে। ইঞ্জিনীয়ারিং-এ মিনিমাম ওয়েজ ৬৩ টাকা, জুটএ ৬৭·১, কটন ইন্ডাষ্ট্রিতে ৫০·১৫, প্রিন্টিং ইন্ডাষ্ট্রিতে মিনিমাম ওয়েজ হচ্ছে ৫২ টাকা মাগ্গী ভাতা শুদ্ধ। ফ্লাওয়ার মিলএ ৫০ টাকা, অয়েল মিলএ ৫০ টাকা। প্ল্যানটেশনএর কথা জোর গলায় বলে গেলেন মুখ্যমন্ত্রী মহাশয়। সেখানে মেল এডাল্ট শ্রমিক দৈনিক পায় ১৷৷৶১০ আনা মাত্র। এই হচ্ছে অবস্থা। এ ছাড়া কেন্দ্রীয় সরকার যেভাবে ট্যাক্স বাড়িয়েছেন, ইনকাম-ট্যাক্সএর সীমা চার হাজার দুশো টাকা থেকে কমিয়ে তিন হাজার টাকায় নামিয়েছেন। একজন কেরানী যে ডিয়ারনেস এ্যালউয়েন্স সহ আড়াই শো টাকা পাবে, তাকে বছরে ১৮ টাকা করে ইনকাম-ট্যাক্স দিতে হবে।

[6-20—6-30 p.m.]

এখন জিনিসপত্রের দর যেভাবে বেড়েছে, তাতে সেই হারে মাইনে বাড়াবার কথা বললে একটা চলতি জবাব সরকার পক্ষ থেকে দেওয়া হয়ে থাকে যে এতে ইনফ্লেশন দেখা দেবে। সেই ইনফ্লেশন সম্পর্কে মাননীয় স্পীকার মহোদয়, আপনাকে আগেই জানিয়েছি,

একথা আমরা মুখ্যমন্ত্রী মহাশয়কেও জানিয়েছি যে ক্যাপিটালিষ্টদের লাভ শতকরা ৫৮ টাকা থেকে ৬৭ টাকাতে পৌঁছেছে, এবং যেখানে শ্রমিকদের মজুরি ৫ বৎসরে শতকরা ৪২ টাকা থেকে শতকরা ৩৩ টাকায় এসে পৌঁছেছে, সেখানে আজকে মালিকের মুনাফার একটা অংশ যদি আমরা মজুরি হিসাবে দাবী করি, তাহলে তাতে ইনফ্লেশন কেন হবে। এর বিরুদ্ধে আমাদের একটা যুক্তি হচ্ছে এই যে, ইনফ্লেশন হবার কোন সম্ভাবনা নেই। কারণ স্পীকার মহোদয়, আপনি জানেন যে আমাদের কতকগুলি শ্রমিক ও কর্মচারীদের 'পেন্ট আপ' ডিম্যান্ড আছে—অপূর্ণ চাহিদা আমাদের আছে- তাতে দুই বৎসর আগে আমাদের যে মাইনে ছিল তা দিয়ে আমরা যে জিনিসপত্র কিনতে পারতাম, তা এখন সম্ভব নয়। অতএব জিনিসপত্রের দর বাড়ার ফলে আমাদের রিয়েল ওয়েজ কমে গেছে। সেজন্য আজ যদি আমার অপূর্ণ চাহিদা পূরণ করা হয়, বা যদি আমার 'পেন্ট আপ' ডিম্যান্ড মিট করা হয়, বা আমার যদি কিছু মাইনে বাড়িয়ে দেওয়া হয় তাহলে সেই মাইনে দিয়ে আমার নিত্য প্রয়োজনীয় যে দ্রব্য কিনতে পারি, সুতরাং এই কেনার জন্য ইনফ্লেশন দেখা দিতে পারে না। আমি আপনাকে একটা উদাহরণ দি। ধরুন কোন রুগ্ন ব্যক্তিকে যদি আমি ভাল খাবার খেতে দি, তাহলে সেই ভাল খাদ্য তার স্বাস্থ্যকে পুনরুদ্ধার করাতে চেষ্টা করবে, কিন্তু আমাদের ঐ মন্ত্রীদের মতন সুস্থ সবল যারা আছেন, তাদের যদি বেশী করে সুখাদ্য খেতে দেওয়া হয় তাহলে তাতে তাদের মেদ বৃদ্ধি পাবে। এইরকমকেই আমরা ইনফ্লেশন বলি। সুতরাং আজ যে আমার সম্পূর্ণ চাহিদা তার জন্য যখন দাবী করা হচ্ছে—জিনিসপত্রের দর বেড়েছে যে অনুপাতে তার পরিপূরক হিসাবে যখন আমরা দাবী করি —শ্রমিক কর্মচারী সরকারের অধীনে যারা চাকরি করে তাদের পক্ষ থেকে—সেই যুক্তি সম্পূর্ণ ন্যায়সঙ্গত। আমাদের মুখ্যমন্ত্রী বলে গেলেন যে সরকারী কর্মচারীদের যদি ২৫ টাকা করে মাইনে বাড়াতে হয় তাহলে বহু টাকার খরচ হয়। কিন্তু মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি—যখন তাহার প্রিয় ফাইনান্স সেক্রেটারী অতিরিক্ত টাকা ড্র করে ছিলেন এবং সেটা আমি গত বাজেটে সেসনএ বলেছিলাম যে অসঙ্গত, অন্যায়ভাবে তিনি সেই টাকা ড্র করেছিলেন এবং একাউন্ট্যান্ট-জেনারেল বলেছিলেন যে টাকা ফেরত দেওয়া হোক। অথচ সেটাকে কনডোন করা হয়েছিল। এই রকমভাবে চোরা সুড়ঙ্গ পথে টাকা চলে যাচ্ছে। অথচ সরকারের অধীনে

যেসমস্ত মধ্যবিত্ত দরিদ্র কর্মচারীরা কাজ করে, তারা যখন বর্তমান অগ্নিমূল্যের জন্য শতকরা ২৫ টাকা দাবী করে, তখন সেই টাকা দেবার যদি সদিচ্ছা আছে, তাহলে সেই টাকা তারা কি জোগাড় করতে পারেন না? সঙ্গে সঙ্গে তাদের দায়িত্ব আছে—পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে গালভরা প্রতিশ্রুতি তারা আমাদের দিচ্ছেন—তাকে যদি আজ সফল করতে হয়, আজকে কর্মচারীদের যদি সহযোগিতা পেতে হয় এবং দেশকে যদি গড়ে তুলতে হয়, তাহলে উপবাসী অবস্থায় কোন কর্মচারী উৎপাদন বাড়াতে পারে না। আমাদের এই পশ্চিমবঙ্গে শ্রমিক কর্মচারীরা গত কয়েক বৎসরে যে উৎপাদন বাড়িয়েছে, যদি তারা উপবাসী থাকে, তাহলে উৎপাদন বাড়ানোর যে উৎসাহ, সে উৎসাহ তারা পেতে পারে না এবং তাতে দেশের অগ্রগতি ব্যাহত হবে। তাই আজকে যে প্রস্তাব এখানে এসেছে সেই প্রস্তাব সমর্থন করে মুখ্যমন্ত্রীর কাছে আমি অনুরোধ জানাই তারা যদি সৎ কর্মচারী গড়ে তুলতে চান, এবং লয়াল কর্মচারী হিসাবে যদি তাদের কাজ করতে দিতে চান তাদের মাইনে বাড়ান এবং অন্য শ্রমিক কর্মচারীরা যারা প্রাইভেট সেকটরএ রয়েছে—আজকে সেই সমস্ত মালিকদের উপরও চাপ দিয়ে তাদের শতকরা ২৫ ভাগ মাইনে বাড়ান দাবী যাতে স্বীকার করে নেন, তার জন্য যেন তারা চেষ্টা করেন।

Sj. Narayan Chobey:

মাননীয় স্পীকার মহাশয়, ডাক্তার রনেন সেন যে এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন আমি তাকে সমর্থন করছি। মাননীয় স্পীকার মহাশয়, আমরা খুব মনোযোগ সহকারে মুখ্যমন্ত্রী ডাক্তার রায়ের বক্তৃতা শুনলাম। তিনি আমাদের যে দাবী সেই দাবীর যৌক্তিকতা স্বীকার করেও তিনি কয়েকটি প্রশ্ন তুলেছেন যার সম্বন্ধে আমাদের কিছু বলা দরকার। প্রথমেই তিনি আমাদের এখানে যেরকম ইংরাজরাযেমনি চেষ্টা করতো তেমন চেষ্টা করে বলেছেন। একদিকে গেজেটেড স্টাফ আর একদিকে নন-গেজেটেড স্টাফ করে তিনি বলেছেন এদের সম্বন্ধে বৈষম্যমূলক নীতি তিনি নিতেই পারেন না, অতএব যারা গেজেটেড স্টাফ আছে তাদের বাদ দিয়ে অন্য লোকেব মাইনে তিনি বাড়িয়ে দিতে পারবেন না এই রকম একটা কথা তিনি বলেছেন। দ্বিতীয় কথা হচ্ছে, তিনি একটি যুক্তি আমাদের দেখিয়েছেন—যদি মাইনে বাড়াও তাহলে সঙ্গে সঙ্গে ইনফ্লেশন হবে। অতএব মাইনে বাড়ানোর কথা তোমরা বল না, পেটে গামছা বেঁধে তোমরা কাজ করে যাও, প্রডাকশন বাড়ুক, না বাড়ুক তোমরা এ সম্বন্ধে কোন চেষ্টা করো না। একটা কথা এখানে বলতে চাই যে ডাক্তার রায় যে সমস্ত তথ্য দিয়েছেন সেসমস্ত তথ্যের সঙ্গে আমরা যে তথ্য দিলাম তার অনেক অংশেই মিল নেই। ডাক্তার রায়ের নিজস্ব ডিপার্টমেন্ট আছে এবং তিনি যেমন ষ্টেটমেন্ট চান তাঁকে সেই রকমই তাঁর ডিপার্টমেন্ট করে পাঠান। রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া বা অন্যান্য যেসমস্ত ষ্ট্যাটিসটিক্যাল ডিপার্টমেন্ট আছে যাকে আমরা অনেকটা অথেন্টিক বলে মনে করি তার সঙ্গে এর কোন মিল নেই, অতএব আমরা মনে করি তিনি যে বক্তৃতা দিয়েছেন তার জবাব এইসব তথ্য থেকে তিনি পেয়ে যাবেন। তবু একটা কথা উল্লেখ করতে চাই যে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার রিপোর্টএ বলছে ১৯৫৫ সাল থেকে ইনফ্লেশন দেখা দিয়েছে; ইনফ্লেশন যে হবে সে সম্বন্ধে তখন থেকেই সন্দেহ প্রকাশ করা হয়েছে কিন্তু সেই সময়ে কোন ক্রমেই মাইনে বাড়ান হয় নি, সরকারী কর্মচারীদের মাইনে বাড়াবার কোন কথাও উঠে নি, তবুও তখন থেকেই আমরা দেখেছি ইনফ্লেশন দেখা দিয়েছে। ইনফ্লেশন সম্বন্ধে ডাক্তার রায় বলে গেলেন, কিন্তু তিনি বললেন না যে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ যে তারা ফাইন্যান্সিং করছেন তাতে তাঁরা যে ডেফিসিট ফাইন্যান্সিং করছেন, ফার্ষ্ট ফাইভ-ইয়ার প্ল্যানএ ডেফিসিট ফাইন্যান্সিং করেছেন ৪০০ কোটির বেশী এবং সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর প্রথম বৎসরেই ২৪০ ক্রোড়স অলরেডী ডেফিসিট ফাইন্যান্সিং করেছেন এবং ১,২০০ কোটি পুরো প্ল্যান পিরিয়ডএ ডেফিসিট ফাইন্যান্সিং আরো করবেন। তার ফলে যে ইনফ্লেশন দেখা দিচ্ছে সে কথা তিনি একেবারে চেপে গেলেন, সে সম্বন্ধে তিনি কিছুই বললেন না। এবং আর একটা কথা এই প্রসঙ্গে বলতে চাই তা হচ্ছে, শ্রমিক [illegible] মাইনে বাড়ানোর কথা যে আমরা বলছি সেটা শুধু কেবল আমাদের বক্তব্য নয়, সুখের কথা হচ্ছে গত নির্বাচনে আই-এন-টি-ইউ-সির যারা মাতব্বর আছে, বন্ধু আছেন, তারা হারবার পরে একটা আত্মানুসন্ধান করেছিলেন, এটা খুব সম্ভব এপ্রিল কি মে মাসে। তাতে তাঁরা স্বীকার করেন এই পশ্চিমবঙ্গে

লোয়েস্ট লেভেল অব ওয়েজ ইন ইন্ডিয়া এবং এখানকার গভর্নমেন্ট এবং অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের পক্ষে গভর্নমেন্টএর বিরোধী নীতি থাকার ফলে আই-এন-টি-ইউ-সির বিপর্যয় হয়েছে। এখন আমরা জানি যে ২৫ পারসেন্ট মাগ্গী ভাতা বাড়ান শুধু এ-আই-টি-ইউ-সির দাবী নয়, এ দাবী আই-এন--টি-ইউ-সিও করেছেন এবং আই-এন-টি-ইউ-সির এই দাবীকে আমরা সমর্থন জানাই। এই জন্য আমরা দেখেছি যে সুরাটে যে আই-এন-টি-ইউ-সির কনফারেন্স হয়েছিল, তারা সেটা সেখানে উত্থাপন করেছিল। অবশ্য দুঃখের কথা হচ্ছে এই যে তাঁরা ইলেকশনএর আগে এক কথা বলেন আর ইলেকশনএর পর পাওয়ারএ এলে সে কথা ভুলে যান। তবুও আমরা আশা করি আই-এন-টি-ইউ-সির লোক যাঁরা ঐ পক্ষে আছেন তাঁরা নিশ্চয় এই ২৫ পারসেন্ট ইনক্রিসটাকে সমর্থন করবেন।

[6-30—6-40 p.m.]

আমরা যখন এই কথা বলছি তখন শুধু শ্রমিক কর্মচারীর কথা বলছি না। আপনারা জানেন যে আমাদের সামনে, জাতির সামনে একটা সংকট দেখা দিয়েছে। সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানে ক্রাইসিস দেখা দিয়েছে; এই ক্রাইসিস দেখা দিয়েছে ফরেন একসচেঞ্জে। ক্রাইসিস দেখা দিয়েছে ইনট্যার্নাল রিসোর্সেতে; কিন্তু এর চেয়ে বড় ক্রাইসিস দেখা দিয়েছে—ক্রাইসিস ইন দি হিউম্যান সেকটর। যখন সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান গৃহীত হয়, তখন সাধারণের মধ্যে উৎসাহের সঞ্চার হয়, তখন সাধারণ লোক আশা করেছিল যে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান হলে পর জাতির জীবনের মান বাড়বে, সে খেতে পরতে পাবে। যদিও দিনের পর দিন দেখা যাচ্ছে প্রডাকশন বাড়ছে, প্রফিট বাড়ছে, সব হচ্ছে কিন্তু শ্রমিক কর্মচারীর মাহিনা সম্বন্ধে কেউ কিছু বলতে গেলে ও'রা বলছেন ইনফ্লেশন হবে। এখানে আমি যে কথা বলছি তা হচ্ছে যে যদি না আমরা সাধারণ মানুষকে উৎসাহিত করতে পারি, তবে যে শ্রমিক কর্মচারীরা উৎপাদন বাড়ায় তারা মনে করবে আমাদের এই প্ল্যানে উৎপাদন বাড়িয়ে কি হবে, এবং তাহলে এই প্ল্যান বাঁচতে পারবে না। সেজন্য ইভন ফর দি সেক অব দি সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান এ প্রস্তাব কেবল শ্রমিক কর্মচারীর প্রস্তাব নয়। এটা জাতির কল্যাণের প্রস্তাব, কাজেই এই প্রস্তাব গ্রহণ করা উচিত।

এখানে আমি বলতে চাই যে ও'রা প্রায়ই বলেন যে টাকা নাই। টাকা নাই বলেন বটে কিন্তু ১৯৫৪ সালে প্রডাকশন যে বেড়েছে তা স্বীকার করেন। এ সম্বন্ধে আই-এন-টি-ইউ-সি থেকে একটা সার্ভে হয়েছিল, এবং সেটা এ-আই-টি-ইউ-সি করে নি, তাতে বলেছিলেন লেবারের প্রডাকশন ৪০ পারসেন্ট বেড়ে গেছে এবং ৭৫৫টা কোম্পানির হিসাবে দেখিয়ে দিয়েছেন ২০৫ কোটি টাকা। ওয়েস্ট বেঙ্গল সম্বন্ধে রিজার্ভ ব্যাঙ্ক বলছেন ১১৯টা বড় কোম্পানি ২২ কোটি টাকা নেট মুনাফা করেছে। অতএব টাকা নাই বলাটা অন্যায়। এই টাকা ওখান থেকেই পাওয়া যাবে। এমন কি রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর আয়েঙ্গার বিদেশে যে বক্তৃতা দিয়েছিলেন তাতে তিনি বলেছিলেন যে প্রাইভেট সেকটরে ১৯৫৬-৫৭ সালে ১৪১ কোটি টাকা ইনভেস্ট হয়েছে। অ্যান্ড দিশ রেট ইজ ইনক্রিজিং। তবু ও'রা বলেন টাকা পয়সা পাওয়া যায় না। এই মনোভাব প্রাইভেট সেকটারেই দেখতে পাচ্ছি। সুতরাং এক্ষেত্রে শ্রমিক কর্মচারীর মাহিনা বাড়ানর টাকা নাই, একথা বলার কোন যুক্তিই নাই। মূল কথা গভর্নমেন্টের নীতি কোন দিকে যাবে। বিধানবাবু গতবার সরকারী কর্মচারীদের সম্বন্ধে বলেছিলেন, যদি সেন্টার থেকে দেড় কোটি টাকা এলট করে তাহলে তিনি এদের সম্বন্ধে বিবেচনা করবেন। আমরা দেখছি ফাইন্যান্স কমিশনের রিপোর্টে পশ্চিমবঙ্গকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছে। সেইজন্য বলতে চাই আপনারা শ্রমিক কর্মচারীদের টাকা নাই বলে যে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাচ্ছেন, তা না করে আপনারা শ্রমিক কর্মচারীদের সঙ্গে মিলে চাপ দিয়ে ফাইন্যান্স কমিশন যেটুকু দিয়েছে তাকে বাড়াবার জন্য কেন চেষ্টা করবেন না? এডমিনিস্ট্রেশনে যে করাপশান রয়েছে কত বেশী এটা ত তাঁরা জানেন। ১১০ কোটি টাকা খরচ হয়েছে পশ্চিমবঙ্গে রিফিউজীদের জন্য। এর বড় অংশ ঘুষ এবং অন্যান্য বাবত চলে গিয়েছে, তা সবাই জানে। সেই করাপশন কেন বন্ধ হবে না? আমরা এই যদি করতে পারি তাহলে তা থেকেই টাকা পয়সা বার করা যায় তাতে সন্দেহ নাই। যেসব সরকারী কর্মচারী আছে ইফ ইউ সিক দেয়ার কো-অপারেশন তাহলে আমাদের এডমিনিস্ট্রেশনে

যে খরচ হয় তা ২৫ পারসেন্ট ভাগ কমান যেতে পারে। যে কর্মচারীর হাত দিয়ে পুকুর চুরি হয়, তারা যদি গভর্নমেন্টের পক্ষে ঠিক থাকে,

if you seek that co-operation they can check corruption.

এক্ষেত্রে আর একটা বক্তব্য হচ্ছে যে আমরা বলেছি আমাদের প্রস্তাবের দাবী টেম্পোরারী মেজার হিসেবে আপনারা গ্রহণ করুন। যদি ওদের এইটুকু দিয়ে উৎসাহিত করতে পারেন তাহলে দেখবেন প্রডাকশন বাড়বে এবং জাতির আরও উন্নতি হবে। এক্ষেত্রে আরেকটি কথা বলতে চাই। দেখতে পাবেন ওয়েজএর জন্য যে ফার্স্ট পে কমিশন বসে তারপর পশ্চিমবঙ্গ সরকার যেভাবে কর্মচারীদের মাহিনা বাড়িয়েছিল তার বেসিস ছিল না। এটা ছিল সম্পূর্ণ ইচ্ছামূলক হ্যাভিং নো সায়েন্টিফিক বেসিস। গভর্নমেন্ট অব ইন্ডিয়া ফার্স্ট পে কমিশন করেছিলেন—যাই হোক কিছু ভিত্তি নিয়ে আলোচনা করেছিলেন। সেই দিক থেকেই শ্রমিক কর্মচারীদের কিছু মাইনে বাড়িয়েছিলেন। বহু আন্দোলন ও স্ট্রাইক মেটার পর সেকেন্ড পে কমিশন গভর্নমেন্ট অব ইন্ডিয়া বসালেন। হয়ত কিছু এতেও হবে। কিন্তু কেরলা গভর্নমেন্ট ছোট্ট একটি গভর্নমেন্ট সে সেখানে ওয়েজ কমিশন বসিয়েছে। অবশ্য তার জন্য ব্যাপক ধর্মঘটের ধমক সেখানে দিতে হয় নি। আপনারাও এখানে সেই ওয়েজ কমিশন বসিয়ে পশ্চিমবঙ্গের কর্মচারীদের জন্য কিছু করতে পারেন কি না দেখুন।

And it is for the employees as well as for the Second Five-Year Plan.

Dr. Maitreyee Bose:

মাননীয় স্পীকার মহাশয়, এই প্রস্তাব সম্বন্ধে আমার বক্তৃতা দেবার কিছুই ইচ্ছা ছিল না। কিন্তু কয়েকটা কথা এখানে হয়েছে যার জন্য আমি মনে করছি যে আমার পক্ষে চুপ করে থাকা অন্যায় হবে। প্রথম কথা হচ্ছে, এখানে বলা হয়েছে যে কয়লা খনি এবং চা-বাগানে ধর্মঘট করার পরে মাহিনা বেড়েছে কিংবা কোন কোন রকম সুযোগ সুবিধা হয়েছে। যাঁরা একথা মনে করেন তাঁদের বলব যে কয়লা খনির জন্য যে ট্রাইবিউনাল বসেছিল তার জন্যই মাইনে বেড়েছে; ট্রাইবিউন্যালের রায় বেরোবার পরে ধর্মঘট হয়েছিল তার আগে হয় নি। কাজেই ট্রাইবিউন্যালের যখন রায় বেরিয়েছিল তখন বেড়েছিল, ধর্মঘটের জন্য বেড়েছিল একথা বলা ঠিক হবে না। ধর্মঘট হওয়ার আগেই যেটা বেড়েছিল। কোন কোন বক্তা বা কোন কোন লীডার নিজেদের সুবিধার জন্য ধর্মঘট করিয়েছিলেন, কিন্তু তার ফল হয়েছে যে সাধারণ শ্রমিকেরা অনেক অংশে বঞ্চিত হয়েছে এবং ক্ষতিগ্রস্ত হয়েছে। চা-বাগানের বোনাস কমিটি বসবে ঠিক হল ২৯শে তারিখে ডিসেম্বরের, যখন বোনাস কমিটি বসতে গেল তখন ৩০শে তারিখে ধর্মঘট করা হল (বিরোধী পক্ষ থেকে: এটা ঠিক নয়, ঠিক নয়।

Mr. Speaker: An important reolution is being delbated and I want no interruption at all from any quarter.

Dr. Maitreyee Bose:

কাজেই এই দুটো কথা যে বলা হয়েছে আমি মনে করি এ দুটো কথা বলা ঠিক হয় নি। লোকের যে দুঃখকষ্ট আছে, লোক যে আজকে খেতে পাচ্ছে না, জিনিসের দাম বেড়েছে কিংবা বাড়ছে, একথায় কারও সন্দেহ নেই, কিন্তু যদি বলা হয় কলমটি গোল নয় চৌকোনা, তাতে হবে না। কারণ বাজারে গেলে দেখব জিনিসের দাম বেড়ে গেছে। কাজেই বটগাছকে ঘাস বললে চলবে না, বটগাছই বলতে হবে। আজকে যদি আমরা বলি অমুকের অমুকের ২৫ পার্সেন্ট বাড়ান হউক আর অমুকের অমুকের ২০-২৫ পারসেন্ট বাড়ান হউক একথা বলা চলে, এবং তা অত্যন্ত হৃদয়গ্রাহী কথা। নোট ছাপিয়ে অনেক ছেড়ে দেওয়া যায় এবং লোকের মাহিনা হাজার টাকা বাড়ান যায়। কিন্তু আমরা জানি মাহিনা বেড়ে গেলে সত্য সত্যই অনেক উন্নতি হয় এ বিষয়ে সন্দেহ নেই, কিন্তু আজকে যদি এইভাবে বাড়ান হয়, তাহলে সকলের সুবিধা হবে কি না অর্থনৈতিক দিক থেকে সেইটাই বিবেচনা করার বিষয়। রিজার্ভ ব্যাঙ্ক কি

বলছেন বা অন্য কে কি বলছেন, তার কথা বলছি না কিন্তু তা বিচার করবার আগে আমাদের বিবেচনা করা উচিত যে আমরা চোখের সামনে দেখতে পাই যখন মাহিনা বাড়ে তখন দামও বাড়ে। সেটা উচিত কি অনুচিত, এটা পুঁজিপতিরা করছে কি আড়তদার, মজুতদারেরা করছে, তা ঠিক বলতে না পারলেও এটা যে হচ্ছে তা ত দেখতে পাচ্ছি। যখন কোরিয়ায় যুদ্ধ বাধল তখন কলিকাতায় তেজপাতার দাম বেড়ে গেল। এই রকম যে হয় তা ত আমরা নিত্যই দেখি, যদিও এ রকম হওয়া অন্যায়। যে দিন কোরিয়ার যুদ্ধের খবর এল সেই দিন সন্ধ্যাবেলা দেখা গেল তেজপাতা এলাচ প্রভৃতি যা কিছু সবগুলোরই দাম বেড়ে গেছে। এই যে জিনিস এর বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে। সুতরাং আজ যদি এই ২৫ পার সেন্ট বাড়িয়ে দেওয়া হয় তাতে যে খুব সুবিধা হবে তা মনে হয় না। সুরাট সেসনে আমাদের যে ডিম্যান্ড সেই কথা বলা হয়েছে। বলা হয়েছে, আই এন টি ইউ সির লোকেরা যখন হেরে গিয়েছে, তখন তাড়াতাড়ি গিয়ে এই রেজলিউশন পাশ কোরে দিলে যাতে পরের বার জিততে পারে। আবার বলা হয়েছে, ইলেকশনএর আগে এক রকম বলে, আবার ইলেকশনের পরে আর এক রকম বলে। যখন আমরা পে কমিশন চাইলাম, তখন গভর্নমেন্ট সে কথা শুনলেন না। সেজন্য আমরা আই এন টি ইউ সির তরফ থেকে অনেক প্রতিবাদ করেছি। আমরা বলেছি আমরা যখন শান্তিপূর্ণভাবে চেয়েছিলাম তখন সরকার দেন নি, যখন পোষ্ট অ্যান্ড টেলিগ্রাফের লোকেরা ষ্ট্রাইকের ধর্মক দিলে তখন পে কমিশন বেরিয়ে এল। কাজেই আমার ভয় পাবার কিছু নেই। একটা কিছু শুনলে ডেস্কের তলায় ঢুকে যাবো তা নয়। আমাদের কথা হচ্ছে, ফিফ্‌টিন্থ ইন্ডিয়ান লেবার কনফারেন্সএ যে দাবীগুলি করা হয়েছে তার মধ্যে এই রাখা হয়েছে যে মিনিমাম ওয়েজ ইজ দি নিড বেস। এই নিড বেস এমনভাবে ক্যালকুলেশন হবে যাতে একটা আডল্ট মেলএর রোজগার থ্রি কনজামশন ইউনিট হতে পারে এ্যাকর্ডিং টু ডাঃ এ্যাকরয়েডস ফর্মুলা। এবং এটা ইউন্যানিমাস রিজলিউশন পাশ হয়েছে, আই এন টি ইউ সি যে প্রস্তাব করেছিলেন তাতে এ আই টি ইউ সির ডাঙ্গের মত বড় নেতা উপস্থিত ছিলেন। তিনিও একথা বলেন নি যে আজকেই ২৫ টাকা বা ২৫ পারসেন্ট বাড়িয়ে দেওয়া হোক। যে ইউন্যানিমাস রিজলিউশন নেওয়া হয়েছে ফিফ্‌টিন্থ লেবার কনফারেন্সএ, সেখানে গভর্নমেন্ট ছিলেন, মালিক পক্ষ ছিলেন, শ্রমিক পক্ষ ছিলেন, শ্রমিকদের প্রতিনিধি সবাই ছিলেন। এই নয় যে শুধুমাত্র আই এন টি ইউ সি ছিল, এ আই টি ইউ সির ডাঙ্গের মত একজন লীডার ছিলেন, হিন্দ মজদুর সভাও ছিল, ইউ টি ইউ সির বিশ্বনাথ দুবের মত বিরাট নেতা সেখানে ছিলেন। তাতে সকলে সেখানে একমত হয়ে এই ৩ কনজামশান ইউনিটএর উপর রাজী হয়েছিলেন। তারা বলেন নি এখনই ২৫ পারসেন্ট বাড়িয়ে দেওয়া হোক। আমি আমাদের যে নেতা এস, আর, ভাসাওরিকে বল্লাম—এই সকলে কথায় কথায় মাইনে বাড়াও বলেন তাতে যে জিনিসের দামই অনবরত বেড়ে চলেছে তা নয়, তাতে শুধু যে শ্রমিকরাই সাফার করছে তা নয়, যাদের ২৫ পারসেন্ট বাড়ে নি, তারাও তো সাফার করছে? আর আমরা যদি মাইনে ২৫ পারসেন্ট বাড়াই যাদের কেউ নেই তাদের কি হবে? তাতে ভাসাওরি আমায় বল্লেন এমন কথা বলবেন না, নিজেদের অর্গানাইজেসনএর মধ্যে বলুন কিন্তু পাবলিকলী একথা বলা যায় না। তবে আমি মনে করি এসব দাবী গভর্নমেন্টএর কাছে রাখা ভাল। আমি বল্লাম—হ্যাঁ, তিনি যখন বলেছেন তখন নিশ্চয়ই বলবো। তবু এরকম জিনিস আই এন টি ইউ সির কাছে এরকম আলোচনা করা সত্ত্বেও ডাঙ্গেজীর কাছ থেকে এরকম দাবী শুনি নি। তারা থ্রি কনজামশান ইউনিটএ রাজী হয়েছিলেন এবং তার উপর সর্বসম্মতিক্রমে একটা ডিসিসন নেওয়া হয়েছে এবং সেই ডিসিসনএর উপরই আজকে আমরা দাঁড়িয়ে আছি। আমরা সেখানে ২৫ পারসেন্ট কিংবা ২৫ টাকা চাই নি, থ্রি কনজামশান ইউনিটস আমরা চেয়েছি ডাঃ এ্যাকরয়েডস ফরমুলার উপর এবং তার উপরই দাঁড়িয়ে আছি। তারপর আমরা আরও কথা বলেছি এবং ইন্ডাষ্ট্রিয়াল হাউসিংএর কথা বলেছি, আরও নানা রকম কথা বলেছি যারা ওপাশে বসে আছেন তারা সকলেই জানেন সে কথা, জানেন না এমন নয়। ইন্ডাষ্ট্রিয়াল হাউসিংএ ভারত সরকার যে টাকা দিতে রাজী আছেন সেই টাকা আমাদের সরকারকে বলবো ব্যবহার করুন। পূর্বেকার বাজেটের সময়ও আমরা একথা বলেছি, ইন্ডাষ্ট্রিয়াল হাউসিং যেভাবে অন্য সব দেশে, জায়গায় ব্যবহৃত হয়েছে, বাংলাদেশে তা হয় নি। বাংলাদেশে হয় নি বলে অনেক জায়গায় আমরা বিপদগ্রস্ত হয়ে আছি।

[6-40—6-50 p.m.]

আজকে এমন সময় এসেছে যখন বাংলাদেশকে এ জিনিস নিতেই হবে এবং এতদিন পর্যন্ত তাঁরা এটা না নেওয়ার ফলে যে ক্ষতি হয়েছে তার জন্য তাঁদের ক্ষোভ প্রকাশ করতেই হবে। এই যে সমস্ত জিনিস এগুলির উপর অবাস্তবভাবে একটা দাবী না করে যদি বাস্তবভাবে দাবী করি তাহলে আমরা জিততে পারি, কিন্তু অনবরত যদি একথা বলা হয় যে আই এন টি ইউ সির লোক এই কথা বলেছে, এই করেছে, তাহলে স্বভাবত আই এন টি ইউ সির লোকেরা ডিফেনসিভে যাবে কিম্বা অফেন্স নিয়ে সবচেয়ে ভাল ডিফেন্স দেখাবে, একথা সবারই মনে রাখা দরকার। যদি আজকে ইউনাইটেড ফ্রন্ট অব ওয়ার্কার্স দেখাতে হয়, তাহলে আমি বলতে পারি যে এই উপায়ে কোন ইউনাইটেড ফ্রন্ট হয় না। কাজেই যখন একটা কথা বলতে হবে তখন সে কথাটা ভাল করে বিচার বিবেচনা করে বলতে হবে।

[তুমুল হট্টগোল।]

Mr. Speaker: You cannot expect that everybody must agree with everybody else. You have to hear the contrary view. You may not agree with that but why must you make remarks all the time? It is a shame that I have got to point it out to you.

Sj. Nepal Roy:

আমি একটা আওয়াজ করলে, স্যার, আমাকে গালাগালি দেবেন।

Mr. Speaker: You may not be in a mood to do serious work but it is my duty to see that the debate takes place properly. You may not be interested but other people are interested. I won't allow any levity in this House.

Dr. Maitreyee Bose:

মাননীয় স্পীকার মহাশয়, আর আমার বেশী কিছু বলবার নেই। আজকে আপনি আমাকে প্রোটেকশন দিয়েছেন, তবে বিশেষ প্রয়োজন ছিল না, কারণ আমার সামনে যাঁরা বসে আছেন তাঁদের থেকে ভালভাবে আত্মরক্ষা করতে আমি ১৫ বছর ধরে জানি।

Sj. Satyendra Narayan Mazumdar:

আপনি যদি, স্যার, পার্মিসন দেন তাহলে আমি কিছু বলতে পারি।

Mr. Speaker: I withhold the permission.

Sj. Mihirlal Chatterjee:

মাননীয় সভাপতি মহাশয়, এই প্রস্তাবের সামান্য সংশোধন করে আমি একটা সংশোধনী প্রস্তাব দিয়েছি যে সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির যে প্রস্তাব সেটা এ বছর থেকেই কার্যকরী করা হোক। এই কথা বলার যুক্তি এই যে, সরকার পক্ষ থেকে গেল বছর এবং এ বছরের মাঝামাঝি পর্যন্ত ফেয়ার প্রাইস সপ, সস্তা চাউলের দোকান, মারফত যে চাল সরবরাহ করা হোত, তার দাম ছিল ১৭॥ টাকা। কয়েক মাস যাবৎ এই ১৭॥ টাকা দামের চাল সরকার আর সরবরাহ করতে পারছেন না। সরকারী কর্মচারী যাঁরা, তাঁদের এখন ২২॥ টাকা দামে রেশন সপ থেকে চাল কিনতে হচ্ছে, অর্থাৎ সরকার এই দুই-তিন মাসের মধ্যে কম দামের চাল সরবরাহ করতে অক্ষম হয়েছেন এবং সরকারী কর্মচারীদিগকে মণ প্রতি ৫ টাকা বেশী দাম দিয়ে রেশন সপ থেকে চাল কিনতে হচ্ছে। আমরা সাধারণত হিসাব করে দেখতে পাই যে, একজন সাধারণ মানুষের পরিবারে লোক সংখ্যা থাকে ৫ জন এবং এক একটা পরিবারে মাসে প্রায় দুই মণ চালের দরকার হয়। এই দুই মণ চালের অতিরিক্ত দাম নিম্ন বেতনের সরকারী কর্মচারীদের দিতে হচ্ছে, যোগাড় করতে হচ্ছে এবং এই দুই মণ চালের অতিরিক্ত দাম বাবদ মধ্যবিত্ত সরকারী কর্মচারীদের মাসে মাসে ১০ টাকা করে খরচ বাড়ছে। শুধু চালের

যে এই অবস্থা তা নয়, গত দুই-তিন মাসের মধ্যে একমাত্র লবণ ছাড়া অত্যন্ত ভুল করা হবে। অসম্ভব রকমের বেড়ে গেছে। সরকার অজুহাত দেন যে টাকা নেই, পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে পালন করবো কোথা থেকে? সরকারী কর্মচারীরা কি এই ধরণের কথা। সফল করবার জন্য জিনিসপত্রের দাম যদি ক্রমাগত এই রকম ধরণের বাড়ে কেবলমাত্র চালের উপর লাগাবেন বলে ১০ টাকা করে বেশী খরচ লাগে ত আমরা সংসার চালাবো কোথা থেকে? কোন্ স্তরে সরকারী কর্মচারীদের এই যে দাবী এটা তাঁদের বেঁচে থাকার জন্য মৌলিক দাবী, এই ত হবে। দাবী থেকে সরকার কতদিন তাঁদের বঞ্চিত করবেন?

[6-50—7 p.m.]

যদি সরকার দ্রব্যমূল্য কমাতে না পারেন, ইনফ্লেশন কমাতে না পারেন এবং ইনফ্লেশনের ভয়ে সরকারী কর্মচারীদের বেঁচে থাকার উপযুক্ত বেতন দিতে না পারেন, তাহলে সরকারী কর্মচারীরা আর কত দিন ধৈর্য্য ধরে থাকতে পারেন? সরকারের এই উদাসীন মনোভাব আজ উচ্চ সরকারী কর্মচারীদের মধ্যেও সংক্রামিত হচ্ছে, সেটা আমি দুঃখের সঙ্গে দেখতে পাই। গেল ১৬ই নভেম্বর পশ্চিমবাংলার নিম্নবেতনের সরকারী কর্মচারীদের ভাতা বৃদ্ধির আবেদন সরকারের কাছে উত্থাপন করবার একটা দিন নির্দিষ্ট ছিল। এ সম্বন্ধে আমি বাংলাদেশের একটি জেলার ঘটনার কথা বলছি, তবে সে জেলার নাম আমি এখানে করতে চাই না। এই জেলাতে নিম্নবেতনের সরকারী কর্মচারীরা তাদের দাবীটুকু মাত্র জানাবার জন্য সভা করে, শান্তির সঙ্গে শোভাযাত্রা করে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটএর অফিসে গিয়ে হাজির হয়, কিন্তু ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে কোর্টে তারা পায় না, কারণ ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট তখন অন্যত্র গিয়েছিলেন। এই সমস্ত কর্মচারীরা অধিকাংশ তাঁর অধিনস্থ কর্মচারী, কিম্বা কোন জজের কর্মচারী, কিম্বা বাংলা সরকারের কর্মচারী ছাড়া আর কেউ তাঁরা নন। অর্থাৎ তাঁরা কোন আন্দোলনকারী নন, তাঁরা এ্যাজিটেটর নন, তাঁরা কোন পলিটিক্যাল পার্টির নির্দেশে চলেন না এবং এমন কি কোন পলিটিক্যাল পার্টির নেতা তাঁদের সেই সমাবেশের মধ্যে ছিলেন না। যা হোক তাঁরা ধীর এবং শান্তভাবে প্রার্থনা এবং আবেদনের মনোভাব নিয়ে জেলার যিনি সর্বোচ্চ সরকারী কর্মচারী ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট—তাঁর বাংলোয় গিয়ে হাজির হন। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটএর বাড়ীর চারিদিকে বিরাট বড় কম্পাউন্ড, তাঁরা সেই কম্পাউন্ডএর মধ্যে না ঢুকে কম্পাউন্ডএর বাহিরে শান্তভাবে দাঁড়িয়ে থাকেন। পাছে ঐ আবেদনপত্র ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটএর হাতে আসে সেজন্য জেলা ম্যাজিষ্ট্রেট আগে থাকতে গেটের কাছে একজন পুলিস অফিসারকে দাঁড় করিয়ে রেখে দেন। অর্থাৎ সরকারী কর্মচারীরা তাঁদের আবেদন তাঁদের উপরিতম কর্মচারীর কাছে পেশ করবার প্রয়োজনে যদি যায়, তার জন্য ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট একজন পুলিস অফিসারকে বিরাট কম্পাউন্ডএর গেটের কাছে দাঁড় করিয়ে রাখেন যাতে সরকারী কর্মচারীরা তাঁদের আবেদনটুকু পর্যন্ত ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটএর কাছে পেশ করতে না পারে। তারা বারবার বলে যে আমরা সবাই যেতে চাই না বরং আমরা মাত্র ৩।৪।৫ জন যেতে চাই। কিন্তু তাদের এই সামান্য ডেপুটেশনটুকু ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট গ্রহণ করতে চান না। যখন তিনি পাঁচ জনের ডেপুটেশন অগ্রাহ্য করেন, তখন একজন মাত্র যেতে চান—তিনি নিম্নবেতনের কর্মচারীদের মধ্যে হয়ত সব-চেয়ে বেশী বেতন পান। কিন্তু সরকারী কর্মচারীদের এই দাবীটুকু পেশ করবার পর্যন্ত সুযোগ না দিয়ে সেই জেলার ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট তাঁর বাংলো থেকে রেগে গরগর করে বিরাট কম্পাউন্ডএর গেট পর্যন্ত বেরিয়ে আসেন এবং সরকারী কর্মচারীদের সঙ্গে তিনি যেভাবে কথা বললেন সে কথা শুনে সারা জেলার লোক লজ্জায় মাথা হেঁট করেন। (জনৈক সদস্যঃ কোন্ জেলার কথা বলছেন?) আমি যখন বলছি তখন বুঝতেই পারেন আমি কোন্ জেলার কথা বলছি। তিনি এমন পর্যন্ত বললেন যে আপনারা ভদ্রলোকের ছেলে, না অভদ্র-লোকের ছেলে। তখন সরকারী কর্মচারীরা নিতান্ত দুঃখের সঙ্গে সেখান থেকে চলে আসেন। কিন্তু সেই জেলায় জনৈক ভাল বিবেচক জেলা জজ থাকার জন্য ২।৩ দিন পরে সেই ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট তার কর্মচারীদের কাছে ক্ষমা প্রার্থনা করেন। অবশ্য কর্মচারীরা তাঁর কাছে আর দাবী পেশ করতে যায় নি। আমি ডাঃ রায় ও শ্রীমতী মৈত্রেয়ী বসু মহাশয়ার বক্তৃতা শুনলাম, কিন্তু এই দুই বক্তৃতার মধ্যে এমন কোন আশা ভরসার কথা কিছুই দেখলাম না। যা হোক সরকারের বিশেষভাবে বিবেচনা করা উচিত যে, যদি চালের মূল্য বৃদ্ধি বশতঃ প্রত্যেকটি

১০ টাকা করে বেশী খরচ করতে হয়, তাহলে কর্মচারী সে টাকা

...s Bhattacharyya:

...ধ্যক্ষ মহাশয়, প্রস্তাবের বক্তব্যের মধ্যে প্রস্তাবের যে সহানুভূতিশীল হৃদয়ের ...ছে তা আমি সম্পূর্ণরূপে উপলব্ধি করছি, কিন্তু তবুও প্রস্তাবকের বাস্তব দৃষ্টি-... প্রশংসা করতে পারছি না। জিনিসপত্রের দাম বিশেষ করে খাদ্য দ্রব্যের দাম বেড়েছে একথা স্বীকার করে নেওয়া যাচ্ছে, কিন্তু তবুও সামগ্রিকভাবে দেখতে গেলে মূল্য স্তর ১৯৫১ সালের অঙ্কের কাছাকাছি আসে না। খাদ্যদ্রব্য দামের কথা বলতে গিয়ে এটা আমি স্বীকার করছি যে এ বছরে বিশেষ করে অনাবৃষ্টির জন্য অজন্মা আরও ভীষণভাবে হয়েছে এবং হয়ত খাদ্য দ্রব্যের মূল্য বৃদ্ধি হতে পারে। কিন্তু যাতে খাদ্য দ্রব্যের মূল্য বেশী না বাড়ে সেজন্য সরকার থেকে প্রশংসনীয় উদ্যমের সঙ্গে কাজ আরম্ভ করা হয়েছে। তবে একথা আমি স্বীকার করি যে নিম্ন আয়ের লোকেদের দুর্দশা আছে এবং তাদের সেই দুর্দশার কথা সর্বদা স্মরণ রাখা দরকার। সকলের আয় বৃদ্ধি করা দরকার একথা অস্বীকার করা যায় না। কিন্তু কথা হচ্ছে যে কিভাবে সেটা সম্ভব তার বাস্তব আলোচনা করা উচিত। আমাদের জাতীয় আয় যে খুব কম একথা কেউ অস্বীকার করেন না। কিন্তু পঞ্চবার্ষিকী পরিকল্পনাগুলির মধ্য দিয়ে আমাদের জাতীয় আয় বাড়াবার চেষ্টা করা হচ্ছে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে শতকরা ১৮ ভাগ জাতীয় আয় বেড়েছে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে আরও শতকরা ২৫ ভাগ আয় বৃদ্ধি হবে। তা ছাড়া আয়ের এত অল্পতা যেখানে আছে সেখানে আয়ের বৈষম্য হেতু দারিদ্র্য যে অত্যন্ত প্রকট সেকথা নতুন করে আমাদের বলবার দরকার নেই। কিন্তু যখন নিম্নবেতনের সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির কথা আমি বলতে চাচ্ছিলাম, তাদের য়্যালাউন্স বৃদ্ধির কথাই ভাবছি; তখন আমি একথাও মনে করি যে সেই সঙ্গে সঙ্গে আমাদের প্রস্তাবকরা যদি বলতেন যে লক্ষ লক্ষ লোক বেকার যারা আছে তাদের কথাও ভাবতে হবে, তাহলে না হয় বুঝতাম। তাদের সম্বন্ধে তাঁরা কি চিন্তা করছেন, না তাদের সম্বন্ধে তাঁদের কর্তব্য কি শেষ হয়ে গেছে? অথবা সরকারী কর্মচারীবৃন্দের শতকরা ২৫ ভাগ আয় বৃদ্ধি করলেই তাঁদের কর্তব্য শেষ হবে? সেজন্য আমি বলছিলাম যে সামগ্রিক কল্যাণের কথা বিবেচনা করতে হবে। আর সর্বদা সামগ্রিক কল্যাণের কথা যদি বিবেচনা করি তাহলে আমাদের ভাবতে হবে যে কি করে বেশী উৎপাদন হতে পারে। এবং সেই অধিক উৎপাদনের সঙ্গে সঙ্গে সুষ্ঠু বণ্টন ব্যবস্থা যাতে হয়, সে কথাও আজ আমাদের চিন্তা করতে হবে। অতএব শুধু টাকার অঙ্কে আয় বাড়িয়ে দিলেই যে এই সমস্যার সমাধান হবে, একথা আমি বিশ্বাস করি না এবং আশা করি প্রস্তাবকও নিশ্চয় সেকথা বিশ্বাস করেন না। উৎপাদন বৃদ্ধির ফলে জিনিসের যে দাম কমতে পারে, সেকথা আশা করি প্রস্তাবক বন্ধুগণ বিশ্বাস করেন। সেজন্য আশা করি তাঁরা সর্বতোভাবে এই উৎপাদন বৃদ্ধির কাজে তাঁদের সহযোগিতার হস্ত প্রসারিত করবেন। একটা কথা এখানে মনে রাখতে হবে যে ফাইভ-ইয়ার প্ল্যানের সাফল্যের উপর আমাদের উৎপাদন বৃদ্ধি এবং জাতীয় দারিদ্র দূরীকরণের পথ নির্ভর করছে। এই ফাইভ-ইয়ার প্ল্যানে শুধু বাংলাদেশে ২৫ কোটির মতন টাকা ঘাটতি হওয়া সম্ভব এবং সেই কারণেই বছরের পর বছর এই ঘাটতি বাজেট এই হাউসের সামনে আমরা দেখতে পাচ্ছি। সেজন্য আমাদের উৎপাদন বৃদ্ধির দিকে নজর রাখতে হবে। কারণ জিনিসপত্রের উৎপাদন উপযুক্ত রকম না করে শুধু যদি টাকার অঙ্কে আয় বৃদ্ধির কথা বলি তাহলে ইনফ্লেশন অবশ্যম্ভাবী এবং তখন সেই ইনফ্লেশন ঠেকান যাবে না। আর একটা কথা হচ্ছে এই যে যখন সমগ্র বিষয় চিন্তা করে আমরা আমাদের দাবী আনব, তখন আমরা এই কথা ভাবব যে সরকারী কর্মচারী এবং সরকারী নিয়োগ-কর্তাদের মধ্যে এমপ্লয়ার এবং এমপ্লয়ি যে রিলেশন সেটা ঠিক নয়। অর্থাৎ প্রাইভেট সেকটর বা ইন্ডাস্ট্রিয়াল কনসার্ন বা কারখানায় বা মিলে যেমন একজন কিম্বা অনেক জন নিয়োগ-কর্তা থাকেন এবং অনেকগুলি মজুর কাজ করেন ঠিক এখানে সেইভাবে সেই রিলেশন আমদানি করে অগ্রসর হওয়া আমাদের পক্ষে অত্যন্ত অন্যায় হবে। আমি মনে করি সমস্ত সরকারী কর্মচারী, তাঁরা যে শ্রেণীরই হোক না কেন, সকলে একই সরকারের সিদ্ধান্ত নিয়ে এবং একই উদ্দেশ্য নিয়ে একটা দল বা টিম হিসাবে কাজ করবেন। তাদের কেউ যদি নিয়োগকর্তা ও

নিষ্ক্তর মধ্যে মজুরদের কথা আমদানী করতে চান, তাহলে সেটা অত্যন্ত ভুল করা হবে। আমি বলেছিলাম আমাদের দারিদ্র দূর করার কথা, এবং সেজন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে সফল করানই হল সবচেয়ে বড় কথা। সেই পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে সফল করবার জন্য আমাদের প্রস্তাবক যে পক্ষভুক্ত, সেই পক্ষ তাঁদের সমগ্র চেষ্টা এবং উদ্যম কাজে লাগাবেন বলে যখন আশ্বাস দিয়েছেন, তখন আমাদের ভাবতে হবে আমাদের ইকনমিক অবস্থা কোন্ স্তরে আছে। আমাদের অনগ্রসর ইকনমিক অবস্থার কথা বিশেষভাবে আমাদের চিন্তা করতে হবে।

আজকে আমরা শুনতে পাই এ্যাটোমিক এজএর কথা। আজকে আমরা শুনতে পাই স্পুটনিকসএর কথা। কিন্তু এই এজ অফ স্পুটনিকস দূরের কথা, এখনও আমরা আমাদের দেশ ইলিকট্রিক এজ বা বৈদ্যুতিক যুগেও এসে পৌঁছাতে পারে নি। আমাদের দেশে যখন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা আরম্ভ হয়েছে, তখন ইন্ডাষ্ট্রিয়াল রিভোলিউশনএর ইমপ্যাক্ট আমাদের এখানে পুরাপুরিও পৌঁছায় নি। আমাদের দেশে উৎপাদন অবস্থা পুরানো, সেকেলে অবস্থার মধ্যে রয়ে গিয়েছে এবং সেই অবস্থার মধ্য দিয়ে আমাদের এগুতে হচ্ছে। শুধু বেতন বাড়ানর কথা যদি বলি এবং উৎপাদন বৃদ্ধির কথা না বলি তাহলে ইনফ্লেশন বৃদ্ধি হবে, তাকে ঠেকান যাবে না। একথা আগেই বলেছি; তা ছাড়া আরও বেশী ট্যাক্স বসাতে হবে। আমি মনে করি না এটা প্রস্তাবকগণ চান যে সরকারী কর্মচারীদের বেতন বাড়ানোর জন্যে জনসাধারণের উপর আরও বেশী ট্যাক্স চাপুক। অবশ্য আমাদের আয় সর্বতোভাবে বাড়াতে হবে, এবং আমাদের বাজে ব্যয়, অপচয় সম্পূর্ণভাবে বন্ধ করতে হবে এবং সঙ্গে সঙ্গে সরকারী কর্মচারী যাদের স্বার্থে এই প্রস্তাব আনা হয়েছে তাদের মধ্যে করাপশন বন্ধ করতে হবে। আমি সরকারী কর্মচারীদের কাছে আবেদন করবো, তাঁরা যেন এদিকে বিশেষ লক্ষ্য রাখেন। দুর্নীতির জন্য আমাদের সমগ্র আয় পাওয়া যায় না এবং আমাদের এই দুর্নীতি ও অপচয়, ওয়েস্টেজ যদি বন্ধ করতে না পারি তাহলে আমাদের দেশ কখনও ঠিকভাবে গড়ে উঠতে পারবে না। আমি আশা করি, কর্মচারীদের প্রকৃত দাবীর প্রতি সহানুভূতি জানিয়ে ও সকল দিকে দৃষ্টি রেখে প্রস্তাবকরা এই দাবী নিয়ে আর বেশী আন্দোলন করবেন না। তাঁদের দাবী নিয়ে নিশ্চয়ই বলবার অধিকার কনষ্টিটিউশনএ আছে। কিন্তু সঙ্গে সঙ্গে আমি দাবী করবো দুর্নীতি নিবারণ করবার জন্য, ওয়েস্টেজ বন্ধ করবার জন্য তাদের সহযোগিতা সম্পূর্ণরূপে আমাদের দরকার হবে। আমি আপনাদের কাছে শুধু এই কথা বলবো—আমরা যে হারে ইনকাম ট্যাক্স এখানে বসিয়েছি, সেটা বড় লোকের অন্য দেশের মত উচ্চ হারের ইনকাম ট্যাক্স। আমাদের এখানে এই দেশে যেভাবে এক্সপেন্ডিচার ট্যাক্স ও ওয়েলথ ট্যাক্স বসান হয়েছে তার উদাহরণ আর কোথাও নেই। আমরা ধনীর উপর ট্যাক্স বসিয়ে নানাভাবে টাকা আদায় করবার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সরকারী কর্মচারীদের জিজ্ঞাসা করতে চাই, এই যে আমরা ন্যায্য আয়ের সমগ্র টাকা পাই না, তার জন্য তাঁদের কাছে কি আশা করতে পারি না যে তাঁরা তাঁদের কর্তব্য সম্বন্ধে সজাগ হবেন, এটাকে একটা জাতীয় কর্তব্য মনে করবেন? এই সকল বিষয়ে যদি কোন ত্রুটি থাকে আশা করি তাঁরা বা তাঁদের প্রস্তাবকগণ কিছু মনে করবেন না। দুর্নীতি ও অপচয় নিবারণের জন্য যেসকল ত্রুটি আছে সেগুলি নিবারণ করা তাদের পক্ষে একান্ত কর্তব্য বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয় অসন্তুষ্ট এবং ক্ষুব্ধ সরকারী কর্মচারী থাকলে সরকারের কাজ কখনও ভালভাবে চলতে পারে না। কিন্তু আমি জানি এবং একথা সকলে স্বীকার করবেন যে সরকারী কর্মচারীরা দেশের লোক, তাঁরাও দেশকে ভালবাসেন; তাদের মধ্যে অসন্তোষ প্রচার করে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির চেষ্টা বা আশা যেন কেউ না করেন।

[7—7-4 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জিনিসপত্রের দাম বেড়েছে—শুধু পশ্চিমবঙ্গে নয়, সমগ্র ভারতবর্ষে। সমস্ত ভারতবর্ষের বিভিন্ন জায়গায় সামান্য এক পয়েন্ট, দু পয়েন্ট পার্থক্য হতে পারে। কিন্তু সমগ্র ভারতবর্ষে বৃদ্ধির প্রবনতা সমানভাবে হয়েছে। আপনি জানেন, কেরলেও মূল্য বৃদ্ধি হয়েছে। তবে, প্রস্তাবকরা কেরেলার কথা বললেন না কেন? মাননীয় সদস্য যে পক্ষের, সেই পক্ষের মন্ত্রীমণ্ডলী সেখানে ভার গ্রহণ করেছেন, জনসাধারণের নেতৃবৃন্দ হয়ে সেখানে আজ

তাঁরা ক্ষমতার আসনে বসেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রস্তাবকের কাছে আমার জিজ্ঞাস্য, এই কেরেলার শতকরা ২৫ টাকা হারে মাশ্গিভাতা দেওয়া হয়েছে কি না? তাঁরা এই হাউসে অনুগ্রহ করে সেকথা কি এখানে বলবেন? যদি না দেওয়া হয়ে থাকে তাহলে কেন দেওয়া হয় নি। আশা করি প্রস্তাবকগণ এর জন্য আমার উপর ক্রুদ্ধ হবেন না। অপজিসন পার্টি থেকে আজ তাঁরা যে ভূমিকায় অবতীর্ণ হন সেই ভূমিকায় অবতীর্ণ হতে পারেন না যখন এ'দের হাতে শাসন ভার এসে পড়ে। এই সম্পর্কে অধ্যক্ষ মহাশয় আপনার সামনে একটা কথা বলবো—নিউ এজ পত্রিকার ২৪এ নভেম্বর ইসুর কথা। নিউ এজএর নাম প্রস্তাবক পক্ষ নিশ্চয়ই সকলে জানেন। ২৪এ নভেম্বর সংখ্যায় একটা প্রশ্নের উত্তরে কেরালার চিফ মিনিস্টার শ্রীনামবুদ্রিপাদ একটা কথা বলেছিলেন। তাঁর উত্তরটা ইংরাজীতে বেরিয়েছিল, আমি সেটা ইংরাজীতেই পড়ে শোনাচ্ছি। প্রথম কোয়েশ্চেনটা ছিল—

"As a Communist Chief Minister, how do you feel about the fact that your police had to use tear-gas and lathis against P.S.P. demonstrators in Kattampalli?"

তার উত্তর হচ্ছে—

"I feel unhappy that the energies of the officers and men of the police force have to be used not to carry out their primary duty of tracking down and punishing the perpetrators of anti-social crimes like theft, murder and dacoity, but to prevent certain types of activities of the Opposition parties.

I am, however, far more unhappy that the energies of a large number of members of the Opposition parties are utilised not in the service of the people but to try to prevent our Government from serving the people."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, আজকে মাননীয় প্রস্তাবক বন্ধুগণ এখানে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে কার্যকরী করবার জন্য কতখানি দায়িত্ব তাঁরা নিতে পারবেন তা তাঁদের কাছ থেকে শোনবার জন্য উৎসুক আছি। আমি বলতে চেয়েছিলাম অপজিশান পার্টি হিসাবে তাঁরা যেসকল কথা বলেছিলেন সেগুলি কার্যে পরিণত করবার সময় আর তা করতে পারছেন না। মাননীয় স্পীকার মহাশয়, আমি এইটুকুই আপনার কাছে নিবেদন করছি।

Mr. Speaker: The debate remains inconclusive. Some of the honourable members have approached me with a request that they want to speak and Dr. Ranen Sen rightly wants to reply. So this matter would be further debated on Friday next.

The House stands adjourned till 3 p.m. on Monday next.

Adjournment

The House was then adjourned at 7-4 p.m. till 3 p.m. on Monday, the 2nd December, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 2nd December, 1957, at 3 p.m.

Present: ...

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 214 Members.

[3—3-10 p.m.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Production of foodgrains in 24-Parganas district during 1942-43 and 1956-57

***50.** (Admitted question No. *592.) **Sj. Brindaban Gayen:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state the production of foodgrains in 24-Parganas district during 1942-43 and during 1956-57?

The Minister for Agriculture and Animal Husbandry (the Hon'ble Dr. Rafiuddin Ahmed): A statement is laid on the Table.

Statement referred to in reply to starred question No. 50

PRODUCTION OF FOODGRAINS IN THE DISTRICT OF 24-PARGANAS IN 1942-43 AND 1956-57

[Production in thousand maunds.]

	1942-43.	1956-57.
Autumn rice	794·1	696·7
Winter rice	9,345·1	19,514·4
Summer rice	5·4	4·8
Total rice	10,144·6	20,215·9
Wheat	..	1·3
Barley	..	0·4
Maize	..	2·4
Gram	..	300·5
Tur	..	2·1
Other pulses	..	668·4
Total pulses	..	971·0
Total foodgrains	..	21,191·0

Food distress in Kharba police-station, Malda

***51.** (Admitted question No. *615.) **Dr. Golam Yazdani:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state if it is a fact that food distress is prevailing all over the area under police-station Kharba in the Malda district?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state whether Government consider the desirability of making larger provision of cattle-purchase loan than hithertofore for each Union under police-station Kharba?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: (*a*) There was no general food distress in the area. Due to failure of wheat crop in 1956-57 there was some distress amongst those low income agriculturists whose crop had failed and amongst some landless labourers.

(*b*) No. Cattle-purchase loan is distributed not for relieving distress of the people caused by failure of food crops but for replenishment of plough cattle for carrying on normal cultivation work. Distress caused by failure of crops cannot, therefore, be a reason for making larger provision of cattle-purchase loan.

Dr. Golam Yazdani:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই যে ক্রপ ফেলিওর হয়েছিল আগের বছর বন্যা ও অনাবৃষ্টির জন্য তাতে খরবা থানায় ফসল হয় নি এবং আম ফসলও যে নষ্ট হয়েছে সেটা কি তিনি জানেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

জানা আছে—এই প্রশ্ন হচ্ছে ১৯৫৬-৫৭ সালের কিন্তু জেনারেল ক্রপ ফেলিওর হয় নি, হুইট ক্রপ ফেল করেছিল। গাউট ফসল ঠিকমত হয় নি—আমার ইনফর্মেশন হচ্ছে, যে বছর কোয়েশ্চেন করেছেন সেই বছরে কোন ওয়াইড-স্প্রেড ডিস্ট্রেস হয় নি।

Dr. Golam Yazdani:

মন্ত্রী মহাশয় স্বীকার না করলেও এটা ঠিক যে আগের বছর অনাবৃষ্টির জন্য রবিশস্য এবং আম ফসল হয় নি, যার ফলে ডিস্ট্রেস তখন প্রবল ছিল, এটা মন্ত্রী মহাশয়ের জানা আছে কিনা?

Mr. Speaker: You cannot contradict.

"স্বীকার না করলেও"

it is a thing you cannot get. You can only get information from the Minister. You cannot raise a controversial question. Please put a question.

Dr. Golam Yazdani:

মন্ত্রী মহাশয়ের জানা আছে কি, যে গত শীতে যে বৃষ্টি হয়েছিল তাতে অনেক বলদ ও মোষ মারা গিয়েছিল খরবা থানায়?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমার জানা আছে, কিন্তু যে বছরের কোয়েশ্চেন করেছেন তাতে আমার খবর হচ্ছে

'jute', '*aus* paddy', '*aman* paddy'. In police-station Kharba wheat and barley are grown. Only wheat crop failed in the last winter which affected the small owners who depend on the outturn of crops from season to season. The distress is not widespread and is being dealt with by distribution of relief on a liberal scale. A sum of Rs. 13,275 has so far been distributed during the current financial year as cattle purchase loan in Kharba police-station against Rs. 7,525 distributed in the previous year.

Dr. Golam Yazdani:

মিঃ স্পীকার, মহাশয়, আমার কোয়েশ্চেন অন্য ছিল। আমার জিজ্ঞাস্য হচ্ছে, গত শীতে যে বৃষ্টি হয়েছিল তাতে কোন বলদ, কোন মোষ মারা গিয়েছিল কিনা এটা মন্ত্রী মহাশয়ের জানা আছে কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

জানা থাকতে পারে। কত বলদ মারা গিয়েছে বা কত মোষ মারা গেছে প্রশ্ন করলে নিশ্চয়ই উত্তর দেব—কিন্তু আপনার জেনারেল কোয়েশ্চেন হচ্ছে, হুইট ক্রপ যে ফেল করেছিল তার জন্য কি করেছেন?

Dr. Golam Yazdani:

এটা কি মন্ত্রী মহাশয়ের জানা আছে যে, খাদ্যাভাবে অনেক অঞ্চলে বলদ বিক্রী করে নিজেদের ধানচাল কিনতে হয়েছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

খরবা থানার এরকম কোন খবর নাই।

Sj. Saroj Roy:

আপনি এখানে বলেছেন বলদ ক্রয় ঋণ যা দেওয়া হয় সেটা ফেলিওর অফ ক্রপএর কারণ নয়, দেওয়া হয়

for replenishment of plough cattle for carrying on normal cultivation work.

প্রশ্ন হচ্ছে আমার—এই যে খরবা থানায় মোটামুটি যা বলেছেন তাতে যে অভাব কয়েক বছর উপরি উপরি হয়েছে এবং খরিপ ক্রপ সেখানে নষ্ট হয়েছে এর ফলে, যে অভাবের কয়েক বছর হানির জন্য কৃষক তাদের হালের বলদ বিক্রী করতে বাধ্য হয়েছে কিনা এবং বলদ ঋণ সেজন্য দিয়েছেন কিনা?

Mr. Speaker:

কোয়েশ্চেন একটা প্যারাগ্রাফ নয়;

please put a question. Do not make a long statement and then expect a reply. If you want a clear answer, make your question short.

Sj. Saroj Roy:

খরবা থানায় ফসলহানির জন্য যে অভাব হয়েছিল তার জন্য তাদের বলদ ক্রয় ঋণের কোন রকম প্রয়োজনীয়তা ছিল কিনা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমি পূর্বেই উত্তর দিয়েছি যে বলদ ক্রয়ের জন্য ঐ সময় খরবা থানায় ১৩,২৭৫ টাকা বলদ ঋণ দেওয়া হয়েছিল।

Sj. Saroj Roy:

ফসলহানির সময় কৃষকদের অভাবের তাড়নায় হালের বলদ বিক্রয় করতে হয়েছিল এ খবর আপনার জানা আছে কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

না, এ রকম কোন খবর আমার জানা নেই।

Cattle-purchase loan in Siliguri subdivision

*52. (Admitted question No. *704.) **Sj. Satyendra Narayan Mazumdar:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(*a*) the amount of cattle-purchase loan sanctioned for and distributed to the rural areas of Siliguri subdivision under Darjeeling district during the years 1954, 1955 and 1956;

(*b*) how many peasants of Siliguri applied for the cattle-purchase loan during the said years;

(*c*) the total number of peasants covered by the cattle-purchase loan during the years 1954, 1955 and 1956; and

(*d*) the amount of cattle-purchase loan which has been provided for the current year and the amount already disbursed?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: (*a*) to (*c*) A statement is laid on the Table.

(*d*) A sum of Rs.23,000 out of the provision of Rs.45,000 for the current year has so far been distributed and further distribution is in progress.

This answer is up to 27th July, 1957.

Statement referred to in reply to clauses (a) to (c) of starred question No. 52

(*a*)—

Year.	Amount sanctioned.	Amount distributed.
	Rs.	Rs.
1954-55 ..	20,000	20,000
1955-56 ..	25,000	25,000
1956-57 ..	50,000	50,000

(*b*)—

	No. of peasants.
1954-55 ..	160
1955-56 ..	220
1956-57 ..	350

(*c*)—

1954-55 ..	140
1955-56 ..	207
1956-57 ..	317

Acreage under Japanese method of cultivation

*53. (Admitted question No. *373.) **Sj. Kamalakanta Hembram:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state the acreage under Japanese method of cultivation during the years 1953, 1954, 1955 and 1956 and the difference between the normal production and the increased production, if any due to the new method of cultivation?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: A statement is laid on the Table.

Statement referred to in reply to starred question No. 53

Year.		Acreage under Japanese method of cultivation in West Bengal.	Additional acreage yield over local method.
		Acres.	Maunds.
1953-54	..	61,849·0	19
1954-55	..	38,751·96	12·68
1955-56	..	35,569·37	19·14
1956-57	..	55,395·44	15

Sj. Ramanuj Halder:

মন্ত্রী মহাশয় জানাবেন কি, কারা এই তথ্য সংগ্রহ করেন এবং কি ভাবে?

[No reply.]

Dr. Suresh Chandra Banerjee:

মন্ত্রী মহাশয় বলবেন কি, ১৯৫৩-৫৪ সালের তুলনায় ১৯৫৪-৫৫ সালে জাপানী পদ্ধতিতে কর্ষিত জমির পরিমাণ কমে গেল কেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

নানা কারণ আছে, দুটো কারণ আমার মনে পড়ছে—সে বছর হয়ত বৃষ্টি ঠিকমত হয় নি এবং আপনারা জানেন যে ভাল জল এবং ফার্টিলাইজার না হলে জাপানী পদ্ধতিতে ভাল চাষ হতে পারে না।

Sj. Somnath Lahiri:

১৯৫৩-৫৪ সালে যতখানি পরিমাণ জমিতে জাপানী পদ্ধতিতে চাষ করেছেন তারপরে কোন বছর ততখানি পরিমাণ জমিতে চাষ হোল না এর কারণ কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

সেই বছর—১৯৫৩-৫৪ সালে—বর্ষা ভাল হয়েছিল এবং আমরা সব জায়গায় যথেষ্ট জল পেয়েছিলাম এবং তার সঙ্গে সঙ্গে ভাল ফার্টিলাইজারও সব জায়গায় দিতে পেরেছিলাম।

Sj. Somnath Lahiri:

১৯৫৩-৫৪ সালে এটা হয়েছিল?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

হ্যাঁ, ১৯৫৩-৫৪ সালে ভাল জল হয়েছিল এবং আমরা ফার্টিলাইজারও দিতে পেরেছিলাম।

Dr. Suresh Chandra Banerjee:

১৯৫৩-৫৪ সালে হয়েছিল ১৯ মণ জাপানী পদ্ধতিতে, আর ১৯৫৬-৫৭ সালে, ৪ বছর পরে, হোল ১৫ মণ—উন্নতিটা কি হোল, ক্রমশঃ অবনতিই ত হচ্ছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আপনি যদি তালিকাটা দেখেন তাহলে দেখতে পাবেন যে কোন বছরে কম হয়েছিল, আবার কোন বছরে বেশী হয়েছিল। এর পরের বছরে দেখবেন ১৯·১৪ হয়েছিল। যে ফিগারটা দেওয়া হয়েছে সেটা বাস্তব ফিগার, আমাদের কিছু কুক করে দেওয়া নয়।

[3-10—3-20 p.m.]

Dr. Suresh Chandra Banerjee:

মন্ত্রী মহাশয় যা দেখাচ্ছেন তাহলে—উন্নতি ও অবনতির যে পদ্ধতি আছে সেই পদ্ধতিতে উন্নতি অবনতি হতে হতে, ক্রমশঃ উন্নতিই হয়, কিন্তু এখানে দেখা যাচ্ছে যে এ্যাকচুয়ালী উন্নতি না হয়ে অবনতিই হয়েছে—১৫ মণের জায়গায় ১৪ মণ হয়ে গেল—

that is not the sign of progress.

উন্নতি না হয়ে একেবারে অবনতি হল এটা কোনপ্রকারে স্যাটিসফ্যাক্টরি হতে পারে না।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আপনারা মাননীয় মেম্বার, আপনাদের বেশী বলার প্রয়োজন নাই। সব কিছুই নির্ভর করে বৃষ্টির উপর। নেচার সঙ্গে না থাকলে কিছু হবে না।

Sj. Deben Sen: Will the Hon'ble Minister be pleased to state whether the Japanese method of cultivation as experimented upon has failed or succeeded?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: In the opinion of my experts and myself, it has succeeded.

Sj. Saroj Roy:

নেচারএর উপর যে নির্ভর করতে হয় সেটা আমরা জানি। কিন্তু আপনার ডিপার্টমেন্টএর স্মল ইরিগেশনএর যে ব্যবস্থা আছে তা বাড়াবার ব্যবস্থা করেছেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

বাড়াবার ব্যবস্থা হচ্ছে। ডাঃ ব্যানার্জী যেটার কথা বল্লেন সেটা সম্বন্ধে বলতে পারি এটা হচ্ছে—

additional average yield over that of local method—

ওটা তো এ্যাডিশনাল হয়েছে।

Sj. Saroj Roy:

আপনি বল্লেন, স্মল ইরিগেশন বাড়াবার ব্যবস্থা হচ্ছে। কিন্তু আমি কি আপনাকে স্মরণ করিয়ে দিতে পারি যে, গতবারের আগেরবারের বাজেটে ট্যাঙ্ক ইমপ্রুভমেন্টএ বরাদ্দ টাকা কমিয়ে দিয়েছিল?

Mr. Speaker: The question is disallowed. Reminders are not permitted.

Sj. Amal Kumar Canguli:

এই বছর যারা পুরস্কার পেয়েছে তারা সকলেই কি জাপানী প্রথায় চাষ করেছিল?

Mr. Speaker: It is not a necessary question.

Sale of fertilizer mixture and superphosphate

***54.** (Admitted question No. *372.) **Sj. Curupada Khan:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state whether paddy fertilizer mixture and superphosphate are being sold at present through the West Bengal Government approved depots?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state at what price these are sold?

(*c*) If the answer to (*a*) be in the negative, will the Hon'ble Minister be pleased to state the probable date of sale and why these are not in the market as yet?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: (*a*) Yes.

(*b*) The prices at which the fertiliser mixture and superphosphate are sold are—

(1) Paddy fertiliser mixture—Rs.11·75 per maund.

(2) Superphosphate—Rs.8·14 per maund.

(*c*) Does not arise.

Annual distribution of ammonium sulphate to paddy growers from 1948 to 1956

***55.** (Admitted question No. *371.) **Sj. Curupada Khan:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state the quantity of ammonium sulphate utilised annually by the paddy cultivators of West Bengal during 1948 to 1956?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: A statement is laid on the Table.

Statement referred to in reply to starred question No. 55

Year of distribution.	Quantity distributed (in tons).
1948-49	7,524
1949-50	5,577
1950-51	7,613
1951-52	8,284
1952-53	8,162
1953-54	17,500
1954-55	13,055
1955-56	13,500
1956-57	32,000

Personnel of the Selection Committee for appointment of Special Cadre teachers for Malda district

***56.** (Admitted question No. *517.) **Janab Elias Razi:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) who are the members of the Selection Committee for appointment of Special Cadre teachers in the district of Malda; and

(*b*) whether all the members are members of the District Congress Committee, Malda?

The Minister for Education (the Hon'ble Rai Harendra Nath Chaudhuri): (*a*) There is no Selection Committee at present as the Scheme concluded in 1955-56. The members of the Selection Committee in Malda were—

(1) Shri Ram Prasanna Roy, Chairman, District Board and District School Board, Malda.

(2) Shrimati Uma Roy, Vice-President, All-India Women's Conference, Malda Branch.

(3) Shri Sachindra Nath Misra, M.L.C., Chairman, English Bazar Municipality.

(4) The District Inspector of Schools.

(b) Not known.

Sj. Ajit Kumar Canguli:

মিউনিসিপ্যাল এলেকায় স্পেসাল কেডারএ নিয়োগ করা হয়েছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Most likely not.

Staff of the Burdwan District Library

***57.** (Admitted question No *658.) **Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) বর্ধমান কেন্দ্রীয় গ্রন্থাগারে মোট কতজন কর্মচারী আছেন;

(খ) তাঁহাদের পদ, বেতন ও ভাতা কি ও কত;

(গ) উক্ত গ্রন্থাগারের গ্রন্থাগারিকের নিম্নতম যোগ্যতা নির্ধারিত আছে কিনা;

(ঘ) থাকিলে, তাহা কি;

(ঙ) বর্তমান গ্রন্থাগারিকের পূর্বে যিনি ঐ পদে ছিলেন, তাঁহাকে পদচ্যুত করা হইয়াছে কিনা; এবং

(চ) হইলে, তাহার কারণ কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

(ক) দশজন।

(খ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

(গ) এবং (ঘ) আছে; বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (অনার্স সহ বাঞ্ছনীয়) এবং লাইব্রেরী ডিপ্লোমা।

(ঙ) এবং (চ) হ্যাঁ; কারণ জেলা লাইব্রেরী এসোসিয়েশনের কর্মসমিতির মতে যোগ্যতা-সহকারে কার্য চালাইতে পারিতেছিলেন না।

Statement referred to in reply to clause (খ) of starred question No. 57

পদ।	মাসিক নির্দিষ্ট বেতন। টাকা।	ভাতা।
One Librarian (গ্রন্থাগারিক) ..	২৫০	অন্য কোন ভাতার ব্যবস্থা নাই।
Two Library Assistants (গ্রন্থাগার করণিক) ..	৭৫	,,
One Driver (মোটর গাড়িচালক) ..	১২৫	,,
One Cleaner (গাড়ি পরিষ্কারক) ..	৫০	,,
Two Library Attendants (গ্রন্থাগার পরিচারক) ..	৬০	,,
One Peon (পিয়ন) ..	৫০	,,
One Durwan (দারপাল) ..	৫০	,,
One Night Watchman (নৈশপ্রহরী) ..	৫০	,,

Sj. Ajit Kumar Canguli:

বর্ধমানের যে লাইব্রেরিয়ান আছেন তাঁর এডুকেশনাল কোয়ালিফিকেশন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

যেমন লেখা আছে (খ) ও (গ)তে—নিশ্চয়ই তিনি কোয়ালিফাইড।

Sj. Ajit Kumar Canguli:

এই লাইব্রেরির কয়টা শাখা আছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I do not believe this question does arise out of it.

Pay-scales of Lecturers and Demonstrators of Rampurhat College

***58.** (Admitted question No. *696.) **Sj. Gobardhan Das:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) if it is a fact that in the Government-sponsored College at Rampurhat, district Birbhum, the pay-scale of the Lecturers has been spread over 20 years and that of the Demonstrators has been spread over only 10 years; and

(*b*) if so, the reason thereof?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (*a*) Yes.

(*b*) A longer scale in the case of Demonstrators would mean smaller increment.

Establishment of an Engineering Institution at Berhampore

***59.** (Admitted question No. *645.) **Sj. Mohammed Israil:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state if it is a fact that an Engineering College is going to be started in Murshidabad district?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether any site has been selected; and

(*ii*) whether it will include all branches of studies in Engineering?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (*a*) An Engineering Institution for Diploma Courses and not a College is being set up at Berhampore (Murshidabad).

(*b*) (*i*) Yes.

(*ii*) It will include three main branches in Engineering, viz., Civil, Mechanical and Electrical Engineering at Diploma level.

Repairs to cyclone-damaged primary school of Kalanai village, Kalna

***60.** (Admitted question No. *640.) **Sj. Jamadar Majhi:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) তিনি কি অবগত আছেন যে, গত বন্যায় অন্যান্য কয়েকটি স্কুলের ন্যায় কালনা থানার কল্যাণপুর ইউনিয়নের কেলেনই গ্রামের প্রাথমিক বিদ্যালয়ভবনটি বিধ্বস্ত হইয়া গিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এই বিদ্যালয়ভবনটি পুনর্নির্মাণের জন্য আজ পর্যন্ত সরকার হইতে কোন ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

(ক) হ্যাঁ।

(খ) এ-বিষয়ে বিবেচনা করা হইতেছে।

Sj. Saroj Roy:

বন্যার পর তিন বৎসর হল। আমি জানতে চাই, প্রাথমিক বিদ্যালয়ের ব্যাপারটা এখনো বিবেচনাধীন আছে, না কাজ শুরু হয়েছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

বিবেচনাধীন আছে, কারণ ৪৬০টা স্কুল বিল্ডিং মেরামত করতে হবে এবং ৭০৪টার সম্পূর্ণ পুনর্নির্মাণ করতে হবে। পুনর্নির্মাণ করতে হলে প্রায় ৩০-৪০ লক্ষ টাকার প্রয়োজন হবে। সেজন্য প্ল্যান ও এস্টিমেট করা হচ্ছে।

Admission of trainees in the Asansol Polytechnic (Dhadka)

***61.** (Admitted question No. *601.) **Sj. Sunil Das:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) whether the total strength of trainees in Asansol Polytechnic has come down to 228 from 300, the sanctioned strength;

(*b*) if so, the reasons thereof and whether there are no applicants for admission to the said institution;

(*c*) whether certain trades, e.g., building construction, carpentry, tin and coppersmithy and blacksmithy have been closed down though there are no dearth of intending trainees in these trades; and

(*d*) if so, the reason therefor?

The Hon'ble Raj Harendra Nath Chaudhuri: (*a*) No. The number never reached the sanctioned strength. In 1951 it was 260 and in 1956 it was 224.

(*b*) Reasons cannot be stated answerwise. All eligible applicants have been admitted.

(*c*) No.

(*d*) Does not arise.

Sj. Sunil Das: Is it a fact that an enquiry was made into the affairs of the Assansol Polytechnic by the S.D.O., Asansol?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Into which affairs please?

Sj. Sunil Das: Affair in its totality.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I am not aware of it

Sj. Sunil Das: Will the Hon'ble Minister be pleased to state whether the post of a mason instructor was vacant for about a year?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Might have been vacant. so the post has been advertised and applications have been invited.

Sj. Sunil Das: Will the Hon'ble Minister be pleased to state whether the post of instructor for the tin and coppersmith department was also similarly vacant for more than a year?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I want notice.

[3-20—3-30 p.m.]

Sj. Sunil Das: Will the Hon'ble Minister be pleased to state whether there were only two students in the Building Department of the institution in 1955-56?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Does that question arise out of it?

Mr. Speaker: It does not arise.

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, স্যাংশনড স্ট্রেংথএ এত দিনেও পেঁছাল না কেন, বরং কমে যাচ্ছে? ১৯৫১ সালে ছিল ২০৭, তারপর সেটাকে বাড়িয়ে ১৯৫৬ সালে স্যাংশনড স্ট্রেংথ করা হয়েছিল ২২৪। এই স্যাংশনড স্ট্রেংথএ পেঁছায় নি, বরং ছাত্রসংখ্যা কমে যাচ্ছে: এর কারণ অনুসন্ধান করেছিলেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সামান্য কিছু কমেছে, বেশী ত কমে নি।

Dr. Suresh Chandra Banerjee:

ক্রমশঃ কমে যাচ্ছে কেন? একটা পলিটেকনিক ইনস্টিটিউশনএ ছাত্রসংখ্যা বাড়বে এইটাই আমরা আশা করি। ছাত্রসংখ্যা কমে যাবে এটা ভাল কথা নয়। এ সম্বন্ধে গভর্নমেন্টের তরফ থেকে কোন অনুসন্ধান হয়েছিল কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Is it not argumentative?

Mr. Speaker: You can say "I am not aware of it".

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The decrease was so slight that it needed no enquiry.

Dr. Suresh Chandra Banerjee:

আমার প্রশ্নের উত্তর দেওয়া হয় নি। কেন কমে গেল? গভর্নমেন্টের তরফ থেকে এ সম্বন্ধে কোন অনুসন্ধান করা হয়েছিল কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

স্লাইট কমেছে।

Dr. Suresh Chandra Banerjee:

এটাকে আপনি স্লাইট মনে করেন?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Panchugopal Bhaduri:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই ইনস্টিটিউশনএ ছাত্রসংখ্যা বাড়ানর জন্য কোনপ্রকার এনকারেজমেন্ট বা ইনডিউসমেন্টএর ব্যবস্থা হয়েছে কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

কোন স্কুলেই ছাত্রসংখ্যা বাড়ানর জন্য এ রকম কোন ব্যবস্থা নাই।

Sj. Sunil Das: Will the Hon'ble Minister be pleased to state whether about Rs. 8,878 was surrendered out of a total grant of Rs. 24,000 for the year 1956-57 which was meant for hostel allowance to students at the rate of Rs. 10 per student—i.e., for 200 students at the rate of Rs. 10 per student the grant was Rs. 24,000—is it not a fact that out of it about Rs. 8,000 was surrendered for lack of distribution to students or, for that matter, for lack of students?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Does it arise?

Mr. Speaker: I appreciate the strength of your question, but I thought it could not be answered offhand. You should have put that question specifically. I know it is an important question.

Sj. Sunil Das: I thought the Minister knows better whether it should be answered or not.

Mr. Speaker: In the first place, I have to decide that. I think the Minister has already said something about this. Have you got anything to say?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: All partinent questions have been answered and I am not prepared to answer any question that does not arise out of this question.

Filling up of the post of Principal, Burdwan Raj College

***62.** (Admitted question No. *542.) **Sj. Benoy Krishna Chowdhury:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state if it is a fact—

(*i*) that an advertisement was published in the newspapers in May, 1956, for filling up of the post of Principal of Burdwan Raj College on old scale of pay; and

(*ii*) that the Education Department intimated the District Magistrate of Burdwan in November, 1956, that the Governing Body of the College need not pursue with the applications received in response to the advertisement for the Principal and that the Department had already fixed up one for the post of Principal

(*b*) If the answers to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what was the reason for taking such a measure and under what rules?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (*a*)(*i*) Government have no such information. The Burdwan Raj College was taken over under the Government-sponsored scheme with effect from July, 1956.

(*ii*) No such communication was made. A Principal was selected through the Public Service Commission.

(*b*) Does not arise.

Sj. Phakir Chandra Ray: What is the difference between a sponsored college and a Government-managed college?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sponsored college is college which is not directly under Government administration. It is only set up with the help of Government.

Mr. Speaker: Like an aided school?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Yes, it is like an aided school. Government institutions are under the direct management of the Government.

Night Schools

*63. (Admitted question No. *445.) **Sj. Saroj Roy:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে যত Night School আছে সেইগুলির জন্য মাসে কত টাকা সরকারী খরচ দেওয়া হয়;

(খ) Night School-গুলির উন্নতি করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, তাহা কিরূপ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) এবং (গ) বয়স্কশিক্ষার প্রসার ও উন্নতিকল্পে প্রতিটি জাতীয় সম্প্রসারণ অঞ্চলে (N. E. S. Block) একজন সমাজশিক্ষা-সংগঠক ও একজন সমাজশিক্ষা-সংগঠিকার তত্ত্বাবধানে দশটি অথবা ততোধিক বয়স্ক (সমাজ)-শিক্ষাকেন্দ্র স্থাপন করার পরিকল্পনা গৃহীত হইয়াছে এবং তদনুযায়ী কাজ শুরু হইয়াছে।

Sj. Saroj Roy:

আপনি যে স্টেটমেন্ট টেবিল দিয়েছেন তাতে পূর্ণাঙ্গ সমাজ-শিক্ষাকেন্দ্রকে এক রকম করা হচ্ছে, আর অক্ষর-শিক্ষাকেন্দ্রকে আর এক রকম করা হচ্ছে। এতে বলা হয়েছে যে প্রতিটি স্কুলে পড়াবার, লেখাবার বই ইত্যাদি দেবার জন্য ৫ টাকা স্যাংশন আছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, এই স্যাংশনড ৫ টাকায় বই, খাতাপত্র, স্লেট, পেন্সিল ইত্যাদি কেনা কি সম্ভব হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Does that question arise?

Mr. Speaker: Please put your question properly.

Sj. Saroj Roy:

মিঃ স্পীকার, স্যার, আমি আপনাকে অনুরোধ করছি, আপনি এটা দেখুন, এর উত্তর দেওয়া যায় কিনা?

Mr. Speaker:

আপনি ঠিকমত প্রশ্ন করুন।

Sj. Saroj Roy:

উনি যে স্টেটমেন্ট টেবিল দিয়েছেন তাতে বলা হচ্ছে যে পূর্ণাঙ্গ সমাজকেন্দ্র বলে যে সকল স্কুল খুলেছেন তার প্রতিটি স্কুলে বই, লেখবার খাতা, স্লেট, পেনসিল ইত্যাদি সবের জন্য পাঁচ টাকা বরাদ্দ আছে মাসে। আমার প্রশ্ন হল, এই পাঁচ টাকায় স্কুলের কোন কাজ হয় ছাত্রদের জন্য?

Mr. Speaker:

আপনার কাছে কোন খবর আছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

পাঁচ টাকায় কোন কাজ হয় কিনা—দ্যাট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন।

Sj. Saroj Roy:

উনি বলেছেন, প্রত্যেকটি জাতীয় সম্প্রসারণ অঞ্চলে এন-ই-এস ব্লক আছে, আর যেখানে এন-ই-এস ব্লক হয় নি সেই সমস্ত জায়গায় নাইট স্কুল করার ব্যবস্থা কিভাবে করা হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সেখানে এ্যাডাল্ট এডুকেশন স্কীমএ নাইট-স্কুল পরিচালনা করা হয়।

Sj. Saroj Roy:

এন-ই-এস ব্লকএ দশটি বা ততোধিক বয়স্ক-শিক্ষাকেন্দ্র স্থাপন করবার পরিকল্পনা আছে; আর যেখানে এন-ই-এস ব্লক হয় নি, সেখানে সংখ্যা কত?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সেখানেও এ্যাডাল্ট এডুকেশন স্কীম অনুসারে নাইট-স্কুল আছে।

Sj. Saroj Roy:

আমার প্রশ্ন ছিল, সেখানের সংখ্যা কত? আপনি উত্তরে বলেছেন, ১০টি বা ততোধিক বয়স্ক-শিক্ষাকেন্দ্র স্থাপন করবার পরিকল্পনা সেই সমস্ত এন-ই-এস ব্লকএর জায়গায় আছে; কিন্তু এন-ই-এস ব্লকএর বাইরে কোন সংখ্যা নির্ধারিত হয় নি। সেই সংখ্যা কত, মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এন-ই-এস ব্লকএ যে সংখ্যা তা বললাম। বাইরের জন্য যদি জানতে চান তাহলে নোটিস চাই।

Sj. Saroj Roy:

আমার প্রশ্নে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চল বলে ছিল। আপনি তার উত্তর না দিয়ে, সম্প্রসারণ এন-ই-এস ব্লকএর কথা বলেছেন।

Mr. Speaker: You mean it also covers areas not included in the N.E.S. Block?

Sj. Saroj Roy: Yes, Sir.

Mr. Speaker: He has understood it in a different way. Therefore, he cannot answer it.

Sj. Saroj Roy:

এই যে স্কুলগুলি করছেন, সেগুলি কোন পপুলেশন বেসিসএ করেছেন? অর্থাৎ কত জনসংখ্যার ভিত্তিতে একটা করে স্কুল করা হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

পপুলেশন বেসিসএ তা করা হয় না।

Sj. Saroj Roy:

তাহলে কিসের ভিত্তিতে এই স্কুলগুলি করা হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

যেখানে পপুলেশন বেশী আছে সেখানে করা হয় কিন্তু পপুলেশন বেসিসএ অর্থাৎ লোকসংখ্যা অনুপাতে করা হয় না।

[3-30—3-40 p.m.]

Sj. Ajit Kumar Ganguli:

এই নিরক্ষরতা দূর করবার জন্য যে শিক্ষক নিয়োগ করেছেন তার কি যোগ্যতা আছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

শিক্ষকের যোগ্যতা—তিনি শিখাতে পারলেই হল, এম-এ, বি-এ, পাশ না হলেও চলে।

Sj. Ajit Kumar Ganguli:

এদের কি শিক্ষা আছে, ক্লাস এইট, সেভেন, না মাইনর পাস, কি?

Mr. Speaker:

আপনারা ত জানেনই। হয় গুরু ট্রেনিং স্কুল, না হয় ঐরকম কিছু।

Sj. Saroj Roy:

এই নাইট-স্কুলএর শিক্ষকদের মাইনে কত?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

বিবরণীতে দেওয়া আছে।

Sj. Saroj Roy:

আমার প্রশ্ন হল, এই নাইট-স্কুলএর শিক্ষক বা কোন শিক্ষকের ১০ টাকা বেতনে চলে কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

পূর্ণাঙ্গ সমাজ-শিক্ষাকেন্দ্রে শিক্ষকদের ভাতা হচ্ছে ৩০ টাকা, আর এদের ভাতা হচ্ছে ১০ টাকা।

Sj. Saroj Roy:

যেটা আঞ্চলিক শিক্ষাকেন্দ্র সেখানে মাষ্টারকে যে পরিমাণে খাটতে হয় সেই পরিমাণেই পূর্ণাঙ্গ শিক্ষা কেন্দ্রের শিক্ষকদের খাটতে হয়, তাহলে একজনকে ১০ টাকা আর একজনকে ৩০ টাকা কিসের ভিত্তিতে দিচ্ছেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

দুইজনের শিক্ষকতায় পার্থক্য আছে।

Sj. Saroj Roy:

১০ টাকা শিক্ষাভাতায় তার চলে কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

ভাতা মানে মাইনে নয়, ভাতা মানে এ্যালাউয়েন্স, ভুল করবেন না।

Sj. Ajit Kumar Ganguli:

মেয়েদের নিরক্ষরতা বলে কিছু জানেন কি?

Mr. Speaker:

আইনে ছেলেমেয়ের কোন তফাত নেই।

Sj. Ajit Kumar Ganguli:

মেয়েদের নিরক্ষরতা দূর করার কি করেছেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

নাইট-স্কুল মেয়েদের জন্য, যদি কোন মেয়ে স্বেচ্ছায় কোন স্কুল করতে চান তাহলে সেখানে করা যেতে পারে। নাইট-স্কুলএ মেয়েদের আসবার কোন বাধ্যবাধকতা নেই।

Sj. Ajit Kumar Ganguli:

নাইট-স্কুলএ মেয়েদের আসবার বাধা আছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এর জবাব দিয়েছি।

Sj. Hemanta Kumar Ghosal:

এই যে স্টেটমেন্টএ নৈমিত্তিক খরচ ১০ টাকা লেখা আছে এটা কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

নৈমিত্তিক খরচ ইংরাজীতে যাকে বলে কন্টিন্‌জেন্সী অর্থাৎ আলো, তেল হতে পারে বা ঐরকম সব জিনিস।

Sj. Hemanta Kumar Ghosal:

আপনি এই যে বলেছেন ১০ টাকা বেতন দিয়ে নাইট-স্কুলএ প্রাথমিক শিক্ষক এনেছেন এখানে আমার প্রশ্ন হচ্ছে, ঐরকম ১০ টাকা বেতনে মাস্টার পাওয়া গিয়াছে কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

অনেক পাওয়া গিয়েছে।

Sj. Gopal Basu:

সরকারী উদ্যোগ ছাড়া গ্রামের লোকেদের উদ্যোগে যদি ঐরকম কোন নাইট-স্কুল হয় তাহলে তাকে সাহায্য দেবার ব্যবস্থা আছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আছে।

Sjkta. Manikuntala Sen:

(খ) এবং (গ)এর উত্তরে বলেছেন যে, বয়স্ক শিক্ষার প্রসার ও উন্নতিকল্পে প্রতিটি জাতীয় সম্প্রসারণ অঞ্চলে (এন-ই-এস ব্লক) একজন সমাজ-শিক্ষাসংগঠক ও একজন সমাজ-শিক্ষা-সংগঠিকার তত্ত্বাবধানে ১০টি অথবা ততোধিক বয়স্ক সমাজ-শিক্ষাকেন্দ্র স্থাপন করার পরিকল্পনা গৃহীত হইয়াছে এবং তদনুযায়ী কাজ শুরু হইয়াছে। এই পরিকল্পনা কবে গৃহীত হয়েছে এবং কি পরিমাণে কাজ হয়েছে তার কি একটা হিসাব দেবেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

প্রগ্রেস যদি জানতে চান তাহলে নোটিস চাই।

Sjkta. Manikuntala Sen:

এই পরিকল্পনা কি সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান অনুযায়ী হয়েছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

না, আগে থেকেই এই পরিকল্পনা হয়েছিল।

Sjkta. Manikuntala Sen:

এই পরিকল্পনা কবে গৃহীত হয়েছিল বলবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

প্রায় ১০ বৎসর আগে গৃহীত হয়েছিল।

Sj. Jagannath Majumder:

মাননীয় সভাপাল মহাশয়, বিলের বড় কথাগুলো আমার আগের বক্তারাই বলে গেছেন। কিন্তু আমি এ কথাটা আমাদের অর্থমন্ত্রী মহাশয়ের সামনে না তুলে পারছি না যে একটু আগে বাদানুবাদকালে বলা হয়েছিল যে আমরা অপোজড টু অল ট্যাক্সেশন, একথা আমরা সকলে সত্য বলে মনে করি না এবং বিরোধী পক্ষীয় সদস্য সকলে তা ভাবেনও না। দেশের পুনর্গঠনের জন্য টাকা চাই। ট্যাক্স যখন চাইছেন, যেটার সম্বন্ধে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, সেই ট্যাক্স গরীব মানুষের উপর সীমা ছাড়িয়ে চলে গিয়েছে। সেখানে উপরে যাঁরা রয়েছেন তাঁদের উপর ট্যাক্স করুন, আমরা তার বিরোধিতা করি না। আমরা ত সকল ট্যাক্সের বিরোধী নই। গরীবের সব পকেট ফুটো হয়ে গেছে। (অনারেবল সিদ্ধার্থ শঙ্কর রায়ঃ তাদের পকেট আছে?) ফুটো পকেট আছে নীচু অবধি হাত চলে যাবে। মাননীয় মন্ত্রী মহাশয় বিচক্ষণ ব্যক্তি, তাঁর বুদ্ধি আছে, তিনি কনভারসনএর নাম কোরে পাঁচ আনা যেটা বেড়েছে সেটার উল্লেখ রাখলে তাঁর সদুদ্দেশ্য রয়েছে বলতাম। এইটুকু থাকলে আমরা বুঝতাম গরীব মানুষের চার টাকা এগার আনার জায়গায় পাঁচ আনা ট্যাক্স হল। তার জন্য লড়াই, তার জন্য বাদানুবাদ সব। কিন্তু এমনভাবে কথাটা তুললেন তাতে মনে হবে সেখানে যেন কনভারসনএর জন্য বেড়ে গেল। এর মধ্যে বেড়ে যাওয়ার কথাটা সেখানে নাই। একথাটা বললে ভাল হত। আমি আপনাদের সামনে এই কথাটা রাখছি—যে দেশ গঠনের জন্য ট্যাক্সের প্রয়োজন আছে, তার জন্য রাস্তাও ছিল; কিন্তু মনুষ্যত্বের দিকটা চিন্তা করতে হয়, মানুষ মায়ামমতা অনেক কিছু আশা করে। শুধু দেশ গঠন হবে, এই গঠনতান্ত্রিক মনোভাব তার সঙ্গে গ্রহণতান্ত্রিক মনোভাব এত প্রবল হচ্ছে যে মানুষ গ্রহণের ঠেলায় আর যেন গঠন চাইছে না। ফলে হচ্ছে যে হ্যাঁ, বললেই মনে হবে যেন আপনারা আরও চাইবেন। আমি আপনাদের সামনে আমার এক সংশোধনীর মারফত একটা প্রস্তাব তুলেছিলাম। সে সম্বন্ধে আমি আর বলব না। আমি বলব কনভারশনএর জন্য অনিচ্ছা সত্ত্বেও যখন বেড়ে গেল, তাহলে ঐ চার টাকা এগার আনার কথায় মাননীয় দাশ মহাশয় যেটা বলেছেন সেখানে চার টাকা রেখে এগার আনাকে নয়া পয়সা করতে পারতেন। তা না করে আপনারা করছেন তিনের যায়গায় পাঁচ নয়া পয়সা; চার টাকা এগার আনার জায়গায় পাঁচ টাকা দ্বিতীয় নম্বর, এর সঙ্গে আর একটা জুড়ে দিতে পারতেন যে এখানে পড়ার বই, শ্লেট, যেগুলির আয় কম হয় অথচ মানুষের দৈনন্দিন জীবনে অত্যন্ত প্রয়োজনীয় যেখানে দু-এক আনা ছাড়লেও আপনাদের আয়ের ক্ষতি হবে না, লোকেরা অন্ততঃ মনে করবে যে আপনাদের মায়াদয়া আছে, এবং আপনারা ছেলেপিলের লেখাপড়ার কথা ভাবেন। এই জেসচারটুকু গ্রহণের কথা ছিল। আমি যে শ্লেট পেন্সিলের কথা বলেছি, যতদূর জানি তাতে আদায় হয় হাজার পাঁচেক টাকার বেশী নয়। সেখানে আমরা আশা করব মুখ্যমন্ত্রী মহাশয় যেখানে কোটি টাকা পাচ্ছেন সেখানে

পাঁচ-ছয় হাজার টাকা ছেড়ে দিয়ে সেই মাত্রামমতা দেখাবেন এটা কি লোকে আশা করতে পারে না? এই সামান্য পরিবর্তনটুকু যদি করেন তাহলে আমরা ভাবতে পারব—মন্ত্রী মহাশয়ের যেমন নেবার ক্ষমতা আছে তেমনি দেবার সামর্থ্যও রয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, there are several questions which have been put in connection with this Bill which I still maintain is a formal Bill which has no relation whatsoever to the discussion before the House. I ask, the man who is now paying 3 paisa, if he goes to the bank does he get 5 naye paise instead or he gets 4 naya paise instead. If he gets 5 naye paise, that is the standard of conversion. If Government get 5 naye paise and they put it to the bank, does the bank give them 3 pice or 2½ pice? The argument put forward is that by this method lakhs and lakhs of rupees will come. Wherefrom will they come? I wish the gentleman who said this will some day become Finance Minister and will find out wherefrom that comes.

With regard to the next question, my friend made a confusion between the Central Tax Laws which have been passed last year and the proposal for having collection from three objects, viz., textiles, sugar and cigarette, in order to avoid evasion of taxes.

[4-40—5-5 p.m.]

The two are entirely different. My friend is a great lawyer but he has misquoted me when he said that I had put in these things of taxation simply because the Finance Commission or the Government of India have not given us the allocation of income-tax on population basis. I never said that—nothing of the sort. He has evolved it in his own mind. He has been living in the world of his own but it would not be possible for him also to conduct affairs in that world without taxation. I do not find where the inconsistency lies. The Government of India have laid down decimal coinage and that is not our seeking. We must adjust ourselves to the new coinage. In course of this adjustment some States may find some difficulties and others may find it helpful. That is a matter of accident.

With regard to the question as to why we have asked for the removal of part of section 27 it is because the Government of India have passed a new Bill in the form of an Act and so it is not necessary for us to put it in there. As regards the exemption which I have asked for the reason is that we have already passed this particular item, namely, "flashing point below 76 degrees Fahrenheit" has been exempted.

As regards my friend Dr. Narayan Roy's suggestion, he is blowing hot and cold—he wants reduction in some cases and says at the same time as to how we shall carry on without taxes. Sir, you cannot have both ways. I oppose the motion for circulation.

The motion of Dr. Kanailal Bhattacharya that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1957, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1957, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1957, be taken into consideration, was then put and agreed to

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[5-5—5-15 p.m.]

Clause 2

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 2(1), in line 2, for the words "five naye paise" the words "three naye paise" be substituted.

I move also that in clause 2(2), in line 3, for the words "five naye paise" the words "three naye paise" be substituted.

মিঃ স্পীকার, স্যার, আমার সংশোধনী প্রস্তাব হচ্ছে এই যে, বিলে বিক্রয় করের হারকে যে টাকা পিছু পাঁচ নয়া পয়সা করার প্রস্তাব করা হয়েছে আমি তাকে কমিয়ে তিন নয়া পয়সা করতে চাই। আমার এই সংশোধন প্রস্তাবের কারণ হল—বর্তমানে বিক্রয় করের হার হল শতকরা ৪$\frac{১১}{১৬}$। সরকার এই বিলের দ্বারা বিক্রয় কর ধার্য করতে চাচ্ছেন তাতে দাড়াবে শতকরা ৫। আমি এই কর বৃদ্ধির চেষ্টার প্রতিবাদ করি। মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় এই বিলের প্রথম রিডিংয়ের সময় বলেছিলেন যে, কোন লোক যদি তিন পুরাণো পয়সা দেয়, তাহলে সে তার বদলে পাঁচ নয়া পয়সা পায়। এটা ঠিক। কিন্তু আমার প্রশ্ন এখানে নয়। আমার প্রশ্ন হল—লোকের উপর কর ধার্য করার ক্ষেত্রে সরকারের কি নীতি হওয়া উচিত? সরকার কি অধিকতর হারে কর ধার্য করবেন, না, সেখানে এ্যাপ্রোক্সিকেশনএর প্রশ্ন উঠছে সেখানে কম হারে কর ধার্য করবেন? আমি মনে করি যে, বিক্রয় কর নাম থাকলেও আদতে তা বিক্রয় কর নয়, তা হল ক্রয় কর। যারা বিক্রয় করে তারা এই কর দেয় না; যারা ক্রয় করে, তারাই এই কর দেয়। খুচরা ক্রেতাদের এই কর দিতে হয়। তাদের উপর কর কম করার দরকার। সেজন্য পুরাণো পয়সাকে নয়া পয়সায় পরিবর্তন করার যে যুক্তি ডাঃ রায় দিয়েছেন তা এখানে খাটে না। আমার প্রস্তাব গ্রহণ করে তিন নয়া পয়সা করলে একদিকে জনসাধারণের উপর করের চাপ কমবে—অন্যদিকে সরকার যে লাভের উদ্দেশ্যে এই বিল আনেন নি তাও প্রমাণ হবে।

এ ছাড়া আমার দ্বিতীয় যুক্তি হচ্ছে এই যে, বহু রাজ্যে এক পয়সা হারে বিক্রয় কর চালু আছে, আমাদের এখানে সেরকম কিছু নেই। আমি তা করতে চাই। যদি এই বিক্রয় করকে মূল বিন্দুতে স্থানান্তরিত করা হয় শেষ বিন্দুতে কর ধার্য না করে তাহলে অনেক বেশী করা উঠবে। সিগারেট প্রভৃতির ক্ষেত্রে ফার্স্ট পয়েন্টে ট্যাক্স করা হয়েছে এবং তাতে টোটাল কলেকসন অব সেলস ট্যাক্স অনেক বেড়ে গেছে। সেদিক থেকে আমার মনে হয় যে, সত্যই যদি এই রাজ্যের রাজস্ব আয় বাড়াতে চান তাহলে লাস্ট পয়েন্টে ট্যাক্স করার নীতি ছেড়ে দিয়ে ফার্স্ট পয়েন্টে ট্যাক্স করুন। মূলে ট্যাক্স ধার্য করলে একদিকে যেমন কেবলমাত্র বড় ধনী এবং ম্যানুফাকচারারদের উপর করের বেঝা পড়বে এবং সাধারণ মানুষ ট্যাক্সের আওতা থেকে বাঁচবে অন্যদিকে তেমন সরকারের রাজস্ব আয়ত বৃদ্ধি পাবে। মোট কথা আমার বক্তব্য হচ্ছে এই যে, বর্তমান বিক্রয় করের যে হার আছে তাকে কমিয়ে দিয়ে টাকা প্রতি তিন নয়া পয়সা করা হউক।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I oppose the amendments of Sj. Subodh Banerjee who has indulged in a bit of casuistry. He says why you are taking advantage of the new decimal coinage, reduce it to 3 naye paise, i.e., where we were getting 4 11/16 per cent. take 3 per cent. Therefore, his proposition boils down to this, that it is not a question of increasing but decreasing the sales tax.

Then he says that there are States which take only one pice as sales tax. Generally my friend Shri Subodh Banerjee is very correct in his statement, but here, I am afraid, he forgets or he has omitted to mention that there are States where they charge one pice but that is a multiple-point tax. In the case of Bihar, for instance, they have got taxes varying from one pice to four pice. In Bombay also they have got several takes on the same commodity starting from the time of its manufacture in the mills শিথিল the time when it is sold by the retail dealer.

বহার করছি

I oppose both these amendments.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2(1), in line 2, for the words "five naye paise" the words "three naye paise" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2(2), in line 3, for the words "five naye paise" the words "three naye paise" be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 4 in line 3, after the words "shall be omitted" the words "and in the Schedule to the said Act after item 46 add a new item '47 Slate and Slate Pencil' " be inserted.

মাননীয় স্পীকার মহাশয়, আমার এ্যামেন্ডমেন্টটা সিম্পল। আমি লিখেছিলাম—

"in the schedule to the said Act after item 46 and a new item '47 Slate and Slate Pencil,".

আমার বক্তব্য হচ্ছে, আমি সেটাই বলছি যে, যেমন একটা রাষ্ট্র গঠনের জন্য কর ধার্যের নীতি আছে, প্রয়োজনও আছে, তেমনি মানুষের সুখদুঃখ ভেবে ছেড়ে দেবার নীতিও আছে। সেজন্য যে স্টেট গ্রহণ করবে সেই স্টেট যেটা ছেড়ে দিতে পারে বা যেটা ছেড়ে দেওয়া দরকার সেটা ছেড়ে দেবে। আমি যেটা বলছিলাম, স্লেট পেন্সিলএর প্রয়োজন খুব বেশী নয়। সেজন্য আমি সংশোধনী প্রস্তাবে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে, অন্ততঃ একটি জেস্চার হিসাবে পিপলএর ছোট ছোট সাফারিং যেখানে গভর্নমেন্ট রিলিফ করতে পারেন—

relief without great disturbance to their economy.

সেগুলি সম্বন্ধে মাননীয় রাজস্বমন্ত্রী যেন একটু অবহিত হয়ে বিবেচনা করেন—এইজন্যই আমি সংশোধনী প্রস্তাব এনেছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I oppose the amendment.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 4, in line 3, after the words "shall be omitted" the words "and in the Schedule to the said Act after item 46 add a new, item '47 Slate and Slate Pencil' " be inserted, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1957

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce the Bengal Electricity Duty (Amendment) Bill, 1957.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1957, be taken into consideration.

Sir, the Bill proposes, first, that the rates of duty should be in terms of decimal coinage and, secondly, it extends the scope of duty to cover electricity consumed for purposes other than fans and lights. Sir, the Taxation Enquiry Commission made exhaustive enquiries in different States regarding this partiular point as to whether electricity used for industrial purposes should not also be charged—it may be a small amount but it should also be charged. Sir, the present Act is dated 1935 and you will notice that this Act begins by saying "An Act to levy a duty on electrical energy consumed for lights and fans in Bengal". Therefore, the whole Act then framed was on the basis of levying a duty on electrical energy consumed for lights and fans only in Bengal. We feel that as things are going on, people are using more and more electrical energy for purposes other than lights and fans. Therefore, we have, as a preliminary step, suggested a small duty on the electrical energy consumed by various people, apart from its being used for lights and fans. Today it is very common to see people using refrigerators, heaters, etc., the consumption of energy for which is exempt from duty. In other States like Bombay, Uttar Pradesh and Mysore, they levy electricity duty on power consumed by the industry. I repeat again that there is no hide and seek policy about it. People may dislike it and members may say that they do not like any new tax, but, as I have said the other day, if you want to carry on administration and put in various schemes of development, if you want to put in more tubewells, if you want to put in more schools, more hospitals, more amenities for sick persons and so on, money must be found. There is no Gauri Sen who will give you money all the time if you do not exert yourself.

There is another aspect to the question. Whenever we go up to the Government of India for any help for a particular matter, they always insist upon finding out to what extent we have tried to get more resources ourselves. This is as it should be—human nature is like that. If you find a man is trying to get a job himself, it is possible that he should be helped in getting the job. But if you find that the person is not doing anything himself, he is merely depending on somebody's help, it is merely a question of giving dole or charity which we do not think is the correct thing to do. We have, therefore, suggested that we should charge a very small duty of one naya paisa per unit of electricity consumed for purposes other than lights and fans and in the case of small industries and cottage industries and also in the case of those who are having electrometallurgical furnace. If the total cost of electricity consumed in that industry is not less than 20 per cent. of the total cost of manufacture, we have proposed a charge of one-third naya paisa per unit, i.e., for three units we shall charge one naya paisa which means for every unit it is one-third naya paisa.

[5-15—5-25 p.m.]

The Taxation Enquiry has found that a very small fraction of the cost manufacture is involved in the cost of electricity for ordinary purposes no case they say they have heard that the total cost of electricity ... facture exceeds 2 per cent. Therefore, we feel that those wh ... বহার করছি

electricity in industrial undertaking and the cost of energy consumed is not less than 20 per cent., then only these particular industries will be charged at 1 nP. for 3 units.

With these words I move that the Bill be taken into consideration.

Dr. Kanailal Bhattacharjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1957.

Sj. Sunil Das: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1958.

স্যার, আমার একটা সার্কুলার মোশন আছে এই বিলের জন্য। আমার মোশন হল, ৩১শে জানুয়ারী, ১৯৫৮ সাল পর্যন্ত এই বিলটা সার্কুলেট করা হোক। কেন আমি এই মোশন উত্থাপন করেছি, তার কারণ হিসেবে বলছি—এই বিল উত্থাপনের সময় আমাদের ফাইন্যান্স মিনিস্টার বলেছেন, আয় বাড়াতে হবে। আয় তো নিশ্চয়ই বাড়াতে হবে। আমি একথা বলছি না আয় বাড়াবার জন্য কোন রকম চেষ্টা বা ব্যবস্থা করা হবে না। কিন্তু কথা হলো, আয় বাড়াবার যে পদ্ধতি বা পন্থা আমরা গ্রহণ করবো তার ঝোঁক কোথায়? আমাদের ফাইন্যান্স মিনিস্টারএর কাছ থেকে শুনলাম আমাদের নাকি গৌরী সেন নাই। কেন? গৌরী সেনরা তো রয়েছেন ঐ ট্রেজারী বেঞ্চে, এক চোখা হরিণের মত। তাদের ঐ এক চোখে কেবল সাধারণ মানুষের নিত্যব্যবহার্য সমস্ত জিনিসের উপর ট্যাক্স বাড়াবার ঝোঁক। ইলেকট্রিসিটি একটা লাক্সারী বা বিলাসদ্রব্য নয়; সাধারণ মানুষের নিত্যব্যবহার্য অতি প্রয়োজনীয় একটা উপাদান হিসেবে ইলেকট্রিসিটি আজকে সকলের ঘরে ঘরে এসে দাঁড়িয়েছে। লাইট এ্যান্ড ফ্যানএর উপর এতকাল ডিউটি বসান ছিল। এই বিল উপলক্ষে সুযোগ পেয়েছি ১৯৩৫ সালের ইলেকট্রিসিটি এ্যাক্টএ যে অবিচার ছিল, তা সংশোধন করে নতুন করে আমরা নতুনভাবে আয় বাড়াবার চেষ্টা করতে পারি কিনা, তার পথ খুঁজবার। কিন্তু আমাদের ফাইন্যান্স মিনিস্টার সে দিক থেকে নতুন পথের কোন সন্ধান আমাদের দেন নাই। বরং আজকের এই চড়া বাজারে সবচেয়ে বেশী যারা অপারগ কোন রকম নতুন করের বোঝা বহন করতে তাদের উপর তিনি বেশী করে ডিউটি চাপাবার জন্য এই প্রস্তাব উত্থাপন করেছেন এবং আমাদের হাউসের সম্মতি চাচ্ছেন। আজ এই বিল উত্থাপন কালে ফাইন্যান্স মিনিস্টার এ কথা বললেন না এতকাল বা এতে কত আয় হতো, এই ইলেকট্রিসিটি ডিউটি এ্যাক্টএর ফলে লাইট এ্যান্ড ফ্যানএর উপর দু পয়সা করে ডিউটি ছিল। তার ফলে কত আয় হতো এবং তার এ্যাডমিনিস্ট্রেটিভ খরচই বা কত ছিল? অর্থাৎ এই ইলেকট্রিসিটি ডিউটি আদায় করবার জন্য কত ব্যয় হতো এবং আয় আর ব্যয়ে ব্যবধান কত? যেটা আয় হতো তার সব কি খরচ হয়ে যেত, না, কিছু উদ্বৃত্ত থাকতো? এই সব কথা শুনলাম না, বা জানলাম না। যেভাবে তিনি আমাদের কাছে প্রস্তাবটি উত্থাপন করেছেন, তা যদি কার্যকরী করা হয়, তাহলে কত আয় বৃদ্ধি পেতে পারে পশ্চিমবাংলা সরকারের এক্সচেকারএ? এ সম্বন্ধে আমরা কোন রকম কিছু সংবাদ পেলাম না আমাদের ফাইন্যান্স মিনিস্টারএর কাছ থেকে। আমার বক্তব্য হচ্ছে, আজকে সাধারণ লোক লাইট, ফ্যান ব্যবহার করে, হিটার, কুকার, রেফ্রিজারেটার এই সমস্ত জিনিস সাধারণ লোক ব্যবহার করে থাকে। ১৯৩৫ সনের আইনে যেসমস্ত ক্ষেত্রে ডিউটি থেকে এক্সেম্পশন করা হয়েছে, তার মধ্যে

Local authority, Railway Administration, Tramway Company, Mines as defined in the Indian Mines Act, 1923, Industrial undertakings

ইত্যাদি নতুন বিলে, যেটা আইনে পরিণত করবার জন্য উত্থাপন করেছে তার আওতায় ট্রামওয়ে কোম্পানী, মাইনস ও ইন্ডাস্ট্রিয়াল আন্ডারটেকিং আসবার চেষ্টা করেছেন। লাইন, ফ্যান, হিটার, কুকার, রেফ্রিজারেটার এই ধরনের নিত্যব্যবহার্য প্রয়োজনীয় জিনিসগুলি—যা সাধারণ লোকের ব্যবহার করে আসছে—তার উপর যে করের বোঝা ছিল, তা কমাস তো দূরের কথা, তা তিনি চালু রেখেছেন এবং কোন কোন ক্ষেত্রে তা বাড়াবারও চেষ্টা করেছেন। আমার বক্তব্য হলো, তিনি নতুন কর বসাবার ব্যবস্থা করুন—যাঁরা বহন করতে পারেন তাঁদের উপর সেই করের বোঝা চাপান। যাঁরা বহন করতে পারেন না তাঁদের উপর কেন এই এক্সজেম্পশন লিস্টএর জিনিসগুলি

আনা হবে, তার কারণ আমরা খুঁজে পাচ্ছি না। আইনের ৩ ধারায় লিস্ট ক'রে কেন করা হবে না? আজকের এই আয়ের টাকাটা যাবে কোথায়? যদি এটা বুঝি যে ইলেকট্রিসিটি ডেভেলপমেন্ট-এর জন্য এই আয়ের টাকা ব্যয় হবে তাহলে একটা কারণ খুঁজে পাই। আজ আমরা জানি বাংলাদেশে অত্যন্ত পাওয়ার সর্টেজ হয়েছে। ক্যালকাটা ইলেকট্রিক করপোরেশনএরও পাওয়ার শর্টেজ হয়েছে বলে তারা ডি-ভি-সি থেকে পাওয়ার নিচ্ছেন। বোকারো থার্মাল পাওয়ার স্টেশনএর পাওয়ার সর্টেজ হয়েছে। সেজন্য নতুন করে জেনারেটর বসান হচ্ছে ডি-ভি-সিতে ও দুর্গাপুরে। তার পাওয়ার ক্যাপাসিটি নাকি ১৯৬১ সালে ফুরিয়ে যাবে। আমরা আজ বুঝতে পারলাম না এ থেকে যে আয় হবে তা কি দুর্নীতির জন্য ব্যয় করা হবে, না, যেসমস্ত দপ্তর দুর্নীতির জন্য প্রসিদ্ধি লাভ করেছে, তার সুড়ঙ্গ পথ তৈরীর জন্য ব্যয় করা হবে? আজকে আয় যদি বাড়াতে হয় তাহলে ক্যালকাটা ইলেকট্রিসিটি করপোরেশন যে প্রচুর মুনাফা করছে তার একটা অংশ কেন আমরা পশ্চিমবঙ্গের জনসাধারণের জন্য আদায় করবো না? ঐ যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড রয়েছে তার জন্যও প্রচুর টাকা ব্যয় হচ্ছে। ক্যালকাটা ইলেকট্রিসিটি করপোরেশন দুই কোটি টাকার উপর মুনাফা লুটছে। যদি এই স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে কমার্সিয়াল লাইনএ চালাবার ব্যবস্থা করা হয় তাহলে তা থেকে একটা আয়ের সংস্থান করা যায়। সে চেষ্টাও এর মধ্যে আমরা দেখছি না। আমরা এখানে বছরে বছরে বাজেট আলোচনা করবার সময় স্টেট ইলেকট্রিসিটি বোর্ডএর বিরুদ্ধে যেসমস্ত দুর্নীতির অভিযোগ শুনে আসছি, তার জবাব দেওয়া দূরে থাক তাকে আরো সুরক্ষিত করবার চেষ্টা করা হচ্ছে; আয় বৃদ্ধিরও কোন চেষ্টা হচ্ছে না। এ সম্বন্ধেও আমরা কিছু জানতে পারলাম না।

তারপর ইলেকট্রিসিটি রেটসএর কথা। বাংলাদেশের বিভিন্ন শহরে ইলেকট্রিসিটি রেটস যা রয়েছে, সেই রেটসগুলি সাধারণ লোকের উপর অত্যন্ত বোঝাস্বরূপ। তার উপর আবার বোঝার উপর শাকের আঁটি হিসেবে ডিউটি বসাবার চেষ্টা করছেন। সেই রেটগুলি আমি একটু পড়ে শোনাবার চেষ্টা করছি। তার উপর আর ডিউটি চাপান উচিত কিনা সেটা বিবেচনা করে দেখুন। কলকাতায় ইলেকট্রিসিটি সাপ্লাইএর রেট হলো ২·৫ আনা (১৫·৬২৫ নয়া পয়সা)।

এটা লাইটস এ্যান্ড ফ্যানসএর জন্য বলছি। কলকাতায় ইন্ডাস্ট্রিয়াল পাওয়ার ৪৫ আনা থেকে ১ আনা। তারপর স্টেট গভর্নমেন্ট রেট ফর ডি-ভি-সি পাওয়ার এ্যাট বর্ধমান, বাঁকুড়া, বিষ্ণুপুর, সোনামুখী, দুর্গাপুর, লাইট ও ফ্যানএর জন্য ৫ আনা করে; ক্যালকাটা ইলেকট্রিক করপোরেশন পাওয়ার এ্যাট কৃষ্ণনগর, নবদ্বীপ, কল্যাণী লাইট এ্যান্ড ফ্যানএর জন্য ৫ আনা করে; ডিজেল স্টেট এ্যাট কুচবিহার, শিলিগুড়ি, দিনহাটা, কালিম্পং, বালুরঘাট, শান্তিপুর, শান্তিনিকেতন লাইট এ্যান্ড ফ্যানএর জন্য ৬·৫ আনা করে। দার্জিলিং ৩·৫ আনা, জলপাইগুড়ি ৭ আনা, মেদিনীপুর ৭·২৫ নয়া পয়সা, মালদহ ৭ আনা, বহরমপুর ৭ আনা, আসানসোল ৪ আনা লাইট এ্যান্ড ফ্যানএর জন্য।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I know what he is reading?

Sj. Sunil Das: I am reading the rates prevailing in the different towns of West Bengal.

তাহলে বুঝতে পারেন, স্পীকার মহাশয়, এই রেটের উপর আর নতুন বোঝা চাপান উচিত কিনা? আমাদের হাউসে এটা গ্রহণ করা উচিত কিনা? এই প্রস্তাব আমাদের হাউসে গ্রহণ করা উচিত নয়। তারজন্য জনসাধারণের মতামতের জন্য এটা প্রচার করুন।

[5-25—5-35 p.m.]

আমরা কত পাওয়ার কনজিউম করি তার একটা হিসাব আপনার কাছে আমি দিচ্ছি। ১৯৫৫ সালে বাংলাদেশে যে পাওয়ার কনজিউম করা হয়েছিল তাতে দেখা যাচ্ছে যে ১,৫০০ মিলিয়ন কিলোওয়াট আমরা কনজিউম করেছি। এর ভেতরে ডমেস্টিক পারপাসএ ২৩৫ কিলোওয়াট এবং ইন্ডাস্ট্রিয়াল পারপাসএ ১,২০০ কিলোওয়াট আমরা ইউজ করেছি। এমনভাবে যদি করা যায় যে ডমেস্টিক পারপাসএ যে কিলোওয়াট আমরা ব্যবহার করি তার ওপর শিথিল হারে ট্যাক্সের বোঝা যদি আমরা চাই এবং ইন্ডাস্ট্রিয়াল পারপাস যে কিলোওয়াট ব্যবহার করছি

তার উপর যদি ডিউটি চালাই তাহলে ফাইন্যান্স মিনিস্টার যে উদ্দেশ্যের কথা বলেছেন সে উদ্দেশ্য সাধিত হতে পারে। কাজেই আজকে এই যে প্রস্তাব এসেছে এই প্রস্তাবের আমি ঘোরতর বিরোধিতা করছি এবং আমাদের মনে হয় এই প্রস্তাব জনমতের জন্য দেওয়া উচিত। এবং আমরা এও জানি যে, জনসাধারণের কাছে গেলে যে এই প্রস্তাব প্রত্যাখাত হবে সে সম্বন্ধে আমাদের আর কোন সন্দেহের অবকাশ নেই।

আর একটা কথা, মিঃ স্পীকার স্যার, আপনি আইনজ্ঞ বলে আপনার কাছে আমি উত্থাপন করছি। আমাদের যে কনস্টিটিউশন আছে সেই কনস্টিটিউশনএর যে ২৮৮ ধারা আছে তাতে আছে যে যে সমস্ত ইন্টার-স্টেট রিভার ভ্যালী প্রজেক্ট থেকে বিদ্যুৎ উৎপাদিত হয় তাতে আমরা ট্যাক্স বসাতে পারি না—অবশ্য তাতে লেখা আছে যে প্রেসিডেন্টের সম্মতি সাপেক্ষ। একটা ঘটনা আমি শুনেছি, কিন্তু শোনা কথায় ভুল হতে পারে। ঘটনাটি হচ্ছে যে এইরকম ধরনের একটা ট্যাক্স বসাতে গেলে বিহার প্রেসিডেন্টের অনুমতি চায়, কিন্তু প্রেসিডেন্ট তাতে এ্যাসেন্ট দেন নি। সুতরাং এখানে ইনস্টিটিউশনএর প্রশ্ন আছে। এই কথা বলে, মিঃ স্পীকার, স্যার, আমি হাউসের কাছে বলছি যে এই বিলটি সার্কুলেশনও দেওয়া হোক—অর্থাৎ জনসাধারণের মতের জন্য বিলটা সার্কুলেট করা হোক। ক্লজ আলোচনার অন্যান্য আপত্তির কথা বলব।

Dr. Ranendra Nath Sen: Sir, with your permission I move the circulation motion standing in the name of Shri Jyoti Basu.

I beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1957, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th December, 1957

মিঃ স্পীকার, স্যার, শ্রদ্ধেয় জ্যোতিবাবুর নামে যে সার্কুলেশন মোশন আছে সেটা আমি আপনার অনুমতি নিয়ে পেশ করছি এবং আমাদের বক্তব্যটা সংক্ষেপে আপনার সামনে রাখতে চাই। ডাঃ রায় গত পাঁচ-ছয় বছরে যে কথা বারবার বলেছেন সেই কথাটা বলা ঠিক যে দেশের উন্নয়ন দরকার। সকলেই উন্নয়ন চান এবং উন্নয়নের জন্য যে টাকার দরকার সেটা সকলেই বুঝতে পারি। কিন্তু তিনি শেষে যে সিদ্ধান্তে এসেছেন সেটাতে আমাদের আপত্তি আমরা বলছি। টাকা যারা আদায় করে তাদের কাছ থেকে টাকা আদায় করার পন্থা গ্রহণ করা দরকার। নচেৎ যেভাবে উন্নয়নের জন্য টাকা সংগ্রহ করার ব্যবস্থা করা হচ্ছে তাতে দেশের সত্যিকারের উন্নয়ন যে হতে পারছে না সেটা বোঝা যাচ্ছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য ইতিমধ্যে যে ট্যাক্সেশন মেজার গভর্নমেন্ট থেকে ঘোষণা করা হচ্ছে এবং সেই অনুসারে ট্যাক্সের মারফত যেভাবে টাকা সংগ্রহ করা হচ্ছে তাতে আমরা দেখছি যে আজকে দু বছরের মধ্যে দেশে একটা দারুন বিভ্রাটের সূচনা দেখা গেছে। অতএব ট্যাক্সের দ্বারা আর কিছু করা যাবে কিনা দ্বিতীয় প্ল্যান যাঁরা করেছেন তাঁদের মনে এই সন্দেহ সৃষ্টি হয়েছে। আজকের দিনে এই কথাটা এসেম্বলীতে দাঁড়িয়ে বলা দরকার, ডাঃ রায়ের কাছ থেকে বারে বারে নতুন নতুন ট্যাক্সের বিল আসছে। অথচ এই ডাঃ রায় ১৯৫৫ সালে প্রকাশ্যে এই কথা ঘোষণা করেছিলেন যে আমাদের পশ্চিমবাংলা স্যাচুরেটেড পয়েন্টএ এসে গেছে ট্যাক্সের বেলায় এবং জনসাধারণ আর ট্যাক্স দিতে পারছে না। এখানে ডাঃ রায় বলবেন যে এটা তো আর জনসাধারণের উপরে চাপান হচ্ছে না। এই কথাটা ঠিক নয়। একটু আগে সুনীলবাবু বলে গেছেন যে এটা কিভাবে জনসাধারণের ঘাড়ে গিয়ে পড়বে। কারণ হিটার থেকে রিফ্রিজারেটর পর্যন্ত সব যদি এই বিলের আওতায় আসে তাহলে মধ্যবিত্ত পরিবার নিশ্চয় এর আওতায় আসবে। এই বিলে একটা ভাল কথা তিনি নিশ্চয় বলেছেন যে ১৯৩৫ সালের আইনে ষ্টীম কোম্পানী, বড় বড় ইন্ডাস্ট্রিয়াল আন্ডারটেকিং যে-গুলোকে বাদ দেওয়া হয়েছিল সেগুলিকে এর আওতায় আনা হচ্ছে। কিন্তু এর আওতায় নিয়ে আসবার সঙ্গে সঙ্গে আর একটা মারাত্মক ক্লিনিস যেটা এসেছে সেটা হচ্ছে যে মধ্যবিত্ত পরিবারকে আক্রান্ত করা হচ্ছে এবং ছোট ছোট শিল্পগুলিকেও এর আওতায় এনেছেন। এই ডিউটি দেবার জন্য তাদের উপর যে হুকুম হবে তার ফলে তারা আক্রান্ত হবে। উনি টাকার কথা যেখানে বলেন সেখানে আমি সংক্ষেপে একটু বলে দিচ্ছি যে যেখানে টাকা পাওয়া যেতে পারে সেখানে উনি যান না। যেমন ধরুন, সি-ই-এস-সি। তাদের বছর বছর যে মুনাফা হয় সেটা হচ্ছে, ১৯৫৫ সালে তাদের মুনাফা হয়েছে দুই কোটি টাকা—অর্থাৎ এটা ১৯৪৫ সাল থেকে ১৯৫৫ সালের মধ্যে হয়েছে। এই সি-ই-এস-সি-এর সাবস্ক্রাইবড ক্যাপিটাল ৬ কোটি ৪০ লক্ষ টাকা

থেকে তারা সেটাকে ১৪ কোটি ৪৫ লক্ষ টাকায় নিয়ে এসেছে এবং রিজার্ভ ফান্ড ১ কোটি ৬৭ লক্ষ টাকা থেকে ৭ কোটি ৫৭ লক্ষ টাকায় নিয়ে এসেছে। অর্থাৎ প্রায় ৭ গুণ এই ১০ বছরে তাদের মোট মুনাফা হয়েছে ১৫ কোটি ৪১ লক্ষ টাকা। বর্তমানে কিছুদিন যাবৎ তারা সস্তায় ইলেকট্রিসিটি পাচ্ছেন। ইলেকট্রিসিটি এ্যাক্ট অনুসারে ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনএর জনসাধারণকে যে রিবেট দেবার কথা সে রিবেট তাদের আজকে দিতে হয় না, কারণ আমাদের পশ্চিমবঙ্গ সরকার সি-ই-এস-সিকে সেই রিবেট মাপ করে দিয়েছেন। অর্থাৎ জনসাধারণের যেটুকুন সুবিধা ছিল তা ডঃ রায়ের দৌলতে বন্ধ হয়ে গেছে। তার উপর তিনি এনে ফেললেন যে হিটার, রেফ্রিজারেটর ইত্যাদি যা কিছু ব্যবহার করবেন তার উপর একটা করে তাদের ডিউটি দিতে হবে। শুধু তাই নয় এখানে যেটা বলা হচ্ছে সেটা সবচেয়ে মারাত্মক এবং সেটা হচ্ছে কটেজ ইন্ডাস্ট্রি। অর্থাৎ স্মল-স্কেল ইন্ডাস্ট্রিকে এর আওতায় নিয়ে এসেছেন। আমি অত্যন্ত সাবধানতার সংগে ডাঃ রায়কে জিজ্ঞাসা করি, তিনি কি জানেন যে কটেজ ইন্ডাস্ট্রির অবস্থাটা কি? আমরা সকলে এবং ডাঃ রায় নিজেও জানেন যে এই কটেজ ইন্ডাস্ট্রি আজ ধ্বংসোন্মুখ বললেও হয়। আজকে সস্তায় বিদ্যুৎ পাওয়া যাবে এই আশায় তারা কটেজ ইন্ডাস্ট্রিতে কিছু কিছু বিদ্যুৎ ব্যবহার করতে আরম্ভ করেছেন। কিন্তু আজকে তার উপর যদি একটা ট্যাক্সের বোঝা চাপান যায় তাহলে কটেজ ইন্ডাস্ট্রির সংরক্ষণ কি করে হবে? বরং যেখানে সংরক্ষণের কোন ব্যবস্থা নেই সেখানে তাকে ধ্বংস করবার ব্যবস্থা এই বিলের মারফত আনা হচ্ছে। শুধু তাই নয় ছোট ছোট আন্ডারটেকিংএর মধ্যে কিরকম আনা হচ্ছে তা দেখুন। সেগুলো ফ্যাক্টরী এ্যাক্টএ পড়েন। এখন ফ্যাক্টরী এ্যাক্টএ করা পড়ে? ফ্যাক্টরী এ্যাক্টএ পড়ে তারা যারা পাওয়ার ব্যবহার করে এবং যে শিল্পে ১০ জনের বেশী লোক যারা ব্যবহার করে তারাই ফ্যাক্টরী এ্যাক্টএ আসবে। কিন্তু ফ্যাক্টরী এ্যাক্টও ১০ জনের কম লোক যারা ব্যবহার করে সেইরকম মালিকও এই বিলের মধ্যে এসে যাচ্ছে। তার মানে কি ছোট ছোট ব্যবসায়ী যারা দুই-তিন-পাঁচ হাজার টাকা মূলধন করে ব্যবসা শুরু করেছে তাদের উপর এই ইলেকট্রিসিটি বিল পড়বে? আমি একটা এলাকা থেকে আসছি যে এলাকার অনেক ছোট ছোট শিল্প আছে। আমি দেখেছি কাঠের করাত ইলেকট্রিক মেসিনে চলে। এখন সেটা কিনতে এবং ইনস্টল করতে টোটাল খরচ ৫ হাজার, আর ব্যবসায়ে ৫ হাজার টাকা লাগিয়েছেন মোট মূলধন ১০ হাজার টাকা। অর্থাৎ মধ্যবিত্ত পরিবার এতদিন পর্যন্ত তারা তা পারছিল, কিন্তু এখন ডাঃ রায়ের এই বিলের ফলে তাদের দ্বারা তা সম্ভব হবে কিনা সন্দেহ। তারপর খড়কাটা মেসিন। যাদের মূলধন আরও কম তারা এটা করে। এর দাম হয়ত এক হাজার টাকা। এই খড়কাটা মেসিন ইলেকট্রিকে চলাতে তাদের ব্যবসায়ে কিছু সুবিধা হয়, কিন্তু সেখানে তাদের উপর এই ডিউটি বসান হচ্ছে। এইভাবে ছোট ছোট কারখানা যেমন লেদ মেসিন ইত্যাদি কারখানায় পাঁচ-দশ-কুড়ি জন কাজ করে, তাদের মালিকরা ধনী নয়, সাধারণ মধ্যবিত্ত ঘরের। কিন্তু সেখানে তিন ইউনিটে এক নয়া পয়সা বসিয়ে দিলেন। তারপর ইলেকট্রোপ্লেটিং প্রসেসএ চামরা তৈরী করে পালিশ করে ইলেকট্রিকেল স্টোভ ইত্যাদি নানা রকম নিত্যপ্রয়োজনীয় জিনিসের তারা ইলেকট্রোপ্লেটিং করে এবং তাদের দোকান ধর্মতলা স্ট্রীটে অনেক আছে, কিন্তু এই বিলটা আসাতে তাদের মধ্যে আজকে একটা আতঙ্কের ছায়া পড়েছে। সেজন্য বলছি, এইরকম কটেজ ইন্ডাস্ট্রি যাদের আছে তাদের উপর যদি এইরকম একটা বিলের খাড়া নেমে আসে তাহলে তাদের অবস্থা কি হবে?

[5-35—5-45 p.m.]

সুতরাং সেখানে ডাঃ রায়ের গভর্নমেন্ট একটুও বিচার করলেন না। ট্রামওয়ে কোম্পানীকে এনেছেন, বড় বড় কারখানা গুলোকে এনেছেন, ভাল কথা। তাদের একটু বাড়িয়ে এক ইউনিটে এক নয়া পয়সা না কোরে এক ইউনিটে দুই নয়া পয়সা যদি করতেন তাহলে তাঁদের গভর্নমেন্টের যে টাকা হত সে টাকা এই কটেজ ইন্ডাস্ট্রিকে মেরে বা এই ধরনের ছোট ছোট কারবারকে মেরে যা হবে তার চেয়ে অনেক বেশী হত। সুতরাং সেদিকে তাঁদের দৃষ্টি না যেয়ে মুড়ি মিছরি একদর করে দাঁড় করিয়ে দিয়েছেন। আজকের দিনে গভর্নমেন্টের এটা বোঝা দরকার। [illegible] রায় দুই বছর আগে যা বলেছিলেন তা আজ তাঁর স্মরণ করা দরকার যে পরোক্ষভাবে [illegible] বাড়ান চলবে না এবং সেটা পশ্চিমবাংলার ক্ষমতার বাইরে চলে গিয়েছে। সুতরাং অ

সংগ্রহের জন্য যে প্রস্তাব এনেছি তা এজন্য যে, জনসাধারণ এই যে ইলেকট্রিসিটি বিলের যে ভ্যালুয়েশন সংশোধনী তাঁরা এনেছেন সেই সংশোধনী প্রত্যাখ্যান করবে।

শেষ কথা ডাঃ রায়কে বলব যে এই রকম কোরে দেশের উন্নয়নের নাম করে দেশের ছোটখাট শিল্প এবং মধ্যবিত্ত লোক যাঁরা হাঁটার ব্যবহার করেন তাঁদের মারবার চেষ্টা যেন না করেন।

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহোদয়, আমি ডাক্তার কানাইলাল ভট্টাচার্যের নামে যে মোশন আছে সেটা মুভ করতে আপনার অনুমতি চাই। আমি সরাসরি এই বিলটাকে অপোজ করে আপনার মাধ্যমে সরকারকে কয়েকটা কথা জানাতে চাই। বাজেট সেসনে অর্থমন্ত্রী যখন বাজেট পেশ করেছিলেন তখন তাঁর বক্তৃতার মধ্য দিয়ে তিনি জনসাধারণকে আশ্বাস দিয়েছিলেন যে এ বছরের জন্য হয়ত নতুন করে জনসাধারণকে ট্যাক্স দিতে হবে না। কিন্তু এই শীতকালীন অধিবেশনে দুটি বিল ইতিমধ্যে পাশ হয়ে গেল যার মধ্য দিয়ে জনসাধারণের উপর করভার আরও একটু বৃদ্ধি পেয়েছে এবং এখন আমরা এই ৩নং বিলের আলোচনা করছি যার মধ্যে দিয়ে আরও ট্যাক্স জনসাধারণের উপর চাপবে। এই তিনটা বিলে মোট কত টাকা জনসাধারণের কাছ থেকে আয় হবে এ সম্বন্ধে আমরা একটা প্রশ্ন করেছিলাম। কিন্তু অর্থমন্ত্রী সে সম্পর্কে কোন পরিষ্কার ধারণা আমাদের সামনে উত্থাপন করেন নি। শুধু এই স্টেট ইলেকট্রিসিটি ডিউটি এক্ট অনুসারে আমরা দেখছি গত বার এক কোটি কুড়ি লক্ষ টাকা আদায় হয়েছে। আর অল্প নতুন বর্দ্ধিত আকারে অনেক শিল্প এবং ছোট ছোট কটেজ ইন্ডাস্ট্রির উপর নতুন করে যে ডিউটি ধরবার প্রচেষ্টা তার মধ্য দিয়ে আরও প্রায় ১১ কোটি ২০ লক্ষ টাকা সরকারের আয় হবে। ইতিপূর্বে ডাঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয়ও বলেছেন যে এই বিলের মধ্য দিয়ে প্রায় ২ কোটি টাকা নতুনভাবে সরকার জনসাধারণের কাছ থেকে ধোকাবাজী দিয়ে আদায় করবার চেষ্টা করছেন। এই দুই কোটি টাকার জন্য প্রতি মানুষপিছু প্রায় এক টাকা করে নতুন ট্যাক্সের বোঝা আমাদের কাঁধের উপর এসে পড়ছে। আমি এই ব্যাপারে কেন বিরোধিতা করতে চাই তার মূল কারণ হিসাবে বলতে চাই যে আজকে আধুনিক জগতে ট্যাক্সেশন করে সরকার যে সমস্ত ব্যয় করেন সেই অর্থ আয়ের উপায় সম্বন্ধে অনেক আপত্তি আছে। কারণ, একটা নতুন ট্যাক্স বসাতে গেলে বা কোন ট্যাক্সকে বর্দ্ধিত করতে গেলে আমাদের অনেক জিনিস বিচার করতে হয়। শুধু ট্যাক্স অর্থ জোগানর জন্য নয় দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থা যদি বিচার না করি--

totality of reforming the condition of the country.

এটা সামগ্রিকভাবে যদি বিচার না করি তাহলে তার প্রভাব দরিদ্র মানুষের উপর অত্যন্ত খারাপ হয়ে দেখা দেবে। সুতরাং আজকে জগতে এবং বিশেষ করে আমাদের পশ্চিমবঙ্গে যে আর্থিক দুরবস্থা বা সংকট দেখা দিয়েছে, প্রাইস লেভেল বেড়ে গিয়েছে, যদিও স্ট্যাবিলিটি অব প্রাইসেজ করতে পারছি না, সেই সময় এইভাবে নতুন ট্যাক্স বসানর যৌক্তিকতা সম্বন্ধে মনে স্বতঃই সন্দেহ জাগে। অর্থমন্ত্রী মহাশয় যখন বাজেট উত্থাপন করেন তখন দেশের সামগ্রিক অবস্থা বিচার বিশ্লেষণ কোরে বাজেট ডেফিসিট বা সারপ্লাস হওয়া উচিত এ বিষয়ে বিস্তৃত আলোচনা করার সুযোগ প্রত্যেক মানুষ পায়। কিন্তু আজকে আমাদের সামনে এই যে বিল উত্থাপিত হয়েছে তাতে দেশের সামগ্রিক অর্থনৈতিক অবস্থা সম্পর্কে আলোচনা করে এগুলি বিচার করতে পারছি না। দেশের উন্নতির জন্য প্ল্যান করার প্রয়োজন আছে একথা অস্বীকার করি না, এবং আমাদের সকল বামপন্থী দলের পক্ষ থেকেও কেউ তা অস্বীকার করেন না। কিন্তু যদি বাজেটের সময় এই বিলগুলি আমরা পেতাম যে এই এই নতুন ট্যাক্সেশন করতে হবে তাহলে বাজেট আলোচনার মধ্য দিয়ে আমরা সমস্ত বিষয় আলোচনা কোরে সরকারের সামনে আমাদের প্রতিবাদ রাখতে পারতাম। কিন্তু আমরা এ সুযোগ থেকে বঞ্চিত হয়েছি। সেদিন নন-অফিসিয়াল বিল সম্পর্কে যে আলোচনা হয়েছিল তাতে অর্থমন্ত্রী মহাশয় কিছুতেই সেটা স্বীকার পান নি এবং ডিবেটএর মধ্যে একটা যুক্তি হিসাবে বলে গিয়েছিলেন যে নিম্নকর্মচারী যারা সরকারের অধীনে কাজ করে ১৯৫৫ সাল থেকে মাহিনা বাড়ান যায় না এইজন্য যে তাতে একটা ইনফ্লেশন হবে বা ইনফ্লেশনারি মনি মার্কেট সালের ম স্ফীতির যুগে আরও বেশী করে মাহিনা পেলে আরও বেশী করে সেই আশঙ্কা

দেখা [illegible] এবং দ্রব্যমূল্য আরও বৃদ্ধি পাবে। আমি তাঁর সেই কথার জবাবে এই বলতে চাই— আমাদের দেশে যে নতুন ইনভেস্টমেন্ট হল ফাইভ-ইয়ার প্ল্যানএর নামে, নতুন ইনভেস্টমেন্টএর নামে যে টাকা ছাড়া হল সেই ইনভেস্টমেন্টে একটা সেকশন লোকের কিছু ইনকাম বেড়েছে কিন্তু ইনকাম বাড়লেও ঐ সঙ্গে যে সমস্ত মাল আজকে সাপ্লাই হওয়া উচিত ছিল সেই মাল সাপ্লাইএর শর্টেজএর জন্য আজকে দাম অত্যধিক বেড়ে গিয়েছে। এই যে জিনিষের দাম দিনের পর দিন বাড়ছে তার কারণ এই যে ইনভেস্ট করা সত্ত্বেও দেশের এক শ্রেণীর মানুষের হাতে যে টাকা এসেছে, সেই শ্রেণীর কেনবার উপযুক্ত জিনিস যা সেগুলি আসতে পারছে না। কাজেই দেশের বর্তমান আর্থিক অবস্থায় আমাদের আরও বেশী প্রয়োজন ছিল দেশে কনজিউমার্স আর্টিকলস আরও বাড়িয়ে তুলে দেশের সাধারণ মানুষের দুঃখ দুর্দশা দূর কোরে, দেশের মধ্যে নিত্যব্যবহার্য জিনিসের সাপ্লাই আরও বাড়িয়ে মূল্যমানের স্থিতিশীলতা আনা সবচেয়ে বেশী প্রয়োজন ছিল। সেই স্ট্যাবিলিটি অব প্রাইস আনবার দিকে বাজেটের মধ্য দিয়ে সমগ্র অবস্থা বিচার কোরে ট্যাক্সেশন করার প্রচেষ্টা হওয়া উচিত, কিন্তু দুঃখের সহিত বলতে হয় আমরা সেই সুযোগ থেকে এখানে বঞ্চিত হয়েছি। আধুনিক রাষ্ট্রে ট্যাক্স এভাবে হয় না, এবং কোন অর্থনীতিবিদ সেভাবে তা করেন না। বাজেট একটা সায়েন্স এবং সেই সায়েন্সের উপর ভিত্তি কোরে দেশের অর্থনীতির সঙ্গে মিল খাইয়ে, সঙ্গে সঙ্গে স্ট্যাবিলিটি অফ প্রাইসেজ সৃষ্টি করতে হয় এবং ফুল ইউটিল ইজেশন অফ ইকনমিক ফোর্সেস করার পর, যত রিসোর্সেস আছে তা দেখে বাজেট আনা হয় এবং সেই হিসাব কোরে ট্যাক্স ধার্য করার প্রয়োজন নয়। কিন্তু এ ক্ষেত্রে বার বার দেখছি সেটা নাই এবং সারা বিশ্বে যে অর্থনৈতিক নীতি স্বীকার করা হয়েছে সেটাকে অস্বীকার করে তাঁরা খেয়াল খুসীমত ট্যাক্স ধার্য করছেন। এর মধ্য দিয়ে আজকে কটেজ ইন্ডাস্ট্রির উপর আগে আঘাত আসছে। বাংলাদেশে যেসব কটেজ ইন্ডাস্ট্রি রয়েছে আজ সেইসব ইন্ডাস্ট্রি একেই ত ধ্বংসের মুখে। সেই ইন্ডাস্ট্রিকে বাড়াবার জন্য ও বাঁচাবার জন্য সরকার অনেক প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু এতে বাংলাদেশের সেই কটেজ ইন্ডাস্ট্রি যার উপর সব চেয়ে বেশী নির্ভরশীল যে বাবাল ইকনমি তার উপর সবচেয়ে বেশী আঘাত হানা হবে বিশেষ কোরে যে কটেজ ইন্ডাস্ট্রিগুলি এই ট্যাক্সের আওতায় এসে পড়ছে। এই কটেজ ইন্ডাস্ট্রি সম্পর্কে আগে বহুবার এখানে আলোচনা হয়েছে যে সরকারের তরফ থেকে সেই কটেজ ইন্ডাস্ট্রিকে বাঁচিয়ে রাখা প্রয়োজন। গত বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন যে আমাদের রুরাল পপোলেশন যা আছে তার শতকরা ৭০ ভাগ লোক সেই কটেজ ইন্ডাস্ট্রি দ্বারা দেশের ইকনমিকে কতকটা সাপোর্ট করে রাখে। তার উপর যদি আঘাত আসে সেই রুরাল ইকনমি যার উপর নির্ভরশীল সেই কটেজ ইন্ডাস্ট্রি থেকে যদি ট্যাক্স আদায় করার প্রচেষ্টা করা হয়, তাহলে দেশের ৭০ ভাগ লোক যারা [illegible] সেই মানুষের উপর আঘাত আসবে এবং তার ফলে সত্যকারের [illegible] উপরই সেই আঘাত দেখা দেবে।

[5-45—5-55 p.m.]

তারপর আর একটা বলবার আছে বিশেষ করে বলা হয়েছে যে ট্রাম কোম্পানীর মত বড় বড় ইন্ডাস্ট্রিগুলিকে এর আওতায় এনে ফেলা হয়েছে। নীতিগত দিক থেকে এর বিরোধিতা না করলেও একটা জিনিস সরকারের কাছে উত্থাপন করতে চাই। কটেজ ইন্ডাস্ট্রিকে যে রেটএ এই ডিউটি দিতে হবে সেম রেটএ ট্রাম কোম্পানীকেও ডিউটি দিতে হবে, এটা কি আমাদের দেশের ভাষায় ইকুইটি এ্যান্ড জাস্টিস বলে? সরকারের কাছে বিশেষতঃ অর্থমন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করছি যে বাংলাদেশের কটেজ ইন্ডাস্ট্রিকে বাঁচিয়ে রাখবার জন্য সর্বপ্রকার সাহায্য যেখানে করা দরকার, সেখানে বড় বড় ইন্ডাস্ট্রি ট্রাম কোম্পানীর মত বিলাতী বড় কোম্পানী যারা কোটি কোটি টাকা মুনাফা করে তাদের সঙ্গে এই কটেজ ইন্ডাস্ট্রিকে একই পর্যায়ে কি করে ফেলেছেন? এই সম্পর্কে আমি আর একটি বিষয়ে অর্থমন্ত্রীর কাছে জানতে চাই। সেটা হচ্ছে, এই মোটর স্পিরিট বিলএর ছিদ্রের সুযোগ নিয়ে বাসওয়ালারা যেন [illegible] বাড়ায়, আমরা হাউসের মধ্যে তার কাছ থেকে এই আশ্বাস বাণী চাই যে সাধারণ [illegible] থেকে যেন বেশী ভাড়া আদায় না করা হয়। ১৯৫৩ সালের কথা আমাদের বার [illegible] যখন ট্রাম ভাড়া বৃদ্ধির কথা হয়; কাজেই তাঁর নিকট এই আশ্বাসবাণী চাই, [illegible] করি যে কটেজ ইন্ডাস্ট্রিকে বাঁচান।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, সরকার পক্ষ থেকে বেঙ্গল ইলেকট্রিসিটি ডিউটি আইন সংশোধন করবার জন্য বিল আনা হয়েছে। আপনি জানেন যে, মূল আইনটি ১৯৩৫ সালের আইন। সাম্রাজ্যবাদী দৃষ্টিভঙ্গী সেই আইনের মধ্যে পুরাপুরি ছিল। সরকার পক্ষ কল্যাণ রাষ্ট্রের কথা প্রায়ই বলেন অথচ এই বিলখানির মধ্যে সেই সাম্রাজ্যবাদী শোষণের দৃষ্টিভঙ্গী পুরোপুরিভাবেই রয়ে গিয়েছে। কোন রাষ্ট্র কল্যাণরাষ্ট্র কিনা তা বুঝতে হলে তার করনীতি বিশ্লেষণ করা দরকার যে-কোন কল্যাণরাষ্ট্রে ধনিকদের উপর বেশী হারে ও মধ্যবিত্তদের উপর অপেক্ষাকৃত কম হারে কর ধার্য করা হয় এবং গরীবদের কর থেকে মুক্তি দেওয়া হয়। ইলেকট্রিসিটি ডিউটির ক্ষেত্রেও এই নীতি প্রয়োগ করা উচিত ছিল। ইংরাজ আমলের মূল আইনে তা করা হয় নি, কংগ্রেস শাসনে আনীত এই বিলেও তা করা হয় নি; বরং আমি মনে করি যে, মূল আইনের চেয়ে বর্তমান বিল আরও বেশী শোষণমূলক, একটি একটি করে তার প্রমাণ দিচ্ছি। ফ্যান এ্যান্ড লাইটএর ক্ষেত্রে আগে কি হারে কর ছিল? পাখা এবং আলোর ক্ষেত্রে প্রতি ইউনিটএ দু পয়সা হারে বিদ্যুৎ কর ছিল। তাকে নয়া পয়সায় পরিবর্তন করার নাম করে এই বিলে কিণ্ডিৎ কর বৃদ্ধি করা হয়েছে। যেসব মধ্যবিত্ত বড় পরিবারের জন্য ৫০ ইউনিটএর বেশী বিদ্যুৎ খরচ করে তাদের বড় বড় ধনী লোকের সংগে সমপর্যায়যুক্ত করে সমহারে কর ধার্য করা হয়েছে। তা ছাড় মন্ত্রী মহাশয় জানেন যে, সর্বোচ্চ ১৫ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ ব্যবহৃত হলে তা কর মুক্ত ছিল এই একজেম্পশন কেবলমাত্র যেখানে পার ইউনিট ইলেকট্রিক চার্জ তিন আনা সেখানেই প্রযোজ ছিল। তার বেশী যাদের ইলেকট্রিক চার্জ ছিল তারা এই এক্‌জেম্পশন পেত না। ছয় আন করে যাদের প্রতি ইউনিট ইলেকট্রিসিটি চার্জ দিতে হয় তাদের কোন একজেম্পশন ছিল না কলকাতার মধ্যে যারা তিন আনা করে ইলেকট্রিক চার্জ দিচ্ছে তাদের ক্ষেত্রে ১৫ ইউনিট পর্যন্ত কর দিতে হত না, কিন্তু পাড়াগাঁয়ের লোক যারা ছয় আনা করে প্রতি ইউনিট বিদ্যুতের দাম দিচ্ছে তাদের কোন এক্‌জেম্পশন ছিল না। এই শোষণমূলক সাম্রাজ্যবাদী দৃষ্টিভঙ্গী এখানেও আন হয়েছে। কাজেই দেখুন কোলকাতার লোকেরা যারা কম দামে বিদ্যুৎ পাচ্ছে তারা কর হতে রেহাই পেল আর পাড়াগাঁয়ের লোকেরা যারা কোলকাতার দ্বিগুণ হারে বিদ্যুৎ কিনছে তারা রেহাই পাবে না। আমি জিজ্ঞাসা করি কোন নীতির বলে এটা করছেন? কোলকাতার লোকের খুব কম দামে বিদ্যুৎ পাচ্ছে, সে কথা আমি বলছি না। আমি বলি যে তাদের ক্ষেত্রে বিদ্যুতের দাম আরো কমিয়ে দেওয়া হোক। প্রতি ইউনিট বার পয়সার স্থলে ছয় পয়সা করা উচিত। যদি ছয় পয়সাও করা যায় তাতেও ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন প্রচুর মুনাফা করবে—এই হিসাব আমাদের করা আছে। পাড়াগাঁয়ের লোক এক্‌জেম্পশন পাবে না এইটাই আমার জিজ্ঞাসা। আলো এবং পাখা ছাড়া অন্য সব ক্ষেত্রে কর ধার্যের নীতি আরও প্রচণ্ড শোষণ মূলক। এই বিলে ছোট ছোট কটেজ ইন্ডাস্ট্রিগুলির ক্ষেত্রে তিন ইউনিটের জন্য এক নয়া পয়সা কর ধার্য করা হয়েছে। তার বাইরে যারা তাদের জন্য প্রতি ইউনিটে এক নয়া পয়সা কর ধার্য করা হয়েছে। এই বাকির মধ্যে কারা পড়ে? আপনার মত যাঁরা বাড়ীতে কাপড় ইস্ত্রি করে কিংবা ইলেকট্রিক স্টোভে একটু চা তৈরি করে তাঁরা এই বাকির মধ্যে পড়ে। আবার বড় বড় কলকারখানাও এই বাকীর মধ্যে স্থান পাচ্ছে। অর্থাৎ একদিকে রইল ট্রাম কোম্পানীর মত বড় বড় কনসার্ন আর একদিকে সাধারণ নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত যারা হিটারে একটু চা গরম করে খায় তারা এই উভয় দলকেই সমহারে কর দিতে হবে। ডাঃ বিধানচন্দ্র রায় কল্যাণ রাষ্ট্রের মুখ্যমন্ত্রী বলে দাবী করেন। এতে কি কল্যাণ রাষ্ট্রের মুখ্যমন্ত্রীর দৃষ্টিভঙ্গী প্রতিফলিত হচ্ছে? এতে প্রচণ্ড পুঁজিবাদী রাষ্ট্রের দৃষ্টিভঙ্গীই প্রকাশিত হয়েছে। আমার বক্তব্য, জন সাধারণ গৃহস্থলীর কাজে যে বিদ্যুৎ ব্যবহার করবে কয়েক ইউনিট পর্যন্ত তাকে কর মুক্ত করা উচিত।

In case of consumption of electricity by an individual for any purpose other than fan and light, there must be an exemption of electricity duty up to a certain limit.

মধ্য দিয়ে আনা দরকার। তা না করে এই বিশেষ আইন করা হচ্ছে তাতে ট্রাম কোম্পানীর মত বড় পারতাম। কিন্তু নয়া যারা কোটি কোটি টাকা মুনাফা কামাচ্ছে তাদের ইলেকট্রিসিটি ডিউটির হার যে আলোচনা হয়েছে যারা একটু ইস্ত্রি টানবে কিম্বা একটু চা খাবে হিটারে তাদের উপর করের মধ্যে একটা যুক্তি হিসাব। আশা করি মুখ্যমন্ত্রী এগুলি ব্যাখ্যা করবেন। তিনি বলেছেন যে [illegible] মাহিনা বাড়ান যায়

[illegible] ইন্দ্রাস্ফীতির যুগে

ইচ্ছা করলে তিনি পরে এই হার বাড়াতে পারেন, কমাতে পারেন। আমার প্রশ্ন হচ্ছে—ইচ্ছাটা দেরিতে হবে কেন? একজন নিম্নমধ্যবিত্ত এবং একটা বড় কোম্পানী তাদের সেম রেট অব ট্যাক্সেশনের পর্যায়ে ফেলেছেন এটা কোন দৃষ্টিভঙ্গী নিয়ে করেছেন? আমার জিজ্ঞাস্য, সাধারণ মানুষগুলোকে কেন তিনি ট্যাক্সের আওতা থেকে বাদ দেন নি?

Sj. Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, I support the motion for circulation and my grounds are these. In 1935 this Bill was passed originally by the then Muslim League Government. They did not find it necessary to make an enquiry as to who is to be taxed under this Act or who is to pay this tax who consume electric energy. Now, at that time only poor men and common men were brought under the purview of this tax, that is, those who used light and fan only. By this amendment a large number of persons who use electric energy have been brought under the purview of the Act. The good portion of it is that industries like Tramways Company are being objected to this tax but those persons who consume light ought to be exempted.

[5-55—6-5 p.m.]

Similarly, those persons who use less electricity should be totally exempted. I hope the imposition should be on the richer section of the society and the poorer section should get some sort of relief. If that had been done, I ought to have congratulated this Government wholeheartedly, but I cannot do so. The Tramways Company is being taxed, the mines are being taxed and the big undertakings are being taxed. At the same time I would remind the House about the taxes on Enquiry Commission's Report presided over by Mr. P. B. Mukherjee. That report has not seen the light of the day. I do not know why it has been kept in the archives of the Government. I would say that when this report would come back we would say something about the consumption, expenditure and income of the Electric Company. Now they are being taxed. I do not know whether they are acting upon that report. If this is so, that will be a sinister motive. Sir, mines are going to be taxed. You know, Sir, in West Bengal the majority of the mines are coal mines—I do not know whether there is any mica mine in West Bengal. Coal mines under the Estates Acquisition Act are going to be the properties of the State. Now I do not know whether the State will be realising this money from them. I understand that the State buses do not pay any road tax while private buses have to pay this tax—the Chief Minister will correct me if I am wrong. Now with regard to the introduction of this Act I would say that certain things have been exempted and certain things have not been exempted. Why the local authority and the railway administration are still being exempted from the purview of the tax? If we tax the railway administration, then money would have to be payable to this Government by Central Government. Why exempt the railway administration which is gradually increasing its freights and fares every year or at the interval of two or three years? So I would say that, as there is a great controversy with regard to the Bill, there is some difficulty as to which portions should be adopted and which portion may be rejected. I would support the motion for circulation of the Bill.

Sj. Jyoti Basu:

আমি এই বিলের বিরোধিতা করছি এই বলে যে, এটা জনমতের জন্য দেওয়া হোক এবং সেজন্য আমি প্রস্তাবও দিয়েছি সংশোধনী হিসাবে। এখানে যে কথা বলা হচ্ছে এর আগে আরেকটা বিলে আমাদের মুখ্যমন্ত্রী সে কথা বলেছিলেন এবং এবার এ্যাসেম্বলীতে নতুন করে যেটা শুনছি এর আগে এটা আমরা শুনি নি, সেটা হচ্ছে এখানে তিনি বলেছেন—

> "the principal reason for introducing this Bill is that additional revenue is urgently required to finance the plan and to balance the budget."

আগের বার তিনি পরিষ্কারভাবে আমাদের বলেছিলেন বাজেট বক্তৃতায়—এবং এজন্য তিনি গর্ববোধও করেছিলেন—যে আমরা নতুন করে ট্যাক্স এখানে কিছু করছি না। পাবলিকএর কাছে আমরা এক রকম কথা বলি, তারপর এইরকমভাবে এ্যাসেম্বলী সেসনে যখন অন্যান্য বিষয় ও বিল আলোচিত হচ্ছে তখন হঠাৎ মাঝে মাঝে এভাবে দুয়েকটা করে ঢুকিয়ে দিয়ে সাধারণ মানুষের উপর থেকে দুই-চার কোটি তুলে নেওয়া আমার মনে হয় সৎ উপায় নয়। যদি ট্যাক্স করতে হয় তাহলে পরিষ্কারভাবে বলা দরকার যে আমাদের ট্যাক্স করতে হবে। কিন্তু ট্যাক্স করার পূর্বে পরিষ্কারভাবে বলা দরকার, যারা দিতে পারে তাদের উপর হবে, না যারা দিতে পারে না তাদের উপর না, উভয়ের উপর হবে—এটা পরিষ্কারভাবে বলা দরকার। এখন পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা বলা হচ্ছে—এসব কথা তো আপনারা প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় থেকে বলছেন। আপনাদের লক্ষ্য যাই থাকুক, আপনারা যেভাবে এইসব পরিকল্পনা কার্যকরী করবার জন্য চেষ্টা করছেন আমি তার বিরোধী এবং কেন বিরোধী তার প্রধান কারণ হচ্ছে, আপনরা এখানে ছোট বড় কোন ভেদাভেদ করছেন না। আমরা অনেক জায়গায় দেখেছি আপনারা বরং বড়কে বাদ দিচ্ছেন এবং ছোটদের পকেটে হাত দিচ্ছেন। এটাই আমরা বেশীর ভাগ ক্ষেত্রে দেখতে পাই। যেমন এই ইলেকট্রিসিটির ব্যাপার। এখানে আপনারা প্রশ্ন তুলতে পারেন, টাকা তাহলে কোথায় পাবেন। টাকা কোথায় পাবেন সেসব কথা এই হাউসে পঞ্চবার্ষিকী পরিকল্পনা আলোচনার সময় বলা হয়েছে, লোকসভায়ও আমাদের প্রতিনিধিরা সেসব কথা বলেছেন। সুতরাং আমি আর পুনরাবৃত্তি করতে চাই না। কিন্তু এই বিল আলোচনা করতে গিয়ে মূল কথাগুলি আমাদের সামনে পুনরায় হাজির করার প্রয়োজন আছে বলে আমরা মনে করি। আমরা এই হাউসে বারবার প্রস্তাব এনেছি, কালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন। আমরা বারবার বলেছি এগুলো জাতীয়করণ করুন। যদি তার জন্য খেসারৎ দিতে হয় নিশ্চয়ই খেসারৎ দেবেন যখন সংবিধানে সে কথা আছে। আমরা বলেছি কলিকাটা ট্রামওয়েজ কোম্পানীকে জাতীয়করণ করে একটা দীর্ঘমেয়াদী ব্যবস্থা করুন যাতে করে দীর্ঘ দিন ধরে টাকাটা শোধ করে দিতে পারা যায়। এ ছাড়া অন্য কোন ব্যবস্থা আপনারা করতে পারেন না, কারণ আমরা জানি ইংরাজের সংগে আপনাদের খুব ভাব, তাঁদের স্বার্থরক্ষার জন্য আপনারা সবসময়েই সচেষ্ট। আপনারা তাঁদের এত বন্ধু যে এখনও কমনওয়েলথের মধ্যে আছেন। কিন্তু ইংরাজের সংগে আপনাদের যখন এতই বন্ধুত্ব তখন তাঁদের সংগে পরামর্শ করেও তো একটা ব্যবস্থা করতে পারেন। তাঁরা এখানে কোটি কোটি টাকা লাভ করে বিলাতে পাঠিয়ে দেন, এদিকেও কি আপনারা কোন ব্যবস্থা করতে পারেন না? যাতে টাকাটা দীর্ঘদিন ধরে শোধ করা যেতে পারে তার কি কোন ব্যবস্থা হতে পারে না। কিন্তু আপনরা তাদের গায়ে মোটেই হাত দেবেন না। আমরা সংবাদ পেয়েছি এবং এটা আমরা "স্বাধীনতায়" দেখও করেছিলাম যে, গিলিন্ডার্স এ্যান্ড আর্বুথনট্ কোম্পানীর একজন নতুন ম্যানেজার এসেছেন। তিনি আসবার পর থেকে শেয়ারহোল্ডারদের কাছে একটা সার্কুলার দেওয়া হয়েছে তাঁর মাইনে কিছুটা বাড়িয়ে। আমরা আশ্চর্য হয়ে গিয়েছিলাম, দেখে যে, মাসে তাঁর মাইনে আমার সঠিক হিসাবটা এখন মনে নেই বোধ হয় সাড়ে ছয় হাজার টাকা। তিনি দশ জন চাকর ফ্রি পাবেন অর্থাৎ বিনা পয়সায় পাবেন কোম্পানি থেকে এরকম কথাও আমরা শুনেছি। যদি ১০০ টাকা করেও একজনের জন্য খরচ করতে হয় তাহলে হিসাব করে নিন কত টাকা বৎসরে হতে পারে শুধু এই বাবতে। তাঁর ইনসিওরেন্সএর প্রিমিয়াম কোম্পানি থেকে দেওয়া হয়, তিনি নিজের মাইনে থেকে সেটা দেবেন না।

[6-5—6-15 p.m.]

আমরা দেখে আরো আশ্চর্য হলাম যে, তাঁর ১৮ বছরের নীচে যে ছেলেমেয়েরা আছে তাদের বিলেত যাবার জন্য বৎসরে একবার করে সমস্ত খরচ কোম্পানী থেকে দেওয়া হয়। আমরা দেখলাম এর উপর আর একটা পারসেন্টেজ আছে যে লাভের একটা অংশ এই ভদ্রলোক তাঁর মাইনে ছাড়াও পাবেন। আমরা মোটামুটি একটা হিসাব করে দেখেছিলাম ২৭-২৮ হাজার টাকা মাসে তিনি পান; এবং যে বাড়ীতে তিনি থাকেন তার সমস্ত কিছু ফার্নিসড্ কিন্তু তার ভাড়া তাঁকে দিতে হয় না, সেটা কোম্পানী থেকে দেওয়া হয়—দু-হাজার, আড়াই হাজার টাকা ভাড়া হবে। এইরকম করে ২৭-২৮ হাজার টাকা প্রতি মাসে একজনের জন্য খরচ হয়, আর কোম্পনি বলবেন টাকা নেই। সেইজন্য আপনাদের কি করতে হবে, না, এইরকম বিল করতে

হবে, সেলস ট্যাক্স আনতে হবে। এমন সব ট্যাক্স বসান হচ্ছে যা সাধারণ মানুষের উপর আঘাৎ পড়বে। এইভাবে আপনারা বলবেন, আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা আমরা স্বার্থক করবো। কিন্তু কাদের নিয়ে স্বার্থক করবেন? সাধারণ মানুষের শতকরা ৯০ ভাগ যারা গরীব, তাদের উপর বোঝ চাপাতে শুরু করেছেন। আপনারা বলছেন অনেক অসুবিধা হয়ে গিয়েছে, আমাদের টাকা নেই। কেন, আগে আপনারা জানতেন না? যখন পরিকল্পনা করেন তখন বলা হয়েছিল পাঁচশো কোটি টাকা বা তারচেয়ে কিছু বেশী, ছয়-সাতশো কোটি টাকা, যা গেপ পড়েছে তা কোথা থেকে তুলবেন, এ কথা আমরা বারবার বলেছি। তারপর আবার আপনারা বেগ করবার চেষ্টা করবেন বাইরে এবং সেখান থেকে যখন কিছু পাবেন না তখন আপনারা করের বোঝা চাপাবেন সাধারণ গরীবের উপর। বড় বড় টাটা, বিড়লা, সিংগানীয়া ও অন্যান্য ইংরাজ কোম্পানীদের দিকে আপনারা তাকাবেন না, কোটি কোটি টাকা যেখানে পাওয়া যায়। আপনাদের নজর কেবল গরীবের দিকে, অর্থাৎ গরীবকে মারো। এ কথা আমরা বারবার ভেবে দেখছি। সেইজন্য এইরকম একটা বিল কখনও আমরা সমর্থন করতে পারি না। এইজন্য প্রতিবাদ করতে উঠেছি। এর জন্য এটাকে আমরা সার্কুলেশনএ দিতে চাচ্ছি। মূলগতভাবে আমরা এটার বিরোধী, এটাকে আমরা কিছুতেই সমর্থন করতে পারি না। অল্প অল্প করে আপনারা করছেন। এর পরে আবার আপনারা হয়ত নতুন করে আর একটা ট্যাক্স বসাবার চেষ্টা করবেন। কারণ সেন্টার থেকে চাপ দিচ্ছে এই রকম করো, নতুন করে ট্যাক্স বসাও। সেকেন্ড ফাইন্যান্স কমিটি, তাঁরা বলছেন স্টেটএর উপর চাপ সৃষ্টি করো। এর আলোচনা আমরা করতে চাই হাউসে। কাজেই আমরা এর প্রতিবাদ করছি। এইরকম কোন নীতি আমরা কিছুতেই মেনে নিতে পারি না। এর বিরোধিতা যে কোন উপায় আছে তাই দিয়ে আমরা করবো। ঐরকম মুষ্টিমেয় একটা সংখ্যার প্রতিনিধিত্ব করছেন বলেই এইরকম একটা বিল আনতে সাহস করেন, তা না হলে করতে পারতেন না। এই কথা বলে আমি আমার বক্তব্য জানাচ্ছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, in the criticism that has been made before the House regarding this Bill and in favour of the circulation of the Bill, several points have been raised which I want to answer immediately.

Now, Sir, I come to the point raised by Sj. Khagendra Nath Ray Chaudhuri. These amendments have been brought forward only to try and validate certain proceedings that were taken under the Act previously. Sir, we are not changing the objects of the Bill. So far as the question that he has raised, that is a very intricate question—dispute between the refugees and the local people. That has got to be administratively solved. A similar question arose in the Haroa thana; similar questions arose in other places. That does not vitiate the objects of the Act. Whenever these things arise we try our best to arrive at a certain practical solution of the rival interests of the local peasants and the incoming refugees and we shall continue to try to do so.

About the suggestion made by Sj. Bankim Mukherji, I think there would be some other occasion to raise this question and discuss this question more thoroughly, but I believe the question he has raised is based on certain misapprehension as if there are very large zemindaries in Calcutta. In the Estates Acquisition Act the definition of zemindary is given there or the privileges given there. If I go by that definition, there are, I believe, only four zemindaries in Calcutta and the tenants who are really tenants under the Government are really the owners of lands and the relation of those people with Government raises very many legal issues. I believe no useful purpose will be served by discussing that question in detail. We shall have some other time to discuss this question.

So far as this Bill is concerned, the objects are very limited. One is to include Tollygunge area even if it is now included in Calcutta, and the second is to keep alive the validity of the Act and to resettle refugees in those areas where the schemes have been declared null and void by the Calcutta High Court.

[5-35—5-45 p.m.]

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the West Bengal Land Development and Planning (Amendment) Bill, 1957, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 2, in the proposed Explanation II, in lines 4 and 5, the words "and be deemed always to have applied" be omitted. I have raised this amendment only to consider the retrospective operation of the Act. Generally, all Acts have to be prospective and none of them should be retrospective unless there is a very compelling necessity for that. In the Preamble I have come to know that the Government has got certain schemes, some of which have been invalidated by the High Court. The Hon'ble Minister, in his opening speech, has not given us any idea as to the urgency of those schemes. In the Preamble it is found that certain refugees have already settled in certain areas and therefore legislation ought to be made retrospective so as to validate the occupation of those lands. Sir, the necessity for a retrospective Act is not complete only by this kind of statement. It must be stated that unless these people are now evicted, so many people will be on the street, so much property will be destroyed and so much inconvenience will be felt by the people. An idea should be given as to the number of refugees who are already rehabilitated and who are seeking rehabilitation in those areas. After coming to those facts if the House comes to this finding that it is urgently necessary and it requires a retrospective operation of the Act, I have got no objection to giving that a retrospective effect. Sir, when an Act is passed within a few months or a few years, legislation after legislation come for the purpose of invalidating certain Acts which are invalid from the very beginning and also an attempt is made to give every bit of legislation, specially the Land Reforms and such other Legislation, a retrospective operation. This should be stopped.

Now as regards the other points of general importance about the working of the democracy and so on and so forth, we would see that democracy has begun only for a decade and we are yet to see how it works.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I must confess and I mean no disrespect to any section when I say that I sometimes feel happy that I am not a lawyer, because I can say things more freely than a lawyer who, visits our law courts. There is an idea that under no circumstances there should be any retrospective law and laws should always be prospective. Sir, if the laws be always prospective, in that case the prospects of the refugees and poor people are sometimes lost. Sir, I have here one of the many judgments that have been pronounced in such cases and this one relates to an area of Baranagore where a suit was instituted by the Baranagore Jute Factory Company against the Government who wanted to take certain lands for the rehabilitation of refugees. This Company is obviously a big party and obviously an owner of very big plots of land. They instituted this suit and got a judgment against the Government. Sir, so far as I am concerned and so long as this department remains in my hand, I believe I shall be justified in enacting laws which deprive Baranagore Jute Factory, and giving lands to the refugees.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 2, in the proposed Explanation II, in lines 4 and 5, the words "and be deemed always to have applied" be omitted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to move that the West Bengal Land Development and Planning (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957.

The Hon'ble Kalipada Mookerjee: Sir, I beg to introduce the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Kalipada Mookerjee: Sir, I beg to move that the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957, be taken into consideration.

Sir, this Bill is in replacement of the Calcutta and Suburban Police (Amendment) Ordinance, 1957, which was promulgated by the Governor sometime ago for the reasons stated in the Statement of Objects and Reasons annexed to this Bill. It will be noticed that the Bill proposes to introduce Section 43D after the existing Section 43C in the Calcutta Police Act, 1866, and similarly a new Section 17D containing the identical provisions after the existing Section 17C in the Calcutta Suburban Police Act, 1866. Our object in doing so is to control the indiscriminate use of loudspeakers and microphones in Calcutta and its suburbs because the provisions contained in the existing Section 43C of the Calcutta Police Act and the existing Section 17C of the Calcutta Suburban Police Act are inadequate to deal with this nuisance. Sir, as everyone knows, on religious and other festive occasions in Calcutta and the suburbs, the playing of gramophone records and other music amplified through microphones, loudspeakers, etc., at all hours of the day and night at many places, creates a terrible nuisance, completely regardless of the inconvenience caused to the people in the neighbourhood. This unrestricted playing of music through loudspakers and microphones at their loudest pitch deprives many citizens of their night's rest and sleep and often has serious repercussions on the health of the sick or invalid persons in the locality affected by such music. I shall now explain why the existing provisions in the two Acts I have mentioned are inadequate to deal with this type of nuisance. Take, for instance, Section 43C of the Calcutta Police Act. Firstly, it will be noticed from Section 43C of the Calcutta Police Act that only after the offensive music or sounds have actually commenced at a particular place that action can be taken and then only on complaint made by the aggrieved person in writing to the Commissioner of Police. If after a nuisance has occurred the aggrieved person has to write to the Commissioner making a complaint and the Commissioner thereafter issues a written order, the mischief will have been done already and the nuisance suffered in the meantime. By such a written order the Commissioner can only direct the discontinuance of a nuisance which has already commenced and will otherwise continue. Under the new Section 43D proposed to be inserted by the Bill the Commissioner can take preventive action beforehand and for the

purpose of preventing annoyance on those occasions when such noises are usually made, he can act in advance and may by order prohibit or restrict or regulate the making of such noises. He can thus prevent the mischief at all arising during occasions when such noises are usually made and will otherwise be made if not prohibited or regulated. This preventive aspect is important.

Secondly, action under the existing Section 43C can be taken only when a written complaint is made to the Commissioner and not otherwise. It depends on the aggrieved individual taking the initiative in the matter. Under the new Section 43D the Commissioner will have power to act suo motu in cases where, whether any individual comes forward to make any complaint or not, he is personally satisfied that irritating or upsetting noises will be made on such a scale and in such a continuous manner that in the interest of the larger issues of maintaining the public peace and tranquillity he should take the initiative and act in time without waiting to receive individual complaints.

[5-45—5-55 p.m.]

Where it is a question of maintaining the general peace and tranquillity at a particular place or in its neighbourhood, the Commissioner should have the power to act suo motu and not depend merely on some aggrieved individual coming forward to make a complaint. Besides, although acute annoyance is undoubtedly caused, persons thus annoyed do not always bother to come forward and make a complaint in writing to the Commissioner, who may be far away from the affected locality.

Thirdly, it is considered that existing Section 43C does not have a direct bearing on the problem of the nuisance caused by loud-speakers and microphones playing at a very loud pitch. Section 43C was enacted years ago, i.e., in 1907, when loud-speakers, microphones, amplifiers, etc., were not in existence, at least were not in vogue. In those days the present-day annoyance caused by loudly operated microphones and amplifiers was not known. It is true that Section 43C also gives the Commissioner the power to order discontinuance of the playing or sounding of horns or other noisy instruments but the opinion has been expressed that the expression "noisy instruments" may not quite include loud-speakers, microphones, amplifiers, etc. It will be noticed that "other noisy instruments" appearing in the expression "horns or other noisy instruments" refer to noisy instruments akin to horns and other similar noisy instruments which produce noise by themselves. Loud-speakers, microphones, amplifiers, etc., are, however, not akin to horns but are contrivances for magnifying noise already produced by other instruments or agencies. As doubt has been raised that the prohibition or the regulation of the use of loud-speakers, microphones, amplifiers, etc., may not quite come under existing Section 43C, it is proposed under new Section 43D to make separate provision for prohibiting or regulating the use specially of the class of instruments like microphones, loud-speakers, or other apparatuses for amplifying human voice or amplifying music or other sounds.

Fourthly, microphones, loud-speakers, etc., may be used in any vehicle and yet cause the same annoyance to, or injury to the health of, the public or disturb the public peace and tranquillity. New Section 43D accordingly provides for taking action in respect of such vehicles as well. Such a provision is absent in existing section 43C.

Fifthly, under the second proviso to sub-section (1) of existing Section 43C no action can be taken in relation to music or other sounds in any place

of public worship or on occasions of any religious observance or ceremony. At the time this section was enacted in 1907, the problem of annoyance or injury to health caused by loud-speakers amplifying music produced from gramophone records played at a place of public worship or during any religious observance or ceremony did not arise. The situation has, however, changed considerably since then. It is now noticed that even at places of public worship or on religious and other festive occasions, cheap gramophone music is often played through loud-speakers and microphones at all hours of the day and night causing a terrible nuisance and annoyance to the people in the neighbourhood. Nobody should object to the performance of devotional music or sounding of religious conches at a place of public worship or during a religious ceremony. But the situation becomes altogether different when at a public place of worship, e.g., a Barwari pujah gathering, cheap songs sung by cinema artistes on gramophone records are amplified at a very loud pitch by means of loud-speakers, microphones, amplifiers at all hours of the day and the night in a way highly annoying to the general public or injurious to the health of patients and invalids. There has, for example, been frequent correspondence in the newspapers strongly objecting to the annoyance thus caused, during such religious observances or at places of public worship, to the people of the neighbourhood, especially sick and invalid persons.

Sixthly, it is not intended that the Commisisoner's power should be absolute and not subject to corrective revision by an external authority in appropriate cases. Even in the existing Section 43C, if a person is aggrieved by the Commisisoner's order discontinuing the playing of noisy music or noisy instruments by him, he may make a complaint to the Magistrate and the Magistrate may alter or reverse the Commissioner's order if he finds it to be unreasonable under the circumstances. Such remedy is, however, of problematical value to the person aggrieved. No Magistrate can act quickly on any such complaint. On receipt of such a complaint the Court will have to fix a future date for giving a hearing to either side before it can pass any orders. This is likely to prove dilatory. Even if he gets any relief, his complaint may have become infructuous in the meantime, because the occasion during which he wanted to play the music or the musical instrument may have been over by then. Accordingly, in the new section 43D a quick administrative remedy in a higher forum has been provided, and the aggrieved person has been allowed to make a representation to the State Government which can modify, alter or cancel the Commissioner's order in appropriate cases.

I think I have sufficiently explained why in certain respects the provisions of the existing Section 43C are inadequate. To meet these inadequacies it may have been possible to amend the section itself to the extent necessary as indicated above but to amend the section in so many respects would have made it extremely cumbrous and involved and would seem inadvisable from the drafting point of view. Hence it has been decided to have a separate self-contained section dealing exclusively with the problem created by loud-speakers, microphones and other similar sound-amplifying apparatuses, viz., the proposed new Section 43D in the Calcutta Police Act, 1866.

I may mention here an important point. Except in only one case specified in Section 62(1)(b) of the Calcutta Police Act, the position is that by virtue of Section 72 any police officer can deal with any offence punishable under any section of the Act or any rule thereunder, which is committed in his presence in any street or public place and can make arrests without warrant. As defined in section 3 of the Act, the expression "police officer" means any member of the Calcutta Police force including

ven constables. In new Section 43D, however, the power to enforce the Commissioner's order and to seize any offending loud-speaker or microphone has deliberately not been given to any and every police officer in the sense of any member of the force; it has been given only to a police officer not below the rank of a Head Constable.

I have so far dealt with the case for insertion of new Section 43D after the existing Section 43C in the Calcutta Police Act, 1866. I need not repeat the same points in regard to the insertion of new Section 17D in the Calcutta Suburban Police Act, 1866, as the proposed new Section 17D in this Act contains the same provisions as the proposed new Section 43D of the Calcutta Police Act.

With these words, I commend my motion for consideration.

5-55—6-5 p.m.]

Dr. Kanailal Bhattacharji: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 957.

মিঃ স্পীকার, স্যার, এই যে বিল আনা হয়েছে, এই বিল মুখ্যতঃ একটা প্রহিবিটিভ বিল। আজকে আমরা গণতন্ত্রের কথা বলি; আমরা স্বাধীন হয়েছি বলি, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে আজকে আমাদের নাগরিকদের যে কর্তব্য, সেই কর্তব্য পালন করবার জন্য এই পরিষদ থেকে আজকে এই আইন পাশ করতে হচ্ছে—অর্থাৎ যদি তারা তাদের কর্তব্য পালনে বিমুখ হন, তাদিগকে তা পালন করতে বাধ্য করবার জন্য এইরূপ আইনের সাহায্য আমাদের নতে হচ্ছে। এইভাবে আমরা এই পরিষদ থেকে বিগত কয়েক বৎসর থেকে আরও ২।৩টা প্রহিবিটিভ বিল পাশ করেছি—যেমন বাসের মধ্যে ধূমপান নিষিদ্ধ করে, সিনেমার মধ্যে ধূমপান নিষিদ্ধ করে। আজকে এই বিলের উদ্দেশ্য যদিও আমরা সমর্থন করি কিন্তু বলটা যেভাবে রাখা হয়েছে, তার সম্বন্ধে আমি ২।৪টী কথা বলতে চাই। প্রথম কথা, কলিকাতা শহরে—শুধু কলকাতা শহরে কেন, বাংলাদেশের প্রত্যেকটী শহরে এই মাইক্রোফোন আজ্ঞান সত্যই একটা ভয়ের কারণ হয়ে দাঁড়িয়েছে, সাধারণ নাগরিকদের পক্ষে। মাননীয় পুলিশমন্ত্রী মহাশয় এই বিল এনে আমরা, নাগরিকরা, বিশেষ করে যারা আমরা ঠিকমত কর্তব্য পালন করতে পারি না, তাদের সজাগ করে দেবার যে প্রচেষ্টা এর ভিতর দিয়ে করেছেন, সে প্রচেষ্টা সাধু, সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু এই বিল যেভাবে রাখা হয়েছে, তাতে তিনি যেভাবে সাধারণ মানুষের অধিকার খর্ব করবার প্রচেষ্টা করেছেন, তাদ্বারা আমরা বিরোধী পক্ষ কিছুটা ভীত হয়েছি। কারণ এই মাইক্রোফোন যারা দিবারাত্রি ব্যবহার করে, তাদের নিষিদ্ধ করা দরকার এবং সেজন্য যদি আইন প্রণয়নের প্রয়োজন হয়, তা প্রণয়ন করতে হবে, যদিও আমি মনে করি, এটা অত্যন্ত দুঃখ ও লজ্জার কথা। তাহলেও যেভাবে এই বিলে একটা সাধারণ হেড-কনস্টেবল-এর হাতে ক্ষমতা তুলে দেওয়া হচ্ছে, সেটা আমরা কোনমতেই সমর্থন করতে পারি না। এই বিলের মধ্যে এই যে বিধান, তাকে আমি অত্যন্ত বড় ন্যক্কারজনক ধারা বলে মনে করি। আজ কলকাতা ও কলকাতার আশেপাশে যেসব শহর আছে—যেখানে এই আইন প্রযুক্ত হবে, সেখানে আমরা মনে করি না অফিসারের সংখ্যা এমন কিছু কম আছে, যাদের দ্বারা—ঐরকম ক্ষমতা যদি তাদের হাতে দেওয়া যায়, তাহলে সে ক্ষমতা ব্যবহার ও প্রয়োগ করতে পারে না। কিন্তু একজন হেড কনস্টেবল-এর হাতে এতখানি ক্ষমতা তুলে, তার অপপ্রয়োগের যথেষ্ট সম্ভাবনা আছে। এটা আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি যে, এইসব ব্যাপার কনস্টেবল বা হেড কনস্টেবল-এর হাতে তুলে দেওয়া হয়, তারা অনেক ক্ষেত্রে সেই ক্ষমতার অপ-প্রয়োগ করে। তাই আমি মনে করি সাধারণের প্রকৃত সুবিধা যাতে হতে পারে, সেই উদ্দেশ্যে যখন এই বিল, তখন এটা সাধারণের মতামতের জন্য জনসাধারণে প্রচার করা উচিত।

তা ছাড়া ভিহিকল-এ যে-সমস্ত মাইক বাজান হয় এবং মাইক-এ যেসব প্রচার কার্য করা হয়, সেটা নিষিদ্ধ করবার জন্য পুলিশ কমিশনারকে এইরকম ক্ষমতা বিলে দেওয়া হয়েছে—সেখানে অবশ্য একটা সেফগার্ড রেখেছেন, তার ফলে স্টেট গভর্নমেন্ট ইচ্ছা করলে তার কাছে এ্যাপীল করলে, তারা পুলিশ কমিশনারের এই ক্ষমতা কার্য করতে পারবেন। কিন্তু তা সত্ত্বেও এমন কোথায়ও দেখা যায়, বলে মনে করি না, যেখানে ভিহিকল অথবা মোটর থেকে মাইক বাজিয়ে যখন কোথায়ও প্রচার করা হয়, সেটা সিনেমার প্রচারই হোক বা কোন রাজনীতিক দলের প্রচারই হোক, সেই প্রচারের দ্বারা নাগরিকদের ভীষণভাবে অতিষ্ঠ কোরে তোলা হয় বা সেখানে একটা নুইসেন্স সৃষ্টি করা হয়—এমন মনে করে কেউ। কলিকাতা বা পশ্চিমবাংলার বিভিন্ন শহরের সাধারণ মানুষ এরূপ মনে করে বলে, আমরা জানি না। কাজেই এই যে ক্ষমতা, যে পুলিশ কমিশনার ইচ্ছা করলে মোটর যেখানে মাইক-এ প্রচার করা হয়, সেটা বন্ধ করে দিতে পারবেন—এই বিলের মধ্যে সেই ধরণের যে ধারা আছে, সেই ধারাটা আমরা সমর্থন করতে পারি না। আমি মনে করি, এই ধারাটা তুলে দিলেই ভাল হয়। এক জায়গায় যদি রাত্রিদিন একটা মাইক বাজতে থাকে, এবং সেইজন্য মানুষের কাজের অসুবিধা হয় এবং সেখানে একটা নুইসেন্স সৃষ্টি হয়, তবে এটা অনস্বীকার্য এবং আমি এটা স্বীকার করি ও সমর্থন করি যে, এই বিলের মধ্য দিয়ে যদি প্রচেষ্টা করা হয়, সেই সমস্ত অভ্যাসকে দমন করবার, তবে সেই উদ্দেশ্য সমর্থনযোগ্য কিন্তু আমরা এটা সমর্থন করতে পারি না যে, মোটর বা মাইক দ্বারা যদি প্রচার কার্য হয়, সেই প্রচার কার্য পুলিশ কমিশনার ইচ্ছা করলেই বন্ধ করে দিতে পারবেন, এরকম ক্ষমতা পুলিশ কমিশনারের হাতে দেওয়া হয়।

তারপর বিলে আর একটা জিনিস আছে, ভিহিকল ও মাইক সিজ করতে পারবে এবং এও আছে সিজ করার পর ভিহিকল ছেড়ে দিবে বটে, কিন্তু মাইক্রোফোন বা আদার এ্যাপারাটাস ছেড়ে দেওয়া হবে না। আমার মনে হয়, এতদ্বারা অত্যন্ত অন্যায় ডিসক্রিমিনেশন করা হয়। মোটরও ত অনেক সময় ভাড়া করে ব্যবহার করা হয়। সেখানে মোটর আপনারা ছেড়ে দিতে চাচ্ছেন, সেখানে মাইক্রোফোন ও আদার এ্যাপারাটাস কেন ছেড়ে দেওয়া হবে না, সেটা আমার সাধারণ বুদ্ধিতে বুঝতে পারি না। প্রথম কথা, সাধারণ লোকেরা ভাড়া করে মাইক্রোফোন ব্যবহার করে; যদি সেই মাইক্রোফোন ছেড়ে দেওয়া না হয়, তাহলে যে ভাড়া দিচ্ছে, তার উপর শাস্তি দেওয়া হয়, যে বাজাচ্ছে, তার উপর নয়। কাজেই আমি মনে করি, এই ধারাটা বাদ দেওয়া উচিত। আমার শেষ বক্তব্য হচ্ছে পশ্চিমবঙ্গে বহু শহর জনাকীর্ণ, কলকাতা থেকেও ঘন বসতিপূর্ণ শহর পশ্চিমবঙ্গে আছে এবং এই বিলের যে পোর্সন-এ বলা হয়েছে যে, মাইক্রোফোন বাজিয়ে যেখানে নুইসেন্স সৃষ্টি করা হবে, সেটা দমন করা হবে, আমি সে পোর্সনটা সমর্থন করি এবং সঙ্গে সঙ্গে আশা করি কলিকাতার আশেপাশে যে শহর অঞ্চল, সেখানেই নুইসেন্স সৃষ্টি হয় তা নয়, পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলেও এইরকম নুইসেন্স সৃষ্টি হচ্ছে— এই বিল যেভাবে এক্সটেন্ড করলে পশ্চিমবাংলার অন্যান্য অঞ্চলের সেই নুইসেন্স বন্ধ হতে পারে—সে সম্বন্ধে সরকার দৃষ্টি দেবেন। সুতরাং এই বিলকে ঘষেমেজে—আমি যেসব সাজেশন দিলাম, সেগুলি গ্রহণ করে যদি নূতন আকারে এই বিলটা গ্রহণ করা হয় তাহলে আমি মনে করি, তা দ্বারা পশ্চিমবাংলার জনসাধারণের উপর একটা সেকশন অফ দি পিপল যে অত্যাচার করে সেটা বন্ধ হবে। আমি যেসব সাজেশন এখানে দিলাম, আশা করি মন্ত্রীমহোদয় সেগুলি গ্রহণ করে বিলটাকে সেইভাবে পাশ করবেন।

[6-5—6-15 p.m.]

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957, be circulated for eliciting opinion by the 28th February 1958.

Sir, why I wish that this Bill should be circulated for public opinion is because this thing requires the decision of the public or opinion of the public. One valuable right of the people of Calcutta and its suburbs to speak through loud-speakers and other amplifying machines is being taken

away. Of course I am at one with Mr. Bhattacharya when he says that these machines should not be used in a way as to create nuisance. Sir, through microphones or loud-speakers or other contrivances one's voice is clearly heard. Moreover, Sir, this measure is unconstitutional because it affects Article 19(1) of the Constitution. The idea is to prevent indiscriminate use of loud-speakers, etc., so as to prevent nuisance, annoyance and injury to public health. These are the three things which have been mentioned either in the Statement of Objects and Reasons or in the Bill itself. I would ask the House to find out whether the words "nuisance, annoyance and public health" find any place in Article 19(1)(a) of the Constitution. If they do not then I would say that the valuable right of the citizens to express in any way theq like is being taken away. Article19(1) says "All citizens shall have the right to freedom of speech and expression". I would say that amplification of voice is a form of expression. Sir, this is the general rule and there are some exceptions and they are in Article 19(2) of the Constitution where it is said that nothing in sub-clause (a) of clause (1) shall affect the operation of any existing law or prevent the State from making any law in so far as such restrictions impose reasonable restrictions on the exercise of the rights conferred by the said sub-clause in the interest of the security of the State. Friendly relations with foreign States, public order, decency, morality or in relation to contempt of court, defamation or incitement to annoyance—these are the exceptions which could restrict the power of the citizens to express in any way they like. I would ask the Hon'ble Minister whether any of the expressions can be found either in the Preamble or in the Statement of Objects and Reasons. I would remind him again whether by the use of microphone the security of the State is jeopardised, is friendliness with friendly foreign countries jeopardised, is it going against public order or is it going against decency or morality, is it a contempt of court, defamation, incitement to annoyance? So, these restrictions are nothing but curtailment of rights of the citizens to express themselves in any way they like. So, in my opinion the entire provision is unconstitutional because it offends Article 19(1) of the Constitution.

Sir, with regard to this power being given to the Commissioner of Police, I would object to it. This is a judicial function and as such it should not be done by him. As I have already said the entire Act is unnecessary. There is already ample provision for restriction of noisy instruments and, Sir, in my opinion loud-speakers are not noisy instruments. Sir, I would quote the relevant section where it is said that the Commisisoner of Police may on complaint made to him in writing by any person by written order direct the discontinuance in any place of nuisance, such as beating of drums or blowing or sounding of horns or any other noisy instruments. Sir, these things if they come under noisy instruments then the present Bill is unnecessary as they are already covered by the original Act. Moreover, by amendment of schedules these things can be stopped. I presume the Calcutta Police Act of 1866 and the Calcutta Suburban Police Act, 1866 are going to be amended by this Bill but to my mind it seems unnecessary, for reasons I have already stated. Moreover, Sir, I find there will be difficulty in the application of this Act. In this Bill the Commissioner of Police has been given the sole authority in this matter. I think this power should be given to a person who is independent of the State machinery, namely, to Sheriff. Sir, this indiscriminate power should not be given to him.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহোদয়! যে নিরীহ এবং গো-বেচারী গোছের এই স্টেটমেন্ট অফ অবজেক্টস এান্ড রিজনস এর মধ্যে দেখিয়েছেন, সেটা যদি এই বিলের মধ্যে একমাত্র কারণ

বলে মনে হত তাহলে এই বিলের বিরুদ্ধে আমি কিছুই বলতেচাইতাম না। রাত্রি ৮টায় সময় যেরকম মাননীয় বন্ধু রাধাকৃষ্ণবাবু বললেন যে, "লা রে লাপ্পা" গান শুরু করে দেয়, সেটা বন্ধ করবার প্রয়োজনীয়তা নিশ্চয় আছে। রাত্রি ৪টার সময় তানসেন সঙ্গীত সম্মেলনকে যে অনুমতি দেওয়া হয় এবং সেইসব বন্ধ করার যদি প্রয়োজনীয়তা দেখা দেয়, তবে কোন সুবুদ্ধিসম্পন্ন নাগরিক তাতে বাধা দিতে চাইবে না। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, বিলের মধ্যে এমন কতকগুলি ধারা সন্নিবেশিত হয়েছে, যেগুলির গভীরতর উদ্দেশ্য আছে। সে উদ্দেশ্য অবশ্য এখানে বর্ণনা করেন নি। আপনি দেখুন সে উদ্দেশ্য যদি এই বিলের না হত তাহলে যে এর মধ্যে সেই ভেহিকলস পর্যন্ত ফরফিট করার যে প্রভিশন, সে প্রভিশন থাকত না। যখন একটা আইন তৈরী করবার জন্য একটা খসড়া প্রস্তাব আসে, তখন সেই বিলকে প্রচার করবার দাবী করার আমাদের অধিকার আছে, সেই অধিকার কতখানি ক্ষুণ্ণ হতে চলেছে, সেই পটভূমিকায় আমরা আগে এটার বিচার করব।

[6-15—6-25 p.m.]

শ্রীযুত পান্ডা মহাশয় বলেছেন যে, কনস্টিটিউশন-এ আমাদের অধিকার দিয়েছে ফ্রীডম অফ স্পীচ-এর, সেই ফ্রীডম অফ স্পীচ-এর একটা অধিকার হচ্ছে যে, আমরা আমাদের মতামত লাউড স্পীকার মারফৎ প্রচার করতে পারি। কনস্টিটিউশন-এ কতকগুলি রেস্ট্রিকশন আছে, যে যুক্তিতে বলা হচ্ছে আইন প্রচলিত আছে, সেই আইনের মারফৎ এই এই কারণে লাউড স্পীকার বন্ধ করা যেতে পারে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মত আইনজ্ঞ নই কিংবা মাননীয় জুডিসিয়াল মিনিস্টার-এর মত আইনজ্ঞ নই। কিন্তু ওয়েষ্ট বেঙ্গল সিকিউরিটি এ্যাক্ট যা হয়েছে, তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। ২৩ ধারাতে দেওয়া আছে—

"The State Government may for the purpose of preventing or suppressing subversive act by general or special order prohibit, restrict, regulate or impose conditions on the use of gramophone and other things".

এই যে রেস্ট্রিকটিভ, যেসমস্ত আইন আছে, সেই আইনে যে প্রভাইসো আছে, সেই প্রভাইসোর মধ্যে সাবভারসিভ এ্যাক্ট-এর জন্য যে প্রভাইসো আছে, তাতে ভিহিকল ফরফিট করার কোন ক্ষমতা নাই। অথচ এই বিলের মধ্যে ভিহিকল ফরফিট করবার প্রভিশন রাখা হচ্ছে। আমার নিজের ধারণা এবং অভিজ্ঞতা যা, তাতে মনে হচ্ছে এই আইন রাজনৈতিক কারণে ব্যবহৃত হবে। সাবভারসিভ এ্যাক্ট-এর জন্য সিকিউরিটি এ্যাক্ট-এ স্টেট গভর্নমেন্টকে যে অধিকার দেওয়া আছে, সেই রেস্ট্রিকশন ইমপোজ করার জন্য আমরা দেখছি যে, এ বিল মারফত একজন ইনডিভিজুয়াল কমিশনারকে অধিকার দেওয়া হচ্ছে, সুতরাং এটা ভেবে দেখুন যে, এটা যুক্তিযুক্ত কি না?

তৃতীয়তঃ আমি আর একটা ধারার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, এখানে যে ধারাগুলি সন্নিবেশিত হচ্ছে, তাতে কোন সময় নির্দিষ্ট করে দেওয়া হয় নি। সময় যদি নির্দিষ্ট করে দেওয়া হত তাহলে আমি বুঝতাম যে তা সকলের প্রতিই প্রযোজ্য হবে। কিন্তু পুলিশ কমিশনারের উপর এটা ছেড়ে দেওয়া হচ্ছে। নোটিফিকেশন করে দেবার পর পুলিশ কমিশনারের উপর আনব্রিডল্ড অথরিটি—ডিসক্রিসনারী পাওয়ার ছেড়ে দেওয়া হচ্ছে, এতে হয় ত এই হবে যে, আমাকে হয় ত পুলিশ অনুমতি দিল না কিন্তু আমাদের বিরুদ্ধ পক্ষের লোককে দিল। আমার একটা অভিজ্ঞতার কথা মাননীয় স্পীকার মহাশয় আপনার কাছে বলি। গত নির্বাচনের সময় যে আইন চলু আছে, সেই আইনের বলে পুলিশ কমিশনার ভিহিকল প্রপাগ্যান্ডার জন্য মাইক্রোফোন, লাউড স্পীকার ব্যবহার বন্ধ করতে পারেন, যদি পূর্বে অনুমতি না নেওয়া হয়। গত নির্বাচনের সময় এটা ছিল যে, আগে অনুমতি না নিয়ে এইসব ব্যবহার করা চলবে না। আমি যে কেন্দ্র থেকে দাঁড়িয়েছি, তার পাশের কেন্দ্র বৌবাজার থেকে কংগ্রেস-প্রার্থী দাঁড়িয়েছিলেন। আমি দেখেছি গভর্নমেন্ট ভ্যান ব্যবহৃত হয়েছে এবং সেখানে সেই কংগ্রেস-প্রার্থীর ভলান্টিয়াররা লাউড-স্পীকার নিয়ে গাড়ীতে করে ঘুরেছে এবং পুলিশের অনুমতি না নিয়েই তারা তা ব্যবহার করেছে।

[Noise and interruptions from the Congress Benches.]

Mr. Speaker: I had anticipated this interruption. I do not think, Mr. Chakravorty, it is necessary to allude to these facts. You have every right to condemn the Bill and this measure.

Sj. Jyoti Basu: Is it out of order?

Mr. Speaker: I requested Mr. Chakravorty not to allude to these facts because the particular candidate is not here to justify or contradict these things; it is all a one-way traffic.

Sj. Jatindra Chandra Chakravorty:

আমার অভিজ্ঞতা থেকে বলছি, আমি নিজে পুলিশ কমিশনারকে ফোন করে বলেছিলাম ডেপুটী পুলিশ কমিশনারের সামনে যে, আমাদের বিরুদ্ধ পক্ষের প্রার্থী প্রচার ভ্যানে বেরিয়েছেন লাউড-স্পীকার নিয়ে, সম্মিলিত বামপন্থী দলের যিনি প্রার্থী ছিলেন, তিনি সেই অনুমতি পান নি, একথা আমি পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি। এরপর আমরা দেখেছি আরামবাগের ফল যখন বেরিয়েছে, তখন সেই ফলের কথা কোলকাতার নির্বাচনের সময় সরকারী-ভ্যানে করে প্রচার করা হয়েছে। তাই আমাদের আশঙ্কা হয় মাননীয় স্পীকার মহোদয়, এই বিল যদি পাশ হয়, তাহলে যে উদ্দেশ্যের কথা এখানে বর্ণনা করা হয়েছে, সেই উদ্দেশ্যে এই আইনকে কার্যকরী না করে রাজনৈতিক বিরুদ্ধবাদীদের বিরুদ্ধে এটা প্রযুক্ত হতে পারে। আমি চাই, যে একটা সময় নির্দিষ্ট করে দেওয়া হোক, বিলেতে যেমন আছে ১২টার পর রেডিও চালানো একটা নুইসেন্স, তেমনি রাত্রি ১০টা কি ১২টা পর্যন্ত করে দিন এবং তাতে আমরা বিরুদ্ধবাদী যারা, তারা, সেই আইন মানতে বাধ্য হব। কিন্তু পুলিশ কমিশনারের ওপর যদি সেই ডিসক্রিশানারী পাওয়ারটা দিয়ে রাখেন তাহলে আমাদের সেখানে আশঙ্কা হয়। এ-ছাড়া, মাননীয় স্পীকার মহোদয়, আমার বক্তব্য হচ্ছে এই যে, যদি পুলিশ কমিশনার একটা সময় নির্দিষ্ট করে দেন তাহলে তাঁর কাছে গিয়ে বলা যেতে পারে, তিনি যদি সেটা না শোনেন তাহলে অন্ততঃ আমরা কেটে যেতে পারবো, এইরকম একটা ধারা থাকা দরকার। একটু রিজনেবলনেস থাকা দরকার এবং সেটা যেন জাস্টিসিয়েবল হয়—জাস্টিসিয়েবল যদি না হয় সেই ধারা, তাহলে আমাদের আপত্তি আছে। আজকে যদি একটা সময় নির্দিষ্ট করে দেওয়া হয় তাহলে সেটা সকলের উপর প্রযোজ্য হবে। সেজন্য আমি আজকে এই বিলের বিরুদ্ধাচারণ করছি। যে উদ্দেশ্যের কথা বিলে লেখা আছে, সেটার সম্বন্ধে হয় তো কারো মতভেদ নেই, কিন্তু সেই উদ্দেশ্যের অতিরিক্ত অনেক কিছু কাজ আজকে হতে পারে। কাজেই যে-সমস্ত সেফগার্ড থাকা দরকার, সেই সেফগার্ডগুলি যদি না থাকে তাহলে হয় তো ভেহিকল থানায় নিয়ে যাবে। আপনি জানেন, মাননীয় স্পীকার মহোদয়, সি কাস্টমস এ্যাক্টে কন্ট্রাব্যান্ড কোন মাল যদি আনা হয় ভিহিকল করে, তাহলে সেই ভিহিকল কনফিসকেট করার অধিকার দেওয়া আছে আইনে। আমি শুনেছি আমার উকিল বন্ধুদের কাছ থেকে, আপনি জানতে পারেন স্যার, যে বহু হাইকোর্টের জজ, তাঁরা রায় দিয়েছেন কনফিসকেশনের পক্ষে, কিন্তু তাঁরা সঙ্গে সঙ্গে স্টিকচারও দিয়েছেন যে, এইরকম আইন করা যুক্তিসঙ্গত নয়। যে ভিহিকেলে মাইক্রোফোন বা লাউড-স্পীকার নিয়ে যাওয়া হবে, আমার কোন বন্ধু যদি নির্বাচনের সময় বা রাজনৈতিক কোন কারণে আমাকে ভিহিকল দিতে চান, গাড়ী দিতে চান, এই আইনের মধ্যে এইরকম ধারা থাকার ফলে আমি তা থেকে বঞ্চিত হবো। সুতরাং এটা কেন করা হবে? এটা ঠিক করে নিন, যে-কোন একজন লোক যে লাউড-স্পীকার ব্যবহার করবে, তার বিরুদ্ধে আইনটা প্রযুক্ত হোক, সে যদি আইন ভাঙ্গে তাকে আপনারা শাস্তি দিন।

[6-25—6-35 p.m.]

আমি যদি কারো কাছ থেকে ভাড়া করে নিয়ে আসি, মাইক্রোফোনটা আমার এলেকায় ব্যবহার করব বলে এবং যদি কোন নিষিদ্ধ এলেকায় ব্যবহার করি, তাহলে যে মাইক্রোফোনটা ভাড়া দিয়েছে, তাকে শাস্তি দেবার ব্যবস্থা করা অযৌক্তিক হবে। এটা কোনপ্রকারে আইনসঙ্গত হতে পারে না। এতেই আমাদের মনে হচ্ছে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এই বিল আনা

হয়েছে। যদি বিলটা অন্যভাবে আসত বা এটার সংশোধনের জন্য যেসব প্রস্তাব করা হয়েছে, সেইসব গ্রহণ করা হয়, এবং বিলের ত্রুটিগুলি দূর করা হয় এবং যদি এই আইন প্রয়োগের সময় নির্দিষ্ট করা হয়, তাহলে মনে করব এর পিছনে রাজনৈতিক উদ্দেশ্য নাই; এর পূর্বে আমরা এর রাজনৈতিক উদ্দেশ্য সম্বন্ধে নিশ্চিন্ত হতে পারি না।

Sj. Niranjan Sengupta:

মাননীয় স্পীকার মহোদয়, এই—

Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957

সম্পর্কে কালীপদবাবু যা বলেছেন তা শুনতে শ্রুতিমধুর ও নির্দোষ, কিন্তু বিলটা একটু অনুধাবন করলে দেখা যায় এই বিলটার অনেক অংশই আপত্তিকর। আমি এক-একটী করে আপনার কাছে এগুলি রাখছি। এই বিলে একটা জিনিস আছে—

maintaining public peace and tranquillity

এ-সম্পর্কে আমি বলতে চাই, কালীপদবাবু যদি এটা একটু বিশদভাবে এক্সপ্লেন করেন তাহলে সুখী হব। কারণ এটা অত্যন্ত ভেগ এবং অনেক জিনিস এতে হতে পারে। মেনটেইনিং অফ পাবলিক পিস-এর নামে ক্ষমতা অনেক সময় অপপ্রয়োগ হয়, এটাই আমি মনে করি। সরকার যদি হাতে ক্ষমতা পেয়ে তার অপপ্রয়োগ করেন তাহলে সেটা চেক করার কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নাই। কালীপদবাবুকে অনুরোধ করব, তিনি আমাদের এ্যামেন্ডমেন্টগুলি দেখুন, সেগুলি দেখে যদি তিনি এ্যামেন্ডমেন্টগুলি এ্যাকসেপ্ট করেন তাহলে আমরা নিশ্চয়ই এই বিল সমর্থন করব। এই বিলে জনসাধারণের অসুবিধার কথা বলা হয়েছে। জনসাধারণের অসুবিধা দূর করবার জন্য বিল যেভাবে ড্রাফটেড হওয়া উচিত এই বিল সেভাবে ড্রাফটেড হয় নি। আরেকটা জিনিস যেটা সবচেয়ে বড় কথা—ইতিপূর্বে জ্যোতিবাবু সেটা বলে গিয়েছেন। কথাটা হচ্ছে, ফরফিচার অফ দি ভিহিকল। আপনারা জানেন যে, পাবলিক নুইসেন্স বহুরকম হতে পারে। রাস্তায় মাতাল মাতলামি করে, ওয়ানিং দিয়ে অনেক সময় ছেড়ে দেওয়া হয়, আবার অনেক সময় ১০।২০ টাকা ফাইনও হয়। কিন্তু এটাও পাবলিক নুইসেন্স। কিন্তু এখানে বলা হয়েছে, ভিহিকল কনফিসকেট করা হবে। এত বড় ক্ষমতা পুলিশ কমিশনার-এর হাতে দিলে আমার মনে হয় সেটার অপব্যবহারের সম্পূর্ণ সম্ভাবনা আছে। আশা করি কালীপদবাবু এটার জবাব দেবেন। ক্ষমতা হাতে পেলে সেই ক্ষমতা কিভাবে ব্যবহৃত হয় তা আমরা দেখেছি। কালীপদবাবু পুলিশের হাতে বহু ক্ষমতা দিতে যাচ্ছেন। প্রায় ক্ষেত্রেই ক্ষমতার অপপ্রয়োগ হয়। সুতরাং আমাদের মনে সন্দেহ আছে যে, বিরোধী-পক্ষের উপর এটা ব্যবহৃত হবে। এখন কালীপদবাবু বলতে পারেন, না, নিশ্চয়ই হবে না, নিশ্চয়ই রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে ব্যবহার করা হবে না, কিন্তু এই বিল পাশ হয়ে গেলে সেটা কিভাবে বন্ধ করা যাবে, সে সম্পর্কে কালীপদবাবু কোন কথা বলেন নি। আমরা বলেছি একটা সময় নির্দিষ্ট করে দেবার জন্য, সুবিধামত যেমন রাত ১০টা থেকে ভোর ৫টা বা ঐরকম একটা সময় বেঁধে দিতে পারেন। পুলিশ কমিশনারের হাতে এরকম ক্ষমতা দিলে তাতে আপত্তি করার কিছু থাকে না। কিন্তু এই আনবার আগে পাবলিককে শিক্ষা দেবার কি কিছু করেছেন? হঠাৎ এই বিল আনছেন। গেল পূজার সময় আপনারা অর্ডিন্যান্স জারী করেছেন, কিন্তু জনসাধারণ কি আপনাদের নিয়মকানুনগুলি মোটামুটি রক্ষা করে চলেন নি? তাই বলছি জনসাধারণকে শিক্ষা দিন ও এই সাথে সাথে এই বিল উপস্থাপিত করুন। জনসাধারণকে জানিয়ে দিন, কি কি করা অন্যায়। জনসাধারণকে জানিয়ে দিন নিয়ম লঙ্ঘন করলে কি কি অসুবিধা হয়, বিশেষ করে রোগগ্রস্তদের কত অসুবিধা হয়। এসব কথা কখনো বলা হয় নি। আমি মনে করি এই বিল যেভাবে ড্রাফটেড হয়েছে, এবং এই বিলে যেভাবে আপনাদের হাতে ক্ষমতা যাচ্ছে, তাতে আমাদের যথেষ্ট সন্দেহ আছে যে, বিরোধী পক্ষের বিরুদ্ধেই এটার প্রয়োগ হবে। সিকিউরিটি এ্যাক্ট-এর বেলায়ও আমরা এই জিনিস দেখেছি। তখন বলা হয়েছিল পাকিস্তানী এজেন্ট এবং অন্যান্য ব্যাপারে এটা ইউজ করা হবে, কোন পলিটিক্যাল পার্টির ব্যাপারে ইউজ করা হবে না। কিন্তু প্রতিটি ব্যাপারে সিকিউরিটি এ্যাক্ট বিরোধী দলের বিরুদ্ধে ইউজ করা

হয়েছে। সাধারণ ব্যাপারেও এই সিকিউরিটি এ্যাক্ট ব্যবহার করে আমাদের বিপর্যস্ত করেছেন। আপনারা হাতে ক্ষমতা পেয়ে তার অপব্যবহার করেন। আমরা জানি আপনারা এ্যাসুয়োরেন্স দিলেও পরে তা রক্ষা করেন না। তাই বলছি, যেভাবে এই বিল ড্রাফটেড হয়েছে, তাতে আমরা এটা কিছুতেই সমর্থন করতে পারি না। আমাদের যেসব এ্যামেন্ডমেন্ট আছে সেগুলি কন্সিডার ও এ্যাকসেপ্ট করুন, তাহলে আমরা বুঝতে পারব আমরা এটা সমর্থন করতে পারি কি না।

Sj. Bankim Chandra Kar: Sir, this Bill, the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957, has been brought to amend certain sections of the Calcutta Police Act and the Calcutta Suburban Police Act. No doubt it is necessary. I do not want to go into an analytical discussion of the merits of the Bill but I am sure that my friends on both sides are convinced that this Bill has been introduced for the good of the people. To one thing I would draw your attention and through you the attention of the Home Minister and also of the Law Minister. On the other side of the Ganges there is a big town where lakhs of people live and which is an industrial town. The same difficulties are there in the town of Howrah. Nothing has been done so far as that town is concerned. If on this side of the Ganges this Act is enforced and people will get the benefit, the other side will not get that benefit. I just remind the Home Minister that there is one Act, the Howrah Offences Act, and certain sections of that Act may be amended and this principle may also be extended to the other side of the Ganges.

[6-35—6-45 p.m.]

Sj. Nepal Chandra Roy:

মাননীয় স্পীকার মহোদয়, আমি এই বিলটাকে সমর্থন করতে উঠে দু-চারটে কথা বলতে চাই, আশা করি মাননীয় চীফ মিনিস্টার ও ল-মিনিস্টার এবং যাঁরা এই বিলের সংগে জড়িত আছেন, তাঁরা সকলে আমাকে সমর্থন করবেন।

এই বিল সত্যিই এর আগে আসা উচিত ছিল, কারণ আমরা দেখেছি কলকাতার শহরে লাউড্-স্পীকারের আওয়াজ পূজার সময় বা অন্যান্য আমাদের উৎসবের সময় আসে, বহু রুগীর, মুমূর্ষু রুগীর-হয় তাদের পার্কের পাশে বাড়ী কিংবা পূজা-প্যান্ডেলের কাছে বাড়ী, তাদের বড় অসুবিধা হয়। দেখা গিয়াছে মুমূর্ষু রোগী থাকা সত্ত্বেও, পূজা কমিটিকে অনুরোধ করেও মাইক বন্ধ করা যায় নি। অবশ্য শুধু আইন করে দিলেই, আইন প্রযোজ্য হবে, তা নয়। আমরা গত কয়েক বৎসর ধরে উত্তর-কলিকাতায় পুলিশের সহযোগিতা নিয়ে এবং পাবলিকেরও সহযোগিতা নিয়ে ও সমস্ত পূজা কমিটির কর্তৃপক্ষদের ডেকে এটা ঠিক করেছিলাম যে, রাত্রি ১০টার পর আর মাইক বাজান চলবে না। শুধু তাই নয়, আজেবাজে যে-সমস্ত গান, যেমন 'লাড়ে-লাপ্পা' এই ধরণের গান-বাজনা পূজার বা কোন উৎসবে যেন আর বাজানো না চলে। এই সমস্ত কুৎসিৎ গানগুলিকে আমরা বন্ধ করেছিলাম বহু চেষ্টার ফলে। আমার মনে হয় সভ্য-সমাজে যাঁরা বাস করেন, তাঁরা এটা সমর্থন করবেন। অবশ্য এখানে আমাদের বন্ধু শ্রী পাণ্ডা মহাশয় এ-কথা বলেছেন যে, এই ধরণের বিল এলে নাকি ফান্ডামেন্টাল রাইট নষ্ট হবে। স্যার, আমি বুঝতে পারি না, যদি বসন্তবাবুর বাড়ীর সামনে রাত্রি ১০টার পরে মাইকে ঐ গান, 'লাড়েলাপ্পা' জুড়ে দেওয়া যায়, তাহলে তিনি কি সেটা বরদাস্ত করবেন? আমার মনে হয় তা তিনি নিশ্চয়ই করবেন না। এটা ঠিক রাত্রি ১০টার পরে মাইক বাজান যেমন রোগীদের পক্ষে অসুবিধা হয়, তেমনি ঠিক, যারা শান্তিপ্রিয় নাগরিক, যারা ১০টার পর বিছানায় শুয়ে পড়েন, তাদেরও অসুবিধা হয়। অবশ্য রাজনৈতিক দলের কথা বলছি না। তাঁরা রাত্রি শেষ করে ভোরে বাড়ী ফেরেন, তাঁদের অসুবিধা হয় না। কিন্তু যারা শান্তিপ্রিয় নাগরিক, তাদের অত্যন্ত অসুবিধা হয়; এবং তাদের তরফ থেকে বহু অসুবিধার অভিযোগ আমরা পেয়েছি। তাঁরা বলেছেন এই মাইকের দৌরাত্ম্যে, আমাদের দেশ ছেড়ে পালিয়ে যাবার মত অবস্থা এসেছে। আমার মতে এই ধরণের মাইক বাজানর দ্বারা

শান্তিপ্রিয় লোক বা নাগরিকদের ফান্ডামেন্টাল রাইট নষ্ট করে দেওয়া হচ্ছে। মিঃ পান্ডা, উনি ঠিক উল্টা বুঝেছেন। আমি অবশ্য তাঁকে ক্রিটিসিজম করতে চাই না—উনি বুদ্ধিমান লোক, খুব পন্ডিত লোক। উনি হয় ত ভুল বুঝেছেন। আমরা কলকাতায় থাকি, আমরা কলকাতার এম, এল, এ, আমাদের ভয় আছে—আমাদের মাইকওয়ালা ছেলেরাই এই ইলেকশন চালায়। কিন্তু তা সত্ত্বেও আমরা প্রতিজ্ঞাবদ্ধ যে, এই ধরণের উচ্ছৃংখলতা আর সমাজের মধ্যে চলতে দেবো না। কারণ বহু ছেলে, যুবক একটা অছিলা নিয়ে সারা সমাজের মধ্যে একটা বিশৃংখলা সৃষ্টি করবার চেষ্টা করে। এটা আমাদের দায়িত্ব, এই দায়িত্ব আমাদের উপর এসে পড়েছে যে, ছেলেদের উচ্ছৃংখল হতে দেবো না।

স্যার, আর একটা বিষয়, আমার বন্ধু যতীন চক্রবর্তী মহাশয় বলেছেন যে, রাজনৈতিক দল, অর্থাৎ দু তরফ, কংগ্রেসের যাঁরা ইলেকশন লড়েছেন, আর ওঁরা যাঁরা বামপন্থী হয়ে ইলেকশন লড়েছেন—তখন নাকি আমাদের কয়েকজনকে পুলিশের সামনে মাইক ব্যবহার করতে দেখেছেন। আমিও জানি—আমার এলাকায় আমার বিরোধী দলের যিনি ছিলেন, ফরোয়ার্ড ব্লকের যিনি ক্যান্ডিডেট, তিনিও মাইক ব্যবহার করেছিলেন; আমি পুলিশকে জানাই, কিন্তু পুলিশ কোন এ্যাকশন নেয় নি। পুলিশের বিরুদ্ধে এবং মাননীয় মন্ত্রী [illegible] কাছে আমার অভযোগ, তাঁরা কেন মাইক চালাতে পেরেছেন, আর আমরা কেন পারি নি? আমি পুলিশের কাছে খোঁজ নিয়ে দেখেছি তাঁরা পারমিশন নিয়ে মাইক চালান নি।

স্যার, এটা নিশ্চয় আইন যখন হবে দেশে, তখন প্রত্যেকের পক্ষে তা প্রযোজ্য হবে। যিনি আইন ভঙ্গ করবেন, তাঁর দন্ড হবে এই তো নিয়ম। উনি বলেছেন যদি কোন এলাকায় আইন ভঙ্গ হয়ে থাকে, তাহলে তার জন্য তো পুলিশ রয়েছে, দেশের অন্যান্য লোক রয়েছে; আবার এই নূতন করে আইন করবার কি প্রয়োজন? স্যার, পুলিশের ভয়ই বা কিসের ওঁদের? ভয় তো ওঁদের নয়, ভয় আমাদের। আমাদের অপোজিশন লীডার, তিনি কথায় কথায় বলেন, শতকরা ৯০ ভাগ সরকারী কর্মচারী ওঁদের দলের, তাহলে ভয় তো আমাদের। ওঁরা তো বেঁচে যাবেন, এই আইন হলে—ওঁরা ডিরেকশন দেবেন ওঁদের ধরুন, অমুককে ধরুন, তমুককে ধরুন। স্যার, আমরা বিপদে পড়লাম; বরং ওঁদের উৎসাহিত হওয়া উচিত এই ভেবে, যে এই আইন হয়েছে, ভালই হয়েছে, কংগ্রেসকে 'গ্যাগ' করা যাবে। স্যার, এই আইনকে পূর্ণ সমর্থন জানিয়ে, আর একটা কথা বলবো, ওদিকের বন্ধুদের সঙ্গে আমি একমত যে, লঘু পাপে গুরু দন্ড যেন না হয়। সেইজন্য আপনার কাছে নিবেদন, আপনি একজন বাংলাদেশের শ্রেষ্ঠ আইনজ্ঞ, আপনি এটা বিচার করে এর ব্যবস্থা করবেন। আপনি বুদ্ধিমান, আপনি আমাদের বুদ্ধি দেবেন। [হাস্যরোল] এই হাউসের মধ্যে শ্রেষ্ঠ আইনজ্ঞ হিসাবে আমরা সকলে আপনাকে জানি; কলকাতার বারে আপনি শ্রেষ্ঠ আইনজ্ঞ হিসাবে ছিলেন।

যেটা নাকি লঘুপাপে গুরু-দন্ড হচ্ছে, অর্থাৎ আমার বন্ধুরা একটু আগেই বলেছেন, মাইক্রোফোন যারা ভাড়া দেন, সেই সমস্ত দোকানদাররা অত্যন্ত গরীব; পাড়ায়, পাড়ায় একটা-দুটো মাইক কিনে বসে যায় এবং হয় তো কোন পলিটিক্যাল পার্টীর লোককে দাদা ডেকে কিংবা পূজা প্যান্ডেলের লোককে দাদা ডেকে, মাসে ৫০ কি ১০০ টাকা রোজগার করে জীবিকা নির্বাহ করে। আমরা যদি কোন দোকানদারের কাছে গিয়ে বলি—'মাইক' দাও, সে তো তখন বলতে পারবে না পার্মিশন দেখাও। কারণ, তাহলে তার দোকান-ঘর উঠে যাবে। তাই এটা আপনারা চিন্তা করে দেখুন। [হাস্যরোল।] এটা হাসির কথা নয়, অত্যন্ত সিরিয়াস জিনিস। ধরুন, পাড়ার কোন রেসপন্সিবল লোক সেখানকার দোকানদারকে বললো মাইক দাও, তখন দোকানদার হয় তো বলবে পার্মিশন দেখি; তখন সেই লোক বলবে পার্মিশন আছে, আছে, এখন দাও দেখি। এই পার্মিশন আসবে কি না আসবে, তারই ঠিক নেই, অথচ তখন বলা হবে আছে, আছে। এসব সত্য ঘটনা। তারপর মাইকটা মাইকওয়ালারই চালাবার কথা, কিন্তু হয় তো পাড়ার ছেলেরা বলবে দে, দে, আমরা চালাই, এবং মাইকওয়ালার কাছ থেকে কেড়ে নিয়ে, তারা চালিয়ে দিলো। এই যে মাইকওয়ালাকে চালাতে দিল না, এর জন্য কি মাইকওয়ালার দোষ হতে পারে? শেষ পর্যন্ত মাইকওয়ালাকে ছেলেদের হাত

ধরতে হয়, যে রাত্রি ১০টা বেজে গিয়েছে, অথচ ছেলেরা তখন বললো চুপ কর, চুপ কর, কোন ভয় নেই, সব ঠিক হয়ে যাবে। আমার এইটা হোম মিনিস্টার ও ল-মিনিস্টারের কাছে আবেদন, গরীব মাইকওয়ালাদের উপর এজন্য যেন অত্যাচার না হয়। সেখানে আপনি পুলিশকে এই ক্ষমতা দিন যে, যদি মাইকওয়ালার গাফিলতির জন্য রাত্রি ১০টার পরও মাইক বাজান হয়, তাহলে তার মাইক কনফিসকেট করুন, আর তা যদি না হয়, তাহলে ঐ মাইক কনফিসকেট করবেন না। স্যার, আর একটা ব্যাপার, গত ইলেকশন-এর সময়, মোটর-গাড়ীর ব্যাপার সম্পর্কে একটু বলতে চাই। এটা আমার গত ইলেকশন-এর সময় ঘটেছে। আমার ইলেকশন-এর সময় আমার এক কংগ্রেসী বন্ধু আমার মোটর গাড়ীটা নিয়ে গিয়ে অপোজিশন পার্টীর হাতে ছেড়ে দেন, তারা পোস্টার ইত্যাদি লাগিয়ে তাদের প্রপাগান্ডার কাজে ব্যবহার করতে লাগলো। আমার এক বন্ধু আমাকে ফোন করে বললে, কিহে, তোমার গাড়ী নিয়ে ওরা ঘোরাঘুরি করছে? শুনে আমি তো অবাক। স্যার, এটা ফ্যাক্ট, আমার গত ইলেকশন-এর সময় এইরকম হয়েছে। এই অবস্থায় যদি গাড়ীটা কনফিসকেট করা হয় তাহলে কি অবস্থা দাঁড়াবে?

তাই আমি মাননীয় ম-[illegible] কাছে এবং হাউসে যাঁরা উপস্থিত আছেন, বিরোধী দলের মাননীয় সদস্যদের কাছে নিবেদন করছি, যাতে নাকি এই ধরণের কেসে—টেম্পোরারীভাবে থানায় ধরে নিয়ে গিয়ে, তারপর দুটার জন্য একসঙ্গে যামীন দেওয়া হয়। তারপর ম্যাজিস্ট্রেট যদি বোঝেন যে, বে-আইনী পার্পাস-এ, বে-আইনী কাজ করবার জন্য ঐ মাইক নিয়ে ব্যবহার করা হয়েছে, তাহলে তার জন্য যে পানিশমেন্ট দেওয়া দরকার তা তিনি দেবেন।

[6-45—6-55 p.m.]

কলকাতার রাস্তায় বহুরকম ক্রাইম প্রায়ই দেখা যায়—ধরুন, রাস্তায় রাস্তায় কাউকে ধাক্কা দিয়ে এ্যাক্সিডেন্ট করা হল বা কেউ কেউ যদি রাস্তায় উলঙ্গ হয়ে ঘুরে বেড়ায়, সেই হিসাবে তাকে হয় তো ১০ টাকা জরিমানা দিতে হয় অথবা মদ খেয়ে যদি কেউ রাস্তায় মাতলামি করে, সে-ক্ষেত্রে ১০ টাকা, ঐরকম জরিমানা হতে পারে। এইসব ক্ষেত্রে এসব অপরাধ পাবলিক নুইসেন্স-এর মধ্যে পড়বে। এখানে এই ক্ষেত্রে যদি পাবলিক নুইসেন্স-এর সৃষ্টি হয়, তাহলে লঘু পাপে যেন গুরু-দন্ড না হয়, সেই অনুরোধ আমি করব, মাননীয় মন্ত্রীমহাশয় এটা যেন কন্সিডার করেন।

আর একটা কথার জবাব দিতে চাই—শ্রদ্ধেয় বন্ধু যতীন চক্রবর্তী মহাশয় একটু আগে বললেন যে, ইলেকশন রেজাল্টস কলকাতায় মাইক-এর সাহায্যে জানান হয়েছিল অর্থাৎ উনি মিন করেছেন আমাদের প্রফুল্ল দাদার কথা কিন্তু আমি বলতে চাই, প্রফুল্লবাবু আরামবাগ থেকে দাঁড়ান নি, দাঁড়িয়েছিলেন রাধাকৃষ্ণ পাল মহাশয়। সুতরাং এই ভাইটাল পয়েন্ট-এ তিনি ভুল করেছেন।

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, এই যে আইনটা এসেছে, এই আইনের সুদূরপ্রসারী ফল আছে। মাইক্রোফোন বন্ধ করা এবং তার অপ-প্রয়োগ প্রতিহত করা—সে সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহোদয় যখন বিল আমাদের সামনে উপস্থিত করেছেন, তখন এমন কোন ঘটনার কথা বলেন নি যে, কোন কোন ক্ষেত্রে এই মাইক্রোফোন ব্যবহারে অপ-প্রয়োগ হয়েছে। যদি সেটা আমরা জানতাম, বুঝতাম যে, এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে দেশের সর্বত্র বিভিন্ন ক্ষেত্রে এই মাইক্রোফোন ব্যবহারে অপ-প্রয়োগ হচ্ছে, তাহলে নিশ্চয়ই আমরা মনে করতাম যে, এইরকম একটা আইন নিশ্চয়ই আনার প্রয়োজন আছে। কতকগুলি ভিহিকল, যারা এইরকমভাবে মাইক্রোফোন নিয়ে পুলিশের বিনা অনুমতিতে প্রচার করে চলেছে—এইরকম কতকগুলি কেস, ঘটনা হয়েছে—সেটা আমাদের জানান হয় নি। কাজেই হঠৎ এইরকম একটা আইন আনার কি বিশেষ বা আশু প্রয়োজন থাকতে পারে, আমরা বুঝতে পারলাম না। কারণ যে আইন রয়েছে, সিকিউরিটি এ্যাক্ট-এ যে আইন রয়েছে, সেই আইনই যথেষ্ট। যখন মাইক্রোফোন

ব্যবহার করতে হয়, তখন পুলিশের অনুমতি ছাড়া ব্যবহার করা যায় না। যদি প্রচার করতে হয় কোন ভিহিকল মারফৎ, তা পুলিশের অনুমতি ছাড়া প্রচার করা যায় না। তাহলে এমন কি প্রয়োজন হল—কি অবস্থার সৃষ্টি হল, যাতে করে, এমন করে হঠাৎ একটা কড়া আইন আমাদের সামনে আনা হল। কাজেই এই থেকে সকলের মনে একটা সন্দেহের সৃষ্টি হতে পারে এবং এটা মনে হওয়া স্বাভাবিক যে, নিশ্চয়ই এর মধ্যে বিশেষ একটা উদ্দেশ্য আছে, যে উদ্দেশ্য নিয়ে সরকার হঠাৎ এইরকম একটা আইন নিয়ে এসেছেন। আমি এই বিল সম্পর্কে বেশী কথা বলতে চাই না। আমার পূর্ববর্তী বক্তারাই বিষদভাবে বলেছেন। তবে একটা কথা—একটা হেড কনস্টেবল-এর হাতে যে ক্ষমতা দেওয়া হয়েছে, একজন হেড কনস্টেবল গিয়ে যেখানে এই মাইক যন্ত্রের অপব্যবহার হচ্ছে, সেটাকে গ্রেপ্তার করতে পারবে এবং তা বন্ধ করে দিতে পারবে। কিন্তু এইরকম একটা হেড কনস্টেবল-এর উপরে এইরকম ক্ষমতা দেওয়া কি অবশ্য প্রয়োজনীয় ছিল? আমাদের যে বিভিন্ন প্রতিষ্ঠান আছে, সেইসব জায়গায় বিশিষ্ট বিশিষ্ট সম্মানিত ব্যক্তি আছেন, তাঁদের উপর যদি নির্ভর করা হয় বা সহযোগিতা চাওয়া হয়—আমরা দেখেছি আমাদের সবচেয়ে যে বড় জাতীয় উৎসব দুর্গাপূজা বা কালীপূজা, তখন আমরা দেখেছি, কোন জায়গায়, যেখানেই আমরা সকলে একমত হয়ে সকলকে অনুরোধ করেছি যে, ১০টার পর মাইক বাজাবেন না, কেউ তা বাজায় নি—মাননীয় মন্ত্রীমহাশয় কি বলতে পারেন যে, দুর্গাপূজার সময় বা কালীপূজার সময় কোন জায়গায় এই মাইক-এর অপব্যবহার হয়েছে? এমন কোন জায়গা বা দৃষ্টান্তের কথা তিনি উল্লেখ করেন নি। অবশ্য কোন কোন সামান্য ব্যাপারে হয় তো কিছুটা ব্যতিক্রম হতে পারে। কাজে কাজেই যে আইন প্রচলিত আছে তা দ্বারাই যখন মাইক-এর অপব্যবহার নিরোধ করা যায়, তখন এই ধরণের আইন আনবার কি আবশ্যকতা আছে, যার বলে মাইক পর্যন্ত ফরফিচার করা যাবে? সেদিক থেকে আমরা মনে করি ও বিশ্বাস করি, এইরূপ আইনের বিশেষ প্রয়োজন আছে মনে করি না, আর যদি থাকে, তবে কোন কোন জায়গায় বর্তমান আইনের অপ-প্রয়োগ হয়েছে—কি কি ঘটনার জন্য এটা আনা হয়েছে এবং এই আইনের প্রয়োজন হয়েছে, সেটা পরিষ্কার করে বলুন।

(ii) if so, when the scheme is going to be implemented;

(iii) if not, the reasons of this delay; and

(iv) when the scheme will receive the approval of Government?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: (a)(i) The existing water-supply being inadequate, a Water-supply Augmentation Scheme for the South Suburban Municipality was prepared by the Chief Engineer, Public Health Engineering, West Bengal, at an estimated cost of Rs. 13,92,500 at the request of the Chairman of the Municipality.

(*ii*) Yes.

(*b*)(*i*) No.

(*ii*) to (*iv*) It depends on sanction of loan by the Government of India. Necessary loan assistance from the Government of India for financing new urban water-supply schemes has not yet been received.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

এই যে ওয়াটার-সাপ্লাই স্কীম, এটা কমপ্লিটেড হ'লে পর বেহালার কতখানি জায়গায় সাপ্লাই করতে পারবে, অর্থাৎ কতখানি অঞ্চলে জল দিতে পারবে?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: The whole municipal area will be supplied.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

মন্ত্রিমহাশয় এই কথা বলেছেন যে, রিগার্ডিং ওয়াটার-সাপ্লাই স্কীম ভারত সরকার টোটাল অ্যামাউন্টটা কমিয়ে দেবার দরুন তাঁদের স্কীমটার ড্রাস্টিক রিভিশন করতে হয়েছে এবং মাত্র ছ'টা মিউনিসিপ্যালিটিকে স্কীমএর মধ্যে ধরা হয়েছে। এখানে আমার জিজ্ঞাস্য হচ্ছে—বেহালাকে কি আরব্যান স্কীমএর মধ্যে ধরা হয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: No, there is no separate scheme. In my answer to a previous question of a similar nature regarding water supply, I explained what is the plan, viz., the Government of India sanctioned Rs. 4 crores but ultimately it was found that they promised only Rs. 2 crores, and so drastic revision was necessary and then only the six municipalities—as I mentioned last time—of Bally, Bhadreswar, Champdany, Baranagore, Ranaghat and Garulia have been included in the plan.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

আমার প্রশ্নটা হচ্ছে, যে ছ'টা মিউনিসিপ্যালিটির কথা মন্ত্রিমহাশয় বলেছেন, তার মধ্যে যখন বেহালাকে ধরা হয় নাই, বেহালাকে কি আরব্যান ওয়াটার-সাপ্লাই স্কীমএ ধরা হয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: This has been excluded. This is not included in the list of six municipalities.

Sj. Gopal Basu:

অ্যারাইজিং আউট অব দিস্ আনসার আমার প্রশ্ন হচ্ছে, মন্ত্রিমহাশয় বলেছেন যে এই প্ল্যানএর মধ্যে বালি, ভদ্রেশ্বর, চাঁপদানি, বরানগর, রানাঘাট এবং গারুলিয়াকে ধরা হয়েছে। ভাটপাড়া হচ্ছে পশ্চিমবাংলার মধ্যে একটা বিরাট শহর, সেটা কেন ইনক্লুড করা হয় না?

Mr. Speaker: It has been excluded; It does not arise.

Mr. Speaker: It has been excluded. It does not arise.

স্যার, আমার আরও কিছু জিজ্ঞাস্য আছে। মন্ত্রিমহাশয়ের বক্তব্য থেকে বোঝা যাচ্ছে—বেহালা মিউনিসিপ্যালিটিকে আর্বান ওয়াটার-সাপ্লাই স্কীমএর ভিতর বর্তমানে ধরা হয় নাই, ওঁদের যে পরিকল্পনা তৈরি হচ্ছে তার মধ্যে কি অদূরভবিষ্যতে বেহালাকে নেওয়া হবে?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: No.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

স্যার, উনি আমার প্রশ্নের উত্তরে বলেছেন প্রশ্নের বি(২) টু (৪)এর উত্তরে,

"It depends on sanction of loan assistance from the Government of India. Necessary loan assistance from the Government of India for financing new urban water-supply schemes has not been received."

এর মানে কি এই যে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছ থেকে লোন পেলে হবে, নইলে কি হবার কোন সম্ভাবনাই নাই?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: It is quite clear. It is given there.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

ধরুন কেন্দ্রিয় সরকার থেকে কোন লোন যদি নাই পাওয়া যায় তবে পশ্চিমবঙ্গ সরকার কি কিছুই করতে পারবে না? কোন সম্ভাবনাই কি নাই?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: Unless we get loan how can it be possible?

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Death of Hiranya Kanti Ghosh Dastidar in a street accident on Chowringhee Road, Calcutta

23. (Admitted question No. 449.) **Sj. Jatindra Chandra Chakravorty:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) whether Shri Hiranya Kanti Ghosh Dastidar was a victim of a street accident at about 9 p.m. on the Chowringhee Road on November 18, 1956, and eventually died as a result of excessive loss of blood on the road because the driver of the ambulance car was prevented by a Sergeant of the Calcutta Police from picking him up and removing him to a hospital;

(*b*) when the victim was sent to hospital and at what time after the accident;

(*c*) whether Government made an enquiry into the cause of death; and

(*d*) if so, what was the result of the same?

The Minister for Home (Police) (the Hon'ble Kali Pada Mookerjee): (a) Yes. But it is not a fact that the driver of the ambulance car was prevented by a Sergeant of the Calcutta Police from picking him up and removing him to a hospital. On receipt of a telephone message at about 9-10 p.m. an ambulance driver of the Calcutta Corporation appeared at the spot and after thorough examination of the injured person declared him "dead" and refused to lift the body to hospital. The dead body was then sent to morgue.

(*b*) and (*d*) Do not arise.

(*c*) No.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, একজন এম্বুলেন্স ড্রাইভার কি কাউকে মৃত সাব্যস্ত করতে কম্পিটেন্ট পার্সন?—যে সে একজনকে মৃত বলেই তাকে মৃত বলে ধরে নিতে হবে?

The Hon'ble Kali Pada Mookerjee:

ডায়াগোনাইজ করবার পক্ষে সে কম্পিটেন্ট নয়, কিন্তু ড্রাইভ ক'রে নিয়ে যাওয়ার পক্ষে কম্পিটেন্ট। সে যখন দেখলে যে বডিটা ডেড বডি সে তখন রিফিউজ ক'রে বলেছে এটা মৃতদেহ —শব, সেইজন্য এটা আমি এম্বুলেন্সে বহন ক'রে নিয়ে যাব না।

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, মর্গে নিয়ে যাবার আগে পর্যন্ত ঐ বডিটা কতক্ষণ সেখানে পড়েছিল?

The Hon'ble Kali Pada Mookerjee:

এ্যাট এ্যাবাউট ৯ পি-এমএ এ্যাকসিডেন্ট হবার প্রায় সঙ্গে সঙ্গেই ৯টা ১০ মিনিটে এম্বুলেন্সকে কল করা হয়; ৯-১৫ কি ২০ মিনিটে এম্বুলেন্স কার এসে উপস্থিত হয়েছিল, দি সার্জেন্ট অন ডিউটি ড্রাইভারকে নিয়ে যেতে বলেছিল, সে বল্লে—ডেড বডি আমি ক্যারি করতে পারব না।

Sj. Jatindra Chandra Chakravorty:

আমার প্রশ্নটা ভাল ক'রে শুনুন। আপনি বলেছেন, মর্গে ডেড বডি নিয়ে যাওয়া হয়েছিল—the dead body was then sent to morgue.

মর্গে নিয়ে যাবার আগে বডিটা কতক্ষণ পর্যন্ত সেখানে ছিল; আপনারা কি জানেন, জানি না। কিন্তু আমার তথ্য হচ্ছে, এ্যাকসিডেন্ট হবার পর তার প্রচুর রক্তক্ষরণ হতে থাকে, যদি সময়মত তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হ'ত তা হ'লে হয়ত তার প্রাণ রক্ষা হ'ত। সেইজন্য আমার প্রশ্ন, কতক্ষণ সে সেখানে পড়েছিল?

The Hon'ble Kali Pada Mookerjee:

১০ থেকে ১৫ মিনিটের মধ্যে এম্বুলেন্স চাওয়া হয়েছিল, যখন এম্বুলেন্স এসে গেল তখন তার প্রাণত্যাগ হয়েছিল, তখন এম্বুলেন্সএর ড্রাইভার শবটা নিয়ে যেতে অস্বীকার করে। তারপর শব মর্গে পাঠাবার বন্দোবস্ত করা হয়।

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, লালবাজারে এ্যাকসিডেন্ট সম্পর্কে যে খবর পাঠানো হয় তাতে কি সেখানে বলা হয় যে যার এ্যাকসিডেন্ট হয়েছে তার প্রাণ রয়েছে, এবং এরকম কোন খবর লালবাজারে গিয়েছিল কি না?

Mr. Speaker: You should have put that question specifically.

[3-50—4 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

আপনারা হাসতে পারেন, বাট ইট ইজ এ সিরিয়াস ম্যাটার।

Mr. Speaker: Mr. Chakravorty, I never laugh and you should bear that in mind Each time you come up you think that you can go on in your own way.

Sj. Jatindra Chandra Chakravorty: I do not want to.....

Mr. Speaker: You may think a question very important but if I find it does not arise I disallow it.

Sj. Jatindra Chandra Chakravorty: That is all right. You may disallow my question but there cannot be any occasion for my remarks to be laughed at.

Mr. Speaker: Put your question.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে লালবাজারে খবর দেওয়া হয়েছিল এই অ্যাকসিডেন্ট সম্বন্ধে এবং বলা হয়েছিল, যে ব্লোকটার অ্যাকসিডেন্ট হয়েছিল তিনি তখনও বেঁচে আছেন।

Mr. Speaker: That question is disallowed.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে আমাদের মনে যে সন্দেহ আছে যে এক্সেসিভ ব্লিডিংএর ফলে সেই লোকটিকে ঠিক সময় নিয়ে না যাওয়ার জন্য মারা গিয়েছে। এই সন্দেহ নিরসনের জন্য সরকার কোন ব্যবস্থা করবেন কি?

Mr. Speaker: Question disallowed. The proper question in a case like this should have been—Whether there was any inquest and what is the report of the inquest or if there was a Coroner's enquiry with the aid of the jury what was the result of that enquiry? That would have been a pertinent question. The question that is being asked is irrelevant and I disallow it on that ground.

Dr. Abu Asad Md. Obaidul Chani: The Hon'ble Minister has declared that after a thorough examination he was declared dead. Who conducted the examination.

The Hon'ble Kali Pada Mookerjee: The ambulance driver who came to pick up the body for removing it to the hospital found the person dead. He refused to carry the body because of the fact he found the man dead.

Dr. Abu Asad Obaidul Chani: Does the Hon'ble Minister think that the driver of an ambulance is a competent person to declare a person dead on the street?

The Hon'ble Kali Pada Mookerjee: Yes

Dr. Abu Asad Md. Obaidul Chani: But who authorised the driver not to carry the dead body—could he legitimately refuse?

The Hon'ble Kali Pada Mookerjee: That I cannot say. He refused to carry the dead body

Dr. Jnanendra Nath Majumdar: Arising out of answer to question (c) is it customary for the Government not to enquire into the cause of death after an accident?

Mr. Speaker: Not that in every case of death due to accident Coroner's enquiry is compulsory. You never put that question. Therefore I suggested the pertinent question would have been—Was there a Coroner's enquiry in this case?

Dr. Jnanendra Nath Majumdar: My question is, is it customary for the Government not to enquire into the cause of death caused by accident? Whether such an enquiry was held or not?

The Hon'ble Kali Pada Mookerjee: It has got bearing on the first question. The first question is—whether an enquiry into the case of death was made. It bears some relation to the circumstances related by the questioner.

Dr. Jnanendra Nath Majumdar: My question was—was an enquiry held by the Government? Because in an accidental death there is bound to be an enquiry.

The Hon'ble Kali Pada Mookerjee: The relations of the deceased approached the Commissioner of Police and asked for permission to dispose of the dead body. They did not like to proceed with this case.

Dr. Jnanendra Nath Majumdar: It is not a question of their proceeding. In any accidental or any suspicious death—wherever there is a suspicion, it is customary in all civilized countries to perform a postmortem and hold a Coroner's enquiry with a jury. If in this case that has not been done it has been irregular.

Mr. Speaker: No, I know of many cases where this has not been done.

Dr. Janendra Nath Majumdar: I do not know of any case.

The Hon'ble Kali Pada Mookerjee: I have already explained the position that a near relation of the deceased approached the Commissioner of Police, requested him and wanted to dispose of the body without an inquest and that request was complied with.

Dr. Abu Asad Md. Obaidul Chani: Mr. Speaker, Sir, you have said in your remarks that the proper question would have been for us to ask for an inquest, was there any inquest? We are not assuming that the man died immediately after the accident. We are assuming that the man was alive and would not have died had he been removed to the hospital.

Mr. Speaker: You cannot base a question on assumption. The answer is—he was found dead on the road. Your next question was, "Is the ambulance driver justified or is a person who is competent to pronounce as to whether a man is dead" He said in fact that was done.

The Hon'ble Kali Pada Mookerjee: The dead body was sent to the morgue after that

Mr. Speaker: Dr. Majumdar, you can take it from me that in many cases—I have knowledge of a case of suicide—people do not wish that the incident should be known to the public. They apply to the Government for permission for the dead bodies to be cremated without the Coroner's enquiry and exemptions are given. It is within their power.

Dr. Jnanendra Nath Majumdar: It may be a fact but the fact remains that the customary procedure is . . .

Mr. Speaker: Not customary but usual procedure. Power has been vested in the Commissioner of Police in a right case to dispense with the Coroner's report.

Tolls on Tilpara Barrage, Birbhum

24. (Admitted question No. 38.) **Sj. Mihirlal Chatterjee:** Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state—

(*a*) what is the total amount of toll tax collected at Tilpara Barrage in Birbhum district in 1954-55, 1955-56 and 1956-57;

(*b*) total expenditure incurred for the collection, year by year; and

(*c*) whether Government consider the desirability of exempting cycles and bullock carts from this tax?

The Minister for Works and Buildings (the Hon'ble Khagendra Nath Das Gupta): (a) Total amount of toll collected during—

(*i*) 1954-55—Nil. (Toll was levied 1st April, 1955.)

(*ii*) 1955-56—Rs.37,401-6.

(*iii*) 1956-57—Rs.30,229-5-6.

(*b*) (*i*) 1954-55—Nil.

(*ii*) 1955-56—Rs.11,353.

(*iii*) 1956-57—Rs.18,867-6.

(*c*) Toll on bullock carts (unloaded) has already been withdrawn There is no proposal for withdrawal of tolls on cycles.

Sj. Mihirlal Chatterjee:

১৯৫৫-৫৬ সালে যে ট্যাক্স আদায় হয়েছে ১৯৫৬-৫৭ সালে তার চেয়ে কম ট্যাক্স আদায় হওয়ার কারণ কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

পেডেস্ট্রিয়ানএর উপর টোল বন্ধ করা হয়েছিল, আনলোডেড কার্টসএর টোল বন্ধ করা হয়েছিল।

Sj. Mihirlal Chatterjee:

১৯৫৫-৫৬ সালে যে খরচ ছিল ১৯৫৬-৫৭ সালে তার চেয়ে খরচ বেড়ে গেল যখন রাজস্ব কম হ'ল—এর কারণ কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

১৯৫৫-৫৬ সালে কিছু ক্যাপিটাল এক্সপেন্ডিচার হয়েছিল, টোল ট্যাক্স ইত্যাদি আদায় করবার জন্য পেমেন্ট হয়েছিল ১৯৫৬-৫৭ সালে।

Sj. Mihirlal Chatterjee:

টোল ট্যাক্স প্রভৃতি আদায় করবার জন্য কতজন লোক নিযুক্ত আছেন?

The Khagendra Nath Das Gupta: I ask for notice.

Sj. Mihirlal Chatterjee:

আনলোডেড বুলক কার্টএর উপর টোল নেওয়া কবে থেকে বন্ধ হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ট্যাক্স আদায় করা বন্ধ হয়েছে ২৮এ নবেম্বর ১৯৫৬ থেকে।

Sj. Mihirlal Chatterjee:

যদি বুলক কার্টএর উপর লোক চেপে যায় তা হ'লে কি লোডেড ব'লে গণ্য করা হয়, না আনলোডেড ব'লে গণ্য করা হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta: I want notice.

Sj. Mihirlal Chatterjee:

গাড়োয়ান ছাড়া যদি বুলক কার্টএর উপর লোক চেপে যায় তা হ'লে সেটাকে লোডেড না আনলোডেড ব'লে গণ্য করা হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta: That is a legal question.

Mr. Speaker: Question time over.

GOVERNMENT BILLS

[4—4-10 p.m.]

The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 2, in the proposed section 43D(1)(a), lines 1 and 2 for the words "if, in the opinion of the Commissioner of Police," the words "On the representation of any person or persons if the Commissioner of Police is satisfied that" be substituted.

Sir, I also beg to move that in clause 2, in the proposed section 43D(1)(a), in line 11, the words "or in any vehicle within such area" be omitted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 2, in the proposed section 43D(1)(a), in line 14, after the word "sounds" the words "except in cases where the apparatus are used in public meetings, election campaigns and propaganda vans" be inserted.

Sir, I also beg to move that in clause 2, in the proposed section 43(1)(b), in line 3, after the words "any such order" the words "within twelve hours of receipt of such representation" be inserted.

Sj. Deben Sen: Sir, I beg to move that in clause 2 the following proviso be added to the proposed section 43D(1):—

"Provided that before making such an order he shall give opportunity to persons concerned to represent their case".

The Hon'ble Kali Pada Mookerjee: Sir, I beg to move on Short Notice on the floor of the House by way of amendment to the foregoing amendment of Sj. Sunil Das that in line 3, after the words "Sub-Inspector" the words "or a Sergeant" be added.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 2, in the proposed section 43D(2), in line 2, the words "or use such force" be omitted.

Sj Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 2, in the proposed section 43D(2), in line 9, after the words "Contravention of the order" the words "but shall return to the person from whom seized or the owner on a bond for such a sum not exceeding two hundred rupees and on an undertaking of compliance with the above order within twelve hours of his representation for getting back the seized articles" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 2, the following provisos be added to the sub-section 2 of the proposed section 43D, namely:—

"Provided that before such articles are seized the person or persons contravening the order shall be served with notice in writing asking him or them to comply with the order and to show cause why such articles should not be seized:

Provided further that the officer who seizes the articles may release them on a bond for such sum, not exceeding two hundred rupees,

as he deems reasonable, being executed by the owner of such articles in favour of the State Government to produce them at the time of the investigation or the trial."

Sir, I also beg to move that in clause 2, in sub-section (3) of the proposed section 43D, in lines 1 to 3, for the words beginning with "A Police Officer" and ending with "under sub-section (2)" the words "In case of any microphone, loudspeaker or other apparatus fitted in a vehicle a police officer referred to above" be substituted.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that in clause 2, in the proviso to sub-section (3) of the proposed section 43D, in line 1, for the words "such officer may release the" the words "any officer of the police-station concerned not below the rank of a Sub-Inspector may release such" be substituted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 2, in the proviso to the proposed section 43D(3), line 1, for the word "may" the word "shall" be substituted.

The Hon'ble Kali Pada Mookerjee: Sir, I beg to move by way of amendment to the foregoing amendment of Dr. Suresh Chandra Banerjee that in lines 3 and 4, after the words "Police Station" for the word "concerned" the words "within the limits of which the vehicle is seized" be substituted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 2, in the proviso to the proposed section 43D(3), in line 4, after the words "owner of the vehicle" the words "within twelve hours of his representation for return" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 2, in the proviso to sub-section (3) of the proposed section 43D, in lines 6 to 8, the words "and to surrender the vehicle, if directed to be forfeited under sub-section (4)" be omitted.

Sir, I also beg to move that in clause 2, in sub-section (4) of the proposed section 43D, in lines 7 to 12, the words beginning with "and the court trying" and ending with "to that sub-section" be omitted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 2, in the proposed section 43D(4), line 8, for the word "forfeiture" the words "keeping in custody up to a period of six months" be substituted.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Sir, I beg to move that in clause 2 in sub-section (4) of the proposed section 43D, lines 10 to 12, the words beginning with "or any vehicle" and ending with "sub-section" be omitted.

Clause 3

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3, in the proposed section 17D(1)(a), in lines 1 and 2 for the words "If, in the opinion of the Commissioner of Police", the words "On the representation of any person or persons, if the Commissioner of Police is satisfied that," be substituted.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that in clause 3, in the proposed section 17D(1)(a), in line 7, after the words "he may" the words "on his own motion or on the representation of any person or persons aggrieved" be inserted.

Sj. Sunil Das: Sir, I beg to move that in clause 3, in the proposed section 17D(1)(a), in line 9, for the words "in any area" the words "in any public place or private premises" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3, in the proposed section 17D(1)(a), in lines 10 and 11, the words "or in any vehicle within such area" be omitted.

Sjkta. Manikuntala Sen: Sir, I beg to move that in clause 3 in sub-section (1)(a) of the proposed section 17D, lines 12 to 14, for the words beginning with "of microphones" and ending with "or other sounds", the words "of microphones, loudspeakers or other apparatus for amplifying grammophone records" be substituted.

Sj. Sunil Das: Sir, I beg to move that in clause 3, in the proposed section 17D(1)(a), in line 13, after the words "music or" the words "any recorded voice or music or" be inserted

Sj. Suhrid Mullick Choudhury: Sir, I beg to move that in clause 3 in sub-section (1)(a) of the proposed section 17D, in lines 13 to 14 after the word "other sounds", the words "except megaphones (chongas, i.e., horns manipulated by mouth)" be inserted

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 3, in the proposed section 17D(1)(a), in line 14, after the word "sounds" the words "except in cases where the apparatus are used in public meetings, election campaign and propaganda vans" be inserted.

Sir, I also beg to move that in clause 3, in the proposed section 17D(1)(b), in line 3, after the words "any such order" the words "within twelve hours of receipt of such representation" be inserted.

The Hon'ble Kali Pada Mookerjee: Sir, I beg to move by way of amendment to the foregoing amendment of Sj. Sunil Das that in line 3, after the words "Sub-Inspector" the words "or a Sergeant" be added.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 3, in the proposed section 17D(2), in lines 1 and 2, for the words "Head Constable" the words "Assistant Sub-Inspector of Police" be substituted

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3, in sub-section (2) of the proposed section 17D, in line 2, the words "or use such force" be omitted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 3, in the proposed section 17D(2), in line 9, after the words "contravention of the order" the words "but shall return to the person from whom seized or the owner on a bond for such a sum not exceeding two hundred rupees and on an undertaking of compliance with the above order within twelve hours of his representation for getting back the seized articles" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3, the following provisos be added to sub-section (2) of the proposed section 17D:—

"Provided that before such articles are seized the person or persons contravening the order shall be served with notice in writing asking him or them to comply with the order and to show cause why such articles should not be seized:

Provided further that the officer who seizes the articles may release them on a bond for such sum, not exceeding two hundred rupees, as he deems reasonable, being executed by the owner of such articles in favour of the State Government to produce them at the time of the investigation or the trial."

Sj. Suhrid Mullick Chowdhury: Sir, I beg to move that clause 3, sub-section (3) of the proposed section 17D be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3, in sub-section (3) of the proposed section 17D, in lines 1 to 3, for the words beginning with "A police officer" and ending with "under sub-section (2)", the words "In case of any microphone, loudspeaker or other apparatus fitted in a vehicle, a police officer referred to above" be substituted.

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that in clause 3, in the proviso to sub-section (3) of the proposed section 17D, in line 1, for the words "such officer may release the" the words "any officer of the police-station concerned not below the rank of a Sub-Inspector may release such" be substituted.

The Hon'ble Kali Pada Mookerjee: Sir, I beg to move by way of amendment to the foregoing amendment of Dr. Suresh Chandra Banerjee that in lines 3 and 4, after the words "Police Station" for the word "concerned" the words "within the limits of which the vehicle is seized" be substituted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 3, in the proviso to the proposed section 17D(3), line 1, for the word "may" the word "shall" be substituted.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 3, in the proviso to the proposed section 17D(3), after the word "vehicle" wherever it occurs the words "and/or microphone, loudspeaker or other apparatus" be inserted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 3, in the proviso to the proposed section 17D(3), in line 4, after the words "owner of the vehicle" the words "within twelve hours of his representation for return" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3, in the proviso to sub-section (3) of the proposed section 17D, in lines 6 to 8, the words "and to surrender the vehicle, if directed to be forfeited under sub-section (4)" be omitted.

Sir, I also beg to move that in clause 3, in sub-section (4) of the proposed section 17D, in lines 7 to 12, the words beginning with "and the court trying" and ending with "that sub-section" be omitted.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 3, in the proposed section 17D(4), in line 8, for the word "forfeiture" the words "keeping in custody up to a period of six months" be substituted.

Sj. Suhrid Mullick Chowdhury: Sir, I beg to move that in clause 3 in sub-section (4) of the proposed section 17D, lines 10 to 12 the words beginning with "or any vehicle" and ending with "sub-section" be omitted.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in clause 3, after sub-section (4) of the proposed section 17D, the following be inserted, namely:—

"(4a) The Commissioner of Police shall not permit any one to use or operate in front of any hospital, microphones, loudspeakers, or other apparatus for amplifying human voice or amplifying music or other sounds, or use of crackers, noisy fireworks or play of musical instruments."

Sj. Suhrid Mullick Chowdhury: Sir, I beg to move that in clause 3, the following proviso be added at the end of the proposed section 17D:—

"Provided that this section shall not apply to cases where microphones, loudspeakers or other apparatus for amplifying human voice or amplifying music or other sounds, are used in public gatherings in public place by political parties or public organisations."

Sj. Subodh Banerjee:

স্পীকার মহাশয়, ২নং ধারায় আমার সাতটা সংশোধনী প্রস্তাব আছে। এসব কয়টার উপর আমি একসঙ্গে বলব। প্রথম কথা, এই আইনে বলা হয়েছে যে পুলিস কমিশনার যদি মনে করেন যে কোন অঞ্চলে মাইক্রোফোন প্রভৃতির ব্যবহার সম্বন্ধে বাধানিষেধ জারি করার দরকার আছে তা হ'লে তিনি তা করতে পারবেন। পুলিস কমিশনার নিজেই বিচার করবেন কোন্ জায়গায় নিষেধাজ্ঞা জারি করা উচিত, কি উচিত নয়। তিনি যদি মনে করেন তা হ'লেই নিষেধাজ্ঞা জারি করতে পারবেন, তা জনসাধারণ সেই আদেশের পক্ষে থাকুক আর নাই থাকুক। এখানে আমার বক্তব্য হচ্ছে, এই রকম কোন ঢালা ক্ষমতা পুলিস কমিশনারকে দেওয়ার কোন প্রয়োজন নাই। যদি জনসাধারণ চান যে, মাইক্রোফোন ব্যবহারের উপর বাধানিষেধ আরোপ করা দরকার, তা হ'লে কেবলমাত্র সেক্ষেত্রেই আদেশ দেওয়া যেতে পারে, না হ'লে নয়। জনসাধারণ যদি বাধানিষেধ আরোপ করতে না চান তা হ'লে পুলিস কমিশনার জোর ক'রে সেই আদেশ জারি করতে পারবেন এবং এই আদেশ কার্যকরী করবে হেড কন্সটেবল। এতে অবস্থাটা কি হবে বুঝে দেখুন। আমার বক্তব্য হচ্ছে, জনসাধারণ যদি না চান তা হ'লে পুলিস কমিশনার নিষেধাজ্ঞার কোন আদেশ জারি করতে পারবেন না। তাই আমার সংশোধন প্রস্তাবে আমি বলেছি—

"on the representation of any person or persons if the Commissioner is satisfied".

অর্থাৎ পুলিস কমিশনার নিজে থেকে কিছু করতে পারবেন না।

আমার দ্বিতীয় সংশোধনীটির প্রতি নজর দেবার জন্য মন্ত্রিমশাইকে বলছি।

Mr. Speaker: May I say one thing. You have all noticed that the clauses 2 and 3 of this Act are identical. One is seeking to change 43C of the Calcutta Act and the other is 17C of the Suburban Act. But it is absolutely the same and the changes which are sought to be brought about are identical. So we need not lose time by debating the two clauses separately. I hope you will all agree to take both the clauses together but as many speakers may speak on the subject they are welcome to do so. Yes, Mr. Banerjee, you may now go on.

Sj. Subodh Banerjee:

এই আইনের ভাষাটা দেখবার জন্য [illegible] অনুরোধ করব। কি আছে দেখুন। এখানে ভাষা রয়েছে—

"impose condition on the use or operation in any area within the town of Calcutta or in any vehicle within such area of microphones, loud speakers, etc."

ভেহিকলটা কি ত্রিশঙ্কুর মত স্বর্গে অবস্থান করছে? ওটা নিশ্চয়ই কোন এরিয়ার মধ্যেই থাকবে। সেটা আমি বাড়ির গায়ে লাগাতে পারি, বাঁশের ডগায় লাগিয়ে তুলে দিতে পারি। এতেই তো বোঝা যাচ্ছে ক্যালকাটা এরিয়ার মধ্যেই আছে।

why do you then unnecessarily use the word vehicle?

'ভেহিকল' শব্দটা ইউজ করলে অনেক কথা ব্যবহার করতে হবে।

That is redundant in my opinion and should be deleted.

তারপর ৩নং। এখানে রয়েছে, এই আদেশ যে পুলিস অফিসার কার্যকরী করবেন তিনি হচ্ছেন হেড কনস্টেবল মশাই। বিলে রয়েছে,

"He may use such force as is necessary".

তিনিই বিচার করবেন কতখানি শক্তিপ্রয়োগের দরকার। স্পীকার মহাশয়, আপনি জানেন আজকে আমাদের দেশে এইসব পুলিস কর্মচারীরা কোন জাতের; তারা ২-৪-৬ আনার জন্য কিসব কাজ করে। এসব পুলিস কর্মচারীর উপর বিচারের ভার দেওয়া হচ্ছে কতখানি শক্তিপ্রয়োগ করা দরকার তার বিচার করতে। চমৎকার বিচার! এই শক্তিপ্রয়োগের নমুনা ঠেঙ্গানো, মারধর করা, হাত ভেঙ্গে দেওয়া এবং তা আপনারা যে কোন থানায় গেলেই দেখতে পাবেন। আইনে মারা নিষেধ থাকা সত্ত্বেও যখন ও পর্বটা ভালভাবে চলে তখন আইনসঙ্গত অধিকারটা নাই দিলেন ঠেঙ্গাবার। এমনিতেই তো আপনার পুলিস মেরে থাকেন। সেদিন হেয়ার স্ট্রীট থানায় আমার সামনে একটা লোককে মারা হ'ল নিষ্ঠুরভাবে। লোকটাকে দেখলেই মায়া হয়, হাড় বের করা মৃতপ্রায় লোক। যিনি মারলেন তিনি একজন এ এস আই। তাই বলছি, যতদিন আপনার হাতে ক্ষমতা থাকবে জনসাধারণকে মারবেনই, মার'র এই বেপরোয়া অধিকারটা না হয় আইন-সঙ্গত নাই করলেন।

চার নম্বরটা হচ্ছে, হেড কনস্টেবল তো মাইক্রোফোন পাকড়াও ক'রে নিয়ে চ'লে গেলেন। আমি কালকেই বলেছি,

it goes against the very spirit of the Constitution.

একটা লোককে নিজেকে ডিফেন্ড করার অবকাশ পর্যন্ত দিলেন না। একটা লোক মাইকের ব্যবসা করে, পূজার সময় ছেলেদের কাছে মাইক ভাড়া দেয়। হেড কনস্টেবল মশাই মাইক সেটটি ধ'রে নিয়ে চ'লে গেলেন, বাজেয়াপ্ত ক'রে দেওয়া হ'ল। এখানে প্রশ্ন হচ্ছে, আমাদের দেশের অবস্থাটা কি। বহু লোক জানে না কি আইন আছে কি না আছে। আপনারা বলবেন—ইগনোরান্স ইজ নো এক্সকিউজ; তুমি জান না ব'লে তোমাকে ছেড়ে দিতে পারি না। কিন্তু আইনগুলি জনসাধারণকে জানাবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন? আমরা জানি আইনের কপি 'ক্যালকাটা গেজেট'এ প্রকাশিত করা হয়, কিন্তু 'ক্যালকাটা গেজেট' কয়জনে পড়ে? মন্ত্রীরা নিজেরা পড়েন কিনা আমার সন্দেহ আছে।

[4-10—4-20 p.m.]

বহু সময় দেখা গিয়েছে মন্ত্রিমহাশয় গেজেট পড়েন না, তা হ'লে পাবলিক পড়বে কি ক'রে আশা করেন? সুতরাং এখানে লোককে জানানো দরকার—'ওহে বাপু, মাইক ব্যবহারের উপর বাধা-নিষেধ আরোপ করা হয়েছে, সেই আদেশ তোমরা লঙ্ঘন করেছ, আর কর না।' এই সাবধানবাণী উচ্চারিত হবার পর যদি কেউ আদেশ লঙ্ঘন করে তা হ'লে বলতে পারেন

he is intentionally violating the order,

সেক্ষেত্রে আপনি সাজা দিতে পারেন। কিন্তু তা আপনি করলেন না। হয়তো কেউ মাইক বাজাচ্ছে, হেড কনস্টেবল পায়তাড়া কষতে কষতে সেখানে গিয়ে বললে—সব হঠাও; এবং তারপরই

সব সীজ ক'রে ধ'রে নিয়ে চ'লে গেল। এটা কি কান্ডামেন্টাল রাইটসকে ব্যাহত করে না? সীজার বা কনফিসকেশন কোথায় হয়, তার ইতিহাস ভাল ক'রে প'ড়ে দেখুন। এই সীজার ও কনফিসকেশন করার ইতিহাসে দেখবেন

This is an extreme form of penal measure,

অর্থাৎ সাধারণত কোন্ ক্ষেত্রে? যেখানে না ধরলে দেশের সর্বনাশ হয় সেই রকম ক্ষেত্রে ধরতে পারেন। আর এখানে নাকি গান একটু বেশি কিংবা জোর বাজিয়েছে, অমনি পুলিস সেখানে হাজির হয়ে সবকিছু ধ'রে নিয়ে চ'লে গেল। একবার সতর্ক পর্যন্ত ক'রে দিলেন না এই ব'লে যে—তোমরা আদেশ লঙ্ঘন করছ, কারণ দর্শাও কেন মাইক বাজেয়াপ্ত করা হবে না। আইনে বলে,

the accused should be given an opportunity of defending himself.

কোর্টএর কথা তুলে সেখানে আত্মপক্ষ সমর্থনের কথা বলা নিরর্থক। মন্ত্রিমহাশয়ের এ বিষয়ে অভিজ্ঞতা আছে কিনা জানি না। এই কোর্টঘর কাকে বলে তা সবাই জানেন। সেখানে মিথ্যা কেসে বহু লোককে নিত্য ভুগতে হয়। স্বদেশী যুগে বি এল কেসের আসামী আমাদের অনেককেই হ'তে হয়েছে। কোর্টঘর করতে করতে জান খতম হয়ে গিয়েছে, ক্ষমতা গিয়েছে, পরিশ্রম গিয়েছে, স্বাস্থ্য গিয়েছে, ছয় মাস জেল খেটে আসতে হয়েছে; তারপর কোর্ট রায় দিচ্ছে—তুমি খালাস, তোমার মত নির্দোষ আর কেউ হ'তে পারে না ইত্যাদি। ইতিমধ্যে লোকটি ছয় মাস জেলে কাটিয়ে এল। সেই পুলিস আছে, সেই কোর্ট আছে; শ্রী এস এন চ্যাটার্জি, যিনি মেদিনীপুরের রাস্তা রক্তে লাল ক'রে দিয়েছিলেন, তিনি এখন রাইটার্স বিল্ডিংস আলো ক'রে ব'সে রয়েছেন। সেই হরিসাধন ঘোষ চৌধুরী ক্যালকাটা পুলিস কমিশনার হয়ে ব'সে আছেন, যিনি জনসাধারণের উপর কত নির্যাতন, অত্যাচার করেছেন। বড় বড় পুলিস অফিসাররা, আজ তাঁরা সবচেয়ে বড় দেশপ্রেমিক হয়েছেন। এ'দের হাত দিয়ে অর্ডার এক্সিকিউট হবে। এইসব অফিসারের কলঙ্কিত হাতে ঢালাই ক্ষমতা কি ক'রে দিচ্ছেন? একটা হেড কনস্টেবল, সে ইচ্ছা করলেই সীজ ক'রে নেবে মাইক। একটি গরিব লোক যে মাইক ভাড়া দিয়ে সংসার চালায় তার যথাসর্বস্ব কেড়ে নিয়ে তাকে রাস্তায় দাঁড় করাবেন? এর নাম কি আইন? যে আইন করতে যাচ্ছেন, তার পূর্বে বিবেচনা করুন গরিব মাইক-[illegible] কথা। ভেবে দেখুন পুলিসের ব্যবহারের কথা, থিংক অব ইয়োর ডিপার্টমেন্ট। পুলিসের অত্যাচারের বিরুদ্ধে সারা দেশে তুমুল বিক্ষোভ আছে। মন্ত্রী হিসাবে আপনার জানা দরকার। তা জানা সত্ত্বেও এই ঢালাও ক্ষমতা আপনি পুলিসের হাতে দিচ্ছেন। আমরা তার প্রতিবাদ না ক'রে পারি না। কারণ আজও আমরা ভুগছি পুলিসের হাতে। এত বড় একটা চেহারার সার্জেন্ট, যাকে আমি ধাক্কা দিয়ে এক আঙ্গুল নড়াতে পারি না, তিনি রিপোর্ট দিলেন সুবোধবাবু তাঁকে আঘাত করেছেন, জ্যোতিবাবুও ঢিল ছুঁড়েছেন ইত্যাদি। পুলিস এইভাবে রিপোর্ট দেয়।

Mr. Speaker:

পুলিস আপনার বিরুদ্ধে রিপোর্ট দিয়েছে ব'লে রাগ করছেন, আপনার ফেবারএ দিলেও কি আপনি রাগ করতেন?

Sj. Subodh Banerjee:

আমি ফেবার চাই না কারোর কাছে—

I do not expect any favour nor frown from any body.

আমি চাই যেটা সত্য কথা সেটা বলুন।

If it comes against me, let it come against me, I do not care.

আমার বক্তব্য হচ্ছে, এই যে পুলিস, যার বিরুদ্ধে দেশব্যাপী বিক্ষোভ রয়েছে, তার হাতে এই রকম একটা ঢালাও ক্ষমতা দেওয়া উচিত নয়। তাই আমি প্রভাইসো দিয়েছি—

"provided that before such articles are seized the person or persons contravening the order shall be served with notice in writing asking him or them to comply with the order and to show cause why such articles should not be seized."

আর্টিকলস সীজ করার আগে তাকে ওয়ার্নিং দিন যে তুমি এই রকম আইন ভঙ্গ করেছ; বলুন, কেন তোমার আর্টিকলস সীজ করা হবে না তার কারণ দর্শাতে। তারপরেও যদি সে আদেশ লঙ্ঘন করে তাকে সাজা দিন, তার আগে সাজা দিতে পারেন না। তা ছাড়াও, মিঃ স্পীকার, স্যার, আরও দেখুন, গাড়িওয়ালার গাড়ি ছেড়ে দেওয়া যাবে, কিন্তু মাইকওয়ালার মাইক ছাড়া যাবে না। কেন, গাড়িওয়ালা বড়লোক ব'লে? আপনার এই আইনে আছে ভেহিকলস যদি সীজ করা হয়

"The officer may release the vehicle on a bond being excuted".

অর্থাৎ গাড়ির মালিক যদি বন্ড এক্সিকিউট করে এই মর্মে যে, কোর্টএ বিচারের দিন আমি গাড়ি হাজির করব অমনি পুলিস অফিসার তাকে ছেড়ে দেবে—আইনে লেখা আছে। কিন্তু মাইকওয়ালা যদি বলে—আমি বিচারের দিন মাইক কোর্টএ হাজির করব, এই কয়দিন একটু মাইকটা খাটিয়ে দু' পয়সা রোজগার করে নি—আইন তার বেলায় নিস্তব্ধ, সে ছাড়া পাবে না। তা হ'লে এটা প্রমাণ হয় কার স্বার্থ আপনারা দেখেন। গাড়িওয়ালাকে গাড়ি ছেড়ে দেওয়া যাবে, কিন্তু গরিব মাইকওয়ালাদের মাইক ছাড়া যাবে না। বড়লোকের সুযোগসুবিধা গরিবে পাবে? কালীবাবু পুলিসমন্ত্রী থাকতে এই রকম হবে? এমন হ'তে পারে না, লোকে বলবে কি? কালীবাবুর আমলে এই রকম ঘ'টে গেল, বড়লোকের সুযোগসুবিধা সব গরিবের হয়ে গেল? আরে রাম! তা কি হ'তে পারে? সুতরাং সেইজন্য কালীবাবু এটা বাদ দিয়ে দিলেন। যে সুযোগটা মোটরগাড়িওয়ালাকে দিচ্ছেন সেই সুযোগটা মাইকওয়ালাকেও দিন, তার প্রতি একটু কৃপা বর্ষণ করুন। যাতে গরিব লোকও বড়লোকের মত বন্ড এক্সিকিউট ক'রে তাদের যন্ত্রপাতি ছাড়িয়ে নিয়ে যেতে পারে তার ব্যবস্থা রাখুন।

সর্বশেষে আমার বক্তব্য হচ্ছে যে, সম্পূর্ণরূপে ফরফিট করার অধিকার এই আইন থেকে বাদ দিয়ে দেওয়া দরকার। আমি পুলিস সম্বন্ধে অভিজ্ঞতা থেকে বলি যে, আপনারা মশা মারতে কামান দাগছেন। ও পক্ষের একজন সদস্য আমাকে ঠাট্টা ক'রে বললেন, আপনার অভিজ্ঞতা নেই মাইকের অপব্যবহার সম্বন্ধে। এ সম্বন্ধে আমার যথেষ্ট অভিজ্ঞতা আছে আমার মেসের দোতলা ঘরের সামনে সাত দিন ধ'রে শুনেছি, সারারাত ঘুম হয় নি। কিন্তু উপায় কি? বিচার ক'রে দেখুন, সাজা দিতে পারেন, কিন্তু তাদের সমস্যার দিকে একটু তাকাবেন না? আপনারা ভুলে যান সামাজিক চিকিৎসাও হওয়া দরকার। দেশের লোককে আনন্দ করবার কি সুযোগ দিয়েছেন? আনন্দের কোন সুযোগই তারা পায় না জীবনে, সেইজন্য ঐ সময় কয়েকদিন তারা একটু আনন্দ ক'রে নেয়। অবশ্য আপনারা জোর ক'রে এই আনন্দের উৎসবকে বন্ধ ক'রে দিতে পারেন। কিছু বাড়াবাড়ি আমি করতে বলছি না জনসাধারণকে। কিন্তু আপনারাও বাড়াবাড়ি করবেন না এটা নিয়ে।

[4-20—4-30 p.m.]

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that in clause 2, in the proposed section 43D(1)(a), in line 7, after the words "he may" the words "on his own motion or on the representation of any person or persons aggrieved" be inserted.

মাননীয় স্পীকার মহোদয়, দুই নম্বর ক্লজএর উপর আমার দুইটা সংশোধন আছে। আমার সংশোধন অত্যন্ত সাধারণ ধরনের এবং সেই সংশোধনের উপর বক্তৃতার কোন প্রয়োজনও নেই। সংশোধন দুটো পড়লেই আমার সংশোধনের প্রয়োজনীয়তা বুঝা যায়। এই বিলে বলা হয়েছে যে পুলিস কমিশনার যে কাজ করবেন

or impose conditions on the use or operation of microphones, etc.

যখন করবেন, তা তিনি করবেন—

he may by order or on his own initiative act.

কিন্তু পুলিস কমিশনারের আদেশের উপর যখন রাজ্য গভর্নমেন্ট আদেশ দেবেন তখন রাজ্য গভর্নমেন্ট করবেন কি, না

The State Government may on its motion or on the representation of any person or persons aggrived.

এই পার্থক্যের কারণ আমি বুঝতে পারি না। পুলিস কমিশনারের বেলায়

he may by order prohibit

আর রাজ্য গভর্নমেন্টের বেলায়

State Government may on its own motion or on the representation of any person or persons aggrieved—

আমি বলতে চাই দু' বেলায়ই ব্যবস্থা একই ধরনের হওয়া উচিত। গভর্নমেন্টের বেলায় যা বলা হয়েছে পুলিস কমিশনারের বেলায়ও—

he may on his own motion or the representation—

হওয়া প্রয়োজন। তা হ'লেই এই আইনের মধ্যে সামঞ্জস্য থাকবে। পুলিস কমিশনারকে অতিরিক্ত ক্ষমতা দেওয়া হচ্ছে, আর গভর্নমেন্টের বেলায় সেই ক্ষমতার সংকোচ করা হচ্ছে—এরকম করা অন্যায় হবে।

আর একটা কথা—যেখানে পুলিস অফিসার আছে সেখানে আমি মনে করি—

not below the rank of a Sub-Inspector of Police

হওয়া বিধেয়। আমি মনে করি—আমার এই দুটো সংশোধনই অত্যন্ত ন্যায়সংগত।

Sj. Sunil Das: I beg to move that in clause 2, in the proposed section 43D(1)(a), line 10, for the words "in any area" the words "in any public place or private premises" be substituted.

I also move that in clause 2, in the proposed section 43D(1)(a), in line 13, after the words "music or" the words "any recorded voice or music or" be inserted.

এই আমার অ্যামেন্ডমেন্টস—এগুলি ভারব্যাল অ্যামেন্ডমেন্টস, ক্ল্যারিফিকেশনএর জন্য আনা হয়েছে। তারপর

I move that in clause 2, in the proposed section 43D(2), in lines 1 and 2, for the words "Head Constable" the words "Sub-Inspector of Police" be substituted.

এখানে আমি শুধু বলছি যেখানে আছে হেড কনস্টেবল সেখানে সাব-ইন্সপেক্টর অব পুলিস করা হোক। আমি বলেছি—হেড কনস্টেবলএর জায়গায় সাব-ইন্সপেক্টর বি সাবস্টিটিউটেড।

Sjkta. Manikuntala Sen: Sir, I beg to move that in clause 2, in sub-section (1)(a) of the proposed section 43D, lines 12 to 14, for the words beginning with "of microphones" and ending with "other sounds" the words "of microphones, loudspeakers, or other apparatus for amplifying Gramophone record" be substituted.

শেষ দু' লাইনে যেখানে আছে,

"amplyfying human voice or amplifying music or other sound"

এইগুলি বাদ দিয়ে এই হিউম্যান ভয়েস থেকে আরম্ভ ক'রে ওখানে আমি গ্রামোফোন রেকর্ডস দিতে বলছি। আমার এই সংশোধনীর কারণ হচ্ছে, কালকে কালীবাবু খুব জোর গলায় বক্তৃতা দিচ্ছিলেন যে এই রকম একটা নিরীহ বিলকে কেন বিরোধিতা করা হচ্ছে। বিলটা প'ড়ে একে আমরা খুব নিরীহ বোধ করতে পারছি না। এর মধ্যে যথেষ্ট হৃদ্যতার লক্ষণ দেখতে

পাই। কালীপদবাবু যখন শ্রমমন্ত্রী ছিলেন তখন বাংলা সরকার এবং আধুনিককালে পুলিস-মন্ত্রী—এদের কারোর সম্পর্কে কোন অপবাদ শত্রুপক্ষও দিতে পারেন ব'লে আমি মনে করি না। কাজেই ঐ নিরীহ কথাটা যত চিৎকার ক'রেই বলা হোক না কেন, নিরীহ শোনায় না। সেজন্য আমাদের সন্দেহ জাগে এবং প্রত্যেকটা লাইনএ লাইনএ আমাদের অনুসন্ধান করতে হয় যে কোথায় নখদন্ত বেরিয়ে পড়ছে। সেইজন্য একে একটু ছেঁচে পালিশ ক'রে দেবার জন্যই এইসব সংশোধনী আনা। এবং যার জন্য আমি গ্রামোফোন রেকর্ড দিতে চাই এবং হিউম্যান ভয়েসটাকে বাদ দিতে চাই। এই মাইকএর ব্যাপারে এরা এতদিন পর্যন্ত যেভাবে নিয়ন্ত্রণ ক'রে এসেছিলেন, আমি মনে করি এতদিন পর্যন্ত তারা বেআইনীভাবেই নিয়ন্ত্রণ ক'রে এসেছিলেন। সিকিউরিটি অ্যাক্টএর বলে এতদিন পর্যন্ত সরস্বতী পূজায়, দুর্গাপূজায়, জলসা থেকে পলিটিক্যাল মিটিং পর্যন্ত ইত্যাদি সমস্ত কিছুই নিয়ন্ত্রণ করতেন এবং কখনও পারমিশন দিতেন, কখনও বা দিতেন না। এইসব নিয়ন্ত্রণ কাজই, আমি মনে করি, তারা বেআইনীভাবে করতেন। সিকিউরিটি অ্যাক্টএর মধ্যে এমন কিছু ছিল না যে সরস্বতী পূজা করতে হ'লে মাইকএর পারমিশন নিতে বা একটা জলসা করতে হ'লে মাইকএর পারমিশন নিতে হবে—এ রকম কোন নিয়ম ছিল না। যারা একটা আইনের বলে বেআইনীভাবে একটা কাজ দীর্ঘকাল ধ'রে ক'রে আসতে পারেন, তাদের সম্পর্কে এত নিরীহ ভাবার কি কারণ থাকতে পারে? যা হোক, এখন রেগুলারাইজ করতে গিয়ে যতই ভণিতা ক'রে বলুন না কেন যে নিরীহ, আসল কথা হচ্ছে, যখনই এটাকে আবার আইন করতে যাচ্ছেন, রেগুলারাইজ করতে চাইছেন, তখনই তার সঙ্গে সঙ্গে কি উদ্দেশ্যে হিউম্যান ভয়েস প্রভৃতি দিচ্ছেন, আমি বুঝতে পারছি না। কারণ মানুষের যদি শান্তি রক্ষা করতে হয়, পীস অ্যান্ড ট্র্যাংকুইলিটি যদি উদ্দেশ্য থাকে, এবং মানুষের স্বাস্থ্যহানি যদি ঘটে বা কানের উপর যদি উৎপীড়ন হয়, এই সম্পর্কে তবু যদি দৃষ্টি থাকত, তা হ'লে এতসব কথা বলার দরকার ছিল ব'লে আমি মনে করি না। কারণ আমি তো শুনি না যে গানের জলসা যদি কোথায়ও হয়, আশেপাশে পাড়ার লোক এসে পুলিসের কাছে নালিশ জানায় যে তারা ভয়ানক উৎপাত বোধ করছে। শীতকালে এখন সারারাত ধ'রে বহু মিউজিক কনফারেন্স হবে, লোকেরা টিকিট যোগাড় করতে না পারলে রাস্তায় দাঁড়িয়ে শোনে। আমি তো শুনি নি কোথায়ও লোকে এ সম্পর্কে অভিযোগ করে যে ভয়ানক যন্ত্রণা ভোগ করছে। যদি কোন সুকণ্ঠ লোক গান করেন তা হ'লে কেহ উৎপাত বোধ করেন—এ কথা আমি শুনি নি কোথায়ও বা এমনও শুনি নি যে রাজনীতিক সভা-সমিতিতে মাইক ব্যবহার করলে পাড়ার লোক উৎপাত বোধ ক'রে পুলিসকে নালিশ জানায়। অবশ্য এটা হ'তে পারে যে ওয়েলিংটন স্কোয়ারএ মিটিং হ'লে আমাদের মুখ্যমন্ত্রী, তিনি খুব অস্বস্তি বোধ করেন, তিনি হয়তো জানিয়ে-টানিয়ে থাকতে পারেন জানি না, কিন্তু এইসমস্ত ব্যাপারে মাইক নিয়ন্ত্রণ করার কোন দরকার নেই, এইসমস্ত ক্ষেত্রে মাইক তো মানুষের বিশেষ যন্ত্রণার উদ্রেক করে না, অথচ এইসমস্ত কুজগুলিকে দিয়ে দিয়ে এইসমস্ত জিনিসগুলিকে ঢাকা দিয়ে দিয়েছেন। সেইজন্যই মনে হয়, শুধু পীস অ্যান্ড ট্র্যাংকুলিটি নয়, শুধু মানুষের স্বাস্থ্যরক্ষার ব্যাপার নয়, শুধু মানুষের নিদ্রাভঙ্গ না ঘটে তাও নয়, এর উদ্দেশ্য খানিকটা রাজনৈতিক আছে বৈকি। এবং সেই কারণে সময় পেলেই ব্যবহার করবেন, এতকাল বেআইনীভাবেই যদি একটা আইনকে ব্যবহার ক'রে আসতে পারেন তা হ'লে আর একটা আইনের মধ্যে যেখানে ফাঁক রেখে দিচ্ছেন সেখানে সেগুলিকে ব্যবহার করবেন না কালীপদবাবু এবং বাংলার পুলিসমন্ত্রি এত কিছুতেই বিশ্বাস করা যায় না। সুতরাং আমরাও এটাকে অত নিরীহ ব'লে ভাবতে পারি না বা সে চ'খে দেখতে পারি না। আমার নিজের তো মনে আছে যে শুধুমাত্র একটা লোক শোভাযাত্রায় একটা গাড়িতে ক'রে একটা টিউন বাজিয়ে যাওয়া হবে আর সেই পারমিসন নেবার জন্যে লালবাজার থেকে আরম্ভ ক'রে ডি, সি, নর্থ, ডি, সি, সাউথ, সারা কলিকাতা আমাকে দৌড়াদৌড়ি করতে হয়েছিল। কেন, কিছুই না, কোন মানুষের অশান্তির উদ্রেক করত না, কিছুই না, শুধুমাত্র এই সিকিউরিটি এ্যাক্টএর বেআইনী প্রয়োগ ক'রে ক'রে এই সর্বক্ষেত্রে তাঁরা মানুষের বিরক্তির সৃষ্টি করেছেন, উত্যক্ত ক'রে তুলেছেন। সুতরাং একথা মনে করার কোন কারণ নেই যে তারা সৎ উদ্দেশ্যে, সাধু উদ্দেশ্যে এই সমস্ত বিলখানি প্রণয়ন ক'রে নিয়ে এসেছেন। আমি সেইজন্য এই সংশোধনীটা এনেছি যে কারণে মানুষ সত্যি সত্যি উত্যক্ত হয় সেটা হচ্ছে এই গ্রামোফোন রেকর্ডের অন্যায় ব্যবহার। এইগুলিকে যদি একটু সংযত করা যায়—আমি কম

করতে বলি না—এই একটা নির্দিষ্ট সময়ের মধ্যে নিয়ে আসা যায়, তা হ'লেই হয়। আসল উদ্দেশ্য হ'ল, এই বিলের পিছনে যে উদ্দেশ্য তিনি দিয়েছেন সেই উদ্দেশ্য যদি সত্য সত্যই অনেস্ট উদ্দেশ্য হ'ত তা হ'লে এতবড় লগ্‌ড় হাতে ক'রে উনি আসতেনও না। তা হ'লে তার আগে প্রচারে নামতেন, জনতাকে উদ্বুদ্ধ করতেন; সমস্ত লোককে এই রাস্তায় চলার নিয়মকানুন মেনে চলবার জন্য উদ্বুদ্ধ করতে যেমন ওরা পুলিসের যন্ত্র ব্যবহার করতেন, পুলিসের মাইক ভ্যান ব্যবহার করতেন; কেউ তো বিরক্ত হচ্ছে না বরং মানুষের উপকার হচ্ছে; তাতে ঐরকম ক'রে এইরকম সিভিক সেন্স জাগিয়ে তোলবার জন্য তাঁরা প্রচারে নামতেন যদি উদ্দেশ্যটা খুব মহৎ হত, লগ্‌ড় হাতে ক'রে নামতেন না এবং সেইজন্য আমারও বিশেষ ক'রে মনে হয় যদি এই সমস্তগুলি বাদ না থাকে, এই হিউম্যান ভয়েস বিশেষ ক'রে বাদ দেওয়া না হয় তা হ'লে এর পলিটিক্যাল অপপ্রয়োগ নিশ্চয়ই এরা করবেন। আর সেইজন্যই আমি এইসবগুলি বাদ দিয়ে বরং সত্য সত্যই যাতে অশান্তির উদ্রেক হয় এই গ্রামোফোন রেকর্ডটুকু শুধু রাখতে বলছি এবং সেটাও পরবর্তী সংশোধনীর মধ্যে নির্দিষ্ট সময়ের উল্লেখ আছে ব'লে সেটা সম্পর্কেও আবার সাবধানতা থেকে যাচ্ছে পরে যে খেয়ালখুসীমত বন্ধ করা যাবে না, নির্দিষ্ট সময়ের মধ্যে তাকে চালালেই চলবে এইভাবে ওটা শুধু ব্যবহার করা হ'ক, তার অতিরিক্ত কোন ক্ষমতা বা তার অতিরিক্ত কোন নিয়ন্ত্রণ প্রয়োগ করার প্রয়োজন আছে ব'লে আমি মনে করি না।

যদি সত্য সত্যই মন্ত্রিমহাশয়ের সদুদ্দেশ্য থাকে—মূলে তো তাঁরা অনেক কিছুই ব'লে থাকেন—প্রকৃতই যদি সদুদ্দেশ্য থেকে থাকে তাঁদের, তা হ'লে আশা করি এই সংশোধনীটা গ্রহণ করবেন।

[4-30—4-40 p.m.]

Sj. Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার, স্যার, এই বিলের দুই ধারার উপর সবসুদ্ধ আমার সাতটা অ্যামেন্ডমেন্ট আছেঃ ৯, ১১, ১৩-১৬, ১৯, ২৩, ২৫ এবং ৩০নং।

Mr. Speaker:

এতগুলির ফল কি?

Sj. Apurba Lal Majumdar:

ফল আমার বক্তৃতা থেকেই বুঝতে পারবেন। স্যার, সরকারের এই আইনের উদ্দেশ্য সম্পর্কে আমাদের বিশেষ মতবিরোধ নাই। কিন্তু আইনের ধারাটা যেভাবে ড্রাফ্‌ট করা হয়েছে, তার সম্বন্ধে আমাদের অনেককিছু ভাববার এবং চিন্তার কারণ আছে। সেইজন্য যাতে সামান্য রদবদল ক'রে আইনটাকে যাতে আরও ভালভাবে দাঁড় করানো যায়, এবং সাধারণ মানুষের মনে যে অবিশ্বাস ও বিশেষ ক'রে পুলিসের হাতে যে ঢালাও ক্ষমতা দিচ্ছেন, সেই ক্ষমতার যে অপব্যবহার হ'তে পারে, তার যে তিক্ত অভিজ্ঞতা আমাদের আছে, তার হাত থেকে জনসাধারণ যাতে বাঁচতে পারে এবং তাদের মনে যে সংশয় এসেছে, সেটা যাতে দূর হ'তে পারে সেইজন্য বিশেষ ক'রে সাতটা অ্যামেন্ডমেন্ট এই ক্লজএর উপর আমাকে দিতে হয়েছে।

আমার প্রথম নম্বর অ্যামেন্ডমেন্ট হচ্ছেঃ যেখানে সাব-ক্লজ (১)(এ)তে আছে, হিউম্যান ভয়েস অর অ্যামপ্লিফাইং মিউজিক, যেখানে পুলিস কমিশনার ইচ্ছা করলেই যে কোন মাইক্রোফোন, লাউড স্পীকার অর আদার অ্যাপারেটাস ফর অ্যামপ্লিফাইং হিউম্যান ভয়েস বন্ধ ক'রে দিতে পারেন, সে ক্ষেত্রে কোন কোন বিষয়ে আমরা মনে করি একটা একসেপশন থাকা দরকার। সেই একসেপশনটা আমি ৯নং ক্লজএর অ্যামেন্ডমেন্টএ দিয়েছি

"except in cases where the apparatus are used in public meetings, election campaigns and propaganda vans".

এ সম্পর্কে বিস্তারিত বলার কিছু নাই। আমরা জানি, এই আইনটা বিশেষভাবে ওঁরা এনেছেন যাতে পূজার সময় গভীর রাত্রি পর্যন্ত অনেক সময় বহু লোকের শান্তি বিঘ্নিত না হয় তারই জাস্টিফিকেশনএ। কিন্তু পাবলিক মিটিং সম্বন্ধে কোন দিন কোন লোক ওগুলির ব্যবহারে কোন রকম আপত্তি করেছে বা পুলিসের কাছে অভিযোগ নিয়ে গিয়েছে সে অভিজ্ঞতা আমার নাই বা মাননীয় সভ্যদের কারও নাই। এখানে যেভাবে আইনের খসড়াটি তৈরি হয়েছে তাতে ইলেকশন

ক্যামপেন অ্যান্ড প্রোপাগান্ডা ভ্যানস বন্ধ করবার অধিকার বা ক্ষমতা পুলিসের হাতেই দেওয়া হয়েছে। পাবলিক মিটিংস, ইলেকশন ক্যামপেন এবং প্রোপাগান্ডা ভ্যান যদি বন্ধ করবার অধিকার এইভাবে পুলিস কমিশনারের হাতে তুলে দেওয়া হয়, তা হ'লে যখন-তখন তার অপব্যবহার হ'তে বাধ্য। কারণ আমরা নিজের চোখে দেখেছি, পুলিস কিভাবে তাদের ক্ষমতার অপব্যবহার করে। পুলিস সম্বন্ধে মাননীয় সদস্যেরা যেসব কথা বলেছেন, আশা করি মন্ত্রিমহাশয় তা উপলব্ধি করেছেন। পাবলিক মিটিং সম্বন্ধে সাধারণ মানুষের, ভারত রাষ্ট্রের নাগরিক সাধারণের যে ফান্ডামেন্টাল রাইটস রয়েছে, এবং পশ্চিমবঙ্গ সরকারও যা স্বীকার করেন, ধারাটা যেভাবে রচিত সেইভাবেই যদি থেকে যায় তা হ'লে তাদের সেই ফান্ডামেন্টাল রাইটস রক্ষিত হবে না। যদি সমস্ত দায়িত্ব পুলিস কর্মচারী বা পুলিস কমিশনারের উপর দেওয়া যায় তা হ'লে আমার মনে হয়, জনসাধারণের এই যে মূল্যবান রাইটস, সে রাইটসএর উপর হস্তক্ষেপ করা হবে এবং জনসাধারণের উপর পীড়নের যন্ত্র হিসেবেই সেটা দেখা দেবে। কাজেই আমি আশা করি যে, মন্ত্রিমহোদয়ের যদি উদ্দেশ্য থাকে যে তিনি পাবলিক মিটিং বা ইলেকশন ক্যামপেনএর উপর হাত দিতে চান না, তা হ'লে আমার এই একসেপশন লিস্টটা তিনি এই ধারার মধ্যে ইনক্লুড ক'রে নেবেন।

আমার ২নং অ্যামেন্ডমেন্ট হ'ল—১১নং দেখুন যেখানে রয়েছে—

"the State Government may on its own motion or on the representation of any person or persons aggrieved, modify, alter or cancel any such order."

যদি হেড কনস্টেবল গিয়ে কোথায়ও মাইক ছিনিয়ে নেয় বা সেজন্য ফোর্স অ্যাপ্লাই করে, তা হ'লে গভর্নমেন্টএর কাছে যদি কোন লোক, কোন অ্যাগ্রিভড্ পার্সন যদি রিপ্রেজেন্টেশন করে, তা হ'লে তারা সেটা ক্যানসেল, মডিফাই অথবা অলটার করতে পারেন এনি সাচ অর্ডার, কিন্তু গভর্নমেন্ট সেই অর্ডার মডিফাই, অলটার অর ক্যানসেল করবেন কবে, তার কোন সীমারেখা নাই—এক মাস, দু' মাস বা তিন মাস পরেও করতে পারেন। সেইজন্য আমি এই সীমারেখা এখানে টেনে দিতে চাই যে, রিপ্রেজেন্টেশন পাওয়ার বার ঘণ্টার মধ্যে ডিসিশন দিতে হবে। কারণ ডুডিশিয়ালি যে ক্ষমতা প্রয়োগ করতে অনেক সময় বড় বড় অফিসারের পক্ষেও বিশেষ জুডিশিয়াল ডিসক্রিশনএর দরকার, সেই ক্ষমতা প্রয়োগ করছে একটি হেড কনস্টেবল। কাজেই এ ক্ষেত্রে আমার মনে হয়, একটা সীমারেখা থাকা উচিত। একজন সাধারণ মানুষের মাইক টেনে নিয়ে যাওয়া হবে, তার ফলে অনেক বোনাফাইডি কেস সাফার করবে। সেইজন্য কোন জায়গায় যদি মাইক বা ভ্যান সীজ করা হয়, তখন গভর্নমেন্টএর কাছে রিপ্রেজেন্টেশন বা দরখাস্ত করলে পর বার ঘণ্টার মধ্যে তার যথাযোগ্য ব্যবস্থা হওয়া উচিত; বিশেষত কতখানি ক্ষমতা পুলিসের হাতে দেওয়া হচ্ছে সেইটে চিন্তা ক'রে সাধারণ মানুষের স্বার্থের খাতিরে এটা একটু কার্টেল করা দরকার।

১৩-১৫নং অ্যামেন্ডমেন্ট ক্লজ (বি)র উপর যা রয়েছে, সে সম্বন্ধে শ্রীযুক্ত বসন্তকুমার পান্ডা, শ্রীযুক্ত সুনীল দাস ও শ্রীযুক্ত সোমনাথ বাবুর সঙ্গে একমতে আমি বলছি—এখানে হেড কনস্টেবলের জায়গায় সাব-ইন্সপেক্টর হওয়া উচিত। এটা আশা করি মন্ত্রিমহাশয় করবেন। বিষয়টা একটু গভীরভাবে চিন্তা ক'রে দেখে এই ক্ষমতাটা সাব-ইন্সপেক্টরএর হাতেই দিয়ে দিন।

তারপরেই আমার আর একটা অ্যামেন্ডমেন্ট হচ্ছে ১৯ নম্বর। এই ২নং ক্লজএর যেখানটায় রয়েছে—

"police officer not below the rank of etc. may seize any microphone, loud-speaker or other apparatus used or operated in contravention of the order."

এটা একটা সাংঘাতিক পীড়াদায়ক ক্লজ—ইচ্ছা করলেই খুশিমত হেড কনস্টেবল মাইক সীজ করতে পারে। এখানে আমার বক্তব্য হচ্ছে, ঐ অর্ডারএর পরে এইটে যোগ ক'রে দেওয়া হোক—

"but shall return to the person from whom seized or the owner on a bond for such a sum not exceeding two hundred rupees and on an undertaking of compliance with the above order, etc.

অর্থাৎ যেখানে ভ্যান ছেড়ে দিচ্ছেন সেখানে তা আটকে রাখবার কোন যুক্তি যে থাকতে পারে, তা আমার মনে হয় না। অন্তত বিশেষ ক্ষেত্রে যাঁর ভ্যান তিনি যদি এসে বলেন, 'আমি আর

মাইক বাজাব না'—যদি এই বন্ড দিয়ে চ'লে যান, তারপরেও তাঁর ভ্যান আটক ক'রে রেখে দেবার কোন যুক্তি নাই। তাই এই রিপ্রেইজাল মেজার, যাতে একজন দরিদ্র মাইকওয়ালা ক্ষতিগ্রস্ত না হয়, আশা করি মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন।

আমার ২৩নং সংশোধনী হচ্ছে, এই ধারার প্রভাইসোতে যেখানে রয়েছে দ্যাট সাচ অফিসার মে রিলিজ, সেখানে 'মে'র জায়গায় 'শ্যাল' দিতে বলছি, যাতে নাকি কোন রকম টালবাহানা করতে না পারে। কারণ আমার ব্যক্তিগত অভিজ্ঞতায় আমি দেখেছি, একটু আইনের ছিদ্র পেলেই সাধারণ মানুষকে নাকাল করবার জন্য কিভাবে পুলিস অফিসাররা এগিয়ে আসে।

আমার ২৫নং অ্যামেন্ডমেন্ট হচ্ছে, সেই ভেহিকলএর যিনি ওনার বা যার কাছ থেকে সেটা সীজ করা হ'ল, সে যখন রিপ্রেজেন্টেশন দিল তখন সেটা রিলিজ ক'রে দিতে হবে উইদিন টুয়েন্ট্য আওয়ার্স অব হিজ রিপ্রেজেন্টেশন ফর রিটার্ন, কিন্তু ভেহিকলএর ক্ষেত্রে সেটা রিটার্ন তো করবেন, কিন্তু তারা বলতে পারেন—কাল আসবেন; কাল গেলে আবার বলতে পারেন—না, আর এক সপ্তাহ পরে আসবেন। কাজেই একটা যদি সীমারেখা টেনে না দেওয়া হয় তা হ'লে এই আইনের ভিতর দিয়ে পুলিস অফিসাররা যেভাবে পীড়ন চালাবেন তার তুলনা নাই। সেইজন্যই আমি এই অ্যামেন্ডমেন্ট উপস্থিত করেছি যে, এদিক দিয়ে পুলিসের ক্ষমতা যথাসম্ভব সীমাবদ্ধ রাখা দরকার।

[4-40—5-10 p.m.]

তারপর ৩০নং অ্যামেন্ডমেন্টএ আমি বলেছি, সেখানে আছে—

"the court may also direct the forfeiture of any microphone, loud speaker"

এই যে ফরফিচার কথাটা আছে, এটা অন্তত করা উচিত নয়। লঘু পাপে গুরু দণ্ড দেওয়া উচিত নয়। এই আইনের মাধ্যমে তাই হ'তে যাচ্ছে। এক-একটা মাইকের দাম ছয়-সাত শো টাকা। ছোটখাট ব্যবসায়ী যারা এগুলি নিয়ে ব্যবসা করে তাদের এরকম একটা মাইক যদি আটক করেন তা হ'লে কি ক'রে তাদের চলবে বুঝতেই পারেন।

Mr. Speaker:

এগুলি কাল হয়ে গেছে, আপনি ছিলেন না।

Sj. Apurba Lal Majumdar:

আমি আবার ব'লে দিচ্ছি যাতে মন্ত্রিমহাশয় এটা বিবেচনা করেন।

Sj. Suhrid Mallick Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ ২(এ)তে যেখানে বলা হয়েছে লাউড স্পীকার প্রভৃতি কিছুই ব্যবহার করা যাবে না সেখানে—

I beg to move that in clause 2 in sub-section (1)(a) of the proposed section 43D in lines 13 and 14, after the words "other sounds" the words "except megaphones (chongas, i.e., horns manipulated by mouths)" be inserted.

এই জিনিসটা আমি মন্ত্রিমহাশয়কে একটু ভেবে দেখতে বলি। এটা হচ্ছে চোঙ্গা ফুঁকবার ব্যাপার। আমরা তাঁর কাছে শুনেছি, জনসাধারণের শান্তি ও শৃঙ্খলা বজায় রাখবার জন্যই এই বিল আমরা পেয়েছি।

আমার যে অ্যামেন্ডমেন্ট সেটা হচ্ছে চোঙ্গা ফোঁক'র ব্যাপার। তাঁরা যেভাবে এটাকে রক্ষিত করবার চেষ্টা করছেন তাতে আমাদের মনে সন্দেহের উদ্রেক হচ্ছে যে, সামান্য চোঙ্গা ফুঁকতে যদি মানুষ না পারে তা হ'লে কতটা অসুবিধার সৃষ্টি হবে। আপনি জানেন, স্যার, অনেকে হুকারি ক'রে চোঙ্গা ফুঁকে; তাদের তো পুলিস কমিশনার যখন-তখন আটকিয়ে ফেলতে পারেন। শুধু চোঙ্গা ফুঁকা এটাকে আপনারা যদি এত ব্যাপকভাবে রেখে দেন তা হ'লে আমরা মনে করব যে, এই বিলের উদ্দেশ্যটাকে আপনারা যতটা নিরীহ ব'লে বলছেন ততটা নিরীহ নয়। কাজেই আমার সংশোধনীটা যদি আপনারা গ্রহণ করেন তা হ'লে আমি বলব যে,

জনসাধারণের কল্যাণের দিকে আপনাদের দৃষ্টি আছে; আর তা যদি না করেন তা হ'লে আমি বলব, যেহেতু আপনারা দেখেছেন যে কোলকাতার বিভিন্ন কেন্দ্রে কংগ্রেস পরাজিত হয়েছে সেই হেতু বিপক্ষ দলকে, অপোজিশন দলকে পর্য্যুদস্ত করবার জন্য আপনারা নিজেদের হাতে ব্যাপক ক্ষমতা রাখছেন যাতে কোন রকম [illegible] প্রচার কেউ না করতে পারে। সেজন্য আমি বলব যে, এটা বোধ হয় আপনাদের উদ্দেশ্য নয়, কাজেই এটা গ্রহণ ক'রে সদিচ্ছা আপনারা দেখান।

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 2, in the proposed section 43D(1)(b), in line 1, for the words "State Government" the words "Chief Presidency Magistrate, Calcutta" be substituted.

I beg to move that in clause 2, in the proposed section 43D(2), in line 6, for the words "State Government" the words "Chief Presidency Magistrate, Calcutta" be substituted.

I beg to move that in clause 2, in the proposed section 43D(4), in line 4, for the words "State Government" the words "Chief Presidency Magistrate, Calcutta" be substituted.

I beg to move that in clause 3, in the proposed section 17D(1)(b), in line 1, for the words "State Government" the words "District Magistrate" be substituted.

Sj. Sunil Das: I beg to move that in clause 3, in the proposed section 17D(2), in lines 1 and 2, for the words "Head Constable" the words "Sub-Inspector" be substituted.

I also move that in clause 3, in the proposed section 17D(2), in line 6, for the words "State Government" the words "District Magistrate" be substituted.

I also move that in clause 3, in the proposed section 17D(4), in line 4 for the words "State Government" the words "District Magistrate" be substituted.

Mr. Speaker, Sir, my amendments are very simple. I have only sought for substitution of a few words in place of others. In section 43D of the Calcutta Police Act, 1866, in place of the words "State Government" I have sought to substitute the words "Chief Presidency Magistrate". In the Calcutta Suburban Police Act also in place of the words "State Government" I have sought to substitute the words "District Magistrate". In both the Acts I have also sought for the substitution of the words "Sub-Inspector of Police" in place of the words "Head Constable". My reasons are these. With regard to section 43D of the Calcutta Police Act, if you look to the previous section 43C you will find that when the Police Commissioner takes action on the petition of some person or on the complaint of some person, then the revising authority becomes the Magistrate, but when the Police Commissioner takes action *suo motu* why should the State Government be the revising authority? Where the complaint is made on an application the Magistrate is the revising authority and where the Police Commissioner takes action on his own initiative why should the power be given to the State Government? If you look to section 17C of the Calcutta Suburban Police Act or section 43C of the Calcutta Police Act, 1866, the first sub-section says that "the Commissioner of Police may, upon complaint made to him in writing by any person" take such action. Then in the proviso it is said, "Provided that in any case where the discontinuance of music, or other sounds as aforesaid, is so ordered, it shall be lawful for a Magistrate, upon the complaint of any person aggrieved, and if satisfied that the order complained of is unreasonable under the circumstances, to alter or reverse such order as he deems fit, and the Commissioner of Police shall give effect

to any such alteration or reversal." So why is this differential treatment in the two sections? Let there be one authority. If you are retaining the previous section where the power is given to the Magistrate, the same power should also be given to such Magistrate in this Bill. Therefore, in case of Calcutta I have sought for the substitution of the words "Chief Presidency Magistrate" and in the suburban places I have sought for the substitution of the words "District Magistrate". By "District Magistrate" I mean the District Magistrate of 24-Parganas, because the entire suburban area of Calcutta is within the jurisdiction of the 24-Parganas Collectorate and therefore the District Magistrate, 24-Parganas, comes into the picture. That is with regard to the removal of inconsistency in the two consecutive sections. Then with regard to the other portion, I am to say that the words "State Government" are there. If any man is to move the State Government there is not always a fixed authority. The State Government on receipt of a complaint will set up a person or a group of persons for the purpose of revision. But here there are two quasi-Judicial and quasi-Executive officers, viz., the Chief Presidency Magistrate and the District Magistrate, and these are permanent officers. They are not to be affected by any consideration other than the public consideration. No other consideration would weigh with regard to their decision. Therefore, the revising authority in such cases should be the District Magistrate who does not change with the change of time.

Then with regard to the powers given to the Head Constable I would say—of course, I do not know what is the minimum qualification of the person who is appointed as a Head Constable—that if discretion is to be used by such a person let him be at least a person who has attained some amount of discretionary stage. On that consideration I suggest that the words "Head Constable" be substituted by the words "Sub-Inspector of Police".

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[5-10—5-20 p.m.]

Dr. Kanailal Bhattacharya: I beg to move that in clause 2, in the proposed section 43D(2), lines 1 and 2, for the words "Head Constable" the words "Assistant Sub-Inspector of Police" be substituted.

I also move that in clause 2, in the proviso to the proposed section 43D(3), after the word "vehicle" wherever it occurs the words "and/or microphone, loudspeaker, or other apparatus" be inserted.

মাননীয় স্পীকার মশাই, আমার সংশোধনী প্রস্তাব দু'টি খুব ছোট। আমি প্রথম পর্যায়ের আলোচনায় দু'-চারটা কথা মন্ত্রিমশাইকে বলেছিলাম। এই আইনটির উদ্দেশ্য সম্বন্ধে যা বর্ণিত আছে তা সত্যিই অভিনন্দনযোগ্য, যদিও এটা আমাদের দুঃখের ও লজ্জার বিষয় যে, এরকম একটা প্রহিবিটিভ ল এনঅ্যাক্ট করতে হচ্ছে। আমি যে সময় বলেছিলাম মন্ত্রিমহাশয়কে যে, এটা ওয়ান অ্যাক্ট আমেন্ডিং বিল।

Mr. Speaker: Are you speaking on amendment No. 24?

Dr. Kanailal Bhattacharya: I am speaking on amendments Nos. 16 and 24.

Mr. Speaker: You can speak on 16; I have struck out 24. I have never seen drafting where you can put in the words 'and or'. I better not repeat in this House the comment of Sir John Simon. What he said was 'andstrokeor'. Whatever it is 'and/or' is not permitted in the Statute.

Dr. Kanailal Bhattacharya: It may be amended like this—'or microphone, loudspeaker etc.'.

Mr. Speaker: You want to strike out the word 'and'?

Dr. Kanailal Bhattacharya: Yes.

Mr. Speaker: I will allow that.

Dr. Kanailal Bhattacharya:

আমার বক্তব্য ছিল, এখানে যে পুলিসের হাতে বিশেষ ক'রে যে শ্রেণীর কর্মচারীর হাতে এই ক্ষমতা দেওয়া হচ্ছে তাতে ক্ষমতার অপব্যবহারের যথেষ্ট সুযোগ রয়েছে। আমার পূর্বেও অনেকে এই আশংকা প্রকাশ করেছেন। আমাদের এইরূপ আশংকার কারণ হচ্ছে, এই যে হেড কনস্টেবলএর হাতে এই ক্ষমতা দেওয়া হচ্ছে, এদের মধ্যে শিক্ষিতের সংখ্যা খুব কম।

Mr. Speaker:

আজকাল আর খুব কম নয়, অনেক ম্যাট্রিক এবং ইন্টারমিডিয়েট পাস লোক এখন ঢুকছে।

Dr. Kanailal Bhattacharya:

আমি বলেছিলাম যে, অন্তত অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর অব পুলিস হ'লে ভাল হয়—সাব-ইন্সপেক্টর হ'লেই সবচেয়ে ভাল হ'ত, অন্তত অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর অব পুলিস করুন।

তারপর দ্বিতীয় কথা হচ্ছে, মাইক্রোফোন যদি সীজ করা হয় তা হ'লে বন্ড দিলেও ছেড়ে দেওয়া হবে না। এর যুক্তিতে মন্ত্রিমশাই হয়তো বলবেন, এই আইনটা যদি এনফোর্স করতে হয় এবং যাকে-তাকে ভাড়া দেওয়া যদি বন্ধ করতে হয় তা হ'লে বন্ড এক্সিকিউট করলেও ছেড়ে দেওয়া হবে না; কিন্তু আমি বলি, এইভাবে মাইকওয়ালাকে সাজা দেওয়ার কুজ রাখলে অত্যন্ত অন্যায় হবে। কারণ, তারা গরিব ব্যবসায়ী। এর দ্বারা আরেকটা জিনিস হবে—এই ব্যবসা ঘা খাবে। সেজন্য আমি মন্ত্রিমশাইকে বলব, এসব বিবেচনা ক'রে আমার সংশোধনী দুটি গ্রহণ ক'রে বিলটি অন্তত কিছুটা সংশোধন করুন।

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in clause 2, after sub-section (4) of the proposed section 43D, the following be inserted, namely:

> "(4a) The Commissioner of Police shall not permit any one to use or operate in front of any hospital, microphones, loudspeakers, or other apparatus for amplifying human voice or amplifying music or other sounds, or use of crackers, noisy fireworks or play of musical instruments."

মিঃ স্পীকার, স্যার, এই সংশোধনী পুলিস বিলের অবজেক্টস অ্যান্ড রিজন্সএ দেওয়া আছে যে, কোলকাতা ও কোলকাতার শহরতলি অঞ্চলে লাউড স্পীকার, মাইক্রোফোন ইত্যাদির যথেচ্ছ ব্যবহার নিয়ন্ত্রিত করার জন্য ১৮৬৬ সালের পুলিস আইনের সংশোধন প্রয়োজন। তাই এই সংশোধিত বিল আনা হয়েছে। কেন না

Provisions of the Calcutta Police Act, 1866, etc., are inadequate to deal with this nuisance,

এখানে আমার কথা হচ্ছে যে, মাইক্রোফোন, লাউড স্পীকার ইত্যাদির ব্যবহার ১৮৬৬ সালে ছিল না, কিন্তু তবুও সব রকমের বিরক্তিকর, অবাঞ্ছিত শব্দ বিশেষ বিশেষ জায়গায় বন্ধ ক'রে দিবার ক্ষমতা ১৮৬৬ সালের আইনে পুলিস কমিশনারকে দেওয়া হয়েছে। ১৮৬৬ সালের যে পুলিস অ্যাক্ট, তার ৪৩(সি) ধারাতে আছে যে,

Commissioner of Police upon complaint made to him in writing by any person

সমস্ত অবাঞ্ছিত শব্দ যে কোন জায়গায় বন্ধ ক'রে দিবেন যদি তিনি তা প্রয়োজন মনে করেন। এখানে একটা জিনিস লক্ষ্য করার আছে যে, অভিযোগ করতে হবে ইন রাইটিং। কিন্তু এই

ধারা থাকা সত্ত্বেও এবং ইন রাইটিং অভিযোগ করা সত্ত্বেও আমি দেখেছি যে কোলকাতা ও শহরতলি অঞ্চলের সব হাসপাতালের সামনে মাইক্রোফোন এবং অন্যান্য ধরনের বিকট শব্দ বন্ধ করা যায় নি। কোলকাতায় অনেক হাসপাতাল আছে—ছোট, বড়, বিভিন্ন ধরনের নার্সিং হোম ইত্যাদি। কিন্তু এর সবগুলিকে 'নো হর্ন' এলাকার আওতায় আনা হয় নি। একটা উদাহরণ দিব। আপনি জানেন, স্যার, যে চিত্তরঞ্জন অ্যাভেনিউ ও বৌবাজার মোড়ের উত্তরে ইসলামিয়া হাসপাতাল পড়ে, তারপরেই মেডিকেল কলেজ হাসপাতাল। কিন্তু ইসলামিয়া হাসপাতালের এলাকা বাদ দিয়ে শুধু ইডেন হসপিটাল রোড থেকে আরম্ভ ক'রে কলুটোলা স্ট্রীট পর্যন্ত 'নো হর্ন' লেখা বোর্ড টাঙ্গানো আছে। তাতে শুধুমাত্র মেডিকেল কলেজ হাসপাতালের রোগীদের সুবিধা হ'ল। কিন্তু তার পাশেই আর একটা হাসপাতাল অর্থাৎ ইসলামিয়া হাসপাতাল 'নো হর্ন' এলাকা থেকে বাদ পড়ে গেল কেন? এই হাসপাতালের কর্তৃপক্ষের তরফ থেকে পুলিস কমিশনারের কাছে একাধিক বার লেখা হয়েছিল যাতে এই অঞ্চলটাকেও 'নো হর্ন', 'হসপিটাল, সাইলেন্স প্লীজ'এর আওতার মধ্যে নেওয়া হয়। কিন্তু পুলিস কমিশনার উত্তর দিলেন যে, মেডিকেল কলেজের কাছে যে 'নো হর্ন' লেখা আছে তাই যথেষ্ট। এ উত্তর মোটেই সন্তোষজনক নয়।

[5-20—5-30 p.m.]

আমি বলতে চাই যে, বর্তমান সংশোধনী বিলের ৪৩(ডি) ধারায় হাসপাতালের সামনে বাজনা ইত্যাদি অবাধ বিকট শব্দ বন্ধ ক'রে দিবার জন্য বিশেষভাবে কোন উল্লেখ নাই। পুলিস কমিশনারের মতামতের উপর বিভিন্ন জায়গায় অতিরিক্ত শব্দ নিয়ন্ত্রণ বন্ধ ক'রে দিবার ভার দেওয়া হয়েছে। এই ধারা মতে তাঁর যদি মনে হয় তা হ'লে তিনি হাসপাতালের কাছে অবাঞ্ছিত শব্দ বন্ধ করতেও পারেন, নাও করতে পারেন। দৃষ্টান্ত দিয়ে আমি দেখিয়েছি যে, তিনি সব হাসপাতালকে শব্দ থেকে রক্ষা করেন নি। সুতরাং এই ধারা কতদূর কার্যকরী হবে তাতে আমাদের মনে যথেষ্ট সন্দেহ আছে। সব হাসপাতালের রোগীদেরকে বিকট শব্দ থেকে রক্ষা করার জন্যই আমি আমার অ্যামেন্ডমেন্ট দিয়েছি। ৪৩(ডি) সেকশনএর ক্লজ ২-এর (৪) সাব-সেকশনএর পর এই সংশোধনীটুকু সংযোগ ক'রে দিতে হবে -

> "The Commissioner of Police shall not permit any one to use or operate in front of any hospital, microphones, loudspeakers or other apparatus for amplifying human voice or amplifying music or other sounds or use of crackers or noisy fireworks or play of musical instruments."

তারপর সরকারী, অফিশিয়াল অ্যামেন্ডমেন্ট ৪৩(ডি) সেকশনএর (১)(এ) সাব-সেকশনএর শেষ লাইন শেষ হয়েছে 'আদার সাউন্ডস' ব'লে। আমার অ্যামেন্ডমেন্টএ তারপরেই আর একটু যোগ ক'রে দিয়েছি, যথা

or use of crackers, or noisy fireworks or play of musical instruments.

কেন না দেখা গেছে যে, হাসপাতালগুলির সামনে যে ক্র্যাকার্স ও ফায়ারওয়ার্কস ছাড়া হয়, তাতে ভীষণ শব্দ হয় এবং রোগীদের অত্যন্ত অসুবিধা হয় তাতে। নানা রকম প্রসেশন যখন হাসপাতালের সামনে দিয়ে যায় তখন বাজনা ও মাইক্রোফোনের শব্দে রোগীরা ঘুমুতে পারে না, গুরুতরভাবে পীড়িত রোগীরা চমকে চমকে ওঠে। পুলিসকে টেলিফোন ক'রেও এর কোন সুরাহা করতে পারা যায় না। যখন বেশি রাত পর্যন্ত কিংবা সারারাত ধ'রে হাসপাতালের চারিপাশে ফায়ারওয়ার্কস চলে এবং ক্র্যাকার্স ছোড়া হয় তখন হাসপাতালের রোগীদের অবস্থা কি শোচনীয় হয় তা সহজেই অনুমান করা যায়। তাই আমি অ্যামেন্ডমেন্ট দিয়ে সীমাবদ্ধ ক'রে রাখছি যে হাসপাতালের সামনে ইউজ অব ক্র্যাকার্স অর নয়েজি ফায়ারওয়ার্কস অর প্লেয়িং অব মিউজিক্যাল ইনস্ট্রুমেন্টস ইত্যাদি চলবে না।

মিঃ স্পীকার, স্যার, আমি আরও বলতে চাই যে, যখন পুলিস কমিশনার কোন প্রসেশন পার্টিকে রাস্তা দিয়ে বাজনা বাজিয়ে যাবার অনুমতি দিবেন, তখন 'নো হর্ন', 'হসপিটাল, সাইলেন্স প্লীজ' এখনও পর্যন্ত যেসমস্ত হাসপাতালের সামনে নেই তাদের লিস্ট সেই পার্টিকে

যেন দিয়ে দেন। পার্টিকে জানিয়ে দিতে হবে তাদের যাবার পথে কোন্ কোন্ হাসপাতাল, নার্সিং হোম ইত্যাদি পড়ছে এবং সেইসমস্ত এলাকাতে যদি বাজনা ইত্যাদি বন্ধ করা না হয়, তা হ'লে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা যেতে পারে। আমরা দেখেছি যে, পুলিস কমিশনারকে টেলিফোন ক'রে হাসপাতালের সামনে এইসব বাজনা ইত্যাদি বন্ধ করবার জন্য অনুরোধ করলেও আমাদের কথায় তিনি কর্ণপাত করেন না। তাই লেজিসলেশন দ্বারা এটা বন্ধ হয়ে যাওয়া উচিত। আজ আমি আমার বক্তব্য শুধু কোলকাতা ও শহরতলি অঞ্চলের হাসপাতালগুলি সম্বন্ধেই সীমাবদ্ধ রেখেছি। আমার অ্যামেন্ডমেন্টএ 'ইন ফ্রন্ট' কথাটা আছে। কিন্তু তার জায়গায় যদি 'ইন দি ভিসিনিটি' হয় তা হ'লে ভাল হয়। যদি আমার অ্যামেন্ডমেন্ট গ্রহণ করা হয় তবে এটা বিবেচনা করতে অনুরোধ করছি। হাসপাতালের রুগ্ন ভাইবোনদের কথা মনে ক'রে আমার সংশোধনীটা নেওয়া হোক—এই আবেদন করি।

Sjkta. Manikuntala Sen: Sir, I beg to move with your permission 20A on behalf of Sj. Somnath Lahiri.

Sir, I beg to move that in clause 2, sub-section (3) of the proposed section 43D be omitted.

এখানে বলা হয়েছে যে, সাব-সেকশন ৩ এটাকে অমিট করতে। তার কারণ হিসেবে আমি আগে যা বলেছিলাম সেই কথা আর একবার একটু বলতে চাই। এখানে পরিষ্কার হয়ে যাচ্ছে বিলটা আদৌ নিরীহ নয়। এখানে আর একবার ঐ সিকিউরিটি অ্যাক্ট এসে পড়ছে। এখনও এ'দের ঐ সিকিউরিটির অভ্যাস যায় নাই। এতদিন যে দমননীতি তাঁরা চালিয়ে এসেছেন, চালিয়ে হাত পাকিয়েছেন, তার অভ্যাস কি ক'রে যাবে, কোথায় যাবে - যখন উদ্দেশ্য আর কিছু নয়, সরস্বতীপূজায় যে মাইক্রোফোন ব্যবহার হয়, গান ইত্যাদি হয়, তার জন্য কোন ভেহিকলএর দরকার হয় না। পূজা প্রসেশনএর ভেহিকলএ মাইক ব্যবহার দেখি নি বা ভেহিকলএ কোন উপদ্রব সৃষ্টি হয়—তা মোটেই নয়। এই ক্লজএ একমাত্র পলিটিক্যাল উদ্দেশ্য ছাড়া আর কোন উদ্দেশ্য নাই। ও'দের এক ঢিলে দু' পাখি কেন দশ পাখি মারবার উদ্দেশ্য আছে। এই পলিটিক্যাল উদ্দেশ্য আমরা কিছুতেই মানব না। নিরীহ ধরনের এত ভাল মানুষের মত যে বিলটি তাঁরা এনেছেন, তার পেছন দিয়ে নানা রকম উদ্দেশ্যসিদ্ধি তাঁরা ক'রে নেবেন। এদিকে তাঁরা বলছেন যে, জনসাধারণের ভালর জন্য এই নিরীহ বিলটি নিয়ে এসেছেন। এই সাধুগিরি, এইসমস্ত ভণ্ডামি চলবে না।

তারপর, বলা হচ্ছে কি?—না, শাস্তি দিতে চাচ্ছেন তাদের যারা ব্যবহার করবে, অপরাধ করবে। ভেহিকল কনফিসকেট করবেন কাদের? মালিকদের? রামের অপরাধে শ্যামের সাজা হবে। তাই যদি হয় তা হ'লে সিমিলার জায়গায়ও এই সাজা দেওয়া উচিত। আমরা দেখেছি, রাস্তায় যখন কেউ মদ খেয়ে মাতলামি করবার জন্য ধরা হয় তখন তার অপরাধে কি ওয়াইন-শপওয়ালাকে সাজা দেওয়া হয়? ওয়াইন-শপওয়ালার প্রপার্টি কি কেড়ে নেওয়া হয়? তা হ'লে এখানেও তাই করা উচিত। কোন রকম আইনসঙ্গত উপায়ে, কন্সটিটিউশন-সঙ্গত উপায়ে এই ক্লজএর ক্ষমতা ব্যবহার করা যেতে পারে ব'লে আমাদের আদৌ মনে হয় না। সেইজন্য অসৎ মতলব ও অসৎ উদ্দেশ্য এই বিলের মধ্যে অত্যন্ত প্রকট হয়ে উঠেছে। এই কারণে আমাদের অত্যন্ত স্ট্রং ওপিনিয়ন হচ্ছে এই ক্লজ বাদ দিয়ে দেন। তা না হ'লে এই বিল কোন রকমে সমর্থনযোগ্য হ'তে পারে না।

Sj. Niranjan Sengupta:

স্যার, আমার অ্যামেন্ডমেন্ট কেন আউট অব অর্ডার করলেন বুঝতে পারলাম না।

Mr. Speaker: Your amendment is out of order. The police is not expected to examine whether a meeting is organised by a political party or by a public organisation.

Sj. Niranjan Sengupta: There are recognised political parties and it will not be difficult to examine whether a meeting is organised by a political party or by a public organisation.

Mr. Speaker: When a nuisance is created by any person on the roadside with the aid of a mike or some other instrument, it will be difficult for the police to decide as to whether it is being done by a political or by a private organisation.

Sj. Niranjan Sengupta:

আমি যেটা বলতে চাচ্ছি—গতকাল পুলিসমন্ত্রী মহাশয় এই হাউসএ ব'লে বসেছিলেন, তিনি আশ্বাস দিয়েছিলেন আমাদের যে, কোন পলিটিক্যাল কারণে এই আইন ব্যবহৃত হবে না। তিনি সেটা স্পষ্ট ক'রেই বলেছেন। আমার মনে হয়, পুলিসমন্ত্রী মহাশয়ের এই অ্যাসিওরেন্সটি যদি এই আইনের কোন জায়গায় লিপিবদ্ধ করা হয় তা হ'লে এর একটা মানে হয়। এমনি যদি বলেন ইউজ করা হবে না, তাতে সন্দেহ থেকে যায়। কারণ আমাদের কাছে আইনের অপ-ব্যবহারের এমন অনেক দৃষ্টান্ত আছে যা এখানে বলা যায়, দৃষ্টান্ত দেওয়া যায় যে অনেক সময় আইন পালিতও হয় না। এরকম ভূরি ভূরি দৃষ্টান্ত দিতে পারি। সিকিউরিটি অ্যাক্টএর ব্যাপারে দেখিছি, যেসব প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল পাস করবার সময়, সেসব পালিতও হয় নাই। তার ফলে পলিটিক্যাল পার্টি ওয়ার্কার্স ও অন্যান্য অর্গানিজেশন কিভাবে অ্যাফেক্টেড হয়েছে পুলিসের দ্বারা, কংগ্রেস সরকারের দ্বারা, তা আমরা জানি। সুতরাং সে ভয় এখানেও আছে। তাই আমরা একটা সেফগার্ড চাই যে কোন পলিটিক্যাল পার্টির উপর এটা প্রয়োগ হবে না।

[5-30—5-40 p.m.]

দুঃখের বিষয়, আমার অ্যামেন্ডমেন্ট মাননীয় স্পীকার মহাশয় অগ্রাহ্য করেছেন। কিন্তু আমি মনে করি এই বিলে পুলিস কমিশনারএর হাতে যে ক্ষমতা দেওয়া হচ্ছে তার উপর যদি কোন চেক রাখা না হয়, তা হ'লে পরবর্তী কালে তাঁর এই ক্ষমতা পলিটিক্যাল পার্টি বা পলিটিক্যাল অর্গানিজেশনএর উপর বর্তিত হতে পারে। এই ধারণা ও অভিজ্ঞতা আমাদের আছে ব'লেই আমরা বারবার এখানে সাবধানবাণী উচ্চারণ করেছি। আমাদের ভাগ্যে এমন অনেক অভিজ্ঞতা জুটেছে যেখানে অ্যাসিওরেন্স দেওয়া সত্ত্বেও তা রাখা হয় নি। তাই কালীপদবাবুকে অনুরোধ করছি, তিনি চিন্তা ক'রে দেখুন তিনি যে উদ্দেশ্যে এই বিল এনেছেন যা তিনি প্রকাশ করেছেন —সেইজন্যই তিনি এমন কোন প্রভিশন এখানে রেখে দিন যাতে যেসব পলিটিক্যাল পার্টি আছে তাদের পলিটিক্যাল অ্যাক্টিভিটি যেন এই বিলের আওতায় না পড়ে।

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহোদয় আমি ৭নং এবং ৯নং যে অ্যামেন্ডমেন্ট, সেই দুইটি অ্যামেন্ড-মেন্টকেই বিশেষভাবে সমর্থন করবার জন্য দাঁড়িয়েছি। ৭নং অ্যামেন্ডমেন্টটা আমি এইজন্য সমর্থন করছি যে, আপনি জানেন যে সাবভার্সিভ অ্যাক্টিভিটি বন্ধ করার জন্যে যে সিকিউরিটি অ্যাক্ট আছে, তার ২৩ ধারার ২নং ক্লজএর যে প্রভাইসো সেই প্রভাইসোর মধ্যেও ভেহিকলকে রাখা হয় নি, সেটাকে স্পেয়ার করা হয়েছে। সুতরাং যে বিল আমাদের সামনে উপস্থিত করা হয়েছে সেই বিলটাকে যখন খুব নিরীহভাবে আমাদের কাছে পেশ করা হচ্ছে এবং আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় কালকে যখন বলেছেন—না, এর অন্য কোন উদ্দেশ্য নেই, তখন নিশ্চয়ই এই ক্লজটার এই অ্যামেন্ডমেন্টটাকে অ্যাকসেপ্ট ক'রে ঐ ভেহিকলএর ব্যাপারটা বাদ দেওয়া উচিত। ৯নংটাকে আমি সমর্থন করছি এইজন্য যে গতকাল আমি যে কথা বলেছি, মাননীয় স্পীকার মহোদয়, যে এই বিলের সম্বন্ধে বিরোধিপক্ষ থেকে যখন বলতে চাইছিলাম, তখন তো আপনিও একটু অবাক হয়ে গিয়েছিলেন যে এই রকম একটা অ্যাপারেন্টলি নিরীহ বিল এই সম্বন্ধে আমরা আবার বিরোধী দল থেকে কি বলব, কিন্তু গতকাল এবং আজকে বিরোধী দলের বক্তাদের যে আশঙ্কার কথা তাঁদের বক্তৃতার মধ্যে দিয়ে প্রকাশিত হয়েছে তা থেকে আপনি বুঝতে পারছেন যে আশঙ্কার কতগুলি ভিত্তি আছে। অবশ্য কালকে আমাদের মাননীয় সিদ্ধার্থ রায় মহাশয়কে যখন আমি একটু ব্যঙ্গ ক'রে একটা ঘটনার কথা উল্লেখ করেছিলাম, উনি ব্যঙ্গ ক'রে বলেছিলেন যে আমি হাফ-রিভলিউশনারি, হাফ-সোশ্যালিস্ট এবং আমার ঘটনার কথা নাকি বেসলেস। আমি মাননীয় সিদ্ধার্থ রায় মহাশয়কে বলতে চাই, আমি হাফ-সোশ্যালিস্ট স্বীকার ক'রে নিলেও, তিনি নির্বাচনের সময় ছিলেন, এখনও পোস্টার রয়েছে—সমাজতন্ত্রের পথে নবীন যাত্রী। সুতরাং

সেই সমাজতন্ত্রী মন্ত্রীর কাছে আমি আবেদন জানাচ্ছি যে তিনি বিচার ক'রে দেখুন এবং আমি গতকাল যে কথা বলেছিলাম বহুবাজার নির্বাচনকেন্দ্র সম্বন্ধে, সেটা সত্যি কথা। আমি এই কথা বলছি যে, পুলিস অফিসার বা পুলিস কমিশনার তাঁদের উপর নির্দেশ দেবেন যে মন্ত্রিমহোদয়, তিনি হয়তো রাজনৈতিক দলভুক্ত, সুতরাং রাজনৈতিক বিরুদ্ধবাদীদের বা [illegible] যারা প্রতিদ্বন্দ্বী, তাদের বিরুদ্ধে এটা প্রয়োগ করবার জন্যে পুলিস অফিসারদের উপর নির্দেশ দিতে পারেন। গত ব্যাঙ্ক ধর্মঘটের সময় আমাদের পুলিস অফিসারদের সঙ্গে দেখা হয়েছে, বা ব্যাঙ্কের সামনে আমরা দেখেছি যে পুলিস মোতায়েন ক'রে রেখেছে, ধর্মঘটী ব্যাঙ্ক [illegible] দরজার কাছে দাঁড়াতে দেয় নি। আমরা সেখানে গিয়ে পুলিস অফিসারদের জিজ্ঞাসা করেছিলাম যে আপনারা কার হুকুমে এটা করছেন?

Mr. Speaker: Now, a second political speech is being given.

Sj. Jatindra Chandra Chakravorty:

আউট অব অর্ডার তো হচ্ছে না, স্যার?

Mr. Speaker: I shall call it irrelevant.

Sj. Jatindra Chandra Chakravorty:

ইরেলেভ্যান্ট কেবল আমার বেলায় হয়, স্যার, অন্যেরা যখন বলে তখন ইরেলেভ্যান্ট হয় না?

Mr. Speaker:

আপনার সঙ্গে আমি একমত হ'তে পারলাম না।

Sj. Jatindra Chandra Chakravorty:

আপনার রুলিংএর সামনে আমি বাউ ডাউন করছি, যদিও আমি পলিটিক্যাল স্পীচ করছি না। এটা ঠিক কথা যে পুলিস কর্মচারীদের উপর হুকুম দেওয়া হয়। এই নির্দেশ যাতে না দেওয়া হয় সেই কথাই বলছিলাম মন্ত্রিমহাশয়ের কাছে। মাননীয় মন্ত্রিমহাশয় গতকাল আমাদের প্রতিশ্রুতি দিয়েছেন যে এই রকমভাবে রাজনৈতিক প্রতিদ্বন্দ্বীর বিরুদ্ধে এই আইন কখনও ব্যবহার করা হবে না। খুশির কথা, আনন্দের কথা। তাঁর প্রতিশ্রুতি আমরা মেনে নিচ্ছি, কিন্তু মুশকিল হচ্ছে আইনের মধ্যে এই প্রতিশ্রুতি যদি না ঢোকানো থাকে তা হ'লে আজ যিনি পুলিস কমিশনার আছেন এবং যিনি প্রতিশ্রুতি দিলেন কালকে হয়তো তাঁরা থাকবেন না, সেখানে হয়তো আধা-সামন্ততান্ত্রিকের জায়গায় পুরো সমাজতান্ত্রিক মন্ত্রী বসবেন এবং তিনি আমাদের বিরুদ্ধে এই আইন প্রয়োগ করবার জন্য পুলিস কমিশনারকে নির্দেশ দেবেন। আমরা তাই ৯নং ধারাতে ভেবে এই কথা বলছি। এখানে সকলেই আমরা জানি, বর্তমানে যেসব পুলিস কর্মচারী আছে তাঁরাও জানেন যে কে কোন্ দলভুক্ত। সুতরাং মন্ত্রিমহাশয় যে প্রতিশ্রুতি দিয়েছেন সেটা কার্যে পরিণত করবার জন্য আমরা আশা করি এই ৯নং-এর সংশোধনী প্রস্তাব তিনি গ্রহণ করবেন। আমি এই আবেদন করব যে, ৯নং সংশোধনী প্রস্তাব গ্রহণ ক'রে এই বিলের সম্বন্ধে আমাদের যে আশঙ্কা রয়েছে সেটা দূর করবেন। এবং যে কথা তিনি বলেছেন যে তাঁদের অন্য কোন মতলব নেই, উদ্দেশ্য নেই, যে গভীর উদ্দেশ্যের কথা, রাজনীতির কথা আমরা আরোপ করেছি সেই রকম কোন উদ্দেশ্য এর ভিতর নেই। সুতরাং এই সংশোধনী প্রস্তাব গ্রহণ ক'রে তিনি সেটাই প্রমাণ করুন।

The Hon'ble Kali Pada Mookherjee:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, আজ ক্যালকাটা অ্যান্ড সুবার্বন পুলিস বিল আলোচনা কালে বিরোধী পক্ষের বন্ধুরা যেসমস্ত সংশোধনী প্রস্তাব উপস্থাপিত করেছেন এবং সেই নিয়ে এতক্ষণ যে আলোচনা চ'লে ছিল, আমি গভীর অভিনিবেশসহকারে তা শুনেছি, কিন্তু দুঃখের বিষয় আমি সর্ব বিষয়ে তাঁদের সঙ্গে একমত হ'তে পারি নি। প্রথমেই আমার বন্ধু শ্রীযুক্ত সুবোধ ব্যানার্জি মহাশয়ের সংশোধনী প্রস্তাব সম্বন্ধে আমি একটু আলোচনা করব। বিতর্ক সূচনা ক'রে উনি সাধারণত একটা অস্বাভাবিক উত্তেজনা, উত্তাপ ও উষ্মা প্রকাশ ক'রে থাকেন

—এবং তাঁর বিকৃত মনের অভিব্যক্তি কঠোর ভাষায় ব্যক্ত করবার প্রয়াস পান। তার মধ্যে সারবত্তা বা যুক্তি থাকুক বা না থাকুক, তার অন্তর্নিহিত উত্তাপ ও উষ্মা দ্বারা তিনি সরকার পক্ষকে জর্জরিত করবেন—এই ভাব, এই উদ্দেশ্য নিয়েই তিনি অগ্রসর হন। তিনি প্রথমে বলেছেন.....

Dr. Jnanendra Nath Mazumdar: On a point of privilege, Sir. Is it fair for the Hon'ble Minister to say that a particular member is mentally unsound—

বিকৃত মস্তিষ্ক

[5-40—5-50 p.m.]

The Hon'ble Kali Pada Mookerjee:

অর্থাৎ বিলে যে আছে যে পুলিস কমিশনার ইচ্ছা করলে, তাঁর কাছে কেউ দরখাস্ত না করলেও, তিনি এসমস্ত বিষয়ে হস্তক্ষেপ করতে পারবেন। এই বিলের উদ্দেশ্য ইতিপূর্বে বিশদভাবে বিশ্লেষণ করা হয়েছে। জনসাধারণের কল্যাণে, জনসাধারণের শান্তি এবং নিরাপত্তার প্রয়োজনে এই বিলটা আনা হয়েছে। এখানে যদি সারারাত্রি ধ'রে মাইকযোগে বাণী বা সঙ্গীত গাওয়া যায়, পাড়ার লোক তাতে যতই ব্যতিব্যস্ত হোক না কেন, যতক্ষণ না একজন লোক কমিশনার অব পুলিসের কাছে এসে অভিযোগ করবেন, ততক্ষণ তাঁর হাত-পা বাঁধা থাকবে। যেসমস্ত অসুস্থ লোক সেই পল্লীতে বাস করেন সারারাত্রি ধরে তাঁদের ঐ নিপীড়ন ও নির্যাতন সহ্য করতে হবে, তার কোন ব্যবস্থাই হবে না। কাজেই যে সংশোধনী প্রস্তাবটা উনি নিয়ে এসেছেন তার সঙ্গে আমি সহমত হ'তে পারছি নে।

সুবোধবাবু আর একটা সংশোধন প্রস্তাব নিয়ে এসেছেন ভেহিকল-ভিন্ন, অর্থাৎ যান বা রথে চ'ড়ে মাইক্রোফোন ঘুরে বেড়াবেন, আর জনসাধারণের কর্ণে সঙ্গীতের মূর্চ্ছনা ঢেলে দেবেন, মানে সেই যন্ত্র সেই রথে আরোহণ করবেন তার প্রতি আর কোন ব্যবস্থা অবলম্বন করবার অধিকার থাকবে না। সেই মাইক্রোফোন যন্ত্র চলে থাকুক, স্থলে থাকুক, রথে আরোহণ ক'রে যেতে থাকুক, যেখানেই সেই মাইক্রোফোন যন্ত্র জনসাধারণের নিপীড়নের অস্ত্র হিসেবে ব্যবহৃত হবে সেখানেই আমরা এটা প্রয়োগ করতে চাই। কাজেই এ ক্ষেত্রেও আমি সুবোধবাবুর সঙ্গে একমত হ'তে পারলাম না।

সুবোধবাবু ১৭নং সংশোধনী প্রস্তাবে বলেছেন 'অর ইউজ সাচ ফোর্স' কথা কয়টি তুলে দিতে, অর্থাৎ যেখানে মাইক্রোফোনের অপব্যবহার হচ্ছে, জনশান্তি বা জনস্বাস্থ্য বিঘ্নিত হচ্ছে, পুলিস কর্মচারী সেখানে উপস্থিত হয়ে বললেন তুমি মাইক্রোফোনটা ছাড়। সে বললে—আমি ছাড়ব না। পুলিস কর্মচারী তখন কাঠের পুতুলের মত নিষ্ক্রিয় হয়ে দাঁড়িয়ে থাকবে, জোর ক'রে সে যন্ত্রটা তুলে নেবার অধিকার থেকে সুবোধবাবুর প্রস্তাবে তাকে বঞ্চিত করা হচ্ছে। কাজেই এখানেও আমি সুবোধবাবুর সঙ্গে সহমত হ'তে পারছি নে।

৫নং প্রস্তাবে ডাঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেছেন..... .... (শ্রীযুত সুবোধ ব্যানার্জি: আমার আর একটা যে রয়ে গেল।) সে আবার হবে। ডাঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় তাঁর সংশোধনী প্রস্তাবে বলেছেন--

on his own motion or on the representation of any person or persons.

আমাদের মূল প্রস্তাবে যা রয়েছে সেই প্রস্তাবের সঙ্গে তিনি সহমতই আমি দেখছি। কাজেই এটা নিষ্প্রয়োজন। কারণ পুলিস কমিশনারের যে অধিকার সে অধিকারকে ক্ষুণ্ন বা নিয়ন্ত্রণ করতে তিনি চাইছেন না। কাজেই আমার মূল প্রস্তাবের সঙ্গে সহমত ব'লেই এই নিষ্প্রয়োজনীয় প্রস্তাব আমি গ্রহণ করতে পারলাম না।

শ্রীযুক্তা মণিকুন্তলা সেন ৭(এ) সংশোধনী প্রস্তাবে মাইক্রোফোনস, লাউড স্পীকারস, গ্রামোফোন রেকর্ড সাবস্টিটিউট করতে বলেছেন। কেবলমাত্র মাইক্রোফোন রেকর্ড যদি অ্যামপ্লিফায়ার যন্ত্রের দ্বারা জনসাধারণের কাছে সেই সঙ্গীত বা বাণী পরিবেশন করে তা হ'লে এই আইনের আওতায় আসবে। আমি তাঁকে বলতে চাই, মাইক্রোফোনের যে রকমের অপব্যবহারই

হোক না কেন, অপব্যবহার হ'লেই এই আইনের আওতায় আসবে। এবং সঙ্গে সঙ্গে তাঁর মনের মধ্যে যে একটা সংশয়ের ভাব লক্ষ্য করেছি, সেই সংশয় নিরসন করতে চাই। সে সংশয় হচ্ছে রাজনৈতিক দল সম্বন্ধে, অর্থাৎ কংগ্রেসের বিরুদ্ধবাদী কোন দলকে বা কোন কর্ম-প্রচেষ্টা নিয়ন্ত্রণ করবার অস্ত্র হিসেবে এই আইনের অপব্যবহার হবার ইঙ্গিত তিনি দিয়েছেন। তাঁর আশঙ্কা অমূলক, তাঁর সংশয় ভিত্তিহীন। আমি এই প্রতিশ্রুতি দিতে পারি, কোন রাজনৈতিক দল বা কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে এর প্রয়োগ হবে না। কারণ এই কয় মাস পর্যন্ত যে অর্ডিন্যান্স চালু রয়েছে সেই অর্ডিন্যান্স চালু থাকার সময় পর্যন্ত আমি বিরোধী দলের বন্ধুদের অনুরোধ করব, তাঁরা একটা দৃষ্টান্ত দিন যেখানে পুলিস কমিশনার তাঁর ক্ষমতার অপব্যবহার করেছেন। তাঁরা দেখিয়ে দিন কোন রাজনৈতিক সভা-সমিতি, কোন মিটিং, কোন ডিমনোস্ট্রেশনএ কোন বাধা দেবার প্রচেষ্টা হয়েছে কিনা; বরং আমি এমন কথা বলব, পুলিস কমিশনারের কোন পারমিট না নিয়ে আইন ভঙ্গ ক'রে যদিও মাইকের সাহায্যে মিটিং করা হয়ে থাকে—এক জায়গায় মিটিং করা হয়েছিল অন্য একটি রাজনৈতিক দল কর্তৃক এবং সেই রাজনৈতিক দলের মাইক্রোফোন যখন পুলিস সীজ করেছিল, আমার বন্ধু যতীন্দ্রনাথ চক্রবর্তী মহাশয়ের হস্তক্ষেপের ফলে শ্রী আর কে পাঠক, সেক্রেটারি, রেভলিউশনারি সোশ্যালিস্ট পার্টি, যখন কোন রকম পারমিশন না নিয়ে একটা মিটিং করেছিলেন এবং সেই মিটিংএর মাইক্রোফোন যখন সীজ করা হয় তখন বন্ধুবর সেখানে যান, গিয়ে দেখা করেন এবং তাঁর ব্যক্তিগত হস্তক্ষেপ ও প্রতিশ্রুতির পরে সে মাইক্রোফোন ফেরত দেওয়া হয়েছে। কাজেই মাইক্রোফোন বাজেয়াপ্তের নজির নাই। আইন যখন করা হয় তার একটা ডেটারেন্ট আসপেক্ট যদি না থাকে, তা হ'লে সাধারণ মানুষ তার মনোবৃত্তি নিয়ে এগিয়ে যায় আইন ভাঙ্গতে। সেইজন্যই ডেটারেন্ট প্রভিশন করার ব্যবস্থা আইনের ভিতর থাকে। কিন্তু যদিও দেখা যায় কার্যত তা প্রয়োগ হয় না, তা হ'লেও আইন থেকে সেটা বাদ দেওয়া সমীচীন ব'লে মনে হয় না। (এ ভয়েসঃ বেশ, বেশ!)

মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধী দলের কোন কোন বন্ধু অভিমত প্রকাশ করেছেন যে হেড কনস্টেবলএর উপর এই আইন প্রয়োগ করবার যদি ক্ষমতা দেওয়া হয় তা হ'লে এর অপব্যবহার হ'তে পারে। কলিকাতা পুলিসে যারা হেড কনস্টেবল আছে তাদের মধ্যে অনেকেই বাঙ্গালী মধ্যবিত্ত সম্প্রদায়ের শিক্ষিত সন্তান, অনেক ম্যাট্রিক পাস, অনেক ইন্টারমিডিয়েট পাস বাঙ্গালী মধ্যবিত্ত সম্প্রদায়ের হেড কনস্টেবল আছে। কিন্তু এখানে অনেক বন্ধু যখন এই অভিমত ব্যক্ত করেছেন যে, না, এই হেড কনস্টেবলএর স্থলে যদি সাব-ইন্সপেক্টর অব পুলিস দেওয়া হয় তা হ'লে তাদের আর কোন আপত্তি থাকে না। আমি তাঁদের মতামত গ্রহণ ক'রে ১৩ থেকে ১৫ পর্যন্ত সংশোধনী প্রস্তাব একটু-আধটু বাচনিক সংশোধন ক'রে গ্রহণ করেছি। এখন হেড কনস্টেবলএর স্থলে দি সাব-ইন্সপেক্টর অব পুলিস—এ কথা বলেছি এবং এও বলেছি—

The Sub-Inspector of Police or a sergeant be substituted.

Mr. Speaker: The Hon'ble Minister says that it has been suggested by the honourable members of this House that so much power should not be given to a Head Constable. He says it is a good suggestion and I accept it and I shall delete the words "Head Constable" and put in the word "Sub-Inspector" and I am also suggesting that "S.I. or Sergeant be included". I told the House that as Sergeant ranks higher, so there is no apprehension on that score. It is a verbal change For the word "H.C." the words "S.I. or a Sergeant" be substituted.

The Hon'ble Kali Pada Mookerjee:

যেসমস্ত সংশোধনী প্রস্তাব উপস্থিত করা হয়েছে আমি দেখলাম ডাঃ সুরেশচন্দ্র ব্যানার্জি মহাশয়ের ২২নং এবং ৪৯ নম্বরের সংশোধনী তিনি একটু সংশোধন করবার চেষ্টা করেছেন। তিনি লিখেছেন—

for the words "such officer may release the" the words "any officer of the police station concerned not below the rank of a Sub-Inspector may release such".

আমি তার সঙ্গে একমত। আমি তাঁর এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করেছি সাবজেক্ট টু সাচ্টেন মডিফিকেশন। যেখানে পুলিস স্টেশন কনসার্নড লিখেছেন সেখানে

"within the limits of which the vehicle is seized" and with this modification I accept the amendment proposed by Dr. Suresh Chandra Banerjee.

এ ছাড়া আরও অনেক সংশোধনী প্রস্তাব আছে সেই সংশোধনী প্রস্তাব আমরা বিশ্লেষণ করেছি এবং আমার অভিমত আপনার সামনে উপস্থিত করেছি। আমার অভিমতে, অন্যান্য সংশোধনী প্রস্তাব যদি গ্রহণ করি তা হ'লে যে উদ্দেশ্য এই আইনের, সেই উদ্দেশ্য ব্যর্থ হবে। শুধু উপসংহারে এই প্রতিশ্রুতি আমি আবার দিতে চাই যে, এই আইনের ফলে কোন কারণেই রাজনৈতিক দল বা প্রতিষ্ঠান বা তাদের যে কর্মপন্থা তাতে কোন রকম হস্তক্ষেপ করা হবে না। আর একটা কথা আমি এ সম্বন্ধে বলতে চাই যে পুলিস কমিশনারের হাতে যে ক্ষমতার কথা সুবোধবাবু বললেন যে ইংরেজ আমলের পুলিস কমিশনার আজও সেখানে রয়েছেন, সেখানে তাঁর হাতে সকল ক্ষমতা না দিয়ে তাঁর সেই ক্ষমতাকে নিয়ন্ত্রণ করার জন্য সরকারের হাতে সেই ক্ষমতা দেওয়া হয়েছে। যে সরকার আজ জনসাধারণের কল্যাণকল্পে গঠিত এবং সংখ্যাগরিষ্ঠ দল হিসাবে জনতাকে কল্যাণরাষ্ট্রে পরিণত করতে যারা দৃঢ়সংকল্প, তারা নিজেদের হাতে সেই ক্ষমতা নিয়ে জনসাধারণ এবং প্রতিটি রাজনৈতিক দলের প্রতি সমান ব্যবহার করবেন এই প্রতিশ্রুতি দিয়ে আমি যেসকল সংশোধনী প্রস্তাব গ্রহণ করেছি সেগুলি বাদে বাকি সংশোধনীগুলির বিরোধিতা করছি।

[5-50—6 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

On a point of personal explanation, Sir, ...

মাননীয় শ্রীকালীপদ মুখার্জি মহাশয় বক্তৃতার জবাব দেবার সময় একটা বিষয়ের উল্লেখ করেছেন এবং যার সঙ্গে আমার নামও জড়িত করেছেন। সত্য ঘটনাটা আমি এখানে বিবৃত করতে চাই, কারণ অর্ধসত্য অসত্যের চেয়েও খারাপ। আমি যখন বক্তৃতা দিচ্ছিলাম তখন আমি এ ঘটনার উল্লেখ করি নি বটে, কিন্তু বলেছিলাম যে আমাদের বিপক্ষ যে দল আছে, তাদের প্রতি পুলিস পক্ষপাতিত্ব করে এবং কোনও ঘটনার সময় দেখা গেছে যে পুলিস কমিশনার বা পুলিস কর্তৃপক্ষ, তারা পক্ষপাতিত্ব করেছে। ১৬ই নবেম্বর তারিখে নবেম্বর বিপ্লব বার্ষিকী উপলক্ষে আমাদের কলিকাতা জেলা কমিটির সম্পাদক, যাঁর নাম উনি উল্লেখ করেছেন, তিনি কলেজ স্কোয়ারে সভা করবার জন্য দরখাস্ত করেছিলেন পুলিসের কাছে। বর্তমানে যে রকম অবস্থা তাতে দেখা গেছে যে অনুমতি চাইলে অনেক সময় সভা হবার আধ ঘণ্টা আগে অনুমতিপত্র আসে, অনেক সময় সভাস্থলে অনুমতিপত্র পৌঁছে দেওয়া হয় এবং অনেক সময় এও আমরা দেখেছি যে সভা হয়ে যাবার পর সেই অনুমতিপত্র এসে পৌঁছায়। এর কিছুদিন আগে আমাদের বিপক্ষ দল, শ্রদ্ধেয় কালীপদ মুখার্জির যে দল, সেই কংগ্রেস দলের সভা ওখানে হয়েছে। সুতরাং আমরাও দরখাস্ত করেছিলাম যে সেই জায়গায় সভা করলে আমরাও অনুমতি পাব।

Mr. Speaker: Mr. Chakravorty, please listen to me. You are giving a personal explanation with regard to one single incident. Please confine yourself to that only and nothing else.

Sj. Jatindra Chandra Chakravorty:

সভা করার আগের মুহূর্ত পর্যন্ত পুলিস কর্তৃপক্ষের কাছ থেকে এমন কোন চিঠি আসে নি যে আমাদের অনুমতি নামঞ্জুর করা হ'ল। সুতরাং যেহেতু আগের অনেক সভায় আমরা দেখেছি যে শেষ মুহূর্তে অনুমতি পাওয়া যায় সেই হেতু এবং সেই ধারণা থেকে আমরা সেখানে সভা করেছিলাম। সভা শেষ হয়ে যাবার পর হঠাৎ পুলিস এসে মাইক নিয়ে যায় এটাও ঠিক। আমি থানায় গিয়ে থানার ও সি-কে জিজ্ঞাসা করি যে, এমন কোন প্রমাণ আপনাদের কাছে আছে কিনা যে আপনারা আমাদের অনুমতি নামঞ্জুর করা সত্ত্বেও আমরা সেখানে সভা করেছি। তিনি তা দেখাতে পারেন নি। সেখান থেকে আমি তখন পুলিস কমিশনারের সঙ্গে কন্ট্যাক্ট করি এবং তিনি ও সি-কে বলে দেন যে, আমি গ্যারান্টর থাকব এবং এই গ্যারান্টি দিলে ঐ

মাইক্রোফোন ছেড়ে দেওয়া হবে। আমি তখন মাইক্রোফোন নিয়ে চ'লে আসি। যে মামলার প্রত্যাহার করার কথা উনি বলেছেন সেটা হ'ল এই যে, আমি পুলিস কমিশনারের কাছে জানতে চাই যে সেই থানার ও সি কেন আমাদের আগে যথাসময়ে জানান নি যে, আমরা অনুমতি নামঞ্জুর করেছি?

[6—6-10 p.m.]

আমি পুলিস কমিশনারকে বলেছিলাম যে, এ সম্পর্কে যদি কোন উত্তর না পাই তা হ'লে আমরা বুঝে নেব অনুমতি নামঞ্জুর করা হয় নি; আর তা না হ'লে আমরা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে যাব এবং আমি বলেছিলাম যে, মাইক ব্যবহারকারী হিসাবে আমাকে প্রসিকিউট করা হোক, আমি কোর্টে বিচারকের সামনে আমার বক্তব্য বলব। এর পর থানার অফিসার আমার কোন বন্ধুর মারফত আমার কাছে অনুরোধ জানান তাঁর বিরুদ্ধে উচ্চতর কর্তৃপক্ষের কাছে না যাই। তখন পুলিস কমিশনার নিজে তাঁর কাছে ব্যাপারটা বলেন। তারপর সেই মামলা প্রত্যাহৃত হয়। আমরা এই ব্যাপারে কোনরূপ তদ্বির করি নি।

Sj. Niranjan Sengupta: I want to ask something.

এ সম্পর্কে কোন রকম অ্যাসুরেন্স আছে?

Mr. Speaker:

এই অ্যাসুরেন্সের কোন ভ্যালু নাই।

Sj. Bhupal Chandra Panda:

অ্যামেন্ডমেন্ট নং ৩১ খুব সংক্ষিপ্ত এবং এক্সপ্লানেটরি ঠিক তাই আছে। মন্ত্রীমহাশয় সমস্ত অ্যামেন্ডমেন্টএর সম্বন্ধেই মতামত বলেছেন, আমার অ্যামেন্ডমেন্টগুলি সম্বন্ধে কিছু বলবেন কি?

Mr. Speaker:

তিনি এক্সপ্লেন করার যোগ্য মনে করেন না।

Dr. Golam Yazdani:

স্যার, আমার অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে উনি কোন এক্সপ্লানেশন দিলেন না।

Mr. Speaker: Why do you raise all these questions? You should know all these things. The Hon'ble Minister has given an explanation practically in detail. No further explanation is needed.

With regard to amendments Nos. 13 and 40, the following modification has been accepted by the Hon'ble Minister, viz. "after the word 'Sub-Inspector', as suggested in the amendment, the words 'or Sergeant' be added".

With regard to amendments Nos. 22 and 49, the following modification has been accepted by the Hon'ble Minister, viz., "for the word 'concerned' after the word 'police-station' in lines 3 and 4 of the suggested amendment, the words 'within the limits of which the vehicle is seized' be substituted".

Now, I will first take up the amendments of Clause 2. Except for amendments Nos. 13 and 22, I am putting the rest of the amendments to vote.

Sj. Ganesh Ghosh: We want division on amendments Nos. 8A and 9.

Mr. Speaker: First, I am putting to vote amendments Nos. 13 and 22 which have been further amended by Government.

The motion of the Hon'ble Kali Pada Mookerjee on Short Notice on the floor of the House by way of amendment to the foregoing amendment of Sj. Sunil Das that in line 3, after the words "Sub-Inspector" the words "or Sergeant" be added, was then put and agreed to.

The motion of the Hon'ble Kali Pada Mookerjee by way of amendment to the foregoing amendment of Dr. Suresh Chandra Banerjee that in lines 3 and 4, after the words "Police Station" for the word "concerned" the words "within the limits of which the vehicle is seized" be substituted, was then put and agreed to.

The motion of Sj. Sunil Das, as amended, that in clause 2, in the proposed section 43D(2), in lines 1 and 2, for the words "Head Constable" the words "Sub-Inspector or Sergeant" be substituted, was then put and agreed to.

The motion of Dr. Suresh Chandra Banerjee, as amended, that in clause 2, in the proviso to sub-section (3) of the proposed section 43D, in line 1, for the words "such officer may release the" the words "any officer of the police-station within the limits of which the vehicle is seized not below the rank of a Sub-Inspector may release such" be substituted, was then put and agreed to.

Mr. Speaker: Now, I am putting to vote the rest of the amendments except Nos. 8A and 9.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2, in the proposed section 43D(1)(a), lines 1 and 2 for the words "if, in the opinion of the Commissioner of Police," the words "On the representation of any person or persons if the Commissioner of Police is satisfied that" be substituted, was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerjee that in clause 2, in the proposed section 43D(1)(a), in line 7, after the words "he may" the words "on his own motion or on the representation of any person or persons aggrieved" be inserted, was then put and lost.

The motion of Sj. Sunil Das that in clause 2, in the proposed section 43D(1)(a), line 10, for the words "in any area" the words "in any public place or private premises" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2, in the proposed section 43D(1)(a), in line 11, the words "or in any vehicle within such area" be omitted, was then put and lost.

The motion of Sjkta. Manikuntala Sen that in clause 2 in sub-section (1)(a) of the proposed section 43D, lines 12 to 14, for the words beginning with "of microphones" and ending with "other sounds" the words "of microphones, loudspeakers, or other apparatus for amplifying Gramophone record" be substituted, was then put and lost.

The motion of Sj. Sunil Das that in clause 2, in the proposed section 43D(1)(a), in line 13, after the words "music or" the words "any recorded voice or music or" be inserted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 2, in the proposed section 43D(1)(b), in line 1, for the words "State Government" the words "Chief Presidency Magistrate, Calcutta" be substituted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 2, in the proposed section 43D(1)(b), in line 3, after the words "any such order" the words "within twelve hours of receipt of such representation" be inserted, was then put and lost.

The motion of Sj. Deben Sen that in clause 2 the following proviso be added to the proposed section 43D(1).—

"Provided that before making such an order he shall give opportunity to persons concerned to represent their case", was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that in clause 2, in the proposed section 43D(2), lines 1 and 2, for the words "Head Constable" the words "Assistant Sub-Inspector of Police" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2, in the proposed section 43D(2), in line 2, the words "or use such force" be omitted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 2, in the proposed section 43D(2), in line 6, for the words "State Government" the words "Chief Presidency Magistrate, Calcutta" be substituted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 2, in the proposed section 43D(2), in line 9, after the words "Contravention of the order" the words "but shall return to the person from whom seized or the owner on a bond for such a sum not exceeding two hundred rupees and on an undertaking of compliance with the above order within twelve hours of his representation for getting back the seized articles" be inserted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2, the following provisos be added to the sub-section 2 of the proposed section 43D, namely:—

"Provided that before such articles are seized the person or persons contravening the order shall be served with notice in writing asking him or them to comply with the order and to show cause why such articles should not be seized:

Provided further that the officer who seizes the articles may release them on a bond for such sum, not exceeding two hundred rupees, as he deems reasonable, being executed by the owner of such articles in favour of the State Government to produce them at the time of the investigation or the trial," was then put and lost.

The motion of Sjkta. Manikuntala Sen that in clause 2, sub-section (3) of the proposed section 43D be omitted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2, in sub-section (3) of the proposed section 43D, in lines 1 to 3, for the words beginning with "A Police Officer" and ending with "under sub-section (2)" the words "In case of any microphone, loudspeaker or other apparatus fitted in a vehicle a police officer referred to above" be substituted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 2, in the proviso to the proposed section 43D(3), line 1, for the word "may" the word "shall" be substituted, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that in clause 2, in the proviso to the proposed section 43D(3), after the word "vehicle" wherever it occurs the words "or microphone, loudspeaker, or other apparatus" be inserted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 2, in the proviso to the proposed section 43D(3), in line 4, after the words "owner of the vehicle" the words "within twelve hours of his representation for return" be inserted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2, in the proviso to sub-section (3) of the proposed section 43D, in lines 6 to 8, the words "and to surrender the vehicle, if directed to be forfeited under sub-section (4)" be omitted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 2, in the proposed section 43D(4), in line 4, for the words "State Government" the words "Chief Presidency Magistrate, Calcutta" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2, in sub-section (4) of the proposed section 43D, in lines 7 to 12, the words beginning with "and the court trying" and ending with "to that sub-section" be omitted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 2, in the proposed section 43D(4), line 8, for the word "forfeiture" the words "keeping in custody up to a period of six months" be substituted, was then put and lost.

The motion of Sj. Suhrid Mullick Chowdhury that in clause 2 in sub-section (4) of the proposed section 43D, lines 10 to 12, the words beginning with "or any vehicle" and ending with "sub-section" be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 2, after sub-section (4) of the proposed section 43D, the following be inserted, namely:-

> "(4) The Commissioner of Police shall not permit any one to use or operate in front of any hospital, microphones, loudspeakers, or other apparatus for amplifying human voice or amplifying music or other sounds, or use of crackers, noisy fireworks or play of musical instruments",

was then put and lost.

[6-10—6-20 p.m.]

The motion of Sj. Suhrid Mullick Chowdhury that in clause 2 in sub-section (1)(a) of the proposed section 43D in lines 13 and 14, after the words "other sounds" the words "except megaphones (chongas, i.e., horns manipulated by mouth)" be inserted, and the motion of Sj. Apurba Lal Majumdar that in clause 2, in the proposed section 43D(i)(a), in line 14, after the word "sounds" the words "except in cases where the apparatus are used in public meetings, election campaigns and propaganda vans" be inserted, were then put and a division taken with the following result:—

AYES—74.

Badruddoja, Janab Syed	**Basu, Sj. Chitte**
Banerjee, Sj. Dhirendra Nath	**Basu, Sj. Gopal**
Banerjee, Sj. Subodh	**Basu, Sj. Hemanta Kumar**
Banerjee, Dr. Suresh Chandra	**Basu, Sj. Jyoti**
Basu, Sj. Amarendra Nath	**Bera, Sj. Sasabindu**

Bhaduri, Sj. Panchugopal
Bhagat, Sj. Mangru
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Chakravorty, Sj. Jatindra Chandra
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Sj. Mihirlal
Chatterji, Sj. Radhanath
Chobey, Sj. Narayan
Chowdhury, Sj. Benoy Krishna
Das, Sj. Durgapada
Das, Sj. Gobardhan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Sisir Kumar
Das, Sj. Sunil
Dey, Sj. Tarapada
Dhibar, Sj. Pramatha Nath
Elias Razi, Janab
Ganguli, Sj. Amal Kumar
Ghosh, Sj. Ganesh
Golam Yazdani, Dr.
Halder, Sj. Ramanuj
Halder, Sj. Renupada
Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Hazra, Sj. Monoranjan
Jha, Sj. Benarashi Prosad
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Konar, Sj. Hare Krishna
Mahato, Sj. Bhim Chandra
Mahato, Sj. Sagar Chandra
Mahato, Sj. Satya Kinkar
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Sj. Bijoy Bhusan
Mazumdar, Sj. Satyendra Narayan
Mitra, Sj. Haridas
Mitra, Sj. Satkari
Modak, Sj. Bijoy Krishna
Mondal, Sj. Amarendra
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mullick Chowdhury, Sj. Suhrid
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Pandey, Sj. Sudhir Kumar
Prasad, Sj. Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj. Phakir Chandra
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Rabindra Nath
Roy, Sj. Saroj
Sahi's, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjta. Manikuntala
Sengupta, Sj. Niranjan
Taher Hossain, Janab

NOES—128.

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Janab
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sjta. Maya
Banerjee, Sj. Profulla Nath
Basu, Sj. Satindra Nath
Bhagat, Sj. Budhu
Bhattacharyya, Sj. Syamadas
Biswas, Sj. Manindra Bhusan
Bianche, Sj. C. L.
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Binoy Kumar
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Mahatab Chand
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dey, Sj. Kanai Lal
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Pancham
Dolui, Sj. Harendra Nath
Dutta, Sjta. Sudharani
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Kuber Chand
Haldar, Sj. Mahananda
Hansda, Sj. Jagatpati
Hasda, Sj. Jamadar
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamalakanta
Hezra, Sjta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kar, Sj. Bankim Chandra
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Kundu, Sjta. Abhalata
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Budhan
Majhi, Sj. Nishapati
Majumder, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab

Mohammed Israil, Janab
Mondal Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Dhawajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Muzaffar Hussain, Janab
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Naskar, Sj. Khagendra Nath
Norenha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pemantle, Sjta. Olive
Patel, Sj. R. E.
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Ray, Sj. Arabinda
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, The Hon'ble Siddartha Sankar
Roy Singha, Sj. Satish Chandra
Saha, Sj. Biswanath
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Sj. Durgapada
Sinha, Sj. Phanis Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Trivedi, Sj. Gosaibadan
Tudu, Sjta. Tusar
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-Ul-Huque, Janab Md.

The Ayes being 74 and the Noes 128, the motions were lost.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: Now I will come to clause 3. I will remind the House once again that clauses 2 and 3 are identical and before they were debated upon I had pointed out that it was unnecessary to deal with them separately. If that is the view that is taken, then again some amendments will have to be introduced to clause 3—Nos. 40 and 49. Those amendments will have to be inserted and they will be amended in the same way as they were amended with reference to clause 2. Mr. Mookerjee, you have accepted those amendments?

The Hon'ble Kali Pada Mookerjee: Government have accepted both the amendments with slight modifications.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, in the proposed section 17D(1)(a), in lines 1 and 2 for the words "If, in the opinion of the Commissioner of Police", the words "On the representation of any person or persons, if the Commissioner of Police is satisfied that," be substituted, was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerjee that in clause 3, in the proposed section 17D(1)(a), in line 7, after the words "he may" the words "on his own motion or on the representation of any person or persons aggrieved" be inserted, was then put and lost.

The motion of Sj. Sunil Das that in clause 3, in the proposed section 17D(1)(a), in line 9, for the words "in any area" the words "in any public place or private premises" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, in the proposed section 17D(1)(a), in lines 10 and 11, the words "or in any vehicle within such area" be omitted, was then put and lost.

The motion of Sjkta. Manikuntala Sen that in clause 3 in sub-section (1)(a) of the proposed section 17D, lines 12 to 14, for the words beginning with "of microphones" and ending with "or other sounds", the words "of microphones, loudspeakers or other apparatus for amplifying gramophone records" be substituted, was then put and lost.

The motion of Sj. Sunil Das that in clause 3, in the proposed section 17D(1)(a), in line 13, after the words "music or" the words "any recorded voice or music or" be inserted, was then put and lost.

The motion of Sj. Suhrid Mullick Chowdhury that in clause 3 in sub-section (1)(a) of the proposed section 17D, in lines 13 to 14 after the word "other sounds", the words "except megaphones (chongas, i.e., horns manipulated by mouth)" be inserted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 3, in the proposed section 17D(1)(a), in line 14, after the word "sounds" the words "except in cases where the apparatus are used in public meetings, election campaign and propaganda vans" be inserted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 3, in the proposed section 17D(1)(b), in line 1, for the words "State Government" the words "District Magistrate" be substituted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 3, in the proposed section 17D(1)(b), in line 3, after the words "any such order" the words "within twelve hours of receipt of such representation" be inserted, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that in clause 3, in the proposed section 17D(2), in lines 1 and 2, for the words "Head Constable" the words "Assistant Sub-Inspector of Police" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, in sub-section (2) of the proposed section 17D, in line 2, the words "or use such force" be omitted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 3, in the proposed section 17D(2), in line 6, for the words "State Government" the words "District Magistrate" be substituted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 3, in the proposed section 17D(2), in line 9, after the words "contravention of the order" the words "but shall return to the person from whom seized or the owner on a bond for such a sum not exceeding two hundred rupees and on an undertaking of compliance with the above order within twelve hours of his representation for getting back the seized articles" be inserted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, the following provisos be added to sub-section (2) of the proposed section 17D:—

"Provided that before such articles are seized the person or persons contravening the order shall be served with notice in writing asking him or them to comply with the order and to show cause why such articles should not be seized:

Provided further that the officer who seizes the articles may release them on a bond for such sum, not exceeding two hundred rupees, as he deems reasonable, being executed by the owner of such articles in favour of the State Government to produce them at the time of the investigation or the trial", was then put and lost.

The motion of Sj. Suhrid Mullick Chowdhury that clause 3, sub-section (3) of the proposed section 17D be omitted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, in sub-section (3) of the proposed section 17D, in lines 1 to 3, for the words beginning with "A police officer" and ending with "under sub-section (2)", the words "In case of any microphone, loudspeaker or other apparatus fitted in a vehicle, a police officer referred to above" be substituted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 3, in the proviso to the proposed section 17D(3), line 1, for the word "may" the word "shall" be substituted, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that in clause 3, in the proviso to the proposed section 17D(3), after the word "vehicle" wherever it occurs the words "or microphone, loudspeaker or other apparatus" be inserted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 3, in the proviso to the proposed section 17D(3), in line 4, after the words "owner of the vehicle" the words "within twelve hours of his representation for return" be inserted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, in the proviso to sub-section (3) of the proposed section 17D, in lines 6 to 8, the words "and to surrender the vehicle, if directed to be forfeited under sub-section (4)" be omitted, was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 3, in the proposed section 17D(4), in line 4, for the words "State Government" the words "District Magistrate" be substituted was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, in sub-section (4) of the proposed section 17D, in lines 7 to 12, the words beginning with "and the court trying" and ending with "that sub-section" be omitted, was then put and lost

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 3, in the proposed section 17D(4), in line 8, for the word "forfeiture" the words "keeping in custody up to a period of six months" be substituted, was then put and lost.

The motion of Sj. Suhrid Mullick Chowdhury that in clause 3 in sub-section (4) of the proposed section 17D, lines 10 to 12 the words beginning with "or any vehicle" and ending with "sub-section" be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 3, after sub-section (4) of the proposed section 17D, the following be inserted, namely:—

> "(4a) The Commissioner of Police shall not permit any one to use or operate in front of any hospital, microphones, loudspeakers, or other apparatus for amplifying human voice or amplifying music or other sounds, or use of crackers, noisy fireworks or play of musical instruments",

was then put and lost.

The motion of Sj. Suhrid Mullick Chowdhury that in clause 3, the following proviso be added at the end of the proposed section 17D:—

"Provided that this section shall not apply to cases where microphones, loudspeaker or other apparatus for amplifying human voice or amplifying music or other sounds, are used in public gatherings in public place by political parties or public organisations",

was then put and lost.

The motion of the Hon'ble Kali Pada Mookerjee by way of amendment to the foregoing amendment of Sj. Sunil Das that in line 3, after the words "Sub-Inspector" the words "or Sergeant" be added, was then put and agreed to.

The motion of the Hon'ble Kali Pada Mookerjee by way of amendment to the foegoing amendment of Dr. Suresh Chandra Banerjee that in lines 3 and 4, after the words "Police Station" for the word "concerned" the words "within the limits of which the vehicle is seized" be substituted, was then put and agreed to.

The motion of Sj. Sunil Das, as amended by the Hon'ble Minister, that in clause 3, in the proposed section 17D(2), in lines 1 and 2, for the words "Head Constable" the words "Sub-Inspector or Sergeant" be substituted, was then put and agreed to.

The motion of Dr. Suresh Chandra Banerjee, as amended by the Hon'ble Minister, that in clause 3, in the proviso to sub-section (3) of the proposed section 17D, in line 1, for the words "such officer may release the" the words "any officer of the police station within the limits of which the vehicle is seized not below the rank of a Sub-Inspector may release such" be substituted, was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

The question that clause 4 do stand part of the Bill was put and agreed to.

Preamble

Dr. Suresh Chandra Banerjee: Sir, I beg to move that in preamble to the Bill, in line 1, for the word "order" the words "peace, tranquillity" be substituted.

The amendment is very simple but it is very necessary. Now it says 'Whereas it is expedient in the interest of public order'.

আগাগোড়া বলা হয়েছে 'পীস অ্যান্ড ট্র্যাঙ্কুইলিটি', এখানে হঠাৎ 'অর্ডার' শব্দটা না দিয়ে 'পীস' ও 'ট্র্যাঙ্কুইলিটি' কথা দুটো যদি ব্যবহার করা হয় তা হলে আগাগোড়া সামঞ্জস্য থাকে। সেইজন্য আমি বলছি—সাবস্টিটিউট ফর দি ওয়ার্ড 'অর্ডার'—'পীস', 'ট্র্যাঙ্কুইলিটি'। আমার এই সংশোধনটি ন্যায়সঙ্গত ও গ্রহণযোগ্য, এটা গ্রহণ না করলে বিলের আগাগোড়া সামঞ্জস্য হয় না।

The Hon'ble Kali Pada Mookerjee:

ঐ অর্ডারএর মধ্যে পীস অ্যান্ড ট্র্যাঙ্কুইলিটি সবই অন্তর্ভুক্ত আছে।

Dr. Suresh Chandra Banerjee:

আগে ব্যবহার করলেন অর্ডার, আবার একটু পরে বলছেন পীস অ্যান্ড ট্র্যাঙ্কুইলিটি। [illegible] অর্ডার ব্যবহার করতে পারতেন। কিন্তু তা না করে পরে পীস অ্যান্ড ট্র্যাঙ্কুইলিটি শব্দ ব্যবহার করছেন। দু' রকম করলেন কেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

আপনার অ্যামেন্ডমেন্ট, ফর দি ওয়ার্ড 'অর্ডার', দি ওয়ার্ডস 'পীস অ্যান্ড ট্র্যাঙ্কুইলিটি' গ্রহণ করা যায় না।

The motion of Dr. Suresh Chandra Banerjee that in preamble to the Bill, in line 1, for the word "order" the words "peace, tranquillity" be substituted, was then put and lost.

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Kali Pada Mookerjee: Sir, I beg to move that the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed.

Sj. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সংশোধনী বিলের উপর আলোচনা হ'ল, তার সম্বন্ধে তৃতীয় দফায় আলোচনার সময় আমি দু'-চারটা কথা বলব।

পুলিসমন্ত্রী মহাশয় এই ভার গ্রহণ করবার পরে যে সংশোধনী বিলটা আনলেন, বেশ বোঝা যাচ্ছে জনসাধারণ এটা গ্রহণ করতে পারছেন না। আজকে এই সভার বিরোধীদের পক্ষ থেকে সেটাকে সংশোধন করবার জন্য যে আলোচনা হ'ল, তাতে তিনি মাত্র একটা জায়গায় গ্রহণ করলেন একটা ধারা; আর সকল ক্ষেত্রে তিনি মনে করলেন, তিনি জানালেন যে এর কোন প্রয়োজন নেই, গ্রহণ করতে পারি না। যেটা তিনি গ্রহণ করেছেন, ব্যক্তিগতভাবে আমি মনে করি না তাতে এই বিলের কোন চরিত্রের পরিবর্তন হবে। একটু কম মাইনে পায় একজন পুলিস কর্মচারীর বদলে আর একটু বেশি মাইনে পায় পুলিস অফিসারের কাছে ধাক্কা খেতে যেন আমাদের লজ্জা নেই, এইটুকু যেন আমরা পরিচয় দিচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বন্ধুবর মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে ২-১টি কথা বলব। তিনি প্রতিশ্রুতি দিচ্ছেন যে এই আইনের মারফত তিনি রাজনৈতিক আন্দোলন কিম্বা রাজনৈতিক কর্মীদের উপর কোন হামলা আনবেন না। আমাদের জানা আছে, যখন ঠিক এই আইন ছিল না, যখন এক রকম অন্যভাবে মাইক নিয়ন্ত্রণের ব্যবস্থা করতেন, তখন আপনি পুলিসমন্ত্রী ছিলেন না এটা ঠিকই। আমরা চেয়েছিলাম বিশ্ব যুব উৎসব উপলক্ষে যে মিছিল কলকাতা শহরে বেরিয়েছিল সেটা যাতে ভালভাবে নিয়ন্ত্রিত হয়। সাধারণ মানুষের এবং যানবাহনের যেন কোন রকম ক্ষতি বা অসুবিধা না হয় সেইভাবে মাইক্রোফোনের পারমিশন দেবার জন্য, কিন্তু আমরা তা পেলাম না। কিন্তু তারপরে দেখলাম একমাসের মধ্যে ঠিক সেই রকম আর একটা উৎসবের শোভাযাত্রা, মাইক নিয়ে তারা যাচ্ছে। আপনারা যে এই রকম দলগুলির সম্বন্ধে ব্যবহার করেন, এটা আমাদের শুধু ধারণা নয়, আমরা ঠেকে শিখেছি। আজকে যদি মাননীয় সদস্য নিরঞ্জন সেন মহাশয় যে সংশোধনী প্রস্তাবটা এনেছিলেন সেটা গ্রহণ করতেন তা হ'লে আমার মনে হয়, এই সভার অনেক উত্তাপ ক'মে যেত। আমি অনুরোধ করব, আপনি এটা বিবেচনা করবেন।

[6-20—6-30 p.m.]

আর যদি সুযোগ পান তা হ'লে এটা সংশোধন করবার চেষ্টা করবেন এবং যাতে এটা ভালভাবে চলে তার জন্য সকলের সঙ্গে সহযোগিতা ক'রে একটা নিয়মকানুন করবেন। আমি জানি এই মাইকের উৎপাতের জন্য অনেকে অনেক সময় অসুবিধা বোধ করে। কিন্তু এটাও ঠিক যে, এই মাইক রাস্তায় বাজানোর ব্যাপারে চার-পাঁচ জায়গার লোক যদি অসুবিধা বোধ করে তা হ'লে একশো জায়গার লোক চায় এইসব মাইক চালাতে। যেসব সঙ্গীত-অনুষ্ঠান ও জলসা হয় সেইসব জলসায় যেতে হ'লে ২৫-৫০-১০০ টাকার টিকিট কিনে যেতে হয়। কিন্তু রাস্তায় মাইক থাকার জন্য অনেক লোক রাস্তায় দাঁড়িয়ে থাকে ও শুনতে পায়। আমার মনে হয় সেই পল্লীর কোন মানুষই তার জন্য কোন অসুবিধা বোধ করে না। আর একটা কথা আমি আপনার মাধ্যমে

মন্ত্রিমহাশয়কে জানাতে চাই। যদি মাইকের ব্যবহারে যাতে সুব্যবস্থা হয় তার জন্যই এই বিল আনা আপনি প্রয়োজন মনে ক'রে থাকেন তবে আপনার পুলিস বিভাগ থেকেই খবর নিয়ে দেখুন যে, এ বছর অনেক জায়গায় দুর্গাপূজা থেকে কালীপূজা পর্যন্ত, যে সময় মাইক বাজানোর মস্ত বড় সময়, সেখানে পুলিস ও পল্লীবাসীর সহযোগিতায় এ বিষয়ে এমন সুব্যবস্থা হয়েছে—যেভাবে পুলিস নির্দেশ দিয়েছে সেইভাবেই সাধারণ লোকেরা তা ব্যবহার করেছে যে যাতে পল্লীবাসীদের কোন কষ্ট হয় নি এবং যারা উৎসব করছে তাদের উৎসবেও কোন ব্যাঘাত ঘটে নি। তাই আমার মনে হয়, এইসব ক্ষেত্রে যত কম আইন প্রয়োগ ক'রে সাধারণ মানুষের সহযোগিতায় এই কাজ করা যায় সেইভাবে চেষ্টা করা উচিত। তবে এই বিল যখন আনা হয়েছে তখন নিশ্চয়ই আপনি প্রয়োগ করবেন। সেই প্রয়োগের সময় অন্তত যে প্রতিশ্রুতি আপনি দিয়েছেন যাতে সরকার সেটা পালন করেন সেটা আপনি সাধারণ লোককে প্রকাশ্যভাবে জানিয়ে দেবেন।

আর একটা বিষয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে আপনার কাছে অনুরোধ—এর চেয়ে ভাল হ'ত যদি বিল আনা হ'ত অন্য জরুরি কাজের জন্য এবং যার জন্য বিল আনার হয়তো প্রয়োজন ছিল। এই যে পাঁচ বছর ধ'রে আমরা আলোচনা করেছি সেটার দিকে নজর না দিয়ে এখানে পুলিসের হাতে বিশেষ ক্ষমতা দিচ্ছেন, কিন্তু কি কারণে পুলিসের হাতে ক্ষমতা দিচ্ছেন সেটা জানান নি। এই পাঁচ বছর ধ'রে আমরা অনুরোধ করেছি—এই কলকাতা শহরে ও তার আশেপাশে চোলাই মদের, চুরি ক'রে মদ বিক্রয়ের যে বিরাট কারবার চলেছে সেটা যদি বন্ধ করা যেত তা হ'লে অনেক লোকের উপকার হ'ত। সেটা বন্ধ করবার ক্ষমতা পুলিসের হাতে রয়েছে, কিন্তু তা বন্ধ করবার কোন ব্যবস্থা করেছেন কি? করেন নি, সে কথা আমরা এখানে অনেকবার বলেছি। যে আইন আছে সেই আইনের দুর্বলতার জন্য আইনে ধরা পড়লেও তার সাজা অত্যন্ত কম। যদি সেই জায়গায় এই আইনকে আরও শক্ত, কঠোর করবার প্রয়োজন মনে করতেন—এবং আমরাও মনে করি এইসব অপরাধের জন্য কঠোর সাজা দরকার—তবে আমরাও মত দিতাম সেই রকম একটা বিল নিয়ে আসুন। আজকে সাধারণের ব্যবহার্য জিনিসের মধ্যে ভেজাল, সেখানেও আইনে কড়াকড়ি নেই। সেখানে হয়তো কিছু ফাইন ক'রে লোককে ছেড়ে দেওয়া হয়। যারা মানুষকে মারবার জন্য খাদ্যে ভেজাল দিচ্ছে সেটাকে ভালভাবে বন্ধ করবার জন্য আপনি যদি একটা কড়া আইন আনতেন, নিশ্চয়ই তাতে আমরা সহযোগিতা করতাম। ঔষধের মধ্যেও ভেজাল দেওয়া হচ্ছে—সেই সম্পর্কে আমরা শুনেছি পুলিস তাদের সাজা দিতে পারে না; মন্ত্রিমহাশয়ও এ কথা একদিন জানিয়েছিলেন যে ধরলেও কম সাজা দিতে হবে। সেখানে আমরা অনুরোধ করব, সেই জায়গায় যাতে কড়া সাজা দিতে পারেন সেই চেষ্টা করুন। কিন্তু সেইসব না ক'রে এমন একটা বিল নিয়ে আসলেন যাকে কলকাতা এবং তার আশেপাশের মানুষ কিছুতে ভাল চক্ষে দেখতে পাচ্ছে না এবং ভালভাবে গ্রহণ করতে পারছে না। কারণ এটার ফল ভাল হবে কি মন্দ হবে, সেটা নির্ভর করে যেভাবে এই আইনকে চালু করা হবে। সুতরাং আমি আশা করব, শ্রীনিরঞ্জন সেন মহাশয় যে সংশোধনী এনেছেন সেটা বিবেচনা ক'রে দেখবেন এবং সেইভাবে এই বিল সংশোধন করবার ব্যবস্থা করবেন।

Dr. Narayan Chandra Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য আপনার সামনে রাখবার আগে আমি আমার অনুরোধ ও দাবি আপনার সামনে রেখে আমি আমার বক্তব্য রাখছি। এই প্রদেশের সর্বোচ্চ রাজনৈতিক প্রতিষ্ঠানে রাজনৈতিক সবচেয়ে শীর্ষস্থানীয় কাজ আইন-প্রণয়ন, এই কাজে আমরা নেবেছি। এই আইনের মধ্যে [illegible] বিপদের সম্ভাবনা দেখছি। সুতরাং আমার বক্তব্যের মধ্যে রাজনৈতিক কথা নিশ্চয়ই থাকবে। সেটাকে আমরা অধিকার বলে মনে করি, তাই আপনার সামনে রাখলাম। আমি রাখলাম এই বিলের মধ্যে রাজনৈতিক উদ্দেশ্য সন্তাই মনে করি, কিন্তু আমার বক্তব্যটা, বলবার ভঙ্গি হচ্ছে এই যে আপনার আইন পাস হয়ে গিয়েছে—তিনবার, থার্ড রিডিং। সুতরাং এখানে বক্তব্যের পরিপ্রেক্ষিতে এবং আইনের প্রয়োগ সম্বন্ধে এবং আইন হবার আগের কতকগুলি [illegible], এইগুলি আমাদের মাননীয় অধ্যক্ষের মারফতে আপনাদের মধ্যে বক্তব্য সামনে আমি রাখতে চাইছি। আমি মানি এই কথা যে, এর মধ্যে একটা সরল ভাব আছে,

দেখতে সুন্দর, কিন্তু বারেবারে মন্ত্রিমহাশয় এই যে চোঙাপোকা, ঘুমন্ত মানুষের কানে চোঙা-পোকা—শুধু কি বিলেতে এইটুকু আছে, ঘুমন্ত মানুষের কানে চোঙা ফুঁকে ঘুম ভাঙ্গানো, এইটুকুনি যদি থাকত তা হ'লে কলিকাতা শহরের প্রত্যেক মানুষ আপনাকে সমর্থন জানাত। কিন্তু এটা একটা বিচ্ছুর মত, সুন্দর এর ছোবল, কিন্তু আপনার এই বিলে লেজে ছোবল আছে এবং সেইজন্য স্টিং ইন দি টেল—কথাটা বলছি। আপনি বারেবারে চোঙাপোকার কথা কেন বলছেন। আমি এই বক্তব্যটা পেশ করার মধ্যে সন্দেহটা আমার নিজের চোখে আরও গভীরতর হয়েছে, এমন কোন মানুষ নেই এখানে যে সাংবিধানিক অধিকার চায়, এ কথা কেউ মনে করে না। রোগীর কাছে রাত্রে কেউ চোঙা ফোঁকে, এ কেউ মনে করে না। আপনি চোঙা কথাটা বারেবারে ব্যবহার করেছেন, তাই চোঙাটা আপনাকে ফেরত দিচ্ছি, তাই চোঙা কথাটা বারেবারে এখানে বসাবেন না। কেউ বালক নয়, অবুঝ নয়, এখানে চোঙার চেয়ে আরও তীক্ষ্ণতর জিনিস আছে, এইটাই আপনাকে দেখাচ্ছি। আইনে আপনার গাড়ি ফেরত দেবার কথা আছে, মাইক ফেরত দেবার কথা নেই। আমাদের গভীর সন্দেহ আছে, দুর্গাপুজাও নয়, 'লারে লাপ্পা'ও নয়, আপনার স্মরণ আছে গত সপ্তাহে বেঙ্গল পটারি ওয়ার্কার্স ইউনিয়নএ মিটিং করতে দেন নি, মাইকের পারমিশন দেন নি। গত এক বৎসরের মধ্যে অনেক টুকিটাকি ঘটনা আপনাকে জানাব এবং এইসব ঘটনার পরিপ্রেক্ষিতে আপনার কথা স্মরণ হবে, এ কেউ বিশ্বাস করতে পারে না।

[6-30—6-40 p.m.]

রাজনৈতিক কথা বলবার অধিকারের কথা এসেছে তার জন্য। এখানে এই বাংলাদেশ সকল রাজনৈতিক পার্টির একটা পীঠস্থান। সুতরাং এখানে সকল রাজনৈতিক পার্টির বিভিন্ন মতবাদ ও সন্দেহ থাকবেই। আমি জিজ্ঞাসা করছি—এদেশে আপনারা রুলিং পার্টি, আপনাদের হাতে যতক্ষণ পাওয়ার ততক্ষণ পর্যন্ত এই পুলিসের সঙ্গে আপনার পার্টিগত যোগাযোগ থাকবে—সরকারগত যোগাযোগের কথা বলছি না। কিন্তু আপনি আপনার পুলিসকে, আপনার হোম ডিপার্টমেন্টকে ইংলন্ডের মত বা অন্যান্য দেশের মত নন-পার্টি পর্যায়ে তুলতে পারেন নি। আজকে তাদের একশো বছরের ইতিহাস আছে। শাসকের পর্যায়ে তারা রয়েছে, কিন্তু নির্যাতনের অস্ত্র হিসাবে সেই অস্ত্র ব্যবহার করে না। সুতরাং পার্টি ইন পাওয়ার, তার সঙ্গে রুলিং পার্টির অ্যাপারেটাস হিসাবে তার সঙ্গে অচ্ছেদ্য সম্বন্ধ রয়েছে। কিন্তু আইনে যখন লেখা রইল না, তখন এই প্রতিশ্রুতির মূল্য কি? আজ থেকে ছ'মাস আগে আমি এ কথা তুলেছিলাম। আপনি মাইক আইনে এমন কথা বলেন নি যে ইলেকশনএর সময় আইন চালু হবে না—এ কথা বলেন নি। আপনার এখানে মেনে নেওয়া উদ্দেশ্য নয়। আপনি জানেন, যদি রাজনৈতিক পার্টির মাইক বারেবারে কেড়ে নিয়ে যায়, তা হ'লে কোন মাইকওয়ালা রাজনৈতিক পার্টিকে মাইক দিতে ভয় পাবে। আপনার বিলের পিছনে উদ্দেশ্যও আছে তাই। এসব কথা আপনার কানে কি আসে না? একজন মাননীয় সদস্য বলেছিলেন যে, তাঁর নামের গাড়ি অন্য লোকে নিয়ে চলে গিয়েছে। হয়তো হ'তে পারে, আমি তাদের কনগ্র্যাচুলেট করছি, যদি ইলেকশনএ ক'রে থাকে। ওদের সাহস আছে, বুদ্ধি আছে, কিন্তু এ ঘটনা কলিকাতার মধ্যে শেষ ঘটনা নয়। আপনার হয়তো মনে নাই, আমি ব্যক্তিগত হিসাবে একটা ঘটনা আপনার কাছে পাঠিয়েছিলাম। আপনি আইনগত হিসাবে পুলিসের কাছে পাঠান। আমি ব্যক্তিগত হিসাবে চেয়েছি এবং তারা প্রটেকশন দিয়েছে। কিন্তু প্রটেক্ট করেও পুলিসম্যান এক-একটা ইউনিটকে তাদের ট্রেড্‌ডেস টু ওয়াইজ থাকলেও করতে যাবেন না। যদি এমন হয় যে, হি ইজ এ মেম্বার অব দি রুলিং পার্টি, সেই রকম একজনের মিটিং যেখানে হয় সেখানে পুলিসম্যান ট্রাই টু ওয়াইজ। যেখানে আপনি কো-ওয়ার্কারদের বেঁধে রাখলেন, তাতে আপত্তি হবে না। আমরা চাই, আপনি বিধান-সভায় এই আইন প্রণয়ন যখন করলেন তখন আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, সে কোন পার্টির জন্য বা কোন দলীয় স্বার্থে বা কোন দলের কাজে সত্যাকার শান্তিভঙ্গ হচ্ছে কিনা তা দেখে যেন চালিত হয়। সেজন্য সংবিধানগত যে বিধান রয়েছে, যে অধিকার রয়েছে, তাতে হস্তক্ষেপ করা যেন না হয়। এটা শুধু মুখে বললে হবে না, মুখের কথার মূল্য কি? অধ্যক্ষ মহাশয়, আমি এখানে আপনাকে জানিয়ে দিচ্ছি, এই সাতদিন আগের ঘটনার কথা। আজি বেঙ্গল পটারির কথা বলছি। তারা যে পেল না, তা হ'লে আজ মুখের কথার মূল্য কি আছে?

সেখানে সাধারণ মানুষ মুখে চোপ্পা ফুঁকে রাত্রিতে ঘুম ভাঙ্গাতে যায় নি; তারা একটা ইউনিয়নের মিটিং করতে গিয়েছিল, আপনি পারমিশন দেন নি। এই যে ধরনের অধিকার ঘোষণা হচ্ছে, এই রকম ধরনের অধিকার যদি না দেন তা হ'লে আপনি মানুষকে আইন অমান্য করতে উদ্বুদ্ধ করছেন। আমি তাই চাই আইনের প্রয়োগ সম্বন্ধে সরকারী [illegible] জানিয়ে দেবেন। কারণ, আইন যেটা পাস হয়ে গেছে, সুবুদ্ধি থাকলে সেটা বদলানো উচিত; অন্তত যখন পাস হয়েছে তখন [illegible] তার প্রয়োগ সম্বন্ধে সাবধান হ'তে বলবেন। এই কয়টি কথা ব'লেই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Panchugopal Bhaduri:

মাননীয় সভাপাল মহাশয়, আমি একটু আগে সংশোধন প্রস্তাব সম্পর্কে শ্রদ্ধাভাজন পুলিস-মন্ত্রীর উত্তর দিবার আগে পর্যন্ত একটা অসম্ভব বিষয় আশা করছিলাম। আমি আশা করছিলাম যে, এখানে বিলের যে উদ্দেশ্য ব্যক্ত করা হয়েছে তাতে কংগ্রেস পক্ষ এবং বিরোধী পক্ষের মধ্যে যথেষ্ট মতৈক্য রয়েছে। আমাদের ভিতর কমন গ্রাউন্ডস রয়েছে—যেখানে জনসাধারণের শান্তির ব্যাঘাত করার জন্য মাইক্রোফোন বা লাউড স্পীকার ব্যবহার সম্বন্ধে যেখানে আমরা একমত, সেখানে এই কথা উঠেছে যে, এইসব ব্যক্ত উদ্দেশ্যের মধ্যে অব্যক্ত উদ্দেশ্য কোন রকম আছে কিনা। এখানে পুলিসমন্ত্রীর বোনাফাইডি সম্বন্ধে এবং সাধারণভাবে সরকার পক্ষের উদ্দেশ্য ও সততা সম্পর্কে একটা প্রশ্ন বা সন্দেহ ওঠে। সেই সন্দেহ খুব উত্তেজিত বা উদ্দীপ্ত ভাষায় সুবোধ-বাবুই বক্তৃতা করুন বা ঠাণ্ডা যুক্তিপূর্ণ ভাষায় শ্রীমতী মণিকুন্তলাই বক্তৃতা করুন কিংবা সেইভাবে প্রিঅ্যামবল বদলাবার মধ্য দিয়ে সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ই বক্তৃতা করুন, সমস্ত বিরোধী পক্ষের মধ্যে একটা মতৈক্য প্রকাশিত হয়েছে। সে রকম ক্ষেত্রে আপনারা কি শুধুমাত্র সংখ্যার জোরে এটা পাস করবেন? গণতন্ত্রের পরিচালনা কি সংখ্যার জোরে করা হয়? যেখানে কমন গ্রাউন্ড রয়েছে, আমাদের মধ্যে বহুল পরিমাণে মতৈক্য রয়েছে, সেখানে প্রস্তাবে যেসমস্ত অব্যক্ত অসাধু উদ্দেশ্য আছে ব'লে সংশয় হচ্ছে, সেগুলি সংশোধন ক'রে ইনোকুয়াস করা যেত না? আমি মনে করি, নিশ্চয় করা যেত। এ সম্পর্কে মাননীয় পুলিসমন্ত্রী মহাশয় যে প্রতিশ্রুতি দিয়েছেন সে প্রতিশ্রুতি সম্বন্ধে, সভাপাল মহাশয়, আমি বলতে পারি যে, যে প্রতিশ্রুতি খুব সহজে দেওয়া হয় তার উদ্দেশ্য সম্বন্ধে সহজেই অত্যন্ত সন্দেহ আসে। এখানে এই অ্যাসেম্বলি হাউসএ অতীতে বহু প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এবং বহু প্রতিশ্রুতি যে ভাঙ্গা হয়েছে, তার সাক্ষীও এই অ্যাসেম্বলি হাউস। কাজেই প্রতিশ্রুতি আইনের মধ্যে লিপিবদ্ধ না হ'লে কোন মর্যাদা কেউ দেয় না, এ কথা বলতে পারি না। সেইজন্য বারবার এই প্রতিশ্রুতির কথা উচ্চারণ ক'রে পুলিসমন্ত্রী মহাশয় তাঁর উদ্দেশ্যের ভিতর যদি কিছু সততার অভাব থাকে তা ঢাকতে পারেন নি। আমি তাই সরকার পক্ষের কাছে এবং প্রস্তাবকের কাছে নিবেদন করব যে, যেখানে আমাদের মধ্যে হাউসএর দুই তরফেই যথেষ্ট মতৈক্য রয়েছে, সেখানে একটা সর্ববাদীসম্মত প্রস্তাব আনবার চেষ্টা শেষ মুহূর্ত পর্যন্ত করা উচিত। এখনও করা যায়। তা ক'রে সরকার পক্ষের বোনাফাইডি সম্বন্ধে যে প্রশ্ন উঠেছে তা গণতন্ত্রসম্মত করার সদ্দৃষ্টান্ত আপনারা দিন এবং আমাদের শুভেচ্ছা অর্জন করুন, জনসাধারণেরও শুভেচ্ছা অর্জন করুন।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, এ বিলটা এখন তৃতীয় পর্যায়ে এসে পড়েছে। এ সম্পর্কে বলতে চাই যে, আজকে প্রথম যখন এই বিলটা এখানে পাস করবেন, বাহিরের স্কুলের ছোট ছেলেরা বা সাধারণ মানুষেরা, তারা আমাদের সম্বন্ধে কি ভাববে? দশ বছরের বার বছরের ছোট ছেলে সরস্বতী পূজার সময় মাইক হয়তো ব্যবহার করবে। তখন তারা কি এ কথা মনে করবে না যে, আমাদের লেজিসলেটররা এমন মানুষ যে তাঁরা আমাদের আনন্দের কণ্ঠরোধ ক'রে দেবেন। তারা কি মনে করবে না যে, আমাদের চিন্তার দৈন্য ঘটেছে? আমি মনে করি, এই রকম আইন পাস ক'রে সমাজের কোন কল্যাণ করা যাবে না। যেমন কোন কোন সদস্য বলেছেন যে, পূজার সময় পুলিস এবং কলিকাতার স্থানীয় বিশিষ্ট নাগরিকগণ একত্র হয়ে অনেক গোলমাল মিটিয়েছেন। আমি মনে করি, [illegible] এই পথই সবচেয়ে বড়। আমাদের দেশে হাসপাতালের সামনে চুপ ক'রে থাকার কথা লেখা আছে। সে কি লোকে মেনে নেয় নি? মেনে নিয়েছে। আমাদের দেশে সাধারণভাবে অপরের প্রতি শ্রদ্ধাভাজন হওয়া—এ শিক্ষা দেশের

হাওয়ার সঙ্গে মিশিয়ে আছে। তার জন্য আইন ক'রে পুলিসের হাতে ক্ষমতা দেবার প্রয়োজন আছে ব'লে আমি মনে করি না। এতে বিধানসভার সদস্যদের দেউলিয়াপনার পরিচয় দেওয়া হয়েছে।

[6-40—6-52 p.m.]

সেজন্য আমি মনে করি, যে দেশে রবীন্দ্রনাথ, রামমোহন, শরৎচন্দ্রের মত মানুষ দেশের শিক্ষা এবং ঐতিহ্যের মূলে রয়েছে, তাদের উত্তরাধিকারী হিসাবে আমাদের বিভিন্ন দলের সমস্ত মানুষ মিলে, একত্র হয়ে স্থানীয়ভাবে সব জায়গায় যদি চেষ্টা করতাম তা হ'লে যে মাইক্রোফোন বাজলে মানুষের অসুবিধা হয়, ঘুমন্ত মানুষকে জাগিয়ে দেয়, তা বন্ধ করা যেত। আমার মনে হয়, এই আইনের উদ্দেশ্য তা নয়। সম্পূর্ণরূপে রাজনৈতিক দলের বিরুদ্ধে ব্যবহার করার জন্যই মন্ত্রিসভার যে গোপন ষড়যন্ত্র এটা তারই ফল এবং এইভাবে রাজনৈতিক খেলার পরিচয় তাঁরা দিতে চান এবং বিরুদ্ধ পক্ষদের দাবাতে চান; এ ছাড়া আর কোন উদ্দেশ্য নাই। সেজন্য মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে, এই বিল যেন প্রয়োগ না করা হয়। রেশনে যেমন কাঁকর মেশানো চাল দেওয়া হয়, পচা চাল, ভাল নয়, মানুষ খেতে পারে না, অথচ চোরাবাজারে ব্যবসায়ীরা প্রচুর লাভ করে—এই আইনটা তেমনি। জনসাধারণের অশান্তি দূরের জন্য বলা হচ্ছে এই আইন আনা হয়েছে, কিন্তু আসলে রাজনীতি-বাদীদের দাবানোর চেষ্টা হচ্ছে। এই আইন প্রয়োগ করতে গেলে মনে রাখতে হবে, দু'শো বছরের পরাধীনতার পর যে জাতি জেগেছে সেই জাতির স্ফুরণের পথে বাধা দিতে গেলে প্রতিবাদ হবে বিশেষ ক'রে যুবশক্তির সঙ্গে মোকাবিলা করতে হবে।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের নিরীহ পুলিসমন্ত্রী এখানে এই বিলটা বেভাবে নিয়ে এসেছেন তাতে এটাকে সুগারকোটেড কুইনাইন ব'লে মনে হচ্ছে। (কংগ্রেস বেঞ্চ হইতে কণ্ঠস্বর: সেটা তো উপকারী জিনিস।) হ্যাঁ, সেটা প্রয়োগের উপর নির্ভর করে। যা হোক, আমরা বিরোধী পক্ষ এবং আপনাদের পক্ষ—সকলে সমবেতভাবে যাতে জনসাধারণের প্রকৃত কল্যাণ হয় এই রকম একটা আইন তৈরি করতে আমরা চেষ্টা করেছিলাম, কিন্তু আমরা দেখতে পেলাম যে, আমাদের নিরীহ পুলিসমন্ত্রী সেটা গ্রহণ করলেন না। আমরা বলেছিলাম যে, সামান্য চোঙ্গা ফুঁকা—তাঁর গলার স্বর যতটা তার চেয়ে চোঙ্গার বেশি স্বর বেরোয় না সেই চোঙ্গার জন্য লাইসেন্স নিতে হবে, পুলিসের পারমিশন নিতে হবে—এর কোন প্রয়োজনীয়তা নেই। কিন্তু তিনি তা গ্রহণ করেন নি। আমাদের যতগুলি সংশোধনী ছিল তা তিনি নেন নি। শ্রীযুক্ত নিরঞ্জন সেনগুপ্ত মহাশয় বলেছিলেন যে রাজনৈতিক কারণে এটাকে যেন প্রয়োগ করা না হয়; তাও পর্যন্ত তিনি গ্রহণ করেন নি। তিনি কেবলমাত্র একটা প্রতিশ্রুতি দিয়েছেন, কিন্তু প্রতিশ্রুতির কি মূল্য আছে? এই লেজিসলেটিভ অ্যাসেম্বলিতে এই রকম কত প্রতিশ্রুতি দিতে আমরা শুনেছি এবং প্রতি মুহূর্তে দেখছি যে সেই প্রতিশ্রুতিকে তাঁরা ভেঙ্গে চুরমার ক'রে দিচ্ছেন। তাঁর মনের ভেতর যদি সত্যই ভাল উদ্দেশ্য থাকে তা হ'লে তিনি পাবলিকলি সংবাদপত্রে এ কথা প্রচার করুন যে, এই বিল পাস করবার পর, এটা আইন হবার পর কোন রাজনৈতিক কাজেতে এটাকে প্রয়োগ করা হবে না। কিন্তু তিনি তা করবেন কি—এটাই জিজ্ঞাস্য? তারপরের কথা হচ্ছে—গত তিন-চার বছর ধ'রে একটা পুলিসী প্রচেষ্টা চলছে দুর্গাপূজার সময় কিভাবে মাইকের ব্যবহারটাকে কন্ট্রোল করা যায়। এবং আমি নিজেও সেইসব সভায় গিয়েছি, সেখানে দেখেছি একটা কথা আলোচনা হয়েছে, কিন্তু আজ এই [illegible] মধ্যে সেই [illegible] চিত্তের মড়ার মত উলটে গেছে। আমাদের একটা সন্দেহ হয়। সেই সন্দেহ হচ্ছে এই যে, গত সাধারণ নির্বাচনের সময় এই কোলকাতা শহরে এবং কোলকাতার আশেপাশে কংগ্রেসের যে বিরাট পরাজয় ঘটল তাতে আরও সরকার জানতে চেয়েছিলেন যে কেন এই পরাজয় ঘটল। তখন এঁরা বলেছিলেন যে এখানকার বিরোধী পক্ষের সংগঠন এত চমৎকার এবং সুশৃঙ্খল যে তাদের আমরা রোধ করতে পারছি না। আজকে সেজন্য সেই সংগঠনগুলিকে ভাঙ্গবার কাজে তাঁরা সর্বশক্তি নিয়োজিত করছেন—এমন কি সামান্য চোঙ্গা পর্যন্ত তাঁরা ফুঁকতে দিতে চান না, এই চোঙ্গা ফোঁকার ব্যাপারে ক্ষমতাটাও পর্যন্ত তাঁরা তাঁদের নিজেদের হাতে রাখবেন।

The Hon'ble Kali Pada Mookerjee: Sir, the issues which have been raised were discussed threadbare and no useful purpose will be served by going into them again. I commend my motion for the acceptance of the House.

The question that the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The Report of the Foodgrains Enquiry Committee (Asoke Mehta Committee)

Sj. Bankim Mukherji: Sir, I want to bring to your notice one fact. The Foodgrains Enquiry (Mehta) Committee's report is not available in the market. That is so vital for understanding the food situation.

The Hon'ble Prafulla Chandra Sen: I have got only three copies of the Foodgrains Enquiry Report.

Mr. Speaker: One copy may be placed on the Library Table.

The Hon'ble Prafulla Chandra Sen: I shall see that a copy is placed on the Library Table.

Sj. Bankim Mukherji: I would request you to send a telegraphic message to the Centre so that copies may be available to us.

The Prisons (West Bengal Amendment) Bill, 1957

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I beg to introduce the Prisons (West Bengal Amendment) Bill, 1957.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I beg to move that the Prisons (West Bengal Amendment) Bill, 1957, be taken into consideration.

Sir, this is a very simple Bill that I have introduced in this House this evening. Sir, you all know that whipping as a judicial punishment has been abolished and for this purpose the Whipping Act, 1909, has been repealed and those sections of the Criminal Procedure Code which contain provisions for whipping have been amended or omitted as were found necessary. Sir, whipping is still now a punishment for prison offences. For some time past Government was considering the desirability of abolishing whipping as a punishment for prison offences. According to the Jail Code the punishment of whipping can be inflicted only in case of mutiny or incitement to mutiny or assault to any public servant or to a prison officer or to a visitor of jail. Sir, whipping has a very degrading effect and it goes contrary to the reformative aspect that the jail administration has taken up today, and it is not found necessary that whipping should be a punishment in jail administration for maintaining discipline and control of Prisoners. So, I propose this Bill for amendment of the Prisons Act, 1894. The Prisons Act of 1894 contains provisions for whipping as a jail punishment.

Sir, I want to be very brief because I know the members are already restless for going home. There is one point and that is transportation which has ceased to be a form of judicial punishment. It is proposed to amend or omit certain provisions relating to transportation which appears in the Prison Act of 1894. So in this Bill we have proposed that whipping should be abolished and provisions for transportation be omitted and this Bill has been framed accordingly.

With these words I commend my motion for the consideration of the House.

Mr. Speaker: There is one amendment of Sj. Sasabindu Bera.

Sj. Sasabindu Bera: Sir, I do not move it.

Sj. Niranjan Sengupta: Sir, let us adjourn now. We want to speak on the consideration motion.

Mr. Speaker: All right. I adjourn the House. The House meets tomorrow at 3 p.m.

Adjournment

The House was accordingly adjourned at 6-52 p.m. till 3 p.m. on Thursday, the 5th December, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 5th December, 1957, at 3 p.m.

Present:

Mr. Speaker (THE HON'BLE SANKARDAS BANERJI) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 215 Members.

[3—3-10 p.m.]

Further supplementaries on Unstarred Question No. 24.

Sj. Mihirlal Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি, রাস্তা দিয়ে যেসমস্ত গরুর গাড়ি চলাচল করে, তার উপর কেবলমাত্র গাড়োয়ান থাকলে, তাকে আনলোডেড বলে গণ্য করা হয় কি না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

তাতে প্যাসেঞ্জার থাকলে, আনলোডেড বলে গণ্য হয় না।

Sj. Mihirlal Chatterjee:

শুধু গাড়োয়ান যদি গরুর গাড়ির উপর থাকে, তাহলে সেই গরুর গাড়ি আনলোডেড বলে গণ্য হয় কি না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

শুধুমাত্র গাড়োয়ান থাকলে আনলোডেড বলে গণ্য হয়।

Sj. Mihirlal Chatterjee:

এই রাস্তার উপর দিয়ে যদি মানুষ পায়ে হেঁটে চলাচল করে তাহলে এই সকল মানুষের উপর কোন টোল ট্যাক্স আছে কি না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Sj. Mihirlal Chatterjee:

মানুষ যদি গরুর গাড়িতে চড়ে চলাচল করে, তাহলে ট্যাক্স ধরা হয় কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

বোধ হয়, গাড়ি হলে, গাড়ির উপর ট্যাক্স আছে।

Sj. Mihirlal Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি জিজ্ঞাসা করি খালি গরুর গাড়ির উপর ট্যাক্স কতদিন হল মকুব করা হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এর উত্তর কালকেই দিয়েছি।

Sj. Mihirlal Chatterjee:

সাইকেলের উপর কি ট্যাক্স আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ। সাইকেলের উপরও ট্যাক্স আছে।

Sj. Mihirlal Chatterjee:

কত ট্যাক্স?

The Hon'ble Khagendra Nath Das Gupta: I want notice.

Sj. Mihirlal Chatterjee:

সাইকেল যদি হাতে নিয়ে মানুষ যায়, তাহলেও কি ট্যাক্স দিতে হয়? না, সাইকেল চেপে গেলে দিতে হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সাইকেল থাকলেই দিতে হয়।

Sj. Mihirlal Chatterjee:

লোহার রিম-চাকাওয়ালা গাড়িতে আপনার রাস্তার ক্ষতি হয় বেশী, না নিউম্যাটিক টায়ার লাগান সাইকেল চলাচলে রাস্তার ক্ষতি হয় বেশী?

Mr. Speaker: You will pardon me. These are iron tyres.

Sj. Mihirlal Chatterjee:

সাইকেলের উপর ট্যাক্স মকুব করবার ইচ্ছা সরকারের আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

যদি কোন রিপ্রেজেন্টেশন পাওয়া যায় এ-সম্বন্ধে, বিবেচনা করে দেখবো।

Sj. Durgapada Das:

এইমাত্র মন্ত্রীমহাশয় বললেন গরুর গাড়ির উপর শুধু গাড়োয়ান থাকলে, সেই গাড়ি খালি বলে গণ্য হয়, তার ট্যাক্স লাগে না; তাহলে সাইকেলের উপর যে গাড়োয়ান, সে যদি কেবল চড়ে যায়, সে-ক্ষেত্রে কি তার ট্যাক্স লাগবে? (হাস্যরোল।)

(নো রিপ্লাই)

Sj. Durgapada Das:

খালি গরুর গাড়ির বেলায় ট্যাক্স মকুব হয়, আর খালি সাইকেলএর বেলায় ট্যাক্স মকুব হয় না কেন?

Mr. Speaker:

গরুর গাড়ি আর সাইকেল কি একরকম ধরবেন?

UNSTARRED QUESTIONS
(answers to which were laid on the table)

Establishment of Health Centre at Tantipara, Birbhum

25. (Admitted question No. 141). **Sj. Mihirlal Chatterjee:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) when the A. G. Hospital at Tantipara (Birbhum) was abolished;
(*b*) when donation was accepted for the Health Centre at Tantipara;
(*c*) when the Health Centre was sanctioned;
(*d*) when construction work began; and
(*e*) when the Health Centre is likely to be opened?

The Minister of State for Health (the Hon'ble Dr. Anath Bandhu Ray): (a) In June, 1956.

(*b*) In February and March, 1954.

(*c*) and (*d*) In January, 1956.

(*e*) Very soon.

Sj. Mihirlal Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয়কে কি জিজ্ঞাসা করতে পারি এই যে, (ই)র উত্তরে বলেছেন তেরী সুন—আন্দাজ মত কতদিনে এই হাসপাতাল প্রতিষ্ঠিত হতে পারে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The works have already been completed. The report of the Executive Engineer, Works and Buildings Department, as to the nature of the construction made is being awaited. So it will take some time.

Sj. Mihirlal Chatterjee:

একথা কি ঠিক, যে, ১৯৫৬ সালের ডিসেম্বর মাসে হাসপাতালের কনস্ট্রাকশন শেষ হয়ে গিয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Not exactly. In June 1956 the A. G. Hospital was closed. After that the construction of the hospital was started.

Sj. Mihirlal Chatterjee:

আমি জিজ্ঞাসা করছি, নূতন যে হাসপাতাল করা হচ্ছে, সেই হাসপাতালের কনস্ট্রাকশন ১৯৫৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে শেষ হয়ে গিয়েছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No, that is not a fact.

Sj. Mihirlal Chatterjee:

যেটা নূতন হাসপাতাল, তার কনস্ট্রাকশন ওয়ার্ক শেষ হয়ে গিয়েছে, একথা কি ঠিক?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, the construction has been finished.

Sj. Mihirlal Chatterjee:

কনস্ট্রাকশন যদি ফিনিস হয়ে থাকে তাহলে এই হাসপাতাল খোলার পথে কি বাধা আছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I told you just now the reason for which the delay is being made.

Sj. Mihirlal Chatterjee:

এই হাসপাতালে জলের জন্য যে ইঁদারা, সেটা কি কমপ্লিট হয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I cannot supply you that information. I will find that out.

Sj. Mihirlal Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, এই হাসপাতালে জলের জন্য যে ইঁদারা কাটা হয়েছিল, সেই ইঁদারা ধ্বসে কি নষ্ট হয়ে গিয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I will find that out for you.

Mr. Speaker: You write to him and he will give you the reply.

Dr. Narayan Chandra Ray:

এ, জি, হসপিটাল বন্ধ হ'ল কেন? এবং এ্যানাদার হেল্‌থ সেন্টার খোলবার আগে, এই ইন্টারিম পিরিয়ডএ ট্রীটমেন্ট দেবার কি ব্যবস্থা হয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The A. G. Hospital was closed because the building there was in a very dilapidated condition—most of the A. G. Hospitals are in that condition.

Dr. Narayan Chandra Ray:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, ইন্টারিম পিরিয়ডএ মেডিক্যাল রিলিফএর জন্য কি বন্দোবস্ত করেছেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: For that I will have to find out which are the nearest Health Centres from that place.

Dr. Narayan Chandra Ray:
one, the other is started.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There are neighbouring Health Centres.

Sj. Ajit Kumar Ganguli:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন, বাড়ীর অবস্থা খারাপ বলে এ, জি, হাসপাতাল তুলে দেওয়া হয়েছে; কিন্তু যেখানে নূতন বাড়ী তৈরী হয়েছে, সেখানে ঐ হাসপাতাল নিয়ে যাওয়ার কি বাধা আছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The honourable member does not follow exactly what I have said.

Sj. Radhanath Chatterjee:

কালকে মন্ত্রীমহাশয় বললেন যে, পল্লী অঞ্চলে নূতনভাবে স্বাস্থ্য-কেন্দ্র করতে হলে পর ঐরকম জায়গায় হবে না। তাহলে তাদের কোন জায়গা দিতে হবে?

Mr. Speaker: This question does not arise out of it. It only relates to this particular Health Centre.

Sj. Gobinda Charan Maji:

তাঁতীপাড়া (বীরভূম) এটা কি 'ব্লক এরিয়া'র মধ্যে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, it is within that.

Free anti-rabic treatment in West Bengal

28. (Admitted question No. 142.) **Sj. Mihirlal Chatterjee:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) whether free treatment is given for rabies in the Government Hospitals in West Bengal; and

(*b*) if not, whether Government have any scheme for making it free?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, in some hospitals in Calcutta only. But there is a scheme for making it free in all Government Hospitals throughout the State in the case of indigent patients only.

Sj. Mihirlal Chatterjee:

মাননীয়মন্ত্রী বলেছেন যে, কলিকাতা শহরে পাগলা জীবজন্তু কামড়ালে ইন সাম হসপিটালএ ফ্রী ট্রীটমেন্ট দেওয়া হয় কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, স্যার, মফঃস্বল অঞ্চলে পাগলা কুকুর বা জীবজন্তু কামড়ালে মানুষের চিকিৎসার পথে বাধা আছে, একথা মন্ত্রীমহাশয় জানেন কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: In the mofussil the practice existing is that the local bodies take up the responsibility of the treatment and so for the indigent patient they pay from their own funds. They pay Rs. 6 for each course and for the general people who are not indigent it is given at Rs. 10. The recommendation of the Civil Surgeon is necessary. In most of the district hospitals there is provision for giving anti-rabic treatment.

[3-10—3-20 p.m.]

Sj. Mihirlal Chatterjee:

শহরে চিকিৎসার অসুবিধা আছে কিনা?

Mr. Speaker: I understand that this House in an earlier session passed a resolution and debated this very question and what the policy of the Government is, or is going to be, has already been stated.

Sj. Mihirlal Chatterjee:

আমি আমার প্রশ্ন করতে পারি কি, উত্তরে জানিয়েছেন যে, এই মর্মে একটা স্কীম আছে, এটা কবে থেকে ইফেক্ট দেওয়া হবে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Very soon.

Sj. Mihirlal Chatterjee:

লাস্ট জুলাইএর ঐ সেশনএ এই প্রশ্ন উঠেছিল, তারপর জানতে চাই যে, কবে থেকে এর ইফেক্ট দেওয়া হবে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It is under active consideration.

Sj. Durgapada Das:

কলিকাতার কোন কোন হাসপাতালে সকলের জন্য ঢালাই ব্যবস্থা থাকে, আর পাড়াগ্রামের জন্য যে স্কীম নেওয়া হয়েছে তাতে শুধু ইন্ডিজেন্ট পেসেন্টদের জন্য দেওয়া হবে, সকলকে দেওয়া হবে না—এই বৈষম্য করা হয়েছে কেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There will be some cost incurred for getting the vaccine and free supply will be given to the indigent patient.

Sj. Mihirlal Chatterjee:

এই র‍্যাবিট জন্তু কামড়ালে তার ট্রীটমেন্ট করার জন্য যে মেডিসিন দরকার হয়, সেই মেডিসিন কি বাজারে সচরাচর কিনতে পাওয়া যায়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No.

Sj. Mihirlal Chatterjee:

যদি না পাওয়া যায়, তবে সেখানে সেই মেডিসিন যদি গভর্নমেন্টএর মনোপলি পজেশনএ থাকে, তাহলে সাধারণ মানুষ এই ঔষধ থেকে বঞ্চিত হবে কি না?

Mr. Speaker: Production is difficult. Government has the right of manufacture. You can manufacture also.

Dr. Abu Asad Md. Obaidul Chani: Will the Hon'ble Minister kindly let me know the names of the hospitals who have got this arrangement?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There are six hospitals—the Pasteur Institute, Sukhlal Karnani Memorial Hospital, Nilratan Sircar Medical Hospital, Victoria Hospital, Sambhunath Pandit Hospital and Mayo Hospital.

Dr. Abu Asad Md. Obaidul Chani: Does the Hon'ble Minister know that anti-rabic treatment is much more necessary outside Calcutta than inside Calcutta?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes.

Dr. Abu Asad Md. Obaidul Chani: I would naturally expect that mofussil area should have preference. Is there any scheme immediatey?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I have already told the honourable member that it is under active consideration.

Dr. Narayan Chandra Roy: Is it free?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes. It is given free in Calcutta hospitals.

Dr. Narayan Chandra Roy: It is given free on special recommendation. You cannot call it free.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: For every case it requires recommendation or certification from a doctor or a Civil Surgeon or any high authority.

Janab Golam Yazdani:

মফঃস্বল এরিয়াতে কুকুর বা শেয়ালে কামড়ালে মফঃস্বলের ডাক্তাররা সার্টিফিকেট দেয় এবং সেইটা নিয়ে সিভিল সার্জেনএর কাছে যেতে হয়। আমার প্রশ্ন হচ্ছে যে, সিভিল সার্জেনএর এই পাওয়ার আছে কি না যে মফঃস্বলের ডাক্তারকে দিয়েই ঐ ফুল কোর্স দিতে পারা যাবে কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, there are instances. There is no restriction. The Civil Surgeon can recommend that a particular doctor can give that medicine for injection. I come from mofussil. I have got experience for the last 32 years.

The Bejoy Chand Hospital, Burdwan

27. (Admitted question No. 228.) **Sj. Pramatha Nath Dhibar:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) সরকার জানাইবেন কি যে, বর্ধমান বিজয়চাঁদ হাসপাতালে কতজন রোগীর জন্য শয্যা নির্ধারণ করা আছে;

(খ) কতজন অন্তর্বিভাগীয় রোগীর পথ্য ও ঔষধ দিবার ব্যবস্থা আছে;

(গ) ইহা কি সত্য যে, ভিতরে স্থান দিতে না পারার জন্য বারান্ডায় রোগীদিগকে রাখা হয় এবং তাহাদের কোন পথ্যাদি ও ঔষধের ব্যবস্থা করার এবং রৌদ্র ও বৃষ্টিতে পর্দা দিবার ব্যবস্থা নাই;

(ঘ) ইহা কি সত্য যে, ঐ হাসপাতালে ভর্তিকরাকালীন ঔষধপত্র কিনিয়া দিতে হয় এবং ঔষধ কিনিয়া চিকিৎসা করাইতে হয়;

(ঙ) ঐ হাসপাতালটিকে জেলা হাসপাতালে রূপান্তরিত করিবার কোন scheme সরকারের আছে কিনা; এবং

(চ) থাকিলে, কখন হইতে ইহা কার্যকরী করা হইবে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:

(ক) ২৬০ জনের।

(খ) যতজন ভর্তি করা হয় ততজনেরই।

(গ) ভিতরে স্থান সংকুলান না হওয়ায় বারান্ডায় রোগীদিগকে রাখা হয় বটে, কিন্তু ইহা সত্য নহে যে, তাহাদের কোন পথ্যাদি ও ঔষধের ব্যবস্থা করার এবং রৌদ্র ও বৃষ্টিতে পর্দা দিবার ব্যবস্থা নাই।

(ঘ) না।

(ঙ) এ হাসপাতালটি বর্তমানেই জেলা হাসপাতালরূপে কাজ করিতেছে।

(চ) এ প্রশ্ন উঠে না।

Sj. Benoy Krishna Chowdhury:

আপনি (খ) প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে, যতজনকে ভর্তি করা হয়। কতজন ইন্ডোর পেসেন্ট সাধারণত ভর্তি হয়েছে এই ৬ মাসের মধ্যে, তার একটা ফিগার দিতে পারেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There are 216 beds. Nobody is refused, because if they come in a moribund condition it is not possible to send patients away home. So they are given admission. They are not refused.

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন, গত ৬ মাসের অ্যাভারেজ ফিগার ৪২ শত থেকে ৫ শত ভ্যারি করে, অথচ ইন্ডোর পেসেন্টএর স্যাংশনড স্ট্রেন্থ হচ্ছে ২৬০টি। তাহলে এই এত ভীড় হলে পেসেন্টদের অসুবিধা হয় কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, it may be possible. It is quite likely.

Sj. Benoy Krishna Chowdhury:

স্থানীয় হাসপাতালের অথরিটীর কাছ থেকে অনুসন্ধান করে জানাবেন কি যে, স্যাংশনড বেডএর ১০ পারসেন্টএর বেশী রোগীকে পথ্য দেওয়া হয় না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No. There is no such restriction. All the patients that are admitted are supplied with diet and medicine for treatment. I have personally visited that hospital several times and I have seen there are overwhelming number of patients. Even they are kept in verandahs and other places. They are all supplied with medicine and taken proper care of and given diet.

[3-20—3-30 p.m.]

Sj. Benoy Krishna Chowdhury:

আমার প্রশ্নটা দুই অংশে ভাগ করছি—একটা পথ্য আর একটা ঔষধের সম্বন্ধে। ঔষধ সম্বন্ধে আমার প্রশ্ন নাই, প্রশ্ন হচ্ছে পথ্য সম্বন্ধে। এই যে ৪৫০-৫০০ যেটা অ্যাভারেজ স্ট্রেংথ, সেই ৪৫০-৫০০ রোগীর পথ্য দেবার জন্য কিরকম ব্যবস্থা আছে জানতে চাই?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes. All the indoor patients who are remaining in the hospital are supplied with free diet and also medicine.

Sj. Benoy Krishna Chowdhury:

আপনি কি জানেন যে, ঐ টোটাল টাকা থেকে তারা কোনরকমে পুষিয়ে নেয়। প্রত্যেক রোগী-পিছু যে টাকা মঞ্জুর আছে, সেটা তো হবে ৪৫০ ঐ মঞ্জুরী টাকা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: That is a very wrong information and he has got a wrong impression also. I should request him to correct his information.

Mr. Speaker:

ব্যবস্থাটা একটু বুঝিয়ে দিন।

As many patients as come, they are admitted,—bed or no bed. They are sometimes made to lie on the verandah. Both medicine and diet are supplied free to anyone who comes.

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে, বর্দ্ধমান বিজয়চাঁদ হাসপাতাল পূর্বে একটা জেলা হাসপাতাল ছিল কিন্তু সেখানে রেফ্রিজারেটর নাই, যেটার দরকার। যে-সমস্ত ঔষধ, সিরাম ইত্যাদি রেফ্রিজারেটারে রাখা দরকার তার জন্য?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There are incubators in the Pathological Department.

Sj. Benoy Krishna Chowdhury:

আমার প্রশ্ন হচ্ছে, ঔষধ রাখার ব্যবস্থা থাকা উচিত; সেদিক থেকে আমার একটা প্রশ্ন এই যে, বর্দ্ধমান হাসপাতালটা একটা ডিস্ট্রিক্ট হাসপাতাল, সেখানে সিরাম ইত্যাদি রাখার জন্য কোন্ রেফ্রিজারেটর আদৌ আছে কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I can follow what the honourable member means. He wants to enquire whether there are refrigerators in the Bejoy Chand Hospital and he thinks that the incubators are indispensable for keeping the anti-biotics and other medicines. I can tell him that now-a-days by the introduction of Buffer compound it is not at all necessary to have refrigerators for that purpose.

Dr. A. A. M. Chani:

প্রশ্ন করা হয়েছে রেফ্রিজারেটার আছে কিনা? তার উত্তরে না বললেন। ইজ দ্যাট সো?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes.

Dr. A. A. M. Chani: Through the Buffer salt are you protecting serum?

The Hon'ble Anath Bandhu Ray: For the serum you do not require refrigerator. The only thing is that you should keep it in a cool and dark place. You know that a serum has got a certain life; after that it loses its potency; it becomes useless.

Sj. Arabinda Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে, গভর্নমেন্ট হাসপাতালে যেসব রোগী ভর্তি হয়, তাদের বাহির থেকে ঔষধ নিয়ে যেতে হয়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No, I do not know of any such instance.

Sj. Satyendra Narayan Majumdar:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন 'বাফার সল্ট' দিয়ে ঔষধ 'প্রটেকশন' করার ব্যবস্থা আছে। তাহলে এক্সাইজ ড্রাগ লাইসেন্স অনুযায়ী মফঃস্বলের ডাক্তারদের সিরাম-জাতীয় ঔষধ যে কোল্ড স্টোরেজে রাখা উচিত, তার এ্যারেঞ্জমেন্ট আছে কি?

Mr. Speaker:

বিজয়চাঁদ হাসপাতালের জন্য প্রশ্ন করছেন, না জেনারেল কোয়েশ্চেন করছেন।

It does not arise out of this question.

Sj. Satyendra Narayan Majumdar: It arises out of the supplementary.

Sj. Benoy Krishna Chowdhury: Arising out of answer given to (1).

(ঙ) প্রশ্নের উত্তর থেকে জানতে পারি কি যে, বিজয়চাঁদ হাসপাতাল শুধু এই জেলার রোগীদের জন্য ব্যবহৃত হয় না, আশপাশের ৫-৬টি জেলার রোগী দেখাতে আসে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, that is a fact.

Sj. Benoy Krishna Chowdhury:

সেজন্য সেটাকে জেলার দৃষ্টিতে না রেখে পশ্চিম অঞ্চলের আঞ্চলিক সংস্থা হিসাবে দৃষ্টি রেখে একে ৫০০ বেড'এর হাসপাতালে উন্নীত করার পরিকল্পনা আছে কি?

Mr. Speaker:

এ প্রশ্ন ওঠে না।

Sj. Pramatha Nath Dhibar:

আমি জানতে চাই——

Mr. Speaker: I will only request honourable members of this House if any particular honourable members responsible for the question, he should be given the first opportunity before anybody else.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Fixation of minimum wages in stone breaking and stone crushing industry

*90. (Admitted question No. *492.) **Dr. Ranendra Nath Sen:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) what steps have been taken by the Government to fix up minimum wages in the stone breaking and stone crushing industry in this State;

(*b*) whether the Government have been contemplating to set up an Advisory Committee for fixing up minimum wages in the stone breaking and stone crushing industry;

(*c*) if so, when minimum wages in the stone breaking and stone crushing industry will be fixed by the Government; and

(*d*) what is the present average rate of wage prevailing in the stone breaking and stone crushing industry?

The Minister for Labour (the Hon'ble Abdus Sattar): (a) The question of fixing minimum wages under the Minimum Wages Act, 1948, will be taken up as soon as the Government of India delgates its power in respect of Central quarries.

(*b*) Yes.

(*c*) Cannot be said at this stage.

(*d*) Different rates are paid by different establishments. The minimum rates vary from Re. 1-2 to Rs. 2-6.

Dr. Ranendra Nath Sen:

আনসার (বি) সম্পর্কে আমার প্রশ্ন হচ্ছে যে, গভর্নমেন্ট থেকে সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছে কি অনুরোধ করা হয়েছে টু ডেলিগেট পাওয়ার?

The Hon'ble Abdus Sattar: Under proviso to section 3 of the Minimum Wages Act, 1948, Government is required to fix minimum wages in industries where total employment in the establishments under the State sphere is 1,000 or more. In the case of stone-breaking and stone-crushing industry it was found that the establishments under the State sphere did not satisfy the above condition and so it was not considered necessary to fix minimum wages in respect of this employment. Subsequently, however, the Government of India agreed to delegate its power in respect of the stone quarries under the Central sphere and the number of workers in the establishments, both under the State and the Central sphere, has now exceeded 1,000. The question of fixing minimum wages under the Act in respect of the employment will be taken up as soon as the Government of India delegates its power in respect of the Central quarries. There will be some delay in setting up an Advisory Committee as the prescribed time-limit has already expired. The Central Government has already introduced an Amendment Bill before the Parliament to extend the time-limit and the Advisory Committee will be set up as soon as the amendment is passed by the Parliament. Meanwhile, preliminary steps for selecting the personnel of the Committee are being taken.

Extension of the scope of the Minimum Wages Act

***91.** (Admitted question No. *491.) **Dr. Ranendra Nath Sen:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state —

(*a*) the names of industries to which the Minimum Wages Act has so far been extended by this State Government;

(*b*) in what way the minimum wages have been fixed for those industries which have been brought within the scope of the said Act;

(*c*) whether any Advisory Committee was formed to advise on the fixation of such minimum wages; and

(*d*) if so, how many Advisory Committees have been formed?

The Hon'ble Abdus Sattar: (*a*) Tea Plantations, Cinchona Plantations, Bidi-making, Cigarette-manufacturing, Rice Mills, Oil Mills, Flour Mills, Road Construction and Building Operations, Public Motor Transport, Tanneries and Leather Manufacturies and Local Authorities.

(*b*) On the recommendation of the Advisory Committees and the Advisory Board.

(*c*) Yes.

(*d*) Fourteen.

3-30—3-40 p.m.]

Dr. Ranendra Nath Sen:

এই এ্যাডভাইসরি কমিটি এবং এ্যাডভাইসরি বোর্ডগুলি কোন্ সময় নাগাদ তৈরী হয়েছিল?

The Hon'ble Abdus Sattar: I want notice.

Dr. Ranendra Nath Sen:

আমি আরও একটু স্পেসিফিক্যালি জিজ্ঞাসা করছি, রাইস মিল এবং অয়েল মিল, এগুলির এ্যাডভাইসরি বোর্ড কবে নাগাদ দেওয়া হয়েছিল?

Mr. Speaker: The Hon'ble Minister asked for notice. I would like to tell the Hon'ble Minister that if he can't answer the question he should not bother about the answer. I will hold it over.

The question is held over till tomorrow.

Application of the provisions of the Plantation Labour Act to Cinchona Plantations

***92.** (Admitted question No. *421.) **Sj. Bhadra Bhadur Hamal:** (a) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state whether the provisions of the Plantation Labour Act, 1951, have been applied in the Mungpoo and other Cinchona Plantations of Darjeeling district?

(*b*) If the answer to (*a*) be in the negative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the reason for the same; and

(*ii*) when the Act is going to be applied in Cinchona Plantations?

The Hon'ble Abdus Sattar: (a) Under section 1(4) of the Plantation Labour Act, 1951, the provisions of the Act are applicable to all Cinchona Plantations in this State including that at Mungpoo.

(*b*) Does not arise.

Sj. Bhadra Bahadur Hamal:

क्या माननीय मंत्री महाशय बतलायेंगे कि Cinchona Plantation Labour Act जो १९५१ का है कब से लागू होता है?

The Hon'ble Abdus Sattar: The Act came into force from 1st April, 1954. The rules thereunder have been finalised in December 1956. Since the finalisation of rules efforts are being made for enforcement of provisions of the Act as far as possible and administrative machinery is being set up for the enforcement of the provisions of the Act.

Sj. Bhadra Bahadur Hamal:

क्या माननीय मंत्री महाशय बतलायेंगे कि Plantation Labour Act के मुताबिक जितनी सुविधायें मिलनी चाहिए, उतनी सुविधायें अभी मिल रही हैं?

The Hon'ble Abdus Sattar:

जो कुछ भी rules में बताया गया है उसीके अनुसार housing सुविधायें और medical facilities दी जाती है।

Sj. Deben Sen: Arising out of reply to (a) where it has been stated that the provisions of the Act are applicable, will the Hon'ble Minister be pleased to state whether they have been applied actually.

The Hon'ble Abdus Sattar: Yes

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে প্ল্যানটেশন লেবার এ্যাক্ট যদি ইমপ্লিমেন্টেড হয়, তাতে প্রসিকিউশনএর বন্দোবস্ত আছে, এখন সিনকোনাতে এই যে প্রভিশনগুলি ইমপ্লিমেন্ট করার কথা, সেগুলি না করার ফলে কোন প্রসিকিউশন হয়েছে কি?

The Hon'ble Abdus Sattar: I require notice.

Closing down of certain jute mills

***93.** (Admitted question No. *175.) **Sj. Subodh Banerjee:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) the names of jute mills closed down during the last one year;

(*b*) the number of workers involved;

(*c*) the reason of such close-down as given by the Management;

(*d*) whether the step was taken by the Management of the concerns after consultation with the Government; and

(*e*) if the Government have any scheme to run the concerns and, failing it, to give alternative jobs to the unemployed workers of the mills?

The Hon'ble Abdus Sattar: (a)(*i*) Luxmi Jute Mills.

(*ii*) Victory Jute Products.

(*iii*) Standard Jute Mills.

(*iv*) North Alliance Jute Mills.

(*v*) Waverly Jute Mills.

(*vi*) Union South Jute Mills (partially closed).

(*b*) About 10,200 workers.

(*c*) Financial difficulties and uneconomic running of the units.

(*d*) No.

(*e*) No. Alternative jobs are being offered by the companies concerned as far as available. Where no such jobs are available, arrangements are being made to ensure payment of retrenchment compensation as admissible under the law.

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, রিট্রেঞ্চমেন্ট দেবার বিধি আইনে যা আছে, এই আইনানুসারে লক্ষ্মী জুট মিল ওয়ার্কারসদের রিট্রেঞ্চমেন্ট বেনিফিট দেবার ব্যবস্থা হয়েছে ক না?

The Hon'ble Abdus Sattar:

দেবার ব্যবস্থা করা হয়েছে, মিল মালিককে নোটিস দেওয়া হয়েছে।

Sj. Subodh Banerjee:

কবে এই নোটিস দিয়েছেন, দয়া করে জানাবেন কি?

Sj. Jatindra Chandra Chakravorty:

লক্ষ্মী জুট মিল কবে নাগাদ বন্ধ হয়েছে?

The Hon'ble Abdus Sattar:

বন্ধ হয়েছে জন ২-৩-১৯৫৭।

Dr. Suresh Chandra Banerjee:

যেগুলি বন্ধ হয়েছে, সেগুলি চালানোর পরিকল্পনা গভর্নমেন্টএর নেই কেন?

The Hon'ble Abdus Sattar:

এইটা সেন্ট্রাল সাবজেক্ট।

Dr. Suresh Chandra Banerjee: Nationalisation of jute mills is not a Central Subject.

জনগণের উপর ট্যাক্স না চাপিয়ে এইসব রাষ্ট্রায়ত্ব করবেন কি না?

The Hon'ble Abdus Sattar:

কোন শিল্পকে করায়ত্ব করবেন কি না তা কেন্দ্রীয় সরকারের বিবেচ্য বিষয়।

Janab Shaikh Abdulla Farooquie:

সেদিন একটা প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, লেবার কমিশনার রিট্রেঞ্চমেন্ট বেনিফিট ব্যাপারে অথরিটি। আমি ওঁর অফিসে গিয়েছিলাম, তাঁরা বললেন যে, তাঁরা কিছু করতে পারবেন না। অথচ রিট্রেঞ্চমেন্ট বেনিফিটের কেস ফাইল করা হয়েছে। তাঁরা বললেন যে, এটা লেবার কমিশনারের অফিসের বাইরে, এটা আমাদের নয়। কাজেই আমি জিজ্ঞাসা করছি যে, এ-ব্যাপারে প্রপার অথরিটি কে?

The Hon'ble Abdus Sattar: So far as Luxmi Jute Products are concerned action has been taken to realise dues of the workers under section 33(c) of the Industrial Disputes Act, 1947.

Janab Shaikh Abdulla Farooquie:

১ হাজার ২ শো লোকের কেস দেওয়া হয়েছে রিট্রেঞ্চমেন্ট বেনিফিট ব্যাপারে কিন্তু এ-পর্যন্ত কোন কিছুই হয় নি। কবে নাগাদ হতে পারে বলতে পারেন কি?

The Hon'ble Abdus Sattar:

কবে নাগাদ হবে নিশ্চয় করে এই অবস্থায় বলতে পারা যায় না।

Sj. Somnath Lahiri:

উনি বলেছেন, যে-কোন শিল্প রাষ্ট্রায়ত্ব করতে হলে তা কেন্দ্রীয় সরকার করে থাকেন—এ-বিষয়ে রাজ্য-সরকার কোন সুপারিশ করতে পারেন কি, অর্থাৎ চট শিল্পের, বিশেষ করে যে-সমস্ত কারখানা অচল হয়ে গেছে, সেগুলি রাষ্ট্রায়ত্ব করার বিষয়ে আপনারা কোন সুপারিশ করেছেন কি?

Mr. Speaker: He has said that it does not concern the State Government because it relates to a particular firm. That is a matter for the Central Government.

Sj. Somnath Lahiri: Sir, my question is whether they have made any recommendation to that effect to the Central Government.

The Hon'ble Prafulla Chandra Sen: That is a matter concerning the Industries Department and not the Labour Department.

Sj. Jatindra Chandra Chakravorty:

সিতে বলেছেন যে, [illegible] বৃত্তি দেখিয়েছেন ফাইন্যান্সিয়াল ডিফিকালটিজ এ্যান্ড আন-ইকনমিক রানিং অফ দি ইউনিটস। মন্ত্রীমহাশয় জানাবেন কি, সরকার কি সেই বৃত্তিতে সন্তুষ্ট হয়েছিলেন বা তদন্ত করেছিলেন?

The Hon'ble Abdus Sattar:

কর্তৃপক্ষ বন্ধ করে দেবার পর আমরা সেটা জানতে পেরেছি।

Sj. Deben Sen: Arising out of this reply given to (c) will the Hon'ble Minister be pleased to state whether Government made any enquiries as to whether these units were really in financial difficulties or was uneconomically running.

The Hon'ble Abdus Sattar: Yes. We examined the balance-sheets.

[3-40—3-50 p.m.]

Sj. Gopal Basu:

যে মিলগুলির নাম দিয়েছেন, তার মধ্যে রিলায়েন্স জুট মিলএর নাম নাই কেন?

The Hon'ble Abdus Sattar:

যে তারিখের উত্তর দেওয়া হয়েছে, তারপরে বন্ধ হয়েছে বলে।

Sj. Gopal Basu:

প্রশ্নটা পাবার পরে বন্ধ হলেও কি খবরটা বলতে পারেন না?

Mr. Speaker: That does not arise.

Sj. Gopal Basu:

(ডি) প্রশ্নে ছিল—

whether the step was taken by the management of the concerns after consultation with the Government.

আপনি প্রশ্নের জবাবে বলেছেন নো; আপনি একবার এই এ্যাসেমব্লী ফ্লোরএ বলেছিলেন যে, একটা রিটেন এ্যাস্যুর দিয়েছিলেন,—

no mills will be closed down without prior consultation with Government.

Mr. Speaker: He has already answered "no".

Sj. Gopal Basu: I want to know whether any step has been taken.

The Hon'ble Abdus Sattar:

আমি বলেছি, ১২ই জুন তারিখের পর কোন কল বন্ধ করার পূর্বে সরকারের কাছে সংবাদ দিতে হবে। তারপর যেসব কল বন্ধ হয়েছে, তারা সরকারকে সংবাদ দিয়েছে এবং আমরাও তাদের ব্যালেন্স-শিট পরীক্ষা করে দেখেছি।

Sj. Jatindra Chandra Chakravorty:

সেকশন ৩৩(সি) অনুসারে কতগুলি কোম্পানী সম্পর্কে রিট্রেঞ্চমেন্ট কম্পেনসেশন রিয়ালাইজ করার জন্য ব্যবস্থা হচ্ছে ও নোটিস দেওয়া হবে বলে মন্ত্রীমহাশয় বলেছেন, বাকি চটকলগুলি সম্পর্কে এইরকম ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কি?

The Hon'ble Abdus Sattar:

ব্যবস্থা করা হয়েছে, না হলে করা হবে।

Dr. Ranendra Nath Sen: Supplementary question, Sir.

মন্ত্রীমহাশয় বলেছেন—

answer (e)তে alternative jobs are being offered by the companies concerned as far as available,

কত লোক এইরকম অল্টারনেটিভ জবস পেয়েছে?

The Hon'ble Abdus Sattar:

আমি নোটিশ চাই।

Mr. Speaker: If you put specific question, he will ask for notice.

Sj. Jatindra Chandra Chakravorty:

মন্ত্রীমহাশয় বলেছেন ২-৩-১৯৫৭ তারিখের পর থেকে যেসব কল বন্ধ হয়েছে, তাদের ম্যানেজমেন্ট অল্টারনেটিভ এমপ্লয়মেন্ট সম্বন্ধে কন্সিডার করছে। এই ৯ মাসের মধ্যেও যদি অল্টারনেটিভ এমপ্লয়মেন্টএর ব্যবস্থা করতে না পেরে থাকে।

Mr. Speaker: You have completely misunderstood the whole thing. Efforts are being made to find alternative employment. The next question was—will the Hon'ble Minister be good enough to tell the House how many persons have already received alternative employment? That is a difficult question to answer offhand.

Sj. Jatindra Chandra Chakravorty:

কেন লোক অলটারনেটিভ এমপ্লয়মেন্ট পেয়েছে কি?

[নো রিপ্লাই]

Industry-wise factory employment in the State

***94.** (Admitted question No. *563.) **Dr. Ranendra Nath Sen:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state with reference to his statement on June 24, 1957, on the floor of the Assembly that the number of employees in registered factories in 1956 was 657,583 as against 634,526 in 1952—

(*a*) industry-wise factory employment in West Bengal during the years 1949, 1951, 1954, 1955 and 1956; and

(*b*) method adopted for calculating these employment figures?

The Hon'ble Abdus Sattar: (*a*) A statement is laid on the Library Table.

(*b*) Employment figures have been compiled from the returns submitted by factories.

Dr. Ranendra Nath Sen:

লাইব্রেরী টেবিলে যে ফিগার আছে তাতে আমরা দেখতে পাচ্ছি যে, অনেকগুলি ইন্ডাস্ট্রীর পারসোন্যাল ডিস্প্লেসড হয়ে যাচ্ছে. এ বিষয়ে গভর্নমেন্ট কিছু চিন্তা করেছেন কি?

The Hon'ble Abdus Sattar: I have nothing to add.

Dr. Ranendra Nath Sen: What is the meaning of 'nothing to add'? In certain industries—excepting 2 or 3—the number of workers employed has been reduced. So my question is what is this reduction due to.

The Hon'ble Abdus Sattar: I am not aware of any reason.

Sj. Deben Sen: Taking the whole period as shown in the table from 1949-56, will the Hon'ble Minister be pleased to state what are the reasons for the dwindling number of employees as compared with 1949 and as given in 1956. This covers the whole of the First Five-Year Plan and a portion of the Second Five-Year Plan period.

The Hon'ble Abdus Sattar: There are many reasons and one of the reasons is modernisation of factories.

Mr. Speaker: You mean to say that it has gone down by thousands?

Sj. Deben Sen: Yes, Sir, in 1949 it was 665,000, in 1951—654,000, in 1954—609,000, in 1955—634,000 and in 1956—657,000.

Dr. Ranendra Nath Sen:

তা হ'লে র‍্যাশনালাইজেশন, মর্ডানাইজেশন, যাহা কিছু বলুন না কেন, সমস্ত কিছুরই রেজাল্ট হচ্ছে রিডাকশন অব স্টাফ।

The Hon'ble Abdus Sattar: It may be in certain industries.

Dr. Ranendra Nath Sen:

টোটাল ইন্ডাস্ট্রিয়াল পপুলেশনএর দিক থেকে বলেছেন ছাঁটাই?

The Hon'ble Abdus Sattar: Yes.

Dr. Ranendra Nath Sen: The Hon'ble Minister has made contradictory statements. He said that as a result of rationalisation retrenchment has taken place, but now he says 'no'.

The Hon'ble Abdus Sattar: They may be employed elsewhere outside the State.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, কতকগুলি ইন্ডাস্ট্রী র‍্যাশনালাইজেসন হয়েছে এবং মাননীয় রণেন সেনের প্রশ্নের জবাবে স্বীকার করেছেন, ছাঁটাই হয়েছে, এখন মাননীয় মন্ত্রী-মহাশয় জানাবেন কি, যে এই র‍্যাশনালাইজেসন হবার পর যে ছাঁটাই হয়েছে, তাতে ওয়ার্কারদের ওয়ার্ক লোড বেড়েছে?

Mr. Speaker: I do not think that question arises.

Application of Plantation Labour Act in Cinchona Plantations

***85.** (Admitted question No. *687.) **Sj. Rama Shankar Prasad:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) if it is a fact that Plantation Labour Act has not yet been applied in the Cinchona Plantations of Kalimpong and Kurseong sub-divisions under Darjeeling district;

(*b*) if so, the reasons therefor; and

(*c*) what steps, if any, are being taken by the Government to implement the provisions of the said Act in the case of Cinchona Plantation workers of Kalimpong and Kurseong subdivisions?

The Hon'ble Abdus Sattar: (a) No. (b) and (c) Do not arise.

[3-50—4 p.m.]

Sj. Rama Shankar Prasad: Will the Hon'ble Minister be pleased to state whether all the provisions of the Plantation Labour Act have been applied in the Plantations in question.

The Hon'ble Abdus Sattar: Rules have been framed under the Act and these are being enforced.

Sj. Rama Shankar Prasad: May I take it that the provisions of the Plantation Act are not applied in toto in the Plantations in question.

The Hon'ble Abdus Sattar: Under the rules there are certain exemptions.

Sj. Rama Shankar Prasad: May I know what are those?

The Hon'ble Abdus Sattar: I require notice.

Maintenance of charitable dispensaries and hospitals run by zamindars and intermediaries

***96.** (Admitted question No. *87.) **Sj. Basanta Kumar Panda:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) whether Government are running charitable dispensaries and hospitals which were run by zamindars and other intermediaries up to the date of vesting of their estates in the State, i.e., 1st Baishakh, 1362 B.S.;

(*b*) if not, the reasons thereof; and

(*c*) whether Government have any plan for running such a dispensary so long run by the Maharajadhiraj of Burdwan at Kuzlagarh, police-station Bhagabanpur, in the district of Midnapore?

The Minister of State for Health (the Hon'ble Dr. Anath Bandhu Ray): (*a*) and (*c*) No.

(*b*) The dispensaries and hospitals in question have not been made over to Government. However, Government are examining the possibilities of utilising some of them for establishment of Health Centres provided they are suited for the purpose.

Sj. Ramanuj Halder:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যেখানে (বি)র উত্তরে বলেছেন, মেড ওভার করা হয় নাই, এখন সেগুলি হস্তান্তরে রাজী থাকলে সেগুলো গ্রহণ করা হবে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There is no provision under the Estates Acquisition Act which makes it incumbent on the State Government to take over the charitable dispensaries and hospitals which were run by Zemindars.

Sj. Ramanuj Halder:

জেলা বোর্ডের অধীনস্থ যে-সমস্ত চিকিৎসালয়-হাসপাতাল আছে, সেগুলি গ্রহণ করা সরকারের কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, they are going to be taken over.

Sj. Bhupal Chandra Panda: ...

এই যে এ্যান্সার (বি)তে বলেছেন সুটেড ফর দি পারপাজ, এর মানে কি?

Mr. Speaker:

অর্থাৎ যে কাজের জন্য, তার উপযোগী।

Sj. Bhupal Chandra Panda:

আমি সেটা ক্লারিফিকেশনএর জন্য জানতে চাচ্ছি।

The Hon'ble Dr. Anath Bandhu Ray: For starting a Health Centre or a Health Unit it is necessary to have sufficient land available and also the building should be in a proper condition or it should be in an economically repairable condition so that it can be converted. All these factors have got to be considered before a Health Unit can be started.

Sj. Bhupal Chandra Panda:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, যে হাসপাতাল ছিল, সেটা বন্ধ হয়ে যাবার পর ঐ এলাকার জন্য ইউনিয়ন হেল্‌থ্‌ সেন্টার হিসেবে সেটা ব্যবহার করা যেতে পারতো কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No.

Dr. Pabitra Mohan Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, এই সমস্ত চ্যারিটেবল ডিস্পেন্সারী যেখানে ছিল, এইরকম জায়গায় লোক বিনা চিকিৎসায় যথেষ্ট অসুবিধা ভোগ করছে, ঐ ডিস্পেন্সারী না থাকার জন্য?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It is a matter of opinion because we have got in West Bengal many Health Centres which are near each other. So it is not difficult for them—of course it may be difficult—but it is not a fact that it is not possible for them to get hospital relief.

Dr. Pabitra Mohan Roy:

যে-সমস্ত জায়গাগুলির কথা এখানে বলা হয়েছে, তার পাশে হেল্‌থ্‌ সেন্টার আছে বলে বলছেন, তাতে সেই সমস্ত এলাকার লোকের চিকিৎসার সুব্যবস্থা হচ্ছে না—সেটা কি মন্ত্রীমহাশয় স্বীকার করেন?

Mr. Speaker:

উনি তো বললেন—

It is a matter of opinion.

Sj. Haridas Dey:

যে-সমস্ত হাসপাতাল সরকার থেকে নেওয়া হয় না, এইরকম হাসপাতালে সরকার থেকে কোনরকম আর্থিক সাহায্য দেওয়া হয় কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, Sir, in some dispensaries and hospitals there is provision for endowment and out of that, help is given and in the case of dispensaries and hospitals run by local bodies grants are given from the Government.

Sj. Haridas Dey:

গ্রান্টটা কত টাকা পর্যন্ত?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I can't say exactly: It depends on individual hospitals.

Sj. Sunil Das: Arising out of reply (b) will the Hon'ble Minister be pleased to state whether negotiations have been started to take over the hospitals and charitable dispensaries in question.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, Sir, the proposal for the establishment of a Health Centre at Kajlagarh has been included in the Second Five-Year Plan.

Sj. Sunil Das: That was not my question. Arising out of your answer (b) has any negotiation been started for taking over any of the charitable dispensaries and hospitals, as posed in question (a)?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It has not yet been done. But in this particular case in the dispensary in question, viz., the Kazalgarh dispensary, there are two buildings and both of them are in a dilapidated condition. So it is not economically possible to have them repaired or utilised for that purpose.

Sj. Byomkes Majumdar:

আপনি ইউনিয়ন বোর্ড এলাকায় হেল্‌থ্‌ সেন্টার আছে বলেছেন, মিউনিসিপ্যাল এলাকায় যে-সমস্ত ডিস্পেন্সারীগুলি স্টেটস এ্যাকুইজিশনএর ফলে অচল হয়ে পড়েছে, সেখানে সরকার সাহায্য দিতে বা সরকারের হাতে নিতে পারেন কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, it has already been decided, as I told you before, that dispensaries and hospitals which were being run so long by the local bodies are going to be taken over by Government. It is now only a question of laying down a programme for taking them over. It has already been started in Purulia.

Sj. Byomkes Majumdar:

লোক্যাল বডিজ সম্বন্ধে আমি বলছি না। জমিদারী স্টেটের আয় থেকে যে-সমস্ত ডিস্পেন্সরী চলতো, মিউনিসিপ্যাল এলাকায় সেই ডিস্পেন্সারী, জমিদারী সরকারের হাতে ভেস্ট করবার পর তাদের আয় কমে যাবার ফলে তার অবস্থা অচল অবস্থায় এসেছে, সরকার সেগুলো নেবেন কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No, there is no provision in the Act for this.

Sj. Byomkes Majumdar:

সেগুলির দ্বারা যাতে পাবলিক বেনিফিটেড হতে পারে, তার জন্য কোন সরকারী সাহায্য পাওয়া যাবে কি না?

Mr. Speaker: Question time over. Further supplementaries on this question held over.

[4—4-10 p.m.]

"Messages

Secretary (Sj. A. R. Mukherjea): Sir, the following messages have been received, viz.,—

(1) The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1957, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 2nd December, 1957, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 2nd December, 1957.

(2) That the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957, was passed by the West Bengal Legislative Council with amendment at its meeting held on the 3rd December, 1957, and that the concurrence of the Assembly be asked to the following amendment made in the Bill by the Council, namely:—

AMENDMENT.

Clause 7

In the last line, after the words "opportunity of being heard" the words "and after recording reasons therefor" have been inserted.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 3rd December, 1957.

"Message

(3) The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1957, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 4th December, 1957, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 4th December, 1957.

COVERNMENT BILLS

The Prisons (West Bengal Amendment) Bill, 1957.

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, কারামন্ত্রী মহোদয়া যে বিল এনেছেন—হুইপিং এবং ট্রান্সপোর্টেশন সম্পূর্ণভাবে জেল-আইন থেকে উঠিয়ে দেওয়া সম্পর্কে—এই আইনটা নিশ্চয়ই ভাল আইন, সে বিষয়ে কোন সন্দেহ নেই। কারণ সভ্যতা বিস্তারের সঙ্গে সঙ্গে, বিজ্ঞানের বিস্তারের সঙ্গে সঙ্গে মানুষের উপর এইরকম পাশবিক শাস্তির ব্যবস্থা অত্যন্ত অশোভন এবং সেই ব্যবস্থা উঠিয়ে দেবার জন্য এই বিল আনা হয়েছে। আজ পৃথিবীতে সমস্ত সভ্য-জাতি যেরকম উপায়ে অপরাধীদের, গুরুতর অপরাধীদেরও শাস্তির ব্যবস্থা করে, সেটা প্রতিশোধ-মূলক নয়, সেটা সংস্কার মনোবৃত্তিমূলক। খালি শাস্তি-দ্বারা মানুষের যে অপরাধপ্রবণতা, সেটা দূর করা যায় না। মানুষকে এমন একটা আবহাওয়ার মধ্যে, এমন একটা অবস্থার মধ্যে আনতে হবে, যাতে করে তার এইসব অপরাধ করবার যে ইচ্ছা, সেই ইচ্ছা সম্পূর্ণভাবে নষ্ট হয়ে যায়, যার ফলে ভবিষ্যতে সে জাতির একজন সম্মানজনক নাগরিকে পরিণত হতে পারে। অনেক সময় আমরা দেখেছি যে, শিক্ষার অভাবে, এবং কাজের অভাবে অনেক সময় মানুষকে নিজের জীবিকা অর্জনের প্রচেষ্টার জন্য নানারকম অপরাধের আশ্রয় গ্রহণ করতে হয়। কাজেই সেই অপরাধ তারা যে অবস্থায় পড়ে করে, সেই অবস্থা যদি দূর করে দেওয়া যায়, তাহলে নিশ্চয়ই তারা সেই অপরাধ করবে না। কাজেই সেই দিক থেকে হুইপিং চাবুক মারার মত যে একটা অমানুষিক ও পৈশাচিক ব্যবস্থা ছিল, সে ব্যবস্থা উঠিয়ে নেবার জন্য এই বিল এনে নিশ্চয়ই মন্ত্রীমহোদয়া আমাদের ধন্যবাদার্হ হয়েছেন, সে বিষয়ে সন্দেহ নেই। জেলের যে আইন আছে, সেই আইনের মধ্যে নানারকম অমানুষিক যে সমস্ত শাস্তির ব্যবস্থা আছে, সেগুলোও যদি তিনি এই সঙ্গে সঙ্গে তুলে দিতেন, তাহলে আরও ভাল হত। এই কারা-সংস্কার ব্যাপারে মন্ত্রীমহোদয়া আমাদের আহ্বান করেছিলেন; এইসব বন্দীরা যাহাতে প্রকৃত নাগরিকের জীবন যাপন করতে পারে এবং যাতে তাদের অপরাধ-প্রবণতা কমে যায়, সে সম্পর্কে তিনি আমাদের সঙ্গে আলোচনা করেছেন এবং তার জন্য একটা স্কীমও করেছেন। কিন্তু এইসব কারাগারের মধ্যে আরও যে-সমস্ত শাস্তির ব্যবস্থা, অমানুষিক শাস্তির ব্যবস্থা রয়েছে, সেইগুলি সম্পূর্ণভাবে যাতে উঠিয়ে দেওয়া যায়, সেইজন্য আরও বিশদভাবে, ব্যাপকভাবে এই আইনের সংশোধন করা উচিত ছিল। ইউ, পি, গভর্নমেন্ট তাদের সমস্ত জেলে যেসব অপরাধী এবং জেলের বাইরে যেসব অপরাধী, তাদের নিয়ে একটা সম্মেলন করেছিলেন এবং সেই সম্মেলনে কতকগুলি প্রস্তাব গৃহীত হয়েছিল। সেই সম্মিলনীর একটা বিশেষ প্রয়োজনীয় প্রস্তাব ছিল যে, যারা অপরাধ করে যাবে জেলখানার মধ্যে, তাদের সহিত যাতে মানুষের মত ব্যবহার করা হয়, সহানুভূতির সহিত তাদের প্রতি ব্যবহার করা যায়, সেইরকমভাবে জেলের কর্মচারীরা যাতে শিক্ষিত হয় এবং যাতে তারা সেই রকম ব্যবহার করতে পারে—এইটেই ছিল সেখানের, জেলখানার কয়েদীদের দাবী। জেলখানায় যে কয়েদীরা থাকে, এ-পর্যন্ত তাদের উপর অত্যধিক অমানুষিক ব্যবহারই চলে এসেছে। এইসব অপরাধীদের অনেক সময় গানী ক্রোদিং পরান হয় বা এমন কাপড় তাদের পরতে দেওয়া হয়, তাদের অপরাধের শাস্তির জন্য, যা নাকি ঠিক সাধারণ মানুষে ত পরতে

পারেই না, এমন কি অপরাধীরা পরতে পারে না। তারপর পেনাল ডায়েট—যেমন মাড়-ভাত অপরাধীদের জন্য জেলের মধ্যে যে আইন আছে, সেই আইনে, সেই অপরাধীদের হয় ত ৩।৪ দিন ধরে মাড়-ভাত খাইয়ে রাখা হয়। অনেক সময় হ্যান্ড-কাফ, ফেটারস, ডাণ্ডা-বেড়ী, এইসবের ব্যবস্থা আছে। আমরা অবশ্য জানি, যারা খুব গুরুতর অপরাধে অপরাধী, তাদের জন্যই হয়ত এইরকম সাজার ব্যবস্থা করা হয়, কিন্তু আমি পূর্বেই বলেছি যে, আগে যেভাবে সাজার ব্যবস্থা করা হোত, সেটা অমানুষিক। কি অবস্থায় পড়ে একজন গুরুতর অপরাধ করে, সেই অবস্থা অনুসন্ধান করে তার প্রতি যাতে মনুষ্যোচিত ব্যবহার করা হয়—আমরাও যেমন মানুষ, জেলের কর্মচারীরাও মানুষ, সেও তেমনি একজন মানুষ, কাজেই সেইদিক থেকে বিবেচনা করে তাদের প্রতি সেইরকম ব্যবহার ও ব্যবস্থা করা উচিত। সেইজন্য আমরা মনে আশা করেছিলাম, এই যে বিল এসেছে, এই বিলের মধ্যে, এই কারা বিলের মধ্যে, কারা-বন্দীদের উপর যে-সমস্ত অমানুষিক শাস্তির ব্যবস্থা আছে, সেই-সমস্ত শাস্তি তুলে দেওয়া হবে।

[4-10—4-20 p.m.]

অন্যান্য দেশে জেলখানাকে এক শিক্ষালয়ে পরিণত করা হয়েছে। আমাদের ভারতবর্ষে একটা জেলখানায় হাই-স্কুল প্রতিষ্ঠা করা হয়েছে। মানুষের চরিত্রের পরিবর্তন ঘটায়, যদি সে অধিকতর শিক্ষাপ্রদ আবহাওয়ার মধ্যে বাস করতে পাবে। কাজেই সেই দৃষ্টিতে জেলখানার সমস্ত কাজের পরিবর্তন করা দরকার এবং জেলখানার শাসন ব্যবস্থা পরিচালনারও পরিবর্তন করা দরকার। আমি আশা করি যে, কারা-মন্ত্রীমহাশয় এবিষয়ে ভাবছেন। আজ যদিও আইনে হুইপিং এ্যাক্টটা তুলে নেওয়া হয়েছে কিন্তু অদূরভবিষ্যতে এমন একটা আইন আনা হবে যে আইনে আরও যে-সমস্ত, যেটা আমরা মনে করি মনুষ্যোচিত নয় সেইরকম যে-সমস্ত অন্যায় বিধি আছে, তার সংশোধন করা হবে এবং জেলখানায় বাস্তবিক যাতে মানুষের চরিত্রের সংশোধন হয় সেরকমভাবে আইন তৈরী করা হবে। এজন্য এমন সমস্ত কর্মচারী নিয়োগ করা হবে, যারা বাস্তবিক তাদের প্রতি কোনরকম ঘৃণা বা দুর্ব্যবহার না করে সহানুভূতির সহিত তাদের সঙ্গে ব্যবহার করবে এবং তাদের চরিত্রের সংশোধন করবে।

Sj. Niranjan Sengupta:

মিঃ স্পীকার, স্যার, মাননীয় কারামন্ত্রী মহাশয়া বেত্রদান বন্ধ করার জন্য যে বিল আনছেন জুডিসিয়াল পানিসমেন্টএ বেত্রদান বন্ধ করার জন্য তাঁকে ঐ বিল আনতে হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে যে বৃটিশ আমলের অনেক বিকৃত ব্যবস্থা জেলখানার ভেতরে এখনও প্রচলিত আছে এবং নিজেরা ভুক্তভোগী বলে সেইসব জিনিষ আজকে এখানে বলতে হচ্ছে। কিন্তু মাননীয়া মন্ত্রীমহাশয়া শুধু হুইপিংটা বন্ধ করার জন্যই এই বিলটা আনছেন। আমি গেল বাজেট অধিবেশনে যখন বলেছিলাম যে, ব্রিটিশ রেলিকস এখনও জেলখানার ভেতরে আছে, তখন তিনি আমাকে বলেছিলেন যে, আপনারা সবই ঐ চোখে দেখেন। কিন্তু এবার কিছুদিন আগে, আমাদের সৌভাগ্য কি দুর্ভাগ্য জানি না, জেলখানায় কয়েকদিনের জন্য থাকতে হয়েছিল। ঐ সময় আমরা দেখেছি যে অনেক জিনিষ যেগুলো তখন আমরা সবাই মিলে নিন্দা করতাম, সেগুলো এখনও জেলখানার ভেতরে আছে। মাননীয় হেমন্তবাবু হ্যান্ডকাফএর কথা বলেছেন। কিন্তু নাইট হ্যান্ডকাফ বলে একটা জিনিষ আছে অর্থাৎ সমস্ত রাত্রি জেলখানার ভেতরে হ্যান্ডকাফ পরিয়ে ঝুলিয়ে রাখা হয়। অথচ যে আইন আনা হচ্ছে সেই আইনে হ্যান্ডকাফ বন্ধ করার কোন কিছু নেই কিংবা অন্যান্য যে-সমস্ত পাশবিক জিনিষ যা যা এখনও জেলখানায় বিদ্যমান আছে, সেগুলোকে তুলে নেবার জন্য এই আইন আসে নি। কি করে কারা-সংস্কার করা যায় তার জন্য কিছুদিন আগে মন্ত্রীমহাশয়া আমাদের ডেকেছিলেন এবং সেখানে কিছুটা আলোচনাও হয়েছিল। কিন্তু এই বিল যেভাবে আনা হচ্ছে, তাতে এই বিলে বেশ কিছু পরিবর্তন আনা যেত, কিন্তু সেগুলিকে [illegible] কেন যে আনলেন না সেটা আমাদের বুদ্ধির অগম্য। প্রথম হচ্ছে, কয়েদীদের শাস্তি দেবার ব্যাপারে শারীরিক শাস্তি কেন যে এখনও জেলখানার ভেতরে থাকবে, সে জিনিষটা আমি বুঝছি না। শারীরিক শাস্তি মানে ডাণ্ডাবেড়ী। ডাণ্ডাবেড়ীর কিরকম অপব্যবহার হয় তা একবার শুনুন এবং এই ডাণ্ডাবেড়ী এখনও প্রচলিত আছে। আমার একটা কথা এখানে মনে পড়ল।

আমাদের যখন আন্দামানে নিয়ে যাওয়া হয়, তখন আমাদের পায়ে ডাণ্ডাবেড়ী দিয়ে নিয়ে গেল। জাহাজে উঠবার সময় একটা নিয়ম আছে যে জাহাজে শরীরের ভেতর কোনরকম ভারী জিনিষ নিয়ে চলা নিষেধ। অথচ আমাদের জাহাজে ডাণ্ডাবেড়ী দিয়ে তুলল এবং আমাদের অন্দামানে পাড়ি করালো। এই সমস্ত জিনিষ যে এখনও না চলে তা নয় এবং জেলখানার ভেতরে এখন ঐ সমস্ত জিনিষ যে চলে তা মন্ত্রীমহাশয়া বোঝা উচিত ছিল। আমাদের সঙ্গে জেলখানায় দেখা করে একটা ঘটনার উল্লেখ করে উনি বলেছিলেন যে, এটা কি এখনও সম্ভব হয়? অর্থাৎ এ্যালুমিনিয়ামের মগে চা খাওয়া দেখে উনি আশ্চর্য হয়ে গিয়েছিলেন। আমি জানি না, উনি জেলে গিয়েছিলেন কি না, তবে যদি গিয়ে থাকেন তাহলে ঐ আমলে যা ছিল এখনও ঠিক সে-সমস্ত জিনিষই চলছে। অতএব—

gunny clothing, penal diet, bar fetters, handcuff, night handcuff

এবং অন্যান্য জিনিষ যা এখনও চলছে সেগুলো আমার মনে হয় এই বিলে তুলে দেবার ব্যবস্থা করা উচিত ছিল। কিন্তু উনি শুধু হুইপিংটাই বন্ধ করার বিষয় কেন আনলেন সেটা আমি ঠিক বুঝতে পারি না। সেজন্য আজকে যেসব আমাদের সংশোধনী প্রস্তাব আছে এবং কারা-সংস্কারের প্রথম ধাপ যদি তিনি আনতে চান তাহলে আমার মনে হয় আমাদের সংশোধনীগুলো গ্রহণ করা উচিত। কেন না, জেলখানার ভেতরে যে নিপীড়নের ব্যবস্থা বৃটিশ সরকার করেছিলেন, আজকে এই 'জনকল্যাণমূলক রাষ্ট্রে' সে ব্যবস্থা যে ওঁরা কেন রেখেছেন তার কি কৈফিয়ত তিনি দেবেন তা আমি জানি না। আমার মনে হয় তিনি এইসব জিনিষগুলো খুব ভাল করে বিচার করে দেখুন যে, জেলখানার কয়েদীদের যদি বাস্তবিক সংস্কারের ভেতরে আনতে হয় তাহলে নিপীড়নের দ্বারা তাদের মনের পরিবর্তন হতে পারে না। বরং এই ধরণের নিপীড়নের দ্বারা তারা যে আরও জিঘাংসামূলক কার্য গ্রহণ করে তার দৃষ্টান্ত জেলখানার ভেতরে অনেকগুলি আছে। তাই আমি মন্ত্রীমহাশয়াকে অনুরোধ করব যে—

gunny clothing, penal diet, handcuff, fetters

ইত্যাদি জিনিষগুলো সম্বন্ধে যে-সমস্ত সংশোধনী আছে সেগুলো তিনি যেন গ্রহণ করেন এবং সেই সমস্ত জিনিষগুলো গ্রহণ করে কারা-সংস্কারের প্রথম ধাপে তিনি পা বাড়াবেন। এই সম্পর্কে আমরা যদি তাঁর বক্তব্য শুনি তাহলে আমরা নিশ্চয় সন্তুষ্ট হব। এই বিলে আমি বলি যে, যদি তিনি সংস্কার চান ও জেলখানার কয়েদীদের জন্য শিক্ষামূলক কিছু করতে চান তাহলে এইসব সাজেসশন তিনি গ্রহণ করুন।

Sj. Amal Kumar Canguli:

মাননীয় স্পীকার মহোদয়, জেলখানা সংশোধন করার জন্য যে বিল আনা হচ্ছে সেটা আমাদের দেশের অনেক দিনের দাবী। আজ আমাদের সেই দাবী পূরণ হচ্ছে। এরকম যে একটা বর্বর প্রথা আমাদের দেশে চালু ছিল, আজ সে প্রথার অবসান হচ্ছে বলে সংশোধনীর উপর কারুর কিছু আপত্তি থাকতে পারে না এবং সকলেই তা সমর্থন করবেন। জেলের আইন সংশোধন করে হুইপ প্রথা তুলে দেওয়া হচ্ছে। জেলখানায় এই যে একটা রিফর্ম করা হচ্ছে এটাকে সকলেই অভিনন্দন করবেন এবং এই সম্পর্কে কারুর কিছু আপত্তিও থাকতে পারে না।

[4-20—4-30 p.m.]

কিন্তু সঙ্গে সঙ্গে যে একটা সংস্কারের প্রশ্ন আসে তা আমাদের চিন্তা করতে হয়, বিচার করতে হয় যে, এই যে সংস্কার, এর পেছনে মূল দৃষ্টিভঙ্গীটা কি? আমরা গতবারে এই কারা-সংস্কারের উপর যে বক্তৃতা শুনেছিলাম, তারপর আমার জেলে যাবার সৌভাগ্য হয়েছিল এবং বিশেষ করে আমরা দেখতে চেয়েছিলাম আমাদের স্বাধীন ভারত সরকারের হাতে সে সংস্কার কতখানি সাধিত হয়েছে। আমি তা দেখে খুব আনন্দিত হতে পারি নি বরং হতাশ হয়েছি—সে কথা আমারি জানাবার প্রয়োজন আছে। আমি সংস্কারের দিক থেকে একটা খুব বড় এবং গুরুত্বপূর্ণ জিনিষ আপনার সামনে তুলে ধরতে চাই, সেটা হচ্ছে এই বন্দীদের

জীবনে তাদের মানসিক দৃষ্টিভঙ্গী পরিবর্তন করবার জন্য বড় বড় অফিসারকে ট্রেনিং দেবার ব্যবস্থা করেছেন কিন্তু কয়েদীদের সঙ্গে সাক্ষাৎভাবে পুলিশের যে সম্পর্ক, তাদের ট্রেনিং দেবার, তাদের মানসিক দৃষ্টিভঙ্গী পরিবর্তনের জন্য কোন চেষ্টা করেছেন আমার জানা নাই। আমি দেখলাম যে, পুলিশ আগে কয়েদীদের সঙ্গে যে ব্যবহার করতো এখনও সেই ধরণের ব্যবহারই করে চলেছে। আমার মনে হয় সাধারণ মানুষের প্রতি যে ব্যবহার বা মানুষকে সংশোধন করবার জন্য যে ব্যবহারের প্রয়োজন হয় সেটা এ নয়। সেজন্য এটা আমাদের ভাবা দরকার যে, পুলিশের সঙ্গে সঙ্গে জেল-ওয়ার্ডারদেরও নূতন করে সংস্কারের ব্যবস্থা গ্রহণ যাতে করতে পারে, তাদের মানসিক যে প্রস্তুতির প্রয়োজন সেটা যাতে [illegible], মন্ত্রীমহোদয়া ব্যবস্থা করেন এবং প্রচলিত আইনসমূহ যাতে সংশোধন করেন, তার জন্য তাঁর কাছে আবেদন করছি।

দ্বিতীয়তঃ, এই যে বন্দীদের জীবনকে সংস্কার ও সংশোধন করবার জন্য তাঁরা যে নূতন সিস্টেম তৈরী করেছেন, সেই পঞ্চায়েত সিস্টেমএর কার্যকলাপ গত কয়েকদিন ধরে আমি দেখেছি এবং দেখে কাগজে-কলমে সেই পঞ্চায়েতের নিজেদের সংগঠন ইত্যাদির কথা শুনেছি ভাল কথা, আশার কথা, কিন্তু বাস্তবে যা দেখলাম, কাজ-কর্মে যে দেখেছি তাতে আমার মনে হয় পুরাণো দিনে মেয়েদের দিয়ে জঘন্য ধরণের যে সংগঠন গড়ে তুলে, তার মারফৎ সায়েস্তা করবার যে ব্যবস্থা, সেরকম ধরণের একটা সংগঠন এই পঞ্চায়েতের মাধ্যমে করেছেন এবং এই পঞ্চয়েতের মধ্যে যারা রয়েছে, সেই সভা কোথাও সাধারণ কয়েদীদের দ্বারা মনোনীত নয়, নির্বাচিত নয় এবং তাদের আস্থাভাজন নয়, এমন পঞ্চায়েতে যারা আছে, তারা কয়েদীদের মধ্যে নিজেরাই জঘন্য কার্যে লিপ্ত, তাদের একমাত্র কাজ হচ্ছে জেলার, ডেপুটী জেলার এ্যাসিস্টাণ্ট জেলারদের কাছে খবরাখবর প্রেরণ এবং তাদের মাঝখানে সেতু হিসাবে কাজ করা। কাজেই পঞ্চায়েত গঠন সম্পর্কে যদি কোন সুব্যবস্থা না করেন, জেলের আইনকে সংশোধন না করেন, তাহলে যে সংস্কারের দৃষ্টিভঙ্গী নিচ্ছেন তার উদ্দেশ্য ব্যর্থ হতে বাধ্য।

তৃতীয়তঃ, সেই সংগঠন করে সেখানে রাজনৈতিক কর্মীদের একটা ব্যবস্থা করুন। দমদম জেলে দেখেছি, সেখানে যে-সমস্ত কাকদ্বীপ মামলার আসামীরা রয়েছে, জেসপের বহুদিনের দীর্ঘমেয়াদী কয়েদীরা রয়েছে, তারা দেশপ্রেমিক, ইতিমধ্যে তাদের অনুসৃত পথ ত্যাগ করেছে, একথা বহুবার ঘোষণা করেছে। আজকে দেশের সংগঠনিক কার্যে, তাদের নেতাদের কর্মীদের প্রয়োজন নূতন আইনে তাদের সাহায্য করবার কথা, যেখানে তারা প্রতিশ্রুতি দিচ্ছেন, সেখানে কারাজীবনে তাদের সামান্যতম সুখ-সুবিধাও ভোগ করতে দেওয়া হয় না। আপনি, স্যার, শুনলে আশ্চর্য হবেন, যে সেন্টিনারী, যে শতবার্ষিকী উৎসব হয়ে গেল, তাতে সাধারণ কয়েদীদের কারও ৩ মাস, কারও ৬ মাস কিংবা ১ বৎসর কারাব্যবস্থার মকুব পেয়েছে কিন্তু এই সমস্ত রাজনৈতিক কর্মীদের এতটুকু সুবিধা থেকে বঞ্চিত করা হয়েছে। পঞ্চায়েত গঠন ব্যাপারে এই সমস্ত রাজনৈতিক ব্যক্তিদের হস্তক্ষেপ করতে দেওয়া হয় না, সাধারণ কয়েদীদের সঙ্গে পরামর্শ করতে দেওয়া হয় না। এই যে কারা-কয়েদীদের জীবনকে নূতন করে গড়ে তোলার পরিকল্পনা আমাদের মাননীয়া মন্ত্রীমহোদয়া করেছেন, সেজন্য ধন্যবাদ জানাচ্ছি কিন্তু তার সঙ্গে এ-কথাও চিন্তা করা দরকার, যে পদ্ধতিতে তাঁরা চলেছেন তাতে তার আসল উদ্দেশ্য বারবার ব্যর্থ হতে বাধ্য।

Sj. Saroj Roy:

মিঃ স্পীকার, স্যার, কালকে বোধহয় আপনি লক্ষ্য করেছিলেন যে, মন্ত্রীমহোদয়া যখন এই কারা বিলের এ্যামেন্ডমেন্ট আনেন তখন তিনি একটা কথা বলেছিলেন, ফর মেইনটেনিং ডিসিপ্লিন এ্যান্ড অর্ডার হুইপিংএর দ্বারা হয় না। এখানে প্রশ্ন হোল এই যে, শুধু হুইপিংএর দ্বারা ডিসিপ্লিন মেইনটেন হয় না, তা নয়, তিনি অবশ্য মিন করেছিলেন নিশ্চয়ই যে, কোনরকম খারাপ ধরণের সাজা দিয়ে ডিসিপ্লিন মেইনটেন করা যায় না। সেদিক থেকে আমরা আশা করেছিলাম যে, তিনি যখন এইরকম একটা আইন আনছেন, তখন ৪৬ ধারা এবং সাজা-সম্পর্কিত যেসব ধারাগুলি আছে, ৪৭।৫০।৫১।৫৩ ধারা ইত্যাদি খারাপ খারাপ পানিসমেন্ট সম্পর্কিত ধারাগুলি, বিশেষ করে বৃটীশ পিরিয়ডের রচিত আইন,

যে-সমস্ত অমানুষিক পানিসমেন্টের ব্যবস্থা, তিনি অন্ততঃ সেগুলি সবই তুলে দেবেন। আমাদের মনে হয় যে, মন্ত্রীমহোদয়া নিজের প্রচেষ্টা থেকে এইভাবে যে একটা আইন পরিবর্তন করছেন তা নয়। কারণ এই যে এ্যামেন্ডমেন্ট তিনি এনেছেন, এর স্টেটমেন্ট অব অবজেক্টস এ্যান্ড রিজনসএ আছে যে, যেহেতু' জুডিসিয়াল ডিপার্টমেন্ট থেকে পানিসমেন্ট হিসাবে হুইপিংটা উঠে গেল, সেইহেতু জেলের আইন থেকে এটা তুলে দেওয়া হোল। মন্ত্রীমহোদয়ার যদি একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গী থাকতো এবং এদিকে লক্ষ্য থাকতো, যে জেলে যেসমস্ত অপরাধীরা বাস করে বা থাকে তাদের অপরাধ-প্রবণতা কি করে কমানো যায়, কি করে অপরাধীকে সুযোগ্য নাগরিক হিসাবে তৈরী করা যায় ইত্যাদি, এবং এইরকম বক্তৃতাই আমরা গত বাজেট সেসনে তাঁর কাছ থেকেও শুনেছিলাম—সেদিকে প্রকৃতভাবে যদি লক্ষ্য থাকতো তাহলে আজকে এভাবে শুধু একটা টুকরো এ্যামেন্ডমেন্ট আসতো না, যেহেতু জুডিসিয়াল ডিপার্টমেন্ট থেকে হুইপিংটা তুলে দেওয়া হয়েছে, সেইহেতু আজকে প্রয়োজন হয়েছে যে, জেলের আইনে এটা রাখা যায় না। তাঁকে আমি অনুরোধ করতে চাই যে, ৪৬ ধারা এবং পানিসমেন্ট সম্পর্কিত অন্যান্য যেসমস্ত ধারা আছে, যেগুলি সম্বন্ধে ইতিপূর্বে অনেক বক্তা বলে গেছেন, যেমন গানি ক্লোদিং, ডায়েট, সেলুলার কনফাইনমেন্ট, হ্যান্ড-কাফ ইত্যাদি সেগুলিকে গ্রহণ করা সম্পর্কে তিনি যেন কন্সিডার করেন, বিশেষ করে সেলুলার কনফাইনমেন্ট, যেটার সম্পর্কে এই হাউসে অনেকবার আলোচনা হয়ে গেছে। আজও বাংলাদেশের মেদিনীপুর জেলে ওয়েস্ট সেল এবং ইস্ট সেল নামে দুটো বিখ্যাত সেল আছে। যার ভয়াবহ ইতিহাস যাঁরাই জেলে গেছেন তাঁরাই জানেন। বৃটীশ পিরিয়ডের তৈরী এই সেল সম্পর্কে বহু ঘটনা বাংলাদেশের যে-কোন দেশপ্রেমিকের জানা আছে, ওই সেলগুলি মানুষের বাসের অযোগ্য। আমরা এই হাউসে কয়েকবার শুনেছি যে ইস্ট সেল এবং ওয়েস্ট সেল তুলে দেওয়া হবে। অত্যন্ত দুঃখের বিষয় যে, গত ২০শে নভেম্বর তারিখে যখন আমি জেল পরিদর্শনে যাই, তখন দেখে এলাম যে, ইস্ট সেলে এবং ওয়েস্ট সেলে যাদের ৫ বছরের বেশী কনভিকশন হয় তাদের আজও সেখানে রেখে দেওয়া হয়। ইতিপূর্বে যিনি জেল-মন্ত্রী ছিলেন, তিনি আমাদের কাছে স্বীকার করেছিলেন যে, ইস্ট সেল এবং ওয়েস্ট সেল কোন হিউম্যান বিয়িংএর বাসের অযোগ্য। কংগ্রেস সরকারের পক্ষ থেকে এইরকম স্বীকৃতি পাওয়া সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি যে, সেই মেদিনীপুর জেলের ইস্ট এবং ওয়েস্ট সেল যেভাবে ছিল এবং সেখানে বন্দীদের যেভাবে রাখা হোত, আজও সেখানে সেইভাবেই রাখা হয়, এটা অত্যন্ত দুঃখের বিষয়। আমি আশা করি যে, মন্ত্রীমহোদয়ার কাছ থেকে আমরা জবাব পাবো যে ইস্ট সেল এবং ওয়েস্ট সেল তাড়াতাড়ি করে তুলে দেওয়া হবে কি না বা তাকে ভালভাবে সংস্কার করা হবে কি না? একটা কথা আমি বলবো যে, যদি অপরাধ-প্রবণতা সত্যই কমাতে চান তাহলে আজকে যে দুটো জিনিষের সবচেয়ে বেশী প্রয়োজন সেটা হোল শিক্ষা এবং জেলখানার ভেতর যেভাবে তাদের সঙ্গে ব্যবহার করা হয় তার একটা আমূল পরিবর্তন, দৈনন্দিন জীবনে বন্দীদের যেভাবে রাখা হয় তারও একটা পরিবর্তন আনা প্রয়োজন। জেলগুলিতে স্কুল হয়েছে, প্রাথমিক শিক্ষাও সেখানে দেওয়া হয় কিন্তু সকলে সে সুযোগ পায় না। আর একটা জিনিষ আপনার কাছে আশ্চর্য লাগবে, স্যার, যেসব বন্দীদের সারাদিন পরিশ্রম করতে হয়, রাত্রিবেলায় সেইসব বন্দীরা নিজেদের ইচ্ছায় লেখা-পড়া করতে চায় কিন্তু তাদের কোনরকম আলো দেওয়া হয় না। নিজেদের চেষ্টা থাকলেও, আলোর অভাবে বেচারীরা পড়তে পায় না।

[4-30—4-40 p.m.]

রাত্রিবেলায় যেসমস্ত বন্দীরা লেখাপড়া করতে চান, তাদের কোন আলো দেওয়া হয় না। সেলএ যারা থাকে তারাও আলো পায় না। আমি বিশেষ করে এগুলি মফঃস্বলের জেলের সম্বন্ধে বলছি, সেখানে ইলেকট্রিক লাইট নাই। বন্দীরা এ নিয়ে বহু নালিশ করেছে কিন্তু রাত্রিবেলা পড়াশুনা করবার কোন সুযোগ তাঁরা পান না। আজও জেলার, সুপারিন্টেন্ডেন্ট ইত্যাদি জেলের কর্মচারীদের ব্যবহারিক জীবনে বিশেষ কোন পরিবর্তন আসে নি। স্পীকার মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হবেন যে, সেখানে ল্যাট্রিনের যে ব্যবস্থা আছে তাতে কোনপ্রকার প্রাইভেসির ব্যবস্থা নাই।

Mr. Speaker:

স্পীকার মহাশয় আশ্চর্য হবেন না।

Sj. Saroj Roy:

যাইহোক, আরেকটা জিনিষ আমি এখানে বলতে চাই, জেলখানায় পূর্বে ঘানি-টানা ছিল, এখন তুলে দেওয়া হয়েছে, হার্ড লেবার তুলে দেওয়া হয়েছে, এটা খুব ভাল কথা। কিন্তু ঘানি ছাড়াও খুব খারাপ ধরণের হার্ড লেবার আছে; আজো পর্যন্ত মেদিনীপুর জেলে কুঁয়া থেকে জল-টানার পদ্ধতির কোনরকম পরিবর্তন হয় নি। গরুকে দিয়ে যেভাবে জল টানায়, সেইভাবে আজও ওয়েজ সিস্টেম অনুযায়ী বন্দীদের দিয়ে জল তোলান হয়। বন্দীরা কাজ করলে ৬ আনা করে পয়সা পায়। আমি কিন্তু জানি মেদিনীপুর জেলে হার্ড লেবার করলেও ।৵ আনা করে সব ক্ষেত্রে পায় না ; ।০ আনা করে দেওয়া হয়, এই বিষয় তদন্ত হওয়া দরকার। যাদের কোনরকম কনভিকশন হয় নি, তাদের দিয়ে কাজ করানোর নিয়ম নাই, কিন্তু তাদের দিয়ে যদি কোনরকম কাজ করান হয় তাহলে ওয়েজ দেবার নিয়ম আছে, কিন্তু আমি খোঁজখবর নিয়ে দেখেছি আন্ডার-ট্রায়াল প্রিজনারদের মেদিনীপুর জেলে কাজ করানো হয় কিন্তু কোনরকম ওয়েজ দেওয়া হয় না। ব্রিটিশ আমলে কলকাতার বুকের উপর আলীপুর সেন্ট্রাল জেলে বিদেশী ভিসিটরসদের দেখাবার জন্য অনেক সময় ভাল ভাল ব্যবস্থা রাখা হোত, কিন্তু মফঃস্বলের জেলে কোনপ্রকার সংস্কারই করা হোত না। বর্তমান সময়েও আলীপুর সেন্ট্রাল জেলে যেসমস্ত সুযোগ দেওয়া হয়, মেদিনীপুর জেলে সেসমস্ত সুযোগ দেওয়া হোত না। মেদিনীপুর সেন্ট্রাল জেলকে জংলী জেল বলে বলা হোতো, আজ পর্যন্ত তেমনি প্রায় আছে, কোনরকম বিশেষ সংস্কারই করা হয় নি। আলীপুর সেন্ট্রাল জেলে বন্দীদের শিক্ষা দেবার জন্য এ্যামিউজমেন্টএর ব্যবস্থা আছে। বন্দীরা নিজেদের পয়সায় সিনেমা দেখতে পারেন। কিন্তু মেদিনীপুর সেন্ট্রাল জেলে এরকম কোন ব্যবস্থা নাই। তারপর, মেদিনীপুর সেন্ট্রাল জেলের হাসপাতালের কথা মন্ত্রীমহাশয় জানেন। এত বিশ্রী হাসপাতাল আর কোন জেলে নাই; অন্য কোন দেশে, কোন জায়গায় রয়েছে কিনা জানি না। উদাহরণস্বরূপ বলতে চাই যে, হাসপাতালের ঘরে বেলা ১২টার সময় আলো জ্বলতে হয়, হাসপাতালের ভিতরটা এত অন্ধকার। অন্যান্য হাসপাতালে বেডসাইড টেবল রয়েছে, মেদিনীপুর হাসপাতালে তা নাই। আলীপুর সেন্ট্রাল জেল ও মফঃস্বলের জেলগুলির মধ্যে আজও নানারকম ডিফারেন্স রেখে দেওয়া হয়েছে। আজকে যদি জেল রিফর্ম করতে হয় তাহলে সবচেয়ে যে জিনিষের প্রতি প্রথম লক্ষ্য রাখা দরকার সেটা হচ্ছে ব্রিটিশ আমলের পানিসমেন্ট ব্যবস্থা যেগুলি এখনো রয়েছে, সেগুলি তুলে দেওয়া দরকার। আমি বিশেষ করে এটার সম্পর্কে বলব ; মন্ত্রীমহাশয়া বোধ হয় জানেন বন্দীদের অনেক সময় পায়খানা পর্যন্ত যেতে দেওয়া হয় না। স্লেভদের প্রতি যেমন ব্যবহার করা হোতো তেমনি সব ট্রীটমেন্ট আজও করা হয় এবং এই সমস্ত জিনিষ আজো রেখে দেওয়া হয়েছে। সেজন্য আমি আশা করি যে, আজকে যে এ্যামেন্ডমেন্টগুলো এসেছে, তা গ্রহণ করা ছাড়াও বাজেট সেসনে সমগ্রভাবে মন্ত্রীমহোদয়া একটী বিল আনবেন যাতে করে আমাদের জেল আইনে একটা সামগ্রিক পরিবর্তন আসতে পারে এবং যার মধ্য দিয়ে অপরাধীদের মধ্যে একটা মানসিক পরিবর্তন আনা সম্ভব হয়। বন্দীরা যাতে বাকী-জীবন ভালভাবে চালাতে পারে সেদিকে বিশেষ করে লক্ষ্য রাখা দরকার। ব্রিটিশ আমলে আমরা এ নিয়ে অনেক আন্দোলন করেছি। বর্তমান সময়েও অনেক রাজবন্দী আছেন। আমাদের প্রথম থেকে দাবী ছিল যে তাঁদের একসঙ্গে একটা জেলে রাখা উচিত, যাতে করে তাঁরা একসঙ্গে থেকে মতামতের আদান-প্রদান করতে পারেন ও পড়াশুনার সুযোগ পান ইত্যাদি। এইরকম একটা ব্যবস্থা সম্পর্কে আমি মন্ত্রীমহাশয়কে বলব যে, রাজবন্দীদের একটা জেলে রাখুন, তা আলীপুর সেন্ট্রাল জেল হোক, দমদম হোক, কিন্তু সকলকে একটা জেলে রাখুন, তাহলে তারা মানসিক উন্নতির দিক থেকে এবং পারস্পরিক সাহায্য নিয়ে কিছুটা সাহায্য পেতে পারে। এর পরের প্রশ্ন হচ্ছে, বন্দীদের স্বাস্থ্য সম্পর্কে। জেলে তাদের নানা কারণে স্বাস্থ্যভঙ্গ হয়। বন্দীদের স্বাস্থ্যের দিকে বিশেষভাবে লক্ষ্য রাখা উচিত। জেলে অনেক সময় এরকম বন্দী থাকেন যাঁরা ক্রনিক রোগে এক বছর দুবছর করে ভুগছেন, এসব কথা তাঁরা মন্ত্রীমহাশয়কে

বারবারে চিঠি দিয়ে জানিয়েছেন। আমি নিজে সে-সব চিঠিপত্র দেখেছি। তাঁদের শরীর টিঁকছে না। তাঁরা অন্য জেলে ট্রান্সফার হতে চান। একই জেলে এক-বছর দু-বছর করে আছে, এখন অন্য জেলে ট্রান্সফার চায়। কিন্তু তাঁদের ট্রান্সফার করা হচ্ছে না। তারপর ঔষধপত্রের সুব্যবস্থা নাই। তারপর, একটা জিনিষ মন্ত্রীমহাশয়ের গোচরীভূত করতে চাই। জেলে একটা অদ্ভুত জিনিষ হয়, জেলের মধ্যেই চুরি হয়। মন্ত্রীমহাশয় বোধ হয় এটা জানেন।

[4-40—4-50 p.m.]

জেলখানার ভিতরেই চুরি হয়, এ একটা অদ্ভুত ব্যাপার। আমি একটা উদাহরণ দিচ্ছি। কয়েক মাস পূর্বে খাদ্য আন্দোলন ব্যাপার নিয়ে আমি জেলখানায় গিয়েছিলাম। আমার জানালা'র কাছে ২টা কাপ, রাখা হয়েছিল, সিপাহী এসে বললে ঐ দুটাকে সরিয়ে রাখুন। আমি বললাম, কেন? সিপাহী বললে, চুরি হয়ে যাবে। চুরি করবে কে? জিজ্ঞাসা করলাম। সে বললে, জেলের জমাদার, সিপাহীরা। জেলখানার ভিতর যে আবার চুরি হয়, তা বোধ হয় অনেকেই জানেন না। আসবাবপত্র থেকে আরম্ভ করে, এমন কি রান্না-খাবার পর্যন্ত চুরি হয়ে যায়। যুগান্তর পত্রিকায় কিছুদিন পূর্বে একটা সংবাদ দেখেছিলাম যে, আলিপুর সেণ্ট্রাল জেল থেকে ৫০ বস্তা কোল চুরি হয়ে যায়। জেলখানার বন্দীদের তরিতরকারী, মাংস, মাছ প্রভৃতি বহু কিছু চুরি হয়ে যায়। এমন কি জেলের ভিতর বিছানার চাদর পর্যন্ত চুরি হয়ে যায়। এই যে জেলখানার ভিতর চুরি হয়, অথচ যেখানে সরকারী জেল কর্তৃপক্ষ রয়েছেন, তাঁরা কিছুই করেন না, বা দেখেন না।

Mr. Speaker:

আপনার এইসব বলার কি পারপাস আছে? জেল রিফর্মএর জন্য বলছেন?

Sj. Saroj Roy:

অবশ্যই। এইগুলোর পরিবর্তন না হলে, কিছুই করা যাবে না।

Mr. Speaker:

আপনি যদি বিলটা সমর্থন করতে চান তো বলুন।

Sj. Saroj Roy:

আমার শেষ কথা হ'ল সেকশন (৪৬) সম্পর্কে। সেখানে যে-সমস্ত অফেন্সএর কথা উল্লেখ করা হয়েছে।

Mr. Speaker:

একটা এ্যামেন্ডমেন্ট জগন্নাথবাবু সাজেস্ট করেছেন, দেখেছেন?

Sj. Saroj Roy:

হ্যাঁ, তা দেখেছি——

Mr. Speaker:

তাহলে আর বলবার কি রহিল?

Sj. Saroj Roy:

তবুও বলার অনেক কিছু আছে।

Sj. Saroj Roy:

জগন্নাথবাবু যে এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন, তাতে পেনাল ডায়েট, গানি ক্রোদিং সম্বন্ধে কয়েকটা জিনিষ আছে। কিন্তু আরও অনেক জরুরী জিনিষ নাই। যাইহোক, আমি জগন্নাথবাবুর দেওয়া এ্যামেন্ডমেন্টএর জন্য প্রশংসা করি এবং মন্ত্রীমহোদয়াকেও অভিনন্দন জানাই ; এবং তার সঙ্গে একটা অনুরোধ করতে চাই, যে সেলুলার কনফাইনমেন্ট, বার ফেটার ইত্যাদি যেসব শাস্তির ব্যবস্থা আছে, সেগুলি সম্পর্কে এই বিলের স্কোপএর মধ্যে যদি গ্রহণ করেন তাহলে ভাল হয়।

Sj. Haridas Mitra:

আজকে মাননীয়া মন্ত্রীমহাশয়া জেল আইন সম্পর্কে যে রিফর্ম আনতে চাচ্ছেন, তাতে বিশেষ আমার একটা আপত্তির বিষয় আছে। সেটা হচ্ছে এইরকম পিসমিল রিফর্ম না এনে, তিনি একটা সামগ্রিকভাবে জেল আইন পরিবর্তনের জন্য একটা নূতন ধারা নিয়ে আসুন।

আজকে এখানে সুদীর্ঘ বক্তৃতা হয়ে গিয়েছে। সম্প্রতি আমরা, যারা জেল ঘুরে এসেছি, তার মধ্যে কেউ বলেছেন মাননীয়া মন্ত্রীমহোদয়া জেলখানায় আমাদের সঙ্গে দেখা করেছিলেন, এবং তাঁর কাছেও এই সমস্ত কথা বলেছিলাম। জেলে তখন কতকগুলি ব্যবস্থা ছিল, যা তিনি দেখে, নিজেই আশ্চর্য হয়ে গিয়েছিলেন ; তাঁর ধারণাই ছিল না যে, [illegible] আগে জেলখানায় যে-সমস্ত ব্যবস্থা চালু ছিল তার কিছু কিছু এখনও রয়েছে; এবং তার প্রমাণ আমরা দেখিয়েছিলাম।

আমি এখানে, বিশেষ করে দুটা জিনিষের উপর মাননীয়া মন্ত্রীমহোদয়ার দৃষ্টি আকর্ষণ করবো। সেটা হচ্ছে প্রেসিডেন্সী জেল সম্বন্ধে। প্রেসিডেন্সী জেলে গিয়ে দেখলাম, সেখানকার হাসপাতালে রোগীদের মাথার উপর যে পাখাগুলি ঘুরতো, ১৯৫৪ সালে আই জির অর্ডার অনুসারে সেগুলি সরিয়ে নেওয়া হয়েছে। হাসপাতালের পাখাগুলি সরিয়ে নেওয়া, এটা কত বড় ঘটনা, সেটা আমি মন্ত্রীমহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি।

আমার দ্বিতীয় কথা হচ্ছে, আমার ব্যক্তিগত এক্সপিরিয়েন্স সম্বন্ধে। আলিপুর সেন্ট্রাল জেলে যে ফাঁসী-ঘর আছে, সেই ফাঁসী-ঘরের সামনে ফাঁসী-মঞ্চ আজ এখনও রয়েছে। ১৯৫৪ সালে আমি যখন ফাঁসী-ঘরে ছিলাম, তখন লক্ষ্য করেছি যে, লোক যদি আসামীর সঙ্গে দেখা করতে আসত, তাহলে তাকে সেই ফাঁসীমঞ্চ ডিঙ্গিয়ে, বা তার পাশ দিয়ে এসে দেখা করতে হতো। এটা অত্যন্ত মর্মান্তিক ঘটনা আসামীদের আত্মীয়স্বজনের পক্ষে। আমি মাননীয়া মন্ত্রীমহোদয়াকে বলবো, এখনও পর্যন্ত ঠিক একই ব্যবস্থা রয়েছে। আত্মীয়স্বজনকে যদি ফাঁসীর আসামীর সঙ্গে দেখা করতে আসতে হয়, তাহলে সেই ফাঁসীমঞ্চের উপর দিয়ে, বা পাশ দিয়ে ডিঙ্গিয়ে এসে দেখা করতে হয়। এটা অত্যন্ত কুরেল, এ্যাট লিস্ট টু দি রিলেসনস এটার পরিবর্তন হওয়া উচিত বলে আমি মনে করি। এবার যখন দমদম জেলে ছিলাম, তখন আমার জ্বর হয়েছিল—

Mr. Speaker: Are you talking of jail administration or you are talking of changes in law that a man must not pass alongside the gallows?

আইন সম্বন্ধে বলুন। আপনার নিজের স্মৃতি জানিয়ে কি হবে?

Sj. Haridas Mitra:

এবার দমদম জেলে যখন ছিলাম, মাননীয়া মন্ত্রীমহোদয়া আমার সঙ্গে দেখা করেছিলেন, তখন আমার জ্বর হয়েছিল। জ্বরের সময় পেনিসিলিন ইনজেকশন পাওয়া যায় নি। যা কলকাতার যে-কোন বেনের দোকানেও পাওয়া যায়, কিন্তু জেল হাসপাতালে পেনিসিলিন ইনজেকশন পাওয়া যায় নি। এটা হাসপাতালের পক্ষে এবং জেলমন্ত্রী মহোদয়ার পক্ষে কলঙ্ক বলে আমি মনে করি।

সর্বদিক দেখে, সামগ্রিকভাবে এটা করা উচিত ছিল। কেবল ফ্লগিং অর হুইপিং বাদ দিয়ে, পিসমিল রিফর্ম না এনে যদি সর্বাঙ্গীনভাবে একটা বিল আনতেন, তাহলে ভাল হত। বিশেষ করে রাজনৈতিক বন্দী যাঁরা আছেন, তাঁদের রাজনৈতিক বন্দী বলে স্বীকৃতি দিন এবং তাঁদের জন্য আলাদা বন্দোবস্ত করুন। এটা নিয়ে ওধারের বন্ধুরা দেশ স্বাধীন হবার আগে আন্দোলন করেছিলেন, আজ আমরা করছি, কিন্তু দুঃখের বিষয়, আজও এটা করা হয় নি। এটা করবার জন্য আমি মাননীয়া মন্ত্রীমহোদয়াকে বিশেষভাবে আবেদন জানাচ্ছি।

Sj. Jatindra Chandra Chakraverty:

মাননীয় স্পীকার মহোদয়, যে বিলটি আনা হয়েছে বেত্র-দণ্ড রহিত করবার জন্য, আমার মনে হয় জেলখানার যে-সমস্ত আইন-কানুন আছে, সেগুলি যদি কোন জায়গায় লঙ্ঘন করা

হয়, তাহলে যাতে বেত্র-দণ্ড রহিত হয়, এই যদি বিলের উদ্দেশ্য হয়, তাহলে আমার সম্পূর্ণ সহানুভূতি আছে। কিন্তু কেবলমাত্র কয়েকটি বিশেষ ক্ষেত্রে এইরকম দণ্ড রহিত করা যুক্তিসঙ্গত হবে কি না, সেটা একটু ভেবে দেখতে বলি সরকারকে। কারণ জেলখানায় অনেক সময় দেখা গিয়েছে যে, অনেক রকমের কার্নাল অফেন্স হয়, সেই সমস্ত ক্ষেত্রে ডিটারেন্ট পানিসমেন্টএর প্রয়োজনীয়তা দেখা দেয়। অবশ্য বেত্র-দণ্ড একটা বর্বর সাজা, সেটা বন্ধ হওয়া উচিত। কিন্তু আমি শুধু ভেবে দেখতে বলছি, সমস্ত ক্ষেত্রে এর ব্যতিক্রম হবে কি না?

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, with rapt attention I listened to the speeches made by my friends opposite. If you go through the amendments that have been tabled by my friends opposite, you will see that all the points mentioned in their speeches are there in their amendments. So I do not find it necessary to elaborate all those points in my reply at this moment.

Our revered leader Sj. Hemanta Kumar Basu has referred to gunny cloths and penal diet. If he goes through the amendments which have been tabled, he will find that the Chief Whip and also one of my friends opposite Sj. Subodh Banerjee, both of them have given amendments for rectifying these two clauses and I am going to accept their amendments.

[4-50—5-15 p.m.]

About handcuffs, fetters and other things mostly spoken of by my Communist friends, I remember some of them had gone to the Andamans and so they must have a bitter memory of these things. I quite appreciate their point of view but I want to give you certain figures to enable you to judge whether complete exclusion of these things will be essential or healthy. The number of serious offences committed by the prisoners was 1,256 in 1954 and 1,094 in 1955. In the year 1955, 361 offences related to assault and attempt to escape. In cases of violent and hardened criminals these handcuffs are sometimes used, but for ordinary prisoners they are matters of the past and we have dispensed with them in the jails. But in cases of serious assault inside the jail I do not think that any sane man will ask us to dispense with handcuffs or fetters altogether. It is a long time since my friends were in the jail; in the present jail administration these things are not used. Fetter is used now only for bringing violent offenders to check, or sometimes in cases of escape or serious assault on any public servant or a prisoner or a visitor to jail. Fetter is a thing of the past. I repeat it is not used now. I, therefore, do not think that there is any reason to say that fetters or handcuffs should go away totally and completely. I can, however, assure my friends that there will be no occasion in ordinary cases to use these two things which, I think, are derogatory to use for ordinary criminals.

Sir, about the other points regarding the present jail administration I am sorry my friends have said that during their last august visit in our jails they saw that everything was in chaos. Yes, Sir, I admit that everything was not in order. It cannot be in order. I would remind you that about two to three thousand of the leader friends were there and there was a state of terror in almost all the jails. I had to rush and the Inspector General of Prisons had to run; all the ordinary prisoners who were employed for their service and for their cooking also resented very much. We had to intervene. When their august presence is in thousands and lakhs they cannot imagine, they cannot expect that everything will be in complete tranquillity and in peace and order. Sir, I do not deny the charge that there was some mismanagement, but I deny the charge of having it every day in the day to day jail administration.

I remember my friend Shri Niranjan Sengupta told me that I should be ashamed of the aluminium mugs that are supplied. Sir, there cannot be glasses supplied for their use; there cannot be given valuable things for the use of these criminals or these political friends of ours. May I remind you that in 1950 or 1952 when my political friends were there, there was a bonfire and mugs, furniture and everything in the jails were burnt, and even utilised against my officers in some cases. My friend Sjta. Manikuntala Sen who is sitting just opposite to my seat, I remember, took even a broom stick to deal with my officer in the jail. Everybody should remember that these are breakable things. So Government had to purchase aluminium things.

I do not think it is necessary now to deal with all the other points they have raised about Panchayet, about কংগ্রেসের জীবন ও মন পরিবর্তন। These are very long-term and ambitious things. I do not think that it is time or that there is scope for dealing with these things in our present discussion. Sir, this is a very simple Bill which deals with abolition of whipping and the transportation sections of the Criminal Procedure Code which have already been modified, should be modified here in the Prisons Act, 1894. This is the main purpose of the Bill. I do not think that the present is the opportune moment for discussing all these things.

With these words, Sir, I commend my motion for consideration.

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that the Prisons (West Bengal Amendment) Bill, 1957, be taken into consideration, was then put and agreed to.

[At this stage the House was adjourned till 5-15 p.m.]

[After adjournment]

[5-15—5-25 p.m.]

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Mr. Speaker: There are quite a number of amendments to this clause, but before they are taken up I would like to tell you that many of them are becoming covered by a suggested amendment of Shri Jagannath Koley. By his amendment he wants to omit clauses 5, 9, 11 and 12 of section 46.

Sj. Jagannath Koley: Sir, I beg to move that for sub-clause (1) of clause 3, the following sub-clause be substituted, namely:—

"(1) clause (5), clause (9) with the proviso thereof, clause (11) and clause (12) shall be omitted, and".

The Hon'ble Purabi Mukhopadhyay: I accept it.

The motion was then put and agreed to.

Mr. Speaker: Now that the amendment of Mr. Koley is passed the portions of amendments to clause 3 which have reference to clauses already covered by his amendment fall through.

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that for sub-clause (1) of clause 3, the following sub-clause be substituted, namely:—

"(i) in clause (3), for the words 'seven' the word 'three' shall be substituted,

(ii) in clause (8), for the words 'three months' the words 'one month' shall be substituted, and

(iii) in clause (10), for the word 'fourteen' the word 'seven' shall be substituted.

মাননীয় স্পীকার মহোদয়, এইমাত্র ক্লজ (৩)এর উপরে যে এ্যামেন্ডমেন্টটা গৃহীত হল সেই এ্যামেন্ডমেন্টটা আমার ৪নং এ্যামেন্ডমেন্টের একটা অংশ। এ-ছাড়া আর একটা বিষয় সংশোধন করার জন্য আমি এই ৪নং এ্যামেন্ডমেন্টটা এখানে উত্থাপন করছি। এ্যামেন্ডমেন্টের ক্লজ ১এ, যেখানে ৭এ আছে—

in clause (3) for the words 'seven' the word 'three' shall be substituted.....

এই সম্পর্কে সামান্য একটা কথা আমি বলব। এই বিল উত্থাপন করে কারামন্ত্রী মহাশয়া হুইপিংকে আইনের বহির্ভূত করে দিচ্ছেন, সে সম্পর্কে এই আইনের মধ্যে আরও কয়েকটা ধারা আছে, যে ধারাগুলো সংশোধন করলে আমার মনে হয়, যে দৃষ্টিভঙ্গী নিয়ে তিনি হুইপিং তুলে দিচ্ছেন সেই দৃষ্টিভঙ্গীটা আর একটু সমর্থনযোগ্য হয় এবং আমরা আর একটু ভালভাবে গ্রহণ করতে পারি। হার্ড লেবারের ক্ষেত্রে সেকশন ৪৬এ মূল আমাদের যে এ্যামেন্ডিং বিল, তার ক্লজ ৩ যেখানে সেকশন ৪৬ মূল অংশের সংশোধন করা হচ্ছে, তার সাব-ক্লজ (৩), সাব-সেকশন ৪৬এ রয়েছে, হার্ড লেবার ফর এ পিরিয়ড নট এক্সিডিং সেভেন ডেজ। আমি এটাকে কমাতে চাই। কিন্তু কারামন্ত্রী মহাশয়া বলেছেন যে, অতি অল্প সময়ের মধ্যে এমন ব্যাপক পরিবর্তন করা সম্ভব নয়। বরং যে সমস্ত ক্ষেত্রে কয়েদীদের উপর শাস্তি বিধান আছে, সেগুলিকে আমরা একসঙ্গে তুলে দিতে পারি না, তবে আস্তে আস্তে সেগুলোকে তুলে দিতে হবে। এই মত আমরা সমর্থন করব এবং সেই হিসাবে হার্ড লেবার সেভেন ডেজএর পরিবর্তে আমি থ্রি ডেজ বলেছি। আর— —

separate confinement for a period of not exceeding 3 months

যেটা ক্লজ ৪এ আছে, সেখানে সেটাকে কমিয়ে আমি বলছি ওয়ান মান্থ করা হোক। এ-ছাড়া—

cellular confinement for any period not exceeding 14 days

যেটা ক্লজ১০এ আছে, সেখানে আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে যে, সেটাকে সেভেন ডেজ করে নেওয়া যেতে পারে। হুইপিংএর ক্ষেত্রে এই যে দৃষ্টিভঙ্গী নিয়েছেন, হার্ড লেবারএর ক্ষেত্রেও তেমনি যদি একটু উদার এবং মানবিক দৃষ্টিভঙ্গীর পরিচয় মন্ত্রীমহাশয়া দেন তাহলে আমার মনে হয় বিশেষ কোন ক্ষতি হয় না বরং সেই উদার মনোবৃত্তি সমাজের পক্ষে একটু কল্যাণকর হয়। এই কথা বলে আমি আমার এ্যামেন্ডমেন্ট মুভ করছি।

Sj. Saroj Roy: Sir, I beg to move that for sub-clause (1) of clause 3, the following sub-clause be substituted, namely:—

"(1) clause (6) shall be omitted, and".

I also move that for sub-clause (1) of clause 3, the following sub-clause be substituted, namely:—

"(1) clause (7) shall be omitted, and".

প্রথম আমি আমার ৮ নম্বরটা মুভ করছি। আমি ক্লজ নম্বর ৭ যেটা দিয়েছি, সেটা আমি বাদ দিতে বলছি, তাতে স্পীকার, সার, আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন সেখানে লেখা আছে—

imposition of fetters of such pattern and weight, in such manner and for such period.

এখন সাধারণত জেলখানায় ৩ রকম ফেটারস ইউজ করা হয়—চেইন ফেটারস, বার ফেটারস এ্যান্ড ক্রস-বার ফেটারস। এর এক-একটার ওজন শুনলে আপনি অবাক হোয়ে যাবেন। অর্থাৎ ১০ পাউন্ড পর্যন্ত এদের ওয়েট। মাননীয়া মন্ত্রীমহাশয়া একটু আগে এখানে বলে গেছেন যে, যে-সমস্ত প্রিজনাররা এসকেপ করতে চায় বা আনরুলী, তাদের ফেটারস দিয়ে রাখার প্রয়োজনীয়তা এখনও রয়েছে। আমি তার কথাকে অনেকাংশে মেনে নিয়েও একটা কথা বলে তাঁকে অনুরোধ করব। সেটা হল যে, এখন যেভাবে ক্লজ আছে তাতে—

imposition of fetters of such pattern and weight, in such manner and for such period.

এগুলো তিনি অন্ততঃ এমনভাবে এ্যামেন্ড করুন যাতে এই ক্রস-বার ফেটারস এর থেকে বাদ দেওয়া যায়। এই ফেটার তাদের শরীরের পক্ষে যেন অহিতকর না হয়। জেল কোডে আছে যে, ১২ দিন পর্যন্ত তারা ক্রস-বার ফেটারস রাখতে পারে। কিন্তু ঐ ১২ দিন পর্যন্ত ক্রস-বার ফেটারস রাখার পরে জেলখানার ঐসব বন্দীদের ওজনের রেকর্ড যদি লক্ষ্য করা যায় তাহলে দেখা যাবে যে, খুব কম হলেও ঐ ১২ দিনে ৬ পাউন্ড পর্যন্ত ওয়েট একটা লোকের কমে যায়। কারণ ওই ক্রস-বার ফেটারের জন্য ১২ দিন সে পায়খানা পর্যন্ত যেতে পারে না, শুতে পারে না, পা ফাঁক করে লম্বা হয়ে বসে থাকতে হয়। এইরকম ইনহিউম্যান পানিসমেন্ট এখনও জেলখানার ভেতরে আছে। এইসব উঠিয়ে দেবার জন্য অন্ততঃ তিনি এমন একটা এ্যামেন্ডমেন্ট আনুন যে, ঐরকম যারা আনরুলী এবং এসকেপ করতে চাচ্ছে, তাদের জন্য কিছুকাল চেইন ফিটারস থাকবে। এইরকম একটা কিছু তিনি রাখতে চান রাখুন।

[5-25—5-35 p.m.]

আর একটা জিনিষ আমি অনুরোধ করবো, ফর সাচ পিরিয়ড এই কথা সম্পর্কে, আমার নিজের অভিজ্ঞতা আছে, বৃটিশ পিরিয়ডএ আমি নিজে একবার ১৬ মাস পর্যন্ত বার-ফেটার পরেছিলাম। বর্তমানে জেলে গিয়ে জিজ্ঞাসা করলাম যে, পিরিয়ড চেঞ্জ হয়েছে কি না, তখন সেখানে বন্দীদের কাছ থেকে যা জানতে পেলাম তাতে জানলাম লম্বা সময় পর্যন্ত রেখে দেওয়া হয়, এই যে একটা কথা, সাচ পিরিয়ড, এর একটা ডেফিনিট মিনিমাম পিরিয়ড ঠিক করে দেওয়া উচিত। তা না হ'লে জেল অথরিটি লম্বা সময় এই পানিসমেন্ট দেবার সুযোগ পবে। যদি একটা লোককে একটানা ৩ মাস ফিটার দিয়ে রাখা হয়, তাহলে তার পায়ে যে কতকগুলি ফোঁড়া হয় তা ভাল হয় না। সেজন্য বিশেষ অনুরোধ করছি, সাচ প্যাটার্ন, সাচ পিরিয়ড এবং ক্রস-বার ফেটারস এই দুটোকে তুলে দিন, এবং পিরিয়ডটা কমিয়ে দিন, তাহলে অনেকখানি কভার করে।

আর মনোরঞ্জনবাবুর যেটা রয়েছে, সেটা মুভ করছি এই ছয় নম্বরে—

"Imposition of handcuffs of such pattern and weight in such manner and for such period that may be prescribed by rules made by the State Government."

বর্তমানে জেলাখানায় রাত্রিবেলায় কয়েদীকে নাইট হ্যান্ড-কাফ দিয়ে রেখে দেওয়া হয়। স্পীকার মহোদয়, আপনি বোধ হয় জানেন না, রাত্রিবেলায় হ্যান্ড-কাফ দিয়ে যদি ফেলে রাখা হয় তখন মশা কামড়ালেও হাত নাড়ার একটু উপায় থাকে না, নানা অসুবিধায় পড়তে হয়। এটা যে ইনহিউম্যান তা বুঝতে পারেন। যদি হ্যান্ড-কাফ রাখতে চান তাহলে এটাকে এ্যামেন্ড করুন। স্ট্যান্ডিং হ্যান্ড-কাফ পানিসমেন্ট হলে সারাদিন একজনকে হ্যান্ড-কাফ দিয়ে ঝুলিয়ে রেখে দেয়; রাত্রিবেলায় ঘুমাবার সময় সেলএ সারা রাত্রি তাকে নাইট হ্যান্ডকাফ পরিয়ে রেখে দেওয়া হয়, প্রস্রাব করতে হলে, পায়খানা করতে হলে বিরাট অসুবিধা হয়। কিংবা মশা কামড়ালে নড়ার উপায় নাই। তা ছাড়া মফঃস্বলের জেলখানার সেলগুলোতে অনেক সময় সাপ, বিছা ঢুকে পড়ে সুতরাং এভাবে যদি নাইট হ্যান্ড-কাফ দিয়ে ফেলে রাখা হয়, তাহলে বন্দীর জীবনের দিক থেকেও একটা বিপদ আসার সম্ভাবনা আছে। সেজন্য ৬ নম্বরটা এ্যামেন্ড এমনভাবে করুন যাতে নাইট হ্যান্ড-কাফ, স্ট্যান্ডিং হ্যান্ড-কাফ যে জিনিস সেটা না থাকে। এগুলি আমি মনে করি এবং মন্ত্রীমহোদয়াও আশা করি মনে করেন, বৃটিশ

গভর্ণমেণ্টের বর্বরতার চিহ্ন হিসাবেই এইগুলি এখনও আছে। এগুলি বাদ দিন। আর একটা কথা, যদিও এই এ্যামেন্ডমেন্টএর মধ্যে আসছে না সে-সব এ্যামেন্ডমেন্ট উনি এনেছেন হুইপিং বন্ধ করার জন্য, তবুও আমি একটা অনুরোধ করতে চাই যে, জেলখানায় হুইপিংএর জন্য বৃটিশ পিরিয়ডএর বর্বরতার চিহ্নস্বরূপ যে টিকটিকিগুলো আছে, সেইগুলো ভবিষ্যতে যাতে দেশবাসীকে দেখাতে পারেন তার জন্য যেন ঐগুলিকে প্রিসার্ভ করেন ও মিউজিয়ামএ রেখে দেওয়া হয়।

Sj. Apurbalal Majumdar: Sir, I beg to move that in clause 3(1), line 1, for the words "clause (12)" the words "clauses (6), (7) and (8)" be substituted.

Mr. Speaker: I shall now put all the amendments to vote together.

Sj. Ganesh Ghosh: Sir, I would request you to just give me one minute's time. We shall consult whether we want any division on any particular motion or not.

The motion of Sj. Apurba Lal Majumdar that for sub-clause (1) of clause 3, the following sub-clause be substituted, namely:—

"(i) in clause (3), for the word 'seven' the word 'three' shall be substituted,

(ii) in clause (8), for the words 'three months' the words 'one month' shall be substituted, and

(iii) in clause (10), for the word 'fourteen' the word 'seven' shall be substituted",

was then put and lost.

The motion of Sj. Saroj Roy that for sub-clause (1) of clause 3, the following sub-clause be substituted, namely:—

"(1) clause (6) shall be omitted, and", was then put and lost.

The motion of Sj. Saroj Roy that for sub-clause (1) of clause 3, the following sub-clause be substituted, namely:—

"(1) clause (7) shall be omitted, and", was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 3(1), line 1, for the words "clause (12)" the words "clauses (6), (7) and (8)" be substituted, was then put and lost.

The question that clause 3, as amended do stand part of the Bill was then put and agreed to.

New clause 3A

Sj. Nilratan Sen Gupta: Sir, I beg to move that after clause 3 the following new clause be added, namely:—

"3A. In section 46, clause (8) shall be substituted as follows:—

(8) Separate confinement for any period not exceeding fifteen days."

স্যার, আমার একটা ছোট এ্যামেন্ডমেন্ট আছে—

separate confinement for any period not exceeding fifteen days.

এখন আমাদের যে নিয়ম আছে-তাতে ৩ মাস সেপারেট কনফাইনমেন্ট করে রাখা যায়। আমি মনে করি যে, ৩ মাস একজন লোককে সেপারেট কনফাইনমেন্ট করে রাখলে তার পক্ষে সেটা অত্যাধিক শাস্তিমূলক হয়।

সুতরাং ৩ মাসের পরিবর্তে আমি মনে করি যে, ১৫ দিন সেপারেট কনফাইনমেন্ট যথেষ্ট। বিভিন্ন দিক দিয়ে এটা চিন্তা করা দরকার, একজন লোককে তার পরিবেশের ভেতর থেকে তুলে নিয়ে ৩ মাস পৃথক জায়গায় রেখে তাকে শাস্তি দেওয়া একটু বেশী হয়ে যায় এবং তাতে তার সংস্কারের কোন সুবিধা থাকে না। আবার ৩ মাস পরে গিয়ে সেই কাজই করবো এইরকম মনোবৃত্তি এসে যায়। সুতরাং ফল উল্টো হবে। পানিসমেন্ট হিসাবে ১৫ দিনের বেশী সেপারেট কনফাইনমেন্ট রাখা উচিত নয়। আমি একটু আগে মন্ত্রীমহোদয়ার সঙ্গে এ-বিষয়ে আলোচনা করছিলাম, তিনি বলেছিলেন এটা মেনে নেবেন, জানি না তিনি নেবেন কি না। তাই নিলে জিনিষটা সুষ্ঠু এবং শোভন হয়। সেজন্য আমার মনে হয় এটা নিয়ে নেওয়া উচিত ১৫ দিন ৩ মাসের পরিবর্তে।

Sj. Hiranjan Sen Gupta: Sir, I beg to move that after clause 3, the following new clause be added, namely :—

"3A. In section 46, clause (9) with proviso shall be omitted."

The motion of Sj. Niranjan Sen Gupta that after clause 3 the following new clause be added, namely :—

"3A. In section 46, clause (8) shall be submitted as follows:—

'(8) Separate confinement for any period not exceeding fifteen days' "

was then put and lost.

Mr. Speaker: The other motion falls through.

Clause 4

Sj. Jagannath Koley: Sir, I beg to move that in clause 4, for the words "clause (4)", the words "clause (2) and clause (4)" shall be substituted.

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I accept the amendment.

The motion of Sj. Jagannath Koley that in clause 4, for the words "clause (4)", the words "clause (2) and clause (4)" shall be substituted, was then put and agreed to.

The question that clause 4, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Sj. Jagannath Koley: Sir, I beg to move that for clause 5, the following clause shall be substituted, namely :—

"Amendment of section 50.

5. In sub-section (1) of section 50 of the said Act, the words 'of penal diet, either singly or in combination, or of whipping, or' shall be omitted."

The Hon'ble Purabi Mukhopadhyay: I accept the amendment.

The motion of Sj. Jagannath Koley that for clause 5, the following clause shall be substituted, namely :—

"Amendment of section 50.

5 In sub-section (1) of section 50 of the said Act, the words 'of penal diet, either singly or in combination, or of whipping, or' shall be omitted."

was then put and agreed to.

The question that clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Mr. Speaker: Amendment of Sj. Apurba Lal Majumdar is out of order.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: New Clause 6A of Sj. Apurba Lal Majumdar is also out of order.

Clauses 7 and 8

The question that clauses 7 and 8 do stand part of the Bill was then put and agreed to.

[5-35—5-45 p.m.]

Clause 9

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that for clause 9 the following clause be substituted—

"9. In section 59 of the said Act—

(1) clause (16) shall be omitted;

(2) in clause (22), the words "transportation or" shall be omitted.

মাননীয় স্পীকার মহাশয়, আমার ১৮নং সংশোধনী প্রস্তাবের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে সেকশন ৫৯এর ক্লজ ২২ দেখতে অনুরোধ করছি। এখানে আছে—

for regulating the transfer of prisoners whose term of transportation or imprisonment is about to expire; subject, however, to the consent of the Provincial Government of any other province to which a prisoner is to be transferred.

এতে ট্রান্সপোর্টেশন অর এটা থেকে গেল। আমার কথা হচ্ছে এই দুটোই বাদ দেওয়া দরকার। ক্লজ ৯তে সরকারী বিলে যে ধারাটী এসেছে, অর্থাৎ ক্লজ ১৬—

স্যাল বি অমিটেড, ইন সেকশন ৫৯ অব দি সেইড এাক্ট (১) স্যাল বি অমিটেড--

এই যদি হয়, তাহলে এটা গ্রহণ করতে সরকারের পক্ষে বাধা কোথায়। আমার মতে এই দুটো বাদ দেওয়া দরকার। মূল বিলে কোথাও ট্রান্সপোর্টেশন থাকছে না। এটা থাকলে একটা অসঙ্গতি থাকবে। আইনটার রেগুলারাইজেশনএর জন্যও এই দুটো বাদ দেওয়া দরকার।

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I accept the amendment.

The motion was then put and agreed to.

The question that clause 9 as amended do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: Mr. Apurba Lal Majumdar, the reason why I have ruled your amendment out of order is that by "dying parents" nothing particular is meant.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I beg to move that the Prisons (West Bengal Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed.

Sj. Bhupal Panda:

স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি [illegible] কাছে দুয়েকটা কথা নিবেদন করতে চাই। আমার ৪৬এর কুজ ৮এর সেকশনস ৬ এবং ৭ সম্বন্ধে যে এ্যামেন্ডমেন্ট আছে, তা যদি মন্ত্রীমহাশয় দয়া করে গ্রহণ করতে পারেন, তাহলে ভাল হয়, কারণ, আমরা চাই যাতে সকল পর্যায়েই ক্রস-বার ফেটার এ্যান্ড হ্যান্ডকাফ ব্যবহার না হয়—এগুলির যাতে প্রয়োগ না হয় সেদিকে যেন বিশেষ দৃষ্টি রাখেন। সেকশন ৭ মুভ করে মাননীয় সরোজবাবুর বক্তব্যের উপর বলতে গিয়ে তিনি বলেছেন আন্দামান প্রভৃতি জায়গায় থাকার ফলে এদের অনেক অভিজ্ঞতা হয়েছে। স্পীকার মহাশয়, আপনি জানেন নিশ্চয়ই দীর্ঘদিন ধরে ফেটার্স এ থাকার ফলে মানুষের শেষ পর্যন্ত এমনি অবস্থা হয় যে, মেডিক্যাল এ্যাটেন্ডান্সএর দরকার হয়। তাই আমি আবেদন করি, এই ফেটার প্রয়োজন সম্পর্কে তিনি যেন বিশেষভাবে বিবেচনা করেন।

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I can assure the House that in ordinary cases I won't do it and I may inform the House that we are revising the Jail Code and the suggestions that our honourable friends have put forward here will be considered while amending the Jail Code Manual. I promised to Sj. Niranjan Sen Gupta about removing the fetters and handcuffs while revising the Code.

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that the Prisons (West Bengal Amendment) Bill, 1957, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The West Bengal Preservation of Historical Monuments and Objects and Excavation of Archaeological Sites Bill, 1957.

The Hon'ble Khagendra Nath Das Gupta: Sir, I beg to introduce that the West Bengal Preservation of Historical Monuments and Objects and Excavation of Archaeological Sites Bill, 1957.

[Secretary then read the title of the Bill]

Sir, I beg to move that the West Bengal Preservation of Historical Monuments and Objects and Excavation of Archaeological Sites Bill, 1957, be taken into consideration.

Sir, the object of this Bill is to enable the State Government to acquire powers to exercise its functions and responsibilities in respect of such ancient and historical monuments and archaeological sites and remains within West Bengal as had not been declared by, or under law made by, Parliament to be of national importance but are nevertheless considered by the State Government to be of sufficient importance and deserving of attention and management by the State Government. Ancient and historical monuments and archaeological sites and remains were made Central subjects under the Government of India Act, 1935 and accordingly the words "Local Government" previously occurring in various sections of the Ancient Monuments Preservation Act, 1904, were substituted by the words "Central Government" by the Government of India, Order, 1937.

[5-45—5-55 p.m.]

Under the Constitution of India, the State Government have been granted legislative powers in respect of the ancient and historical monuments and records—entry 12 of the State List—and archaeological sites and remains—entry 40 of the Concurrent List—other than those declared by or under law made by Parliament to be of national importance. Under the Ancient Monuments Preservation Act, 1904, as it stands now, the Government of India alone can exercise powers. The State Government approached

the Central Government to adapt or amend the Ancient Monuments Preservation Act, 1904, in such a way that the appropriate Government and not the Central Government alone could exercise powers under it with reference to such ancient monuments, etc., over which the State Government would not exercise control under the Constitution of India. The Government of India, however, did not agree to the State Government's proposal. The matter was thereupon examined by the State Laws Revision Committee who advised the Government to enact suitable legislation under entry 12 of List II and entry 40 of List III of the Seventh Schedule of the Constitution of India. The present Bill has been prepared on the lines of the Ancient Monuments Preservation Act, 1904, as far as possible. Many of the provisions have, in fact, been copied varbatim as that Act has not given rise to any legal difficulties so far and has been working satisfactorily for over half a century. The subject-matter of the Bill comes within entries 12 and 18 of the State List and entries 40 and 42 of the Concurrent List.

Now, Sir, the proposed legislation has its financial aspect too. At present the State Government has practically no financial commitment or expenditure on this account. The protected monuments, as we now have in West Bengal, are all under the control of the Archaeological Department of the Government of India who bear all direct expenses on this account.

Sir, I now propose to conclude by saying that demands for the preservation of ancient and historical monuments, records and remains in West Bengal, of course, other than those declared by or under the law made by Parliament to be of national importance, were ventilated both in the press and on the floor of the legislature and quite a large number of representations were also addressed to Government in this behalf by members of the public from time to time during the last few years. The Chief Minister also promised before the Legislative Council that a Bill containing comprehensive provisions would be presented for enactment. The present Bill, I may be permitted to say, will go a long way in fulfilling all these.

Sir, with these words, I move that the Bill be taken into consideration.

Sj. Ganesh Ghosh:

মিস্টার স্পীকার, স্যার, আমাদের দেশে এই ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক বস্তুসমূহ রক্ষা করা সম্পর্কিত বিষয়ে, যেমন আমাদের মন্ত্রীমহাশয় বললেন, প্রথম সরকারী প্রচেষ্টা হয় লর্ড কার্জনের আমলে, ১৯০৪ সালে এবং ঐ সময় প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক সম্পদ রক্ষা আইন পাশ করা হয়। সেটাই এ্যানসিয়েন্ট মনুমেন্টস প্রিজারভেশন এ্যাক্ট অফ ১৯০৪ বলে পরিচিত। এই আইন দ্বারা আজ পর্যন্ত আমাদের সারা ভারতবর্ষে প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক সম্পদ রক্ষিত হয়ে আসছে। ভারত গভর্নমেন্টের প্রত্নতাত্ত্বিক বিভাগ অর্থাৎ Archaeological Survey of the Government of India—

Mr. Speaker: You will excuse me for stopping you in the middle. Are you moving your amendment?

Sj. Ganesh Ghosh: Yes, Sir, I will move that the Bill be referred to a Select Committee.

Mr. Speaker: You have two difficulties in your way.

Sj. Ganesh Ghosh: I know it.

Mr. Speaker: If you know it, then your amendment is out of order. There must be a Minister in the Committee as per rules. You have omitted it. That is reason No. 1. Reason No. 2 is that you have not obtained the consent of the different members.

Sj. Ganesh Ghosh: I did not know that it was necessary to submti the consent of the members. However, I know that it will be out of order. But I would crave your indulgence to speak on the Bill.

Mr. Speaker: Yes, you can speak on the consideration motion. But your amendment is out of order.

Sj. Ganesh Ghosh:

এই ভারত সরকারের প্রত্নতাত্ত্বিক বিভাগ—

Archaeological Survey of the Government of India

সারা দেশের ঐতিহাসিক সম্পদ রক্ষা করে আসছেন। কিন্তু কেবলমাত্র যেসমস্ত মনুমেন্টের দলিল ও প্রত্নতাত্ত্বিক ঐশ্বর্যসম্পন্ন স্থান সরকারীভাবে জাতীয় গুরুত্বপূর্ণ সম্পদ বলে ঘোষণা করা হয়েছে, শুধু সেইগুলি রক্ষা করবার ভার, রক্ষণাবেক্ষণের ভার আমাদের সরকার অর্থাৎ আরকিওলজিক্যাল ডিপার্টমেন্ট গ্রহণ করেছেন। এ-কথা সত্যি, তাঁরা যে-সমস্ত স্থান গুরুত্বপূর্ণ, ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক, গুরুত্বপূর্ণ দলিল ও বস্তুসমূহ রক্ষণাবেক্ষণের দায়িত্ব গ্রহণ করেছেন। তা ছাড়াও আমাদের দেশে বহু বহু ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক গুরুত্বপূর্ণ বহু দলিল, বহু বস্তু ও বহু স্থান আজও পড়ে রয়েছে, তাহাতে ধ্বংসের মুখে চলে যাচ্ছে। সেহেতু এ-বিষয় কনকারেন্ট লিস্টএর মধ্যে রয়েছে, এবং যেহেতু সরকারের আরকিওলজিক্যাল ডিপার্টমেন্টএর পক্ষে আমাদের সারা দেশের সমস্ত প্রত্নতাত্ত্বিক, ঐতিহাসিক গুরুত্বপূর্ণ স্থান ও বস্তুসমূহের রক্ষণাবেক্ষণের ভার গ্রহণ করা সম্ভব নয়, সেইহেতু কেন্দ্রীয় সরকার ১৯৫১ সালে আইন করেছেন যাতে অঙ্গরাজ্যসমূহ এই সম্পর্কে নিজেদের সুবিধামত আইন করে নিতে পারবেন। আনন্দের কথা এই

Eastern Circle of the Archaeological Survey of India-র

অন্তর্গত একমাত্র উড়িষ্যা রাজ্যে এই সম্পর্কে আইন হয়েছে, আর আমাদের দেশের কোথাও হয় নি। সুখের কথা পশ্চিমবঙ্গ সরকার এতদিন বাদে এই সম্পর্কে একটা আইন এনেছেন। এই আইন কেন এল, কিভাবে এল, সে সম্বন্ধে আমার বক্তব্য আছে।

মাত্র কয়েকদিন আগে হয়ত দু-এক বছর আগে এই সম্পর্কে আমাদের সরকারের মন্ত্রিমণ্ডলী ভাবলেন, এই সম্পর্কে একটা আইন আনা প্রয়োজন। পশ্চিমবাংলায় বহু ঐতিহাসিক গুরুত্বপূর্ণ, প্রত্নতাত্ত্বিক গুরুত্বপূর্ণ স্থান ও বস্তু রয়েছে, সেগুলি অযত্নে নষ্ট হয়ে যাচ্ছে। তাই তাঁরা ভাবলেন ও মনে করলেন যে, সেগুলিকে সংরক্ষণের ভেতর আনা উচিত। তাঁরা তখন এসিয়াটিক সোসাইটীর সঙ্গে আলোচনা করলেন এবং সেই সাথে প্রত্নতাত্ত্বিক বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিদের সঙ্গেও আলোচনা করেছিলেন। এটা দু-তিন বছর আগের কথা। ইতিমধ্যে বিধান সভার উচ্চতর পরিষদের লেজিসলেটিভ কাউন্সিলএর সদস্য অধ্যাপক নির্মলচন্দ্র ভট্টাচার্য এক প্রস্তাব এনে এ-সম্পর্কে সরকারকে অবহিত হতে এবং সরকারকে ইনিসিয়েটিভ নিয়ে কাজে এগিয়ে যেতে উপদেশ দেন। তারপর, সরকার নিশ্চয়ই এগিয়েছেন। কিন্তু এত তাড়াতাড়ি করে, এত দ্রুততার সঙ্গে সরকার এই খসড়া আইন এনেছেন যে, এর ভেতর অনেক কিছু দুর্বলতা ও অনেক কিছু ত্রুটি রয়ে গেছে। যে উদ্দেশ্যে এই খসড়া আইন আনা হয়েছে, সেটা হল এই, আমি মনে করি, ঐতিহাসিক এবং প্রত্নতাত্ত্বিক সম্পদসমূহ যা দেশের বিভিন্ন অংশে ছড়িয়ে আছে তা রক্ষা করা উচিত। এ-বিষয়ে দেশের কোন রাজনৈতিক দলের মধ্যে মতভেদ নাই বা মতভেদ হবে না। জাতীয় সম্পদকে রক্ষা করতেই হবে। বহুদিন পশ্চিমবঙ্গ সরকার এই আইন আনেন নাই। এই আইনের করণীয় সমস্ত দায়িত্ব তাঁরা এতদিন কেন্দ্রীয় সরকার অর্থাৎ আরকিওলজিক্যাল ডিপার্টমেন্টএর উপর ছেড়ে দিয়ে উদাসীন ছিলেন। আজ এঁরা এটা এনেছেন ভালই। কিন্তু অসম্ভব দ্রুততার সাথে হেস্টিলী এই আইন সরকার এনেছেন। তার জন্য অনেক ত্রুটি ও দুর্বলতা এর মধ্যে রয়ে গিয়েছে। আমি আশা করি একটা সর্বাঙ্গ-সুন্দর ত্রুটিহীন আইন তৈরী হোক, যে আইনের ফলে আমাদের এইসব জাতীয় সম্পদ সরকার রক্ষণাবেক্ষণের আওতায় আনতে পারবেন।

[5-55—6-5 p.m.]

আমরা আশা করেছিলাম একটা সর্বাঙ্গসুন্দর আইন তৈরী হোক যে আইনের বলে সরকার আমাদের সমস্ত জাতীয় সম্পদসমূহ রক্ষণাবেক্ষণের আওতায় নিতে পারবেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় মন্ত্রীসভা এই সম্পর্কে বিল আনবার সময় যথাযোগ্য ব্যক্তিদের সঙ্গে আলোচনা করেন নি। এসিয়াটিক সোসাইটীর সঙ্গে এই বিল আনবার ঠিক অব্যবহিত পূর্বে কোন আলোচনা করা হয় নি। আশুতোষ মিউজিয়মের সঙ্গে কোন আলোচনা করেন নি। আশুতোষ মিউজিয়ম অনেক এক্সক্যাভেশন ওয়ার্ক করেছেন এবং খনন কার্য সম্পর্কে তাঁদের অনেক অভিজ্ঞতা আছে। সম্প্রতি তাঁরা বারাসতে চন্দ্রকেতুগড়ে খনন কার্য করেছেন। আমরা আশা করেছিলাম যে, মন্ত্রীসভা কেবলমাত্র সরকারী অফিসারদের উপর নির্ভর না করে প্রত্নতাত্ত্বিক বিষয়ে যাঁরা অভিজ্ঞ ব্যক্তি এবং যাঁরা বিশেষজ্ঞ তাঁদের সঙ্গে আলোচনা করে কিভাবে আমাদের জাতীয় সম্পদসমূহকে যথাযথভাবে রক্ষণাবেক্ষণে আনা যেতে পারে সে সম্পর্কে তাঁদের পরামর্শ নেবেন। আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, ইস্টার্ন সার্কেল ইত্যাদি কারুর সঙ্গে আলোচনা করেছেন বলে আমরা জানি না। অবশ্য কোলকাতা বিশ্ববিদ্যালয়ের এই সম্পর্কিত কিছু অধ্যাপকের সঙ্গে আলোচনা করেছেন—হেড অফ দি ডিপার্টমেন্ট অফ হিস্টরীর সঙ্গে আলোচনা করেছেন। কিন্তু আমরা যেটা বলতে চাই, সেটা হচ্ছে যে, এই খসড়া আইন তৈরী করার পরে আমরা আশা করেছিলাম যে, খসড়া আইনটি এসিয়াটিক সোসাইটীতে, আশুতোষ মিউজিয়মএ এবং দেশের মধ্যে যাঁরা এ সম্পর্কে অভিজ্ঞ এবং বিশেষজ্ঞ, তাঁদের মতের জন্য তাঁদের কাছে পাঠান হবে। এটা একটা প্রেস্টিজএর প্রশ্ন নয়, বা এমন একটা বাহাদুরির বিষয় নয় যা নিয়ে সরকার একটা খুব বাহাদুরি নিতে পারেন। কিন্তু দুর্ভাগ্যের কথা যে, আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় এই বিলের খসড়াকে যদি ওঁদের কাছে পাঠিয়ে দিয়ে এই বিলের সম্পর্কে তাঁদের মন্তব্য গ্রহণ করতেন এবং তারপর বিবেচনা করে যদি বিল আনতেন তাহলে আমরা খুশি হতাম। কারণ তাদের মত বা মন্তব্যগুলি গ্রহণ করলে নিশ্চয় বিলটা আরও সর্বাঙ্গসুন্দর হত। এই সমস্ত কথা চিন্তা করে আমরা মনে করি যে, এই বিলটা একটা সিলেক্ট কমিটিতে পাঠান উচিত। সিলেক্ট কমিটির পর্যায় যখন বিলটা সম্পর্কে পুঙ্খানুপুঙ্খভাবে আলোচিত হবে, তখন বিলটা অনেক ত্রুটিপূর্ণ হতে পারবে এবং সে সময় দেশের প্রত্নতাত্ত্বিক এবং ইতিহাস সম্পর্কে বিশেষজ্ঞ ব্যক্তি যাঁরা তাঁদের মতামত গ্রহণ করে এই খসড়া আইনটি আরও সমৃদ্ধ করা সম্ভব হবে। একটা সিলেক্ট কমিটি সম্বন্ধে আমি যে প্রস্তাব দিয়েছি, আমি জানি সে প্রস্তাবটা একপেশে এবং সে প্রস্তাবের ভেতরে বিধান-সভার সমস্ত দলের প্রতিনিধিদের নেওয়া সম্ভব হয় নি—এমন কি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের নাম দেওয়া আমার পক্ষে সম্ভব হয় নি। কিন্তু আমি সুখী হতাম যদি আমার এ অধিকার থাকতো যে, ওঁর নাম দিলে ওঁর মত আমি পাব কিংবা কংগ্রেস পক্ষের সদস্যদের নাম এই সিলেক্ট কমিটির মধ্যে যদি দিতে পারতাম তাহলে আমি খুশি হতাম। যাহোক আমি জানি যে, আমার প্রস্তাবটা ত্রুটিপূর্ণ এবং সেটা আউট অফ অর্ডার হয়ে যাবে, তবুও আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে বলব যে, তিনি একটা সিলেক্ট কমিটি তৈরী করুন। আমাদের এই দুই হাউসের সদস্যদের নিয়ে একটা সিলেক্ট কমিটি তৈরী করুন। ২।৩ মাস সময় দিয়ে সিলেক্ট কমিটির কাছে এই খসড়া আইনটি পাঠিয়ে দিন। দেশের যারা এবিষয়ে বিশেষজ্ঞ এবং অভিজ্ঞ ব্যক্তি, তাঁদের মত সিলেক্ট কমিটি এর ভেতরে সন্নিবেশিত করার পর সে বিলটা আসুক এবং সকলের সদিচ্ছা ও আশীর্বাদ নিয়ে বিলটা আসবে, তখন সেটা নিশ্চয় দেশের পক্ষে একটা গুরুত্বপূর্ণ বিল হবে বলে আমি মনে করি। আমি মনে করি এটা একটা প্রেস্টিজএর প্রশ্ন নয় এবং ২।৩ মাস দেরী হলেও বিলটা যদি বাজেট সেশানে সিলেক্ট কমিটির মারফত আসে তাহলে ভালই হবে। এই বিলটা আলোচনাকালে উনি এ-কথা স্বীকার করে গেছেন যে, এই আইনটা ১৯০৪ সালের এ্যান্সিয়েন্ট মনুমেন্টস প্রিজারভেশন এ্যাক্টের প্রায় অনেকটা নকল। কিন্তু আমি বলব যে, প্রায় এ্যাড ভারবেটিম তোলা হয়েছে। অর্থাৎ অনেক জায়গায় কথায় কথায়, ধারা, উপধারাগুলি তুলে নেওয়া হয়েছে। কিন্তু তবুও বলব, যে কথাটা মন্ত্রীমহাশয় বলে যান নি সেটা হচ্ছে যে, এই বিলের পরিধি সীমাবদ্ধ করে দেওয়া হয়েছে অর্থাৎ ১৯০৪ সালের বিলের যে আওতা

ছিল, এই বিলে সেটাকে অনেকটা কমিয়ে দেওয়া হয়েছে। আমার প্রথম কথাটা আমি আবার ওঁর নজরে আনতে চাই যে, এটাকে সিলেক্ট কমিটিতে দেওয়ার কথাটা উনি বিবেচনা করুন এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে আলোচনা করুন যে, ২।৩ মাস দেরী হলেও কিছু ক্ষতি হবে না বরং আমরা একটা ভাল আইন পাব।

যাহোক এর ২।১টা ত্রুটি সম্পর্কে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। প্রথমত এই বিলের পরিধি অত্যন্ত সীমাবদ্ধ করে দেওয়া হয়েছে। ১৯০৪ সালের আইনে ছিল এ্যান্সিয়েন্ট মনুমেন্টস প্রিজারভেশন এ্যাক্ট অর্থাৎ মনুমেন্টকে এই বলে সংজ্ঞা দেওয়া হয়েছিল যে—

'Monument' means any structure, erection, or monument, or any tumulus or place of internment or any cave, rock-sculpture, inscription or monolith which is of historical.

এই হিস্টরিক্যাল, আরকিওলজিক্যাল অর আরটিস্টিক ইন্টারেস্ট কথাটাকে উনি গ্রহণ করেন নি এবং ওটাকে কেটে দিয়ে উনি শুধু হিস্টরিক্যাল মনুমেন্টস প্রিজারভেশন কথাটা রেখেছেন। শুধু ঐতিহাসিক সম্পদ ছাড়াও আমাদের দেশে বহু বস্তু আছে যেগুলো আরকিওলজিক্যাল এ্যান্ড আরটিস্টিক সম্পদ। কিন্তু সেগুলো রক্ষা করার দায়িত্ব কেন সরকার নেবেন না? ঐতিহাসিক দিক দিয়ে হয়ত তার গুরুত্ব কম, কিন্তু আরকিওলজিক্যালি এবং আরটিস্টিক্যালি নিশ্চয় তার গুরুত্ব আছে বলে সেগুলোকে রক্ষণাবেক্ষণ করা উচিত। উনি একটা কথা বলে গেছেন যে এগুলো সেন্ট্রাল গভর্নমেন্টএর আয়ত্বাধীনে। কিন্তু সমস্ত ব্যাপারই তো সেন্ট্রাল গভর্ণমেন্টএর এটা কনকারেন্ট সাবজেক্ট বলে অন্যরাজ্য তো এই সম্পর্কে আইন করতে পারে। সুতরাং যখন এ্যাড ভারবেটিম নেওয়া হচ্ছে তখন ঠিক তেমনি ভাবে—

Ancient Monuments Preservation Act এ

ancient monuments

বলতে

all objects of historical or archaeological or of artistic beauty

যেটা বোঝায় সেটা থাকলে আমরা আনন্দিত হতাম। কিন্তু কেন যে ওটা বাদ দেওয়া হয়েছে সে সম্পর্কে ওঁর কাছ থেকে আমি একটু জানতে চাই। সরকারের রক্ষণাবেক্ষণে নেওয়া সম্পর্কে যে-সমস্ত ধারা আছে, সে-সম্পর্কে দুর্বলতা আছে। একথা সত্যি যে-কোন সরকারের পক্ষে কংগ্রেস সরকার হোক, আর যেই হোক, গুরুত্বপূর্ণ ঐতিহাসিক প্রত্নতাত্ত্বিক কিংবা আরটিস্টিক সম্পদসমূহ ক্ষতিপূরণ দিয়ে গ্রহণ করা সম্ভব নয়। আমাদের সংবিধান বর্তমান অবস্থায় যতদিন থাকবে অর্থাৎ ব্যক্তিগত মালিককে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা যতদিন থাকবে ততদিন কোন সরকারের পক্ষে জাতীয় সম্পদকে ক্ষতিপূরণ দিয়ে গ্রহণ করা যে সম্ভব নয়, সেটা আমরা বুঝি। কিন্তু তা সত্ত্বেও জাতীয় সম্পদকে রক্ষা করা উচিত। আমরা আজ আছি, কাল থাকব না, কিন্তু আমাদের অনাগত ভবিষ্যৎ এবিষয়ে নিয়ে গর্ব বোধ করবে, যে বিষয় নিয়ে আমরা গর্ব বোধ করি। সুতরাং যা আমাদের গৌরবের বিষয় তা রক্ষা করার দায়িত্ব আজ আমাদেরই নিতে হবে।

[6-5—6-15 p.m.]

এইদিক দিয়ে নিশ্চয় যদি আমাদের সরকার—

all objects of historical or archaeological or of artistic beauty

সেগুলি রাখতে অনেক জন্য সংবিধানের প্রয়োজনীয় সংশোধন করবার জন্য সেন্ট্রাল গভর্নমেন্টকে বলতেন তাহলে আমরা নিশ্চয় মন্ত্রীসভার কার্যকে সমর্থন করতাম; কিন্তু তা সম্ভব হয় নি। তার জন্য আজ দেশের জাতীয় সম্পদ ধ্বংস হতে চলেছে। আমরা এইমাত্র শুনলাম যে, গৌড়ের যে সমস্ত জাতীয় সম্পদ সেগুলি কেন্দ্রীয় সরকারের অধীনে রয়েছে। অথচ সেই ধ্বংসাবশেষ আরও ধ্বংসের পথে চলেছে। কিছুদিন আগে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন ছাত্র গৌড় দেখতে গিয়েছিলেন। তাঁরা যেরকম মর্মাহত হয়েছেন সেই ধ্বংসাবশেষের বর্তমান অবস্থা দেখে তা কোন কোন কাগজে লিখেছেন। অক্টোবর মাসের

২০ তারিখে স্টেটসম্যান এ-সম্পর্কে জাতির দৃষ্টি আকর্ষণ করেছে। সরকারী ব্যবস্থা সেখানে নামে আছে, কিন্তু কার্যত সেই ধ্বংসাবশেষ রক্ষার কোনরকম ব্যবস্থা হয় নি। জঙ্গলে সমস্ত জায়গা ঢেকে গিয়েছে; তার কাছে যাওয়া যায় না, পাথরের স্তূপ জমা হয়ে রয়েছে এবং গ্রামের লোক বলেছে সেখানে যাওয়া যায় না, পথ বন্ধ হয়ে গেছে। বাড়ীগুলো পড়-পড় অবস্থায়। কিন্তু সেগুলি রক্ষার কোন ব্যবস্থা হয় নি। সেগুলি গৌড়ের ও প্রাচীন বাংলার গৌরবের সামগ্রী, এবং সেগুলি রক্ষা করার দায়িত্ব আমাদের উপরে। এমন ক'রে সরকারের আওতায় এসে সেগুলি ধ্বংস হয়ে যাচ্ছে। গৌড়ের কেল্লা, বাইসগজী, ফিকা-মসজিদ, বুলন্দ মসজিদ ইত্যাদি সব সরকারের আওতায় আছে। এসবেরও যদি ঐরকম অবস্থা হয় তাহলে আমি জিজ্ঞাসা করব, আমাদের সরকার কেন এই আরকিওলজিক্যাল ডিপার্টমেন্টএর এবং আরকিওলজিক্যাল সার্ভে, ইস্টার্ন জোন—তাঁদের দৃষ্টি আকর্ষণ করেন নি? গৌড়ের ধ্বংসাবশেষ যদি আজ নিশ্চিহ্ন হয় তাতে কেন্দ্রীয় সরকারের কিছু হবে না, হবে বাংলা সরকারেরই ক্ষতি। এ-বিষয়ে বাংলা সরকারের কি কিছু দায়িত্ব নাই? পাণ্ডুয়ার আদিনা মসজিদ—জানি না সেটা আরকিওলজিক্যাল ডিপার্টমেন্টএর রক্ষণাবেক্ষণের অধীনে এসেছে কি না। এই মসজিদ বোধ হয় ভারতবর্ষের মধ্যে সর্বাপেক্ষা বৃহৎ মসজিদ, হয়ত দিল্লীর জুম্মা মসজিদের চেয়ে বড় না হলেও ভারতবর্ষের মধ্যে অন্যতম বৃহৎ মসজিদ। সেটাও ভেঙ্গে পড়ছে, সেটাও আমাদের জাতির গৌরবের সামগ্রী। স্থানীয় লোকেরা তার গুরুত্ব ভুলে গিয়েছে এবং এর দেওয়াল ভেঙ্গে ভেঙ্গে নিয়ে চলে যাচ্ছে, এবং তাকে আরও ধ্বংসের মুখে নিয়ে যাচ্ছে। একলক্ষ্মীর স্তূপ ও মসজিদ- আজ থেকে ৬০০ বছর আগেকার মসজিদ; ১৩৬৪-৭৪ সালে তৈরী হয়েছিল; এটাও রক্ষা করার দায়িত্ব নিশ্চয় আমাদের রয়েছে। একলক্ষ্মীর স্তূপগুলি ১৪১২-১৫০০ সালে তৈরী হয়েছিল; তারও যথেষ্ট ঐতিহাসিক গুরুত্ব রয়েছে। কিন্তু সে পথে যাবার উপায় নেই জঙ্গলে সমস্ত রাস্তা ঢেকে রয়েছে, পথ বন্ধ। যাওয়াই যায় না, তা জনসাধারণ সে সম্বন্ধে জানবে কি করে? এই সেদিনকার রাজধানী মুর্শিদাবাদ সেই মুর্শিদাবাদের ঐতিহাসিক গুরুত্বপূর্ণ বাড়ীঘর ভেঙ্গে যাচ্ছে। জগৎ শেঠের বাড়ীর বেশীর ভাগ ভাগীরথীর গর্ভে নিশ্চিহ্ন হয়েছে, এখনও যেটুকু দেওয়াল অবশিষ্ট আছে তাও ভেঙ্গে পড়ছে। শুধু জগৎ শেঠের বাড়ী নয়, মহারাজ নন্দকুমারের প্রাসাদ, মীর্জাফরের প্রাসাদ, মতিঝিল, সব নিশ্চিহ্ন হয়ে পড়তে চলেছে। বরাহনগরের রাণী ভবানীর যে মন্দির, তাও ভাগীরথী গ্রাস করে নেবার উপক্রম করেছে। এ-সম্বন্ধে আমাদের সরকার করছেন কি? আমরা দেখেছি রাণী ভবানীর মন্দির রক্ষা করবার কোন ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার করছেন না। জানি না কেন্দ্রীয় সরকারের আর্কিওলজিক্যাল ডিপার্টমেন্ট রক্ষা করবার কোন ব্যবস্থা করছেন কি না। যদি না করেন তাহলে সরকার তাঁর কর্তব্য করেন নি একথা আমরা নিশ্চয় বলতে পারি।

গুপ্তিপাড়ার বৃন্দাবন চন্দ্রের মন্দির যত্নের অভাবে নষ্ট হতে চলেছে। গুপ্তিপাড়ায় যে মন্ত্রীমহাশয়ের বাড়ী, তিনি সেই বৃন্দাবন চন্দ্রের মন্দির রক্ষার জন্য কোন 'ইনিসিয়েটিভ' নিয়েছেন কি না জানি না; মনে হয় নেন নি। এটা আমাদের দুঃখের নয়, দুর্ভাগ্যের কথা। (অনারেবল পূরবী মুখার্জী: হ্যাভ কনফিডেন্স) হবে কি? আজ এই খসড়া বিল এসেছে, একে আমরা এই কমিউনিস্ট পার্টির লোকেরা অভিনন্দন করি। কারণ এসিয়াটিক সোসাইটী এবং বঙ্গীয় সাহিত্য পরিষৎ যখন জানা গেল যে তারা ভেঙ্গে পড়ছে, টাকা-পয়সার অভাবে মেরামত হচ্ছে না, তখন মিঃ স্পীকার, আপনি বোধ হয় জানেন আমাদের পার্টি থেকেই সর্বপ্রথম এই বাংলাদেশে ঐ এসিয়াটিক সোসাইটী এবং বঙ্গীয় সাহিত্য পরিষৎকে সাহায্য করবার জন্য জনসাধারণের কাছে আবেদন করা হয়েছিল। আজকে সুখের কথা, অনেক দেরী হলেও আমাদের মন্ত্রীসভা আজ একটা বিল এনেছেন। আমরা এই বিলকে সমর্থন করি, তবে কতকগুলি দোষ-ত্রুটি-দুর্বলতা যা আছে তার প্রতিই দৃষ্টি আকর্ষণ করছি। আরও কতকগুলি দুর্বলতা এই আইনের মধ্য থেকে সরানর কথা সম্পর্কে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। ক্ষতিপূরণ দিয়ে সমস্ত জাতীয় সম্পদ গ্রহণ করা যায় না, একথা আমরা বুঝি, কিন্তু জাতীয় সম্পদ রক্ষা করতে গেলে ব্যক্তিগত মালিকানার হাতে ছেড়ে দিলে সে সম্পদ থাকবে না। কারণ, ব্যক্তিগত মালিক—এটা বড় দুঃখের সঙ্গে দেখছি যে, তাঁরা

অনেক সময় এর গুরুত্ব বোঝেন না; তাঁরা অনেক সময় এবিষয়ে উদাসীন। পুরাণ সৌধ-সম্পদ ভেঙ্গে নিয়ে যাচ্ছে, ইট-পাথর লোক নিয়ে যাচ্ছে, কেউ সেদিকে দৃষ্টি দেন না। সরকার নিতে গেলে নিশ্চয় মালিকেরা অনেক টাকা চেয়ে বসবেন। এ সম্পর্কে কি কিছু করা যায়? আমি মন্ত্রিসভার দৃষ্টি এবিষয়ে আকর্ষণ করছি।

Mr. Speaker:

আপনার টাইম হয়ে গেছে।

Sj. Ganesh Ghosh: I would request you, Mr. Speaker, to give me a few minutes' more time. I will cover up the rest of my speech in ten minutes.

চুক্তি বাতিল করা বা 'টার্মিনেশন অফ এগ্রিমেন্ট' সম্পর্কে যে ধারা আছে, সেই ধারাকে আরও ব্যাপক, কঠোরতর করা উচিত। তা না হলে একবার সরকার চুক্তি করলেন কোন ঐতিহাসিক গুরুত্বপূর্ণ স্থানের কিছু উন্নতি করা হবে, কিন্তু ব্যক্তিগত মালিক যদি কোন লাভের সন্ধান পান তাহলে নোটিস দিয়ে সেই চুক্তি শেষ করে দিতে পারেন এইরকম যে ব্যবস্থা এখন আছে তাকে কঠোরতর করা উচিত বলে মনে হয়। একথা সত্য এবং আমিও মনে করি যে, মন্ত্রিসভা বোঝেন যে জাতীয় সম্পদ রক্ষা করার গুরুত্ব ব্যক্তিগত স্বার্থের চেয়ে অনেক বড়। জাতীয় স্বার্থের কাছে ব্যক্তিগত স্বার্থকে নিশ্চয় ছোট করে দেখা উচিত। আমাদের মন্ত্রিসভা অনেক সময় সাধারণ ব্যক্তিগত স্বার্থকে জাতীয় স্বার্থের উর্ধ্বে স্থান দেন বলে আমাদের কিছু সন্দেহ আছে। সেইজন্য এই ধারাগুলির সম্বন্ধে আরও কঠোর ব্যবস্থা করবার যে প্রস্তাব করছেন সেটা যে সুবিবেচিত হয়েছে তা মনে হবে। চুক্তি-পালন সম্পর্কিত ধারাগুলি কঠোরতর করা উচিত। তা না হলে তাঁরা ত্রুটি নিয়ে ব্যক্তিগত মালিক সে চুক্তি পালন করবেন না ক্ষতিপূরণ সম্পর্কে যে দায়িত্ব থাকবে সে দায়িত্ব তাঁরা পালন করবেন না বলেই আশঙ্কা আছে।

[6-15—6-25 p.m.]

তাই সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, ধারাসমূহকে আর একটু কঠোরতর করা হোক। সরকারের একেবারে বস্তু বা স্থান সংরক্ষণের ব্যবস্থা এই আইনে আছে। কিন্তু দায়িত্ব গ্রহণের পর সেই দায়িত্ব পরিহারেরও ব্যবস্থা আছে এটা যে কেন আছে অর্থাৎ রেলিংকুইসিং ১৪ ধারা—

where rights have been acquired by the State Government in respect of any State protected monument in this Act by virtue of sale, lease, gift or will, relinquish the rights acquired.

এই যে পরিত্যাগ করার ব্যবস্থা কেন করা হয়েছে, আমি বুঝি না। কারণ সরকার একেবারে যে দায়িত্ব গ্রহণ করবেন নিশ্চয়ই তার সম্বন্ধে যথেষ্ট বিবেচনা করবেন, যথেষ্ট গুরুত্ব দেওয়ার কথা চিন্তা করবেন। সরকারী যারা অফিসার রয়েছে তারাও বিবেচনা করবেন এবং অধিকার তারা একেবারে গ্রহণ করবেন। তারপর ছেড়ে দেওয়ার প্রশ্ন আসছে কেন? ছেড়ে দেওয়া সম্পর্কে একটা ধারা সংযোজিত হচ্ছে। কেন আমি বুঝি না। আমি আশা করি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় সে-বিষয়ে নোট করে এ-সম্পর্কে আমাদের আলোকপাত করবেন। ঐতিহাসিক গুরুত্বপূর্ণ বস্তু এক স্থান থেকে অন্য স্থানে যাবার ব্যবস্থা আছে, ক্ষতিপূরণেরও ব্যবস্থা আছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—১৯০৪ সালের আইনকে হুবহু ফলো করা হয়েছে, একটু অদলবদল করা হয়েছে। সত্য কথা অনেক সময় ব্যক্তিগত পারিবারিক প্রশ্ন, ইমোশান সেন্টিমেন্টের প্রশ্নে প্রয়োজন হতে বাংলা থেকে কোন কোন বস্তু রাজস্থানে নিয়ে যাবার। এই গুরুত্বপূর্ণ বস্তু নিয়ে যাওয়া উচিত। কিন্তু নিয়ে যাবার সময় যে বিপদ আছে সেই বিপদের প্রতিরোধক হিসাবে কোন ব্যবস্থা এই আইনে নাই। শুধু কমিশনারের লিখিত অনুমতি নিয়ে তারা নিয়ে যেতে পারবে। জাতীয় সম্পদ কমিশনারের লিখিত অনুমতি নিয়ে, নিয়ে যেতে পারবে এটা ভাল কথা, কিন্তু যে বিপদ রয়েছে তার সম্বন্ধে—সেই বস্তু যে নষ্ট হতে পারে, ক্ষতিগ্রস্ত হতে পারে, চুরি হয়ে যেতে পারে, তার কোন

প্রতিষেধক, কোন ব্যবস্থা নাই। নিশ্চয়ই আমি আশা করি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় দৃষ্টি দেবেন। সরকারী বিজ্ঞপ্তি কোন ব্যক্তি, মালিক ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণের ব্যবস্থা আছে, এই আছে—সরকার সেই বস্তু বা স্থান কিনে নিতে পারবে। কিন্তু সরকারী দায়িত্ব থেকে কোন ব্যক্তি, মালিকের হাতে ছেড়ে দেবার ব্যবস্থা কেন করা হয়েছে, এ ধারা বুঝি না। অর্থাৎ ১৮ ধারার ২ উপধারার (বি) ধারায়—

anything which the owner desires to retain on reasonable grounds personal to himself or any of his ancestors or any of the members of his family the power of compulsory purchase given by this section shall not extend to such things.

সত্য কথা, ব্যক্তিগত পারিবারিক অনেক সময় সেন্টিমেন্টএর প্রশ্ন আছে। গিরীশচন্দ্র ঘোষের হুঁকো হয়ত তারা ছেড়ে দিতে চাইবেন না, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের চেয়ার হয়ত ছাড়তে চাইবেন না, এসব বুঝি কিন্তু সরকার যদি তা গ্রহণ না করে তাহলে যে মালিক তাকে কেন চুক্তিবদ্ধ করা হবে না, যে এই সমস্ত জিনিষ জাতীয় সম্পত্তিগুলো যথাযথভাবে রক্ষা করতে হবে; এই সর্ত আরোপ করার ব্যবস্থা বিলে নাই। আমি আশা করি, এইরকম একটা ধারা সংযোজিত করা উচিত। পারিবারিক সেন্টিমেন্ট নিশ্চয়ই হবে কিন্তু যেখানে সেন্টিমেন্ট তার চাইতে অনেক বড়, সেখানে চুক্তিবদ্ধ হবেন সরকারের কাছে, সেগুলি যথাযথ রক্ষণাবেক্ষণ করার জন্য। ১৯নং ধারার ২নং উপধারার ভূগর্ভস্থ সম্পত্তির সম্বন্ধে সরকার আইন করেছেন যে, সরকার সেই ভূগর্ভস্থ সম্পত্তি কিনে নিতে পারবে। এ-ছাড়া আর সমস্ত রকম অধিকার থাকবে মালিকের। এই সমস্ত রকম অধিকার কি তা বলা উচিত। নইলে এর সুযোগে যে মালিক স্বার্থপর তারা এর সুযোগ নেবে। এই সমস্ত রকম সুযোগ না বল্লে ভাল হয়—এ-বিষয়ে সম্পর্ক ছাড়া আর সমস্ত অধিকার সরকারে আসবে।

মালিকের যেটুকু অধিকার সেটুকু সরকারের অধিকারের নিশ্চয়ই নীচে থাকবে। যাহোক আমি এখানে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মিঃ স্পীকার, আপনার এবং সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। এই বিলে একজিকিউটিভ অথোরিটি দেওয়া হয়েছে কমিশনারকে, অর্থাৎ ১৯০৪ সালের বিলে যা ছিল তাই। সেই কমিশনার যে-কোন ব্যক্তি হতে পারবেন, তাকে সরকার নিয়োজিত করবেন। ১৯০৪ সালে কার্জন সাহেবের আমলে এটা হওয়া উচিত ছিল, হয়ত হয়েছিল। দ্বিতীয়তঃ সমস্ত চুক্তি করার কিংবা সিদ্ধান্ত নেবার দায়িত্ব দেওয়া হয়েছে কালেক্টরের উপর, কালেক্টর সরকারের মত নিয়ে করবেন, এটুকু সেভিং এর মধ্যে আছে। কিন্তু কেন একজন সরকারী কর্মচারীকে এই সমস্ত বিষয়ে এত দায়িত্ব দেওয়া হোল? সরকারের যাঁরা অফিসার্স আছেন, তাঁদের মধ্যেও নিশ্চয় অভিজ্ঞ ব্যক্তি আছেন, এটা অস্বীকার করি না কিন্তু তাঁরাও ত দেশের একমাত্র অভিজ্ঞ ব্যক্তি নন, তাঁর বাইরেও, সরকারের বাইরেও দেশের মধ্যে বহু অভিজ্ঞ এবং বিশেষজ্ঞ ব্যক্তি আছেন, তাঁদের মত কেন নেওয়া হবে না, তাঁদের সঙ্গে কেন পরামর্শ করা হবে না? এতে পার্টির কোন প্রশ্ন নেই, এর ভেতর রাজনীতি নেই। আমি প্রস্তাব করি কমিশনারের বদলে দেওয়া হোক পশ্চিমবঙ্গ সরকারের আর্কিওলজিকাল ডিপার্টমেন্টের একজন আর্কিওলজিস্ট,

Archaeological Department of the West Bengal Government,

নিউক্লিয়াস দেওয়া হোক, তাঁর ওপর, তিনি নিশ্চয়ই একজন বিশেষজ্ঞ, যাঁর উপর এইসব বিষয়ের দায়িত্ব থাকা উচিত। কিন্তু তবুও বলবো, তাঁর উপর একমাত্র দায়িত্ব থাকা উচিত নয়, তাঁর সঙ্গে একটা এক্সপার্ট কমিটি থাকা উচিত। সেই এক্সপার্ট কমিটির মধ্যে থাকবেন কারা? আমার একটা প্রস্তাব আছে, আমি আশা করি এ-বিষয়টা আমাদের সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় বিবেচনা করে দেখবেন। কমিশনার যেখানে যেখানে আছে, সেখানে তার বদলে আর্কিওলজিস্ট অফ দি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল মনোনীত হন। তাঁর যদি একটা ডিপার্টমেন্ট থাকে এবং তাঁর হাতে যদি পশ্চিমবাংলার সমস্ত প্রত্নতাত্ত্বিক এবং ঐতিহাসিক সম্পদসমূহের রক্ষণাবেক্ষণের দায়িত্ব দেওয়া যায় এবং তিনি যদি একটা এক্সপার্ট কমিটির সঙ্গে আলোচনা করেন, তাহলে নিশ্চয়ই সুষ্ঠুভাবে আমাদের জাতীয় সম্পদ সুরক্ষিত হবে

বলে আমরা বিশ্বাস করি। যে এক্সপার্ট কমিটি হবে, সেই এক্সপার্ট কমিটিতে আমরা মনে করি, নিম্নলিখিত ব্যক্তিসমূহের থাকা উচিত।

Superintendent, Eastern Circle, Archaeological Survey of India.

তিনি নিশ্চয়ই এ-বিষয়ে একজন বিশেষজ্ঞ আমরা মনে করি—

Director of Anthropology, Government of India.

তাঁর থাকা উচিত, তিনি একজন বিশেষজ্ঞ।

Superintendent of Archaeological Section, Indian Museum.

তিনি একজন বিশেষজ্ঞ। আমরা আরো মনে করি—

Curator, Ashutosh Museum, Calcutta, Historical and Archaeological Secretary, Asiatic Society.

তাঁদেরও এই কমিটিতে স্থান দেওয়া উচিত।

Chitrasaladhayaksha, Bangiya Sahitya Parisad.

তিনি এজন বিশেষজ্ঞ,

Librarian, National Library

আমাদের যে জাতীয় গ্রন্থাগার আছে, তার যে লাইব্রেরিয়ান, তিনি একজন বিশেষজ্ঞ।

Librarian, West Bengal Records Office, Vice-Chancellor, Calcutta University র থাকা উচিত, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের রেক্টর, বিশ্বভারতীর যিনি উপাচার্য, তাঁর থাকা উচিত,

Head of the Department of Ancient History, Calcutta University, Director of Public Instruction, Government of West Bengal, and Census Superintendent, Government of West Bengal.

এঁদের নিয়ে যে বিশেষজ্ঞ কমিটি হবে, সেই বিশেষজ্ঞ কমিটির সঙ্গে পরামর্শ করে তিনি যদি কাজকর্ম করেন তাহলে আমাদের জাতীয় সম্পদ এঁদের হাতে সুরক্ষিত হবে বলে আমি মনে করি। আশা করি মন্ত্রীমহাশয় এটা বিবেচনা করে দেখবেন এবং আমার এই এামেন্ডমেন্টটা নিলে আমরা অত্যন্ত আনন্দিত হবে।

[6-25 - 6-35 p.m.]

Mr. Speaker: Mr. Majumdar, you will speak for 10 minutes.

Sj. Satyendra Narayan Majumdar: Sir, that will be too short a time. I shall speak for 15 or 20 minutes.

Mr. Speaker: It will be very difficult then. We shall not be able to finish this Bill before 4 days.

Sj. Satyendra Narayan Majumdar: Sir, if that is not allowed, it is better I do not speak at all

Mr. Speaker: You then better settle it with your whip. I have given the greatest latitude so far but nobody seems to care for curtailing his speech. They speak as they like. I now want to fix a time-limit for every member.

Sj. Satyendra Narayan Majumdar: Sir, if you had given this idea earlier we would have adjusted accordingly.

Sj. Bankim Mukherjee: Sir, may I request you that if a speaker speaks relevant and gives important information and facts he would be allowed to go on. It should be your discretion to stop him if he goes irrelevant.

Mr. Speaker: All right. The time-limit will be fixed to-morrow.

Sj. Satyendra Narayan Majumdar:

এই বিল সম্বন্ধে আলোচনা করতে গেলে একটু সময়ের প্রয়োজন। আমরা একে সমর্থন করি, কিন্তু মূল প্রশ্ন যেটা আসছে সেটা হচ্ছে যে, এই বিলটা বিশেষজ্ঞদের ব্যাপার। এই বিলের যে-সমস্ত ত্রুটির কথা গণেশবাবু উল্লেখ করেছেন, তার মধ্য দিয়ে এটা পরিষ্কার হয়ে উঠেছে যে, এই বিল রচনার সময় বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করা হয় নি এবং এতে বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শের কোন ব্যবস্থাও নেই। বিলটার খসড়া করা হয়েছে ১৯০৪ সালের যে কেন্দ্রীয় আইন, তারই ভিত্তিতে। কিন্তু সেই আইনটা ছিল সম্পূর্ণ ত্রুটিপূর্ণ। চতুর্থ, মাননীয় মন্ত্রীমহাশয় বক্তৃতা দিতে গিয়ে এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে আমাদের কিছুই বলেন নি। তিনি উদ্দেশ্য একটা বলেছেন নিশ্চয়ই, কিন্তু এইরকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ের বিল এই প্রথম আমরা আলোচনা করতে যাচ্ছি। অথচ সে বিষয়ের যে ব্যাপকতা সে সম্বন্ধে মন্ত্রীমহাশয় এতটুকু আলোকপাত করেন নি। এটা আমি বলছি এজন্য যে, প্রত্নতত্ত্ব পুরাতত্ত্ব সম্বন্ধে আজকাল দৃষ্টিভঙ্গী একেবারে বদলে গেছে। ১৯০৪ সালের যে কেন্দ্রীয় আইনের নজির নিয়ে তাঁরা এটা সুরু করেছেন, সেই আইনই অনেক ত্রুটিপূর্ণ। এই আইন যখন পার্লামেন্টে আলোচনা হয় তখন সেখানে থাকার সৌভাগ্য আমার হয়েছিল এবং তার মধ্যে দেখলাম যে তার ত্রুটিপূর্ণ জিনিষ দুটি। একটি হচ্ছে অনেক গুরুত্বপূর্ণ বা ঐতিহাপূর্ণ ঐতিহাসিক স্মারক, যেমন খজুরাহের মন্দির বা কার্লারগুহার—এইগুলি লিস্ট থেকে বাদ পড়ে গিয়েছিল। কিন্তু তার থেকে বড় কথা হল যে, প্রত্নতত্ত্ব সম্বন্ধে দৃষ্টিভঙ্গীটা আজকাল বদলে গেছে। আগে ইংরাজ আমলে এই প্রত্নতত্ত্ব বিভাগ সুরু হয়েছিল বটে এবং তাতে অনেক খ্যাতনামা প্রত্নতাত্ত্বিক ছিলেন একথাও সত্যি, কিন্তু তখনকার দিনে অনুসন্ধানগুলো হত অনেকটা খাপছাড়াভাবে। আমাদের অনেকগুলো পুরাণো ঐতিহাপূর্ণ জিনিষ হঠাৎ ঘটনাচক্রে আবিষ্কার হয়েছে—ঠিক একটা সুপরিকল্পিত দৃষ্টিভঙ্গী নিয়ে সে জিনিষ করা হয় নি। সুখের বিষয় যে, আজকে সেটা করবার চেষ্টা করা হচ্ছে। এখন সেই চেষ্টা যখন হচ্ছে তখন এবিষয়ে কেন্দ্রীয় গভর্নমেন্টের যেরকম ভূমিকা ও দায়িত্ব রয়েছে, প্রাদেশিক গভর্নমেন্টের তেমনি ভূমিকা ও দায়িত্ব রয়েছে। প্রথম কথা আমি এই ব্যাপারে যে বিশেষজ্ঞ নেই সেটা বলে রাখছি, তবে এবিষয়ে কিছু পড়াশুনা করবার সুযোগ এবং সৌভাগ্য আমার হয়েছিল বলে আমি বলছি যে, মন্ত্রীমহাশয় বিলটা যেরকমভাবে নিয়ে আসছেন তাতে সেরকমভাবের কিছুই দেখতে পাচ্ছি না। এতে আমাদের বাংলাদেশের ভূমিকা ও গুরুত্ব কতখানি হওয়া উচিত সেই দৃষ্টিভঙ্গী নিয়েই বলছি। প্রথম কথা, আজকে আর্কিওলজিক্যাল বিভাগ থেকে তাঁরা সবই বলছেন যে, আমাদের দেশের পুরাণো যে ইতিহাস বা প্রি-হিস্টরী, তার সম্বন্ধে আমাদের জ্ঞানে অনেকখানি ফাঁক রয়ে গেছে। প্রাচীন প্রস্তর-যুগ যেটাকে বলা হয় সেই প্রস্তর-যুগ সম্বন্ধে আমরা কিছু কিছু জানি, কিন্তু সেই প্রস্তর-যুগ কি করে নূতন প্রস্তর-যুগ এল তার সম্বন্ধে আমাদের জ্ঞানের মধ্যে অনেকখানি ফাঁক রয়ে গেছে। আবার নূতন প্রস্তর-যুগ কি করে ঐতিহাসিক যুগে পরিণত হল—সিন্ধু-যুগের যে সভ্যতা সে সভ্যতায় এল, সেখানেও অনেকখানি ফাঁক রয়ে গেছে। আবার সিন্ধু-যুগের সভ্যতার পর থেকে খ্রীষ্টপূর্ব তৃতীয় শতাব্দী পর্যন্ত যে যুগ তার সম্বন্ধে বলতে গেলেও আমরা বিশেষ কিছু জানি না। কিন্তু সম্প্রতি যে-সমস্ত অনুসন্ধান ভারতবর্ষের বিভিন্ন জায়গায় হচ্ছে তাতে দেখছি যে, অনেক পুরাণো তথ্য, অনেক মত বদলে যাচ্ছে। এই ফাঁকগুলি পূরণ করে একটা সামগ্রিক ছবি যদি তৈরী করা হয় তাহলে আমরা অগ্রসর হতে পারি। যেমন আর একটা পুরাণো তত্ত্ব বদলে গেছে। বাংলাদেশ সম্বন্ধে ধারণা ছিল যে, বাংলাদেশের নরম মাটি, জল-হাওয়া এবং এটা ব-দ্বীপ জায়গায় রয়েছে বলে এখানে প্রত্নতাত্ত্বিক নিদর্শন খুব বেশী পাওয়া যায় না। অথচ সম্প্রতি কতকগুলো যে অনুসন্ধান হয়েছে, যেমন চন্দ্রকেতুগড়ের কথা গণেশবাবু বলে গেলেন, সে অনুসন্ধান করে দেখা গেল যে, একেবারে প্রাক্ মৌর্যযুগের সমস্ত জিনিষ আমরা মাটির নীচে পাচ্ছি এবং কাদার ভিতের উপর বাঁশের বেড়া দিয়ে, খড়ের চাল দিয়ে যে-সমস্ত ঘর হয়েছিল তার নিদর্শন কিছু কিছু পাচ্ছি। কাজেই এই যে একটা ঘটনা এটা আমাদের এক লাফে ইতিহাসের কতখানি যুগ পিছিয়ে নিয়ে যাচ্ছে, যার ফলে আমরা দেখছি যে, আমাদের বাংলাদেশের প্রাচীন ইতিহাস বা পুরাতত্ত্ব সম্বন্ধে একদিন ধারণা ছিল যে, সেটা আর্য-যুগের

পর থেকে সুরু হয়েছে এবং তার আগে বিশেষ কিছু ছিল না, কিন্তু সে তথ্য ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। প্রাক-ইতিহাস যেটা, তার সম্বন্ধে আমরা একটা ধারণা করতে চাই। সেখানে দেখছি যে, দামোদর উপত্যকায় বীরভানপুরে প্রস্তরযুগের যন্ত্রপাতি পাওয়া গেছে এবং একে মাইক্রোলিথ বলে। এইরকম ধরণের যন্ত্রপাতি পাওয়া গেছে যার দ্বারা একে নূতন প্রস্তর-যুগ বা নিওলিথিক যুগের সন্ধান পাওয়া যায়। এমন কি সেই সময়ের কিছু কিছু নিদর্শন আমরা দার্জিলিং জেলায় ও নদীয়া জেলায় পেয়েছি। এগুলি আবিষ্কার হবার পর আমরা দেখছি যে, এ-বিষয়ে কেন্দ্রীয় সরকারের যেমন একটা ভূমিকা আছে তেমনি আমাদের বাংলা-সরকারের একটা দায়িত্ব আছে। অর্থাৎ এই বাংলার ক্ষেত্র নিয়ে আমাদের যে প্রাচীন ইতিহাস বা প্রাক-ইতিহাস, তাকে আমাদের রূপ দেবার ব্যাপারে অনেক জিনিষ আছে। কিন্তু সে দৃষ্টিভঙ্গী এখানে কৈ? মাননীয় মন্ত্রীমহাশয় যে বক্তৃতা দিলেন সে বক্তৃতার মধ্যে এদিক দিয়ে কিছুই দেখলাম না, এইরকম কোন কথা তাঁরা ভাবছেন। তার কারণ তাঁরা বিশেষজ্ঞদের পরামর্শ নেন নি। এটা যে বিশেষজ্ঞদের ব্যাপার, সেই ব্যাপারে চিন্তা করবার কোন চেষ্টা তাঁরা করেন নি। এবং তার ফলে এই যে অবদান আমরা দেখাতে পারতাম, সে অবদান সম্বন্ধে আমরা আইন-সভায় আলোচনা করে, আইন পাশ ক'রে দিয়ে আইন-সভার কি উদ্দেশ্য বা আইন-সভা কি দৃষ্টিভঙ্গী নিয়ে দেখছে সেটা আর কেউ জানবে না। তাই সে উদ্দেশ্য সামান্য কতকগুলি ভাসা-ভাসা উদ্দেশ্যের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

দ্বিতীয়ী কথা স্যার, আজকাল প্রত্নতত্ত্ব বা পুরাতত্ত্ব বা আর্কিওলজিক্যাল সম্বন্ধে দৃষ্টিভঙ্গী অনেক বদলে গেছে। যেমন আমরা সাধারণত দেখি যে, ভারত গভর্নমেন্টের পুরাতত্ত্ব বিভাগ এতদিন পর্যন্ত যে কাজ করে এসেছে, সে সাধারণত মৌর্য-যুগ থেকে সুরু ক'রে গুপ্ত-যুগ থেকে চলে আসছে এবং সেখানে তাদের যে আবিষ্কার বা আবিষ্কারের বস্তুগুলি প্রধানত বড় বড় জিনিষের উপর ভিত্তি করেই ছিল। অর্থাৎ ঐ কোন জায়গায় সমাধি, কোন জায়গায় স্তূপ, কোন জায়গায় স্তম্ভ, কোন জায়গায় দুর্গ ইত্যাদি ধরণের জিনিষের নিদর্শনই আবিষ্কার করা হোত। একে এক কথায় বলতে গেলে বলা যায় যে, পুরাতত্ত্ব মানে ঐতিহাসিক যুগে এসে তখনকার সাম্রাজ্য, রাজা ইত্যাদিদের কীর্তিকলাপ আবিষ্কারের মধ্যে তাদের প্রধান প্রচেষ্টা সীমাবদ্ধ ছিল।

[6-35—6-45 p.m.]

অথচ পুরাতত্ত্বের ব্যাপারে আমরা দেখি প্রাগিতিহাস নিয়ে আমরা যখন আলোনা করি, তখন তার দৃষ্টিটা রাজতান্ত্রিক বা সাম্রাজ্যতান্ত্রিক না হয়ে গণতান্ত্রিক হতে বাধ্য। এটা হতে বাধ্য ঐতিহাসিক কারণে। কারণ তখন রাজাও ছিল না, সম্রাটও ছিল না। কাজেই প্রাগৈতিহাসিক যুগ সম্বন্ধে পুরাতত্ত্ব যেসব জিনিষ অনুসন্ধান করে, সেগুলো হচ্ছে মানুষ কিরকম ধরণের যন্ত্রপাতি ব্যবহার করতো, কিরকমভাবে বাস করতো। পরবর্তী যুগে সেই যে জানার প্রচেষ্টা, সেটা অনেক শিথিল হয়ে আসে, অনেক উপেক্ষিত হয়। কেন না, সম্প্রতি আমাদের বিশ্ববিদ্যালয়ের আশুতোষ মিউজিয়াম থেকে চন্দ্রকেতুগড়ে যেসব জিনিষ আবিষ্কার করেছেন, সে-সব সাধারণ মানুষের ব্যবহার্য অনেক জিনিষই আবিষ্কার করেছেন। কিন্তু আমি বলছি যে, যখন আমরা আইন প্রণয়ন করছি, ক'রে একটা দৃষ্টিভঙ্গী সম্বন্ধে নির্দেশ দিচ্ছি, তখন আমাদের বলে দেওয়া উচিত আমরা কি কাজ চাই, এই আইনের দ্বারা দিয়ে। কেন না, সেখানে দেখানোর আছে অনেক জিনিষ। কারণ এই আর্কিওলজিক্যাল ডিপার্টমেন্টের মধ্য দিয়ে আমরা আমাদের পুরাণ ইতিহাসকে পুনরুজ্জীবিত রি-কনস্ট্রাক্ট করতে চাই। পুরাণো ইতিহাস মানে ত কেবল রাজা-সম্রাটদের ইতিহাস নয়। বিভিন্ন যুগে মানুষ কিভাবে বাস করে এসেছে, কিভাবে তারা জীবনযাত্রা নির্বাহ করেছে, কিরকম ঘর-বাড়ীতে তারা বাস করেছে, এই জিনিষগুলি আমাদের জানা প্রয়োজন এবং এইগুলি জানার সম্ভাবনা আমাদের আছে। কেন না এ-বিষয়ে যাঁরা বিশেষজ্ঞ, ডাঃ হ্যাডেল, ডাঃ আনন্দকুমার স্বামী, তাঁদের দুজনের মত আমি বলছি। তাঁরা বলেছেন যে, প্রত্যেক যুগে বড় বড় নিদর্শনগুলি সাধারণ মানুষের জীবন-যাত্রা থেকেই এসেছে। যেমন ডাঃ আনন্দকুমার

স্বামী ও ডাঃ হ্যাভেল—দুজনের ভেতর আবার মতভেদ আছে। একজন বলেন এখানে আর্য-সভ্যতার প্রভাব বেশী; আর একজন বলেন দ্রাবিড়-সভ্যতার প্রভাব বেশী। কিন্তু দুজনই একটা জায়গায় একমত—সেটা আমাদের বিল আলোচনার সময় খুব প্রয়োজন। সেটা হচ্ছে এই যে, তাঁরা প্রত্যেকেই বলছেন যে, সাধারণ মানুষের জীবন-যাত্রার উপর থেকেই বড় বড় জিনিষ গড়ে উঠেছে। যেমন স্তূপ সম্বন্ধে এঁরা দুজনই বলছেন যে, মানুষ মারা গেলে তাদের যে সমাধি দেওয়া হতো তারই রূপ নিতে নিতে স্তূপ হয়েছে। এখন আমরা শুধু সাঁচী-স্তূপ বা বড় বড় স্তূপ দেখি। কিন্তু সেই স্তূপের উৎপত্তি হচ্ছে সাধারণ মানুষের মৃত্যুর পরে যে স্তূপ করা হতো, সেই স্তূপই। আগেকার যুগের জনপদগুলি চারদিকে প্রাচীর দিয়ে ঘেরা থাকতো এবং সেই প্রকারের যে গেট বা তোরণ, তাই থেকেই এলো তোরণ। এমন কি বড় বড় মন্দির বা প্রাসাদে যে স্থাপত্য রয়েছে, সেটার সম্বন্ধে তাঁরা দুজনেই বলছেন যে মন্দিরে আমরা পাই নাটমন্দির, মন্ডপ, গর্ভগৃহ (?)। ঠিক সাধারণ মানুষের বাড়ীও এইভাবে তৈরী হতো এবং এই ধরণের জিনিষ তখনকার সময়ে পাওয়া যেত। একটা কথা অনেকে বলতে পারতেন যে, বিভিন্ন যুগে সাধারণ মানুষ যেসব জিনিষ ব্যবহার করতো সেগুলো ধ্বংস হয়ে যায় বলেই সেগুলি অনুসন্ধান করে পাওয়া যাবে না। কিন্তু সে তত্ত্ব বদলে গেছে। কেন না, চন্দ্রগুপ্ত মৌর্যের সময়কার যে বাড়ী, সেগুলো কাঠের, তার পিলার কাঠের, সেগুলি ধ্বংসাবশেষের মধ্যে পাওয়া গেছে। শহরের চারিধারে যে কাঠের বেড়া দেওয়া থাকতো, সেগুলো খুঁজে পাওয়া গেছে। সম্প্রতি চন্দ্রকেতুগড়ে আমরা দেখলাম যে, কাদার ভিতের উপরে খড়ের বেড়া দিয়ে যে দেওয়াল তৈরী হতো, তারও নিদর্শন পাওয়া গেছে। কাজেই আমাদের দৃষ্টিভঙ্গী এদিকে যাওয়া উচিত এবং চেষ্টা করা উচিত। এই সঙ্গে আর একটা জিনিষ দেখি যে, আমাদের বাংলাদেশে বিশেষ ক'রে খুঁজতে গেলে দেখা যাবে যে দৃষ্টিভঙ্গী অনেকটা বদলে গেছে। বাংলাদেশকে আর্যরা অশিক্ষিত অনার্যদের দেশ বলে রাখতেন এবং সেই তত্ত্বটা আজ পর্যন্ত চলে এসেছে। কিন্তু আর্যরা এখানে আসবার অনেক আগে থাকতেই এখানে ইতিহাস ছিল। ইতিহাস যে ছিল তার নিদর্শন এখন কিছু কিছু পাওয়া যাচ্ছে। যেমন আমরা উপজাতি বা আদিবাসীদের পশ্চাদপদ বলে থাকি। কিন্তু তাদের মধ্যেও ঐতিহাসিক জিনিষ দেখা যাচ্ছে। যেমন বিহারে, মধ্যপ্রদেশে, কোল, ওরাঁও, মুন্ডা ইত্যাদিদের প্রাচীন দুর্গ রয়েছে। আজও সেই সমস্ত দুর্গের ধ্বংসাবশেষ রয়েছে। তার থেকে দেখছি এবং পুরাতত্ত্ব বিভাগ আর যে কতকগুলি তথ্য বার করেছে তা থেকে দেখছি উপজাতিরা তাদের মৃতের সমাধির উপরে পাথরের যে-সমস্ত জিনিষ তৈরী করতো, সেগুলি মেগালিথ নামে পরিচিত। এই মেগালিথগুলির আমাদের ভারতবর্ষের পুরাণো ইতিহাসকে রি-কন্সট্রাক্ট করার ব্যাপারে, এদের অনেক অবদান আছে। আমাদের বাংলাদেশে এই মেগালিথগুলি এখনো আবিষ্কার হয় নাই। কারণ তাকে খোঁজা হয় নি। যেমন বীরভূমে যাঁরা আছেন, তাঁরা বলতে পারবেন যে, দোবরাজপুরের কাছাকাছি কতকগুলি রক আছে, সেই রকগুলিকে যদি খোঁজা যায়, তাহলে আমাদের বিশ্বাস যে, আমরা মেগালিথ জাতীয় কিছু জিনিষ পাব এবং যদি পাই তাহলে বাংলাদেশের ইতিহাসকে রিকনস্ট্রাক্ট করার ব্যাপারে কিছু অবদান পাব। কিন্তু সে দৃষ্টিভঙ্গীটা তো এখানে থাকা দরকার। উত্তরবঙ্গের বিভিন্ন জায়গায় এইরকম বহু জিনিষ অনাদৃত অবস্থায় ছড়িয়ে রয়েছে। খগেনবাবুর নিজের জেলায় জল্পেশের মন্দির রয়েছে। ভিতরগড়ের দুর্গ রয়েছে, যার সম্বন্ধে নানারকম প্রবাদ রয়েছে যে, ভিতরগড়ের দুর্গ হচ্ছে যে কৈবর্ত্তরা বিদ্রোহ করেছিল পাল রাজাদের বিরুদ্ধে, তাদেরই একজন সেনাপতি তারই সেই দুর্গ। এখন দার্জিলিং জেলায় ভীমভর বলে একটা জায়গা আছে, সেটাও ঐ একরকম একটা উঁচু স্তূপ এবং সেই স্তূপ যদি খনন করা যায় তার মধ্যেও কিছু পাওয়া যাবে। এখন প্রশ্ন হল এগুলো করতে গেলে সেই দৃষ্টিভঙ্গী নিয়ে অগ্রসর হতে হবে। আমাদের পুরাতাত্ত্বিক নিদর্শন যেসব খুঁজে বার করা হয়েছে তার মধ্যে কতকগুলি আকস্মিকভাবে হয়েছে, যেমন মহেঞ্জোদারো, হরপ্পা ও অজন্তা খুব আকস্মিকভাবে আবিষ্কৃত হয়েছে। কিন্তু আরও অনেকগুলি জিনিষ যা আবিষ্কার হয়েছে, তার কারণ হচ্ছে যে, একই সময়ে কানিংহাম বলে এক ভদ্রলোক ছিলেন, তিনি হিউ-এন-সাঙের বিবরণীতে যেসব জায়গার নাম আছে, মনুমেন্টের নাম আছে, সেগুলো

পড়ে ভারতবর্ষের কোথায় সে জায়গাগুলো হতে পারে, এইভাবে খুঁজে তিনি এগিয়েছিলেন বলে অনেক জিনিষ পাওয়া গিয়েছে। এইভাবে দৃষ্টিভঙ্গী নিয়ে এগুনো দরকার। কিন্তু অনুসন্ধানের পর যে জিনিষগুলো পাওয়া যাবে সেগুলো রক্ষণাবেক্ষণের ব্যাপারেও আমাদের অনেক করবার আছে। অর্থাৎ যে জিনিষগুলো আমরা বার করলাম এবং যা রক্ষা করলাম তার দ্বারা যাতে লোক আমাদের দেশের প্রাচীন ঐতিহ্য সম্বন্ধে একটা ধারণা লাভ করে সেইভাবেই কাজ করা উচিত। কিন্তু সেই কাজের দিকে কি নির্দেশ পাওয়া যাচ্ছে, তাও মুখ্যমন্ত্রীমহাশয় কিছু বলেন নি। অথচ সেদিকে যে আমাদের অনেক করার আছে সেই দৃষ্টিভঙ্গীটা রাখা উচিত। ভারত গভর্নমেন্টের পুরাতত্ত্ব বিভাগ অনেক জায়গায় যে প্রাচীন মনুমেন্টগুলি আছে, সেখানে বোর্ড দিয়ে দিয়ে সেগুলোর ইতিহাস লিখে রেখেছেন এবং যারা ইংরেজী পড়ে তারা সেগুলো পড়ে ধারণা করতে পারে। কিন্তু সাধারণ মানুষ সেগুলো দেখে কিছুই বুঝতে পারে না। এ-সম্বন্ধে একটা জিনিষ তাঁদের আমি বলছি যে, চীনে যে জিনিষটা দেখে এলাম, সেটাও ভেবে দেখা উচিত যে, সেটা আমরা করতে পারি কি না? অর্থাৎ পিকিং যেটা বিখ্যাত নিষিদ্ধ প্রাসাদ সেটাকে এখন মিউজিয়ামে পরিণত করা হয়েছে এবং তার বিভিন্ন কামরার ধারাবাহিকভাবে বিভিন্ন যুগের ঐতিহাসিক নিদর্শন রাখা হয়েছে এবং সেগুলো ব্যাখ্যা করে দেবার জন্য প্রত্যেক কামরায় লোকও রয়েছে। এর ফলে একজন অশিক্ষিত কৃষকও যদি সেখানে যায় এবং গোটা প্রাসাদটা সে যদি একবার ঘুরে আসে তাহলে তার চীনের ইতিহাস সম্বন্ধে একটা পরিষ্কার ধারণা হয়ে যাবে। এইরকম ধরণের একটা ব্যবস্থা করা উচিত। তারপর পুরাণো মনুমেন্টগুলির অনেকগুলি দিক, যা আমাদের রাজনীতিক, সামাজিক জীবনে প্রয়োজন হয় তার শিক্ষা আমরা তুলে ধরতে পারি। যেমন ভারতবর্ষের বিভিন্ন সংস্কৃতির ভেতরে যে মিল হয়েছিল, সেই মিলগুলিকে আমরা তুলে ধরতে পারি। মহাবলী-পুরাণে যে রথগুলি হয়েছে, তার সঙ্গে বাংলার আটচালার যে সাদৃশ্য বা এখানে হিন্দু ও মুসলীম স্থাপত্যের যে একটা বিশেষ মিলন হয়েছিল, তার যে-সমস্ত নিদর্শন রয়েছে, সেগুলো আমরা সাধারণ মানুষের চোখের সামনে তুলে ধরতে পারি। অর্থাৎ এইসবের মধ্যে দিয়ে ভারতবর্ষের সংস্কৃতির একটা দৃষ্টিভঙ্গী আমরা তুলে ধরতে পারি। স্যার, আপনি নীল-বাতি জ্বালিয়ে দিয়েছেন বলে আমাকে সংক্ষেপ করে আনতে হচ্ছে এবং আমি একেবারে আধুনিককালে এসে পড়ছি। এমন অনেক জিনিষ রাখবার আছে সেগুলো ঐতিহাসিক না হলেও সেগুলোর গুরুত্ব আছে। যেমন ধরুন রবীন্দ্রনাথ, রাজা রামমোহন রায় ইত্যাদি মহাপুরুষদের স্মৃতিরক্ষার ব্যাপারে অনেক উদাসীনতা রয়েছে। কেন্দ্রীয় সরকারকে বললে তাঁরা বলেন যে আমরা কি করব এবং ওগুলো আমাদের হাতে নেই, কেন না কেন্দ্রীয় যে আইন তাতে ঐগুলো আনা হয় নি। কেন্দ্রীয় আইনের দুর্বলতা হচ্ছে যে, মনুমেন্টগুলি যতক্ষণ লিস্টে না উঠল ততক্ষণ পর্যন্ত সেগুলোর দায়িত্ব তাঁরা নেবেন না। রাজা-সরকারও বলেন যে এগুলো আমাদের হাতে নেই। যেমন রাজা রামমোহন রায়ের গ্রামের যে বসত-বাটী, সে সম্বন্ধে আমি কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে লেখাপড়া করেছিলাম। কিন্তু তিনি বললেন যে, এবিষয়ে তাঁর কিছু করবার নেই। তিনি চিঠি বিধানবাবুর কাছে পাঠিয়ে দিয়েছেন। অথচ এবিষয়ে বিধানবাবু যে কি করলেন তা আমি আজ পর্যন্ত কিছুই জানি না।

[6-45—6-55 p.m.]

আধুনিক কালের, রাজা রামমোহন রায়, রবীন্দ্রনাথ বা বিদ্যাসাগর মহাশয়—এইরকম স্মরণীয় ব্যক্তিদের স্মৃতিরক্ষা করবার সঙ্গে সঙ্গে স্বাধীনতা সংগ্রামের যুগের অনেক জিনিষ রক্ষা করবার প্রয়োজন আছে। সেইগুলি রক্ষা করবার প্রসঙ্গে বলতে গেলেই ঐ একই মামুলি জবাব শুনতে হবে। এখনও সরকার তাঁদের একঘেয়ে দৃষ্টিভঙ্গী বদলালেন না। তাই দেখতে পাই—আজকে যে স্বাধীনতা সংগ্রামের ইতিহাস লেখা হবে, তার নমুনা দেখেই বুঝা যায় যে বাংলার বিপ্লব আন্দোলনের অতবড় যে ঐতিহ্য ও অবদান, সেটা আমাদের ভবিষ্যৎ বংশধরদের ভুলে যাবার দিন আসন্ন, কারণ এই স্বাধীনতা-যুগের সরকারী ইতিহাসের ভিতর বাংলার বিপ্লবীদের কথা আমরা খুঁজে পাই না। যেমন এখানে অরবিন্দ, যেখানে প্রেসিডেন্সী জেলএ থাকতেন বা রাজেন্দ্রপ্রসাদ যেখানে ছিলেন, সেগুলি স্মরণীয় করবার

ন্য ফলক খুঁদে রাখুন, আমাদের কোন আপত্তি নেই। কিন্তু আমাদের বক্তব্য সেই সঙ্গে লো স্বাধীনতা-যুগের বহু অবিস্মরণীয় ঘটনা—যে ফাঁসীর মঞ্চে দীনেশ গুপ্ত, বিনয়-বাদল াঁসী গেছে, যেমন কানাইলাল দত্ত, যেখানে গুলী করে নরেন গোঁসাইকে মেরেছিল, সে-সবের ৃতি-রক্ষা করতে হবে। এক সময় ছিল, যখন আমরাও প্রেসিডেন্সী জেলে গিয়ে দেখেছি যখানে কানাইলাল নরেন গোঁসাইকে গুলী করে মেরেছিল। এই গুলীর মধ্যে স্বাধীনতা ান্দোলনের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সেগুলি কি আমাদের সরকার আমাদের ুলিয়ে দিতে চান? এই একঘেয়ে যে দৃষ্টিভঙ্গী সে না বদলালে এই বিলের মধ্যে আপনাদের তই সাধু উদ্দেশ্য থাক না কেন, তাতে বিশেষ কোন কাজ হবে না। আমি এখানেই শেষ রছি। এইজন্যই আমি বলেছি যে, একটা এক্সপার্ট কমিটি করুন এবং সেই কমিটি যে রামর্শ দেন, সেই পরামর্শ যেন সরকার গ্রহণ করেন।

Sj. Panchanan Bhattacharjee: Mr. Speaker, Sir, at the very outset I ongratulate the Hon'ble Minister who has brought in this proposal but t the same time I am pained to observe certain shortcomings which, to my ind, are of fundamental nature. Any student of archaeology or history r numismatics will say that want of catalogues does not help in research r in preservation, and there is no provision for preparation of catalogues of istorical monuments or historical objects. In the definition historical bjects have been explained but we know from private collections that xcellent research work has been done. Anybody going through the works f late Rakhal Das Banerjee will see how he got help from the numismatics ollection of different private collectors. My suggestion is that there is ime. So the Hon'ble Minister may consider it and incorporate some amendnents or introduce some new clauses so that cataloguing of historical bjects may be facilitated. I am showing how this procedure of cataloguing istorical monuments will help the very object expressed by the Hon'ble Minister in the bill itself. In the building known as Tagore Castle on the op floor which belonged to Maharaja Jatindra Mohon Tagore some very aluable objects have been kept but the building has been sold most robably to Shri Haridas Mundra. In the compound people have erected notor garages and other things. So if no door to door inspection is made t will be impossible to preserve historical objects and to prevent their change f hands within the State of West Bengal. We have seen how the Central overnment has tackled, a similar measure to preserve, or to prevent xport of, historical articles and historical objects from India and we know ow we are facing difficulty in bringing in our properties from the India office ibrary. Things can be easily smuggled out because customs officers and fficers at the port are not historians and archaeologists and if rare coins re taken out, nobody will be able to detect them. That is why I suggest hat a staff of inspectors be appointed to make house to house inspection nd prepare a catalogue. Here is Shri Bhupati Mazumdar, our Hon'ble Minister. Most probably he will be able to throw some light on another aspect. Ramnarayan Tarkatirtha, a well-known pundit of Cossimbazar, eft numerous manuscripts and I had the occasion once of preparing a lescriptive catalogue; I found one book 'Paishachick Bakhya on the Gita'. hat book has never been published, and nobody is interested in its ublication. Government does not know of this philosophical treasure of West Bengal. Go to the Sanskrit Sahitya Parishad and you will find at east 5,000 manuscripts almost lying unprotected on the racks. Go to the overnment Sanskrit College. It is a Government institution. You will ind so many manuscripts there lying unattended. Only recently some neasure has been taken to catalogue and to do something in the matter of ublication of such things but the progress of publication is such that it will not be completed within the next five hundred years. Again see the ondition of the treasures preserved in the Asiatic Society. The Bengali

manuscripts, the English manuscripts, the Persian manuscripts, the Sanskrit manuscripts, the Arabic manuscripts are all there piled up. The building is in a dilapidated condition. Government of India's grant has been very meagre in this matter. Some agitation was there and now as Dr. Suren Sen has left India, I do not know what is in store for those valuable manuscripts and the books that are preserved are kept in a very haphazard and slipshod manner in the library of the Asiatic Society. So my first suggestion is let there be provision for appointment of inspection staff and let the Government appeal to the literate public to give information and opinion and I can assure you there will be no difficulties in procuring other types of historical documents, Kulapanjikas. There was a book published by Basumati Sahitya Mandir known as Banger Samajick Itihas. If you go through it, you will find very valuable historical information there, of course, there are interpolations and there are many cock and bull stories no doubt but for a certain period - at least for the period of Mugh invasion or the Portuguese coming into this country you will get very very valuable information in those Kulapanjikas. But nobody having those *panjikas* in their possession will allow you to collect them or to make any inspection of them. You must have the arrangement for getting photostat copy. So the next thing will be for you to arrange for photostat copies of documents and to have photographs of original objects—it may be smaller objects—which are in the possession of private individuals in West Bengal. The third thing will be - you can help amateurs. If you go to Dr. Ramesh Mazumdar, you will see that he will explain all the difficulties they had to face in those days when they started with the research work of ancient Indian History and Ancient History of Bengal. Late Rakhal Das Banerjee and other people had to face similar difficulties and the difficulties which Rakhal Babu faced cannot be conceived of in the present day. So you may give some help to amateur historians and archaeologists or you may only recognise their efforts and if you do all that, the object of the bill will be achieved. That is my suggestion. Finally, I know if the Government supposes that all Government officials are archaeologists and specialists and they know everything or everything of everything, that will be a very very difficult proposition

[6-55—7 p.m.]

So you must have a very good batch of workers. But I can assure you that I know gentlemen who were very brilliant students and very brilliant research workers. They have given up historical study simply because it does not fetch money. So you will not be able to procure research students like Dr. Benoy Sarker. He will say to us if you want to do something, first of all get money and go to a restaurant and just take good food and after six months come to me and then I can say whether you are in a position to carry on research work. So, if you want to have a good batch of workers like inspectors and cataloguing men, you must give them very fair wages. Unless you do that, no good student will come forward and in history there is every possibility that Government scholarships will be received. False documents and faked photographs are not things rare in this field. Even in Maratha a very well-known man now in the high esteem of the Government of India—I should not give out his name—just on the basis of various documents prepared in the studio of a photographer made a picture with the idea of eulogising big Maratha zemindars and I heard this from Sir Jadu Nath Sarker that all the documents were false. So, you must have experts and if you want to have experts, you must make proper arrangement for their emoluments, i.e., they should be fed well, else no good student will come forward to help you in this matter. And finally I hope if it is not possible to bring in all these innovations in this proposed Bill,

I put forward my request, Mr. Speaker, through you to the Hon'ble Minister who is responsible for this measure to bring in another Bill. An amateur like us will not be wanting to extend their co-operative hands to the Government in this matter.

Thank you.

Dr. Narayan Chandra Ray:

মাননীয় সভাপাল মহাশয়, আপনার মারফত এই কথাটা আমি সভার সামনে রাখতে চাই যে, প্রাচীন ইতিহাস পুনর্গঠনের জন্য যে একটা নূতন জিনিষ করছেন এবং তার জন্য যে একটা এক্সপার্ট কমিটির কথা উঠেছে, সেটা টেকনিক্যালি নষ্ট হয়ে যাচ্ছে। কিন্তু অনেক বড় বড় সমস্যা একটা এক্সপার্ট কমিটির দ্বারাই সমাধান হয়ে থাকে। একটা সার্জেন সে চোখের ডাক্তারও বটে, মিডওয়াইফও বটে, কিন্তু—

Collector cannot be like that or Commissioner cannot be like that.

সেজন্য এদের মিলিয়ে আর্কিওলজিস্টদের দিয়ে এক্সপার্ট কমিটি করার জন্য যে প্রোপোজাল আমরা দিয়েছি সেটা থ্রু ইওর চীফ হুইফ একটা বিল এলে সুন্দর ফল হতে পারে।

Plaques for martyrs.

Mr. Speaker: Before I adjourn I will give a bit of information to honourable members who may utilise it as best as they like. I just came to learn that so far as those venerable and respectable gentlemen who sacrificed their lives in the cause of their country are concerned—many names have been mentioned, I need hardly repeat them—the West Bengal Government have appointed a committee consisting of Mr. Prafulla Chandra Sen, Mr. Kalipada Mookerjee and Mr. Siddartha Sankar Roy to pick out names which will be inscribed in a marble plaque and fixed on to a place where the gentlemen have lost their lives. As a matter of fact, I may further tell you—you know better—that letters have been written to all the principal political parties inviting that names be given. This particular thing is not being done on party lines. Some honourable members wanted to rise on points of information for this and I told them I would offer to the House what I know. I do not know what is being done, but that is the information I have and I am placing it at your disposal. Use it any way you like.

Sj. Bankim Mukherji: Such a lack of confidence in Opposition members not to take any one in that Committee!

Mr. Speaker: Perhaps good relations will be fostered later on and we will be able to meet and discuss.

Sj. Bankim Mukherji: Trust begets trust.

Sj. Ganesh Ghosh: When was the committee formed?

Mr. Speaker: A month back.

Adjournment

The House was then adjourned at 7 p.m. till 3 p.m. on Friday, the 6th December, 1957, at the Assembly House, Calcutta.

Index to the

West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. XVIII—No. 1—Eighteenth Session (November-December) 1957

(The 25th, 26th, 27th, 28th and 29th November and 2nd, 3rd, 4th and 5th December, 1957)

[(Q.) Stands for question.]

Abdullah Farooquie, Janab Shaikh

Adjournment Motion Notice of an— p. 126

Closure of Victory Jute Mills Garden Reach, 24-Parganas: (Q.) p. 172.

Labour Welfare Centres in West Bengal (Q.) p. 213

Abdus Sattar, The Hon'ble

Application of Plantation Labour Act in Cinchona Plantations: (Q.) p. 468.

Application of the provisions of the Plantation Labour Act to Cinchona Plantations: (Q.) p. 163

Belting factories in the State (Q.) p. 222

Closing down of certain Jute Mills: (Q.) p. 164.

Closure of Jute, Textile and Hosiery Mills (Q.) p. 163

Closure of Victory Jute Mills, Garden Reach, 24-Parganas (Q.) p. 172.

Discharge of workers by Messrs Bengal Coal Co. Ltd., and Macneil Barry and Co.: (Q.) p. 170

Extension of the Scope of the Minimum Wages Act (Q.) p. 462.

Extension of State Insurance Scheme to the districts of Howrah, Hooghly and 24-Parganas (Q.) p. 113

Fixation of minimum wages in stone-breaking and stone-crushing industry: (Q.) p. 461

Implementation of the assurance given by the Chief Minister to the strikers of Ramganj Coal-Mines (Q.) p. 171.

Industry-wise factory employment in the state (Q.) p. 467.

Labour strength in Jute Mills in 1951 and 1956: (Q.) p. 110.

Labour Welfare Centres in West Bengal. (Q.) p. 213

Maternity benefit to women workers of Tea Gardens: (Q.) p. 116.

Number of industrial disputes from 1st April, 1956, to 31st March, 1957: (Q.) p. 117.

Number of Tribunal Awards from 1951 to 1956 (Q.) p. 123.

Registration of names in different Employment Exchanges from 1951 to 1957 (Q.) p. 120.

Reply—. Demonstration of workers outside the Assembly p. 127.

Setting up of Wage Boards for Tea Industry. (Q.) p. 122.

Staff strength and pending conciliation cases in the Labour Directorate: (Q.) p. 159.

Tribunal award on Printing Press Industry of Calcutta and Howrah: (Q.) p. 173.

Unemployment in the State: (Q.) p. 223.

Wage level of cotton textile workers in West Bengal. (Q.) p. 211.

Acreage under Japanese method of cultivation: (Q.) p. 270.

Adjournment Motions

Notices of—: pp. 23-30, 126, 558-59.

Admissibility of hill allowance in Darjeeling district: (Q.) p. 17.

Admission of students passed in the third division in Government-managed Colleges in Burdwan district: (Q.) p. 286.

Admission of trainees in the Asansol Polytechnic (Dhadka): (Q.) p. 276.

Administration of the Cancer Hospital, Calcutta: (Q.) p. 107.

Ajharpur Union Board, Burdwan district: (Q.) p. 336.

Amusement tax in respect of theatrical shows staged by amateur organisations: (Q.) p. 20.

Annual distribution of Ammonium Sulphate to paddy growers from 1948 to 1956: (Q.) p. 273.

Application of Plantation Labour Act in Cinchona Plantations: (Q.) p. 468.

Application of the provisions of the Plantation Labour Act to Cinchona Plantations: (Q.) p. 463.

Appointment of Storing Agents for foodgrains in Joynagar police-station: (Q.) p. 49.

Arrangement regarding Non-official Resolutions: pp. 234-37.

Banerjee, Sj. Subodh

Appointment of Storing Agents for foodgrains in Joynagar police-station: (Q.) p. 49.

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1957: pp. 314-15, 323-25.

The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1957: p. 305.

The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1957: p. 245.

The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957: pp. 389-90, 413-16, 417-20.

Closing down of certain Jute Mills: (Q.) p. 464.

Point of information: p. 297.

Scope of promotion of Secretariat stenographers: (Q.) p. 34.

The West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1957: p. 78.

The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957: pp. 89-90, 151-52, 194.

West Bengal State Electricity Board: (Q.) p. 395.

Banerjee, Dr. Suresh Chandra

Adjournment Motion: p. 23.

The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957: pp. 414-16, 420-21, 444-45.

Non-official Resolution: pp. 254-55.

Test relief works in Chakda police-station of Nadia district: (Q.) p. 55.

The West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1957: p. 83.

Basu, Sj. Amarendra Nath

The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957: pp. 445-46.

Basu, Sj. Chitto

Adjournment Motion: pp. 25, 126.

Excavation of the Khardah Khal: (Q.) p. 338.

Health Centre at Bandipur, 24-Parganas: (Q.) p. 402.

The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957: pp. 139-40.

Basu, Sj. Gopal

Adjournment Motion: p. 558.
The Bengal Electricity Duty (Amendment) Bill, 1957: pp. 302-03.
Labour strength in Jute Mills in 1951 and 1956: (Q.) p. 110.
Subsidised House Scheme for Industrial Workers: (Q.) p. 217.

Basu, Sj. Hemanta Kumar

Adjournment Motion: p. 24.
The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957: pp. 387-98.
The Prisons (West Bengal Amendment) Bill, 1957: pp. 472-73.

Basu, Sj. Jyoti

Adjournment Motion: pp. 27-28.
Arrangement regarding Non-official Resolutions. pp. 234-36.
The Bengal Electricity Duty (Amendment) Bill, 1957. pp. 315-17, 355 CI.
Demonstration of workers outside the Assembly: p. 127.
Point of information: pp. 296-97, 298, 368.

The Bejoy Chand Hospital, Burdwan: (Q.) p. 158.

Belting factories in the State: (Q.) p. 222

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1957: pp. 307-29, 359-67.

The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1957: pp. 299-306.

The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1957: pp. 206-10.

Bera, Sj. Sasabindu

The Prisons (West Bengal Amendment) Bill, 1957 p. 486.
The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill 1957: pp. 147-50, 182-83, 186-87, 194-95, 204.

Bhaduri, Sj. Panchu Gopal

Adjournment Motion pp. 558-59.
Belting factories in the State: (Q.) p. 222
The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957 p. 448.

Bhattacharjee, Dr. Kanailal

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1957. pp. 308-309.
The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1957. pp. 299-300.
The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1957: pp. 207, 209, 240-41.
The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957: pp. 379-80, 415-16, 427-28.
Public Prosecutor, Burdwan: (Q.) p. 286.
The West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1957. p. 80.

Bhattacharjee, Sj. Panchanan

The West Bengal Preservation of Historical Monuments and Objects and Excavation of Archaelogical Sites Bill, 1957: pp. 500-502.

Bhattacharjee, Sj. Shyamapada

Faracca Barrage Scheme: (Q.) p. 354.

Bhattacharjee, Sj. Shyama Prasanna

The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957: p. 140.

Bhattacharyya, Sj. Shyamadas

Non-official Resolution: pp. 264-66.
The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957: pp. 137-39.

Bill(s)

The Bengal Electricity Duty (Amendment)—, 1957: pp. 307-29, 359-67.

The Bengal Finance (Sales Tax) (Amendment)—, 1957: pp. 299-306.

The Bengal Motor Spirit Sales Taxation (Amendment)—, 1957: pp. 206-10, 237-38.

The Calcutta and Suburban Police (Amendment)—, 1957: pp. 376-94, 413-50.

The Prisons (West Bengal Amendment)—, 1957: pp. 450-51, 472-87.

The Transferred Territories (Application of West Bengal Tax Laws)—, 1957: pp. 62-75.

The West Bengal Cinemas (Regulation) (Amendment)—, 1957: pp. 75-84.

The West Bengal Estates Acquisition (Second Amendment)—, 1957: pp. 84-96, 127-56, 176-206.

The West Bengal Land Development and Planning (Amendment)—, 1957: pp. 367, 370-76.

Bose, Dr. Maitreyee

Non-official Resolution: pp. 260-62.

The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957: pp 31, 376-94, 413-50.

Cattle-purchase loan in Siliguri subdivision: (Q.) p. 270.

Chakravorty, Sj. Jatindra Chandra

Adjournment Motion: p. 25.

The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1957. pp. 381-84, 431-33, 435.

Conference of State Government Police and Home Department Officials in New Delhi: (Q.) p. 8.

Death of Hiranya Kanti Ghosh Dastidar in a street accident on Chowringhee Road, Calcutta: (Q.) p. 408.

Non-official Resolution pp. 255-58.

Number of industrial disputes from 1st April, 1956 to 31st March, 1957: (Q.) p. 116.

The Prisons (West Bengal Amendment) Bill, 1957: pp. 479-80.

Tribunal award on Printing Press Industry of Calcutta and Howrah. (Q.) p. 173.

Chatterjee, Sj. Basanta Lal

Schools for Tribal students in West Dinajpur district: (Q.) p. 348.

Chatterjee, Dr. Hirendra Kumar

The Transferred Territories (Application of West Bengal Tax Laws) Bill, 1957: p. 75.

The West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1957: p. 84.

Chatterjee, Sj. Mihir Lal—

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1957: pp. 326-27.

Establishment of Health Centre at Tantipara, Birbhum: (Q.) p. 454.

Free anti-rabic treatment in West Bengal: (Q.) p 456.

Non-official Resolution: pp. 247, 262-64.

Road communication between Asansol and Birbhum: (Q.) p. 1.

Tolls on Tilpara Barrage, Birbhum: (Q.) p. 411.

Water rates collected for Rabi crops under Mayurakshi Scheme from 1954-55 to 1956-57: (Q.) p. 342.

Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath

Admission of students passed in the third division in Government-managed Colleges in Burdwan district: (Q.) p. 286.

Admission of trainees in the Asansol Polytechnic (Dhadka): (Q.) p. 276.

Establishment of an Engineering Institution at Berhampore: (Q.) p. 275

Filling up of the post of Principal, Burdwan Raj College: (Q.) p. 278.

Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath—*concld.*

Night Schools: (Q.) p. 279.

Pay scales of Lecturers and Demonstrators of Rampurhat College: (Q.) p. 275.

Personnel of the Slection Committee for appointment of Special Cadre teachers for Malda district: (Q.) p. 273.

Repairs to cyclone-damaged primary school at Kalanai village, Kalna: (Q.) p. 276.

Selection Committee for Special Cadre teachers for Malda district: (Q.) p. 284.

Staff of the Burdwan District Library: (Q.) p. 274.

Chobey, Sj. Narayan

Grant of loan to Kharagpur Municipality for settlement of refugees: (Q.) p. 44.

House search at Harijan area of Traffic Settlement at Kharagpur on 1st May, 1957: (Q.) p. 9.

Inclusion of certain areas within Kharagpur Municipality: (Q.) p. 334.

Non-resolution Resolutions pp. 246, 258-60.

Reconstruction of Malancha Road within Kharagpur Town police-station: (Q.) p. 353

Scarcity of drinking water in Talbagicha Refugee Camp, Kharagpur: (Q.) p. 45.

Theft of stores from Kharagpur Railway Workshop and Yard (Q.) p. 10.

Chowdhury, Sj. Benoy Krishna

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1957: p. 326.

Ending up of the post of Principal Burdwan Raj College: (Q.) p. 278.

The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957: pp. 189-90, 204-205

